#### জন্ম-শতবর্ষ-স্মরণে

# শ্বামী বিবেকানন্দের বাণী ও রচনা

নবম খণ্ড



**উদ্বোধন কার্যালয়** কলিকাতা প্রকাশক খানী জানাত্মানন্দ উবোধন কার্যালর কলিকাডা-৩

বেলুড় শ্রীরামক্লফ মঠের অধ্যক্ষ কর্তৃক্ সর্বস্বস্থ সংরক্ষিত

প্রথম সংস্করণ কৃষ্ণাসপ্তমী, ১৩৬৭

> মূজক শ্রীলোশালচন্ত রায় নাঞ্চানা প্রিন্টিং ওত্মার্কস্ প্রাইভেট লিমিটেড ৪৭ গণেশচন্ত ত্যাভিনিউ, ক্লিক্ডি-১ও

#### প্রকাশকের নিবেদন

'স্বামীনীর বাণী ও রচনা'র নবম থণ্ডে প্রধানতঃ কথোপকথন-মূলক বিষয়গুলি—স্বামীনীর সহিত দেশে ও বিদেশে চিন্তাশীল ব্যক্তিগণের বে-সব কথাবার্তা হইরাছিল, তাহা সন্নিবেশিত হইল। এগুলি' তাঁহার বক্তা ও লেখার মতোই জীবনপ্রদ,উপরন্ধ জাতিগত ব্যক্তিগত নালা সম্ভার সমাধানের স্থাচিন্তিত ইলিতে পরিপূর্ণ।

খামীজীর শিশ্ব প্রীযুক্ত শরচন্দ্র চক্রবর্তী 'খামি-শিশ্ব-সংবাদ' (পূর্ব ও উত্তর) চুই থতে খামীজীর উদীশনাময় বহু কথা লিশিবদ্ধ করিয়াহেন, দীর্ঘকাল ধরিয়া এই গ্রন্থ বহু দেশনেবক ও আধ্যাত্মিক সাধককে অহপ্রাণিত করিয়া আদিতেছে। চুই থতে প্রকাশিত গ্রন্থটি এথানে সর্বাগ্রে ক্রমিক অধ্যায়-অহসারে—বথাসন্তব তারিথ ও ঘটনার অহক্রমে সাজানো হইয়াছে। কথোপকথনের পটভূমিকার জন্ম বতটুকু বর্ণনা প্রয়োজন, ততটুকুই রাখা হইয়াছে; মূল প্রকের অধ্যায়মুখে লিখিত বিষয়স্টী ও মাঝে মাঝে লিখিত লেখকের মন্তব্য বর্জিত হইয়াছে।

ভাগনী নিবেদিতা লিখিত 'Notes of Some Wanderings with the Swami Vivekananda'—'বামীজীর দহিত হিমালরে' নামে বাংলার প্রকাশিত; এ পুত্তকথানির অধ্যায়-শিরোনামা দব ঠিক রাখা হইরাছে, কিন্তু মূল পুত্তকের বর্ণনা- ও সমালোচনা-মূলক অংশ বাদ দেওরা হইরাছে, ভগু খামীজীর মভামত ও কথাগুলিই নির্বাচিত হইরাছে। প্রয়োজনীয় পটভূমিকা ও ধারাবাহিকতা যথাসভব রাখা হইরাছে।

'স্বামীনীর কথা' অংশটি স্থতিকথা-মূলক। স্থতিকথা বাহারা লিখিরাছেন, তাঁহাদের অনেকে স্বামীলীর শিক্ত—বথা স্বামী শুকানন্দ স্বামীলীর সন্মানী শিক্ত, ছরিপদ মিত্র গৃহস্থ শিক্ত, প্রিয়নাথ সিংছ একাধারে তাঁহার কাল্যবন্ধ ও শিক্ত। এই লেখাগুলিতে স্বামীলীর বিভিন্ন ভাবের চিত্র স্কৃটিরা উঠিরাছে। এখানেও বর্ণনাংশ কিছু বাদ দিয়া স্বামীলীর কথাবার্তাই চয়ন করা হইরাছে। সমগ্র রস আস্বাদনের জন্তু পাঠকগণ মূল পুশুক-পাঠে আকৃত্ত হইবেন, আশা করি।

সর্বলেবে 'কথোপকথন' পৃত্তকটি সন্নিবেশিত হইল। এটি প্রধানত দেশেরী ও বিদেশের সংবাদপত্ত-প্রতিনিধিগণের সাক্ষাৎকারের প্রকাশিত বিবৃত্তি। এখানেও বর্ণনা—বিশেষত সমালোচনা সংক্ষিপ্ত করিয়া কথোপকথনে স্বামীনী। কর্তৃক প্রকাশিত মতামতের উপরই জোর দেওয়া হইয়াছে। শেষের দিকে করেকটি প্রশোভরের বিবরণ নিশিষদ্ধ স্বাছে।

এই গ্রহাবদীর অস্তান্ত থণ্ডের স্থার এই থণ্ড ছাপাইবার আংশিক ব্যন্ত ভারত- ও পশ্চিমবন্ধ-সরকার বহন করিয়া আমাদের রুভজ্ঞতাভাজন হইয়াছেন। তথ্যপঞ্জী প্রভৃতি সংগ্রহ করিয়া এই থণ্ড মূদ্রণযোগ্য করিতে বাঁহারা আমাদের সাহাব্য করিয়াছেন, তাঁহাদিগকেও আমরা ধন্তবাদ জানাইতেছি।

প্রকাশক

# সূচীপত্ৰ

<b>विवश</b>	শত্তাদ
স্বামি-শিশ্ব্য-সংবাদ	>
( ४७ व्यशांत्र—১৮२१ हहेट७ ১२०२ )	
স্বামীজীর সহিত হিমালয়ে	२८५—७२१
( ১২ অধ্যান্ন—১৮৯৮, মার্চ হইতে সেপ্টেম্বর )	
স্বামীন্দীর কথা	o52 - 80°
খামীজীর অন্ট্ট শ্বতি	৩৩১
यामीकीत कथा	७११
খামীজীর সহিত কয়েকদিন	<i>5</i> 60
শামীজীর শ্বৃতি	<b>৩৯</b> •
তিনদিনের শ্বতিলিপি	875
কথোপকথন	8 <b>७</b> \—8३७
লণ্ডনে ভারতীয় যোগী	800
ভারতের জীবনব্রভ	809
ভারত ও ইংলগু	888
ইংলণ্ডে ভারতীয় ধর্মপ্রচারক	862
স্বামীজীর সহিত মাত্রায় এক ঘণ্টা	8¢¢
ভারত ও অক্তান্ত দেশের নানা সমস্তা আলোচনা	8%•
পাশ্চাত্যে প্রথম হিন্দু সন্মাদীর প্রচার	868
জাতীয় ভিত্তিতে হিন্দুধর্মের পুনর্বোধন	89¢
ভারতীয় নারী—ডাহাদের অতীত, বর্তমান ও ভবিশ্বৎ	896
হিন্দুধর্মের সীমানা	850
প্রমোভর	85%
তথ্যপঞ্জী	869
নিৰ্দেশিকা	673

# স্বামি-শিষ্য-সংবাদ

## প্রথম সংস্করণের নিবেদন

'স্বামি-শিল্প-সংবাদ' প্রকাশিত হইল। দেশ, সমাজ, আচার, নীতি, ধর্ম প্রভৃতি বে-সকল বিষয়ের কর্তব্যাকর্তব্য অমুধাবন এবং মীমাংসা করিতে যাইয়া মানব-মন সন্দেহে দোলায়মান হইয়া দিঙ্নির্ণয়ে অক্ষম হয়, তত্তবিষয় সহদ্ধে পৃদ্যপাদাচার্য এবিবেকানন্দ স্বামীজীর অলোকিক দূরদৃষ্টি এবং অসাধারণ বছদর্শিতা তাঁহাকে কি মীমাংসায় উপনীত করাইয়াছিল, গ্রন্থকার এই পুত্তকে তাহারই কিঞিং পরিচয় দিবার প্রয়ত্ত করিয়াছেন। তথু তাহাই नाह, य मक्तिमान भूकरवत्र चढुठ প্রতিভা এবং দিবা চরিত্রবলে প্রাচ্য ও পাশ্চাত্য—উভয় জগতের মনীবিগণই শুভিত হইয়া অনতিকালপূর্বে তাঁছাকে উচ্চাসন প্রদান করিয়াছিলেন, সেই মহামহিম খামী শ্রীবিবেকানন্দ লোকচকুর अखदान, मार्क नर्वना किञ्चल উक्तजाद कानाक्रण कविराजन, किञ्चल द्वार তাঁহার শিশ্ববর্গকে সর্বদা শিক্ষাদীক্ষাদি প্রদান করিতেন, নিম্ব গুৰুভাতগণকে কিরূপ উচ্চ সম্মান প্রদান করিতেন এবং সর্বোপরি নিজ গুরু শ্রীশ্রীরামক্লফ-দেবকে জীবনে-মরণে কিরূপ ভাবে অনুসরণ করিতেন, মধ্যে মধ্যে তদিষয়ের পরিচয়ত কিঞ্চিৎ কিঞ্চিৎ প্রদান করা হইয়াছে। আবার স্বামীনীর মতামত লিপিবদ্ধ করিতে অগ্রদর হইবার গুরুতর দায়িত্ব অমুভব করিয়া গ্রন্থকার পুত্তকথানির আত্যোপাস্ত স্বামীন্দীর বেলুড়-মঠন্থ গুরুভ্রাতৃগণের সংশোধিত করাইয়া লইয়াছেন। গ্রন্থনিবদ্ধ বিষয়সকলের স্থানকালাদির নিৰ্ণয়ও ষণাদাধ্য বিভাগ করিয়া পুস্তকথানিকে তুই খণ্ডে বিভক্ত করিয়া দেওয়া হইয়াছে।…

> বিনীত নিবেদক— শ্রীসারদানন্দ

১ শিক্ত —শরচ<del>্চক্র</del> চক্রবর্তী।

বর্তমান সংগ্রহে ছই বত্তের অধ্যায়গুলি একই ক্রমিক সংখ্যামুসারে নিবদ্ধ হইল।

# দ্বিতীয় খণ্ডের নিবেদন হইতে

গত সাত বংসর যাবং 'যামি-শিশ্ব-সংবাদ' 'উদোধন' পত্তে ধারাবাহিকক্রমে প্রকাশিত হইয়াছে। এতদিনে পুস্তকাকারে 'উদোধন' আফিস হইতে প্রকাশিত হইল।

খামীজী যথন প্রথমবার বিলাত হইতে আদিয়া কলিকাতা বাগবাজার ৺বলরাম বহুর বাড়িতে অবস্থান করেন, তখন হইতে শিয়ের সহিত খামীজীর নানারপ বিচার ও শাক্ষপ্রসঙ্গ হইত। পূজনীয় মহেন্দ্রনাথ গুপ্ত মহাশয় ঐ সময়ে একদিন তথায় উপস্থিত ছিলেন। ঐ দিন তিনি শিশুকে বলেন যে, খামীজীর সহিত যে-সব প্রসঙ্গ হয়, তাহা যেন সে লিপিবছ করিয়া রাথে। মান্টার মহাশয়ের আদেশে শিশু সেই-সকল প্রসঙ্গ লিপিবছ করিয়া রাথিয়াছিল —তাহাতেই বিশ্বত আকারে 'খামি-শিশ্ব-সংবাদ' লিখিত হইয়াছে।……

মাঘ, ১৩১৯



## স্থান—কলিকাতা, প্রিয়নাথ মুখোপাধ্যারের বাটী, বাগবাঞ্চার কাল—ফেব্রুআরি ( শেষ সপ্তাছ ), ১৮৯৭

প্রথমবার বিলাত হইতে ভারতে ফিরিবার পর তিন চারদিন হইল স্বামীকী কলিকাতায় পদার্পণ করিয়াছেন। আজ মধ্যাহে বাগবাজারের রাজবল্পত-পাড়ায় প্রীরামকৃষ্ণ-ভক্ত প্রীযুক্ত প্রিয়নাথ মুখোপাধ্যারের বাড়িতে স্বামীকীর নিমন্ত্রণ। সংবাদ পাইয়া বহু ভক্ত আজু তাঁহার বাড়িতে সমাগত হইতেছেন। শিক্তও লোকমুখে সংবাদ পাইয়া মুখ্বেয় মহাশরের বাড়িতে বেলা প্রায় ২য়টার সময় উপস্থিত হইল। স্বামীকীর দক্তে শিক্তের এখনও স্বালাপ হয় নাই। শিক্তের কীবনে স্বামীকীর দর্শনলাভ এই প্রথম।

শিশ্ব উপস্থিত হইবামাত্র স্থামী ত্রীয়ানন্দ তাহাকে স্থামীজীর নিকটে
লইয়া থাইয়া পরিচয় করাইয়া দিলেন। স্থামীজী মঠে আসিয়া শিশুরচিত
একটি 'শ্রীরামকৃষ্ণভোত্র' পাঠ করিয়া ইতঃপূর্বেই তাহার বিষয় শুনিয়াছিলেন; শ্রীরামকৃষ্ণদেবের ভক্তগরিষ্ঠ নাগ-মহাশয়ের' কাছে তাহার বে
যাতায়াত আছে—ইহাও স্থামীজী জানিয়াছিলেন।

শিশু স্বামীন্তীকে প্রণাম করিরা উপবেশন করিলে স্বামীন্ত্রী তাহাকে সংস্কৃতে
সন্তাবণ করিরা নাগ-মহাশরের কুশলাদি জিল্লাসা করিলেন এবং তাঁছার
স্বাহ্মকিক ত্যাগ, উদ্ধাম ভগবদম্বাগ ও দীনতার বিষয় উল্লেখ করিতে
করিতে বলিলেন—'বরং তত্বাঘেষাদ্ হতাং মধুকর দং খলু কৃতী'ং।
কথাগুলি নাগ-মহাশরকে লিখিয়া জানাইতে শিশুকে স্বাদেশ করিলেন।
পরে বহু লোকের ভিড়ে আলাপ করিবার স্থবিধা হইতেছে না দেখিয়া,
তাহাকে ও স্বামী তুরীয়াননকে পশ্চিমের ছোট ঘরে লইয়া গিয়া শিশ্বকে
'বিবেকচ্ডামণি'র এই কথাগুলি বলিতে লাগিলেনঃ

মা ভৈষ্ট বিষন্ তব নাল্যপায়ঃ সংসারসিদ্ধোত্তরণেহস্ক্যপায়ঃ।

<sup>&</sup>gt; শ্রীরামকুকের গৃহী-ভক্ত ছুর্গাচরণ নাগ

२ অভিজ্ঞানশকুরুলম্—কালিদাস

# বেনৈৰ বাতা বতলোহত পারং তমেৰ মাৰ্গং তৰ নিৰ্দিশামি॥

এবং তাহাকে আচার্য শঙ্করের 'বিবেকচ্ড়ামণি' নামক গ্রন্থানি পাঠ করিতে আদেশ করিলেন।

নানাপ্রদক্ষ চলিতেছে এমন সময় একজন আসিয়া সংবাদ দিল যে, 'মিরর''সম্পাদক প্রীযুক্ত নরেন্দ্রনাথ সেন স্বামীজীর সঙ্গে দেখা করিতে আসিয়াছেন।
স্বামীজী বলিলেন, 'ওাঁকে এখানে নিয়ে এসো।' নরেন্দ্রবার্ ছোট ঘরে
আসিয়া বদিলেন এবং আমেরিকা ও ইংলও সহজে স্বামীজীকে নানা
প্রশ্ন করিতে লাগিলেন। উত্তরে স্বামীজী বলিলেন:

আমেরিকাবাসীর মতো এমন সহদয়, উদারচিত্ত, অতিথিদেবাপরায়ণ, নব নব ভাবগ্রহণে একান্ত সম্থ্যুক জাতি জগতে আর বিতীয় দেখা বায় না। আমেরিকায় যা কিছু কান্ত হয়েছে, তা আমার শক্তিতে হয়নি; আমেরিকার লোক এত সহদয় বলেই তাঁরা বেদাস্বভাব গ্রহণ করেছেন।

ইংলণ্ডের কথায় বলিলেন: ইংরেজের মতো conservative (প্রাচীন রীতিনীতির পক্ষপাতী) জাতি জগতে আর বিতীয় নেই। তারা কোন নৃতন ভাব সহজে গ্রহণ করতে চায় না, কিন্তু অধ্যবসায়ের সহিত বদি তাদের একবার কোন ভাব ব্ঝিয়ে দেওয়া বায়, তবে তারা কিছুতেই তা আর হাড়ে না। এমন দৃঢ়প্রতিজ্ঞা অন্ত কোন জাতিতে মেলে না। সেইজন্ত তারা সভ্যতায় ও শক্তি-সঞ্চয়ে জগতে সর্বপ্রেষ্ঠ স্থান অধিকার করেছে।

উপযুক্ত প্রচারক পাইলে আমেরিকা অপেক্ষা ইংলণ্ডেই বেদান্ত-প্রচারকার্য ছায়ী হইবার অধিকতর সন্তাবনা, ইহা জানাইরা স্বামীজী বলিলেন:

আমি কেবল কাজের পত্তন মাত্র ক'রে এসেছি। পরবর্তী প্রচারকগণ ঐ পদ্মা অহসরণ করলে কালে অনেক কাজ হবে। নরেজবারু। এইরপ ধর্মপ্রচার দারা ভবিদ্যতে আমাদের কি আশা আছে ?

<sup>ু &#</sup>x27;হে বিহন্ ! ভয় পাইও না, তোমার বিনাশ নাই ; সংসার-সাগর পার হইবার উপার আছে । বে পর্থ অবলম্বন করিয়া শুদ্ধনন্ত যোগিগণ এই সংসার-সাগর পার হইয়াছেন, সেই পথ আমি তোমায় নির্দেশ করিয়া দিতেচি ।'

২ 'Indian Mirror' পত্ৰিকা

শামীনী। আমাদের দেশে আছে মাত্র এই বেদান্তথম। পাশ্চাত্য সভ্যতার তুলনার আমাদের এখন আর কিছু নেই বলনেই হয়। কিছু এই সার্বভৌম বেদান্তবাদ—যা সকল মতের, সকল পথের লোককেই ধর্মলাভে সমান অধিকার প্রদান করে—এর প্রচারের ঘারা পাশ্চাত্য সভ্য অগৎ জানতে পারবে, ভারতবর্ষে এক সমরে কি আশ্চর্য ধর্মভাবের ক্ষুরণ হয়েছিল এবং এখনও রয়েছে। এই মতের চর্চার পাশ্চাত্য আতির আমাদের প্রতি শ্রহা ও সহায়ভূতি হবে—অনেকটা এখনই হয়েছে। এইরূপে যথার্থ শ্রহা ও সহায়ভূতি লাভ করতে পারলে আমরা তাদের নিকট এইক জীবনের বিজ্ঞানাদি শিক্ষা ক'রে জীবন-সংগ্রামে অধিকতর পটু হবো। পক্ষান্তরে তারা আমাদের নিকট এই বেদান্তমত শিক্ষা ক'রে পারমাধিক কল্যাণলাভে সমর্থ হবে।

নরেক্রবাব্। এই আদান-প্রদানে আমাদের বাজনৈতিক কোন উন্নতির আশা আছে কি ?

শামীন্দী। ওরা (পাশ্চাভ্যেরা) মহাপরাক্রান্ধ বিরোচনের সন্থান; ওদের শক্তিতে পঞ্চ্ন কীড়াপ্তলিকার মতো কাজ করছে; আপনারা বদি মনে করেন, আমরা এদের সঙ্গে সংঘর্ষ ঐ শুল পাঞ্চেতিক শক্তি-প্রয়োগ করেই একদিন স্বাধীন হবো, ভবে আপনারা নেহাত ভূল ব্রুছেন। হিমালয়ের সামনে সামাশ্র উপলথও বেমন, ওদের ও আমাদের ঐ শক্তি-প্রয়োগকুশলভার ভেমনি প্রভেদ। আমার মত কি জানেন? আমরা এইরূপে বেদান্থোক্ত ধর্মের গৃঢ় রহস্ত পাশ্চাত্য জগতে প্রচার ক'রে, ঐ মহাশক্তিধরগণের শ্রদ্ধা ও লহাহড়তি আকর্ষণ ক'রে ধর্মবিষয়ে চিরদিন ওদের গুরুহানীয় থাকব এবং ওরা ইহলোকিক অভান্ত বিষয়ে আমাদের গুরু থাকবে। ধর্ম জিনিসটা ওদের হাতে হেড়ে দিয়ে ভারতবাসী বেদিন পাশ্চাভ্যের পদতলে ধর্ম শিথতে বসবে, সেইদিন এ অধঃপতিত লাতির জাতিছ একেবারে ঘুচে বাবে। দিনরাত চীৎকার ক'রে ওদের—'এ দেও, ও দেও' বললে কিছু হবে না। আদান-প্রদানরূপ কাজের হারা বধন উভয়পক্ষের ভিতর শ্রদ্ধা ও সহাহড়তির একটা টান দাড়াবে, তথন আর চেটামেচি করতে হবে না। গুরা আপনা হতেই সব করবে।

च्यूत, (महास्रवानी, ट्यांगवानी—च्येंग : घाटमांगा छेंग, हेळ-विरवाठन-जरवान

আমার বিখাদ—এইরূপে, ধর্মের চর্চায় ও বেদান্তথর্মের বহুল প্রচারে এদেশ ও পাশ্চাত্য দেশ—উভরেরই বিশেষ লাভ। রাজনীতিচর্চা এর তুলনায়-আমার কাছে গৌণ (secondary) উপায় ব'লে বোধ হয়। আমি এই বিখাদ কাজে পরিণত করতে জীবনক্ষয় ক'রব। আপনারা ভারতের কল্যাণ অগ্রভাবে সাধিত হবে বুঝে থাকেন তো অক্সভাবে কাজ ক'রে বান।

নরেন্দ্রবার স্থামীজীর কথায় সমতি প্রকাশ করিয়া কিছুক্ষণ বাদে উঠিয়া গেলেন। শিশু স্থামীজীর পূর্বোক্ত কথাগুলি শুনিয়া অবাক হইয়া তাঁহার দীপ্ত মৃতির দিকে অনিমেষ নয়নে চাহিয়া রহিল।

নরেজবাব্ চলিয়া গেলে পর, গোরক্ষিণী সভার জনৈক উত্যোগী প্রচারক ষামীজীর সঙ্গে দেখা করিতে উপস্থিত হইলেন। পুরা না হইলেও ইহার বেশভ্যা অনেকটা সন্মাসীর মতো—মাথায় গেরুয়া রঙের পাগড়ি বাঁধা, দেখিলেই বুঝা যায় ইনি হিন্দুয়ানী। গোরক্ষা-প্রচারকের আগমন-বার্তা পাইয়া স্বামীজী বাহিরের ঘরে আসিলেন। প্রচারক স্বামীজীকে অভিবাদন করিয়া গোমাতার একথানি ছবি তাঁহাকে উপহার দিলেন। স্বামীজী উহা হাতে দইয়া নিকটবর্তী অপর এক ব্যক্তির হাতে দিয়া তাঁহার সহিত নিম্নলিখিত আলাপ করিয়াছিলেন:

স্বামীজী। আপনাদের সভার উদ্দেশ্য কি ?

প্রচারক। আমরা দেশের গোমাতাগণকে কদাইয়ের হাত হইতে রক্ষা করিয়া থাকি। স্থানে স্থানে শিজরাপোল স্থাপন করা হইয়াছে। সেথানে কয়, অকর্মণ্য এবং কদাইয়ের হাত হইতে ক্রীত গোমাতাগণ প্রতিপালিত হন।

ঘামীজী। এ অতি উত্তম কথা। আপনাদের আয়ের পছা কি ?

প্রচারক। দয়াপরবশ হইয়া আপনাদের স্থায় মহাপ্রদেষ বাহা কিছু দেন, ভাহা বারাই সভার ঐ কার্য নির্বাহ হয়।

খামীৰী। আপনাদের গচ্ছিত কত টাকা আছে ?

প্রচারক। মারোয়াড়ী বণিকসম্প্রদায় এ কার্যের বিশেষ পৃষ্ঠপোষক। তাঁহারা এই সংকার্যে বছ অর্থ দিয়াছেন।

- খামীজী। মধ্য-ভারতে এবার ভন্নানক তুর্ভিক হয়েছে। ভারত গভর্নমেণ্ট নয় লক্ষ লোকের অনশনে মৃত্যুর তালিকা প্রকাশ করেছেন। আপনাদের সভা এই তুর্ভিক্কালে কোন সাহায্যদানের আরোজন করেছে কি ?
- প্রচারক। আমরা ছভিকাদিতে সাহায্য করি না। কেবলমাত্র গোমাভাগণের রক্ষাকরেই এই সভা স্থাপিত।
- খামীনী। যে ছভিকে আপনাদের জাতভাই লক্ষ লক্ষ মান্ত্র মৃত্যুম্থে পতিত হ'ল, সামর্থ্য সন্ত্রেও আপনারা এই ভীষণ ছদিনে ভাদের অন্ন দিয়ে সাহায্য করা উচিত মনে করেননি ?
- প্রচারক। না। লোকের কর্মফলে—পাপে এই ত্র্ভিক হইয়াছিল; 'বেমন কর্ম ডেমনি ফল' হইয়াছে।

প্রচারকের কথা ওনিয়া স্বামীন্সীর বিশাল নয়নপ্রান্তে যেন অগ্নিকণা স্থিতি হুইতে লাগিল, মুখ আরক্তিম হুইল; কিন্তু মনের ভাব চাণিয়া বলিলেন:

বে সভা-সমিতি মাহবের প্রতি সহাহভ্তি প্রকাশ করে না, নিজের ভাই অনশনে মরছে দেখেও তার প্রাণরক্ষার জন্ত এক মৃষ্টি অয় না দিয়ে পশুপক্ষিরক্ষার জন্ত রাশি রাশি অয় বিতরণ করে, তার সঙ্গে, আমার কিছুমাত্র সহাহভ্তি নেই; তার বারা সমাজের বিশেষ কিছু উপকার হয় ব'লে আমার বিখাদ নেই। কর্মকলে মাহ্র মরছে—এরণে কর্মের দোহাই দিলে জগতে কোন বিষয়ের জন্ত চেষ্টাচরিত্র করাটাই একেবারে বিফল ব'লে সাব্যন্ত হয়। আপনাদের পশুরক্ষার কাজটাও বাদ যায় না। ঐ কাজ সহজ্ঞেও বলা বেতে পারে—গোমাতারা নিজ নিজ কর্মকলেই ক্যাইদের হাতে যাচ্ছেন ও মরছেন, আমাদের ওতে কিছু করবার প্রয়োজন নেই।

- প্রচারক। (একটু অপ্রতিভ হইয়া) হাঁ, আপনি যাহা বলিয়াছেন, তাহা সভ্য; কিন্তু শাস্ত্র বলে—গরু আমাদের মাতা।
- স্বামীনী। ( হাসিতে হাসিতে ) হা, গরু আমাদের যে মা, তা আমি বিলকণ ব্বেছি—তা না হ'লে এমন সব রুডী সম্ভান আর কে প্রস্ব করবেন ?

হিন্দুখানী প্রচারক ঐ বিষয়ে আর কিছু না বলিয়া (বোধ হয় খামীজীর বিষম বিজ্ঞপ তিনি ব্ঝিতেই পারিলেন না) খামীজীকে বলিলেন বে, সেই সমিতির উদ্দেশ্যে তিনি তাঁহার কাছে কিছু ভিক্ষাপ্রার্থী। ষামীজী। আমি তো সন্ন্যাসী ফকির লোক। আমি কোথার অর্থ পাবো, যাতে আপনাদের সাহায্য ক'রব ? তবে আমার হাতে যদি কথনও অর্থ হয়, আগে মাছবের দেবার ব্যয় ক'রব ; মাছযকে আগে বাঁচাতে হবে— অন্নদান, বিভাদান, ধর্মদান করতে হবে। এ-সব ক'রে যদি অর্থ বাকী থাকে, তবে আপনাদের সমিতিতে কিছু দেওয়া যাবে।

কথা শুনিয়া প্রচারক মহাশয় স্বামীদ্ধীকে স্বভিবাদন করিয়া প্রস্থান করিলেন। তথন স্বামীদ্ধী স্বামাদিগকৈ বলিতে লাগিলেন:

কি কথাই বললে! বলে কিনা—কর্মফলে মাহ্যব মরছে, তাদের দয়।
ক'রে কি হবে ? দেশটা বে জ্বঃপাতে গেছে, এই তার চ্ড়ান্ত প্রমাণ।
তোদের হিন্দ্ধর্মের কর্মবাদ কোথায় গিয়ে দাঁড়িয়েছে দেখলি ? মাহ্যব
হয়ে মাহ্যবের জ্বে বাদের প্রাণ না কাদে, তারা কি জাবার মাহ্যব ?

এই কথা বলিতে বলিতে সামীন্ধীর সর্বান্ধ বেন কোন্তে ছংখে শিহরিয়া। উঠিল। পরে স্বামীন্ধী শিশ্বকে বলিলেন:

আবার আমার সঙ্গে দেখা ক'রো।

শিশ্ব। আপনি কোথার থাকিবেন ? হরতো কোন বড় মাহবের বাড়িতে থাকিবেন। আমাকে তথার বাইতে দিবে তো?

খামীজী। সম্প্রতি আমি কথন আলমবাজার মঠে, কথন কাশীপুরে গোপাললাল শীলের বাগানবাড়িতে থাকব। তুমি দেখানে খেও।

শিশু। মহাশয়, আপনার দকে নির্জনে কথা কহিতে বড় ইচ্ছা হয়।
স্বামীজী। তাই হবে--একদিন রাজিতে যেও। খুব বেদাস্তের কথা হবে।

শিশ্ব। মহাশন্ধ, আপনার সঙ্গে কতকগুলি ইংরেজ ও আমেরিকান আসিন্নাছে ত্রনিয়াছি, তাহারা আমার বেশভ্যা ও কথাবার্তায় কট হইবে না তো ?

স্বামীজী। তারাও সব মাহ্র—বিশেষতঃ বেদাস্বধর্মনিষ্ঠ। তোমার সঙ্গে আলাপ ক'রে তারা খুলী হবে।

শিগু। মহাণয়, বেদাঙে অধিকারীর বে-দর লক্ষণ আছে, তাহা আপনার পাশ্চাত্য শিগুদের ভিতরে কিরুপে আদিল ? শাস্ত্রে বলে—অধীতবেদ-বেদান্ত, কৃতপ্রায়শ্চিত, নিত্যনৈষিত্তিক কর্মায়গ্রানকারী, আহার-বিহারে পরম সংযত, বিশেষতঃ চতুঃদাধনদপার না হইলে বেদান্তের অধিকারী হয় না। আগনার গান্চাত্য শিল্পেরা একে অবাদণ, ভাহাতে অগন-বসনে অনাচারী; ভাহারা বেদাস্থবাদ ব্রিল কি করিয়া?

খামীজী। তাদের সদে আলাপ করেই ব্বতে পারবে, তারা বেদান্ত ব্রেছে কিনা।

শনস্তর স্বামীকী কয়েকজন ভক্তপরিবেটিত হইরা বাগবাজারের শ্রীযুক্ত বলরাম বহু মহাশরের বাটীতে গেলেন। শিশু বটতলায় একথানা 'বিবেক-চূড়ামণি' গ্রন্থ ক্রেয় করিয়া দরজীপাড়ায় নিজ বাগার দিকে অগ্রসর হইল।

२

# স্থান—কলিকাতা হইতে কাশীপুর ঘাইবার পথে ও গোপাললাল শীলের বাগানে

কাল-ফেব্রুআরি বা মার্চ, ১৮৯৭ খঃ

ষামীজী আজ শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষ মহাশয়ের বাটীতে মধ্যাহে বিশ্রাম করিতেছিলেন। শিশু সেধানে আসিয়া প্রণাম করিয়া দেখিল, ঘামীজী তথন গোপাললাল শীলের বাগানবাড়িতে যাইবার জন্ম প্রস্তুত। গাড়ি দাড়াইয়া আছে। শিশুকে বলিলেন, 'চল্ আমার দলে।' শিশু সম্মত হইলে স্বামীজী তাহাকে দলে লইয়া গাড়িতে উঠিলেন; গাড়ি ছাড়িল। চিৎপুরের রান্তায় আসিয়া গলাদর্শন হইবামাত্র স্বামীজী আপন মনে স্ব্রকরিয়া আর্থি করিতে লাগিলেন, 'গলা-তর্ল-রমণীয়-জ্ঞা-কলাপং' ইত্যাদি। শিশু ম্থ্র হইয়া দে অভ্ত স্বরলহরী নিঃশব্দে শুনিতে লাগিল। কিছুক্ষণ এইয়পে গত হইলে একথানা রেলের ইঞ্জিন চিৎপুর 'হাইডুলিক বিজের' দিকে যাইতেছে দেখিয়া স্বামীজী শিশুকে বলিলেন, 'দেখ্ দেখি কেমন দিলিয় মতো যাজেছ।' শিশু বলিল:

ইহা তো জড়। ইহার পশ্চাতে মান্নবের চেতনশক্তি ক্রিয়া করিতেছে,

<sup>&</sup>gt; বিখ্যাত নট ও নাট্যকার শ্রীরামকুক-ভক্ত গিরিশচন্দ্র যোষ

২ ব্যাসকৃত 'বিশ্বনাথস্তবঃ'

ভবে তো ইহা চলিভেছে। এক্সপে চলায় ইহার নিজের বাহাছরি আর কি আছে ?

স্বামীত্রী। বল্দেখি চেতনের লক্ষণ কি ?

শিয়। কেন মহাশন্ন, বাহাতে বৃদ্ধিপূর্বক ক্রিয়া দেখা যান্ন, তাহাই চেতন।
খামীজী। বা nature-এর against a rebel (প্রকৃতির বিক্লাকে বিজ্ঞাহ)
করে, তাই চেতন; তাতেই চৈতত্তের বিকাশ রয়েছে। দেখু না, একটা
সামান্ত পিঁপড়েকে মারতে বা, দেও জীবনরক্ষার জন্ত একবার rebel
(লড়াই) করবে। বেখানে struggle (চেটা বা পুরুষকার), বেখানে
rebellion (বিজ্ঞাহ), দেখানেই জীবনের চিহ্ন-সেখানেই চৈতন্তের
বিকাশ।

শিয়। মাহুষের ও মহুয়াজাতিসমূহের সহজেও কি ঐ নিয়ম খাটে ?

শামীনী। খাটে কি না একবার জগতের ইতিহাসটা পড়ে দেখু না।
দেখবি, তোরা ছাড়া আর সব জাতি সম্বন্ধেই ঐ কথা খাটে।
তোরাই কেবল জগতে আজকাল জড়বং পড়ে আছিস্। তোদের
hypnotise (বিমোহিত) ক'রে ফেলেছে। বহু প্রাচীনকাল থেকে
অত্যে বলেছে—তোরা হীন, তোদের কোন শক্তি নেই। তোরাও
তাই জনে আজ হাজার বছরে হ'তে চ'লল ভাবছিস—আমরা হীন,
সব বিষয়ে অকর্মণা! ভেবে ভেবে তাই হয়ে পড়েছিস। (নিজের
শরীর দেখাইয়া) এ দেহও তো ভোলের দেশের মাটি বেকেই জয়েছে।
আমি কিছ কথনও ওরপ ভাবিনি। তাই দে্না, তাঁর (ঈশরের)
ইচ্ছায়, য়ারা আমাদের চিরকাল হীন মনে করে, তারাই আমাকে
দেবতার মতো খাতির করেছে ও করছে। তোরাও যদি ঐরপ
ভাবতে পারিস—'আমাদের ভিতর অনস্ক শক্তি, অপার জ্ঞান, অদম্য
উৎসাহ আছে' এবং অনস্কের ঐ শক্তি জাগাতে পারিস তো তোরাও
আমার মতো হ'তে পারিস।

শিয়। একণ ভাবিবার শক্তি কোথায়, মহাশয়? বাল্যকাল হইতেই এ কথা শোনায় ও ব্ঝাইয়া দেয়, এমন শিক্ষক বা উপদেটাই বা কোথায়? লেখাপড়া করা আফকাল কেবল চাকরিলাভের অন্ত,— এই কথাই আমরা সকলের নিকট হইতে শুনিয়াছি ও শিধিয়াছি।

- যামীলী। তাই তো আমরা এসেছি অপ্তরুগ শেখাতে ও দেখাতে। ভোরা আমাদের কাছ থেকে ঐ তত্ত্ব শেখ, বোঝ, অহুভূতি কর্—তারপর নগরে নগরে, গ্রামে গ্রামে, পলীতে পলীতে ঐ তাব ছড়িয়ে দে। সকলকে গিয়ে বল্—'ওঠ, জাগো, আর ঘ্মিও না; সকল অতাব, সকল হঃথ ঘুচাবার শক্তি তোমাদের নিজের ভিতর রয়েছে, এ কথা বিখাস করো, তা হলেই ঐ শক্তি জেগে উঠবে।' ঐ কথা সকলকে বল্ এবং সেই সলে সাদা কথায় বিজ্ঞান দর্শন ভূগোল ও ইতিহাসের মূল কথাগুলি mass-এর (সাধারণের) ভেতর ছড়িয়ে দে। আমি অবিবাহিত যুবকদের নিয়ে একটি centre (শিক্ষাকেন্দ্র) তৈয়ায় ক'বব—প্রথম তাদের শেখাব, তারপর তাদের দিয়ে এই কাল করাবো, মতলব করেছি।
- শিশু। কিন্তু মহাশন্ধ, এরণ করা তো অনেক অর্থসাপেক। টাকা কোধায় পাইবেন ?
- ষামীনী। তৃই কি বনছিন? মাহবেই তো টাকা করে। টাকায় মাহ্য করে, এ কথা কবে কোথায় শুনেছিন? তৃই যদি মন মুখ এক করতে পারিদ, কথায় ও কাজে এক হ'তে পারিদ তো জনের মতো টাকা আপনা-আপনি তোর পায়ে এদে পড়বে।
- শিশু। আচ্ছা মহাশন্ধ, না হয় খীকারই কবিলাম বে, টাকা আদিল এবং আপনি ঐকপে সংকার্ধের অন্তর্গান কবিলেন। তাহাতেই বা কি ? ইতঃপূর্বেও কত মহাপুরুষ কত ভাল ভাল কান্ধ কবিয়া গিয়াছেন। সে-সকল এখন কোথায় ? আপনার প্রতিষ্ঠিত কার্বেরও সময়ে ঐকপ দশা হইবে নিশ্চয়। তবে ঐকপ উত্তমের আবিশুক্তা কি ?
- খামীজী। পরে কি হবে সর্বদা এ কথাই যে ভাবে, তার ঘারা কোন কাজই হ'তে পারে না। যা সত্য ব'লে ব্ঝেছিস, তা এখনি ক'রে ফেল্; পরে কি হবে না হবে, দে কথা ভাববার দরকার কি? এতটুকু তো জীবন—তার ।ভতর অত ফলাফল থতালে কি কোন কাজ হ'তে পারে? ফলাফলছাতা একমাত্র ভিনি ( ঈশর ) যা হয় করবেন। দে কথায় তোর কাজ ক'রে যা।

বলিতে বলিতে গাড়ি বাগানবাড়িতে পঁছছিল। কলিকাতা হইতে অনেক লোক স্বামীজীকে দর্শন করিতে সেদিন বাগানে আসিয়াছেন। স্বামীজী গাড়ি হইতে নামিয়া ঘরের ভিডর বাইয়া বলিলেন এবং তাঁহাদিগের সকলের সহিত কথা কহিতে লাগিলেন; স্বামীজীয় বিলাডী শিশু ওডউইন সাহেব সাক্ষাং 'সেবা'র মতো অনতিদ্রে দাঁড়াইয়া ছিলেন; ইতঃপূর্বে তাঁহার সহিত পরিচয় হওয়ায় শিশু তাঁহারই নিকট উপস্থিত হইল এবং উভয়ে মিলিয়া স্বামীজী সম্বন্ধে নানাপ্রকার কথোপকথনে নিযুক্ত হইল।

সন্ধ্যার পর স্বামীজী শিক্সকে ডাকিয়া বলিলেন, 'তুই কি কঠোপনিষদ কণ্ঠস্থ করেছিল ?'

শিক্ত। না মহাশর, শাহরভায়সমেত উহা পড়িয়াছি মাত্র।

শামীজী। উপনিষদের মধ্যে এমন স্থলর গ্রন্থ আর দেখা বায় না। ইচ্ছা হয় তোরা এ-খানা কঠে ক'রে রাখিদ। নচিকেতার মতো শ্রন্থা দাহদ বিচার ও বৈরাগ্য জীবনে আনুবার চেটা কর্। শুধু পড়লে কি হবে ?

শিয়। রূপা করুন, যাহাতে দাসের ঐ-সকল অহভূতি হয়।

খামীনী। ঠাকুরের কথা শুনেছিস তো ? তিনি বলতেন, 'রুপা-বাডাস তো বইছেই, তুই পাল তুলে দে না।' কেউ কাকেও কিছু ক'রে দিতে পারে কি রে বাপ ? নিজের নিয়তি নিজের হাতে—গুরু এইটুকু কেবল ব্ঝিয়ে দেন মাত্র। বীজের শক্তিতেই গাছ হয়, জল ও বায়ু কেবল তার সহায়ক মাত্র।

শিষ্য। বাহিরের সহায়তারও আবশুক আছে, মহাশয় ?

খামীনী। তা সাছে। তবে কি জানিস—ভেতরে পদার্থ না থাকলে শত সহায়তায়ও কিছু হয় না। তবে সকলেরই আত্মাহভৃতির একটা সময় আসে, কারণ সকলেই বন্ধ। উচ্চনীচ-প্রভেদ করাটা কেবল ঐ বন্ধবিকাশের তারতম্যে। সময়ে সকলেরই পূর্ণ বিকাশ হয়। তাই শাক্ষ বলেছেন, কালেনাজ্বনি বিশ্বতি?।

শিক্ত। কবে আর এরপ হবে মহাশর? শাল্পম্থে **ওনি, কত জ**লা আমরা অঞ্চানতার কাটাইয়াছি!

पामीको। छत्र कि १ अशांत यथन अथांत अरम शए हिम, उथन अवादाहे

হয়ে বাবে। মৃতি, সরাধি—এ-সব কেবল ব্রহ্মপ্রকাশের পথের প্রতিবন্ধগুলি দূর ক'রে দেওয়া। নত্বা আছা স্থের মতো সর্বদা অলছেন। অজ্ঞানমেদ তাঁকে ঢেকেছে মাত্র। সেই মেঘকেও সরিয়ে দেওয়া আর স্থেরও প্রকাশ হওয়া। তথনি 'ভিছতে রুদম্প্রেছিঃ'' ইত্যাদি অবছা হওয়া; যত পথ দেথছিদ, সবই এ পথের প্রতিবন্ধ দূর করতে উপদেশ দিছে। বে বে-ভাবে আছাম্ভব করেছে, সে সেইভাবে উপদেশ দিয়ে গিয়েছে। উদ্দেশ সকলেরই কিন্তু আছালান—আছাদর্শন। এতে সর্ব জাতি—সর্ব জীবের সমান অধিকার। এটাই সর্বাদিস্মত মত।

শিক্স। মহাশন্ধ, শাল্পের ঐ কথা বধন পড়ি বা শুনি, তখন আক্ষণ্ড আত্মবস্তুর প্রত্যক্ষ হইল না ভাবিয়া প্রাণ বেন ছটফট করে।

খামীজী। এবই নাম ব্যাকুলতা। ঐটে ষত বেড়ে ষাবে, ততই প্রতিবদ্ধন্ধণ মেঘ কেটে যাবে, ততই প্রশ্না দৃঢ়তর হবে। ক্রমে আ্যার্থা করতলামলকবং' প্রত্যক্ষ হবেন। অমুভূতিই ধর্মের প্রাণ। কতকগুলি আচার-নিয়ম সকলেই মেনে চলতে পারে, কতকগুলি বিধি-নিষেধ সকলেই পালন করতে পারে; কিন্তু অমুভূতির জন্ম ক-জন লোক ব্যাকুল হয় ? ব্যাকুলতা—ঈশ্বরলাভ বা আ্যাঞ্জানের জন্ম উন্মাদ হওয়াই ষথার্থ ধর্মপ্রাণতা। ভগবান্ শ্রীকৃঞ্বের জন্ম গোপীদের যেমন উদ্ধাম উন্মন্ততা ছিল, আ্রাফ্রন্মের জন্মও সেইরূপ ব্যাকুলতা চাই। গোপীদের মনেও একটু একটু পুরুষ-মেরে-ভেদ ছিল। ঠিক ঠিক আ্যাঞ্জানে ঐ ভেদ একেবারেই নেই।

( 'গীডগোবিন্দ' সমমে কথা তুলিয়া বলিতে লাগিলেন ) •

জয়দেবই সংশ্বত ভাষার শেষ কবি। তবে জয়দেব ভাষাপেকা অনেক খলে jingling of words (শ্রুতিমধুর বাকাবিস্থাসের) দিকে বেশী নজর রেখেছেন। দেখ দেখি গীডগোবিন্দের 'পডতি পতত্তে' ইত্যাদি ক্লোকে অন্তর্গাপ-ব্যাকুলভার কি culmination (পরাকাঠা) কবি

<sup>&</sup>gt; यू अक छेर्गनिका शश्र

পততি পতত্রে বিচলিত পত্রে শবিক্তরত্বপথানন্।
 রচয়তি শয়নং সচবিক্তনয়নং পশ্রতি তব পদ্ধানন্।

দেখিয়েছেন! আত্মদর্শনের জন্ত এক্রণ অহুরাগ হওয়া চাই. প্রাণের ভেতরটা ছটফট করা চাই। আবার বুন্দাবনশীলার কথা ছেড়ে কুককেত্রের কৃষ্ণ কেমন হৃদয়গ্রাহী তাও দেখ় অমন ভয়ানক যুদ্ধকোলাহলেও রুফ কেমন স্থির, গম্ভীর, শাস্ত। যুদ্ধকেত্রেই অর্জনকে গীতা বলছেন, ক্সন্ত্ৰিয়ের স্বধৰ্ম—যুদ্ধ করতে লাগিয়ে দিছেনে ৷ এই ভয়ানক युष्कत প্রবর্তক হয়েও নিজে জীক্তক কেমন কর্মহীন — অল্ল ধরলেন না! যে দিকে চাইবি, দেখবি জ্ঞীক্লফ-চরিত্র perfect ( সর্বাঙ্গ-সম্পূর্ণ )। জ্ঞান, কর্ম, ভক্তি, যোগ—তিনি মেন সকলেরই মৃতিমান বিগ্রহ! ত্রীকুঞ্জের এই ভাবটিরই আঞ্চলাল বিশেষভাবে আলোচনা চাই। এখন বুলাবনের वां बीवायां ना कृष्टक है किवन एमश्रम हमत्व ना, छाट कीत्वत्र है बात হবে না। এখন চাই গীতারূপ সিংহনাদকারী শ্রীকৃষ্ণের পূজা; ধহুর্ধারী दाम, महारीय, मा-कानी अं एवं शृक्षा। তবে তো লোকে মহা উভয়ে কর্মে লেগে শক্তিমান হয়ে উঠবে। আমি বেশ ক'রে ব্রেথ দেখেছি. এদেশে এখন যারা ধর্ম ধর্ম করে, তাদের অনেকেই full of morbiditycracked brains অথবা fanatic (মজ্জাগত হুর্বলতা-সম্পন্ন, বিক্বত-মন্তিক অথবা বিচারশুক্ত ধর্মোলাদ )। মহা রক্ষোগুণের উদ্দীপনা ভিন্ন এখন তোদের না আছে ইহকাল, না আছে পরকাল। দেশ ঘোর ज्ञा-(ज ट्हां क्लाह्म । क्लंड डार्ट राक्-रेटकीयान मामध. পরলোকে নরক।

শিশ্ব। পাশ্চাত্যদেশীয়দের রজোভাব দেখিয়া আপনার কি আশা হয়, তাহার। ক্রমে সান্ত্রিক হইবে ?

শামীজী। নিশ্চর। মহারজোগুণসম্পার তারা এখন ভোগের শেষ সীমার উঠেছে। তাদের বোগ হবে না তো কি পেটের দারে লালায়িত তোদের হবে ? তাদের উৎক্টা ভোগ দেখে আমার 'মেঘদ্তে'র 'বিদ্যুদ্ধং ললিতবসনাঃ'' ইত্যাদি চিত্র মনে প'ড়ত। আর তোদের ভোগের ভেতর হচ্ছে কি না—স্যাতস্যাতে ঘরে ছেঁড়া কাথায় ভয়ে বছরে বছরে শোরের ,মতো বংশবৃদ্ধি—begetting a band of famished beggars and

বিক্রাম্বয়্য: ললিতবসনাঃ সেপ্রচাপং সচিত্রাঃ
সঙ্গা তার প্রহত্তমুরক্ষাঃ রিম্মগন্তীরবোবন্ ।—কালিবাস

slaves ( একপাল ক্ষাত্র ভিক্ক ও ক্রীতদাসের জন্ম দেওরা )! ভাই বলছি এখন মাহ্যকে রজোগুলে উদ্দীপিত ক'রে কর্মপ্রাণ করতে হবে। কর্ম—কর্ম। এখন 'নাজঃ পন্থা বিভতেইরনার'—এ ছাড়া উদ্ধারের আর জন্ম পথ নেই।

শিশু। মহাশন্ন, আমাদের পূর্বপুরুষণণ কি রজোগুণসম্পন্ন ছিলেন ? স্থামীদী। ছিলেন না ? এই তো ইতিহাস বলছে, তাঁরা কত দেশে উপনিবেশ স্থাপন করেছেন—ডিব্বত, চীন, স্থমাত্রা, স্থদ্র জ্বাপানে পর্যন্ত ধর্ম-প্রচারক পাঠিয়েছেন। রজোগুণের ভেতর দিয়ে না গেলে উন্নতি হ্বার জ্বো আছে কি ?

কথার কথার রাত্রি হইল। এমন সময় মিদ মূলার (Miss Muller)
আদিয়া পঁছছিলেন। ইনি একজন ইংরেজ মহিলা, স্বামীজীর প্রতি বিশেষ
শ্রদ্ধাসম্পন্না। স্বামীজী ইহার সহিত শিয়ের পরিচয় করাইয়া দিলেন।
অল্লকণ বাক্যালাপের পরেই মিদ মূলার উপরে চলিয়া গেলেন।

- স্থামীজী। দেখছিদ কেমন বীরের জাত এরা! কোথায় বাড়ি-ঘর, বড় মাহুবের মেয়ে, তবু ধর্মলাভের আশায় কোথায় এদে পড়েছে!
- শিশ্ব। হাঁ মহাশয়, আপনার ক্রিয়াকলাপ কিন্তু আরও অভূত। কত সাহেব-মেম আপনার সেবার জন্ত সর্বদা প্রন্তত! এ কালে এটা বড়ই আশ্চর্যের কথা।
- খামীজী। (নিজের দেহ দেখাইরা) শরীর যদি থাকে, তবে আরও কড
  দেখবি; উৎসাহী ও অহরাগী কতকগুলি যুবক পেলে আমি দেশটাকে
  তোলপাড় ক'রে দেব। মাস্রাজে জন-কতক আছে। কিছ
  বাঙলার আমার আশা বেশী। এমন পরিষ্কার মাথা অন্ত কোথাও
  প্রায় জয়ে না। কিছ এদের muscles-এ (মাংসপেশীতে) শক্তি
  নেই। Brain ও muscles (মন্তিষ্ক ও মাংসপেশী) সমানভাবে developed (স্থাঠিত, পরিপুই) হওয়া চাই। Iron nerves with
  a well intelligent brain and the whole world is at
  your feet (লোহার মতো শক্ত আরু ও তীক্ষ বৃদ্ধি থাকলে
  সমগ্র জগৎ পদানত হয়)।

সংবাদ আসিল, স্থামীজীর থাবার প্রস্তুত হ্ইয়ছে। স্থামীজী শিক্সকে বিলেন, 'চল, আমার থাওয়া দেখবি।' আহার করিতে করিতে তিনি বলিতে লাগিলেন, 'মেলাই তেল-চবি থাওয়া ভাল নয়। লুচি হ'তে ফটি ভাল। লুচি রোগীর আহার। মাছ, মাংস, fresh vegetable (তাজা তরিতরকারি) থাবি, মিষ্টি কম।' বলিতে বলিতে প্রশ্ন করিলেন, 'ই্যারে, ক-খানা ফটি থেয়েছি? আর কি থেতে হবে?' কত থাইয়াছেন তাহা শ্বামীজীর শ্বরণ নাই। ক্ষ্ধা আছে কিনা তাহাও ব্রিতে পারিতেছেন না!

আরও কিছু থাইয়া স্বামীজী আহার শেষ করিলেন। শিক্সও বিদায় গ্রহণ করিয়া কলিকাতায় ফিরিল। গাড়ি না পাওয়ায় পদত্রজে চলিল; চলিডে চলিতে ভাবিতে লাগিল, কাল আবার কথন স্বামীজীকে দর্শন করিতে আসিবে।

9

## স্থান—কাশীপুর, ৺গোপাললাল শীলের বাগান কাল—মার্চ, ১৮৯৭

প্রথমবার বিলাভ হইতে ফিরিয়া স্বামীজী করেক দিন কাশীপুরে 
৺গোণাললাল শীলের বাগানে অবহান করিডেছিলেন, শিশ্র ভখন প্রতিদিন 
সেখানে বাভারাত করিত। স্বামীজীর দর্শনমানদে তখন বহু উৎসাহী ব্যক্তর 
দেখানে ভিড় হুইত। কেহু উৎস্থক্যের বশবর্তী হুইয়া, কেহু ভবারেষী 
হুইয়া, কেহু বা স্বামীজীর জ্ঞান-গরিমা পরীক্ষা করিবার জন্ম ভখন স্বামীজীকে 
দর্শন করিতে স্বাসিত। প্রশ্নকর্তারা স্বামীজীর শাল্পব্যাখ্যা শুনিয়া মুশ্ব হুইয়া 
বাইত; স্বামীজীর কঠে বীণাপাণি বেন সর্বদা স্বস্থান করিতেন।

কলিকাতা বড়বাজারে বহু পণ্ডিতের বাস। ধনী মারোরাড়ী বণিকগণের অরেই,ইহারা প্রতিপালিত। স্বামীজীর স্থনাম অবগত হইয়া করেকজন বিশিষ্ট পণ্ডিত স্বামীজীর সঙ্গে তর্ক করিবার জন্ত একদিন এই বাগানে উপস্থিত হন। শিশু সেদিন সেধানে উপস্থিত ছিল। আগন্ধক পণ্ডিতগণের সকলেই সংস্কৃতভাষার জনর্গল কথাবার্তা বলিতে পারিতেন। তাঁহারা আদিরাই মণ্ডলীপরিবেটিত স্থামীজীকে সন্তামণ করিয়া সংস্কৃতভাষার কথাবার্তা আরম্ভ করিলেন। স্থামীজীও সংস্কৃতেই তাঁহাদিগকে উত্তর দিতে লাগিলেন। পণ্ডিতেরা সকলেই প্রায় এক সঙ্গে চীৎকার করিয়া সংস্কৃতে স্থামীজীকে দার্শনিক কৃট প্রশ্নসমূহ করিতেছিলেন এবং স্থামীজী প্রশান্ত গন্তীরভাবে ধীরে ধীরে তাঁহাদিগকে ঐ-বিষয়ক নিজ মীমাংসাভোতক দিকান্তগুলি বলিতেছিলেন। ইহাও বেশ মনে আছে যে, স্থামীজীর সংস্কৃতভাষা পণ্ডিতগণের ভাষা অপেক্ষা শ্রুতিমধ্র ও স্কুলনিত হইতেছিল। পণ্ডিতগণ্ও ঐ কথা পরে স্থীকার করিয়াছিলেন।

সংস্কৃতভাষায় স্বামীজীকে ঐরপে অনুর্গল কথাবার্তা বলিতে দেখিরা তাঁহার গুরুত্রাত্বগণও সেদিন গুলিত হইরাছিলেন। কারণ, গত ছয় বংসর কাল ইওরোপ ও আমেরিকায় অবস্থানকালে স্বামীজী বে সংস্কৃত-আলোচনার তেমন স্থবিধা পান নাই, তাহা সকলেরই জানা ছিল। শাল্পদর্শী এই সকল পণ্ডিতের সলে ঐরপ তর্কালাপে সেদিন সকলেই বুঝিতে পারিয়াছিল, স্বামীজীর মধ্যে অভ্ত শক্তির ক্ষুর্প হইরাছে। সেদিন ঐ সভায় রামক্ষণানন্দ, শিবানন্দ, বোগানন্দ, তুরীয়ানন্দ ও নির্মলানন্দ মহারাজ্যণ উপস্থিত ছিলেন।

বাদে স্বামীলী সিদ্ধান্তপক্ষ এবং পণ্ডিতগণ পূর্বপক্ষ অবলম্বন করিয়াছিলেন।
শিয়ের মনে পড়ে, বিচারকালে স্বামীলী এক হলে 'অন্তি' হলে 'হুন্তি' প্রয়োগ
করার পণ্ডিতগণ হাসিয়া উঠেন; তাহাতে স্বামীলী তৎক্ষণাৎ বলেন,
'পণ্ডিতানাং দাসোহহং ক্ষন্তব্যমেতৎ অলনম্'। পণ্ডিতরাও স্বামীলীর এইরপ
দীন ব্যবহারে মুগ্র হইরা বান। অনেকক্ষণ বাদাম্বাদের পর সিদ্ধান্তপক্ষের
মীমাংসা পর্যাপ্ত বলিয়া পণ্ডিতগণ স্বীকার করিলেন এবং প্রীতিসম্ভাবণ করিয়া
গমনোছত হইলেন। ত্ই-চারি জন আগন্তক তন্তলোক ঐ সমর তাঁহাদিগের
পশ্চাৎ গমন করিয়া জিজাসা করিলেন, 'মহাশয়গণ, স্বামীলীকে কিরপ বোধ
হইল ?' তত্তরে বরোজ্যেট পণ্ডিত বলিলেন, 'ব্যাকরণে গভীর ব্যুৎপত্তি না
থাকিলেও স্বামীলী শাল্পের গ্রার্থিন্তা, মীমাংসা করিতে স্বিতীয় এবং স্বীর
প্রতিভাবলে বাদ্ধণ্ডনে স্বন্তুত পাণ্ডিত্য দেখাইয়াছেন।'

পণ্ডিতগণ চলিয়া গেলে খামীকী শিশুকে বলেন বে, পূর্বপক্ষকারী উক্ত পণ্ডিতগণ পূর্বমীমাংসা-শাল্পে স্পণ্ডিত। খামীকী উত্তরহীমাংসা-পক্ষ অবলয়নে তাঁহাদিগের নিকট জ্ঞানকাণ্ডের শ্রেষ্ঠতা প্রতিপাদন করিয়াছিলেন এবং পণ্ডিতগণ্ড তাঁহার দিলাস্ক মানিয়া লইতে বাধ্য হইয়াছিলেন।

ব্যাকরণগত একটি ভূল ধরিয়া পণ্ডিতগণ যে বিজ্ঞাপ করিয়াছিলেন, তাহাতে স্বামীন্দী বলেন যে, অনেক বংসর যাবং সংস্কৃতে কথাবার্তা না বলায় তাঁহার ঐক্প অম হইয়াছিল। পণ্ডিতগণের উপর সেজস্ত তিনি কিছুমাত্র দোষারোপ করেন নাই। ঐ বিষয়ে স্বামীন্দী ইহাও কিছু বিলয়াছিলেন:

পাশ্চাত্যদেশে বাদের মূল বিষয় ছেড়ে এভাবে ভাষার সামান্ত ভূল ধরা প্রতিপক্ষের পক্ষে মহা অসৌজন্ত। সভ্যসমান্ত এরপ ছলে ভাষটাই নেয়— ভাষার দিকে লক্ষ্য করে না। তোদের দেশে কিন্তু খোদা নিয়েই মারামারি চলছে—ভেতরকার শস্তের সন্ধান কেউ করে না।

পরে স্বামীন্দ্রী শিশ্রের সঙ্গে সেদিন সংস্কৃতে আলাপ করিতে আরম্ভ করিলেন। শিক্সও ভাঙা ভাঙা সংস্কৃতে জ্বাব দিতে লাগিল, তিনি তাহাকে উৎসাহিত করিবার জন্ম প্রশংসা করিতে লাগিলেন। ঐদিন হইতে শিক্স স্বামীনীর অহুরোধে তাঁহার সঙ্গে প্রায়ই মধ্যে মধ্যে দেবভাষার কথাবার্তাঃ কহিত।

'সভ্যতা' কাহাকে বলে, ইহার উত্তরে সেদিন স্বামীন্ধী বলেন:

বে সমান্ধ বা বে জাতি আধ্যাত্মিক ভাবে বত অগ্রসর, সে সমান্ধ ও সে জাতি তত সভা। নানা কল-কারধানা ক'রে এইক জীবনের হুথ-ছাচ্ছন্যা বৃদ্ধি করতে পারলেই বে জাতিবিশেষ সভা হয়েছে, তা বলা চলে না। বর্তমান পাশ্চাত্য সভ্যতা লোকের হাহাকার ও অভাবই দিন দিন বৃদ্ধি ক'রে দিছে, পরন্ধ ভারতীয় প্রাচীন সভ্যতা সর্বদাধারণকে আধ্যাত্মিক উন্নতির পহা প্রদর্শন ক'রে লোকের এইক অভাব এককালে দ্র করতে না পারলেও নিঃসন্দেহে অনেকটা কমাতে সমর্থ হয়েছিল। ইদানীস্থন কালে এ উভয় সন্থাতার একত্র সংযোগ করতেই ভগবান জীরামকৃষ্ণদেব জন্মগ্রহণ করেছেন। একালে একদিকে বেমন লোককে কর্মতংপর হ'তে হবে, অপরদিকে তাদের ক্রেমনি গভীর অধ্যাত্মজান লাভ করতে হবে। এক্সণে ভারতীয় ও পাশ্চাত্য বভ্যাতার অক্যোগ্র-সংমিশ্রণে জগতে এক নবযুগের অভ্যাদর হবে।

এ-কথা স্থামীজী দেদিন বিশেষভাবে বুঝাইয়া দেন; ঐ কথা বুঝাইতে বুঝাইতে একস্থলে বলিয়াৰ্ছিলেন:

আর এক কথা—ওদেশের লোকেরা ভাবে, যে যত ধর্মপরায়ণ হবে, সে বাইরের চালচলনে তত গভীর হবে, মুখে অগ্র কথাটি থাকবে না। একদিকে আমার মুখে উদার ধর্মকথা ভনে ওদেশের ধর্মযাজকেরা ষেমন অবাক হয়ে যেত, বক্তৃতার শেষে বন্ধুবান্ধবদের সঙ্গে ফটিনাষ্টি করতে দেখে আবার তেমনি অবাক হয়ে যেত। মুখের উপর কথন কথন বলেও ফেলত, 'স্বামীজী, আপনি একজন ধর্মযাজক; সাধারণ লোকের মতো এরপ হাসি-তামাদা করা আপনার উচিত নয়। আপনার ও-রকম চপলতা শোভা পায় না।' তার উত্তরে আমি বলতাম, We are children of bliss—why should we look morose and sombre (আমরা আনন্দের সন্থান, বিরস মুখে থাকব কেন)? ঐ কথা ভনে তারা মর্ম গ্রহণ করতে পারত কি না সন্দেহ।

সেদিন স্বামীকী ভাবসমাধি ও নির্বিকল্পদমাধি সম্বন্ধেও বলিয়াছিলেন:

মনে কর, একজন হম্মানের মতো ভক্তিভাবে ঈশরের দাধনা করছে। ভাবের যত গাঢ়তা হ'তে থাকবে, ঐ দাধকের চলন-বলন ভাবভদী এমন কি শারীরিক গঠনাদিও ঐরপ হয়ে আদবে। 'জাত্যস্তরপরিণাম''— ঐরপেই হয়। ঐরপ একটা ভাব নিয়ে দাধক কমে 'তদাকারাকারিত' হয়ে যায়। কোন প্রকার ভাবের চরমাবস্থার নামই ভাবসমাধি। আর আমি দেহ নই, মন নই, বৃদ্ধি নই— এইরপে 'নেতি, নেতি' করতে করতে জানী দাধক চিন্মাত্রসন্তায় অবস্থিত হ'লে নির্বিকর্ম-দামাধিলাভ হয়। এক একটা ভাব নিয়েই দিদ্ধ হ'তে বা ঐ ভাবের চরমাবস্থায় পৌছতে কত জন্মের চেষ্টা লাগে! ভাবরাজ্যের রাজা আমাদের ঠাকুর কিন্তু আঠারটি ভাবে দিদ্ধিলাভ করেছিলেন। ভাবন্ম্যে না থাকলে তাঁর শ্রীর থাকত না— এ-কথাও ঠাকুর বলতেন।

কথায় কথায় শিশু ঐদিন জিজ্ঞাসা করিয়াছিল, 'মহাশয়, ঐদেশে কিরূপ আহারাদি ক'রতেন ?' উত্তরে স্বামীজী বলিলেন, 'ওদেশের মতোই থেতাম। স্থামরা সম্মামী, স্থামাদের কিছুতেই জাত বার না।'

১ স্তব্য : যোগসূত্র—৪।২

এদেশে কি প্রণালীতে কার্য করিবেন, সে সম্বন্ধ স্থানীজী এদিন বলেন:
মান্ত্রাজ ও কলিকাতার তুইটি কেন্দ্র ক'রে সর্ববিধ লোককল্যাণের জক্ত নৃতন ধরনে সাধুসর্যাদী তৈরি করতে হরে। Destruction (ধ্বংস) বারা বা প্রাচীন রীতিগুলি অথথা ভেঙে সমাজ বা দেশের উন্নতি করা বার না। সর্বকালে সর্বদিকে উন্নতিলাভ constructive process—এর (গঠনমূলক প্রণালী) স্বারা অর্থাৎ প্রাচীন রীতিগুলিকে নৃতনভাবে পরিবর্ভিত করেই গড়া হয়েছে। ভারতবর্ষের ধর্মপ্রচারক—মাত্রই পূর্ব পূর্ব যুগে এভাবে কাজ ক'রে গেছেন। একমাত্র বৃদ্ধদেবের ধর্ম destructive (ধ্বংসমূলক) ছিল। সেক্ত্রা ঐ ধর্ম ভারত থেকে নিমূল হয়ে গিয়েছে।

খামীজী ঐভাবে কথা কৃহিতে কৃহিতে বলিতে লাগিলেন:

একটি জীবের মধ্যে ব্রহ্মবিকাশ হ'লে হাজার হাজার লোক সেই আলোকে পথ পেয়ে অগ্রসর হয়। ব্রহ্মজ্ঞ পুরুষেরাই একমাত্র লোকগুরু—এ-কথা সর্বশাস্ত্র থুক্তি বারা সমর্থিত হয়। অবৈদিক অশাস্ত্রীয় কুলগুরুপ্রথা স্থার্থপর ব্রাহ্মণেরাই এদেশে প্রচলন করেছে। সেজস্ত সাধন করেও লোক এখন সিদ্ধ বা ব্রহ্মজ্ঞ হ'তে পাচ্ছে না। ধর্মের এ-সকল গ্রানি দ্র করতেই ভগবান্ শ্রীরামরুক্ত-শরীর ধারণ ক'রে বর্তমান যুগে জগতে অবতীর্ণ হয়েছেন। তাঁর প্রদর্শিত সার্বভৌম মভ জগতে প্রচারিত হ'লে জগতের এবং জীবের মঙ্গল হবে। এমন অভুত মহাসমন্ব্র্যাচার্য বন্তশতাকী যাবৎ ভারতবর্ষে জন্মগ্রহণ করেননি।

স্বামীজীর একজন গুরুত্রাতা এই সময়ে জিল্পানা করিলেন, 'তুমি ওদেশে সর্বদা সর্বসমক্ষে ঠাকুরকে অবতার বলিয়া প্রচার করিলে না কেন ?'

শামীলী। ওরা দর্শন-বিজ্ঞানের বড় বড়াই করে। তাই যুক্তি তর্ক দর্শন বিজ্ঞান দিয়ে ওদের জ্ঞানগরিমা চূর্ণ ক'রে দিতে না পারলে কোন কিছু করা যায় না। তর্কে থেই হারিয়ে যারা যথার্থ তথাবেষী হয়ে আমার কাছে আসত, তাদের কাছে ঠাকুরের কথা কইত্ম। নত্বা একেবারে অবতারবাদের কথা বললে ওরা ব'লত, 'ও আর ত্মি নৃতন কি ব'লছ?

🕶 আমাদের প্রভূ ঈশাই তো রয়েছেন।'

তিন-চারি ঘণ্টা কাল এক্সপে মহানন্দে অভিবাহিত করিয়া শিশু সেদিন শক্তান্ত আগস্ককদের সহিত কলিকাভায় ফিরিয়া আসিয়াছিল। 8

#### স্থান-কলিকাতা, বাগবালার কাল-১৮৯৭ ( ? )

কয়েক দিন হইল খামীলী বাগবাজারে ৺বলরাম বহুর বাড়িতে অবস্থান করিতেছেন। প্রাতে, বিপ্রহরে বা সন্ধ্যায় তাঁহার কিছুমাত্র বিরাম নাই; কারণ বহু উৎসাহী যুবক, কলেজের বহু ছাত্র—তিনি এখন যেখানেই থাকুন না কেন, তাঁহাকে দর্শন করিতে আসিয়া থাকে। খামীলী সকলকেই সাদরে ধর্ম ও দর্শনের জটিল তত্বগুলি সহজ ভাষায় বুঝাইয়া দেন; খামীলীর প্রতিভার নিকট তাহারা সকলেই বেন অভিভূত হইয়া নীরবে অবস্থান করে।

আজ স্ব্গ্রহণ—সর্ব্রাসী গ্রহণ। জ্যোতির্বিদ্যণও গ্রহণ দেখিতে
নানাছানে গিয়াছেন। ধর্মপিপাত্ম নরনারীগণ গলালান করিতে বহুদ্র
হইতে আসিয়া উৎস্কক হইয়া গ্রহণবেলা প্রভীক্ষা করিতেছেন। স্বামীজীর
কিন্ত গ্রহণসম্বন্ধে বিশেষ কোন উৎসাহ নাই। শিক্ত আজ স্বামীজীরে
নিজহত্তে রন্ধন করিয়া থাওয়াইবে—স্বামীজীর আদেশ। মাচ, তর্মকারি ও
রন্ধনের উপযোগী অক্তাক্ত প্রব্যাদি লইয়া বেলা ৮টা আন্দান্ধ্য সে ৺বলরামবাব্র
বাড়ি উপস্থিত হইয়াছে। তাহাকে দেখিয়া স্বামীজী বলিলেন, 'তোদের
দেশের মতো রালা করতে হবে; আর গ্রহণের প্রেই থাওয়া দাওয়া শেষ
হওয়া চাই।'

বলরামবাব্দের বাড়িতে মেরেছেলের। কেছই এখন কলিকাভার নাই।
স্তরাং বাড়ি একেবারে খালি। শিশু বাড়ির ভিতরে রন্ধন-শালার গিয়া
রন্ধন আরন্ধ করিল। শ্রীরামকৃষ্ণগতপ্রাণা বোগীন-মা নিকটে দাঁড়াইরা
শিশুকে রন্ধন-সম্বন্ধীর সকল বিষয় বোগাড় দিতে ও সময়ে সময়ে দেখাইয়া
দিয়া লাহাষ্য করিতে লাগিলেন এবং স্বামীকী মধ্যে মধ্যে ভিতরে আসিয়া
রান্ধা দেখিয়া ভাহাকে উৎসাহিত করিতে লাগিলেন; আবার কখনও বা
'দেখিদ মাছের 'ফুল' যেন ঠিক বাঙালদিশি ধরনে হয়' বলিয়া রন্ধ করিতে
লাগিলেন।

ভাত, মুগের দাল, কই মাছের ঝোল, মাছের টক ও মাছের স্কুনি রারা প্রায় শেব হইয়াছে, এমন সময় স্বামীজী স্নান করিয়া আলিয়া নিজেই পাতা

করিয়া থাইতে বদিলেন। এখনও রান্নার কিছু বাকি আছে বলিলেও अनिलन ना, आवापदा हिलाब माछ। विनालन, 'या हाबाह नीशंगीय निष्य आध्न, আমি আর বসতে পাচ্ছিনে, থিদের পেট জলে বাচ্ছে।' শিক্স কাজেট তাড়াতাড়ি আগে খামীজীকে মাছের হুক্তনি ও ভাত দিয়া গেল, খামীজীও তৎক্ষণাৎ খাইতে আরম্ভ করিলেন। অনম্ভর শিশ্ব বাটিতে করিয়া স্বামীশ্রীকে অক্ত সকল তরকারি আনিয়া দিবার পর যোগানন্দ প্রেমানন্দ প্রমুধ অক্তাক্ত সন্ন্যাসী মহারাজগণকে অন্ন-ব্যঞ্জন পরিবেশন করিতে লাগিল। শিশু কোন-कारनहें तक्षत्न शर्हे हिन ना; किन्हें श्रामीकी आंख छाहात तक्षत्नत कृत्रमी প্রশংসা করিতে লাগিলেন। কলিকাভার লোক মাছের অক্তনির নামে থুব ঠাট্টা তামাদা করে, কিন্তু তিনি দেই হুক্তনি থাইয়া খুশী হইয়া বলিলেন, 'এমন কখনও খাই নাই। কিন্তু মাছের 'কুল'টা বেমন ঝাল হয়েছে, এমন षांत कानिहाँ रम नाहे।' ऐक्वत माह शहिमा प्रामीकी वनितन, 'विहा ठिक (बन तर्थमानी धरानद रायाहा।' अनस्य मधि मानम श्रंटन कतिया স্বামীজী ভোজন শেষ করিলেন এবং আচমনাস্তে ঘরের ভিতর খাটের উপর উপবেশন করিলেন। শিশু স্বামীঞ্জীর সম্মুখের দালানে প্রসাদ পাইতে বসিল। স্বামীনী তামাক টানিতে টানিতে বলিলেন, 'যে ভাল রাঁধতে পারে না, সে ভাল সাধু হ'তে পারে না-মন শুদ্ধ না হ'লে ভাল অ্থাত্ রালা एक्र ना।'

কিছুক্ষণ পরে চারিদিকে শাঁক ঘণ্টা বাজিয়া উঠিল এবং স্ত্রীকণ্ঠের উল্পনি শুনা বাইতে লাগিল। স্বামীজী বলিলেন, 'এরে গেরন লেগেছে— আমি ঘুমোই', তুই আমার পা টিপে দে।' এই বলিয়া একটুকু ভক্রা অহতেব করিতে লাগিলেন। শিশুও তাঁহার পদসেবা করিতে করিতে ভাবিল, 'এই পুণ্যক্ষণে গুরুপদসেবাই আমার গলালান ও জপ।' এই ভাবিয়া শিশু শাস্ত মনে স্বামীজীর পদসেবা করিতে লাগিল। গ্রহণে সর্বগ্রাদ ' হইয়া ক্রমে চারিদিক সন্ধ্যাকালের মতো ভমসাক্ষর হইয়া গেল।

গ্রহণ ছাড়িয়া ষাইতে বধন ১৫।২০ মিনিট বাকি আছে, তধন স্থামীজী উঠিয়া মূখ হাত ধূইয়া তামাক খাইতে খাইতে শিশ্বকে পরিহাস করিয়া বলিতে লাগিলেন, 'লোকে বলে, গেরনের সময় বে যা করে, সে নাকি তাই কোটিগুণে পায়; তাই ভাবল্ম মহামায়া এ শরীরে স্থনিজা দেননি, যদি এই সময় একটু যুম্তে পারি তো এর পর বেশ যুম হবে, কিন্তু তা হ'ল না; জোর ১৫ মিনিট সুম হয়েছে।'

অনস্তর সকলে খামীজীর নিকট আদিয়া উপবেশন করিলে খামীজী শিহাকে উপনিষদ সহজে কৈছু বলিতে আদেশ করিলেন। শিহা ইভঃপূর্বে কথনও খামীজীর সমক্ষে বক্তৃতা করে নাই। তাহার বুক হরহর করিতে লাগিল। কিন্তু খামীজী ছাড়িবার পাত্র নহেন। স্বতরাং শিহা উঠিয়া 'পরাঞ্চি থানি বাতৃণৎ খয়ভূং' মন্তটির ব্যাখ্যা করিতে লাগিল, পরে 'গুরুভন্তি' ও 'ত্যাগের' মহিমা বর্ণন করিয়া ব্রক্ষজ্ঞানই ষে পরম পুরুষার্ব, ইহা মীমাংসা করিয়া বিদয়া পড়িল। খামীজী পুনঃ পুনঃ করতালি ছারা শিছের উৎসাহ-বর্ধনার্থ বলিতে লাগিলেন, 'আহা! স্থানর বলেছে।'

অনম্ভর শুদানন্দ, প্রকাশানন্দ (তখন ব্রহ্মচারী) প্রভৃতি শিক্সকে স্বামাজী কিছু বলিতে আদেশ করিলেন। শুদানন্দ ওজবিনী ভাষায় 'ধাান' সহজে নাতিদীর্ঘ এক বক্তৃতা করিলেন। অনম্ভর প্রকাশানন্দ প্রভৃতিও ঐরপ করিলে স্বামীজী উঠিয়া বাহিরের বৈঠকখানায় আগমন করিলেন। তখনও সন্ধ্যা হইতে প্রায় এক ঘণ্টা বাকি আছে। সকলে ঐ ছানে আসিলে স্বামীজী বলিলেন, 'তোদের কার কি জিজ্ঞান্থ আছে, বল্।'

चकानन जिल्लामा कतिरामन, 'मरानग्न, शांत्नत्र चत्रश कि ?'

স্বামীজী। কোন বিষয়ে মনের কেন্দ্রীকরণের নামই ধ্যান। এক বিষয়ে একাগ্র করতে পারলে সেই মন বে-কোন বিষয়ে হোক না কেন, একাগ্র করতে পারা বায়।

শিক্ত। শাজে বে সবিষয় ও নির্বিয়-ভেদে বিবিধ ভাবের ধ্যান দৃষ্ট হয়, উহার অর্থ কি ?—এবং উহার মধ্যে কোন্টি বড় ?

খামীজী। প্রথম কোন একটি বিষয় নিয়ে ধ্যান অভ্যাস করতে হয়। এক সময় আমি একটা কালো বিন্তুতে মন:সংখম করতাম। ঐ সময়ে শেষে আর বিন্তুটাকে দেখতে পেতুম না, বা সামনে যে রয়েছে তা ব্রুতে পারত্ম না, মন নিরোধ হয়ে বেড, কোন বৃত্তির তরক উঠত নাবেন নিবাত সাগর। ঐ অবহার অতীক্রির সত্যের ছারা কিছু কিছু
দেখতে পেতুম। তাই মনে হয়, বে-কোন সামান্ত বাফ বিষয় ধরে ধ্যান
অভ্যাস করলেও মন একাপ্র বা ধ্যানছ হয়। তবে বাতে বার মন
বঙ্গে, সেটা ধরে ধ্যান অভ্যাস করলে মন শীত্র হির হয়ে বায়। তাই
এদেশে এত দেবদেশীমূর্তির পূজা। এই দেবদেশীর পূজা থেকে আবায়
কেমন art develop (শিয়ের উয়তি) হয়েছিল। বাক্ এখন সে
কথা। এখন কথা হচ্ছে বে, ধ্যানের বহিবালয়ন সকলের সমান বা
এক হ'তে পারে না। বিনি বে বিষয় ধরে ধ্যানসিদ্ধ হয়ে গেছেন,
ভিনি সেই বহিরালয়নেরই কীর্তন ও প্রচার ক'রে গেছেন। তারপর
কালে তাতে মনঃস্থির কয়তে হবে, এ-কথা ভূলে যাওয়ায় সেই
বহিরালয়নটাই বড় হয়ে গাড়িয়েছে। উপায়টা (means) নিয়েই
লোকে বান্ত হয়ে পড়েছে, উদ্দেশ্যটার (end) দিকে লক্ষ্য কমে গেছে।
উদ্দেশ্য হচ্ছে মনকে বৃত্তিশৃষ্য করা—তা কিন্ত কোন বিষয়ে তয়য় না
হ'লে হবার জো নেই।

শিশু। মনোর্ভি বিষয়াকারা হইলে তাহাতে আবার এক্ষের ধারণা কিরূপে হইতে পারে ?

খামীঞী। বৃত্তি প্রথমতঃ বিষয়াকারা বটে, কিন্তু ঐ বিষয়ের জ্ঞান থাকে না; তথন শুদ্ধ 'সন্তি' এই মাত্র বোধ থাকে।

শিখ। মহাশয়, মনের একাগ্রতা হইলেও কামনা বাদনা উঠে কেন 📍

খামীজী। ওগুলি পূর্বের সংস্কারে হয়। বৃদ্দেব যথন সমাধিত্ব হ'তে বাচ্ছেন, তথন 'মার'-এর অভ্যুদয় হ'ল। 'মার' বলে একটা কিছু বাইরে ছিল না, মনের প্রাক্সংস্থারই ছায়ারণে বাইরে প্রকাশ হয়েছিল।

শিষ্য। তবে যে শুনা বায়, সিদ্ধ হইবার পূর্বে নানা বিভীষিকা দেখা বায়, তাহা কি মনঃক্ষিত ?

খামীনী। তা নর তো কি ? সাধক অবশ্য তথন বুঝতে পারে না বে, এগুলি তার মনেরই বহিঃপ্রকাশ। কিন্তু বাইরে কিছুই নেই। এই বে লগং দেখছিন, এটাও নেই। সকলই মনের ক্রনা। মন বধন বৃত্তিশৃক্ত হয়, তথন তাতে ব্রহ্মাভাস দর্শন হয়, তথন 'বং বং লোকং মনসা সংবিভাতি' সেই সেই লোক দর্শন করা বার। বা সবল করা বার, ডাই সিক হয়। ঐরপ সভ্যসকল অবস্থা লাভ হলেও বে সমনস্থ থাকতে পাবে এবং কোন আকাজ্জার দাগ হয় না, সে-ই ত্রদক্ষান লাভ করে। আর ঐ অবস্থা লাভ ক'রে বে বিচলিত হয়, সে নানা সিদ্ধি লাভ ক'রে পরমার্থ হ'তে ভ্রষ্ট হয়।

এই কথা বলিতে বলিতে স্বামীন্তী পুনঃ পুনঃ 'লিব' লিব' নাম উচ্চারণ করিতে লাগিলেন। অবশেবে আবার বলিলেন, 'ত্যাগ ভিন্ন এই গভীর জীবন-সমস্তার রহস্তভেদ কিছুতেই হবার নর। ত্যাগ—ত্যাগ—ত্যাগ, এ-ই বেন তোদের জীবনের মূলমন্ত্র হয়। 'সর্বং বস্তু ভ্যান্থিতং ভূবি নৃগাং বৈরাগ্য-মেবাভরম''।'

¢

## স্থান—দক্ষিণেশ্বর কালীবাড়ি ও আলমবাজার মঠ কাল—মার্চ ( ১ম সপ্তাহ ), ১৮৯৭

স্বামীজী বর্ধন দেশে ফিরিয়া আদেন, মঠ তর্থন আলমবাজারে ছিল।

শ্রীরামক্রফদেবের জুলোৎসব। দক্ষিণেশরে রানী রাদমণির কালীবাড়িতে

এবার উৎসবের বিপুল আয়োজন হইয়াছে। স্বামীজী তাঁহার কয়েকজন

শুকুলাভাসহ বেলা ১টা-১০টা আন্দাজ সেধানে উপস্থিত হইয়াছেন।

তাঁহার নয় পদ, শীর্ষে গৈরিকবর্ণের উফীষ। জনসভা তাঁহাকে লক্ষ্য করিয়া

ইতন্ততঃ ধাবিত হইভেছে—তাঁহার সেই অনিশ্য-স্থার রূপ দর্শন করিবে,
পাদপার স্পর্শ করিবে এবং শ্রীমুধের সেই জলস্ক অয়িনিধাসম বাণী শুনিয়া

শুক্ত হইবে বিলিয়া। স্বামীজী শ্রীশ্রীজ্ঞার্ম্যাভাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলে

সঙ্গে সঙ্গে সহস্র শির অবনত হইল। পরে ৮রাধাকান্তকে প্রণাম
করিয়া ভিনি এইবার ঠাকুরের গৃহে আগমন করিলেন। সে প্রকোঠি

১ বৈরাগাশতকম্—ভর্ত্হরি

এখন আর তিলমাত্র স্থান নাই। 'জ্বর রাষকৃষ্ণ' ধ্বনিতে কালীবাড়ির চতুর্দিক মুখরিত হইতেছে। শত সহস্র দর্শক লইয়া কলিকাতা হইতে হোরমিলার কোশ্পানির জাহাজ বার বার বাতায়াত করিতেছে। নহবতের তানতরজে স্বর্থনী নৃত্য করিতেছেন। উৎসাহ, আকাজ্জা, ধর্মপিপাসা ও অন্থরাগ মৃতিমান্ হইয়া শ্রীরামকৃষ্ণপার্ষদগণরূপে ইতত্ততঃ বিরাজ করিতেছে।

খামীজীর সহিত আগত তৃইটি ইংরেজ মহিলাও উৎসবে আসিয়াছেন।
খামীজী তাঁহাদের সঙ্গে করিয়া পবিত্র পঞ্চবটা ও বিঅমূল দর্শন করাইতেছেন।
শিশ্র উৎসবসম্বন্ধীর খরচিত একটি সংস্কৃত তব খামীজীর হতে প্রদান করিল।
খামীজীও উহা পড়িতে পড়িতে পঞ্চবটার দিকে অগ্রসর হইতে লাগিলেন।
যাইতে যাইতে শিশ্রের দিকে একবার তাকাইয়া বলিলেন, 'বেশ হয়েছে,
আরও লিখবে।'

পঞ্চনীর একণার্থে ঠাকুরের গৃহী ভক্তগণের সমাবেশ হইরাছিল।
গিরিশবার্ পঞ্চনীর উত্তরে গলার দিকে মুখ করিয়া বদিয়াছিলেন এবং
তাঁহাকে ঘিরিয়া অক্সান্ত ভক্তগণ শ্রীবামরুক্ষ-শুণগানে ও কথাপ্রসঙ্গে আত্মহারা
হইয়া বিয়াছিলেন। ইত্যবসরে বছ লোকের সঙ্গে স্থামীজী গিরিশবার্র
নিকট উপস্থিত হইয়া 'এই যে ঘোষজ!' বলিয়া গিরিশবার্কে প্রণাম
করিলেন। গিরিশবার্ও তাঁহাকে করজোড়ে প্রতিনমন্ধার করিলেন। গিরিশবার্কে পূর্ব কথা শরণ করাইয়া স্থামীজী বলিলেন, 'ঘোষজ, সেই একদিন
আর এই একদিন।' গিরিশবার্ও স্থামীজীর কথায় সম্পতি জানাইয়া বলিলেন,
'তা বটে; তর্ এখনও সাধ যায় আরও দেখি।' এইরূপে উভয়ের মধ্যে
যে-সকল কথা হইল, তাহার মর্ম বাহিরের লোকের অনেকেই গ্রহণ করিতে
সমর্থ হইলেন না। কিছুক্ষণ কথাবার্ডার পর স্থামীজী পঞ্চবটীর উত্তর-পূর্ব
দিকে অবস্থিত বিবর্কের অভিমুথে অগ্রসর হইলেন।

সেদিন দক্ষিণেশর ঠাকুরবাড়ির সর্বঅই একটা দিব্যভাবের বক্তা ঐরণে বহিরা যাইতেছিল। এইবার সেই বিরাট জনসভ্য স্বামীজীর বক্তা শুনিতে উদ্গ্রীর হইরা দণ্ডায়মান হইল। কিন্তু বহু চেটা ক্রিয়াও স্বামীজী লোকের

১ মহাকবি গিরিশচন্দ্র বোব

কলরবের অপেক্ষা উচ্চৈঃম্বরে বক্তৃতা করিতে পারিলেন না। অগত্যা বক্তৃতার
. চেটা পরিত্যাগ করিয়া তিনি আবার ইংরেজ মহিলা ছইটিকে সঙ্গে লইয়া
ঠাকুরের সাধনম্বান দেখাইতে এবং শ্রীশ্রীঠাকুরের বিশিষ্ট ভক্ত ও অন্তরন্ধগণের
সঙ্গে আলাপ করাইয়া দিতে লাগিলেন।

বেলা ভিনটার পর স্বামীনী শিশুকে বলিলেন, 'একখানা গাড়ি দেখ্— মঠে বেতে হবে।' অনস্তর আলমবাজার পর্যন্ত যাইবার ভাড়া ছুই আনা ঠিক করিয়া শিশু গাড়ি লইয়া উপস্থিত হইলে স্বামীন্দী স্বয়ং গাড়ির একদিকে বিসিয়া এবং স্বামী নিরঞ্জনানন্দ ও শিশুকে অন্তদিকে বসাইয়া আলমবাজার মঠের দিকে আনন্দে অগ্রসর হইতে লাগিলেন। যাইতে বাইতে শিশুকে বলিতে লাগিলেন:

কেবল abstract idea ( শুদ্ধ ভাব মাত্র ) নিয়ে পড়ে থাকলে কি হবে? 
এ-সব উৎসব প্রভৃতিরও দরকার; তবে তো mass ( জনসাধারণ )-এর ভেতর
এ-সকল ভাব ক্রমশঃ ছড়িয়ে পড়বে। এই যে ছিন্দুদের বার মাসে তের
পার্বণ—এর মানেই ছচ্ছে ধর্মের বড় বড় ভাবগুলি ক্রমশঃ লোকের ভেতর
প্রবেশ করিয়ে দেওয়া। ওর একটা দোবও আছে। সাধারণ লোকে
ঐ সকলের প্রকৃত ভাব না বুঝে ঐ সকলে মন্ত হয়ে যায়, আর ঐ
উৎসব-আমোদ থেমে গেলেই আবার যা, তাই হয়। সেজত ওগুলি
ধর্মের বহিরাবরণ—প্রকৃত ধর্ম ও আত্মজ্ঞানকে ঢেকে রেখে দেয়, এ কথা
সত্য।

কিছ বারা ধর্ম কি, আত্মা কি, এ-সব কিছুমাত্র ব্রতে পারে না, তারা ঐ উৎসব-আমোদের মধ্য দিয়ে কমে ধর্ম ব্রতে চেষ্টা করে। মনে কর্, এই বে আচ্চ ঠাকুরের জন্মোৎসব হয়ে গেল, এর মধ্যে বারা সব এসেছে তারা ঠাকুরের বিষয় একবারও ভাববে। বার নামে এত লোক একত্র হয়েছিল, তিনি কে, তাঁর নামেই বা এত লোক এল কেন—এ কথা তাদের মনে উদিত হবে। বাদের তাও না হবে, তারাও এই কীর্তন দেখতে ও প্রসাদ পেতেও অন্ততঃ বছরে একবার আসবে আর ঠাকুরের ভক্তদের দেখে বাবে। তাতে তাদের উপকার বই অপকার হবে না।

শিশু। কিন্তু নহাশর, ঐ উৎসব-কীর্তনই বদি সার বলিয়া কেছ ব্রিয়া লয়, তবে সে আর অধিক অগ্রসর হইতে পারে কি? আমাদের দেশে বটাপ্জা, মঞ্চততীর পূজা প্রভৃতি বেমন নিত্যনৈষিত্তিক হইরা দাড়াইরাছে, ইহাও সেইরপ একটা হইরা দাড়াইবে। মরণ পর্যন্ত লোকে এসব করিয়া বাইতেছে, কিন্তু কই এমন লোক তো দেখিলাম না, যে এসকল পূজা করিতে করিতে বন্ধক্ত হইরা উঠিল!

- শামীলী। কেন ? এই বে ভারতে এত ধর্মবীর জন্মছিলেন, তাঁরা তো সকলে এগুলিকে ধরে উঠেছেন এবং অত বড় হয়েছেন। এগুলিকে ধরে সাধন করতে করতে যথন আত্মার দর্শনলাভ হয়, তথন আর এ-সকলে আঁট থাকে না। তবু লোকসংগ্রহের জন্ত অবভারকয় মহা-পুরুষেরাও এগুলি মেনে চলেন।
- শিশু। লোক-দেখানো মানিতে পারেন—কিন্ত আত্মজ্ঞের কাছে যখন এ সংসারই ইন্দ্রজালবং অলীক বোধ হয়, তখন তাঁহাদের কি আবার এ-সকল বাহ্য লোকব্যবহারকে সভ্য বলিয়া মনে হইতে পারে ?
- খামীজী। কেন পারবে না? সভ্য বলতে আমরা বা ব্ঝি ভাও ভো relative (আপেকিক)—দেশকালপাত্রভেদে ভিন্ন ভিন্ন। অভএব সকল ব্যবহারেরই প্রয়োজন আছে অধিকারিভেদে। ঠাকুর বেমন বলতেন, মা কোন ছেলেকে পোলাও-কালিয়া রেঁধে দেন, কোন ছেলেকে বা সাগুপথ্য দেন, সেইরূপ।

দেখিতে দেখিতে গাড়ি আলমবাজার মঠে উপস্থিত হইল। শিশু গাড়িজাড়া দিয়া খামীজীর সঙ্গে মঠের ভিতরে চলিল এবং খামীজীর পিপাসা পাওয়ায় জল আনিয়া দিল। খামীজী জল পান করিয়া জামা খ্লিয়া ফেলিলেন এবং মেজেতে পাতা শতরঞ্জির উপর অর্ধণান্তিত হইয়া অবস্থান করিছে লাগিলেন। খামী নিরশ্বনানন্দ পার্থে বিদিয়া বলিতে লাগিলেন, 'এমন ভিড় উৎসবে আর কখন হয়নি। বেন কলকাতাটা ভেঙে এসেছিল।'

शांगीको। जा हत्त ना ? अब शव आंबल कछ की हत्त !

শিগু। মহাশন্ধ, প্রত্যেক ধর্মসম্প্রানারেই দেখা যান্ধ—কোন-না-কোন বাহু উৎসব-আমোদ আছেই। কিন্তু কাহারও সঙ্গে কাহারও মিল নাই।
এমন যে উদার মহম্মদের ধর্ম, তাহার মধ্যেও ঢাকা শহরে দেখিরাছি
শিরা-স্থানিতে লাঠালাঠি হর!

वांगीको। जल्लांब इलाहे की बन्नाधिक इत्त। जत्न वश्रानकांत्र छांव कि

জানিস ?—সম্প্রদায়বিদ্দীনতা। স্থামাদের ঠাকুর ঐটেই দেখাতে জন্মে-ছিলেন। তিনি সব মানতেন—স্থাবার বলতেন, ব্রন্ধজানের দিক দিয়ে দেখলে ও-সকলই মিধ্যা মারামাত্র।

- শিশু। মহাশয়, আপনার কথা ব্বিতে পারিতেছি না; মধ্যে মধ্যে আমার
  মনে হয়, আপনারাও এইরপে উৎসব-প্রচারাদি করিয়া ঠাকুরের
  নামে আর একটা সম্প্রদায়ের স্ত্রপাত করিতেছেন। আমি নাগমহাশয়ের মৃথে ভনিয়াছি, ঠাকুর কোন দলভুক্ত ছিলেন না। শাক্ত,
  বৈক্ষব, বন্ধজানী, ম্সলমান, প্রীষ্টান সকলের ধর্মকেই তিনি বছমান
  দিতেন।
- খামীজী। তুই কি ক'রে জানলি, আমরা সকল ধর্মতকে ঐরপে বছমান দিই না ?

এই বলিয়া স্বামীলী নিরঞ্জন মহারাজকে হাসিতে হাসিতে বলিলেন, 'ওরে, এ বাঙাল বলে কি ?'

निश । महानम्, कृषा कविमा थे कथा आमान्न ब्याहेमा हिन।

- স্বামীনী। তুই তো আমার বক্তৃতা পড়েছিদ। কই, কোথার ঠাকুরের নাম করেছি ? খাঁটি উপনিষদের ধর্মই তো জগতে বলে বেড়িয়েছি।
- শিষ্য। তা বটে। কিন্তু আপনার সঙ্গে পরিচিত হইয়া দেখিতেছি, আপনার রামকৃষ্ণগত প্রাণ। যদি ঠাকুরকে ভগবান্ বলিয়াই জানিয়া থাকেন, তবে কেন স্বসাধারণকে ভাহা একেবারে বলিয়া দিন না।
- স্বামীলী। আমি বা ব্ঝেছি তা বলছি। তুই বলি বেদান্তের অবৈতমতটিকে ঠিক ধর্ম ব'লে থাকিস, তা হ'লে লোককে তা ব্ঝিরে দে না কেন?
- শিক্ত। আগে অভ্তৰ করিব, তবে তো ব্ঝাইব। ঐ ২ত আমি পঞ্জিছাছি মাত্র।
- খামীজী। তবে আগে অস্তৃতি কর্। তারণর লোককে ব্রিয়ে দিবি।

  এখন লোকে প্রত্যেকে বে এক একটা মতে বিখাদ ক'রে চলেছে—

  ভাতে ভোর তো বলবার কিছু অধিকার নেই। কারণ তুইও এখন
  ভাদের মতো একটা ধর্মতে বিখাদ ক'রে চলেছিদ বই তো নর।
- শিশু। হাঁ, আমিও একটা বিশাদ করিরা চলিরাছি বটে ; কিন্ত আমার প্রমাণ
  —শাল্প। আমি শাল্পের বিরোধী মত মানি না।

- খামীজী। শাল্ল মানে কি ? উপনিষদ্ প্রমাণ হ'লে বাইবেল জেন্দাবেণ্ডাই বা প্রমাণ হবে না কেন ?
- শিশু। এই দকল গ্রন্থের প্রামাণ্য স্বীকার করিলেও বেদের মতো উহারা তো স্থার প্রাচীন গ্রন্থ নয়। স্থাবার স্বাত্মতত্ত-সমাধান বেদে বেমন স্থাছে, এমন তো স্থার কোথাও নাই।
- খামীজী। বেশ, ভোর কথা না হয় মেনেই নিল্ম। কিন্তু বেদ ভিন্ন আর কোথাও যে সভ্য নেই, এ কথা বলবার ভোর কি অধিকার ?
- শিশু। বেদ ভিন্ন অক্ত সকল ধর্মগ্রন্থে সত্য থাকিতে পারে, তথিয়ের বিরুদ্ধে আমি কিছু বলিতেছি না; কিন্তু আমি উপনিষদের মৃতই মানিয়া ঘাইব। আমার ইহাতে খুব বিশাস।
- স্বামীজী। তা কর্, তবে আর কারও ধদি এক্লণ কোন মতে ধ্ব বিশ্বাস হয়, তবে তাকেও ঐ বিশ্বাদে চলে বেতে দিন। দেধবি—পরে তুই ও নে একই জায়গায় পৌছবি। মহিমন্তবে পড়িদনি ?—'ত্মনি পয়দামর্ণব ইব''।

ত্ররী সাংখ্যং বোগঃ পশুপতিমতং বৈক্বমিতি প্রভিন্নে প্রস্থানে পরমিদমদঃ পথ্যমিতি চ। ক্লচীনাং বৈচিত্র্যাদৃজুক্টিল নানাপথজুবাং নৃণামেকো গমান্ত্রমসি পরসামর্গর ইব।

—শিবমহিন্ধঃ ভোত্ৰস্

ঙ

## স্থান—কলিকাতা, বাগবাজার কাল—মার্চ, ১৮৯৭

খামীজী করেকদিন বাবং কলিকাতাতেই অবস্থান করিতেছেন। বাগবাজারের বলরাম বহু মহাশয়ের বাড়িতেই রহিয়াছেন। মধ্যে মধ্যে
পরিচিত ব্যক্তিদিগের বাটাতেও ঘ্রিয়া বেড়াইতেছেন। আন্ধ প্রাতে শিশ্র
খামীজীর কাছে আসিয়া দেখিল, খামীজী এরপে বাহিরে বাইবার জ্ঞা প্রস্তুত হইয়াছেন। শিশুকে বলিলেন, চল্, আমার সঙ্গে বাবি'। বলিতে
বলিতে খামীজী নীচে নামিতে লাগিলেন; শিশুও পিছু পিছু চলিল। একথানি
ভাড়াটিয়া গাড়িতে তিনি শিশু-সঙ্গে উঠিলেন; গাড়ি দক্ষিণম্থে চলিল।
শিশ্র। মহাশয়, কোথায় বাওয়া হইবে ?
খামীজী। চল্ না, দেখবি এখন।

এইরূপে কোথার ঘাইতেছেন সে বিষয়ে শিক্সকে কিছুই না বলিয়া গাড়ি বিজন খ্রীটে উপস্থিত হইলে কথাচ্ছলে বলিতে লাগিলেন, 'তোদের দেশের মেরেদের লেখাপড়া শেখবার জন্ম কিছু মাত্র চেষ্টা দেখা যায় না। তোরা লেখাপড়া ক'রে মাহুষ হচ্ছিদ, কিন্তু যারা তোদের স্থতঃখের ভাগী, সকল সময়ে প্রাণ দিয়ে সেবা করে, তাদের শিক্ষা দিতে—তাদের উন্নত করতে ভোরা কি করছিদ ?'

শিশু। কেন মহাশন্ধ, আজকাল মেয়েদের জক্ত স্থল কলেজ হইয়াছে। কভ স্তীলোক এম-এ, বি-এ পাদ করিভেছে।

ষামীজী। ও তো বিলাতি চংএ হচ্ছে। তোদের ধর্মশান্ত্রান্থশাসনে, তোদের দেশের মতো চালে কোথায় কটা স্থল হয়েছে। দেশে পুরুষদের মধ্যেও তেমন শিক্ষার বিস্তার নেই, তা আবার মেয়েদের ভেতর। গবর্নমেশ্টের statisticsএ (সংখ্যাস্ট্রক তালিকার) দেখা বার, ভারতবর্ষে শতকরা ১০।১২ জন মাত্র শিক্ষিত, তা বোধ হয় মেয়েদের মধ্যে one per cent (শতকরা একজন)ও হবে না। তা না হ'লে কি দেশের এমন মুর্দশা হয়। শিক্ষার বিস্তার—জ্ঞানের উল্লেষ—এ-সব না হ'লে দেশের উর্লিড কি ক'রে হবে। তোরা দেশে বে কয়লন লেখা পড়া

শিখেছিস-দেশের ভাবী আশার খন-দেই করজনের ভেতরেও ঐ বিষয়ে কোন চেষ্টা উভাম দেখতে পাই না। কিন্তু জানিস, সাধারণের ভেতর আর মেয়েদের মধ্যে শিক্ষাবিস্তার না হ'লে কিছু হবার জো নেই। সেজগু আমার ইচ্ছা, কতকগুলি বন্ধচারী ও বন্ধচারিণী তৈরি ক'রব। ব্রহ্মচারীরা কালে সন্ন্যাস গ্রহণ ক'রে দেশে দেশে গাঁয়ে গাঁয়ে গিয়ে mass-এর (জনসাধারণের) মধ্যে শিক্ষাবিস্তারে যত্নপর হবে। আর ব্রন্সচারিণীরা মেয়েদের মধ্যে শিক্ষাবিস্থার করবে। কিছ দেশী ধরনে ঐ কান্ত করতে হবে। পুরুষদের জন্ম যেমন কতকগুলি centre (শিক্ষাকেন্দ্র) করতে হবে, মেয়েদের শিক্ষা দিতেও দেইরূপ কতকগুলি কেন্দ্র করতে হবে। শিক্ষিতা ও সচ্চরিতা ব্রন্মচারিণীরা এসকল কেন্দ্রে মেয়েদের শিক্ষার ভার নেবে। পুরাণ, ইতিহাস, গৃহকার্য, শিল্প, ঘরকলার নিয়ম ও আদর্শ চরিত্র গঠনের সহায়ক নীতিগুলি বর্তমান বিজ্ঞানের সহায়তায় শিক্ষা দিতে হবে। ছাত্রীদের ধর্মপরায়ণ ও নীতিপরায়ণ করতে হবে। কালে যাতে তারা ভাল গিন্নী ভৈরী হয়, তাই করতে হবে। এই সকল মেয়েদের সন্তানসন্ততিগণ পরে এসকল বিষয়ে আরও উরতি লাভ করতে পারবে। যাদের মা শিক্ষিতা ও নীতিপরায়ণা হন. তাঁদের ঘরেই বড লোক জনায়। মেয়েদের ভোরা এখন যেন কতকগুলি manufacturing machine (উৎপাদন-যন্ত্ৰ) ক'বে তুলেছিল। রাম রাম! এই কি তোদের শিক্ষার ফল হ'ল ? মেরেদের আগে তুলতে হবে, massকে (জনসাধারণকে) জাগাতে হবে; ভবে ভো দেশের কল্যাণ—ভারতের কল্যাণ।

গাড়ি এইবার কর্নগুরালিস্ স্থাটের বান্ধসমাজ ছাড়াইয়া অগ্রসর হইতে দেখিয়া গাড়োয়ানকে বলিলেন, 'চোরবাগানের রাভায় চল্।' গাড়ি বধন ঐ রাভায় প্রবেশ করিল, তথন খামীজী শিস্তের নিকট প্রকাশ করিলেন, 'মহাকালী পাঠশালা'র খাপয়িত্রী তপখিনী মাতা তাঁহার পাঠশালা দর্শন করিতে আহ্বান করিয়া তাঁহাকে চিঠি লিখিয়াছেন। ঐ পাঠশালা তখন চোরবাগানে একটা দোতলা ভাড়াটিয়া বাড়িতে ছিল। গাড়ি খামিলে ছই-চারিজন ভত্রলোক তাঁহাকে প্রণাম করিয়া উপরে লইয়া গেলেন এবং তপখিনী মাতা গাড়াইয়া খামীজীকে অভ্যর্থনা করিলেন। অক্সকণ পরেই তপখিনী

মাতা সামীলীকে সঙ্গে করিয়া একটি ক্লাসে লইয়া গেলেন। কুমারীরা দ্রাডাইয়া স্বামীজীকে অভার্থনা করিল এবং মাতাজীর আদেশে প্রথমত: 'শিবের ধ্যান' হুর করিয়া আর্ডি করিতে লাগিল। কিরুণ প্রণালীতে পাঠশালায় পূজাদি শিক্ষা দেওয়া হয়, মাডাজীর আদেশে কুমারীগণ পরে তাহাই করিয়া দেখাইতে লাগিল। স্বামীজীও উৎফুল্ল-মনে এ সকল দর্শন করিয়া অন্ত এক শ্রেণীর ছাত্রীদিগকে দেখিতে চলিলেন। বৃদ্ধা মাতান্সী স্বামীজীর সঙ্গে সকল ক্লাস ঘূরিতে পারিবেন না বলিয়া স্থলের ঘুই-তিন্ট শিক্ষককে আহ্বান করিয়া দকল ক্লাদ ভাল করিয়া স্বামীন্দীকে দেখাইবার অস্ত বলিয়া দিলেন। অনস্তর স্বামীন্ধী সকল ক্লাস ঘ্রিয়া পুনরায় মাতানীর নিকটে ফিরিয়া আদিলে মাতাজী একজন কুমারীকে তথন ডাকিয়া আনিলেন এবং রঘুবংশের ভৃতীয় অধ্যায়ের প্রথম শ্লোকটির ব্যাখ্যা করিতে বলিলেন। ছাত্রীটিও উহার সংস্কৃতে ব্যাখ্যা করিয়া স্বামীন্দীকে ভুনাইল। স্বামীন্দী শুনিয়া সন্তোষ প্রকাশ করিলেন এবং স্ত্রীশিক্ষা-প্রচারকল্পে মাতাঞ্চীর অধ্যবসায় ও যত্নপরতার এতদূর সাফল্য দর্শন করিয়া তাঁহার ভূয়সী প্রশংসা করিতে লাগিলেন। মাতাজী তাহাতে বিনীতভাবে বলিলেন, 'আমি ভগবতী-জ্ঞানে ছাত্রীদের সেবা করিয়া থাকি, নতুবা বিভালয় করিয়া বশোলাভ করিবার বা অপর কোন উদ্দেশ্য নাই।'

বিভালয়-সম্বন্ধীয় কথাবার্তা সমাপন করিয়া স্বামীকী বিদায় লইতে উত্যোগ করিলে মাতাজী স্থলসম্বন্ধ মতামত লিপিবদ্ধ করিতে দর্শকদিগের জন্ম নির্দিষ্ট থাতায় (Visitors' Book) স্বামীজীকে মতামত লিখিতে বলিলেন। স্বামীজীক ঐ পরিদর্শক-পৃত্তকে নিজ মত বিশদভাবে লিপিবদ্ধ করিলেন। লিখিত বিষয়ের শেষ ছত্রটি শিক্ষের এখনও মনে আছে—'The movement is in the right direction' (ত্ত্বীশিক্ষার প্রচেষ্টাটি ঠিক পথে চলেছে)।

অনস্তর মাতাজীকে অভিবাদন করিয়া খামীজী পুনরায় গাড়িতে উঠিলেন এবং শিয়ের সহিত স্ত্রীশিক্ষা সহছে নিয়লিখিতভাবে কথোপকথন করিতে করিতে বাগবাঞ্চার অভিমুধে অগ্রসর হইতে লাগিলেন:

খামীখী। এঁর (মাতাজীর) কোধার জয়! সর্বখ-ত্যাগী—তবু লোকছিতের জয় কেমন বত্বতী! স্ত্রীলোক না হ'লে কি ছাত্রীদের এমন ক'রে শিক্ষা দিতে পারে ? সবই ভাল দেখনুম; কিছ এ বে কতকগুলি গৃহী পুৰুষ মান্টার রয়েছে—এটে ভাল বোধ হ'ল না। শিক্ষিতা বিধবা ও বন্ধচারিণীগণের ওপরই স্থলের শিক্ষার ভার সর্বধা রাখা উচিত। এদেশে স্তীবিভালয়ে পুরুষ-সংশ্রব একেবারে না রাখাই ভাল।

- শিষ্য। কিন্তু মহাশয়, গাগী থনা লীলাবতীর মতো গুণবতী শিক্ষিত। জীলোক দেশে এখন পাওয়া যায় কই ?
- শামীজী। দেশে কি এখনও ঐরপ স্তীলোক নেই ? এ সীতা দাবিত্রীর দেশ, পূণাক্ষেত্র ভারতে এখনও মেয়েদের বেমন চরিত্র দেবাভাব স্নেহ দ্যা তৃষ্টি ও ভক্তি দেখা যায়, পৃথিবীর কোথাও তেমন দেবলুম না। ওদেশে (পাশ্চাত্যে) মেয়েদের দেখে আমার অনেক সময় স্তীলোক বলেই বোধ হ'ত না—ঠিক যেন পুরুষ মায়্য! গাড়ি চালাচ্ছে, অফিনে বেরুচ্ছে, জ্বলে যাছে, প্রকেদরি করছে! একমাত্র ভারতবর্ষেই মেয়েদের লজ্জা, বিনয় প্রভৃতি দেখে চক্ষ্ জুড়ায়। এমন সব আধার পেয়েও তোরা এদের উন্নতি করতে পারলিনি। এদের ভেতরে জ্ঞানালোক দিতে চেটা করলিনে। ঠিক ঠিক শিক্ষা পেলে এরা ideal (আদর্শ) স্ত্রীলোক হ'তে পারে।
- শিশু। মহাশয়, মাতাজী ছাত্রীদিগকে যেভাবে শিক্ষা দিতেছেন, তাহাতে কি ঐরপ ফল হইবে? এই সকল ছাত্রীরা বড় হইয়া বিবাহ করিবে, এবং উহার অল্পকাল পরেই অন্ত সকল স্ত্রীলোকের মতো হইয়া বাইবে। মনে হয়, ইহাদিগকে ব্রহ্মচর্য অবলম্বন করাইতে পারিক্ষে ইহারা সমাজের এবং দেশের উন্নতিকল্পে জীবনোংসর্গ করিতে এবং শাস্ত্রোক্ত উচ্চ আদর্শ লাভ করিতে পারিত।
- স্থামীজী। ক্রমে সব হবে। দেশে এমন শিক্ষিত লোক এখনও জন্মায়নি, হারা সমাজ-শাদনের ভরে ভীত না হয়ে নিজের মেয়েদের অবিবাহিতা রাথতে পারে। এই দেও না—এখনও মেয়ে বার-ভের বংসর পেলতে না পেলতে লোকভরে—সমাজভরে বে দিয়ে ফেলে। এই সেদিন consent (সম্বতিস্চক) আইন করবার সময় সমাজের নেতারা লাখো লোক জড়ো ক'রে টেচাতে লাগলো 'আমরা আইন চাই না'। অক্ত দেশ হ'লে সভা ক'রে টেচানো দ্রে থাক্ক, লজ্জায় মাথা গুঁজে লোক ঘরে বনে থাকত ও ভাবত আরাদের সমাজে এখনও এ-হেন কলর রয়েছে!

শিষ্য। কিন্তু মহাশর, সংহিতাকারগণ একটা কিছু না ভাবিয়া চিপ্তিয়া কি আর বাল্যবিবাহের অহমোদন করিয়াছিলেন? নিশ্চয় উহার ভিতর একটা গৃঢ় রহস্থ আছে।

স্বামীজী। কি রহস্টা আছে?

- শিশু। এই দেখুন, অন্ন বন্ধদে মেন্নেদের বিবাহ দিলে তাহারা স্বামিগৃহে
  আসিয়া কুলধর্মগুলি বাল্যকাল হইতে শিথিতে পারিবে। স্বস্তুর-শান্ত্যীর
  আশ্রেম থাকিয়া গৃহকর্ম-নিপুণা হইতে পারিবে। আবার পিতৃগৃহে
  বয়ন্থা ক্যার উচ্চুগুল হওয়ার বিশেষ সম্ভাবনা; বাল্যকালে বিবাহ
  দিলে তাহার আর উচ্চুগুল হইবার সম্ভাবনা থাকে না; অধিকন্ধ লজ্জা,
  নম্রতা, সহিষ্কৃতা ও শ্রমশীলতা প্রভৃতি লল্না-স্থলত গুণগুলি তাহাতে
  বিক্শিত হইয়া উঠে।
- খানীজী। অক্সপক্ষে আবার বলা যেতে পারে যে, বাল্যবিবাহে মেয়েরা অকালে সন্তান প্রান্ধ ক'রে অধিকাংশ মৃত্যুম্থে পতিত হয়; তাদের সন্তান সন্ততিগণও ক্ষীণজীবী হয়ে দেশে ভিথারীর সংখ্যা বৃদ্ধি করে। কারণ, পিতামাতার শরীর সম্পূর্ণ সমর্থ ও সবল না হ'লে সবল ও নীরোগ সন্তান জন্মাবে কেমন ক'রে ? লেখাপড়া শিথিয়ে একটু বয়স হ'লে বে দিলে সেই মেয়েদের যে সন্তান-সন্ততি জন্মাবে, তাদের ঘারা দেশের কল্যাণ হবে। তোদের যে ঘরে ঘরে এত বিধবা তার কারণ হচ্ছে—এই বাল্য-বিবাহ। বাল্য-বিবাহ কমে গেলে বিধবার সংখ্যাও কমে যাবে।
- শিশু। কিন্তু মহাশয়, আমার মনে হয়, অধিক বয়সে বিবাহ দিলে মেয়েরা গৃহকার্যে তেমন মনোবােগী হয় না। ভনিয়াহি, কলিকাতার অনেক ছলে শাভড়ীরা রাঁথে ও শিকিতা বধ্রা পায়ে আলতা পরিয়া বিদয়া থাকে। আমাদের বালাল দেশে এরপ কথনও হইতে পায় না।
- স্বামীন্ত্রী। ভাল মন্দ সৰ দেশেই আছে। আমার মতে সমাজ সকল দেশেই আপনা আপনি গড়ে। অতএব বাল্য-বিবাহ তুলে দেওয়া, বিধবাদের পুনরায় বে দেওয়া প্রভৃতি বিষয় নিয়ে আমাদের মাথা ঘামাবার দরকার নেই। আমাদের কাজ হচ্ছে স্ত্রী পুরুষ—সমাজের সকলকে শিক্ষা দেওয়া। সেই শিক্ষার ফলে ভারা নিজেয়াই কোন্টি ভাল, কোন্টি মন্দ

সব ব্ঝতে পারবে এবং নিজের। মন্দটা করা ছেড়ে দেবে। তথন আর জোর ক'রে সমাজের কোন বিষয় ভাঙ্তে গড়তে হবে না।

শিষ্য। মেয়েদের এখন কিরূপ শিক্ষার প্রয়োজন ?

খামীজী। ধর্ম, শিল্প, বিজ্ঞান, ঘরকল্লা, রন্ধন, সেলাই, শরীরপালন—এ-সব বিষয়ের স্থল মর্মগুলিই মেলেরের শেখানো উচিত। নভেল-নাটক ছুঁতে দেওয়া উচিত নয়। মহাকালী পাঠশালাটি আনেকটা ঠিক পথে চলছে; তবে কেবল পূজাপদ্ধতি শেখালেই হবে না; সব বিষয়ে চোথ ফুটিয়ে দিতে হবে। আদর্শ নারীচরিত্রগুলি ছাত্রীদের সামনে সর্বদাধরে উচ্চ ত্যাগরূপ ব্রতে তাদের অহ্বরাগ জয়ে দিতে হবে। সাতা, সাবিত্রী, দমল্লস্তী, লীলাবতী, খনা, মীরা এঁদের জীবনচরিত্র মেয়েদের ব্রিয়ে দিয়ে তাদের নিজেদের জীবন এরূপে গঠিত করতে হবে।

—গাড়ি এইবার বাগৰাজারে ৺বলরাম বস্থ মহাশরের বাড়িতে পৌছিল।
স্বামীজী অবতরণ করিয়া উপরে উঠিলেন এবং তাঁহার দর্শনাভিলাষী হইয়া
যাহারা তথায় উপস্থিত ছিলেন, তাঁহাদের সকলকে মহাকালী পাঠশালার
বৃত্তান্ত আভোপান্ত বলিতে লাগিলেন।

পরে 'রামক্বঞ্চ মিশনের' সভ্যদের কি কি কাজ করা কর্তব্য, তবিষয়ে আলোচনা করিতে করিতে বিভাদান ও জ্ঞানদানের শ্রেষ্ঠত্ব বহুধা প্রতিপাদন করিতে লাগিলেন। শিশ্যকে লক্ষ্য করিয়া স্থামীজী বলিলেন, 'Educate, educate (শিক্ষা দে, শিক্ষা দে), নাক্ষঃ পদ্থা বিভত্তেহয়নায় (এ ছাড়া অক্স পথ নেই)।' শিক্ষাদানের বিরোধী দলের প্রতি কটাক্ষ করিয়া বলিলেন, 'যেন পেহলাদের দলে যাসনি।' ঐ কথার অর্থ জিজ্ঞাসা করায় স্থামীজী বলিলেন, 'গুনিসনি? ক-অক্ষর দেখেই প্রহলাদের চোখে জল এসেছিল—তা আর পড়ান্ডনো কি ক'রে হবে? অবক্র প্রহলাদের চোখে প্রেমে জল এসেছিল, আর মূর্থদের চোথে জল ভয়ে এসে থাকে। ভক্তদের ভেতরেও অনেকে ঐ রকমের আছে।' সকলে ঐকথা শুনিয়া হাল্ম করিছে লাগিলেন। স্থামী বোগানন্দ ঐ কথা শুনিয়া বলিলেন, 'ভোমার হখন যে দিকে বিনাক উঠবে—ভার একটা ছেন্ডনেন্ড না হ'লে তো আর শান্তি নেই; এখন স্থাইছ। হচ্ছে, ভাই হবে।'

٩

স্থান—কলিকাতা, বাগবাঞ্জার কাল—( মার্চ ? ), ১৮৯৭

আৰু দশ দিন হইল শিশু স্বামীন্ত্রীর নিকটে ঋথেদের সায়নভাশ্ত পাঠ করিতেছে। স্বামীন্ত্রী বাগবাজারের ৺বলরাম বহুর বাড়িতে অবস্থান করিতেছেন। ম্যাক্সমূলর (MaxMuller)-এর মুক্তিত বহু সংখ্যায় সম্পূর্ণ থথেদ গ্রন্থখনি কোন বড়লোকের বাড়ি হইতে আনা হইয়াছে। নৃতন গ্রন্থ, তাহাতে আবার বৈদিক ভাষা, শিশুরে পড়িতে পড়িতে অনেক স্থলে বাধিয়া বাইতেছে। তাহা দেখিয়া স্বামীন্ত্রী সম্প্রেছ তাহাকে কখন কথন 'বাঙাল' বলিয়া ঠাট্রা করিতেছেন এবং ঐ স্থলগুলির উচ্চারণ ও পাঠ বলিয়া দিতেছেন। বেদের আনাদ্বি প্রমাণ করিতে সায়ন ফে অভুত যুক্তিকৌশল প্রদর্শন করিয়াছেন, স্বামীন্ত্রী তাহার ব্যাখ্যা করিতে করিতে কথনও ভাশুকারের ভূমনী প্রশংসা করিতেছেন, আবার কখনও বা প্রমাণপ্রয়োগে ঐ পদের গুঢ়ার্থ সম্বন্ধে স্বয়ং ভিন্নমত প্রকাশ করিয়া সায়নের প্রতি কটাক্ষ করিতেছেন।

এরপে কিছুক্ষণ পাঠ চলিবার পর স্বামীজী ম্যাক্সমূলর-এর প্রদক্ষ উত্থাপন করিয়া বলিতে লাগিলেন:

মনে হ'ল কি জানিস—নায়নই নিজের ভাগ্য নিজে উজার করতে
ম্যাক্সমূলর-রূপে পুনরায় জন্মেছেন। আমার অনেক দিন হতেই ঐ ধারণা।
ম্যাক্সমূলরকে দেখে সে ধারণা আরও যেন বন্ধমূল হয়ে গেছে। এমন
অধ্যবসায়ী, এমন বেদবেদান্তনিক পণ্ডিত এ দেশে দেখা বায় না! তার
উপর আবার ঠাকুরের (শ্রীরামকৃষ্ণদেবের) প্রতি কি অগাধ ভক্তি! তাঁকে
অবতার ব'লে বিখাদ করে রে! বাড়িতে অতিথি হয়েছিলাম—কি ব্যুটাই
করেছিল! বুড়ো-বুড়ীকে দেখে মনে হ'ত, বেন বিশ্বি-অক্স্কভীর মতে।
ঘটিতে সংসার করছে!—আমায় বিদায় দেওয়ার কালে বুড়োর চোথে জক্দ
পড়িছিল!

শিশু। আছো মহাশন্ন, সান্ননই বদি ম্যাক্সমূলর হইন্না থাকেন ভো পুণ্যভূষি ভারতে না ক্মিন্না মেচ্ছ হইন্না ক্মিলেন কেন ? সামীনী। অজ্ঞান থেকেই মাহব 'আমি আর্য, উনি মেচ্ছ' ইত্যাদি অহভব ও বিভাগ করে। কিন্তু যিনি বেদের ভাত্তকার, জ্ঞানের জনম্ব মৃতি, তাঁর পকে আবার বর্ণাশ্রম, জাতিবিভাগ কি ?—তাঁর কাছে ও-সব একেবারে অর্থশৃত্য। জীবের উপকারের জত্ত তিনি যথা ইচ্ছা জন্মাতে পারেন। বিশেষতঃ যে দেশে বিভা ও অর্থ উভরই আছে, দেখানে না জন্মালে এই প্রকাণ্ড গ্রন্থ ছাপাবার খরচই বা কোথায় পেতেন? ভনিসনি ?—East India Company (ইস্ট ইণ্ডিয়া কোম্পানি) এই ঋথেদ ছাপাতে নম্নক্ষ টাকা নগদ দিয়েছিল। তাতেও কুলোয়নি। এদেশের (ভারতের) শত শত বৈদিক পণ্ডিতকে মানোহার। দিয়ে এ কাজে নিযুক্ত করা হয়েছিল। বিভা ও জ্ঞানের জন্ত এইরূপ বিপুল ব্দর্থবায়, এইরূপ প্রবল জ্ঞানতৃষ্ণা এ দেশে এ মূগে কেউ কি কখন দেখেছে ? ম্যাক্সমূলর নিজেই ভূমিকায় লিখেছেন যে, তিনি ২৫ বৎসর কাল কেবল manuscirpt ( পাণ্ডুলিপি ) লিখেছেন; ভারপর ছাপতে ২০ বংসর লেগেছে! ৪৫ বংসর একখানা বই নিয়ে এইরূপ লেগে পড়ে থাকা সামাত মাহুষের কাজ নয়। এতেই বোঝ্; সাধে কি আর বলি, তিনি সায়ন!

ম্যাক্সমূলর দম্বন্ধে ঐরূপ কথাবার্তা চলিবার পর আবার প্রস্থপাঠ চলিতে লাগিল। এইবার 'বেদকে অবলম্বন করিয়াই স্পষ্টির বিকাশ হইয়াছে'— সায়নের এই মত স্বামীনী সর্বধা সমর্থন করিয়া বলিলেন:

'বেদ' মানে অনাদি গত্যের সমষ্টি; বেদপারগ ঋষিগণ ঐসকল সত্য প্রত্যক্ষ করেছিলেন; অতীন্দ্রিয়দর্শী ভিন্ন আমাদের মতো সাধারণ লোকের দৃষ্টিতে সে-সকল প্রত্যক্ষ হয় না; ভাই বেদে ঋষি শব্দের অর্থ মন্ত্রার্থ-ক্রষ্টা;—শৈতা গলায় ব্রাহ্মণ নয়। ব্রাহ্মণাদি জাতিবিভাগ পরে হয়েছিল। বেদ শবাত্মক অর্থাৎ ভাবাত্মক বা অনস্ত ভাবরাশির সমষ্টি মাতা। 'শব্দ' পদের বৈদিক প্রাচীন অর্থ হচ্ছে ক্র্মভাব, যা পরে স্থূলাকার গ্রহণ ক'রে নিজেকে প্রকাশিত করে। স্ক্তরাং ধর্ষন প্রলয় হয়, তথন ভাবী ক্ষষ্টির ক্রম বীজুসমূহ বেদেই সম্পৃটিত থাকে। তাই প্রাণে প্রথমে মীনাবভারে বেদের উদ্ধার দৃষ্ট হয়। প্রথমাবভারেই বেদের উদ্ধার-দাধন হ'ল। তারপর সেই বেদ থেকে ক্রমে ক্ষ্টির বিকাশ হ'তে লাগল; অর্থাৎ বেদনিছিত শক্ষাবলঘনে বিশের সকল সুল পদার্থ একে একে তৈরী হ'তে লাগল। কারণ, সকল সুল পদার্থেরই ক্ষম রূপ হচ্ছে শব্দ বা ভাব। পূর্ব পূর্ব কল্পেও এরণে ক্ষি হয়েছিল। এ কথা বৈদিক সন্ধ্যার মন্ত্রেই আছে 'ক্যাচন্দ্র-মসৌ ধাতা যথাপূর্বমক্ষয়ৎ দিবঞ্চ পৃথিবীং চান্তরীক্ষমণো স্থঃ।' ব্রালি ?

শিশ্ব। কিন্তু মহাশয়, কোন জিনিস না থাকিলে কাহার উদ্দেশে শন্দ প্রযুক্ত **ट्टेंदि ? जांत भगार्थित नाममकल**्टे वा कि क्रिया टियांबी ट्टेंदि ? স্বামীজী। আপাতভ: তাই মনে হয় বটে। কিন্তু বোঝ-এই ঘটটা ভেঙে গেলে ঘটছের নাশ হয় কি? না। কেন না, ঘটটা হচ্ছে সূল; কিছ ঘটঘটা হচ্ছে ঘটের কৃষ্ম- বা শব্দবিস্থা। এরপে সকল পদার্থের শব্দাবস্থাটি হচ্ছে এসকল জিনিসের স্ক্রাবস্থা। আর আমরা দেখি ভানি ধরি ছুই যে জিনিসগুলো, সেগুলো হচ্ছে এরপ স্ক্ষ-বা শব্দবিস্থায় অবস্থিত পদার্থসকলের স্থুল বিকাশ। বেমন কার্য আর তার কারণ। অগং ধাংস হয়ে গেলেও জগদোধাত্মক শব্দ বা সূল পদার্থনকলের স্ক্র স্বরূপসমূহ ত্রন্ধে কারণরূপে থাকে। অগৰিকাশের প্রাক্তালে প্রথমেই ফুল্ম স্বরূপসমূহের সমগ্রীভূত ঐ পদার্থ উদ্বেলিত হয়ে ওঠে এবং তারই প্রকৃতস্বরূপ শব্দগর্ভাত্মক অনাদি নাদ 'ওঁ'কার আপনা আপনি উঠতে থাকে। ক্রমে ঐ সমষ্টি হ'তে এক একটি বিশেষ বিশেষ পদার্থের প্রথমে স্ক্র প্রতিকৃতি বা गोक्कि क्रथ ७ शदा चूनक्रथ श्रकांग शाहा के मसहै बक्क-मक्हे त्वम । ইहाई माग्रत्य अख्यात्र । व्यनि ?

শিশ্ব। মহাশয়, ভাল বুঝিতে পারিতেছি না।

শামীজী। অগতে যত ঘট আছে, সবগুলো নই হলেও ঘটশন্য থাকতে যে পারে, তা তো ব্রেছিস? তবে জগৎ ধ্বংস হলেও বা বে-সব জিনিসগুলোকে নিয়ে জগৎ, সেগুলো সব ভেঙে চুরে গোলেও তভ্তবোধাত্মক শন্তপ্রলি কেন না থাকতে পারবে? আর তা থেকে প্নঃস্টি কেনই বা না হ'তে পারবে ?

শিশু। কিন্তু মহাশয়, 'ঘট' 'ঘট' বলিয়া চীৎকার করিলেই তো ঘট তৈরী হয় না।

খামীজী। তুই আমি ঐরপে চীৎকার করলে হয় না; কিছ সিদ্ধস্থল বাদ্ধাতি হ্বামাত্র ঘট প্রকাশ হয়। সামাল্য সাধকের ইচ্ছাতেই বধন নানা অঘটন-ঘটন হ'তে পারে—তথন সিদ্ধস্থল ব্রন্ধের কা কথা। স্ক্টের প্রাকালে ব্রন্ধ প্রথম শলাত্মক হন, পরে 'ঔকারাত্মক বা নাদাত্মক হয়ে যান। তারপর পূর্ব পূর্ব কল্লের নানা বিশেষ বিশেষ শল, যথা—'ভূ: ভূব: খা' বা 'গো মানব ঘট পট' ইত্যাদি ঐ 'ঔকার থেকে বেকতে থাকে। সিদ্ধস্থল ব্রন্ধে ঐ শল ক্রমে এক একটা ক'রে হ্বামাত্র ঐ ঐ জিনিস্তলো অমনি তথনি বেরিয়ে ক্রমে বিচিত্র জগতের বিকাশ হয়ে পড়ে। এইবার ব্র্যালি—শল কিরপে স্ক্টির মূল ?

শিষ্য। হাঁ, একপ্রকার বুঝিলাম বটে। কিন্তু ঠিক ঠিক ধারণা হইডেছে না। স্বামীন্দী। ধারণা হওয়া—প্রত্যক্ষ অহন্তব করাটা কি সোজা রে বাপ পূমন যখন বন্ধাবগাহী হ'তে থাকে, তখন একটার পর একটা ক'রে এই সব অবস্থার ভিতর দিয়ে গিয়ে শেবে নির্বিকল্পে উপস্থিত হয়। সমাধিম্থে প্রথম বুঝা যায়—জগৎটা শ্বময়, তারপর গভীর 'ওঁ'কার ধ্বনিতে সব মিলিয়ে যায়।—তারপর তাও শুনা যায় না। তাও আছে কি নেই—এরপ বোধ হয়। এটেই হচ্ছে অনাদি নাদ, তারপর প্রত্যক্-বন্ধে মন মিলিয়ে যায়। বস্—সব চুপ।

স্বামীজীর কথায় শিয়ের পরিষ্কার বোধ হইতে লাগিল, স্বামীজী ঐ-সকল অবস্থার ভিতর দিয়া অনেকবার স্বয়ং সমাধি-ভূমিতে গমনাগমন করিয়াছেন, নতুবা এমন বিশদভাবে এ-সকল কথা কিরুপে ব্ঝাইয়া বলিতেছেন? শিয় স্বাক হইয়া শুনিতে ও ভাবিতে লাগিল,—নিজের দেখা-শুনা জিনিস নাইলৈ কথনও কেহ এরুপে বলিতে বা ব্ঝাইতে পারে না।

খামীজী বলিতে লাগিলেন: অবতারকর মহাপ্রদের। সমাধিতকের পর আবার বখন 'আমি-আমার' রাজতে নেমে আসেন, তখন প্রথমেই অব্যক্ত নাদের অমুভব করেন; ক্রমে নাদ স্থাপট হয়ে 'ওঁ'কার অমুভব করেন, 'ভঁ'কার খেকে পরে শব্দময় জগতের প্রভাতি করেন, তারপর সর্বশেষে পুল ভূত-জগতের প্রত্যক্ষ করেন। সামান্ত সাধকের কিছু অনেক কটে কোনক্রণ নাদের পারে গিছে ব্রেম্বে সাক্ষাৎ উপলব্ধি করতে পারলে পুনরায় সুল জগতের প্রত্যক্ষ হয় যে নিয়ভূমিতে—দেখানে আর নামতে প্রারে না। ব্রন্থেই মিলিয়ে বায়—'কীরে নীরবং'।

এই দকল কথা হইডেছে, এমন সময় মহাকবি শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষ
মহাশয় দেখানে উপস্থিত হইলেন। স্বামীজী তাঁহাকে অভিবাদন ও
কুশলপ্রমাদি করিয়া পুনরায় শিশুকে পাঠ দিতে লাগিলেন। গিরিশবাব্ও
তাহা নিবিইচিত্তে শুনিতে লাগিলেন এবং স্বামীজীর এরপে অপূর্ব বিশদভাবে
বেদব্যাখ্যা শুনিয়া মুগ্ধ হইয়া বসিয়া রহিলেন।

পূর্ব বিষয়ের অহসরণ করিয়া খামীজী পুনরায় বলিতে লাগিলেন:

বৈদিক ও লৌকিক ভেদে শব্দ আবার বিধা বিভক্ত। 'শব্দক্তি-প্রকাশিকায়'' এ বিষয়ের বিচার দেখেছি। বিচারগুলি খুব চিস্কার পরিচায়ক বটে, কিন্তু Terminologyর (পরিভাষার) চোটে মাথা গুলিয়ে ওঠে।

এইবার গিরিশবাব্র দিকে চাহিয়া স্বামীজী বলিলেন—'কি জি. সি, এ-সব তো কিছু পড়লে না, কেবল কেট্ট-বিট, নিয়েই দিন কাটালে।'

গিরিশবার্। কি আর প'ড়ব ভাই? অত অবসরও নেই, বৃদ্ধিও নেই যে ওতে সেঁধুব। তবে ঠাকুরের রুপায় ও-সব বেদবেদান্ত মাথায় রেথে এবার পাড়ি মারব। তোমাদের দিয়ে তাঁর ঢের কাজ করাবেন ব'লে ও-সব পড়িয়ে নিয়েছেন, আমার ও-সব দরকার নেই।

এই কথা বলিয়া গিরিশবাবু সেই প্রকাও ঋথেদ গ্রন্থধানিকে পুনঃ পুনঃ প্রধাম করিতে ও বলিতে লাগিলেন—'জয় বেদরপী শ্রীরামক্ষের জয়'।

খামীলী অন্তমনা হইয়া কি ভাবিতেছিলেন, ইতোমধ্যে গিরিশবাব্ বলিয়া উঠিলেন, 'হাঁ, হে নরেন, একটা কথা বলি। বেদবেদান্ত তো ঢের পড়লে, কিন্তু এই যে দেশে ঘোর হাহাকার, অন্নাভাব, ব্যভিচার, জ্রণহত্যা, মহা-পাতকাদি চোথের সামনে দিনরাত ঘ্রছে, এর উপায় ডোমার বেদে কিছু বলেছে? ঐ অমুকের বাড়ির গিন্নি, এককালে বার বাড়িতে রোজ পঞ্চাশধানি পাতা প'ড়ত, সে আজ তিন দিন হাঁড়ি চাপায়নি; ঐ অমুকের বাড়ির ক্লেত্রীকে গুণ্ডাগুলো অত্যাচার ক'রে মেরে ফেলেছে; ঐ অমুকের বাড়িতে

<sup>&</sup>gt; স্থায়দর্শনের এছবিশেষ

ক্রণহত্যা হয়েছে, অমুক জোচোরি ক'রে বিধবার সর্বন্ধ হরণ করেছে—এসকল রহিত করবার কোন উপায় তোমার বেদে আছে কি ?' সিরিশবার্
এইরূপে সমাজের বিভীষিকাপ্রদ ছবিগুলি উপর্গরি অহিত করিয়া দেখাইতে
আরম্ভ করিলে খামীজী নির্বাক হইয়া রহিলেন। জগতের হুঃথকষ্টের কথা
ভাবিতে ভাবিতে খামীজীর চক্ষে জল আদিল। তিনি তাঁহার মনের
এরপ ভাব আমাদের জানিতে দিবেন না বলিয়াই বেন উঠিয়া বাহিরে চলিয়া
বেগলেন।

ইতোমধ্যে গিরিশবার শিশুকে লক্ষ্য করিয়া বলিলেন, 'দেখলি বালাল, কত বড় প্রাণ! তোর স্বামীজীকে কেবল বেদজ্ঞ পণ্ডিত ব'লে মানি না; কিছু ঐ যে জীবের ত্বংথে কাঁদতে কাঁদতে বেরিয়ে গেল, এই মহাপ্রাণতার জন্ম মানি। চোথের সামনে দেখলি তো মাহ্যের ত্বংথকটের কথাগুলো ভনে করুণার হৃদয় পূর্ণ হয়ে স্বামীজীর বেদ-বেদাস্ত সব কোথার উড়ে গেল।'

- শিশু। মহাশয়, আমাদের বেশ বেদ পড়া হইতেছিল; আপনি মায়ার জগতের কি কতকগুলো ছাইভন্ম কথা তুলিয়া স্বামীজীর মন ধারাপ করিয়া দিলেন।
- গিরিশবাব্। জগতে এই ছঃখকষ্ট, আর উনি দে দিকে একবার না চেয়ে চুপ ক'রে বদে কেবল বেদ পড়ছেন। রেখে দে ভোর বেদ-বেদাস্ত।
- শিয়। আপনি কেবল হৃদয়ের ভাষা শুনিতেই ভালবাসেন, নিজে হৃদয়বান্ কি না! কিছ এই সব শাস্ত্র, বাহার আলোচনায় জগৎ ভূল হইয়া বায়, ভাহাতে আপনার আদর দেখিতে পাই না। নতুবা এমন করিয়া আজ রসভঙ্গ করিতেন না।
- গিরিশরাব্। বলি জ্ঞান জার প্রেমের পৃথক্ষটা কোথায় আমায় ব্ঝিয়ে দে দেখি। এই দেখ না, ভোর গুরু (খামীঞ্জী) বেমন পণ্ডিত তেমনি প্রেমিক। তোর বেদও বলছে না 'দং-চিং-আনন্দ' তিনটে একই জিনিব? এই দেখ না, খামীঞ্জী জ্মত পাণ্ডিত্য প্রকাশ করছিলেন, কিন্তু যাই জগতের হুংখের কথা শোনা ও মনে পড়া, জ্মনি জীবের হুংখে কাঁদতে লাগলেন। জ্ঞান আর প্রেমে যদি বেদবেদান্ত বিভিন্নতা প্রমাণ ক'রে থাকেন তো জ্মন বেদ-বেদান্ত আমার মাধায় থাকুন।

শিশ্ব নির্বাক হইরা ভাবিতে লাগিল, 'সতাই তো গিরিশবার্র সিদ্ধান্থগুলি বেদের অবিরোধী।'

ইতোমধ্যে খামীজী আবার ফিরিয়া আসিলেন এবং শিশুকে সম্বোধন করিয়া বলিলেন, 'কি রে তোদের কি কথা হচ্ছিল ?'

- শিশু। এই সব বেদের কথাই হইতেছিল। ইনি এ-সকল গ্রন্থ পড়েন নাই, কিন্তু দিদ্ধান্তগুলি বেশ ঠিক ঠিক ধরিতে পারিয়াছেন—বড়ই আশ্চর্যের বিষয়।
- খামীজী। গুরুভক্তি থাকলে সব দিছান্ত প্রত্যক্ষ হয়—পড়বার শুনবার দরকার হয় না। তবে এরপ ভক্তি ও বিখাস জগতে তুর্গভ। ওব (গিরিশবাব্র) মতো বাঁদের ভক্তি বিখাস, তাঁদের শাত্র পড়বার দরকার নেই। কিন্তু ওকে (গিরিশবাব্কে) imitate (অফুকরণ) করতে গেলে অফ্রের সর্বনাশ উপস্থিত হবে। ওর কথা শুনে যাবি, কিন্তু কথন ওর দেখাদেখি কাজ করতে যাবি না।

শিয়। আছে হা।

- স্বামীনী। আজে হাঁ নয়। যা বলি দে-সব কথাগুলি বুঝে নিবি, মুর্থের
  মতো সব কথায় কেবল সায় দিয়ে যাবি না। আমি বললেও বিবাস
  করবিনি। বুঝে তবে নিবি। আমাকে ঠাকুর তাঁর কথা সব বুঝে নিতে
  সর্বদা বলতেন। সদ্যুক্তি, তর্ক ও শাল্পে যা বলেছে, এই সব নিয়ে পথে
  চলবি। বিচার করতে করতে বুদ্ধি পরিষার হয়ে যাবে, তবে তাইতে
  ব্রহ্ম reflected (প্রতিফলিত) হবেন। বুঝালি?
- শিশু। হাঁ। কিন্তু নানা লোকের নানা কথার মাথা ঠিক থাকে না। এই একজন (গিরিশবার্) বলিলেন, 'কি হবে ও-সব পড়ে?' আবার এই আপনি বলিডেছেন বিচার করিতে। এখন করি কি ?
- খামীজী। আমাদের উভয়ের কথাই সভিয়। তবে ছুই standpoint ( দিক )
  থেকে আমাদের ত্-জনের কথাগুলি বলা হচ্ছে—এই পর্যন্ত। একটা
  অবস্থা আছে, বেখানে মৃক্তি তর্ক সব চুপ হয়ে বায় 'মৃকাস্বাদনবং'। আর
  একটা অবস্থা আছে, বাতে বেদাদি শাস্তগ্রন্থের আলোচনা পঠন-পাঠন
  করতে করতে সভ্যবস্ত প্রত্যক্ষ হয়। ভোকে এসব পড়ে ভনে বেতে
  হবে, তবে ভোর সভ্য প্রত্যক্ষ হবে। ব্র্বলি ?

নির্বোধ শিশু খামীজীর ঐরপ আদেশলাভে গিরিশবাব্র হার হইল মনে করিয়া গিরিশবাব্র দিকে চাহিয়া বলিতে লাগিল, 'মহাশয়, ওনিলেন জো খামীজী আমায় বেদবেদাস্ত পড়িতে ও বিচার করিতেই বলিলেন।' গিরিশবাব্। তা তুই করে বা। খামীজীর আশীর্বাদে তোর তাই করেই সব ঠিক হবে।

স্বামী সদানন্দ এই সময়ে সেধানে আদিয়া উপন্থিত হইলেন। স্বামীন্ধী তাঁহাকে দেখিয়াই বলিলেন, 'ওরে, এই জি. সি-র মুধে দেশের তুর্দশার কথা ভনে প্রাণটা আঁকুপাকু করছে। দেশের জন্ম কিছু করতে পারিস্?' সদানন্দ। মহারাজ! যোত্তুম—বান্দা তৈয়ার হায়।

স্বামীন্ধী। প্রথমে ছোটখাট scale-এ (হারে) একটা relief centre (সেবাশ্রম) খোল, বাতে গরীব-ছংথীরা সব সাহায্য পাবে, রোগীদের সেবা করা হবে, যাদের কেউ দেখবার নেই—এমন অসহায় লোকদের জ্ঞাতি-বর্ণ-নির্বিশেষে সেবা করা হবে। বুঝাল ?

महानम्। (का हकूम महावाक!

স্বামীন্দ্রী। জীবদেবার চেয়ে আর ধর্ম নেই। দেবাধর্মের ঠিক ঠিক অমুষ্ঠান করতে পারলে অতি সহজেই সংসারবন্ধন কেটে যায়—'মুক্তিঃ করফলায়তে'।

এইবার গিরিশবাবুকে সম্বোধন করিয়া স্বামীনী বলিলেন:

দেখ, গিরিশবার্, মনে হয় এই জগতের হৃংখ দ্র করতে আমার যদি হাজারও জন্ম নিতে হয়, তাও নেবো। তাতে যদি কারও এতটুকু হৃংখ দ্র হয় তো তা ক'রব। মনে হয়, খালি নিজের মৃক্তি নিয়ে কি হবে? সকলকে সঙ্গে নিয়ে ঐ পথে বেতে হবে। কেন বলো দেখি এমন ভাব ওঠে? গিরিশবার্। তা না হ'লে আর তিনি (ঠাকুর) তোমায় সকলের চেয়ে বড় আধার বলতেন!

**এই रिनद्या गितिभवाव् कार्याञ्चल बाहैरवन विनद्या विनाद महैरमन।** 

4

## স্থান—আলমবাজার মঠ, কলিকাডা কাল—এপ্রিল, ১৮৯৭

প্রথমবার বিলাভ হইতে ফিরিয়া স্থামীনী বধন কিছুদিন কলিকাভায় ছিলেন, তথন বহু উৎসাহী যুবক তাঁহার নিকট বাভায়াত করিত। দেখা গিয়াছে, সেই সময় স্থামীনী অবিবাহিত যুবকগণকে ব্রহ্মচর্য ও ত্যাগের বিষয় সর্বদা উপদেশ দিতেন এবং সন্মাস অথবা আপনার মোক্ষ ও জগতের কল্যাণার্থ সর্বস্থ ত্যাগ করিতে বহুধা উৎসাহিত করিতেন। আমরা তাঁহাকে অনেক সময় বলিতে শুনিয়াছি, সন্মাস গ্রহণ না করিলে কাহারও যথার্থ আত্মজ্ঞান লাভ হইতে পারে না; কেবল তাহাই নহে—বহুজনহিতকর, বহুজনহুথকর কোন এহিক কার্যের অন্তর্গান এবং ভাহাতে দিছিলাভ করাও সন্মাস ভিন্ন হয় না। তিনি সর্বদা ত্যাগের উচ্চাদর্শ উৎসাহী যুবকদের সমক্ষে স্থাপন করিতেন এবং কেহু সন্মাস গ্রহণ করিবে এইরূপ অভিপ্রায় প্রকাশ করিলে তাহাকে সমধিক উৎসাহ দিতেন ও কুপা করিতেন। এই সময় কতিপন্ন ভাগ্যবান্ যুবক সংসার-আশ্রম ত্যাগ করিয়া তাঁহার স্থামীনী প্রথম সন্মাস দেন, তাহাদের সন্মাসব্রতপ্রহণের দিন শিল্প আলমবাজার মঠে উপন্থিত ছিল।

ইহাদের মধ্যে একজনকে বাহাতে সন্নাস না দেওরা হর, সেজন্ত স্বামীজীর গুরুত্রাপ্য তাঁহাকে বহুধা অহরোধ করেন। স্বামীজী ততুত্তরে বলিয়াছিলেন, 'আমরা বৃদি পাপী তাপী দীন হঃখী পভিতের উদ্ধারসাধনে পশ্চাৎপদ হই, তা হ'লে কে আর তাকে দেখবে? তোমরা এ বিষয়ে কোনরপ প্রতিবাদী হইও না।' স্বামীজীর বলবতী ইচ্ছাই পূর্ব হইল। অনাধশরণ স্বামীজী নিজ্ক রপাগুণে তাহাকে সন্মাস দিতে কুভসঙ্কল্প হইলেন।

শিশু আৰু চুই দিন হইতে মঠেই বহিয়াছে। স্বামীজী শিশুকে বলিলেন, 'কুই তো ভটচাৰ বামূন; স্বাগামী কাল তুই-ই এদের প্রান্ধ করিয়ে দিবি,

১ নিজানন্দ, বিরজানন্দ, প্রকাশানন্দ ও নির্ভয়ানন্দ

২ শান্ত্রমতে বাঁহারা সন্ন্যাস আশ্রম গ্রহণ করেন, তাঁহাদিগকে নিজেদের শ্রাদ্ধ ঐ সময়ে করিয়া -জইতে হয়, কারণ সন্ম্যাস গ্রহণ করিলে লৌকিক বা বৈদিক কোন বিষয়ে আর অধিকার থাকে না।

প্রদিন এদের সন্মাস দিব। আজি পাঁজি-পুঁথি সৰ পড়ে-শুনে দেখে নিস্। শিশু আমীজীর আজ্ঞা শিরোধার্থ করিয়া লইল।

শ্রাদ্ধান্তে যথন বন্ধচারিচতুইয় নিজ নিজ পিও অর্পণ করিয়া পিওাদি লইয়া গলায় চলিয়া গেলেন, তথন স্বামীনী শিল্পের মনের অবস্থা লক্ষ্য করিয়া বলিলেন, 'এ-সব দেখে শুনে তোর মনে ভয় হয়েছে— নারে?' শিশ্র নতমন্তকে সন্মতি জ্ঞাপন করায় স্বামীন্দী শিশ্রকে বলিলেন:

সংসারে আজ থেকে এদের মৃত্য হ'ল, কাল থেকে এদের নৃতন দেহ,
নৃতন চিস্তা, নৃতন পরিচ্ছদ হবে—এরা ব্রহ্মবীর্থে প্রদীপ্ত হয়ে জলস্ত পাবকের
মতো অবস্থান করবে। ন ধনেন ন চেজায়া…ত্যাগেনৈকে অমৃতত্মানতঃ।

স্বামীজীর কথা শুনিয়া শিশু নির্বাক হইয়া দাঁড়াইয়া রহিল। সন্তাদের কঠোরতা শ্বরণ করিয়া তাহার বৃদ্ধি শুন্তিত হইয়া গেল, শাস্তন্তানের আফালন দ্রীভূত হইল।

কৃতপ্রাদ্ধ বন্ধচারিচত্ট্য ইতোমধ্যে গলাতে পিওাদি নিক্ষেপ করিয়া আসিয়া আমীজীর পাদপন্ন বন্ধনা করিলেন। স্বামীজী তাঁহাদিগকে আনীর্বাদ করিয়া বলিলেন:

তোমরা মানব-জীবনের শ্রেষ্ঠত্রত গ্রহণে উৎসাহিত হয়েছ; ধল্ল তোমাদের জন্ম, ধল্ল তোমাদের বংশ, ধল্ল তোমাদের গর্ভধারিণী—'কুলং পবিত্রং জননী' রতার্থা'।

সেইদিন রাত্রে আহারান্তে স্বামীজী কেবল সন্ন্যাসধর্ম বিষয়েই কথাবার্তা কহিতে লাগিলেন। সন্ম্যাসব্রতগ্রহণোৎস্ক ব্রন্মচারিগণকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন:

'আত্মনো নোক্ষার্থং জগদ্ধিতায় চ'—এই হচ্ছে সন্নাদের প্রকৃত উদ্দেশ্য । সন্ধাদ না হ'লে কেউ কথনও ব্রহ্মন্ত হ'তে পারে না—এ কথা বেদ-বেদান্ত ঘোষণা করছে। যারা বলে—এ সংসারক্ত ক'বব, ব্রহ্মন্তও হবো—তাদের কথা আদপেই শুনবিনি। ও সব প্রচ্ছেন্তোগীদের স্তোকবাক্য। এতটুকু সংসাবের ভোগেচ্ছা যার রয়েছে, এতটুকু কামনা যার রয়েছে, এ কঠিন পদ্বা ভেবে তার ভয়; তাই আপনাকে প্রবোধ দেবার ক্ষয় ব'লে বেড়ায়, 'একুল

১ 'উপনিষদ'

ওকুল তুকুল রেখে চলতে ছবে'। ও পাগলের কথা, উন্নত্তের প্রলাপ, জ্পান্তীয় অবৈদিক মত। ত্যাগ ছাড়া মৃক্তি নেই। ত্যাগ ছাড়া পরাভক্তি লাভ হয় না। ত্যাগ—ত্যাগ। 'নাক্তঃ পদা বিভাতেইয়নায়'। সীতাতেও আছে—'কাম্যানাং কর্মণাং ক্যাসং সন্মাসং ক্বয়ো বিহুঃ''।

সংসারের ঝঞ্চাট ছেড়ে না দিলে কারও মৃক্তি হয় না। সংসারাশ্রমে বে রয়েছে, একটা না একটা কামনার দাস হয়েই বে সে এয়পে বছ রয়েছে, ওতেই তা প্রমাণ হচ্ছে। নৈলে সংসারে থাকবে কেন ? হয় কামিনীর দাস, নয় অর্থের দাস, নয় মান মণ বিভা ও পাখিতার দাস। এ দাসত থেকে বেরিয়ে পড়লে তবে মৃক্তির পদ্বায় অগ্রসর হ'তে পারা যায়। যে য়তই বলুক না কেন, আমি ব্বেছি, এ-সব ছেড়ে-ছুড়ে না দিলে, সয়াস গ্রহণ না করলে কিছুতেই জীবের পরিজ্ঞাণ নেই, কিছুতেই ব্রম্মজ্ঞান লাভের সম্ভাবনা নেই।

শিষ্য। মহাশন্ম, সন্মাস গ্রহণ করিলেই কি সিদ্ধিলাভ হয় ?
স্থামীজী। সিদ্ধ হয় কি না হয় পরের কথা। তুই বতক্ষণ না এই ভীষণ
সংসারের গণ্ডি থেকে বেরিয়ে পড়তে পারছিস—যতক্ষণ না বাসনার
দাসত্ব ছাড়তে পারছিস—ততক্ষণ ভোর ভক্তি মৃক্তি কিছুই লাভ

হবে না। ব্ৰন্ধজ্ঞের কাছে সিদ্ধি ঋদ্ধি অভি তুচ্ছ কথা।
শিশু। মহাশয়, সন্মাদের কোনরূপ কালাকাল বা প্রকার-ভেদ আছে কি ?
স্বামীজী। সন্মাদধর্ম-সাধনের কালাকাল নেই। শ্রুতি বলছেন, 'বদহরেব

বিরজেৎ তদহরেব প্রজেৎ'—ম্থনি বৈরাগ্যের উদয় হবে, তথনি প্রজ্ঞা করবে। যোগবাশিষ্ঠেও রয়েছে—

> যুবৈৰ ধৰ্মশীলঃ ভাদ অনিত্যং ধলু জীবিতং । কো হি জানাতি কভাভ মৃত্যুকালো ভবিছাতি ॥

—জীবনের অনিত্যতাবশতঃ পূর্বকালেই ধর্মশীল হবে। কে জানে কার কখন দেহ যাবে? শাজে চতুর্বিদ সন্মাদের বিধান দেখতে পাওরা বার —বিবং সন্মাস, বিবিদিয়া সন্মাস, মর্কট সন্ধাস এবং আতৃর সন্মাস। হঠাৎ ঠিক ঠিক বৈরাগ্য হ'ল, তথনি সন্মাস নিয়ে বেরিয়ে পড়লে—

১ সীতা, ১৮া২

এটি পূর্ব জন্মের সংস্থার না থাকলে হয় না। এরই নাম 'বিছৎ সন্ন্যাস'। আত্মতত্ত জানবার প্রবল বাসনা থেকে শান্তপাঠ ও সাধনাদি বারা খ-খরপ অবগত হবার জন্ম কোন বন্ধজ্ঞ পুরুষের কাছে সন্ন্যাস নিরে স্বাধ্যায় ও সাধন ভজন করতে লাগলো—একে 'বিবিদিষা সন্মান' বলে। সংসারের তাড়না, স্বন্ধনিয়োগ বা অক্স কোন কারণে কেউ কেউ বেরিয়ে পড়ে সন্মাস নেম; কিন্তু এ বৈরাগ্য স্থায়ী হয় না, এর নাম 'মর্কট সম্মান'। ঠাকুর যেমন বলতেন, 'বৈরাগ্য নিমে পশ্চিমে গিরে আবার একটা চাকরি বাগিয়ে নিলে; তারপর চাই কি পরিবার আনলে ৰা আবার বে ক'রে ফেললে।' আর এক প্রকার সন্মাস আছে, বেমন মুমুর্, রোগশখ্যায় শায়িত, বাঁচবার আশা নেই, তথন তাকে সন্মান দেবার বিধি আছে। সে যদি মরে তো পবিত্র সন্মান্ত্রত গ্রহণ ক'রে মরে গেল-পর জন্মে এই পুণ্যে ভাল জন্ম হবে। আর যদি বেঁচে যায় তো আর গৃহে না গিয়ে ব্রহ্মজ্ঞানলাভের চেষ্টায় সন্নাদী হয়ে কালঘাপন করবে। তোর কাকাকে শিবানন্দ স্বামী 'আতুর সন্মাস' দিয়েছিলেন। সে মরে পেল, কিন্তু এরপে সন্মাদগ্রহণে তার উচ্চ জন্ম হবে। সন্ন্যাস না নিলে কিন্তু আত্মজ্ঞানলাভের আর উপায়ান্তর নেই।

শিক্ষ। মহাশয়, গৃহীদের তবে উপায় ?

সামীজী। স্কৃতিবশতঃ কোন-না-কোন জন্মে তাদের বৈরাগ্য হবে। বৈরাগ্য এলেই হয়ে গেল—জন্ম-মৃত্যু-প্রেহেলিকার পারে যাবার আর দেরী হয় না। তবে সকল নিয়মেরই ছ্-একটা exception (ব্যতিক্রম) আছে। ঠিক ঠিক গৃহীর ধর্ম পালন করেও ছ্-একজন মৃক্ত পুরুষ হ'তে দেখা যায় রু বেমন আমাদের মধ্যে 'নাগ-মহাশর'।

াশক্ত। মহাশয়, বৈরাগ্য ও সন্মাস বিষয়ে উপনিষদাদি গ্রন্থেও বিশদ উপদেশ পাওয়া যায় না।

ষামীজী। পাগলের মতো কি বলছিন? বৈরাগ্যই উপনিষদের প্রাণ।
বিচারজনিত প্রজাই উপনিষদ্-জ্ঞানের চরম লক্ষ্য। তবে আমার বিখাস,
ভূগবান বৃদ্ধদেবের পর থেকেই ভারতবর্ষে এই ত্যাগ্রত বিশেষরূপে
প্রচারিত হয়েছে এবং বৈরাগ্য ও বিষয়বিত্ঞাই ধর্মের চরম লক্ষ্য ব'লে
বিবেচিত হয়েছে। বৌদ্ধর্মের সেই ত্যাগ-বৈরাগ্য হিন্দুধর্ম absorb

( নিজের ভিতর হজম ) ক'রে নিয়েছে। ভগবান বৃদ্ধের ভায় ত্যাগী মহাপুরুষ পৃথিবীতে আর জন্মায়নি।

শিষ্য। তবে কি মহাশর, বৃদ্ধদেব জন্মাইবার পূর্বে দেশে ত্যাগ-বৈরাগ্যের অক্সতা ছিল এবং দেশে সন্মাসী ছিল না ?

শামীজী। তাকে বললে? সন্মানাশ্রম ছিল, কিন্তু উহাই জীবনের চরমলক্ষ্য ব'লে সাধারণের জানা ছিল না, বৈরাগ্যে দৃঢ়তা ছিল না, বিবেক-নিষ্ঠা ছিল না। সেই জন্ম বৃদ্ধদেব কত বোগী, কত সাধুর কাছে গিয়ে শাস্তি পেলেন না। তারপর 'ইহাসনে শুন্ততু মে শ্রীরং'' ব'লে আত্মজান লাভের জন্ম নিজেই বলে পড়লেন এবং প্রবৃদ্ধ হয়ে তবে উঠলেন। ভারতবর্ষের এই যে সব সন্মানীর মঠ-ফঠ দেখতে পাচ্ছিস—এ-সব বৌদ্ধদের অধিকারে ছিল, হিন্দুরা সেই সকলকে এখন তাদের রঙে রঙিয়ে নিজন্ম ক'রে বসেছে। ভগবান বৃদ্ধদেব হতেই যথার্থ সন্মানাশ্রমের স্ত্রপাত হয়েছিল। তিনিই সন্মানাশ্রমের মৃতকল্পালে প্রাণসঞ্চার ক'রে গেছেন।

স্বামীজীর গুরুত্রাতা স্বামী রামকৃষ্ণানন্দ বলিলেন, 'বুজদেব জন্মাবার আগেও ভারতে আশ্রম-চতুইর যে ছিল, সংহিতা-পুরাণাদি তার প্রমাণস্থল।' স্বামীজী। মহাদি সংহিতা, পুরাণসকলের অধিকাংশ এবং মহাভারতের অনেকটাও সেদিনকার শাস্ত্র। ভগবান্ বৃদ্ধ তার ঢের আগে।

রামকৃষ্ণানন্দ। তা হ'লে বেদে, উপনিষদে, সংহিতায়, পুরাণে বৌদ্ধর্মের সমালোচনা নিশ্চর থাকত; কিন্তু এই সকল প্রাচীন গ্রন্থে যখন বৌদ্ধ-ধর্মের আলোচনা দেখা যায় না, তখন তুমি কি ক'রে বলবে বৃদ্ধদেব তার আগেকার লোক? ত্-চারখানি প্রাচীন পুরাণাদিতে বৌদ্ধ্যতের আংশিক বর্ণনা রয়েছে, তা দেখে কিন্তু বলা যায় না যে, হিন্দুর সংহিতা পুরাণাদি আধুনিক শাস্ত্র।

স্বামীজী। History (ইতিহাস) পড়ে দেখ। দেখতে পাবি, হিন্দুধর্ম বৃদ্ধদেবের সব ভাৰগুলি absorb (হজম) ক'রে এভ বড় হয়েছে।

রামক্ষণানন্দ। আমার বোধ হয়, ত্যাগ বৈরাগ্য প্রভৃতি জীবনে ঠিক ঠিক অফ্রপ্রান ক'রে বুদ্ধদেব হিন্দুধর্মের ভাবগুলি সজীব ক'রে গেছেন মাত্র।

২ ললিতবিন্তর

খামীজী। ঐ কথা কিন্ত প্রমাণ করা বার না। কারণ, বৃদ্ধদেব জন্মাবার আগেকার কোন History (প্রামাণ্য ইতিহাস) পাওয়া বার না। Historyকে (ইতিহাসকে) authority (প্রমাণ) ব'লে মানলে এ কথা খীকার করতে হয় বে, প্রাকালের খোর আদ্বানে ভগবান বৃদ্ধদেবই একমাত্র জানালোকপ্রদীপ্ত হয়ে অবস্থান করছেন। (প্ররায় সন্ন্যাসধর্মের প্রসঙ্গ চলিতে লাগিল।)

সন্মানের origin (উৎপত্তি) বধনই হোক না কেন, মানব-জন্মের goal (উদ্দেশ্য) হচ্ছে এই ত্যাগরত অবলম্বনে বন্ধজ্ঞ হওয়া। সন্মান-গ্রহণই হচ্ছে পরম পুরুষার্থ। বৈরাগ্য উপস্থিত হবার পর যারা সংসারে বীতরাগ হয়েছে, তারাই ধন্য।

- শিষ্ক। মহাশয়, আজকাল অনেকে বলিয়া থাকেন যে, ত্যাগী সন্মাদীদের
  সংখ্যা বাড়িয়া যাওয়ায় দেশের ব্যাবহারিক উন্নতির পক্ষে ক্ষতি হইয়াছে।
  গৃহত্বের মুখাপেকী হইয়া সাধুরা নিজ্মা হইয়া ঘ্রিয়া বেড়ান বলিয়া
  ইহারা বলেন, সন্মাদীরা সমাজ ও খদেশের উন্নতিকল্পে কোনরূপ সহায়ক
  হন না।
- স্বামীজী। লোকিক বা ব্যাবহারিক উন্নতি কথাটার মানে কি, স্বাগে স্বামায় ব্রিয়ে বল্ দেখি।
- শিশু। পাশ্চাত্য ,বেমন বিভাগহায়ে দেশে অন্নবস্ত্রের সংস্থান করিতেছে, বিজ্ঞানসহায়ে দেশে বাণিজ্য-শিল্প পোশাক-পরিচ্ছদ রেল-টেলিগ্রাফ প্রভৃতি নানাবিষয়ের উন্নতিসাধন করিতেছে, সেইরূপ করা।
- খামীজী। মাহুষের মধ্যে রজোগুণের অভ্যুদয় না হ'লে এ-সব হয় কি পু
  ভারতবর্ষ মুরে দেখলুম, কোথাও রজোগুণের বিকাশ নেই। কেবল
  তমো—তমো—ঘোর তমোগুণে ইতরদাধারণ সকলে পড়ে রয়েছে।
  কেবল সন্ন্যাদীদের ভেতরেই দেখেছি রক্ষ: ও সন্ধর্গুণ রয়েছে; এরাই
  ভারতের মেকুদও, বথার্থ সন্ন্যাদী—গৃহীদের উপদেষ্টা। তাদের
  উপদেশ ও জ্ঞানালোক পেয়েই পূর্বে অনেক সময়ে গৃহীরা জীবনসংগ্রামে
  কুতকার্য হয়েছিল। সন্ন্যাদীদের বহুমূল্য উপদেশের বিনিময়ে গৃহীরা
  ভাদের অন্নবন্ধ দেয়। এই আদান-প্রদান না থাকলে ভারতবর্ষের লোক
  এতদিনে আমেরিকার Red Indianদের (আদিম অধিবাদীদের) মডে

প্রান্ন extinct (উন্নাড়) হয়ে বেত। সয়াসীদের গৃহীরা ছমুঠো থেতে দের ব'লে গৃহীরা এখনও উন্নতির পথে বাচ্ছে। সয়াসীরা কর্মহীন নয়। তারাই হচ্ছে কর্মের fountain-head (উৎস)। উচ্চ আদর্শ-সকল তাদের জীবনে বা কাজে পরিণত করতে দেখে এবং তাদের কাছ থেকে ঐ সব idea (উচ্চ ভাব) নিয়েই গৃহীয়া কর্মক্ষেত্রে জীবনসংগ্রামে সমর্থ হয়েছে ও হচ্ছে। পবিত্র সয়াসীদের দেখেই গৃহয়েরা পবিত্র ভাব-গুলি জীবনে পরিণত করছে এবং ঠিক ঠিক কর্মতংপর হচ্ছে। সয়াসীরা নিজ জীবনে ঈশ্বরার্থে ও জগতের কল্যাণার্থে সর্বশ্ব-ত্যাগরূপ তত্ত প্রতিফলিত ক'রে গৃহীদের সব বিষয়ে উৎসাহিত করছে, আর বিনিময়ে তারা তাদের ছমুঠো অয় দিছে। দেশের লোকের সেই অয় জ্য়াবার প্রবৃত্তি এবং ক্ষমতাও আবার সর্বভ্যাগী সয়্যাসীদের আশীর্বাদেই বর্ধিত হচ্ছে। না বুঝেই লোকে সয়্যাস institution (আশ্রম)-এর নিন্দা করে। অয়্য দেশ যাই হোক না কেন, এদেশে কিন্তু সয়্যাসীরা হাল ধয়ে আছে বলেই সংসারসাগরে গৃহস্থদের নৌকা তৃবছে না।

শিশু। মহাশন্ন, লোক-কল্যাণে তৎপর ষথার্থ সন্ন্যাসী করজন দেখিতে পাওয়া যায় ?

ষামীন্দী। হাজার বংশর অন্তর যদি ঠাকুরের ন্যায় একজন সন্থাসী মহাপুরুষ আদেন তো ভরপুর। তিনি যে-সকল উচ্চ আদর্শ ও ভাব দিয়ে যাবেন, তা নিয়ে তাঁর জন্মাবার হাজার বংশর পর অবধি লোকে চলবে। এই সন্থান institution (আশ্রম) দেশে ছিল বলেই তো তাঁর স্থায় মহাপুরুষেরা এদেশে জনগ্রহণ করছেন। দোষ সব আশ্রমেই আছে, তবে অল্লাধিক। দোষ সত্তেও এতদিন পর্যন্ত যে এই আশ্রম সকল আশ্রমের শীর্ষহান অধিকার ক'রে দাঁড়িয়ে রয়েছে, তার কারণ কি ? রথার্থ সন্থানীরা নিজেদের মৃক্তি পর্যন্ত উপেকা করেন, জগতের ভাল করতেই তাঁদের জন্ম। এমন সন্থানাশ্রমের প্রতি যদি ভোরা ক্বতক্ষ না হ'দ্ তো তোদের ধিক—শত ধিক।

—বলিতে বলিতে স্বামীজীর ম্থমওল প্রদীপ্ত হইয়া উঠিল। সন্থাসাশ্রমের গৌরবপ্রসঙ্গে স্বামীজী বেন মৃতিমান্ 'সন্থাস'রূপে শিক্ষের চক্ষে প্রতিভাত হইতে লাগিলেন।

অনস্তর ঐ আশ্রমের গৌরব তিনি প্রাণে প্রাণে অমুভব করিতে করিতে বেন অন্তর্মুথ হইয়া আপনা আপনি মধুর স্বরে আবৃত্তি করিতে লাগিলেন:

বেদান্তবাক্যেয়্ সদা রমন্তঃ
ভিক্ষাল্লমাত্তেশ চ তৃষ্টিমন্তঃ।
অশোকমন্তঃকরণে চরন্তঃ
কৌপীনবন্তঃ খলু ভাগ্যবন্তঃ ॥

পরে আবার বলিতে লাগিলেন:

বছজনহিতায় বছজনস্থায় সয়াসীর জয়। সয়াস গ্রহণ ক'রে বারা এই ideal (উচ্চ লক্ষা) ভূলে বায় 'বৃথৈব তহা জীবনং'। পরের জয় প্রাণ দিতে, জীবের গগনভেদী ক্রন্দন নিবারণ করতে, বিধবার অফ্র ম্ছাতে, পুত্রবিয়োগ-বিধুরার প্রাণে শান্তিদান করতে, অজ্ঞ ইতরসাধারণকে জীবন-সংগ্রামের উপবোগী করতে, শাস্ত্রোপদেশ-বিন্তারের বারা সকলের ইহিক ও পারমার্থিক মঞ্চল করতে এবং জ্ঞানালোক দিয়ে সকলের মধ্যে প্রস্থপ্ত ব্রন্ধ-সিংহকে জাগরিত করতে জগতে সয়াসীর জয় হয়েছে।

গুৰুভাতাদের কক্ষা করিয়া বলিতে লাগিলেন:

'আত্মনো মোক্ষার্থং জগদ্ধিতায় চ' আমাদের জন্ম; কি করছিন সব বদে বদে? ওঠ,—জাগ্, নিজে জেগে অপর সকলকে জাগ্রত কর্, নরজন্ম সার্থক ক'রে চলে যা। 'উদ্ভিষ্ঠিত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত।' ৯

## স্থান—আলমবাক্সার মঠ কাল—যে, ১৮৯৭

দার্দিলিও হইতে স্বামীজী কলিকাতার ফিরিয়া আদিরাছেন। আলমবাজার মঠেই অবস্থান করিতেছেন। গলাতীরে কোন স্থানে মঠ উঠাইয়া লইবার জন্মনা হইতেছে। শিশু আজকাল প্রায়ই মঠে তাঁহার নিকটে বাতায়াত করে এবং মধ্যে মধ্যে রাজিতে অবস্থানও করিয়া থাকে। দীলাগ্রহণে কৃতসঙ্কর হইয়া শিশু স্বামীজীকে দার্জিলিওে ইতঃপূর্বে পত্র লিথিয়া জানাইয়াছিল। স্বামীজী তত্ত্তরে লিথেন, 'নাগ-মশায়ের আপত্তি না হ'লে তোমাকে অভি আনন্দের সহিত দীক্ষিত ক'রব।'

১৩০৩ সালের ১৯শে বৈশাথ। স্বামীনী আৰু শিগুকে দীকা দিবেন বলিয়াছেন। আৰু শিব্ৰের জীবনে স্বাপেকা বিশেষ দিন। শিশ্ব প্রত্যুবে গলালানান্তে কতকগুলি লিচু ও অক্ত দ্রব্যাদি কিনিয়া বেলা ৮টা আন্দান্ত আলমবাজার মঠে উপস্থিত হইয়াছে। শিশুকে দেখিয়া স্বামীন্তী রহস্ত করিয়া বলিলেন: আৰু তোকে 'বলি' দিতে হবে—না ?

খামীজী শিশুকে ঐ কথা বলিয়া আবার হাশুম্থে সকলের সঙ্গে আমেরিকার নানা প্রসঙ্গ করিতে লাগিলেন। ধর্মজীবন গঠন করিতে হইলে কিরুপ একনিষ্ঠ হইতে হয়, গুরুতে কিরুপ অচল বিখাস ও দৃঢ় ভক্তিভাব রাখিতে হয়, গুরুতে কিরুপ আছা স্থাপন করিতে হয় এবং গুরুর জন্ম কিরুপে প্রাণ পর্যন্ত হিন্ত হয়—এ-সকল প্রসঙ্গও সঙ্গে বালি পর্যন্ত হইতে হয়—এ-সকল প্রসঙ্গও সঙ্গে সঙ্গে হইতে লাগিল। অনস্তর তিনি শিশুকে কতকগুলি প্রশ্ন করিয়া তাহার হদর পরীক্ষা করিতে লাগিলেন: 'আমি ভোকে খখন যে কাজ করতে ব'লব, তখনি তা খখাসাধ্য করবি ভো? যদি গলার আঁপ দিলে বা ছাদের উপর থেকে লাফিয়ে পড়লে ভোর মঙ্গল হবে ব্রে তাই করতে বলি, তা হ'লে ভাও নির্বিচারে করতে পারবি ভো? এখনও ভেবে দেখ; নতুবা সহসা গুরু ব'লে গ্রহণ করতে এগোসনি।'—এইরুপে কয়েকটি প্রশ্ন করিয়া খামীজী শিশুর বিখাসের দৌড়টা ব্রিতে লাগিলেন। শিশুও নতশিরে 'পারিব' বলিয়া প্রতি প্রশ্নর উত্তর দিতে লাগিল।

ষামীজী। যিনি এই সংগার-মারার পারে নিয়ে যান, যিনি রুপা ক'রে সমস্ত
মানসিক আধিব্যাধি বিনষ্ট করেন, তিনিই বথার্থ গুরু । আগে শিশুরা
'সমিংপাণি' হয়ে গুরুর আশ্রমে বেত। গুরু অধিকারী ব'লে ব্রলে
তাকে দীক্তি ক'রে বেদপাঠ করাতেন এবং কায়মনোবাক্যদণ্ড-রূপ
ব্রতের চিহুত্বরূপ ত্রিরাবৃত্ত মৌঞ্জিমেখলা তার কোমরে বেঁধে দিতেন।
এটে দিয়ে শিশ্রেরা কৌপীন এঁটে বেঁধে রাখত। সেই মৌঞ্জমেখলার
ছানে পরে যুক্তব্যে বা পৈতে পরার পদ্ধতি হয়।

শিশু। তবে কি, মহাশয়, আমাদের মতো স্তার পৈতা পরাটা বৈদিক প্রথা নয় ?

স্বামীন্দী। বেদে কোথাও হতোর পৈতের কথা নেই। স্বার্ড ভট্টাচার্ধ রঘুনন্দনও লিখেছেন, 'অস্মিরেব সময়ে যজ্ঞসূত্রং পরিধাপয়েং।' স্তোর পৈতের কথা গোভিল গৃহস্তত্তেও নেই। গুরুসমীপে এই প্রথম বৈদিক সংস্বারই শাল্পে 'উপনয়ন' বলে উক্ত হয়েছে। কিন্তু আজকাল দেশের কি প্রবস্থাই না হয়েছে! শাস্ত্রণথ পরিত্যাগ ক'রে কেবল কতকগুলো দেশাচার, লোকাচার, ও স্ত্রী-আচারে দেশটা ছেয়ে ফেলেছে। তাই তো ভোদের বলি, ভোরা প্রাচীন কালের মতো শান্ত্রপথ ধরে চল । নিজের। শ্রমাবান হয়ে দেশে শ্রমা নিয়ে আয়। নচিকেতার মতো শ্রমা হদয়ে चान्। निरुक्जात मर्का स्थानारक हरन या-चाचाउच कानवात कन्न, আত্ম-উদ্বারের জন্ত, এই জন্ম-মরণ-প্রহেলিকার যথার্থ মীমাংসার জন্ত যমের মূথে গেলে যদি সভালাভ হয়, তা হ'লে নির্ভীক হারে যমের মূথে বেতে হবে। ভরই তো মৃত্যু। ভয়ের পরপারে বেতে হবে। আঞ থেকে ভয়শূন্ত হ। যা চলে—আপনার মোক ও পরার্থে দেহ দিতে। কি হবে কতকগুলো হাড়মানের বোঝা বয়ে গ ঈশবার্থে সর্বস্বত্যাগরণ মত্ত্রে দীক্ষাগ্রহণ ক'রে দুধীচি মুনির মতো পরার্থে ছাড়মাদ দান কর। শাল্পে বলে, যারা অধীত-বেদবেদান্ত, যারা ব্রহ্মঞ্জ, যারা অপরকে অভয়ের পারে নিতে সমর্থ, তাঁরাই বর্ণার্থ গুরু; তাঁদের পেলেই দীকিত হবে— 'নাত্র কার্যবিচারণা।' এখন সেটা কেমন দাঁড়িয়েছে জানিস—'অভেনৈব बीव्यांना वशकाः ।<sup>१३</sup>

১ কঠ উপ. ১৷২৷৫

दिना श्रीय नम्रों हरेबारि । स्रोमी यांच भनाम ना शिया घरतरे দ্রান করিলেন। স্নানাস্তে নৃতন একথানি গৈরিক বন্ধ পরিধান করিয়া মুতুপদে ঠাকুর্ঘরে প্রবেশপূর্বক পূজার আগনে উপবেশন করিলেন। শিল্প ठीक्वधत क्षात्म ना कविद्या वाहित्वहे क्षांछीका कविद्या बहिन: श्रामीकी ভাকিলে তবে ষাইবে। এইবার স্বামীঞ্জী ধ্যানস্থ হইলেন—মুক্তপদ্মাসন, ঈষমুক্তিতনয়ন, যেন দেহমনপ্রাণ সকল স্পন্দহীন হইয়া গিয়াছে। ধ্যানাস্তে খামীজী শিক্তকে 'বাবা, আয়' বলিয়া ডাকিলেন। শিক্ত খামীজীর সম্প্রেহ আহ্বানে মুগ্ধ হইয়া ষন্ত্ৰবৎ ঠাকুরঘরে প্রবেশ করিল। ঠাকুরঘরে প্রবেশমাত্র शांभीकी निश्चत्क रिलालन, 'मादि शिल मि।' এই तथ करा इटेटन रिलालन, 'ছির হয়ে আমার বাম পালে বোস।' স্বামীজীর আজা শিরোধার্য করিয়া শিশু আসনে উপবেশন করিল। তাহার হৎপিও তথন কি এক অনিব্চনীয় অপুর্বভাবে তুরতুর করিয়া কাঁপিতে লাগিল। অনন্তর স্বামীনী তাঁহার পদাহন্ত শিক্ষের মন্তকে স্থাপন করিয়া শিক্ষকে কয়েকটি গুহু কথা জিজাসা করিলেন এবং শিষ্ক ঐ বিষয়ের ষ্থাসাধ্য উত্তর দিলে পর মহাবীজমন্ত্র তাহার কর্ণমূলে তিনবার উচ্চারণ করিলেন এবং পরে শিশ্বকে তিনবার উহা উচ্চারণ করিতে বলিলেন। অনম্বর সাধনা সম্বন্ধে সামায় উপদেশ প্রদান করিয়া স্থির হইয়া অনিষেধনয়নে শিক্ষের নয়নপানে কিছুক্ষণ চাহিয়া বহিলেন। …কতককণ এভাবে কাটিল, শিশু তাহা বুঝিতে পারিল না। অনস্তর याभीकी वनिलान, 'अक्निकिंग ला।' निश वनिन, 'कि निव?' अनिश খামীজী অমুমতি করিলেন, 'হা, ভাণ্ডার থেকে কোন ফল নিয়ে আয়। শিষ্য দৌড়িয়া ভাণ্ডাবে গেল এবং ১০০১৫টা লিচু লইয়া পুনরায় ঠাকুরঘরে আদিল। স্বামীন্দীর হতে দেগুলি দিবামাত্র ডিনি একটি একটি করিয়া **मिट्सिन ममछ** थोहेमा किनितन এवः विनानन, 'दा, छोत्र छक्रपक्तिना क्खा रुख (शन।'

দীক্ষাগ্রহণ করিয়া শিক্স ঠাকুরদর হইতে নির্গত হইবামাত্র স্থামী শুদানন্দ ঐ ঘরে স্থামীজীর নিকটে উপস্থিত হইয়া দীক্ষার অভিপ্রায় জ্ঞাপন করিলেন। স্থামী শুদ্ধানন্দের আগ্রহাভিশ্ব্য দেখিয়া স্থামীজীও তাঁহাকে দীক্ষাদান করিলেন।

১ তথন ব্রহ্মচারী স্থীর

আনম্ভর সামীজী কতক্ষণ পরে বাহিরে আসিলেন এবং আহারান্তে শরন করিয়া কিছুকাল বিশ্রাম করিতে লাগিলেন। শিগুও ইভিমধ্যে স্বামী শুদ্ধানন্দের সহিত সামীজীর পাত্রাবশেষ সাহলাদে গ্রহণ করিয়া আসিয়া তাঁহার পদতলে উপবেশন করিল এবং ধীরে ধীরে তাঁহার পাদসংবাহনে নিযুক্ত হল।

বিশ্রামান্তে সামীজী উপরের বৈঠকখানাঘরে আসিয়া বসিলেন, শিশুও এই সময়ে অবসর ব্ঝিয়া তাঁহাকে জিজাসা করিল, 'মহাশয়, পাপপুণ্যের ভাব কোথা হইতে আসিল ?'

খামীজী। বহুছের ভাব থেকেই এই দব বেরিয়েছে। মাহব একছের দিকে

যত এগিয়ে বায়, তত 'আমি-তুমি' ভাব—যা থেকে এই দব ধর্মাধর্ম
ছন্দভাব এদেছে, কমে বায়। 'আমা থেকে অমৃক ভিয়'—এই

ভাবটা মনে এলে তবে অক্স দব ছন্দভাবের বিকাশ হ'তে থাকে এবং

একছের দল্পূর্ণ অমৃভবে মাহুষের আর শোক-মোহ থাকে না—'তত্ত্ব কো

মোহ: ক: শোক এক্ছমমুপশ্যতঃ।'

যত প্রকার ত্র্বলতার অন্থভবকেই পাপ বলা যার (weakness is sin)। এই ত্র্বলতা থেকেই হিংসাদ্বেয়াদির উন্নেষ হয়। তাই ত্র্বলতা বা weakness-এরই নাম পাপ। ভেতরে আত্মা সর্বদা জল জল করছে — সে দিকে না চেয়ে হাড়মাসের কিছুত্কিমাকার থাচা এই জড় শরীরটার দিকেই স্বাই নজর দিয়ে 'আমি আমি' করছে। ঐটেই হচ্ছে সকল প্রকার ত্র্বলতার গোড়া। ঐ অভ্যাস থেকেই জগতে ব্যাবহারিক ভাব বেরিয়েছে। পরমার্থভাব ঐ হন্দের পারে বর্তমান।

শিয়। তাহা হইলে এই সকল ব্যাবহারিক সন্তা কি সত্য নহে?

খামীজী। বতক্ষণ 'আমি' জ্ঞান আছে, ততক্ষণ সত্য। আর বধনই 'আমি

আঝা' এই অফ্ভব, তথনই এই ব্যাবহারিক সন্তা মিথ্যা। লোকে যে

'পাপ পাপ' বলে, সেটা weakness ( তুর্বলতা )-এর ফলে—'আমি দেহ'

এই অহং-ভাবেরই রূপান্তর। বধন 'আমি আআ' এই ভাবে মন নিশ্চল

হবে, তথন তুই পাপপুণ্য ধর্মাধর্মের অতীত হয়ে বাবি। ঠাকুর বলতেন,
'আমি মলে ঘৃচিবে জ্ঞাল।'

<sup>)</sup> क्रिलाशनियम्, १

শিষ্য। মহাশ্য, 'আমি'-টা বে মরিয়াও মরে না । এইটাকে মারা বড় কঠিন। সামীকী। এক ভাবে থ্ব কঠিন, আবার আর এক ভাবে থ্ব দোজা। 'আমি' জিনিসটা কোথায় আছে, বৃঝিয়ে দিতে পারিস ? বে জিনিসটে নেই, তাকে আবার মারামারি কি ? আমিছরূপ একটা মিধ্যা ভাবে মাহুৰ hypnotised ( সমোহিত ) হয়ে আছে মাত্ৰ। ঐ ভূতটা ছাড়লেই সব স্বপ্ন ভেত্তে যায় ও দেখা যায়-এক আত্মা আব্ৰহ্মন্তম পৰ্যন্ত সকলের মধ্যে রয়েছেন। এইটি জানতে হবে, প্রত্যক্ষ করতে হবে। যত কিছু गाधन छलन- এ আবরণটা काটাবার জন্ত। ওটা গেলেই চিৎ-পূর্ব নিজের প্রভায় নিজে জনছে দেখতে পাবি। কারণ, আত্মাই একমাত্র স্বয়ংজ্যোতিঃ —স্বসংবেছ। যে জিনিদটে স্থানংবেছ, তাকে অন্ত কিছুর সহায়ে কি ক'রে জানতে পারা যাবে ? শ্রুতি তাই বলছেন, 'বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াং।'' তুই যা কিছু জানছিদ, তা মনরূপ কারণসহায়ে। মন তো জড়; তার পেছনে ভন্ধ আত্মা থাকাতেই মনের দ্বারা কার্য হয়। স্বতরাং মন দারা দে আত্মাকে কিরুপে জানবি ৪ তবে এইটে মাত্র জানা ষায় যে, মন শুদ্ধান্ত্রার নিকট পৌছতে পারে না, বৃদ্ধিটাও পৌছতে পারে না। জানাজানিটা এই পর্যন্ত। তারপর মন যখন বুজিহীন হয়, তখনই মনের লোপ হয় এবং তথনি আত্মা প্রত্যক্ষ হন। ঐ অবস্থাকেই ভাষ্যকার শহর 'অপরোকাহভৃতি' ব'লে বর্ণনা করেছেন।

শিশু। কিন্তু মহাশয়, মনটাই তো 'আমি'। সেই মনটার যদি লোপ হয়, তবে 'আমি'টাও তো আর থাকিবে না।

খামীজী। তথন বে অবস্থা, দেটাই বথার্থ 'আমিছের' শ্বরূপ। তথন বে 'আমিটা' থাকবে, সেটা সর্বভূতস্থ, সর্বগ—সর্বান্তরাঁআ। বেন ঘটাকাশ ভেঙে মহাকাশ—ঘট ভাঙলে তার ভিতরকার আকাশেরও কি বিনাশ হয় রে ? বে ক্লু আমিটাকে তুই দেহবদ্ধ মনে করছিলি, সেটাই ছড়িয়ে এইরূপে সর্বগত আমিত্ব বা আত্মারূপে প্রত্যক্ষ হয়। অতএব মনটা রইল বা গেল, তাতে ঘণার্থ 'আমি' বা আত্মার কি ?

षा वनहि, তা काल প্রত্যক হবে—'কালেনাস্থানি বিন্দতি'। ध्रवन-प्रमन

করতে করতে কালে এই কথা ধারণা হয়ে বাবে,—আর মনের পারে চলে বাবি। তথন আর এ প্রশ্ন করবার অবদর থাকবে না।

শিশু শুনিয়া স্থির হইয়া বিদিয়া রহিল। স্বামীজী আন্তে আ্তে ধ্মপান করিছে করিতে পুনরায় বলিলেন:

এ সহজ বিষয়টা বুঝাতে কত শাস্ত্রই না লেখা হয়েছে, তবু লোকে তা বুঝতে পারছে না!—আপাতমধুর কয়েকটা রূপার চাকতি আর মেয়েমান্থবের কণভঙ্গুর রূপ নিয়ে হুর্লভ মান্ত্র-জন্মটা কেমন কাটিয়ে দিচ্ছে! মহামায়ার আশ্চর্য প্রভাব! মা! মা!!

>0

## স্থান—কলিকাতা, বাগবাজার কাল—মে ( ১ম সপ্তাহ ), ১৮৯৭

খানীজা করেক দিন বাগবাজারে ৺বলরামবাব্র বাটাতে অবস্থান করিতেছেন। পরমহংসদেবের গৃহী ভক্তদিগকে তিনি একত্র হইতে আহ্বান করায় ( ১লা মে ) ৩টার পর বৈকালে ঠাকুরের বহু ভক্ত ঐ বাটাতে সমবেত হইয়াছেন। খানী বোগানন্দও তথায় উপস্থিত আছেন। খানীজীর উদ্দেশ্য একটি সমিতি গঠিত করা। সকলে উপবেশন করিলে পর খানীজী বলিতে লাগিলেন:

নানাদেশ ঘ্রে আমার ধারণা হয়েছে, সংঘ বাতীত কোন বড় কাজ হ'তে পারে না। তবে আমাদের মতো দেশে প্রথম হ'তে সাধারণতন্ত্রে সংঘ তৈরি করা বা সাধারণের সমতি (ভোট) নিয়ে কাজ করাটা তত স্থবিধাজনক ব'লে মনে হয় না। ও-সব দেশের (পাশ্চাত্যের) নরনারী সমধিক শিক্ষিত—আমাদের মতো ঘেষপরায়ণ নয়। তারা গুণের সম্মান করতে শিথেছে। এই দেখুন না কেন, আমি একজন নগণ্য লোক, আমাকে ওদেশে কত আদর-বত্ব করেছে! এদেশে শিক্ষাবিস্তারে বথন সাধারণ লোক সমধিক সহদয় হবে, যথন মত-ফতের সংকীর্ণ গণ্ডির বাইরে চিন্তা প্রসারিত করতে শিথবে, তথন সাধারণতন্ত্রমতে সংঘের কাজ চালাতে পারবে। সেই জক্ত এই সংঘ

একজন dictator বা প্রধান পরিচালক থাকা চাই। সকলকে তাঁর আদেশ মেনে চলতে হবে। তারপর কালে সকলের মত ল'লে কাল করা হবে।

আমরা বার নামে সন্নাসী হয়েছি, আপনারা বাঁকে জীবনের আদর্শ ক'রে সংসারাশ্রমে কার্যক্ষেত্রে রয়েছেন, বার দেহাবসানের বিশ বংসরের মধ্যে প্রাচ্য ও পাশ্চাত্য অগতে তাঁর পুণ্য নাম ও অভ্ত জীবনের আশ্চর্য প্রদার হয়েছে, এই সংঘ তাঁরই নামে প্রতিষ্ঠিত হবে। আমরা প্রভূব দাস। আপনারা এ কাজে সহায় হোন।

শ্রীযুক্ত গিরিশ ঘোষ প্রমুখ উপস্থিত গৃহী-ভক্তগণ এ প্রভাব অহুমোদন করিলে রামকৃষ্ণসংঘের ভাবী কার্যপ্রশালী আলোচিত হইতে লাগিল। সংঘের নাম রাথা হইল—'রামকৃষ্ণ-প্রচার বা রামকৃষ্ণ মিশন।' উহার উদ্দেশ্ত প্রভৃতি নিয়ে প্রদন্ত হইল।'

- উদ্দেশ্য: মানবের হিতার্থ শ্রীরামক্বঞ্চ বে-সকল তব ব্যাখ্যা করিয়াছেন এবং কার্বে তাঁহার জীবনে প্রতিপাদিত হইয়াছে, তাহাদের প্রচার এবং মহয়ের দৈহিক, মানদিক ও পারমার্থিক উন্নতিকল্পে বাহাতে সেই সকল তব্ প্রযুক্ত হইতে পারে, তবিবয়ে সাহাব্য করা এই 'প্রচারের' (মিশনের) উদ্দেশ্য।
- বত: জগতের বাবতীয় ধর্মতকে এক অক্ষয় সনাতন ধর্মের রূপান্তরমাত্র-জ্ঞানে সকল ধর্মাবলম্বীর মধ্যে আত্মীয়তা-ম্বাপনের জন্ম শ্রীবামরুঞ্চ যে কার্ষের অবতারণা করিয়াছিলেন, তাহার পরিচালনাই এই 'প্রচারের' (মিশনের) ব্রত।
- কার্যপ্রণালী: মহুয়ের সাংসারিক ও আধ্যাত্মিক উন্নতির জন্ম বিভাদানের উপযুক্ত লোক শিক্ষিতকরণ, শিল্প ও শ্রমোপজীবিকার উৎসাহবর্ধন এবং বেদান্ত ও অন্যান্ত ধর্মভাব রামকৃষ্ণজাবনে বেশ্বণে ব্যাখ্যাত হইয়াছিল, তাহা জনসমাজে প্রবর্তন।
- ভারতবর্ষীর কার্য: ভারতবর্ষের নগরে নগরে আচার্ষত্রত-গ্রহণাভিলাযী গৃহস্থ বা সন্মাসীদিগের শিক্ষার অন্ত আত্মস্থাপন এবং বাহাতে তাঁহারা দেশ-

১ ১লা মে অমুটিত সভায় সর্বসন্মতিক্রমে সমিতি বা সংঘ স্থাপিত হয়। •ই মে ছিতীয় অধিবেশনে ইহার কার্যপ্রশালী আলোচিত হইয়া গৃহীত হয়।

দেশাস্তবে গিয়া জনগণকে শিক্ষিত করিতে পারেন, তাহার উপায়-অবলঘন।

বিদেশীর কার্যবিভাগ: ভারত-বহিভূতি প্রদেশসমূহে 'ব্রতধারী' প্রেরণ এবং তত্তৎদেশে স্থাপিত আশ্রমসকলের সহিত ভারতীয় আশ্রমসকলের ঘনিষ্ঠতা ও সহাত্তভূতিবর্ধন এবং নৃতন নৃতন আশ্রম-সংস্থাপন।

খামীজী খায়ং উক্ত সমিতির সাধারণ সভাপতি হইলেন। খামী রক্ষানন্দ কলিকাতা-কেন্দ্রের সভাপতি এবং খামী যোগানন্দ তাঁহার সহকারী হইলেন। বাবু নরেক্রনাথ মিত্র এটনী মহাশয় ইহার সেক্রেটারি, ডাক্তার শশিভ্যণ ঘোষ ও বাবু শরচক্র সরকার সহকারী সেক্রেটারি এবং শিয়্ম শাস্ত্রপাঠকরূপে নির্বাচিত হইলেন। সঙ্গে সঙ্গে এই নিয়্মটিও বিধিবদ্ধ হইল যে, প্রতি রবিবার ৪টার পর বলরামবাব্র বাটীতে সমিতির অধিবেশন হইবে। পূর্বোক্ত সভার পরে তিন বংসর পর্যন্ত 'রামক্রফ্ড মিশন'-সমিতির অধিবেশন প্রতি রবিবারে বলরাম বন্ধ মহাশয়ের বাটীতে হইয়াছিল। বলা বাছলা খামীজী বতদিন না পুনরায় বিলাত গমন করিয়াছিলেন, ততদিন স্থবিধামত সমিতির অধিবেশনে উপস্থিত থাকিয়া কথনও উপদেশদান এবং কথনও বা কিল্লরকণ্ঠে গান করিয়া শ্রোত্বর্গকে মোহিত করিতেন।

সভাভদের পর সভাগণ চলিয়া গেলে যোগানন স্বামীকে লক্ষ্য করিয়া স্বামীকী বলিতে লাগিলেন, 'এভাবে কাজ তো আরম্ভ করা গেল; এখন দেখ্ ঠাকুরের ইচ্ছায় কতদূর হয়ে দাঁড়ায়।'

স্বামী যোগানন্দ। তোমার এ-সব বিদেশী ভাবে কাজ করা হচ্ছে। ঠাকুরের উপদেশ ক্লি এ-রকম ছিল ?

শামীজী। তৃই কি ক'রে জানলি এ-সব ঠাকুরের ভাব নয়? অনম্বভাবময়
ঠাকুরকে তোরা তোদের গণিতে বৃঝি বন্ধ ক'রে রাখতে চাস?
আমি এ গণিত ভেঙে তাঁর ভাব পৃথিবীময় ছড়িয়ে দিয়ে যাব।
ঠাকুর আমাকে তাঁর পূজা-পাঠ প্রবর্তনা করতে কথনও উপদেশ দেনবি। তিনি সাধনভন্দন, ধ্যানধারণা ও অভাত উচ্চ উচ্চ ধর্মভাব
সম্বন্ধে ব্যে-সব উপদেশ দিয়ে গেছেন, সেগুলি উপলব্ধি ক'রে জীবকে
শিক্ষা দিতে হবে। অনস্ক মত, অনস্ক পথ। সম্প্রদায়পূর্ণ কগতে

আর একটি নৃতন সম্প্রদায় তৈরি ক'রে বেতে আমার জন্ম হয়নি। প্রস্থার পদতলে আশ্রয় পেয়ে আমরা ধন্ত হয়েছি। ত্রিজগতের লোককে তার ভাব দিতেই আমাদের জন্ম।

र्यागानम यामी প্রতিবাদ না করার यामीकी वनिष्ठ नागिलन:

প্রভাব দয়ার নিদর্শন ভ্য়োভ্য়: এ জীবনে পেয়েছি। তিনি পেছনে দাঁড়িরে এ-সব কাজ করিয়ে নিচ্ছেন। বখন ক্ষায় কাতর হয়ে গাছতলায় পড়ে থাকতুম, যখন কৌপীন আঁটবার বস্ত্রও ছিল না, যখন কপর্দকশৃষ্ট হয়ে পৃথিবীল্রমণে কৃতসংকর, তখনও ঠাকুরের দয়ায় সর্ববিষয়ে সহায়তা পেয়েছি। আবার বখন এই বিবেকানলকে দর্শন করতে চিকাগোর রাভায় লাঠালাঠি হয়েছে, বে সম্মানের শতাংশের একাংশ পেলে সাধারণ মাছ্য উন্মাদ হয়ে যায়, ঠাকুরের কৃপায় তখন সে সম্মানও অক্লেশে হজম করেছি—প্রভ্র ইচ্ছায় সর্বত্র বিজয়! এবার এদেশে কিছু কাজ ক'রে যাব, তোরা সন্দেহ ছেড়ে আমার কাজে সাহায়্য কর্, দেখবি—তাঁর ইচ্ছায় সব পূর্ণ হয়ে যাবে।

স্থামী বোগানন। তুমি বা ইচ্ছে করবে, তাই হবে। আমরা তো চিরদিন তোমারই আজ্ঞান্থবর্তী। ঠাকুর বে তোমার ভিতর দিয়ে এ-সব করছেন, মাঝে মাঝে তা বেশ দেখতে পাচ্ছি। তবু কি জানো, মধ্যে মধ্যে কেমন থটকা আদে—ঠাকুরের কার্যপ্রণালী অন্তরূপ দেখেছি কি না; তাই মনে হয়, আমরা তাঁর শিক্ষা ছেড়ে অন্ত পথে চলছি না তো? তাই তোমায় অন্তরূপ বলি ও সাবধান ক'রে দিই।

শামীজী। কি জানিস, সাধারণ ভক্তেরা ঠাকুরকে বতটুকু ব্বেছে, প্রভূ বান্তবিক ততটুকু নন। তিনি অনস্কভাবময়। ব্রহ্মজ্ঞানের ইয়তা হয় তো প্রভূব অগম্য ভাবের ইয়তা নেই। তাঁর কুপাকটাক্ষে লাখো বিবেকানন্দ এখনি তৈরী হ'তে পারে। তবে তিনি তা না ক'রে ইচ্ছা ক'রে এবার আমার ভিতর দিয়ে, আমাকে যন্ত্র ক'রে এরপ করাচ্ছেন— তা আমি কি ক'রব—বল ?

—এই বলিয়া স্বামীজী কার্যাস্তরে অক্তত্ত গেলেন। স্বামী যোগানন্দ শিগুকে বলিতে লাগিলেন, 'আহা, নরেনের বিশ্বাসের কথা শুনলি? বলে কি না ঠাকুরের ক্লপাকটাক্ষে লাখো বিবেকানন্দ তৈরী হ'তে পারে! কি গুকভন্তি! আমাদের ওর শতাংশের একাংশ ভক্তি যদি হ'ত তো ধন্ত হতুম।'

শিগু। মহাশন্ন, স্বামীজীর সম্বন্ধে ঠাকুর কি বলিতেন ?

বোগানদ। তিনি বলতেন, 'এমন আধার এ যুগে জগতে জার জাদেনি।'
কখনও বলতেন, 'নরেন পুরুষ, আমি প্রকৃতি; নরেন আমার শশুর্ঘর।'
কখনও বলতেন, 'অখণ্ডের থাক।' কখনও বলতেন, 'অখণ্ডের
ঘরে—বেখানে দেবদেবীসকলও ব্রহ্ম হ'তে নিজের নিজের অভিত্ম পৃথক্
রাথতে পারেননি, লীন হয়ে গেছেন—সাত জন ঋষিকে আপন আপন
অভিত্ম পৃথক্ রেখে ধ্যানে নিমগ্র দেখেছি; নরেন তাঁদেরই একজনের
অংশাবভার।' কখন বলতেন, 'জগংপালক নারায়ণ নর ও নারায়ণনামে যে তুই ঋষিমৃতি পরিগ্রহ ক'রে জগতের কল্যাণের জল্য তপশ্য
করেছিলেন, নরেন সেই নর-ঋষির অবতার।' কখন বলতেন, 'শুকদেবের মতো তাকে মায়া স্পর্শ করতে পারেনি।'

শিশু। ঐ কথাগুলি কি সভ্য, না—ঠাকুর ভাবমূথে এক এক সময়ে এক এক রূপ বলিভেন ?

যোগানন্দ। তাঁর কথা দব দত্য। তাঁর শ্রীমুখে ভ্রমেও মিধ্যা কথা বেরুত না। শিশু। তালা চুইলে সময় সময় ইক্সা ভিন্নপা বলিতেন কেন ?

বোগাননা। তুই ব্রতে পারিসনি। নরেনকে ঐ সকলের সমষ্টি-প্রকাশ বলতেন। নরেনের মধ্যে ঋষির বেদজ্ঞান, শহরের ত্যাগ, ব্রের হৃদয়, ভকদেবের মায়ারাহিত্য ও ব্রহ্মজ্ঞানের পূর্ণ বিকাশ এক সঙ্গে রয়েছে, দেখতে পাক্ছিস না ? ঠাকুর তাই মধ্যে মধ্যে ঐরপ নানা ভাবে কথা কইতেন। যা বলতেন, সব সত্য।

স্বামীজী ফিরিয়া আসিয়া শিগুকে বলিলেন, 'ডোদের ওদেশে' ঠাকুরের নাম বিশেষভাকে লোকে জানে কি ?'

শিয়। মহাশয়, এক নাগ-মহাশয়ই ওদেশ হইতে ঠাকুরের কাছে আসিয়াছিলেন; তাঁহার কাছে ওনিয়া এখন অনেকের ঠাকুরের বিষর জানিজে
কৌত্হল হইয়াছে। কিছ ঠাকুর বে ঈশরাবতার, এ কথা ওদেশের
লোকেরা এখনও জানিতে পারে নাই, কেহ কেহ উহা ওনিলেও বিশাস
ক্রেরে না।

- শামীজী। ও-কথা বিশাস করা কি সহজ ব্যাপার । আমরা তাঁকে হাতে

   নেড়েচেড়ে দেখলুম, তাঁর নিজ মূখে ঐ কথা বারংবার ভনলুম, চরিল

  ঘণ্টা তাঁর সজে বসবাস করলুম, তবু আমাদেরও মধ্যে মধ্যে সলেহ

  আসে। তা—অন্তে পরে কা কথা।
- শিশু। মহাশন্ন, ঠাকুর বে পূর্ণব্রহ্ম ভগবান, এ কথা তিনি আপনাকে নিজ মুখে কখনও বলিয়াছিলেন কি ?
- খামীজী। কতবার বলেছেন। আমাদের স্বাইকে বলেছেন। ডিনি যখন কাশীপুরের বাগানে—যথন তাঁর শরীর হায় হায়, তথন আমি তাঁর বিছানার পাশে একদিন মনে মনে ভাবছি, এই সময় বদি বলতে পারো 'আমি ভগবান', ভবে বিশাস ক'রব—তুমি সত্যসত্যই ভগবান। তখন শরীর যাবার ছ-দিন মাত্র বাকি। ঠাকুর তথন হঠাৎ আমার দিকে टारम वनत्नन, 'त्य ताम, त्य कृष्ण-त्न-हे हेमानीः व भनीत्व तामकृष्ण. তোর বেদান্তের দিক দিয়ে নয়।' আমি ভনে অবাক হয়ে রইলুম। প্রভুর শ্রীমুখে বার বার ভনেও আমাদেরই এখনও পূর্ণ বিখাস হ'ল না-मत्मरह, निवानांत्र मन मरशा मरशा जात्मानिक इब्र—का ज्ञात्मर कथा আর কি ব'লব ? আমাদেরই মতো দেহবান এক ব্যক্তিকে ঈশ্বর ব'লে নির্দেশ করা ও বিশ্বাস করা বড়ই কঠিন ব্যাপার। সিছ, ব্রহ্ম এ-সব ব'লে ভাবা চলে। তা যাই কেন তাঁকে বল না, ভাব না-মহাপুরুষ বল, ত্রদাঞ্জ বল, তাতে কিছু আদে বায় না। কিন্তু ঠাকুরের মতো এমন পুরুষোত্তম জগতে এর আগে আর কথনও আসেননি। সংসারে যোর অন্ধকারে এখন এই মহাপুরুষই জ্যোতি:ছম্ভ-স্কুপ। এঁর আলোভেই মাকুষ এখন সংসার-সমূত্রের পারে চলে বাবে।
- শিশ্ব। মহাশম, আমার মনে হর, কিছু না দেখিলে শুনিলে বথার্থ বিশাস হর না। শুনিরাছি, মথ্রবাব্ ঠাকুরের সহজে কভ কি দেখিয়াছিলেন। ভাই ঠাকুরে তাঁর এত বিশাস হইয়াছিল।
- খামীজী। বার বিখাদ হয় না, তার দেখলেও বিখাদ হয় না; মনে করে মাধার ভূল, খার ইত্যাদি। ছর্বোধনও বিশ্বরূপ দেখেছিল, আর্জুনও দেখেছিল। অর্জুনের বিখাদ হ'ল, ছর্বোধন ভেলকিবাজি ভাবলে। ডিনি না বুঝালে কিছু বলবার বা বুঝবার জো নেই। না দেখে না

শুনে কারও বোল-খানা বিশাস হয়; কেউ বার বংগর সামনে থেকে নানা বিশ্বতি দেখেও সন্দেহে ভূবে থাকে। সার কথা হচ্ছে—তাঁয় কুপা; তবে শেগে থাক্তে হবে, তবে তাঁর কুপা হবে।

শিক্ত। রূপার কি কোন নিয়ম আছে, মহাশয় ? খামীজী। হাঁও বটে, নাও বটে।

শিয়া কিরপ?

খামীজী। বারা কারমনোবাক্যে সর্বদা পবিত্র, বাদের অন্থরাগ প্রবল, বারা সদসৎ বিচারবান্ ও ধ্যানধারণায় রড, তাদের উপরই ভগবানের রুপা হয়। তবে ভগবান প্রকৃতির সকল নিরমের (natural law) বাইরে, কোন নিয়ম-নীতির বল্মভূত নন—ঠাকুর বেমন বলতেন, 'তাঁর বালকের স্বভাব'—সেজস্ত দেখা বায় কেউ কোটি জয় ডেকে ডেকেও তাঁর সাড়া পায় না; আবার বাকে আমরা পাপী তাপী নান্তিক বলি, তার ভেতরে সহসা চিৎপ্রকাশ হয়ে বায়—তাকে ভগবান অবাচিত রুপা ক'রে বসেন। তার আগের জয়ের য়য়তি ছিল, এ কথা বলতে পারিস; কিছ এ রহস্ত বোঝা কঠিন। ঠাকুর কথনও বলতেন, 'তাঁর প্রতি নির্ভর কর।—ঝড়ের এঁটো পাতা হয়ে যা'; আবার কথনও বলতেন, 'তাঁর কুপাবাতান তো বইছেই, তুই পাল তুলে দে না।'

শিষ্য। মৃহাশয়, এ ভো মহা কঠিন কথা। কোন যুক্তিই বে এখানে দীড়ায় না।

খামীজী। যুক্তিতর্কের দীমা মারাধিকত জগতে, দেশ-কাল-নিমিন্তের গণ্ডির
মধ্যে। তিনি দেশকালাতীত। তার law (নিয়ম)ও বটে, জাবার
তিনি law (নিয়ম)-এর বাইরেও বটে; প্রকৃতির বা কিছু নিয়ম
তিনিই করেছেন, হয়েছেন,—আবার দে-সকলের বাইরেও রয়েছেন।
তিনি বাকে কুণা করেন, সে সেই মূহুর্তে beyond law (নিয়মের
গণ্ডির বাইরে) চলে বার। সেজক্ত কুণার কোন condition
(বাধাধরা নিয়ম) নেই; কুণাটা হচ্ছে তাঁর ধেয়াল। এই জগংস্পৃষ্টিটাই তাঁর ধেয়াল—'লোকবজু লীলাকৈবল্যং।' বিনি ধেয়াল

ऽ दिशासमूख, २।১।७७

ক'রে এমন জগৎ গড়তে-ভাওতে পারেন, তিনি কি আর রূপা ক'রে

মহাপাপীকেও মৃক্তি দিতে পারেন না ? তবে বে কারুকে নাধন-ভজন
করিরে নেন ও কারুকে করান না, সেটাও তার ধেয়াল—তার ইচ্ছা।

শিস্ত। মহাশয়, ব্বিতে পারিলাম না।

খামীজী। বুঝে আর কি হবে ? বতটা পারিস তাঁতে মন লাগিয়ে থাক্।
তা হলেই এই জগৎতেলকি আপনি-আপনি ভেঙে বাবে। তবে লেগে
থাকতে হবে। কাম-কাঞ্চন থেকে মন সরিয়ে নিতে হবে, সদসংবিচার
সর্বদা করতে হবে, 'আমি দেহ নই'—এইরপ বিদেহ-ভাবে অবস্থান
করতে হবে, 'আমি সর্বগ আত্মা'—এইটি অম্ভব করতে হবে। এরপে
লেগে থাকার নামই পুরুষকার। এরপে পুরুষকারের সহারে তাঁতে
নির্ভর আসবে—দেটাই হ'ল পরমপুরুষার্থ।

খামীজী আবার বলিতে লাগিলেন: তাঁর রুণা তোদের প্রতি না থাকলে তোরা এথানে আসবি কেন? ঠাকুর বলতেন, 'বাদের প্রতি ঈশরের রুণা হয়েছে, তারা এথানে আসবেই আসবে; বেথানে-দেখানে থাক বা বাই ক্রক না কেন, এথানকার কথার, এখানকার ভাবে দে অভিভূত হবেই হবে।' ভোর কথাই ভেবে দেখ না, বিনি রুণাবলে সিছ—বিনি প্রভূর রুণা সম্যক্ ব্বেছেন, সেই নাগ-মহাশরের সকলাভ কি ঈশরের রুণা ভিন্ন হয়? 'অনেক-জন্মগদিছততো বাতি পরাং গতিম্''—জন্মজনাস্তরের স্কৃতি থাকলে তবে অমন মহাপ্রবের দর্শনলাভ হয়। শাজে উদ্ধমা ভক্তির বে-সকল লক্ষণ দেখা বার, নাগ-মহাশরের সেগুলি সব ফুটে বেরিয়েছে। ঐ বে বলে 'তৃণাফ্শি স্থনীচেন',' তা একমাত্র নাগ-মহাশয়েই প্রত্যক্ষ করা গেল। ভোদের বাঙাল দেশ ধন্ত, নাগ-মহাশয়ের পাদম্পর্যে পবিত্র হয়ে গেছে।'

বলিতে বলিতে খামীজী মহাকবি শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষের বাড়ি বেড়াইয়া আসিতে চলিলেন। সঙ্গে খামী বোগানন্দ ও শিয়। গিরিশবাব্র বাড়িতে উপস্থিত হইয়া উপবেশন করিয়া খামীজী বলিতে লাগিলেন:

জি. দি., মনে আজকাল কেবল উঠছে—এটা করি, সেটা করি, তাঁর কথা জগতে ছড়িরে দিই, ইত্যাদি। স্মাবার ভাবি—এতে বা ভারতে স্মার একটা

১ গীতা, ভাচৎ

২ শিকাষ্টকন্—শ্রীনীচৈতক্ষচরিতামৃত

সম্প্রদায় স্থান্ট হয়ে পড়ে। তাই অনেক সামলে চলতে হয়। কথনও ভাবি— সম্প্রদায় হোক। আবার ভাবি—না, ডিনি কারও ভাব কদাচ নট করেননি; সমদর্শিতাই তাঁর ভাব। এই ভেবে মনের ভাব অনেক সময় চেপে চলি। তুমি কি বলো?

গিরিশবার। আমি আর কি ব'লব ? ত্মি তাঁর হাতের বস্ত্র। বা করাবেন, তাই তোমাকে করতে হবে। আমি অত শত বৃঝি না। আমি দেখছি প্রভূর শক্তি তোমার দিয়ে কাজ করিয়ে নিচ্ছে। সাদা চোখে দেখছি।

শামীজী। আমি দেখছি, আমরা নিজের খেরালে কাজ ক'রে বাচছি। তবে বিপদে, আপদে, অভাবে, দারিজ্যে তিনি দেখা দিরে ঠিক পথে চালান, guide (পরিচালনা) করেন—ঐটি দেখতে পেয়েছি। কিন্তু প্রভূব শক্তির কিছুমাত্র ইয়ন্তা করে উঠতে পারলুম না!

গিরিশবার্। তিনি বলেছিলেন, 'সব বুঝলে এখনি সব ফাঁকা হয়ে পড়বে। কে করবে, কারেই বা করাবে ?'

এইরূপ কথাবার্তার পর আমেরিকার প্রদদ হইতে লাগিল। গিরিশবার্
ইচ্ছা করিয়াই বেন স্বামীজীর মন প্রদলান্তরে ফিরাইয়া দিলেন। এরপ
করিবার কারণ জিজাসা কয়ায় গিরিশবার্ অন্ত সময়ে আমাদিগকে বলিয়াছিলেন, 'ঠাক্রের শ্রীম্থে শুনেছি—এরপ কথা বেশী কইতে কইতে ওর
সংসারবৈরাগ্য ও ঈশবোদীপনা হয়ে যদি একবার স্বস্করপের দর্শন হয়, সে
বে কে—এ-কথা যদি জানতে পারে, তবে আর এক মৃহুর্তও তার দেহ থাকবে
না।' তাই দেখিয়াছি, সর্বদা ঠাক্রের কথাবার্তা কহিতে আরম্ভ করিলে
স্বামীজীর সয়্যাসী গুরুলাত্গণও প্রসলান্তরে তাহার মনোনিবেশ করাইতেন।
সে বাহা হউক, আমেরিকার প্রসদ করিতে করিতে স্বামীজী তাহাতেই
মাতিয়া গেলেন। ওদেশের সমৃদ্ধি, স্বী-পৃক্ষেরে গুণাগুণ, ভোগবিলাল ইত্যাদি
নানা কথা বর্ণন করিতে লাগিলেন।

>>

# স্থান—শ্রীনবগোপাল বোবের বাটা, রামকৃষ্ণপুর, হাওড়া কাল—৬ই কেব্রুআরি, ১৮৯৮—( মাবীপূর্ণিমা )

প্রীরামকক্ষদেবের পরম ভক্ত প্রীযুক্ত নবগোপাল ঘোষ মহাশর ভাগীরথীর পশ্চিম তীরে হাওড়ার অন্তর্গত রামকৃষ্ণপুরে নৃতন বসতবাটা নির্মাণ করিয়াছেন। নবগোপালবার ও তাহার গৃহিণীর একান্ত ইচ্ছা—স্বামীন্ত্রী ঘারা বাটাতে প্রীরামকৃষ্ণ-বিগ্রহ স্থাপন করিবেন। স্বামীন্ত্রীও এ প্রস্তাবে সম্মত হইয়াছেন। নবগোপালবার্র বাটাতে আজ তত্বপলক্ষ্যে উৎসব। ঠাকুরের সন্মাসী ও গৃহী ভক্তগণ সকলেই আজ তথার ঐ জন্ত সাদরে নিমন্ত্রিত। বাটাখানি আল ধ্রন্ধপতাকার পরিশোভিত, সামনের ফটকে পূর্ণঘট, কদলীর্ক্ষ, দেবদাকপাতার তোরণ এবং আদ্রপত্রের ও পূজ্যালার সারি। জন্ম রামকৃষ্ণ ধ্রনিতে রামকৃষ্ণপুর আজ প্রতিধ্বনিত।

মঠ হইতে ডিনখানি ডিকি ভাড়া করিয়া খামীজীর গঙ্গে মঠের সমাসী ও ব্রন্ধচারিগণ রামকৃষ্ণপুরের ঘাটে উপস্থিত হুইলেন। খামীজীর পরিধানে গেরুয়া রঙের বহিবাদ, মাথায় পাগড়ি—থালি পা। রামকৃষ্ণপুরের घाँ इहेट जिनि दव भरथ नवरशाभानवावृत्र वागिर्फ वाहेरवन, त्नहे भरथव তুই-ধারে অগণিত লোক তাঁহাকে দর্শন করিবে বলিয়া দাঁড়াইয়া রহিয়াছে। ঘাটে নামিয়াই স্বামীজী 'ছবিনী ব্ৰান্ধণীকোলে কে ভয়েছ আলো ক'রে! কেরে ওরে দিগধর এনেছ কুটারঘরে !' গানটি ধরিয়া শ্বহং ধোল বাজাইতে বাজাইতে অগ্রসর হইলেন; আর ছুই-ডিন খানা খোলও সলে সলে বাজিতে লাগিল এবং সমবেত ভক্তগণের সকলেই সমন্বরে ঐ গান গাছিতে গাহিতে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চলিতে লাগিলেন। উদাম নৃত্য ও মুদল্পনিতে भध-चां मूर्यतिष **हरेश छे**डिन। लांट्य वथन मिथिन, यांत्रीकी व्यक्तांश সাধুগণের মতো সামান্ত পরিচ্ছদে থালি পারে মৃদক বাজাইতে বাজাইতে আসিতেছেন, তখন অনেকে তাঁহাকে প্রথম চিনিভেই পারে নাই এবং व्यवद्रक किळाना कतिया পविषय भारेया विषय मानिक, 'हैनिहे विश्वविक्यी यांनी वित्यकानमा ' यांनीभीत अहे मीनका मिथा नकलहे अकवात्का श्रामा ক্রিতে লাগিল: 'বর রাষকৃষ্ণ ধ্বনিতে গ্রাম্য পথ মুখরিত হইতে লাগিল।

গৃহীর আদর্শহল নবগোপালবাব্র প্রাণ আজ আনন্দে ভরিয়া সিয়াছে। ঠাকুর ও তাঁছার সালোপালগণের সেবার জন্ম বিপুল আয়োজন করিয়া তিনি চতুর্দিকে ছুটাছুটি করিয়া ভরাবধান করিতেছেন এবং মধ্যে মধ্যে 'জয় রাম, জয় রাম' বলিয়া উলাদে চীৎকার করিতেছেন।

ক্রমে দলটি নবগোপালবার্র বাটার খারে উপস্থিত হইবামাত্র গৃহমধ্যে শাঁক ঘন্টা বাজিয়া উঠিল। স্বামীজী মুদল নামাইয়া বৈঠকথানা-ঘরে কিয়মকাল বিশ্রাম করিয়া ঠাকুরঘর দেখিতে উপরে চলিলেন। ঠাকুরঘরখানি মর্মরপ্রস্তরে মন্তিত। মধ্যস্থলে সিংহাসন, তত্বপরি ঠাকুরের পোর্সিলেনের মৃতি। ঠাকুরপ্রায় যে যে উপকরণের আবশ্রক, আয়োজনে তাহার কোন আদে কোন কটি নাই। স্বামীজী দেখিয়া বিশেষ প্রসন্ন হইলেন।

নবগোপালবাব্র গৃহিণী অপরাপর কুলবধ্গণের সহিত সামীজীকে প্রশাম করিলেন এবং পাধা লইয়া তাঁছাকে ব্যজন করিতে লাগিলেন।

সামীজীর মূথে সকল বিষয়ের স্থাতি শুনিয়া গৃহিণীঠাকুরানী তাঁহাকে সংখাধন করিয়া বলিলেন, 'আমাদের সাধ্য কি যে ঠাকুরের দেবাধিকার লাভ করি? সামাদ্র ঘর, সামাদ্র অর্ব। আপনি আজ নিজে রূপা করিয়া ঠাকুরকে প্রতিষ্ঠিত করিয়া আমাদের ধন্ত করুন।'

খামীজী তত্ত্তরে বহুত করিয়া বলিতে লাগিলেন, 'তোমাদের ঠাকুর তো এমন মার্বেলপাথর-মোড়া ঘরে চৌদপুরুষে বাস করেননি; সেই পাড়া-গাঁরে খোড়ো ঘরে জন্ম, বেন-তেন ক'রে দিন কাটিয়ে গেছেন। এখানে এমন উত্তম সেবার যদি তিনি না থাকেন তো আর কোধার থাকবেন?' সকলেই খামীজীর কথা শুনিরা হাত্ত করিতে লাগিল। এইবার বিভৃতিভূষাক খামীজী সাক্ষাৎ মহাদেবের মতো পুজকের আগনে বিশিয়া ঠাকুরকে আহ্বান করিলেন।

পরে স্বামী প্রকাশানন্দ স্বামীজীর কাছে বসিরা মরাদি বসিরা দিছে লাগিলেন। পূজার নানা অঙ্গ ক্রমে সমাধা ত্ইল এবং নীরাজনের শাক-ঘন্টা। বাজিরা উঠিল। স্বামী প্রকাশানন্দই পূজা করিলেন।

নীরাজনান্তে সামীজী পূজার ঘরে বদিয়া বদিয়াই শ্রীরামরুফদেবের প্রশৃতিমন্ত মূপে মূপে এইরূপ রচনা করিয়া দিলেন :

> ছাপকায় চ ধর্মত সর্বধর্মস্বরূপিশে। অবভারব্যিষ্ঠায় লাসকুফার তে নমঃ।

সকলেই এই বন্ধ পাঠ করিব। ঠাকুরকে প্রণাম করিলে শিশু ঠাকুরের একটি অব পাঠ করিল। এইরূপে পূজা সম্পন্ন হইল। উৎসবাজে শিশুও সামীলীর সঙ্গে গাড়িতে রামকৃষ্ণপূরের ঘাটে পৌছিরা নৌকার উঠিল এবং আনন্দে নানা কথা কহিতে কহিতে বাগবাজারের দিকে অগ্রানর হইল।

### >2

# স্থান—বেলুড়, ভাড়াটিয়া মঠ-বাটা কাল—কেব্ৰুআরি, ১৮৯৮

বেল্ড়ে গদাতীরে নীলাম্ববাব্র বাগানে স্বামীজী মঠ উঠাইয়া আনিয়াছেন'। আলমবাজার হইতে এখানে উঠিয়া আসা হইলেও জিনিসপত্র এখনও সব গুছানো হয় নাই। ইতন্তত: পড়িয়া আছে। স্বামীজী নৃতন বাড়িতে আসিয়া খ্ব খুলী হইয়াছেন। শিক্ত উপস্থিত হইলে বলিলেন, 'দেখ্ দেখি কেমন গদা, কেমন বাড়ি! এমন হানে মঠ না হ'লে কি ভাল লাগে?' তখন অপরাত্ন।

সন্ধার পর শিশু খামীনীর সহিত দোতলার ঘরে সাক্ষাৎ করিলে নানা প্রসন্ধ হইতে লাগিল। ঘরে আর কেছই নাই; শিশু মধ্যে মধ্যে উঠিয়ঃ খামীজীকে ভাষাক সাজিয়া দিভে লাগিল এবং নানা প্রশ্ন করিভে করিভে অবলেবে কথার কথার খামীজীর বাল্যকালের বিষয় জানিতে চাহিল। খামীজী বলিভে লাগিলেন, 'অল্প বয়স থেকেই আমি ভানপিটে ছিল্ম, নইলে কি নিঃসহলে ভ্নিয়া ঘ্রে আসভে পারত্ম রে?'

—ছেলেবেলার তার রামারণগান শুনিবার বড় ঝোঁক ছিল। পাড়ার নিকট বেখানে রামারণগান হইড, স্বামীকী থেলাগুলা ছাড়িয়া তথার উপছিত হইডেন; বলিলেন—রামারণ শুনিতে শুনিতে এক একদিন ভন্মর হইরা ডিনি বাড়িঘর শুলিয়া বাইডেন এবং রাড হইরাছে বা বাড়ি বাইডে

<sup>&</sup>gt; >७३ स्टब्स्यात्रि

হইবে ইত্যাদি কোন বিষয়ে খেরাল থাকিত না। একদিন রামায়ণ-গানে ভানিলেন—হত্তরান কলাবাগানে খাকে। জমনি এমন বিবাস হইল খে, সে রাজি রামায়ণগান ভানিয়া ববে আব না ফিরিয়া বাড়ির নিকটে কোন এক বাগানে কলাগাছতলার অনেক রাজি পর্যন্ত হত্ত্যানের দর্শনা-কাঞ্জায় অতিবাহিত করিয়াছিলেন।

হত্তমানের প্রতি স্বামীজীর স্থগাধ ভব্জি ছিল। সন্ন্যাসী হইবার পরেও মধ্যে মধ্যে মহাবীরের কথাপ্রসঙ্গে মাভোদ্বারা হইরা উঠিভেন এবং স্থানেক সময় মঠে শ্রীমহাবীরের একটি প্রস্তরমূর্তি রাধিবার সকর প্রকাশ করিভেন।

ছাত্রজীবনে দিনের বেকায় তিনি সমবরস্কদের সহিত কেবল আমোদপ্রমোদ করিয়াই বেড়াইডেন। রাত্রে খরের খার বন্ধ করিয়া পড়াগুনা করিতেন। কখন বে তিনি পড়াগুনা করিতেন, তাহা কেহ জানিতে পারিত না।

শিশু। মহাশয়, খুলে পড়িবার কালে আপনি কখন কোনরূপ vision দেখিতেন (দিব্যদর্শন হইত) কি ?

শামীলী। স্থলে পড়বার সময় একদিন রাত্রে দোর বন্ধ ক'রে ধ্যান করতে করতে মন বেশ ভয়র হয়েছিল। কডক্ষণ ঐ ভাবে ধ্যান করেছিলাম, বলতে পারি না। ধ্যান শেষ হ'ল, তথনও বসে আছি, এমন সময় ঐ ঘরের দক্ষিণ দেওয়াল ভেদ ক'রে এক জ্যোতির্ময় মূর্তি বাহির হয়ে সামনে এসে দাঁড়ালেন। তার মুখে এক অভ্ত জ্যোতিঃ, অথচ যেন কোন ভাব নাই। মহাশাস্ত সয়্যাসী-মূর্তি—মূত্তিত মন্তক, হছে দত্ত ও কমত্তল্। আমার প্রতি একদৃষ্টে ধানিকক্ষণ চেয়ে রইলেন, যেন আমায় কিছু বলবেন—এরপ ভাব। আমিও অবাক হয়ে তাঁর পানে চেয়ে ছিলাম। তারপর মনে কেমন একটা ভয় এল, তাড়াভাড়ি দোর খুলে ঘরের বাইরে গেলাম। পরে মনে হ'ল, কেন এমন নির্বোধের মডো ভয়ে পালালুম, হয়তো তিনি কিছু বলভেন। আর কিছ সে মৃতির কথনও দেখা পাইনি। কতদিন মনে হয়েছে—
যদ্ধি ফের তাঁর দেখা পাই তো এবার আর ভয় ক'রব না—তাঁর সঙ্বে কথা কইব। কিছু আর তাঁর দেখা পাইনি।

শিশ্ব। তারপর এ বিষয়ে কিছু ভেবেছিলেন কি ? খামীজী। ভেবেছিলাম, কিছ ভেবে চিস্তে কিছু ক্ল-কিনারা পাইনি। এখন বোধ হয়, ভগবান বৃহদেবকে দেখেছিলুম।

কিছুক্দণ পরে স্বামীজ। বলিলেন: মন শুদ্ধ হ'লে, কামকাঞ্চনে বীজস্মূহ্ছ হ'লে কভ vision (দিব্যদর্শন) দেখা যায়—অভূত অভূত! তবে ওতে খেরাল রাখতে নেই। ঐ-সকলে দিনরাত মন থাকলে সাধক আর অগ্রসর হ'তে পারে না। শুনিসনি, ঠাকুর বলভেন—'কত মণি পড়ে আছে (আমার) চিস্তামণির নাচত্রারে!' আত্মাকে সাক্ষাৎ করতে হবে—
ও-সব খেরালে মন দিয়ে কি হবে ?

কথাগুলি বলিয়াই স্বামীলী তন্ময় হইয়া কোন বিবয় ভাবিতে ভাবিতে কিছুক্ৰণ মৌনভাবে বছিলেন। পরে স্বাবার বলিতে লাগিলেন:

দেখ, আমেরিকায় অবস্থানকালে আমার কডকগুলি অভ্ত শক্তির ফ্রণ হয়েছিল। লোকের চোখের ভেতর দেখে তার মনের ভেতরটা সব ব্বতে পারত্ম মৃহুর্তের মধ্যে। কে কি তাবছে না ভাবছে 'করামলকবং' প্রত্যক্ষ হয়ে বেত। কালকে কালকে বলে দিত্য। বাদের বাদের বলত্ম, তাদের মধ্যে অনেকে আমার চেলা হয়ে বেত; আর বারা কোনরূপ মতলব পাকিয়ে আমার দলে মিশতে আসত, তারা ঐ শক্তির পরিচয় পেয়ে আয় আমার দিকেও মাড়াত না।

বধন চিকাগো প্রভৃতি শহরে বক্তৃতা শুক্ষ করলুম, তথন সপ্তাহে ১২।১৪টা, কথনও আরও বেশী লেকচার দিতে হ'ত; অত্যধিক শারীবিক ও মানদিক প্রমে মহা ক্লান্ত হরে পড়লুম। বেন বক্তৃতার বিষয় সব ফুরিয়ে যেতে লাগলো। ভাবতুম—কি করি, কাল আবার কোখা থেকে কি নৃতন কথা ব'লব? নৃতন ভাব আর বেন ফুটত না। একদিন বক্তৃতার পরে শরে ভারছি, তাইতো এখন কি উপায় করা বায়? ভাবতে ভাবতে একটু তপ্রার মতো এল। নেই অবস্থায় শুনতে পেলুম, কে বেন আমার পালে দাড়িয়ে বক্তৃতা করছে; কভ নৃতন ভাব, নৃতন কথা—নে-সব বেন ইহজমে শুনিনি, ভাবিগুনি! ঘুম থেকে উঠে সেগুলি শরণ ক'রে রাখল্ম, আর বক্তৃতার তাই বললুম। এমন বে কভদিন ঘটেছে ভার সংখ্যা নেই। শুরে শরে এমন বক্তৃতা কডদিন শুনেছি! কখন বা এভ জোরে জোরে

তা হ'ত বে, অন্ত খরের লোক আওরাজ শেত ও পরদিন আমার ব'লত — 'বামীজী, কাল অত রাজে আপনি কার সঙ্গে এত জোরে কথা কইছিলেন?' আমি তাদের সে-কথা কোনরূপে কাটিয়ে দিতুম। সে এক অভূত কাও!

শিশু স্বামীনীর কথা শুনিয়া নির্বাক হইয়া শুবিতে শুবিতে বালল, 'মহাশয়, ভবে বোধ হয় আপনিই ক্ষমেদেহে ঐক্সণে বক্তৃতা করিতেন এবং সুল-দেহে কখন কথন তার প্রতিধানি বাহির হইড।'

छनिया यांगीकी विशालन, 'छ। इत्व।'

অনন্তর আমেরিকার কথা উঠিল। খামীজী বলিলেন, 'সে দেশের প্রথবের চেরে মেরেরা অধিক শিক্ষিত। বিজ্ঞান-দর্শনে তারা সব মহা পণ্ডিত; তাই তারা আমার অত থাতির ক'রত। প্রক্ষগুলো দিনরাত থাটছে, বিশ্রামের সময় নেই; মেরেরা জ্লে অধ্যয়ন-অধ্যাপনা ক'রে মহা বিজ্বী হয়ে দাঁড়িরেছে। আমেরিকার বে দিকে চাইবি, কেবলই মেরেদের রাজ্ত।'

শিষ্য। আচ্ছা সহাশর, গোঁড়া ক্রিশ্চানেরা দেখানে আপনার বিপক্ষ হয় নাই ?

যামীনী। হয়েছিল বইকি। লোকে বখন আমার থাতির করতে লাগলো,
তখন পান্তীরা আমার পেছনে খুব লাগলো। আমার নামে কত
কুৎসা কাগজে লিখে রটনা করেছিল। কত লোক আমার তার
প্রতিবাদ করতে ব'লত। আমি কিছ কিছু গ্রাহ্ম করত্ম না। আমার
দৃচ বিশাস—চালাকি বারা অগতে কোন মহৎ কার্য হয় না; তাই
ঐ-সকল অস্ত্রীল কুৎসায় কর্ণপাত না ক'রে ধীরে খীরে আপনার কাল
ক'রে বেত্ম। দেখতেও পেতুম, অনেক সময়ে বারা আমার অম্বধা
গালমক্ষ ক'রত, ভারাও অন্তওগ্র হয়ে আমার লয়ণ নিত এবং নিজেয়াই
কাগজে contradict (প্রতিবাদ) ক'রে ক্ষা চাইত। কথন কথন
এমনও হয়েছে—আমার কোন বাড়িতে নিমন্ত্রণ করেছে দেখে কেছ
আমার নাবে ঐ-সকল মিখ্যা কুৎসা বাড়িওয়ালাকে শুনিয়ে দিয়েছে।
ভাই শুনে সে দোর বছ ক'রে কোথায় চলে প্রেছে। আমার নিছুদিন
রক্ষা করতে গিয়ে দেখি—সব ভোঁ ডা, কেউ নেই। আবার কিছুদিন

পরে ভারাই সভ্য কথা জানতে পেরে জন্মভপ্ত হরে জানার চেলা হ'তে এসেছে। কি জানিস বাবা, সংসার সবই ছনিয়া-দাবি! ঠিক সংসাহসী ও জানী কি এ-সব ছনিয়াদারিতে ভোলে রে বাগ! জগৎ বা ইচ্ছে বলুক, জানার কর্তব্য কার্য ক'রে চলে বাব—এই জানবি বীরের কাজ। নত্বা এ কি বলছে, ও কি লিখছে, ও-সব নিরে দিনরাত থাকলে জগতে কোন সহৎ কাজ করা বায় না। এই শ্লোকটা জানিস না?—

নিশ্ব নীতিনিপুণা বদি বা শ্ববদ্ধ লক্ষ্মী: সমাবিশত্ গচ্ছত্ বা বণেষ্টম্। অতৈব মরণমন্ত শতাকান্তরে বা ভাষাাৎ পথ: প্রবিচলন্তি পদং ন ধীরা: ॥

লাকে তোর শুতিই করুক বা নিশাই করুক, তোর প্রতি লন্ধীর কৃপা হোক বা না হোক, আজ বা শতবর্ধ পরে তোর দেহপাত হোক, আর পথ থেকে বেন এই হ'সনি। কত ঝড় তুফান এড়িয়ে গেলে তবে শান্তির রাজ্যে পৌছানো বায়। বে বত বড় হয়েছে, তার উপর তত কঠিন পরীক্ষা হয়েছে। পরীক্ষার কাষ্টিপাথরে তার জীবন যবে মেজেদেখে তবে তাকে জগৎ বড় ব'লে স্বীকার করেছে। বারা ভীক্ষ কাপ্রুষ, তারাই সম্জের তরক দেখে তীরে নৌকা ভোবার। মহাবীর কি কিছুতে দৃক্পাত করে রে? বা হ্বার হোক গে, আমার ইইলাভ আগে ক'রবই ক'রব—এই হচ্ছে পুরুষকার। এ পুরুষকার না থাকলে শত দৈবও তোর জড়ত্ব দৃব করতে পারে না।

শিক্ষ। তবে দৈবে নির্ভরতা কি ত্র্বলতার চিহ্ন ?

ষামীজী। শান্ত নির্ভরতাকে পঞ্চম পুরুষার্থ ব'লে নির্দেশ করেছে। কিন্তু আমাদের দেশে লোকে বেভাবে 'দৈব দৈব' করে, ওটা মৃত্যুর চিহ্ন, মহা-কাপুরুষতার পরিণাম, কিন্তৃতিকমাকার একটা ঈশর করনা ক'রে তার ঘাড়ে নিজের দোব-চাপানোর চেষ্টামাত্র। ঠাকুরের সেই গোহত্যা-পাপের গল্প জনেছিল তো? সেই গোহত্যা-পাপে শেষে বাগানের মালিককেই ভূগে মরতে হ'ল। আজ্কাল সকলেই 'বথা নিযুক্তোহশ্যি

ভণা করোমি' বলে পাপ-পুণা ছই-ই ঈশরের ঘাড়ে চালিরে দের।
নিজে যেন পদ্মপত্রে জন! সর্বদা এ ভাবে থাকতে পারনে সে ভো
মৃক্ষ! কিছ ভালো-র বেলা 'আমি', জার মন্দের বেলা 'ভূমি'—বলিহারি
ভাদের দৈবে নির্ভরতা! পূর্ণ প্রেম বা আন না হ'লে নির্ভরের অবস্থা
হতেই পারে না। যার ঠিক ঠিক নির্ভর হরেছে, ভার ভালমন্দ-ভেদবৃদ্ধি
থাকে না—এ অবস্থার উজ্জন দৃষ্টান্ত আমাদের (শ্রীরামক্রফদেবের
শিক্ষদের) ভেডর ইদানীং নাগ-মহাশয়।

- —ৰলিতে বলিতে নাগ-মহাশয়ের প্রদৃদ্ধ চলিতে লাগিল। স্বামীজী বলিলেন, 'অমন অছরাগী ভক্ত কি আর ছটি দেখা বায়? আহা, তাঁর সদ্ধে আবার কবে দেখা হবে!'
- শিষ্ক। তিনি শীত্রই কলিকাতায় আপনাকে দর্শন করিতে আদিবেন বলিয়া মা-ঠাকৃকন (নাগ-মহাশরের পত্নী) আমায় চিঠি লিখিয়াছেন।
- খামীজী। ঠাকুর জনক-রাজার সঙ্গে তাঁর তুলনা করতেন। অমন জিতেন্দ্রির পুরুষের দর্শন দূরে থাক, কথাও শোনা যায় না। তাঁর সঙ্গ থুব করবি। তিনি ঠাকুরের একজন অভ্যক্ত।
- निश्र। মহাশয়, ওদেশে অনেকে তাঁহাকে পাগল বলে। আমি কিছু প্রথম দিন দেখা হইতেই তাঁহাকে মহাপুক্ষ মনে করিয়াছিলাম। তিনি আমায় বড় ভালবাদেন ও কুপা করেন।
- শামীজী। অমন মহাপুরুষের সঞ্চলাভ করেছিল, তবে আর ভাবনা কিলের ? বছ জন্মের তপভা থাকলে তবে এরকম মহাপুরুষের সঙ্গলাভ হয়। নাগ-মহাশয় বাড়িতে কিরুপ থাকেন ?
- শিষ্য। মহাশয়, কাজকর্ম তো কিছুই দেখি না। কেবল অতিথিলেবা লইয়াই
  আছেন; পালবাব্রা বে কয়েকটি টাকা দেন, তাহা ছাড়া গ্রাসাচ্ছাদনের
  অন্ত সংল নাই; কিন্ত ধরচপত্র একটা বড়লোকের বাড়িতে বেমন হয়
  তেয়নি! নিজের ভোগেয় জন্ত সিকি পয়সাও বায় নাই—অভটা বায়
  সবই কেবল পয়লেবার্থ। লেবা, সেবা—ইহাই তাঁহায় জীবনের মহাত্রত
  বলিয়া মনে হয়। মনে হয়, বেন ভূতে ভূতে আছাদর্শন করিয়া তিনি
  অভিয়-আনে লগতের সেবা কয়িতে বাস্ত আছেন। সেবায় জন্ত নিজের
  শরীয়টাকে শরীয় বলিয়া জ্ঞান কয়েন না—ব্লে বেইশ। বাস্তবিক

শরীর-জ্ঞান তাঁহার আছে কি না, সে বিবরে আমার সন্দেহ হয়। আপনি বে অবস্থাকে superconscious ( অভিচেতন ) বলেন, আমার বোধ হয় তিনি সর্বদা সেই অবস্থায় থাকেন।

স্বামীন্ত্রী। তা না হবে কেন ? ঠাকুর তাঁকে কত ভালবাসতেন। তোদের বাঙাল দেশে এবার ঠাকুরের ঐ একটি সদী এসেছেন। তাঁর আলোডে পূর্ববদ্ব আলোকিত হয়ে আছে।

#### 20

# স্থান—বেলুড়, ভাড়াটিয়া মঠ-বাটা কাল—ক্বেক্সমায়ি, ১৮৯৮

বেলুড়ে গৰাতীরে প্রীযুক্ত নীলাম্বর মুখোপাধ্যায়ের বাগানবাটী ভাড়া করিয়া আলমবানার হইতে ঐ স্থানে মঠ উঠাইয়া আনা হইয়াছে। সে-বার ঐ বাগানেই প্রীয়ামক্তফের জন্মতিথিপূলা হয়। স্বামীলী নীলাম্ববার্ক বাগানেই অবস্থান করিতেছিলেন।

জন্মতিথিপ্তায় দে-বার বিপুল আয়োজন! স্বামীজীর আদেশমত ঠাকুরঘর পরিপাটী প্রব্যসন্তারে পরিপূর্ণ। স্বামীজী দেদিন স্বয়ং সকল বিষয়ের তত্তা-বধান করিয়া বেড়াইভেছিলেন। পূজার তত্তাবধান শেষ করিয়া স্বামীজী শিক্তকে বলিলেন, 'গৈতে এনেছিল তো?'

শিক্ত। আজে হাঁ। আপনার আদেশমত সর্ব প্রস্তুত। কিন্তু এত গৈতার বোগাড় কেন, বুবিতেছিনা।

স্বামীনী। বি-জাতিমাত্তেরই উপনয়ন-সংস্থারে অধিকার আছে। বেদ স্বয়ং তার প্রমাণস্থল। আজ ঠাকুরের জন্মদিনে বারা আসবে, তাদের সকলকে পৈতে পরিয়ে দেবো। এরা দব ব্রাভ্য (পতিত) হয়ে

১ ২২শে কেব্ৰুআরি

২ বাদাণ ক্ৰিয় ও বৈশ্ব বিজাতি

গেছে। শাস্ত্র বলে, প্রায়ণ্ডিড করনেই ব্রাড্য আবার উপনয়ন-সংবারের অধিকারী হয়। আন ঠাকুরের গুভ অরডিথি, সকলেই তাঁর নাম নিয়ে গুছ হবে। ভাই আন্ত সমাগত ভক্তমগুলীকে পৈতে পরাতে হবে। বুঝলি?

শিৱ। আমি আপনার আদেশমত অনেকগুলি পৈতা সংগ্রহ করিরা আনিয়াছি। পূজাতে আপনার অহমতি অহসারে সমাগত ভক্তগণকে ঐগুলি পরাইয়া দিব।

শামীজী। বাদ্মণেতর ভক্তদিগকে এরপ গায়তী-মন্ত্র (এখানে শিক্তকে ক্ষত্রিয়াদি বিজ্ঞাতির গায়ত্রী-মন্ত্র বলিরা দিলেন) দিবি। ক্রমে দেশের সকলকে বাদ্মণপদবীতে উঠিয়ে নিতে হবে; ঠাকুরের ভক্তদের তোকথাই নেই। হিন্দুমাত্রেই পরস্পর পরস্পরের ভাই। 'হোঁব না, হোঁব না' ব'লে এদের আমরাই হীন ক'রে ফেলেছি। তাই দেশটা হীনতা, ভীক্ষতা, মূর্যতা ও কাপুক্ষতার পরাকাগ্রায় গিয়েছে। এদের তুলতে হবে, অভয়বাণী শোনাতে হবে। বলতে হবে—'তোরাও আমাদের মতো মাহুষ, তোদেরও আমাদের মতো সব অধিকার আছে।' বুঝলি?

**णिश्र। जांद** रा।

খামীনী। এখন বারা পৈতে নেবে, তাদের গলামান ক'রে আদতে বল্। তারপর ঠাকুরকে প্রণাম ক'রে সবাই পৈতে পরবে।

ষামীজীর আদেশমত সমাগত প্রায় ৪০।৫০ জন তক্ত ক্রমে গলালান করিয়া আসিয়া, শিয়ের নিকট গায়ত্তী-মন্ত্র লইয়া পৈতা পরিতে লাগিল। মঠে হুলপুল। পৈতা পরিয়া ভক্তগণ আবার ঠাকুরকে প্রণাম করিল, এবং স্থামীজীর পাদপদ্মে প্রণত হইল। তাহাদিগকে দেখিয়া স্থামীজীর ম্থারবিদ্দ যেন শতগুণে প্রফুল হইল। ইহার কিছু পরেই শ্রীষ্ক্ত গিরিশচক্র ঘোষ মহাশয় মঠে উপস্থিত হইলেন।

এইবার খামীজীর আদেশে স্কীতের উন্থোগ হইতে লাগিল, এবং মঠের সন্মানীরা আল খামীজীকে মনের লাখে বোগী দাজাইলেন। তাঁহার কর্পে শন্থের কুওল, স্বালে কর্প্রধ্বল পবিত্র বিভৃতি, মন্তকে আগাদলম্বিভ জটাভার, বাম হন্তে ত্রিশ্ল, উভয় বাহতে ক্সাক্ষবলয়, গলে আজাহলম্বিভ ত্রিবলীকৃত বড় ক্সাক্ষমালা প্রভৃতি দেওয়া হইল। এইবার খানীজী পশ্চিমান্তে মৃক্ত পদ্মাননে বনিরা 'কৃত্তকং রামহামেতি' তবটি মুবুর খবে উচ্চারণ করিতে এবং তবাতে কেবল 'রাম রাম শ্রীরাম বাম' এই কথা পূনংপুনং উচ্চারণ করিতে লাগিলেন। খানীজীর অর্ধনিনীলিত নেত্র; হতে তানপুরায় হুর বাজিতেছে। 'রাম রাম শ্রীরাম রাম' ধ্বনি ভিন্ন মঠে কিছুক্তণ অন্ত কিছুই ভনা গেল না! এইরণে প্রায় অর্ধাধিক ঘণ্টা কাটিয়া গেল। তথনও কাহারও মূপে অন্ত কোন কথা নাই। খানীজীর কঠনিংসতে রামনামহুধা পান করিয়া সকলেই আন্ধা মাতোয়ারা!

রামনামকীর্তনান্তে স্বামীলী পূর্বের স্থায় নেশার ঘোরেই গাছিতে লাগিলেন
— 'দীতাপতি রামচক্র রঘুপতি রঘুরাল ।' স্বামী সারদানন্দ 'একরপ-অরপনাম-বরণ' গানটি গাছিলেন। মুদদের বিশ্ব-গন্ধীর নির্ঘোষে গলা থেন
উপলিয়া উঠিল, এবং স্বামী সারদানন্দের স্কর্ষ্ঠ ও দলে দলে মধুর স্বালাপে
গৃহ ছাইয়া ফেলিল। তৎপর প্রীরামক্তফদেব বৈ-দকল গান গাছিতেন, ক্রমে
দেগুলি গীত ছইতে লাগিল।

এইবার খামীজী সহসা নিজের বেশভ্যা খুলিয়া গিরিশবাব্কে সাদরে ঐ সকল পরাইয়া সাজাইতে লাগিলেন। নিজহতে গিরিশবাব্র বিশাল দেহে জন্ম মাধাইরা কর্ণে কুওল, মন্তকে জটাভার, কঠে কুন্তাক ও বাহতে কুন্তাক-বলয় দিতে লাগিলেন। গিরিশবাব্ সে সজ্জায় বেন আর এক মৃতি হইরা দাড়াইলেন; দেখিয়া ভজ্ঞগণ অবাক হইরা গেল। অনম্বর খামীজী বলিলেন:

পরমহংসদেব বলতেন, 'ইনি ভৈরবের অবতার।' আমাদের সঙ্গে এঁর কোনও প্রভেদ নেই।

গিরিশবাব্ নির্বাক্ হইয়া বিদয়া রহিলেন। তাঁহার সয়াসী গুরুলাতারা তাঁহাকে আজ বেরপ সাজে সাজাইতে চাহেন, তাহাঁতেই তিনি রাজী। অবশেষে খামীজীর আদেশে একখানি গেরুয়া কাপড় আনাইয়া গিরিশবাব্কে পরানো হইল। গিরিশবাব্ কোন আপত্তি করিলেন না। গুরুলাতাদের ইচ্ছায় তিনি আজ অবাধে অল চালিয়া দিয়াছেন। এইবার খামীজী বলিলেন, 'জি. সি., তুমি আজ আমাদের ঠাকুরের (শ্রীরামকৃঞ্লেবের) কথা শোনাবে; (সকলকে লক্ষ্য করিয়া) তোৱা সব ছির হয়ে বস্।'

গিরিশবাব্র তথমও মুধে কোন কথা নাই। মাঁহার অস্নোৎসবে আজ সকলে মিলিত হইরাছেন, উাহার লীলা ও তাঁহার সাক্ষাৎ পার্বলগণের আমন্দ দর্শন করিয়া তিনি আনন্দে অভবৎ হইরাছেন। অবশেষে গিরিশবাব্ বলিলেন, 'দ্যামর ঠাকুরের কথা আমি আর কি ব'লব ? কামকাঞ্চন-ভ্যাগী ভোমাদের ভায় বালসয়াসীদের সঙ্গে যে তিনি এ অধমকে একাসনে বলিতে অধিকার দিয়াছেন, ইহাতেই তাঁহার অপার কঞ্চণা অহতেব করি!' কথাগুলি বলিতে বলিতে গিরিশবাব্র কঠরোধ হইয়া আদিল, তিনি অন্ত কিছুই আর সেদিন বলিতে পারিলেন না!

আনম্ভর আমীজী কয়েকটি হিন্দি গান গাহিলেন। এই সময়ে প্রথম পূজা শেষ হওয়ায় ভক্তগণকে অলখোগ করিবার জন্ত তাকা হইল। অলবোগ লাল হইবার পর আমীজী নীচে বৈঠকখানা-ঘরে ষাইয়া বলিলেন। সমাগত ভক্তেরাও তাঁহাকে ঘিরিয়া বলিলেন। উপবীতধারী জনৈক গৃহস্বকে সমোধন করিয়া আমীজী বলিলেন:

তোরা হচ্ছিস ছিলাতি, বছকাল থেকে ব্রাভ্য হয়ে গেছলি। আজ থেকে আর্বার ছিলাভি হলি। প্রভাছ গান্ধতী-মন্ত্র অস্তভঃ এক শত বার জ্বপবি বুঝলি ?

গৃহস্থটি 'বে আজা' বলিয়া খামীজীর আজা শিরোধার্য করিলেন।
ইতোমধ্যে শ্রীযুক্ত মহেন্দ্রনাথ গুপ্ত (মাস্টার মহাশন্ত) উপস্থিত হইলেন।
খামীজী মাস্টার মহাশন্তকে দেখিয়া সাদর সম্ভাবণে আণ্যায়িত করিতে
লাগিলেন। মহেন্দ্রবাব্ প্রণাম করিয়া এক কোণে দাঁড়াইয়াছিলেন। খামীজী
বারংবার বসিতে বলার অভসভ্ভাবে এক কোণে উপবিত্ত হইলেন।

স্বামীনী। মাস্টার মহাশয়, আৰু ঠাকুরের জন্মদিন। ঠাকুরের কথা আৰু আমাদের কিছু শোনাতে হবে।

মান্টার মহাশয় মৃত্ছান্তে অবনতমতক হইয়া রহিলেন। ইভোমধ্যে আমী অবতানক মৃশিদাবাদ হইতে প্রায় দেও মণ ওজনের হুইটি পান্ধয়া লইয়া মঠে উপস্থিত হইলেন। অভ্ত পান্ধয়া হুইটি দেখিতে সকলে ছুটিলেন। অনন্তর আমীজী প্রভৃতিকে উহা দেখানো হুইলে আমীজী বলিলেন, ঠাকুরখরে নিয়ে বা।'

খামা অংখানন্দকে লক্ষ্য করিয়া খামীজী শিশুকে বলিভে গাগিলেন:

্ দেখছিল কেমন কর্মবীর । ভয় মৃত্যু—এ-সবের জ্ঞান নেই ; এক রোধে কর্ম ক'রে বাচ্ছে 'বছজনছিতায় বছজনহুখায়'।

শিয়। মহাশন্ন, কত তপস্থার বলে তাঁহাতে ঐ শক্তি আসিয়াছে।

- স্বামীন্ত্রী। তপস্তার ফলে শক্তি আসে। আবার পরার্থে কর্ম করলেই তপস্তা করা হয়। কর্মবোদীরা কর্মটাকেই তপস্তার আদ বলে। তপস্তা করতে করতে যেমন পরহিতেচ্ছা বলবতী হয়ে দাধককে কর্ম করার, তেমনি আবার পরের জন্ত কাজ করতে করতে পরা তপস্তার ফল— চিত্তভূদ্ধি ও পরমান্ত্রার দুর্শনলাভ হয়।
- শিয়। কিন্তু মহাশন্ন, প্রথম হইতে পরের জক্ত প্রাণ দিয়া কাজ করিতে কয় জন পারে? মনে ঐরপ উদারতা আদিবে কেন, বাহাতে জীব আত্মহুখেছা বলি দিয়া পরার্থে জীবন দিবে ?
- ষামীজী। তপস্থাতেই বা কর জনের মন বায়? কামকাঞ্চনের আকর্ষণে কয় জনই বা ভগবান লাভের আকাজ্ঞা করে? তপস্থাও বেমন কঠিন, নিছাম কর্মও সেরপ। হুত্রাং বারা পরহিতে কাজ ক'রে বায়, তাদের বিরুদ্ধে ভোর কিছু বলবার অধিকার নেই। ভোর তপস্থা ভাল লাগে, ক'রে বা; আর একজনের কর্ম ভাল লাগে—তাকে ভোর নিষেধ করবার কি অধিকার আছে? তুই বুঝি বুঝে রেখেছিস—কর্মটা আর তপস্থা নর ?

শিশ্য। আজে হাঁ, পূর্বে তপস্থা অর্থে আমি অন্তরূপ ব্বিতাম।

খামীজী। বেমন সাধন-ভজন অভ্যাস করতে করতে তাতে একটা রোক জন্মার, তেমনি অনিচ্ছা সত্ত্বেও কাজ করতে করতে ক্রম ক্রমে তাতে ভূবে যার। ক্রমে পরার্থ কর্মে প্রবৃদ্ধি হয় বুঝলি? একবার অনিচ্ছা সত্ত্বেও পরের সেবা ক'বে দেখ না, তপভার ফল লাভ হয় কি না। পরার্থে কর্মের ফলে মনের আঁক-বাঁক ভেঙে যার ও মাহ্য ক্রমে অকপটে পরহিতে প্রাণ দিতে উন্মুধ হয়।

শিল। কিছু মহাশয়, পর্ছিতের প্রয়োজন কি?

খামীজী। নিজহিতের জন্ত। এই দেহটা—বাতে 'আমি' অভিমান ক'রে বসে আছিন, এই দেহটা পরের জন্ত উৎসর্গ করেছি, এ কথা ভারতে গেলে এই আমিষটাকেও ভূলে বেতে হয়। অভিমে বিদেহ-বৃদ্ধি আসে। তৃই বত একাগ্রতার সহিত পরের ভাষনা ভাবনি, ততটা আপনাকে ভূলে বাবি। এরপে কর্মে বধন ক্রমে চিন্তগুদ্ধি হয়ে আসবে, তথন ভোরই আত্মা সর্বজীবে সর্বঘটে বিরাজমান,—এ তত্ত্ব বেধতে পাবি। তাই পরের হিতসাধন হচ্ছে আপনার আত্মার বিকাশের একটা উপায়, একটা পথ। এও জানবি এক প্রকারের ঈশর-সাধনা। এরও উদ্দেশ্য হচ্ছে—আত্মবিকাশ। জ্ঞান ভক্তি প্রভৃতি সাধনা হারা বেমন আত্ম-বিকাশ হয়, পরার্থে কর্ম হারাও ঠিক তাই হয়।

- শিশু। কিন্তু মহাশয়, আমি বদি দিনরাত পরের ভাবনাই ভাবিব, তবে আত্মচিস্তা করিব কখন ? একটা বিশেষ ভাব লইয়া পড়িয়া থাকিলে অভাবরূপী আত্মার কিরূপে সাক্ষাৎকার হইবে ?
- ষামীনী। আত্মজানলাভই সকল সাধনার—সকল পথের ম্থ্য উদ্দেশ্য। তুই
  বিদি সেবাপর হয়ে ঐ কর্মকলে চিত্তছি লাভ ক'রে সর্বজীবকে আত্মবৎ
  দর্শন করতে পারিস তো আত্মদর্শনের বাকি কি রইল ? আত্মদর্শন
  মানে কি অভের মতো—এই দেওয়ালটা বা কাঠখানার মতো হয়ে বসে
  থাকা?
- শিশু। তাহা না হইলেও সর্ববৃত্তির ও কর্মের নিরোধকেই তো শাল্প আত্মার স্ব-স্থরপাবস্থান বলিয়াছেন ?
- খামীজী। শাস্ত্রে বাকে 'সমাধি' বলা হয়েছে, সে অবস্থা তো আর সহজে
  লাভ হয় না। কলাচিৎ কারও হলেও আধক কাল খায়ী হয় না।
  তথন সে কি নিয়ে থাকবে বল্? সে-জভ শাস্ত্রোক্ত অবস্থালাভের পর
  শাধক সর্বভূতে আত্মদর্শন ক'রে, অভিয়-জানে সেবাপর হয়ে প্রারদ্ধ
  কয় করে। এই অবস্থাটাকেই শাস্ত্রকারেরা জীবস্তুক্ত অবস্থা ব'লে
  গেছেন।
- শিষ্য। তবেই তো এ কথা গাঁড়াইতেছে মহাশর বে, জীবস্থজির অবস্থা লাভ না করিলে ঠিক ঠিক পরার্থে কাজ করা বায় না।
- খামীঞী। শাল্পে ঐ কথা বলেছে; আবার এও বলেছে বে, পরার্থে সেবাপর হ'তে হ'তে সাধকের জীবমুক্তি-অবস্থা ঘটে; নতুবা 'কর্মবোর' ব'লে একটা আলাদা পথ উপদেশ করবার শাল্পে কোনই প্রয়োজন ছিল না।

শিক্ত এতকণে ব্ৰিয়া খির হইল; খানীজীও এ প্রসন্ধ ভাগ করিয়া কিন্তু-কণ্ঠে গান ধরিলেন:

ভূথিনী প্রাক্ষণীকোলে কে শুরেছ আলো ক'রে।
কে রে ওরে দিগমর এসেছ কূটার-ঘরে ॥
মরি মরি রূপ হেরি, নয়ন ফিরাতে নারি,
ক্রম-সভাপহারী সাধ ধরি হৃদি 'পরে ॥
ভূতলে অতুল মধি, কে এলি রে যানুমণি,
ভাশিতা হেরে অবনী এদেছ কি সকাতরে।
বাথিতে কি দিতে দেখা, গোপনে এদেছ একা,
বদনে করুণামাধা, হাস কাঁদ কার তরে ॥

গিরিশবার ও ভজেরা সকলে তাঁহার সকে সকে ঐ গান গাহিতে লাগিলেন। 'তাশিতা হেরে অবনী এসেছ কি সকাতরে'—পদটি বারবার নীত হইতে লাগিল। অতঃপর 'মজলো আমার মন-ল্রমরা কালী-পদ-নীলকমলে' ইত্যাদি কয়েকটি গান হইবার পরে তিথিপূজার নিয়মায়্বারী একটি জীবিত মংশু বাভোজমের সহিত গলায় ছাড়া হইল। তারপর মহাপ্রসাদ গ্রহণ করিবার জন্ম ভজেদিগের মধ্যে ধুম পড়িয়া গেল।

28

স্থান—কলিকাতা, ৺বলরামবাব্র বাটী কাল—মার্চ ( † ) ১৮৯৮

খানীজী আজ ঘুই দিন বাবং বাগবাজারে বলরাম বস্থর বাটাতে অবহান করিতেছেন। নিয়ের স্কুডরাং বিশেব স্থবিধা প্রভান্ত তথার বাভারাত করে। অভ সন্থ্যার কিছু পূর্বে খানীজী ঐ বাটার ছালে বেড়াইডেছেন। নিয় ও অভ চার-পাঁচ জন লোক নলে আছে। বড় গরম পড়িয়াছে। খানীজীর খোলা গা। ধীরে ধীরে দক্ষিণে হাওরা দিতেছে। রেড়াইতে

শীরামকুক-জন্মোৎসব উপলক্ষে বাট্যকার সিরিশচন্দ্র বোব কর্তৃক রচিত।

বেড়াইতে খামীজী শুরুগোবিন্দের কথা পাড়িয়া তাঁহার ত্যাগ তপস্তা ভিতিকা ও প্রাণপাতী পরিশ্রমের ফলে শিশুজাতির কিরূপে পুনরভূত্যান হইয়াছিল, কিরূপে তিনি মুসলমান ধর্মে দীকিত ব্যক্তিগণকে পর্যন্ত দীকা দান করিয়া পুনরায় হিন্দু করিয়া শিখজাতির অন্তর্ভুক্ত করিয়া লইয়াছিলেন, এবং কিরূপেই বা তিনি নর্মদাতীরে মানবলীলা সংবরণ করেন, ওজখিনী ভাষায় সে-সকল বিষয়ের কিছু কিছু বর্ণনা করিতে লাগিলেন। শুরুগোবিন্দের নিকট দীক্ষিত ব্যক্তিদের মধ্যে তখন বে কি মহাশক্তি সঞ্চারিত হইত, তাহার উল্লেখ করিয়া খামীজী শিখজাতির মধ্যে প্রচলিত একটি দৌহা আর্ত্তি করিলেন:

সওয়া লাথ শর এক চড়াউ। বব্ গুরু গোবিন্দ্ নাম গুনাউ।

অর্থাৎ গুরুগোবিন্দের নিকট নাম ( দীক্ষামন্ত্র ) গুনিয়া এক এক ব্যক্তিতে সওয়া লক্ষ অপেকাও অধিক লোকের শক্তি দঞ্চারিত হইত। গুরুগোবিন্দের নিকটে দীক্ষা গ্রহণ করিলে তাঁহার শক্তিতে জীবনে বণার্থ ধর্মপ্রাণতা উপস্থিত হইয়া তাঁহার প্রত্যেক শিয়ের অস্তর এমন অভ্যুত বীরত্বে পূর্ণ হইত বে, নে তথন সপ্তয়া লক্ষ বিধর্মীকে পরাজিত করিতে সমর্থ হইড। ধর্মসহিমাস্ট্রক ঐ কথাগুলি বলিতে বলিতে স্বামীজীর উৎসাহ-বিক্ষারিত নয়নে বেন তেজ ফুটিয়া বাহির হইতে লাগিল। শ্রোভ্রক্ত জর হইয়া স্বামীজীর মৃথপানে চাহিয়া উহাই দেখিতে লাগিল। কি অভ্যুত উৎসাহ ও শক্তিই স্বামীজীর ভিতরে ছিল! যথন যে বিষয়ে কথা পাড়িতেন, তথন তাহাতে তিনি এমন তয়য় হইয়া যাইতেন বে, মনে হইত ঐ বিষয়কেই তিনি বৃঝি জগতের অন্ত সকল বিষয় অপেক্ষা বড় এবং উহা লাভই মহয়ভীবনের একমাত্র লক্ষ্য বিবিহনা করেন।

কিছুক্ষণ পরে শিশু বলিল, 'মহাশর, ইহা কিন্ত বড়ই অভ্ত ব্যাপার যে, গুরুগোবিন্দ হিন্দু ও মুনলমান উভয়কেই নিজ ধর্মে দীক্ষিত করিয়া একই উক্তেড চালিত করিতে পাবিয়াছিলেন। ভারতবর্ষের ইতিহালে এরূপ বিতীয় দৃষ্টান্ত দেখা বায় না ?

খামীজা। Common interest (একপ্রকারের খার্থচেটা) না হ'লে লোক কখনও একভাসতে আবদ্ধ হয় না। সভা সমিতি লেকচার হার। সর্বদাধারণকে কথনও unite (এক) করা যায় না—বদি তাদের interest (সার্থ) না এক হয়। শুরুগোবিন্দ বুরিয়ে দিয়েছেন যে, তদানীস্থন কালের কি হিন্দু কি মুস্সমান—সকলেই ঘোর ভাত্যাচার-ভাবিচারের রাজ্যে বাস করছে। শুরুগোবিন্দ common interest create (একপ্রকারের স্বার্থচেষ্টার স্বাষ্ট্র) করেননি, কেবল সেটা ইভরসাধারণকে বুঝিয়ে দিয়েছিলেন যাত্র। ভাই হিন্দু-মুস্সমান স্বাই তাঁকে follow (অহুসরণ) করেছিল। তিনি মহা শক্তিসাধক ছিলেন। ভারতের ইভিহাসে এরুপ দুষ্টান্ত বিবল।

. রাত্রি হইতেছে দেখিয়া স্বামীজী সকলকে সঙ্গে লইয়া লোতলার বৈঠকথানায় নামিয়া স্বাসিলেন। তিনি এখানে উপবেশন করিলে সকলে তাঁহাকে স্বাবার দিরিয়া বসিল। এই সময়ে miracle (সিদ্ধাই) সমন্ধে কথাবার্তা উঠিল।

খামীজী। সিদ্ধাই বা বিভৃতি-শক্তি অতি সামাক্ত মন:সংখমেই লাভ করা যায়।
(শিশুকে উপলক্ষ্য করিয়া) তুই thought-reading (অপরের মনের কথা ঠিক ঠিক বলা) শিথবি ? চার-পাঁচ দিনেই ভোকে ঐ বিছাটা শিথিরে দিভে পারি।

শিশু। তাতে কি উপকার হবে ?
খামীজী। কেন ? পরের মনের ভাব জানতে পারবি।
শিশু। তাতে ব্রন্ধবিচ্চালাভের কিছু সহায়তা হবে কি ?
খামীজী। কিছুমাত্র নয়।

শিখ। তবে আমার ঐ বিষ্যা শিবিশার প্রয়োজন নাই। কিন্তু মহাশয়, আপনি স্বয়ং দিছাই সম্বন্ধে বাহা প্রত্যক্ষ করিয়াছেন বা দেখিয়াছেন, ভাহা শুনিতে ইচ্ছা হয়।

খামীজী। আমি একবার হিমালরে ভ্রমণ করতে করতে কোন পাহাড়ী প্রামে এক রাত্তের জন্ত বাদ করেছিলাম। সন্ধ্যার থানিক বাদে ঐ গাঁরে মাদলের খুব বাজনা ওনতে পেরে বাড়িওরালাকে জিজ্ঞালা ক'রে ভানতে পারলুম—গ্রামের কোন লোকের উপর 'দেবতার ভর' হয়েছে। বাড়িওয়ালার আগ্রহাডিশব্যে এবং নিজের curiosity (কোড়হল) চরিতার্থ করবার জন্ত ব্যাপারখানা দেখতে বাওয়া গেল। গিয়ে দেখি, বছলোকের সমাবেশ। লখা ঝাঁকড়াচুলো একটা পাছাড়ীকে দেখিয়ে বললে, এরই উপর 'দেবভার ভর' হয়েছে। দেখলুম, ভার কাছেই একথানি কুঠার আগুনে পোড়াতে দেওয়া হয়েছে। থানিক বাদে मिथे, अधिवर्ग कृशित्रधाना ये छैशान्यछाविष्ठे लाक्छीत मारह श्रांत খানে লাগিয়ে ছাাকা দেওয়া হচ্ছে, চুলেও লাগানো হচ্ছে! কিছ আশ্চর্বের বিষয়, ঐ কুঠারস্পর্শে তার কোনও অঞ্চ বা চুল দল্প হচ্ছে না বা তার মূথে কোনও কটের চিহ্ন প্রকাশ পাচ্ছে না! प्राथं व्यविक हरत रानुष। हेजियशा गाँखित स्थाएन कत्राकारफ আমার কাছে এদে ব'লল, 'মহারাজ, আপনি দ্য়া ক'রে এর ভূতাবেশ ছাড়িয়ে দিন।' আমি তো ভেবে অন্বির। কি করি. সকলের অহুরোধে ঐ উপদেবতাবিষ্ট লোকটার কাছে বেতে হ'ল। গিয়েই কিছ আগে কুঠারখানা পরীকা করতে ইচ্ছা হ'ল। বাই হাত দিয়ে ধরা, হাত পুড়ে গেল। তথন কুঠারটা তবু কালো হয়ে গেছে। হাতের জালায় তো অন্বির। থিওরি-মিণ্ডার তথন সব লোপ পেয়ে গেল। কি করি, জালায় জরির হয়েও ঐ লোকটার মাথায় হাত দিয়ে थानिक है। जभ कराम्म । जाकर्षद विषय, अञ्चभ कराद मन-वाद मिनिएहेद মধ্যেই লোকটা স্থন্থ হয়ে গেল। তথন গাঁয়ের লোকের আমার উপর ভক্তি দেখে কে। আমায় একটা কেষ্ট-বিষ্টু ঠাওরালে। আমি কিছ ব্যাপারধানা কিছু ব্যতে পারদুম না। অগত্যা বিনা বাক্যব্যয়ে আশ্রদাতার সদে তার কুটারে ফিরে এলুম। তথন রাত ১২টা হবে। এনে ভরে পড়লুম। কিন্তু হাতের জালায়, আর এই ব্যাপারের কিছুমাত্র রহপ্রভেদ করতে পারলুম না ব'লে চিন্তায় ঘূম হ'ল না। অলভ কুঠারে মান্তবের শরীর দগ্ধ হ'ল না দেখে কেবলই মনে হ'তে লাগল, 'There are more things in heaven and earth...than are dreamt of in your philosophy 113

শিশু। পরে ঐ বিষয়ের কোন স্থমীমাংশা করিতে পারিয়াছিলেন কি ?

<sup>&</sup>gt; Hamlet—Shakespeare
কর্মে ও পৃথিবীতে এমন অনেক ব্যাপার আছে, ধর্শনশাল্পে বা কল্পনা করা বাঁচ না।

খানীজী। না। আৰু কথার কথার ঘটনাটি মনে পড়ে পেল। ডাই তোলের বলনুম।

অনম্ভব আমীলী পুনরার বলিতে লাগিলেন:

ঠাকুব কিন্তু সিন্তাই-এর বড় নিন্দা করতেন; বলতেন, 'ঐ-সকল শক্তি-' প্রকাশের দিকে মন দিলে পরমার্থ-তদ্ধে পৌছানো বায় না।' কিন্তু মাহ্বের এমনি ত্বল মন, গৃহস্কের তো কথাই নেই, সাধুদের মধ্যেও চৌদ্দ আনা লোক সিন্তাই-এর উপাসক হয়ে পড়ে। পাশ্চাত্য দেশে ঐ প্রকার ব্যুক্তকি দেখলে লোকে অবাক হয়ে বায়। সিন্তাই-লাভটা বে একটা খারাণ জিনিস; ধর্মপথের অন্তরায়, এ কথা ঠাকুর রূপা ক'রে ব্যিয়ে দিয়ে গেছেন, তাই ব্যুতে পেরেছি। সে-জন্ম দেখিসনি—ঠাকুরের সন্তানেরা কেউই ঐ দিকে খেলাল রাখে না?

স্বামী যোগানন্দ এই সময়ে স্বামীজীকে বলিলেন, 'তোমার সঙ্গে মান্তাজে যে একটা ভূতুভের দেখা হয়েছিল, সেই কথাটা বাঙাল-কে বলো না।'

শিশু ঐ বিষয় ইতঃপূর্বে খনে নাই, খনিবার জন্ম জেদ করিয়া বদিলে অগত্যা স্বায়ীকী ঐ কথা এইরূপে বদিলেন:

মান্ত্রাক্তে বখন মন্ত্রথবাব্ব' বাড়ীতে ছিল্ম, তখন একদিন স্থপ্ন দেখল্ম, মা' মারা গেছেন! মনটা ভারী থারাপ হয়ে গেল। তখন মঠেও বড় একটা চিঠিপত্র লিখত্য না—তা বাড়িতে লেখা তো দ্রের কথা। মন্ত্রখবাব্কে স্থের কথা বলার তিনি তখনই ঐ বিষরের সংবাদের জন্ত্র কলকাতার 'তার' করলেন। কারণ স্থাটা দেখে মনটা বড়ই থারাপ হয়ে গিয়েছিল। আবার, এদিকে মান্ত্রাক্তর বন্ধুগণ তখন আমার আমেরিকায় বাবার বোগাড় ক'য়ে তাড়া লাগাছিল; কিছ মারের শারীরিক কুশল সংবাদটা না পেয়ে বেতে ইছা হছিল না। আমার ভাব ব্রে মন্ত্রথবার বললেন বে, শহরের কিছু দ্রে একজন পিশাচলিছ লোক বাস করে, সে জীবের শুভাশুভ ভূত-তবিশ্রথ খবর ব'লে দিতে পারে। মন্ত্রখবার্র অন্থ্রোধে ও নিজের মানসিক উল্লেগ দূর করতে তার নিকট বেতে রাজী হল্ম। মন্ত্রখবার, আমি, আলাসিদা

১ ৺নত্শেচল স্থাররত্ব মহাশরের জােষ্ঠ পুত্র মন্মধনাথ ভটাচার্ব মায়াজে একাউন্টেন্ট জেনারেল হিলেন।

২ স্বানীজীয় গর্ভধারিশী

ও আর একজন থানিকটা রেলে ক'রে, পরে পায়ে হেঁটে সেথানে ভা সেলুয়।
গিয়ে দেখি শ্বশানের পাশে বিকটাকার, ভটকো ভ্ব-কালো একটা লোক
বলে আছে। তার অহচরগণ 'কিড়িং মিড়িং' ক'রে মাজ্রাজি ভাষার বুঝিয়ে
'দিলে, উনিই পিশাচদিত্ব পুরুষ। প্রথমটা সে ভো আমাদের আমদের
আনলে না। তারপর বধন আমরা কেরবার উন্ডোগ করছি, তধন আমাদের
দাঁড়াবার জন্ত অহ্যোধ করলে। সদী আলাদিলাই দোভাষীর কাজ
করছিল; আমাদের দাঁড়াবার কথা বললে। তারপর একটা পেনদিল দিয়ে
লোকটা থানিকজণ ধরে কি আঁক পাড়ভে লাগল। পরে দেখলুম, লোকটা
concentration (মন একাগ্র) ক'রে যেন একেবারে স্থির হয়ে প'ড়ল।
ভারপর প্রথমে আমার নাম গোত্র চৌদ্পুরুষের থবর বললে; আর বললে বে,
ঠাকুর আমার সঙ্গে দঙ্গে নিয়ভ ফিরছেন! মায়ের মঙ্গল সমাচারও বললে!
ধর্মপ্রচার করতে আমাকে যে বছদ্রে অতি শীল্প যেতে হবে, তাও বলে দিলে!
এইয়ণে মায়ের মঙ্গলসংবাদ পেয়ে ভট্টাচার্বের সঙ্গে শহরে ফিরে এলুম। এনে
কলকাভার ভারেও মায়ের মঙ্গল সংবাদ পেলুম।

(यांशीनम श्रामीटक नका कविया श्रामीकी वनितन :

ব্যাটা কিন্তু যা যা বলেছিল, ঠিক তাই তাই হয়ে গেল; তা নেটা 'কাকডালীয়ের' শ্রায়ই হোক, বা যাই হোক।

বোগানন্দ। তৃমি পূর্বে এ-সব কিছু বিখাস করতে না, তাই তোমার ঐ সকল দেখবার প্রয়োজন হয়েছিল !

শামীজী। আমি কি না দেখে, না শুনে বা তা কতকপ্রলো বিখাস করি?

এমন ছেলেই নই। মহামায়ার বাজ্যে এগে জগৎ-ভেলকির সঙ্গে সঙ্গে
কত কি ভেলকিই না দেখলুম। মায়া—মায়া!! রাম রাম! আজ

কি ছাইভন্ম কথাই সব হ'ল। ভূত ভাবতে ভাবতে লোকে ভূত হয়ে

বায়। আর বে দিনরাত জানতে-অজানতে বলে, 'আমি নিত্য শুক্ত
বৃদ্ধ মুক্ত আজা', দেই বন্ধজ হয়।

এই বলিয়া খামীজী ম্নেছভৱে শিগ্ৰকে লক্ষ্য করিয়া বলিলেন:

এইসব ছাইভন্ম কথাগুলোকে মনে কিছুমাত্র স্থান দিবিনি। কেবল সদসৎ বিচার করবি—আত্মাকে প্রভাক্ষ করতে প্রাণণণ বত্ব করবি। আত্মজানের চেয়ে শ্রেষ্ঠ জার কিছুই নেই। আর সবই মায়া—ভেলকিবাজি! এক প্রত্যাপাই প্রতিপ সভ্য। এ কথাটা ব্রেছি; সে জন্তই ভোদের বুয়াবার চেষ্টা করছি। 'একমেবাধয়ং এক নেহ নানান্তি কিঞ্ন'।

কথা বলিতে বলিতে রাত্রি ১১টা বাজিয়া গেল। অনন্তর স্বামীজী আহারাত্তে বিশ্রাম করিতে গেলেন। শিশু স্বামীজীর পাদপল্লে প্রণত হইয়া বিদায় গ্রহণ করিল। স্বামীজী বলিলেন, 'কাল আসবি তো?' শিশু। আজে আসিব বইকি? স্বাপনাকে দিনাস্তে না দেখিলে প্রাণ ব্যাকুল হইয়া ছটফট করিতে থাকে।

यांगीको। তবে এখন আয়, दाखि हरग्रह ।

30

### স্থান—বেলুড়, ভাড়াটিয়া মঠ-বাটী কাল—নভেম্বর, ১৮৯৮

আজ ছই-তিন দিন হইল স্বামীজী কাশ্মীর হইতে প্রত্যাবর্তন করিয়াছেন।
শরীর তেমন তাল নাই। শিগু মঠে আদিতেই স্বামী ত্রন্ধানন্দ বলিলেন,
'কাশ্মীর থেকে ফিরে আদা অবধি স্বামীজী কারও সলে কোন কথাবার্তা কন না, তর হয়ে বদে থাকেন। তুই স্বামীজীর কাছে গল্পক্ল ক'রে স্বামীজীর মন্টা নীচে আনতে চেষ্টা করিদ।'

শিগু উপরে স্বামীজীর ঘরে গিয়া দেখিল, স্বামীজী মৃক্ত-পদ্মাননে পূর্বাস্থ হইয়া বিশিয়া আছেন, যেন গভীর ধ্যানে ময়, মুখে হাসি নাই, প্রদীপ্ত নয়নে বহির্ম্থী দৃষ্টি নাই, যেন ভিতরে কিছু দেখিতেছেন। শিগুকে দেখিবামাত্র বলিলেন, 'এসেছিল বাবা, বোল'—এই পর্যস্ত। স্বামীজীর বামনেত্রের ভিতরটা রক্তবর্গ দেখিয়া শিগু জিজালা করিল, 'আপনার চোধের ভিতরটা লাল হইয়াছে কেন?' 'ও কিছু না' বলিয়া স্বামীজী পুনরায় হির হইয়া বিশিয়া য়হিলেন। জনেককণ পরেও বখন স্বামীজী কোন কথা কহিলেন না, তখন শিগু জ্বধীর হইয়া স্বামীজীয় পাদপদ্ম স্পর্শ করিয়া বলিল, '৺অমরনাথে বাহা বাহা প্রত্যক্ষ করিলেন, তাহা আমাকে বলিবেন না?' পাদস্পর্শ

শামীজীর যেন একটু চমক ভাঙিল, যেন একটু বহিদ্ষ্টি আসিল; বলিলেন, 'অমরনাথ-দর্শনের পর থেকে আমার মাধায় চিবিল ঘণ্টা যেন শিষ বৃদে আহেন, কিছুতেই নাবছেন না।' শিয় ভনিয়া অবাক হইয়া বহিল।
খামীজী। ৺অমরনাথ ও পরে ৺কীরভবানীর মন্দিরে থ্ব তপতা করেছিলাম।
যা, তামাক সেজে নিয়ে আয়।

. শিক্ত প্রফুলমনে স্বামীজীর স্বাজ্ঞা শিরোধার্য করিয়া তামাক সাজিয়া দিল ।
স্বামীজী স্বাস্থ্যে প্রথান করিতে করিতে বলিতে লাগিলেন:

শমরনাথ বাবার কালে পাহাড়ের একটা থাড়া চড়াই ভেঙে উঠেছিলুম। সে রান্তার বাত্রীরা কেউ বার না, পাহাড়ী লোকেরাই বাওয়া-আসা করে। আমার কেমন বোক হ'ল, ঐ পথেই বাব। বাব তো বাবই। সেই পরিশ্রমে শরীর একটু দমে গেছে। ওধানে এমন কনকনে শীত বে, গায়ে বেন ছুঁচ ফোটে।

শিয়। শুনেছি, উলল হয়ে ৺অমরনাথকে দর্শন করিতে হয়; কথাটা কি সত্য ? স্থামীজী। হাঁ, আমিও কৌপীনমাত্র পরে জন্ম নেথে গুহায় প্রবেশ করে-ছিলাম; তথন শীত-গ্রীম কিছুই জানিতে পারিনি। কিন্তু মন্দির থেকে বেরিয়ে ঠাগুায় বেন জড় হয়ে গিয়েছিলাম।

শিক্ত। পায়রা দেখিয়াছিলেন কি? শুনিয়াছি সেধানে ঠাণ্ডায় কোন জীবজন্তকে বাস করিতে দেখা যায় না, কেবল কোথা হইতে এক ঝাঁক খেত পারাবত মধ্যে মধ্যে আসিয়া থাকে।

স্বামীনী। হাঁ, ৩।৪টা সালা পাররা দেখেছিলুম। তারা গুহার থাকে কি নিকটবর্তী পাছাড়ে থাকে, তা বুঝতে পারলুম না।

শিশু। মহাশন্ন, লোকে বলে শুনিরাছি—গুহা হইন্ডে বাহিরে শাদিরা বদি কেহ সাদা পাররা দেখে, তবে বুঝা বার তাহার সত্যসত্য শিবদর্শন হইল। শামীনী। শুনেছি পাররা দেখলে বা কামনা করা বায়, তাই দিছ হয়।

আনন্তর সামীলী বলিলেন, আদিবার কালে তিনি সকল বাত্রী বে রাভার কেরে, সেই রাভা দিয়াই শ্রীনগরে আদিয়াছিলেন। শ্রীনগরে ফিরিবার আর্লিন পরেই পক্ষীরভবানী দেবীকে দর্শন করিতে বান এবং সাতদিন তথায় অবস্থান করিয়া ক্ষীর দিয়া দেবীর উদ্দেশে পূজা ও হোম করিয়াছিলেন। প্রতিদিন এক মণ ছুধের ক্ষীর ভোগ দিতেন ও হোম করিতেন। একদিন পূজা করিতে করিতে স্বামীজীর মনে উঠিয়াছিল:

মা ভবানী এখানে সভ্যসভাই কত কাল ধরিয়া প্রকাশিত রহিরাছেন। প্রাকালে ববনেরা আসিয়া তাঁহার মন্দির ধ্বংস করিয়া বাইল, অথচ এখানকার লোকগুলো কিছুই করিল না। হায়, আমি বলি তথন থাকিতাম, তবে কখনও উহা চুপ করিয়া দেখিতে পারিতাম না—এরপ ভাবিতে ভাবিতে তাঁহার মন বখন তৃংখে কোভে নিতান্ত পীড়িত, তথন স্পষ্ট ভনিতে পাইলেন, মা বলিতেছেন, 'আমার ইচ্ছাভেই ববনেরা মন্দির ধ্বংস করিয়াছে, আমার ইচ্ছা—আমি জীর্ণ মন্দিরে অবস্থান করিব। ইচ্ছা করিলে আমি কি এখনি এখানে সপ্ততল সোনার মন্দির তুলিতে পারি না ? তুই কি করিতে পারিস ? তোকে আমি রক্ষা করিব, না তুই আমাকে রক্ষা করিবি।

খামীজী বলিলেন, 'ঐ দৈববাণী শোনা অবধি আমি আর কোন সহয় রাখি না। মঠ-ফঠ করবার সহয় ত্যাগ করেছি; মায়ের বা ইচ্ছা ভাই হবে।' শিশু অবাক হইয়া ভাবিতে লাগিল, ইনিই না একদিন বলিয়াছিলেন, 'বা কিছু দেখিল শুনিল তা ভোর ভেতরে অবহিত আজ্মার প্রভিধ্বনিমাত্র। বাইমে কিছুই নেই।' শিশু স্পষ্ট বলিয়াও ফেলিল, 'মহাশয়, আপনি ভো বলিভেন—এই সকল দৈববাণী আমাদের ভিতরের ভাবের বাহু প্রভিধ্বনি মাত্র।' খামীজী গন্ধীর হইয়া বলিলেন, 'ভা ভেতরেরই হোক আর বাইরেরই হোক, তুই বদি নিজের কানে আমার মতো এরপ অশরীরী কথা শুনিল, ভা হ'লে কি মিধ্যা বলতে পারিল? দৈববাণী সত্যসত্যই শোনা বায়; ঠিক বেমন এই আমাদের কথাবার্তা হচ্ছে—ভেমনি।'

শিক্ত আর বিকক্তি না করিয়া স্বামীজীর বাক্য গিরোধার্ব করিয়া লইল; কারণ স্বামীজীর কথায় এমন এক অভূত শক্তি ছিল বে, তাহা না মানিয়া থাকা বাইত না—যুক্তিতর্ক বেন কোথায় তাসিয়া বাইত!

শিশু এইবার প্রেভান্মাদের কথা পাড়িল। বলিল, 'মহাশন্ধ, এই কে ভূতপ্রেভাদি বোনির কথা শোনা যান্ধ, শাল্পেও যাহার ভূরোভূন্ধ: সমর্থন দৃষ্ট হয়, সে-সকল কি সভাসভা আছে ?

খামীজী। সভ্য বইকি। তুই বা না দেখিস, তা কি খার সভ্য নয়? তোর দৃষ্টির বাইরে কভ বন্ধাও দ্রদ্রান্তরে খুরছে। তুই দেখতে পাস না

ব'লে ভাদের কি আর অভিদ্ব নেই ? তবে ঐগব ভৃতুড়ে কাণ্ডে মন দিসনে, ভাববি ভৃতপ্রেত আছে তো আছে। ভোর কান্দ্র হচ্ছে—এই শরীর-মধ্যে বে আত্মা আছেন, তাঁকে প্রভাক করা। তাঁকে প্রভাক করতে শারনে ভৃতপ্রেত ভোর দাসের দাস হয়ে বাবে।

শিক্ত। কিন্তু মহাশন্ত, মনে হয়—উহাদের দেখিতে পাইলে পুনর্জন্মাদি-বিশাস
খ্ব দৃঢ় হয় এবং পরলোকে আর অবিশাস থাকে না।

স্বামীজী। তোরা তো মহাবীর; তোরা আবার ভূতপ্রেড দেখে পরলোকে কি দৃঢ় বিশাস করবি ? এত শাস্ত্র, science (বিজ্ঞান) পড়লি—এই বিরাট বিশের কত গুঢ়তত্ত্ব জানলি—এতেও কি ভূতপ্রেড দেখে আত্মজ্ঞান লাভ করতে হবে ? ছি: ছি: !

শিষ্য। আছা মহাশয়, আপনি শ্বয়ং ভূতপ্রেড কথন দেখিয়াছেন কি ?

খামীন্দী বলিলেন, তাঁহার সংসার-সম্পর্কীর কোন ব্যক্তি প্রেড হইরা তাঁহাকে মধ্যে মধ্যে দেখা দিত। কখন কখন দ্র দ্বের সংবাদসকলও আনিয়া দিত। কিন্তু তিনি পরীক্ষা করিয়া দেখিয়াছিলেন তাহার কথা সকল সময়ে সত্য হইত না। পরে কোন এক তীর্থে বাইয়া 'দে মুক্ত হয়ে য়াক'—এইয়প প্রার্থনা করা অবধি তিনি আর তাহার দেখা পান নাই।

শ্রাদাদি দারা প্রেতাত্মার তৃথি হয় কি না, এই প্রশ্ন করিলে স্বামীনী কহিলেন, 'উহা কিছু অসম্ভব নয়।' শিক্ত ঐ বিষয়ের যুক্তিপ্রমাণ চাহিলে স্বামীনী কহিলেন, 'তোকে একদিন ঐ প্রসন্ধ ভালরূপে ব্রিয়ে দেব। শ্রাদাদি দারা বে প্রেতাত্মার তৃথি হয়, এ বিষয়ে অকাট্য যুক্তি আছে। আন্ধ আমার শরীর ভাল নয়, অন্থ একদিন ব্রিয়ে দেব।' শিক্ত কিত্ত এ জীবনে স্বামীনীর কাছে আর ঐ প্রশ্ন করিবার অবকাশ পায় নাই।

33

## স্থান—বেল্ড, ভাড়াটিরা মঠ-বাটী কাল—নভেম্বর, ১৮৯৮

বেল্ডে নীলাম্ববাব্র বাগানে এখনও মঠ বহিয়াছে। অগ্রহায়ণ মাসের শেব ভাগ। স্বামীদী এই সময় সংস্কৃত শাস্ত্রাদির বহুধা আলোচনায় তৎপর। 'আচগুলাপ্রতিহত্তরয়ঃ'' ইত্যাদি প্লোক-তুইটি তিনি এই সময়েই রচনা করেন। আজ স্বামীদ্ধী 'ওঁ হ্রীং ঋতং' ইত্যাদি তবটি রচনা করিয়া শিক্সের হাতে দিয়া বলিলেন, 'দেখিস, এতে কিছু ছন্দপতনাদি দোষ আছে কিনা।' শিশু স্বীকার করিয়া উহার একখানি নকল করিয়া লইল।

স্বামীজী যে দিন ঐ শুবটি রচনা করেন, সে দিন স্বামীজীর জিহ্বায় বেন সরস্থতী আরুচা হইরাছিলেন। শিশ্রের সহিত জনর্গল স্থললিত সংস্কৃত ভাষার প্রায় ত্-ঘন্টা কাল আলাপ করিয়াছিলেন। এমন স্থললিত বাক্যবিদ্যাদ বড় বড় পণ্ডিতের মুখেও সে কথন শোনে নাই।

শিশু শুবটি নকল করিয়া লইবার পর শ্বামীজী তাহাকে বলিলেন, 'দেখ, ভাবে তন্ময় হয়ে লিখতে লিখতে সময়ে সময়ে আমার ব্যাকরণগত শ্বলন হয়; তাই তোদের বলি দেখে-শুনে দিতে।'

निशा। महानश्, ७-तर अनन नश-डेहा आर्य श्राह्माता।

। তুই তো বদিন, কিছ লোকে তা ব্যবে কেন? এই দেদিন 'হিল্প্ম কি?' ব'লে একটা বাঙলায় নিপল্ম—তা ভোদের ভেতরই কেউ কেউ বলছে, কটমট বাঙলা হয়েছে। আমার মনে হয় সকল জিনিসের মতো ভাষা এবং ভাষও কালে একঘেয়ে হয়ে যায়। এদেশে এখন একপ হয়েছে বলে বোধ হয়। ঠাকুরের আগমনে ভাব ও ভাষায় আবার নৃতন শ্রোভ এসেছে। এখন সব নৃতন ছাঁচে গড়তে হবে। নৃতন প্রতিভার ছাপ দিয়ে সকল বিষয় প্রচার করতে হবে। এই দেখ না—আগেকার কালের সন্থাসীদের চালচলন ভেঙে গিয়ে এখন কেমন এক নৃতন ছাঁচ গাঁড়িয়ে যাছে। সমাক্ষ এর বিশ্বয়ে বিশ্বর প্রতিবাদও

<sup>&</sup>gt; এই अञ्चावनीत के बटक 'बीतवानी' व्यारण अहेगा।

করছে। কিছ তাতে কিছু হচ্ছে কি ?—না আমরাই তাতে ভর পাছি ? এখন এ-সৰ সন্মাদীদের দূরদুরান্তরে প্রচারকার্যে বেতে হবে—ছাইমাখা অর্থ-উলদ প্রাচীন সর্যাদীদের বেশভূষার গেলে প্রথম ভো জাহাজেই নেবে না; এরপ বেশে কোনরূপে ওদেশে পৌছলেও তাকে কারাগারে থাকতে হবে। দেশ, সভ্যতা ও সময়ের উপবোদী ক'রে সকল বিষয়ই কিছু কিছু change (পরিবর্তন) ক'রে নিতে হর। এর পর বাঙলা ভাষায় প্ৰবন্ধ লিখব মনে করছি। সাহিত্যদেবিগণ হয়তো তা দেখে গালমন করবে। করুক, ভবু বাঙলা ভাষাটাকে নৃতন হাঁচে গড়তে চেষ্টা ক'রব। এখনকার বাঙলা-লেখকেরা লিখতে গেলেই বেশী verbs ( ক্রিয়াপদ ) use ( ব্যবহার ) করে; তাতে ভাষায় জোর হয় না। বিশেষণ দিয়ে verb (ক্রিয়াপদ)-এর ভাব প্রকাশ করতে পারলে ভাষার तिमी स्थाप एक- अथन (थरक अक्रांश निथर किंहा कर विकि। 'উৰোধনে' এরণ ভাষায় প্রবন্ধ লিথতে চেষ্টা করবি'। ভাষার ভেতর verb ( ক্রিয়াপদ )-গুলি ব্যবহারের মানে কি জানিস ?—এরূপে ভাবের pause (বিরাম) দেওয়া; দেজত ভাষায় অধিক ক্রিয়াপদ ব্যবহার করাটা ঘন ঘন নিঃশাদ ফেলার মতো তুর্বলভার চিত্র্মাত্ত। এরপ করলে बत्न इयु, (यन ভाषांत्र एम ताहे। त्मक्कारे बांधना ভाषांत्र जान lecture ( वकुछा) दरश्वा यात्र ना। छायात्र উপत वात्र control ( एथन ) चाह्य, সে অভ শীগগীর শীগগীর ভাব থামিয়ে ফেলে না। তোলের ভালভাভ খেয়ে শরীর বেমন ভেতো হয়ে গেছে, ভাষাও ঠিক সেইরপ হয়ে গাঁড়িয়েছে: আহার চালচলন ভাব-ভাষাতে তেজ্বিতা আনতে হবে, সব দিকে প্রাণের বিস্তার করতে হবে-সব ধমনীতে রক্তপ্রবাহ প্রেরণ করতে হবে, যাতে সকল বিষয়েই একটা প্রাণস্পদান অমুত্ত হয়। তবেই এই ছোর জীবনসংগ্রামে দেশের লোক survive করতে (বাঁচতে) পারবে। নতুৰা অদূরে মৃত্যুর ছায়াতে অচিরে এ দেশ ও জাতিটা মিশে বাবে।

শিয়। মহাশয়, অনেক কাল হইতে এ দেশের লোকের ধাতু এক রকম হইয়া গিয়াছে; উহার পরিবর্তন করা কি শীল্প সম্ভব ?

<sup>&</sup>gt; তথৰ 'উৰোধন' পত্ৰিকা প্ৰকাশ কৰিবার আরোজন চলিতেছিল :

ৰামীলী। তুই যদি পুরানো চালটা ধারাপ বুৰে থাকিস ভো বেমন বললুম
. নৃতন ভাবে চলতে শেখ না। তোর দেখাদেখি আরো দশজনে তাই
করবে; তাদের দেখে আরো ৫০ জনে শিখবে—এইরপে কালে সমন্ত
ভাতটার ভেতর ঐ নৃতন ভাব জেগে উঠবে। আর বুঝেও যদি তুই
সেরশ্ব কাজ না করিস, তবে জানবি ভোরা কেবল কথায় পণ্ডিত—
practically (কাজের বেলায়) মূর্থ।

শিক্ত। আপনার কথা ভনিলে মহা সাহসের সঞ্চার হয়, উৎসাহ বল ও তেজে হালয় ভরিয়া বায়।

শামীজী। বাদয়ে ক্রমে ক্রমে বল আনতে হবে। একটা 'মাছ্ব' বদি তৈরী হয়, তো লাথ বক্তভার ফল হবে। মন মুখ এক ক'রে idea (ভাব)-গুলি জীবনে ফলাতে হবে। এর নামই ঠাকুর বলতেন 'ভাবের ঘরে চুরি না থাকা।' সব দিকে practical (কাজের লোক) হ'তে হবে। থিওরিতে থিওরিতে দেশটা উচ্ছর হয়ে গেল। যে ঠিক ঠিক ঠাকুরের সন্ধান হবে, সে ধর্মভাবসকলের practicality (কাজে পরিণত করবার উপায়) দেখাবে, লোকের বা সমাজের কথায় ক্রক্ষেপ না ক'রে জাপন মনে কাজ ক'রে বাবে। তুলসীদাসের দোহায় আছে, ভনিস্নি ?—

হাতী চলে বাঝারমে কুন্তা ভোঁকে হাঝার। সাধুনকো হুর্ভাব নেহি যব্ নিন্দে সংসার ॥

—এই ভাবে চলতে হবে। লোককে জানতে হবে পোক। তাদের ভালমন্দ কথায় কান দিলে জীবনে কোন মহৎ কাজ করতে পারা হায় না। 'নায়মাজা বলহীনেন লভ্যঃ'—শরীরে-মনে বল না থাকলে আত্মাকে লাভ করা হায় না। পৃষ্টিকর উত্তম আহারে আলে শরীর গভ়তে হবে, তবে ভো মনে বল হবে। মনটা শরীরেরই স্প্রাংশ। মনে-মৃথে ধ্ব জোর করবি। 'আমি হীন, আমি হীন' বলতে বলতে মাস্থ্য হীন হয়ে হায়। শাস্ত্রকার ভাই বলেছেন—

মুক্তাভিমানী মুক্তো হি বন্ধো বন্ধাভিমান্তণি। কিম্বদন্তীতি সত্যেয়ং বা মতিঃ সা গতির্ভবেং॥

—বার 'মৃক্ত'-অভিমান সর্বদা জাগন্ধক, সেই মৃক্ত হরে বায়; বে ভাবে 'আমি বন্ধ', জানবি জয়ে জয়ে ভারে বন্ধনদশা। ঐতিক পারমার্থিক

উভয় পক্ষেই ঐ কথা সত্য জানবি। ইহ'জীবনে বারা সর্বদা হতাশচিত্ব, তাদের বারা কোন কাজ হ'তে পারে না; তারা জন্ম জন্ম হা হতাশ করতে করতে আদে ও বার। 'বীরভোগ্যা বহুদ্বরা'—বীরই বহুদ্ধরা জোগ করে, এ-কথা গুল সত্য। বীর হ—সর্বদা বল্ 'অভীঃ, অভীঃ'। সকলকে শোনা 'মাতৈঃ মাতৈঃ'—ভরই মৃত্যু, ভরই পাপ, জরই নরক, ভরই অধর্ম, ভরই ব্যক্তিচার। জগতে যত কিছু negative thoughts (নেতিবাচক ভাব) আছে, সে-সকলই এই ভয়রণ শরতান থেকে বেরিয়েছে। এই ভরই হুর্ধের সূর্যন্ত, ভরই বায়ুর বায়ুত্ব, ভরই বনের বমত্ব বথান্থানে রেখেছে—নিজের নিজের গণ্ডির বাইরে কাউকে বেভে দিছের না। তাই শ্রুতি বলছেন,

ভয়াদন্তায়িত্তপতি ভয়াৎ তপতি সূৰ্য:। ভয়াদিক্ৰ'চ বায়্ক মৃত্যুধবিতি পঞ্চম:॥'

বেদিন ইন্দ্র চন্দ্র বায়ু বঙ্গণ ভয়শৃত্ত হবেন, সব এক্ষে মিশে বাবেন; স্পষ্টিরূপ অধ্যাসের লয় সাধিত হবে। তাই বলি—'অভীঃ, অভীঃ'।

— বলিতে বলিতে স্বামীকীর সেই নীলোৎপল-নয়নপ্রাস্ত বেন অরুপরাগে রঞ্জিত হইরাছে। বেন 'অভী:' মৃতিমান্ হইয়া গুরুত্বপে শিক্সের সমূথে সশরীরে অবস্থান করিতেছেন।

ষামীজী আবার বলিতে লাগিলেন: এই দেহধারণ ক'রে কত স্থেছংশে—কত সম্পদ-বিপদের তরকে আলোড়িত হবি। কিন্তু জানবি, ও-সব
মূহর্তকাল-ছায়ী। ঐ-সকলকে প্রাহের ভেতর আনবিনি, 'আমি অজব অমর
চিমার আত্মা'—এই ভাব হদরে দৃঢ়ভাবে ধারণ ক'রে জীবন অতিবাহিত করতে
হবে। 'আমার জন্ম নেই, আমার মৃত্যু নেই, আমি নির্লেপ আত্মা'—এই
ধারণার একেবারে তন্মর হয়ে যা। একবার তন্মর হয়ে মেতে পারলে ছংখকটের সমর আপনা-আপনি ঐ ভাব মনে উঠে পড়বে, চেটা ক'রে আর
আনতে হবে না। এই বে সেদিন বৈত্যনাথ দেওবরে প্রিয় মৃথ্যের বাড়ি
গিয়েছিল্ম, সেধানে এমন হাঁপ ধ'রল বে প্রাণ বার। ভেতর থেকে কিন্তু
ভাবে খানে গভীর ধ্বনি উঠতে লাগলো—'লোহহং লোহহং'; বালিশে ভর

ক'রে প্রাণবায় বেরোবার অপেকা করছিলুম' আর দেখছিলুম—ভেডর থেকে কেবল শব্দ হচ্ছে 'সোহহং সোহহং'—কেবল জনভে লাগলুম 'একমেবারম্বং ব্রহ্ম নেহ নানাভি কিঞ্ন !'

শিশু। (স্তম্ভিড হইরা) মহাশর, আশনার সঙ্গে কথা কহিলে, আপনার অহুভূতিসকল শুনিলে শাস্ত্রণাঠের আর প্রয়োজন হয় না।

খামীজী। নাবে! শান্তও পড়তে হয়। জ্ঞানলাভের জন্ত শান্তপাঠ একান্ত প্রয়োজন। আমি মঠে শীন্তই class (ক্লাস) খুলছি। বেদ, উপনিবদ্, গীতা, ভাগবত পড়া হবে, অষ্টাধ্যায়ী পড়াব।

শিয়। আপনি কি অষ্টাধ্যায়ী পাণিনি পড়িয়াছেন ?

খামীজী। বধন জয়পুরে ছিল্ম, তথন এক মহাবৈয়াকরণের সজে দেখা হয়। তাঁর কাছে ব্যাকরণ পড়তে ইচ্ছা হ'ল। ব্যাকরণে মহাপণ্ডিত হলেও তাঁর অধ্যাপনার তত ক্ষমতা ছিল না। আমাকে প্রথম প্রের ভায় তিন দিন ধরে বোঝালেন, তর্ও আমি তার কিছুমাত্র ধারণা করতে পারল্ম না। চার দিনের দিন অধ্যাপক বিরক্ত হয়ে বললেন, 'স্বামীজী! তিন দিনেও আপনাকে প্রথম প্রের মর্ম বোঝাতে পারল্ম না! আমাঘারা আপনার অধ্যাপনায় কোন ফল হবে না বোধ হয়।' ঐ কথা খনে মনে তীত্র ভর্পনা এল। থ্ব দৃঢ়সয়য় হয়ে প্রথম প্রের ভায় নিজে নিজে পড়তে লাগল্ম। তিন ঘণ্টার মধ্যে ঐ প্রভাল্তের অর্থ বেন 'করামলকবং' প্রত্যক্ষ হয়ে গেল, তারপর অধ্যাপকের কাছে গিয়ে সমন্ত ব্যাধ্যার তাৎপর্য কথায় কথায় ব্রিয়ে বলল্ম। অধ্যাপক খনে বললেন, 'আমি তিন দিন ব্রিয়ে বা করতে পারল্ম না, আপনি তিন ঘণ্টায় তার এমন চমংকায় ব্যাধ্যা কেমন ক'য়ে উদ্বার করলেন, গ তারপর প্রতিদিন জায়ারের জলের মতো অধ্যায়ের পর অধ্যায় পড়ে ষেতে লাগল্ম। মনের একাগ্রতা থাকলে সব সিদ্ধ হয়—হমেন্ত চ্প করতে পারা বায়।

শিশ্য। মহাশন্ন, আপনার সবই অভ্ত।

ম্বামীনী। অভ্ত ব'লে বিশেষ একটা কিছুই নেই। অঞ্চানতাই অন্ধকার। ভাতেই সব তেকে রেখে অভ্ত দেখার। জ্ঞানালোকে সব উদ্ভিন্ন হ'লে

ডিসেম্বরের শেব দিকে বায়্পরিবর্তনের জন্ত বৈভানাথে প্রিয়নাথ ম্থোপাধ্যায়ের বাড়িতে
গিয়া বামীজী বিশেব অক্ষয় হইয়া পডেন।

কিছুরই আর অভ্তম্ব থাকে না। এমন বে অঘটন-ঘটন-পটীয়নী বায়া, তা-ও নুকিয়ে বায়! থাঁকে জানলে সব জানা বায়, তাঁকে জান্ত্র্র কথা ভাব্—সেই আত্মা প্রভাক্ষ হ'লে শাস্তার্থ 'করামলকবং' প্রভাক্ষ হবে। পুরাতন ঋষিগণের হয়েছিল, আর আমাদের হবে না? আমরাও মাছ্য। একবার একজনের জীবনে বা হয়েছে, চেটা করলে তা অবশ্রই আবার অত্যের জীবনেও দিল্ল হবে। History repeats itself—যা একবার ঘটেছে, তাই বায় বায় ঘটে। এই আত্মা সর্বভূতে সমান। কেবল প্রতি ভূতে তাঁর বিকাশের তারতম্য আছে মাত্র। এই আত্মা বিকাশ করবার চেটা কর্। দেখবি বৃদ্ধি সব বিষয়ে প্রবেশ করবে। জনাত্মক্ত পুরুষের বৃদ্ধি একদেশদর্শিনী। আত্মক্ত পুরুষের বৃদ্ধি সর্ব্যাসিনী। আত্মক্ত পুরুষের বৃদ্ধি একদেশদর্শিনী। আত্মক্ত পুরুষের বৃদ্ধি সর্ব্যাসিনী। আত্মার প্রকাশ হ'লে দেখবি দর্শন বিজ্ঞান সব আয়ন্ত হয়ে বাবে। দিংহগর্জনে আত্মার মহিমা ঘোষণা কর্, জীবকে অভয় দিয়ে বল্—'উভিচিত জাগ্রত প্রাণ্য বরান্ নিবাধত'— Arise I awake I and stop not till the goal is reached. ( ওঠ, জাগো, লক্ষ্যে না গৌছানো পর্যন্ত থামিও না। )

29

## স্থান—বেলুড়, ভাড়াটিয়া মঠ-বাটী কাল—১৮৯৮

আৰু ত্-দিন হইল শিশ্ব বেল্ডে নীলাম্ববাব্ব বাগানবাটীতে স্বামীন্ধীর কাছে বহিয়াছে। কলিকাতা হইতে অনেক যুবক এ সময় স্বামীন্ধীর কাছে বাডায়াত করায় মঠে বেন আন্ধকাল নিত্য-উৎসব। কত ধর্মচর্চা, কত সাধনভন্তনের উত্তম, কত দীনত্ঃধ্যোচনের উপায় স্বালোচিত হইতেছে!

আৰু খামীনী শিশুকে তাঁহার কক্ষে রাত্রে থাকিবার অহমতি দিয়াছেন। এই সেবাধিকার পাইয়া শিশুর হৃদয়ে আৰু আনন্দ ধরে না। প্রসাদ-গ্রহণান্তে সে খামীনীর পদ্দেবা করিতেছে, এমন সময় খামীনী বলিলেন: এমন জারগা ছেড়ে তুই কি না কলকাতার বেতে চাস্—এথানে ক্রেমন পৰিত্র ভাব, কেমন গলার হাওয়া, কেমন সব সাধ্র স্মাগম! এমন ছান কি ভাব কোথাও খুঁজে পাবি ?

- শিশ্ব। মহাশন্ত্র, বহু জরাভারের তপশ্চার আপনার সম্বলাভ হইরাছে। এখন বাহাতে আর না মান্তামোহের মধ্যে পড়ি, রুপা করিয়া তাহা করিয়া দিন। এখন প্রত্যক্ষ অন্তভ্তির জন্ম মন মাঝে মাঝে বড় ব্যাকুল হয়।
- স্বামীজী। স্বামারও স্বমন কভ হয়েছে। কাশীপুরের বাগানে একদিন ঠাকুরের কাছে খুব ব্যাকুল হয়ে প্রার্থনা জানিয়েছিলুম। তারপর সন্থ্যার সময় খ্যান করতে করতে নিজের দেহ খুঁজে পেলুম না। দেহটা একেবারে নেই মনে হয়েছিল। চন্দ্র সূর্ব, দেশ কাল আকাশ-- সব ষেন একাকার হয়ে কোথায় মিলিয়ে গিয়েছিল, দেহাদি-বৃদ্ধির প্রায় অভাব रम्बिन, थात्र नीन रम तिहन्म चात्र कि ! এक है 'चर' हिन, जारे দে সমাধি থেকে ফিরেছিলুম। এরণ সমাধিকালেই 'আমি' আর 'ব্ৰক্ষের' ভেদ চলে ৰায়, সব এক হয়ে ৰায়, বেন মহাসমূত্ৰ--জল জল, আর কিছুই নেই, ভাব আর ভাষা সব ফুরিয়ে যায়। 'অবাভ্যনসো-त्गाठवम' कथांछ। थे नम्दब्रे ठिक ठिक উপनिक एव। नजुर। 'कांबि बन्न' এ-কথা সাধক বখন ভাবছে বা বলছে তখনও 'আমি' ও 'ব্ৰহ্ম' এই তুই পদার্থ পৃথক থাকে—বৈতভান থাকে। তারপর ঐরপ অবস্থালাভের ব্দস্ত বারংবার চেষ্টা করেও আনতে পারলুম না। ঠাকুরকে জানাডে वनानन. 'निवाबाद के व्यवसार थाकान मा-व काम हार ना ; मानक এখন আর ঐ অবস্থা আনতে পারবি না, কাল করা শেব হ'লে পর আবার ঐ অবস্থা আসবে।'
- শিষ্য। নিংশেষ সমাধি বা ঠিক ঠিক নির্বিকন্ন সমাধি হইলে তবে কি কেছই আর প্নরায় অহংজ্ঞান আশ্রয় করিয়া বৈতভাবের রাজ্যে,—সংসারে ফিরিতে পারে না ?
- খামীজী। ঠাকুর বদতেন, 'একমাত্র অবভারেরাই জীবছিতে ঐ সমাধি থেকে নেবে আসতে পারেন। সাধারণ জীবের আর ব্যুখান হয় না; একুশ দিন-মাত্র জীবিত থেকে ভালের দেহটা শুক্ব পত্রের মতো সংসাররণ বৃক্ষ হ'তে ধনে পড়ে বায়।'

- শিষ্ক। মন বিল্প হইরা যথন সমাধি হয়, মনের কোন ভরক্ট যথন আছ থাকে না, তথন আবার বিকেপের—আবার অহংক্রান লইরা সংসারে ফিরিবার সভাবনা কোথার? মনট যখন নাই, তথন কে কি নিমিত্তই বা সমাধি-অবস্থা ছাড়িয়া বৈভরাজ্যে নামিয়া আদিবে?
- শামীনী। বেদান্তশান্তের অভিপ্রায় এই বে, নিঃশেব নিরোধ-সমাধি থেকে পুনরাবৃত্তি হয় না; যথা—'অনাবৃত্তিঃ শকাং'। কিন্তু অবতারেরা এক-আঘটা সামান্ত বাসনা জীবহিতকরে রেখে দেন। তাই ধরে আবারু superconscious state (জ্ঞানাতীত ভূমি) থেকে conscious state-এ—'আমি তৃমি'-জানমূলক বৈতভূমিতে আসেন।
- শিশু। কিন্তু মহাশয়, যদি এক-আধটা বাসনাও থাকে, তবে তাহাকে
  নিংশেষ নিরোধ-সমাধি বলি কিরুপে ? কারণ শাস্ত্রে আছে, নিংশেক
  নির্বিকল্প সমাধিতে মনের সর্ব বৃত্তির, সকল বাসনার নিরোধ বা ধ্বংস
  হইয়া যায়।
- শামীজী। মহাপ্রলয়ের পরে তবে স্পষ্টিই বা আবার কেমন ক'রে হবে ? মহাপ্রেলয়েও তো দব এক্ষে মিশে বায় ? তারপরেও কিন্তু আবার শাস্ত্রমূপে স্বষ্টিপ্রদক্ষ শোনা বায়—স্বষ্টি ও লয় প্রবাহাকারে আবার চলতে থাকে। মহাপ্রলয়ের পরে স্বষ্টি ও লয়ের পুনরাবর্তনের মতো অবতার-পুরুষদিগের নিরোধ এবং ব্যুখানও তেমনি অপ্রাদক্ষিক কেন হবে ?
- শিশু। আমি বদি বলি, লয়কালে পুন:স্টির বীজ ব্রন্ধে লীনপ্রায় থাকে এবং উহা মহাপ্রলয় বা নিরোধ-সমাধি নহে, কিছ স্টের বীজ ও শক্তিক —আপনি বেমন বলেন potential (অব্যক্ত) আকারধারণ মাত্র?
- খামীজী। তা হ'লে আমি ব'লব, বে ব্রন্ধে কোন বিশেষণের আভাগ নেই— যা নির্দেপ ও নিশুণ—তাঁর যারা এই স্ফটিই বা কির্মণে projected (বহির্গত) হওয়া সম্ভব হয়, তার জবাব দে।
- শিক্ত। ইহা তো seeming projection (আপাতপ্রতীয়নান বহি:প্রকাশ)।
  সে কথার উত্তরে তো শাল্ল বলিয়াছে বে, বন্ধ হইতে স্বাচীর বিকাশটা
  মক্ষমরীচিকার মতো দেখা বাইতেছে বটে, কিছু বন্ধতঃ স্বাচী প্রভৃতি
  কিছুই হয় মাই। ভাব-বন্ধ বন্ধের অভাব বা মিখা মারাশক্তিবশতঃ
  এইরপ লম দেখাইতেছে।

খানী নী। স্পটিটাই বলি বিধ্যা হয়—তবে জীবের নির্বিকর-সমাধি ও সমাধি
. থেকে ব্যুথানটাকেও তুই seeming (মিধ্যা) ধরে নিতে পারিন তো ?
জীব স্বতই অক্ষরপ ; তার স্বাবার ব্যৱের স্বয়ন্ত্তি কি ? তুই বে
'আমি স্বাস্থা' এই স্বয়ন্ত্র করতে চাস, সেটাও তা হ'লে ভ্রম, কারণ
শাস্ত্র বলছে, You are already that (তুমি সর্বদা ক্রমই হয়ে
রয়েছে)। স্বত্যব 'স্বয়নেব হি তে বন্ধ: সমাধিমহুতির্চিসি'—তুই বে
সমাধিলাভ করতে চাচ্ছিদ, এটাই তোর বন্ধন।

শিষ্ক। এ তো বড় মুশকিলের কথা; আমি যদি বন্ধাই, তবে ঐ বিষয়ের সর্বদা অহুভূতি হয় না কেন ?

পামীজী। Conscious plane-এ ('তুমি-আমি'র বৈভভূমিতে) ঐ কথা অমৃভৃতি করতে হ'লে একটা করণ বা বা বারা অমৃভব করবি, তা একটা চাই। মনই হচ্ছে আমাদের সেই করণ। কিন্তু মন পদার্থটা তো জড়। পেছনে আত্মার প্রভার মনটা চেতনের মতো প্রতিভাত হচ্ছে মাত্র। পঞ্চশীকার তাই বলেছেন, 'চিচ্ছাশ্বাবশত: শক্তিক্তেতনেব বিভাতি দা'--চিৎস্বরূপ আত্মার ছায়া বা প্রতিবিম্বের আবেশেই শক্তিকে रेठ्डअमग्री व'ल मान एवं जार जे क्छरे मनाक्छ एठ्डनभगर्स व'ल বোধ হয়। অতএব 'মন' দিয়ে তদ্ধ চৈতন্তস্বরূপ আত্মাকে যে জানতে পারবি না, এ-কথা নিশ্চয়। মনের পারে যেতে হবে। মনের পারে তো আর কোন করণ নেই-এক আত্মাই আছেন: হুডরাং ঘাকে জানবি, সেটাই জাবার করণস্থানীয় হয়ে দাঁড়াচ্ছে। কর্তা কর্ম করণ-এক হয়ে দাঁড়াচ্ছে। একর শ্রুতি বলছেন, 'বিজ্ঞাতারমরে কেন বিজ্ঞানীয়াং।' ফল-কথা conscious plane-এর (বৈভজ্মির) উপরে একটা অবস্থা আছে, সেখানে কর্তা-কর্ম-করণাদির হৈতভান तिहै। यन निक्क ह'ल जो প्राज्य हम। यन जाया तिहै व'ल के অবহাটিকে 'প্রত্যক্ষ' করা বলছি; নতুবা সে অহতব-প্রকাশের ভাষা নেই! শহরাচার্য ভাকে 'অপরোক্ষাস্তৃতি' ব'লে গেছেন। ঐ প্রভাকাহভূতি বা অপরোকাহভূতি হলেও অবভারেরা নীচে নেবে এনে বৈতভূমিতে তার আভাস দেন। সে বস্তুই বলে, ( আগুপুরুষের ) অহতব र्थाक है विशामि भाष्मिय छैर मिछ हरवह । मांशावन कीरवत व्यवशा किछ 'হনের পৃত্লের সম্প্র মাণতে গিয়ে গলে বাওয়ার' মতো; ব্যলি ? মোট কথা হচ্ছে বে, 'তুই বে নিতৃত্যকাল ব্রহ্ম' এই কথাটা জানডে হবে মাত্র; তুই সর্বদা তাই হয়ে রয়েছিস, তবে মাঝধান থেকে একটা জড় মন (বাকে শাস্ত্রে মায়া বলে) এসে সেটা ব্রতে দিচ্ছে না; সেই স্ক্র, জড়রূপ উপাদানে নির্মিত মনরূপ পদার্থটা প্রশমিত হ'লে— আত্মার প্রভায় আত্মা আপনিই উদ্ভাসিত হন। এই মায়া বা মন বে মিধ্যা, তার একটা প্রমাণ এই বে, মন নিজে জড় ও অক্কার-ক্রপ। পেছনে আত্মার প্রভায় চেতনবৎ প্রতীত হয়। এটা যধন ব্রতে পারবি, তথন এক অথও চেতনে মনের লয় হয়ে যাবে; তথনই অয়ভ্তি হবে—'অয়্মাত্মা ব্রহ্ম'।

অতঃপর স্বামীজী বলিলেন, 'তোর ঘুম পাচ্ছে বৃঝি ?—তবে শো।' শিক্ষ স্বামীজীর পাশের বিছানায় শুইয়া নিজা বাইতে লাগিল। শেব রাত্রে সে এক অভ্ত স্বপ্ন দেখিরা নিজাভলে আনন্দে শব্যা ত্যাগ করিল। প্রাতে গলালাভে শিক্ষ আদিয়া দেখিল স্বামীজী মঠের নীচের তলার বড় বেঞ্ধানির উপর পূর্বাস্থ হইয়া বিদিয়া আছেন। গত রাত্রের স্বপ্ন-কথা স্মরণ করিয়া স্বামীজীর পাদপদ্ম অর্চনা করিবার জন্ম স্বামীজীর অন্তমতি প্রার্থনা করিল। তাহার একান্ত আগ্রহে স্বামীজী সম্মত হইলে সে কতকগুলি ধুতুরা পূস্প সংগ্রহ করিয়া আনিয়া স্বামি-শরীরে মহাশিবের অধিষ্ঠান চিন্তা করিয়া বিধিমত তাঁহার পূজা করিল।

প্ৰান্তে খামীজী শিয়কে বলিলেন, 'ভোর প্ৰান্তা তো হ'ল, কিছ বাব্রাম (প্রেমানন্দ) এনে ভোকে এখনি খেরে ফেলবে! তুই কেনা ঠাকুরের প্রোর বাসনে (প্রপাতে) আমার পা রেখে প্রো করলি?' কথাগুলি বলা শেষ হইতে না হইতে খামী প্রেমানন্দ সেখানে উপন্থিত হইলেন এবং খামীজী ভাঁহাকে বলিলেন, 'ওরে, দেখ, আল কি কাও করেছে!! ঠাকুরের প্রোর খালা বাসন চন্দন এনে ও আল আমার প্রো করেছে।' খামী প্রেমানন্দ মহারাল্প হাসিতে হাসিতে বলিলেন, 'তা বেশ করেছে; তুমি আর ঠাকুর কি ভিন্ন?' কথা শুনিরা শিয় নির্ভয় হইল।

শিশ্ব গোঁড়া হিন্দু; অথাভ দুরে থাকুক কাহারও স্পৃষ্ট দ্রব্য পর্যন্ত থায় না। একত স্বামীকী শিহকে কথন কথন 'ভট্চার' বলিয়া ভাকিছেন। প্রাতে জলবোগসময়ে বিলাতি বিষ্টাদি বাইতে ধাইতে বামীলী সদানন্দ্র বামীকে বলিলেন, 'ভট্চাবকে ধরে নিয়ে আয় তো।' আদেশ শুনিয়া শিশু নিকটে উপস্থিত হইলে বামীজী ঐ-সকল স্রব্যের কিঞ্চিৎ তাহাকে প্রসাদস্বরূপে ধাইতে দিলেন। শিশু বিধা না করিয়া তাহা গ্রহণ করিল দেখিয়া বামীজী তাহাকে বলিলেন, 'আজ কি খেলি তা জানিস্?' এগুলি ডিমের তৈরী!' উত্তরে সে বলিল, 'বাহাই থাকুক আমার জানিবার প্রয়োজন নাই। আপনার প্রসাদরূপ অমৃত থাইয়া অমর হইলাম।' শুনিয়া বামীজী বলিলেন, 'আজ থেকে তোর জাত, বর্ণ, আভিজাত্য, পাপপ্রাদি অভিমান জ্মের মতো দ্ব হোক—আশীর্বাদ করিছ।'

অপরাত্নে স্বামীন্ত্রীর কাছে মান্রাজের একাউণ্টেণ্ট ক্রেনারেল বাবু মন্নথনাথ
ভটাচার্য উপস্থিত হইলেন। আমেরিকা ষাইবার পূর্বে মান্রাজে স্বামীন্ত্রী
কয়েক দিন ইহার বাটীতে অতিথি হইরাছিলেন এবং তদবধি ইনি স্বামীন্ত্রীকে
বিশেষ ভক্তি-শ্রুদ্ধা করিতেন। ভটাচার্য মহাশন্ত্র স্বামীন্ত্রীকে পাশ্চাত্য দেশ ও
ভারতবর্ষ সহন্ধে নানা কথা জিজ্ঞাসা করিতে লাগিলেন। স্বামীন্ত্রী তাঁহাকে
ঐ-সকল প্রশ্নের উত্তর প্রদান করিয়া এবং অক্ত নানাক্রণে আপ্যান্থিত করিয়া
বলিলেন, 'একদিন এখানে থেকেই বান না।' মন্নথবাবু তাহাতে রাজী হইরা।
'আর একদিন এনে থাকা ষাবে' বলিয়া বিদায় গ্রহণ করিলেন।

74

## স্থান—বেগুড়, ভাড়াটিয়া মঠ-বাটা কাল—১৮৯৮

শিশু আজ প্রাতে মঠে আসিরাছে। স্বামীজীর পাদপদ্ম বন্দনা করিয়া দাঁড়াইবামাত্র স্বামীজী বলিলেন, 'কি হবে আর চাকরি ক'রে? না হয় একটা ব্যবসা কর্।' শিশু তথন এক স্থানে একটি প্রাইভেট মান্টারি করে মাত্র। সংসারের ভার তথনও তাহার ঘাড়ে পড়ে নাই। আনন্দে দিন কাটায়। শিক্ষতা-কার্থ-সহজে জিজ্ঞাসা করার স্বামীজী বলিলেন:

অনেক দিন মান্টারি করলে বৃদ্ধি থারাপ হয়ে যায়; জ্ঞানের বিকাশ হয় না। দিনরাত ছেলের দলে থেকে থেকে ক্রমে জড়বৎ হয়ে যায়। আর মান্টারি করিস না।

শিশ্ব। তবে কি করিব?

স্থামীজী। কেন? যদি তোর সংসারই করতে হয়, যদি অর্থ-উপায়ের স্পৃহাই থাকে, তবে যা—আমেরিকায় চলে যা। আমি ব্যবসায়ের বৃদ্ধি দেব। দেখবি পাঁচ বছরে কত টাকা এনে ফেলতে পারবি।

শিষ্য। কি ব্যবসা করিব ? টাকাই বা কোণা হইতে পাইব ? স্বামীনী। পাগলের মতো কি বকছিল ? ভেতরে অদম্য শক্তি রয়েছে।

শুধু 'আমি কিছু নই' ভেবে ভেবে বীর্যহীন হয়ে পড়েছিল। তুই
কেন ?—সব জাডটা তাই হয়ে পড়েছে! একবার বেড়িয়ে আয়—
দেখবি ভারতেতর দেশে লোকের জীবন-প্রবাহ কেমন তরতর ক'রে
প্রবল বেগে বয়ে বাছে। আর তোরা কি করছিল্ ? এত বিছা শিথে
পরের দোরে ভিখারীর মডো 'চাকরি দাও, চাকরি দাও' ব'লে
টেচাছিল। জুভো খেয়ে খেয়ে— দাসত্ব ক'রে ক'রে তোরা কি আর
মাহ্য আছিল! ভোদের মূল্য এক কানাকড়িও নয়। এমন সজ্লা
সফলা দেশ, বেখানে প্রকৃতি অক্ত সকল দেশের চেয়ে কোটিগুণে
ধন-ধাত্ত প্রস্ব করছেন, সেখানে দেহধারণ ক'রে ভোদের পেটে অয়
মেই, পিঠে কাণড় নেই! যে দেশের ধন-ধাত্ত পৃথিবীর অন্ত সব দেশে
civilisation (সভ্যতা) বিন্তার করেছে, সেই অরপ্রার দেশে ভোদের

এমন তুর্দশা? ঘূণিত কুত্র অপেকাও বে তোদের ত্র্দশা হয়েছে! তোরা আবার তোদের বেদবেদান্তের বড়াই করিস! বে জাত সামান্ত অরবস্থের সংস্থান করতে পারে না, পরের মুখাপেক্ষী হয়ে জীবনধারণ করে, সে জাতের আবার বড়াই! ধর্মকর্ম এখন গলায় ভাসিরে আগে জীবনসংগ্রামে অগ্রসর হ। ভারতে কত জিনিস জ্মায়। বিদেশী লোক সেই raw material (কাঁচা মাল) দিয়ে তার সাহায্যে সোনা ফলাচ্ছে। আর তোরা ভারবাহী গর্দভের মতো তাদের মাল টেনে মরছিল। ভারতে বে-সব পণ্য উৎপন্ন হয়, দেশবিদেশের লোক তাই নিয়ে তার ওপর বৃদ্ধি ধরচ ক'রে, নানা জিনিস তৈয়ের ক'রে বড় হয়ে গেল; আর তোরা তোদের বৃদ্ধিটাকে সিন্দুকে পুরে রেখে ঘরের ধন পরকে বিলিয়ে 'হা অর, হা অর' ক'রে বড়াছিস!

শিক্স। কি উপায়ে অন্ন-সংস্থান হইতে পারে, মহাশয় ?

খামীজী। উপায় তোদেরই হাতে রয়েছে। চোথে কাপড় বেঁধে বলছিন, 'আমি আদ্ধ, কিছুই দেখতে পাই না!' চোথের বাঁধন ছিঁড়ে ফেল্, দেখবি মধ্যাহুন্থরে কিরণে জগৎ জালো হয়ে রয়েছে। টাকা না জোটে তো জাহাজের খালাসী হয়ে বিদেশে চলে বা। দিনী কাপড়, গামছা, কুলো, ঝাঁটা মাথায় ক'রে আমেরিকা-ইওরোপে পথে পথে ফেরি করগে। দেখবি—ভারত-জাত জিনিসের এখনও কত কদর! আমেরিকায় দেখলুম, হগলী জেলার কতকগুলি মুসলমান এরপে ফেরি ক'রে ক'রে ধনবান্ হয়ে পড়েছে। তাদের চেয়েও কি তোদের বিভাব্দি কম? এই দেখ না—এদেশে বে বেনারসী শাড়ী হয়, এমন উৎকৃষ্ট কাপড় পৃথিবীর আর কোথাও জয়ায় না। এই কাণড় নিয়ে আমেরিকায় চলে বা। সে দেশে ঐ কাপড়ে গাউন তৈরী ক'রে বিক্রী করতে লেগে বা, দেখবি কত টাকা আদে।

শিক্ত। মহাশয়, তারা বেনারসী শাড়ীর গাউন পরিবে কেন? শুনেছি, চিত্রবিচিত্র কাণ্ড ওদেশের মেরেরা গছন্দ করে না।

খামীজী। নেবে কি না, তা আমি বুঝব এখন। তুই উভ্নম ক'বে চ'লে বা দেখি! আমাব বহু বন্ধুবান্ধব সে দেশে আছে। আমি ভোকে তাদেব কাছে introduce (পরিচিত) ক'বে দিছি। তাদেব ভেডর ঐশুলি ক্ষয়েরাধ ক'বে প্রথমটা চালিয়ে দেবো। তারণর দেধবি—কভ লোক তাদের follow (অহসরণ) করবে। তুই তথন মাল দিয়ে কুলিয়ে উঠতে পারবিনি।

শিয়। ব্যবসা করিবার মৃলধন কোথার পাইব ?

স্বামীন্দী। স্বামি বে ক'রে হোক তোকে start ( স্বারম্ভ ) করিয়ে দেবো।
তারপর কিন্তু তোর নিজের উত্তমের উপর সব নির্ভর করবে। 'হতো
বা প্রাপ্সাসি স্বর্গং জিন্তা বা ভোক্যাসে মহীম্'—এই চেষ্টায় যদি মরে যাস
তা-ও ভাল, তোকে দেখে স্বারম্ভ দশ জন স্বগ্রসর হবে। স্বার্ক যদি success ( সফলতা ) হয়, তো মহাভোগে জীবন কাটবে।

<u> निश्च। व्यास्क हैं।। किन्ह माहत्म कूनांग्र ना।</u>

স্বামীন্দী। তাইতো বলছি বাবা, তোদের শ্রদ্ধা নেই—আত্মপ্রভান্নও নেই। कि इरत राजातित ? ना इरत मश्मात्र, ना इरत धर्म। इन्न जैश्रकांत्र উত্যোগ উভয় ক'রে সংসারে successful (গণ্য মান্ত সফল) হ— নম্ন তো সব ছেড়ে-ছুড়ে দিয়ে আমাদের পথে আয়। দেশ-বিদেশের লোককে ধর্ম উপদেশ দিয়ে তাঁদের উপকার কর। তবে তো আমাদের মতো ভিকা মিলবে। আদান-প্রদান না থাকলে কেউ কাক্সর দিকে চায় না। দেপছিদ তো আমরা হুটো ধর্মকথা শোনাই, তাই গেরন্তের। আমাদের হুমুঠো অন্ন দিচ্ছে। তোরা কিছুই করবিনি, তোদের লোকে অন্ন দেবে কেন? চাকরিতে গোলামিতে এত দুঃখ দেখেও তোদের **टिंग हिल्ह ना, कारबंदे इः४७ एवं इट्लंड ना! अ निकार देवती** মান্নার থেলা! ওদেশে দেখলুম, যারা চাকরি করে, parliament-এ (জাতীয় সমিতিতে) তাদের স্থান পেছনে নির্দিষ্ট। যারা নিজের উভ্তমে বিভায় বৃদ্ধিতে স্বনামধন্ত হয়েছে, তাদের বসবার অক্তই front seat (সামনের আসনগুলি)। ও-সব দেশে জাত-ফাতের উৎপাত নেই। উত্তম ও পরিপ্রমে ভাগালকা বাদের প্রতি প্রসরা, তারাই দেশের নেতা ও নিয়ন্তা বলে গণ্য হন। আর তোদের দেশে ভাতের বড়াই ক'রে ক'রে ডোদের অন্ন পর্যন্ত জুটছে না। একটা ছুট গড়বার ক্ষমতা নেই, তোরা আবার ইংরেজদের criticise. (দোষগুণ-বিচার) করতে যাস—আহম্মক! ওদের পায়ে ধরে জীবন-

সংগ্রামোণবোগী বিভা, শিরবিজ্ঞান, কর্মতৎপরতা শিথগে। বধন উপযুক্ত হবি, তখন ভোদের আবার আদর হবে। ওরাও তখন ভোদের কথা রাখবে। কোথাও কিছুই নেই, কেবল Congress (কংগ্রেস— জাতীর মহাদামতি ) ক'রে টেচামিচি করলে কি হবে ?

শিশ্ব। মহাশন্ন, দেশের সমন্ত শিক্ষিত লোকই কিন্ধ উহাতে যোগদান কবিতেছে।

স্বামীন্দী। কয়েকটা পাস দিলে বা ভাল বক্ততা করতে পারলেই ভোদের কাছে শিক্ষিত হ'ল ৷ যে বিষ্ঠার উল্লেষে ইতর-সাধারণকে জীবনসংগ্রামে সমর্থ করতে পারা যায় না, যাতে মাহুষের চরিত্রবন, পরার্থতৎপরতা, সিংহসাহসিকতা এনে দেয় না, সে কি আবার শিক্ষা ? যে শিক্ষায় জীবনে নিজের পারের উপরে দাঁড়াতে পারা বায়, সেই হচ্ছে শিক্ষা। আত্তকালকার এই সব স্থল-কলেজে পড়ে তোরা কেমন এক প্রকারের একটা dyspeptic ( অন্তীৰ্নোগাকান্ত ) ন্তাত তৈনী হচ্ছিদ। কেবল machine ( কল ) এর মত থাটছিল, আর 'জায়স্থ শ্রিয়স্থ' এই বাকোর माक्तियद्भभ राम्न में फिराइकिम। এই यে চাষাভূষো, मृहि-मृक्षाकवान---এদের কর্মতৎপরতা ও আত্মনিষ্ঠা তোদের অনেকের চেয়ে ঢের বেশী। এরা নীরবে চিরকাল কাজ ক'রে যাচ্ছে, দেশের ধন-ধান্ত উৎপন্ন করছে, ( মূলধন ) তাদের হাতে গিয়ে পড়ছে—তোদের মতো তাদের অভাবের জন্ত তাড়না নেই। বর্তমান শিকায় তোলের বাহ্নিক হাল-চাল বদলে দিচ্ছে, অথচ নৃতন নৃতন উদ্ভাবনী শক্তির অভাবে ভোদের অর্থাগমের উপায় হচ্ছে না। ভোরা এই সব সহিষ্ণু নীচ জাতদের ওপর এডদিন অত্যাচার করেছিস, এখন এরা তার প্রতিশোধ নেবে। আর তোরা 'হা চাকরি, জো চাকরি' ক'রে ক'রে লোণ পেরে ষাবি।

শিশ্য। মহাশর, অপর দেশের তুলনার আমাদিগের উদ্ভাবনী শক্তি অর হইলেও ভারতের ইতর জাভিদকল তো আমাদের বৃদ্ধিতেই চালিত হইতেছে। অতএব ব্রাহ্মণ-কার্ছাদি ভক্ত জাভিদিগকে জীবনসংগ্রামে পরাজিভ করিবার শক্তি ও শিক্ষা ইতর জাভিরা কোণার পাইবে ? শামীনী। তোদের মতো তারা কতকগুলো বই-ই না-হর না পড়েছে। তোদের মতো শার্ট কোট পরে সন্ত্য না-হর নাই হ'তে শিথেছে। তাতে আর কি এল গেল! কিন্তু এরাই হচ্ছে লাভের মেরুদণ্ড—সব দেশে। এই ইতর শ্রেণীর লোক কান্ত বন্ধ করলে তোরা অন্তবন্ধ কোথার পাবি? একদিন মেথররা কলকাতার কান্ত বন্ধ করলে হা-হতাশ লেগে যার, তিন দিন ওরা কান্ত বন্ধ করলে মহামারীতে শহর উন্ধাড় হয়ে যার! শ্রমন্ত্রীরা কান্ত বন্ধ করলে তোদের অন্তব্য কোটে না। এদের তোরা হোট লোক ভাবছিন, আর নিজেদের শিক্ষিত বলে বড়াই করছিন ?

জীবনসংগ্রামে সর্বদা ব্যন্ত থাকাতে নিম্নশ্রের লোকদের এতদিন জ্ঞানোয়ের ছয়নি। এরা মানবর্জি-নিম্নন্তিত কলের মতো একই ভাবে এতদিন কাজ ক'রে এসেছে, আর বৃদ্ধিমান চতুর লোকেরা এদের পরিশ্রম ও উপার্জনের সারাংশ গ্রহণ করেছে; সকল দেশেই ঐ-রকম হয়েছে। কিছ এখন আর সে কাল নেই। ইতরজাতিরা ক্রমে ঐ-কথা বৃষ্তে পাছে এবং তার বিশ্বজে সকলে মিলে দাঁড়িয়ে আপনাদের স্থায্য গণ্ডা আদায় করতে দৃঢ়প্রতিজ্ঞ হয়েছে। ইওরোপ-আমেরিকায় ইতরজাতিরা ক্রেনে উঠে ঐ লড়াই আগে আরম্ভ ক'রে দিয়েছে। ভারতেও তার লক্ষণ দেখা দিয়েছে ছোটলোকদের ভেতর আজকাল এত বে ধর্মঘট হচ্ছে, ওতেই ঐ-কথা বোঝা বাছে। এখন হাজার চেটা করলেও ভক্ত আতেরা ছোট ভাতের আর দাবাতে পারবে না। এখন ইতর্জাতের স্থায় অধিকার পেতে সাহায্য করনেই ভক্ত জাতদের কল্যাণ।

তাই তো বলি, তোরা এই mass ( क्ष्मनाशांत्र ) এর ভেতর বিভার উরোব বাতে হর, তাতে লেগে বা। এদের ব্রিয়ে বলগে, 'ডোমরা আমাদের ভাই, শরীরের একাশ ; আমরা ভোমাদের ভালবাসি, ঘণা করি না।' ভোদের এই sympathy ( সহাহড়তি ) পেলে এরা শত-গুণ উৎসাহে কার্যভংগর হবে। আধুনিক বিজ্ঞানসহারে এদের জ্ঞানোমের করে দে। ইভেহাস, ভূগোল, বিজ্ঞান, সাহিত্য—বলে সম্পের গৃচতম্বত্তনি এদের শেখা। ঐ শিক্ষার বিনিমরে শিক্ষকগণেরও গাঁরিস্র্য ঘূচে যাবে। আদানপ্রদানে উভয়েই উভয়ের বরুষানীর হরে গাঁডাবে।

- শিশু। কিন্তু নহাশর, ইহাদের ভিতর শিক্ষার বিভার হইলে ইহারাও তো আবার কালে আমাদের মতো উর্বরমন্তিক অথচ উত্তরহীন ও অলস হইরা উহাদিগের অপেকা নিম্লেণীর লোকদিগের পরিশ্রমের সারাংশ গ্রহণ করিতে থাকিবে?
- শামীজী। তা কেন হবে? জানোয়ের হলেও কুমোর কুমোরই থাকবে, জেলে জেলেই থাকবে, চাবা চাবই করবে। জাত-ব্যবসা ছাড়বে কেন? 'সহজ্ঞং কর্ম কোস্কেয় সদোষমণি ন ত্যজেং'—এই ভাবে শিক্ষা পেলে এরা নিজ নিজ বৃত্তি ছাড়বে কেন? জানবলে নিজের সহজাত কর্ম বাতে আরও ভাল ক'রে করতে পারে, সেই চেষ্টা করবে। তৃ-দশ জন প্রতিভাশালী লোক কালে তাদের ভেতর থেকে উঠবেই উঠবে। তাদের ভোরা (ভক্র জাতিরা) ভোদের শ্রেণীর ভেতর ক'রে নিবি। তেজ্বী বিশামিত্রকে ত্রাজ্ঞবেরা যে ত্রান্ধণ বলে খীকার ক'রে নিয়েছিল, তাতে ক্তির জাতটা ত্রান্ধণদের কাছে তথন কতদ্ব কৃতক্ত হয়েছিল—বল্ দেখি? ঐরপ sympathy (সহায়ভৃতি) ও সাহায্য পেলে মাছ্য তো দ্বের কথা পশুশকীও আপনার হয়ে বায়।
- শিশ্ব। মহাশয়, আপনি বাহা বলিতেছেন, তাহা সত্য হইলেও ভল্লেডর শ্রেণীর ভিতর এখনও বেন বহু ব্যবধান রহিয়াছে বলিয়া বোধ হয়। ভারতবর্বের ইতর জাতিদিগের প্রতি ভল্লোকদিগের সহাহ্ভৃতি আনমুন করা বভ কঠিন ব্যাপার বলিয়া বোধ হয়।
- ষামীজী। তা না হ'লে কিছ তোদের (তন্ত্র জাতিদের) কল্যাণ নেই।
  তোরা চিরকাল বা ক'রে আসছিস—ঘরাঘরি লাঠালাঠি ক'রে সব
  ধ্বংস হয়ে বাবি! এই mass (জনসাধারণ) যথন জেগে উঠবে, আর
  তাদের ওপর তোদের (ভল্রলোকদের) অত্যাচার ব্রতে পারবে—তথন
  তাদের ক্থকারে তোরা কোধার উড়ে বাবি! তারাই তোদের ভেতর
  civilisation (সভ্যতা) এনে দিয়েছে; তারাই আবার তথন সব ভেঙে
  দেবে। ভেবে দেখ্—গল-জাতের হাতে অমন বে প্রাচীন রোমক
  সভ্যতা কোধার ধ্বংস হয়ে গেল! এই জন্ত বলি, এইসব নীচ জাতদের
  ভেডর বিভালান জানদান ক'রে এদের ব্য ভাঙাতে বল্লীল হ।
  এরা বধন জাগবে—সার একদিন জাগবে নিশ্রই—তথন ভারাত

ভোদের ক্লভ উপকার বিশ্বভ হবে না, ভোদের নিকট ক্লভঞ হরে।

এইরপ কথোপকথনের পর স্বামীন্সী শিশ্রকে বলিলেন: ও-সব কথা এখন থাক; তুই এখন কি হির করলি, তা বল্। বা হয় একটা কর্। হয়, কোন ব্যবসায়ের চেটা দেখ, নয় তো আমাদের মতো 'আল্লনো মোক্ষার্থং জগজিতায় চ' বথার্থ সন্ত্যাসের পথে চলে আয়। এই শেষ পছাই অবশু শ্রেষ্ঠ পয়া, কি হবে ছাই সংসারী হয়ে? বুঝে তো দেখছিস সবই ক্ষণিক—'নলিনীদলগতজ্বসভিতরলং তহজীবনমতিশয়চপলম্'।' অভএব বলি এই আ্লপ্রভায় লাভ করতে উৎসাহ হয়ে থাকে তো আর কালবিলম্ব করিস্ নে। এখ্নি অগ্রসর হ। 'বদহরেব বিরজেৎ ভদহরেব প্রজ্ঞেং'।' পরার্থে নিজ্জীবন বলি দিয়ে লোকের দোমে দোমে গিয়ে অভয়বাণী শোনা—'উজিঠভ জাগ্রত প্রাণ্য বরান্ নিবোধত'।

29

## স্থান—বেলুড়, ভাড়াটিয়া মঠ-বাটী ও নৃতন মঠভূমি কাল—>ই ভিনেম্বর, ১৮৯৮

আন্ধ নৃতন মঠের স্বমিতে স্বামীন্ত্রী বন্ধ করিয়া প্রীশ্রীঠাকুর-প্রতিষ্ঠা করিবেন। শিষ্ক পূর্বরাত্ত হইতেই মঠে আছে; ঠাকুর-প্রতিষ্ঠা দর্শন করিবে— এই বাসনা।

প্রাতে গলাঁলান করিয়া খানীজা ঠাকুর-ঘরে প্রবেশ করিলেন। অনন্তর প্রকের আসনে বসিয়া পূজাপাত্তে যতগুলি ফুল-বিবণত্ত ছিল, সব চুই হাতে এককালে তুলিয়া লইলেন এবং শ্রীরামকৃষ্ণদেবের শ্রীণাছকার অঞ্চলি দিয়া ধ্যানত্ব হইলেন—অপূর্ব দর্শন। তাঁহার বর্মপ্রভা-বিভাসিত স্বিধ্যাজ্ঞল কার্মিতে

<sup>&</sup>gt; মোহমুলগর, শক্ষরাচার্ব

२ वृः উপनियम

ঠাকুরঘর যেন কি এক অভ্ত আলোকে পূর্ণ হইল। প্রেমানদ ও অক্সান্ত স্মানিগণ ঠাকুরঘরের বাবে দীড়াইয়া রহিলেন।

ধ্যানপ্সাবসানে এইবার মঠভূমিতে বাইবার আয়োজন হইতে লাগিল। তারনির্মিত কোটার বক্ষিত প্রীরামক্ষদেবের ভন্মান্তি বামীন্দ্রী শ্বরং দক্ষিণ হছে লইয়া অগ্রগামী হইলেন। অক্যান্ত সন্মানিগণসহ শিশু পশ্চাৎ পশ্চাৎ চলিল। শন্ধ-ঘণ্টারোলে তটভূমি মুখরিত হওয়ার ভাগীরথী যেন ঢল ঢল ভাবে নৃত্য করিতে লাগিল। বাইতে বাইতে আমীন্ধ্রী শিশ্বকে বলিলেন:

ঠাকুর আমায় বলেছিলেন, 'তুই কাঁথে ক'বে আমায় বেখানে নিয়ে বাবি, আমি সেখানেই যাব ও থাকব। তা গাছতলাই কি, আর কুটারই কি।' সেজগুই আমি অয়ং তাঁকে কাঁথে ক'বে ন্তন মঠভূমিতে নিয়ে ঘাছি। নিশ্চয় জানবি, বহু কাল পর্যন্ত 'বহুজনহিতায়' ঠাকুর ঐ ছানে ছিল্ল হাকবেন।

শিষ্য। ঠাকুর আপনাকে কখন এই কথা বলিয়াছেন ? স্বামীজী। (মঠের সাধুগণকে দেখাইয়া) ওদের মূখে শুনিদনি ?—কাশীপুরের বাগানে।

শিশু। ওঃ। সেই সময়েই বুঝি ঠাকুরের গৃহত্ব ও সন্ধাদী ভক্তদের ভিতর সেবাধিকার লইয়া দলাদলি হইয়াছিল ?

শামীজী। 'দলাদলি' ঠিক নয়, একটু মন-ক্যাক্ষি হয়েছিল। আনবি,
যারা ঠাকুরের ভক্ত, যারা ঠিক ঠিক তার রুপা লাভ করেছেন—তা
গৃহস্বই হোন আর সয়াসীই হোন—তাদের ভেতর দল-ফল নেই,
থাকতেই পারে না। তবে ওরুপ একটু-আর্যটু মন-ক্যাক্ষির কারণ
কি তা জানিস? প্রত্যেক ভক্ত ঠাকুরকে আপন আপন বৃদ্ধির য়ঙে
রঙিয়ে এক এক জনে এক এক রক্ম দেখে ও বোঝে। তিনি যেন
মহাস্র্য্, আর আমরা যেন প্রত্যেকে এক এক রক্ম রঙিন কাচ চোথে
দিয়ে সেই এক স্থাকে নানা রঙ-বিশিষ্ট ব'লে দেখছি। অবশ্র এই
কথাও ঠিক যে, কালে এই থেকেই দলের স্থান্ট হয়। তবে যারা
সৌভাগ্যক্রমে অবতারপুরুবের সাক্ষাৎ সম্পর্কে আলে, তাদের জীবৎকালে এক্রপ 'দল-ফল' সচরাচর হয় না। সেই আত্মারাম পুরুবের
আলোতে তাদের চোধ য়লনে যার; অহ্বার, অভিমান, হীনবৃদ্ধি

সব ভেলে যায়। কাজেই 'দল-কল' করবার তাদের অবদর হর না'; কেবল বে যার নিজের ভাবে কদয়ের পূজা দেয়।

- শিশ্ব। মহাশয়, তবে কি ঠাকুরের ভক্তেরা সকলেই তাঁহাকে ভগবান্ বলিয়া ভানিলেও সেই এক ভগবানের স্বরূপ তাঁহারা ভিন্ন ভিন্ন ভাবে দেখেন এবং সেজয়ই তাঁহাদের শিশ্ব-প্রশিশ্বেরা কালে এক একটি ক্তু গণ্ডির ভিতরে পড়িয়া ছোট ছোট দল বা সম্প্রদায়সকল গঠন করিয়া বদে ?
- স্বামীনী। হাঁ, একত কালে সম্প্রদায় হবেই। এই দেখ না, চৈতত্তদেবের এখন ত্-তিন শ সম্প্রদায় হয়েছে; বীশুর হাকার হাকার মত বেরিরেছে; কিন্তু এ-সকল সম্প্রদায় চৈতত্ত্বদেব ও বীশুকেই মানছে।
- শিক্ত। তবে শ্রীরামক্রফদেবের ভক্তদিগের মধ্যেও কালে বোধ হয় বহু সম্প্রদায় হইবে ?
- খামীজী। হবে বইকি। তবে আমাদের এই বে মঠ হচ্ছে, তাতে সকল মতের, সকল ভাবের সামগ্রস্থ থাকবে। ঠাকুরের বেমন উদার মত ছিল, এটি ঠিক সেই ভাবের কেন্দ্রনা হবে; এখান থেকে যে মহাসমন্বরের উদ্ভিন্ন ছটা বেরুবে, তাতে জগৎ প্রাবিত হয়ে বাবে।

এইরপ কথাবার্ড। চলিতে চলিতে সকলে মঠভূমিতে উপস্থিত হইলেন। স্থামীনী স্কন্ধিত কৌটাটি ক্ষমিতে বিস্তীর্ণ আসনোপরি নামাইয়া ভূমিষ্ঠ হইরা প্রণাম করিলেন। স্থাপর সকলেও প্রণাম করিলেন।

অনন্তর স্থামীজী পুনরার পূজায় বদিলেন। পূজান্তে যজ্ঞায়ি প্রজালিত কারয়া হোয় করিলেন এবং সন্থাসী ভাতৃগণের সহায়ে স্বহন্তে পায়সার প্রস্তুত করিয়া ঠাকুরকে নিবেদন করিলেন। বোধ হয়, ঐ দিন ঐ স্থানে তিনি কয়েকটি গৃহস্থকে দীক্ষাও দিয়াছিলেন। পূজা সমাপন করিয়া স্থামীজী সাদরে সমাগত সকলকে স্থাহনান ও সম্বোধন করিয়া বলিলেন:

আপনারা আজ কায়মনোবাক্যে ঠাকুরের পাদপদ্মে প্রার্থনা কল্পন বেন মহাযুগাবভার ঠাকুর আজ থেকে বহুকাল 'বহুজনহিভায় বহুজনস্থায়' এই পুণ্যক্ষেত্রে অবস্থান ক'রে একে সর্বধর্মের অপূর্ব সমহয়-কেন্দ্র ক'রে রাখেন।

সকলেই করজোড়ে ঐরপে প্রার্থনা করিলেন। পূজান্তে স্বামীন্তী শিশুকে ভাকিয়াবলিলেন, ঠাকুরের এই কোটা ফিরিয়ে নিয়ে বাবার স্বামানের (সন্ত্যাসী-দের) কারও স্বার স্বধিকার নেই; কারণ স্বান্ধ স্বামরা ঠাকুরকে এধানে

বনিরেছি। অতএব তুই-ই মাধার ক'রে ঠাকুরের এই কোটা তুলে মঠে নিরে চল্।' শিক্ত কোটা স্পর্ল করিতে কৃষ্টিত হইড্কেছে দেখিয়া খামীজী বলিলেন, 'ভর নেই, মাধার কর, আমার আজা।'

শিশ্ব তথন আনন্দিত চিত্তে খামীজীর আজ্ঞা শিরোধার্য করিয়া কোঁটা মাথার ত্লিয়া লইল এবং ঞ্জিজনর আজ্ঞার ঐ কোঁটার স্পর্ণাধিকার লাভ করিয়া আপনাকে ধস্ত জ্ঞান করিতে করিতে চলিল। অগ্রে কোঁটা-মন্তকে শিশ্ব, পশ্চাতে খামীজী, তারপর অক্যান্ত সকলে আদিতে লাগিলেন। পখিমধ্যে খামীজী তাহাকে বলিলেন, 'ঠাকুর আজ্ঞ তোর মন্তকে উঠে তোকে আশীর্বাদ করছেন। সাবধান, আল্ল থেকে আর কোন অনিত্য বিষয়ে মন দিসনে।' একটি ছোট সাঁকো পার হইবার পূর্বে খামীজী শিশ্বকে পুনরায় বলিলেন, 'দেখিস, এবার ধ্ব সাবধান, খ্ব সতর্কে বাবি।'

এইরপে নির্বিদ্নে মঠে (নীলাম্বর বাবুর বাগানে) উপস্থিত হইরা সকলেই আনন্দ করিতে লাগিলেন। আমীজী শিল্পকে এখন কথাপ্রসঙ্গে বলিতে লাগিলেন:

ঠাকুরের ইচ্ছায় আৰু তাঁর ধর্মকেত্রের প্রতিষ্ঠা হ'ল। বারো বছরের চিন্তা আমার মথা থেকে নামলো। আমার মনে এখন কি হচ্ছে, জানিদ ? এই মঠ হবে, বিভা ও দাধনার কেন্দ্রহান। তোদের মতো ধার্মিক গৃহত্বেরা এর চারদিককার জমিতে ঘরবাড়ি ক'বে থাকবে, আর মাঝধানে ত্যানী সন্মানীরা থাকবে। আর মঠের ঐ দক্ষিণের জমিটার ইংলও ও আমেরিকার ভক্তদের থাকবার ঘর-দোর হবে। এরণ হ'লে কেমন হয় বল্ দেখি ?

শিয়। মহাশয়, আপনার এ অভূত কলনা!

খামীজী। কলনা কি রে ? সময়ে লব হবে। আমি তো পদ্ধন-মাত্র ক'রে 
দিছি—এর পর আরও কর্ড কি হবে ! আমি কভক ক'রে বাব ; 
আর তোদের ভেতর নানা idea (ভাব) দিরে ধাব। ভোরা পরে 
সে-সব work out (কাজে পরিণত) করবি। বড় বড় principle 
(নীতি) কেবল শুনলে কি হবে ? সেগুলিকে practical field-এ 
(কর্মন্দেত্রে) দাঁড় করাতে, প্রভিনিয়ত কাজে লাগাতে হবে। শাস্ত্রের 
লখা লখা কথাগুলি কেবল পড়লে কি হবে ? শাস্ত্রের কথাগুলি আগে 
ব্রুত্তে হবে। ভারপর জীবনে সেগুলিকে ফলাতে হবে। ব্রুলি ? 
একেই বলে practical religion (কর্মনীকনে পরিণ্ড ধর্ম)।

এইরণে নানা প্রাণদ চলিতে চলিতে শ্রীমৎ শহরাচার্বের কথা উঠিল।
শিক্ষ শ্রীশহরের বড়ই পক্ষপাতী ছিল; এমন কি, ঐ বিষয়ে তাহাকে গোঁড়া
বলিলেও বলা বাইত। স্বামীজী উহা জানিতেন এবং কেহ কোন মডের
গোঁড়া হয়, ইহা তিনি সহু করিতে পারিতেন না। কোন বিষয়ের গোঁড়ামি
দেখিলেই তিনি উহার বিকদ্ধপক অবলহন করিতেন এবং অজশ্র অমোঘ
যুক্তির জাঘাতে ঐ গোঁড়ামির সহীণ বাঁধ চুর্ণবিচুর্ণ করিয়া দিতেন।

चामीकी। अक्षतत कृतशांत वृक्षि-छिनि विठातक वटि, शिख्छ वटि, किन्छ তাঁর উদারতাটা বড গভীর ছিল না: জনমটাও ঐক্লপ ছিল ব'লে বোধ হয়। আবার বান্ধণ-অভিমানটুকু খুব ছিল। একটি দক্ষিণী ভট্টাচার্য গোছের ছিলেন আর কি! ত্রান্ধণেতর ছাতের ত্রন্ধজ্ঞান হবে না, এ কথা বেদান্তভাক্তে কেমন সমর্থন ক'রে গেছেন! বলিহারি বিচার! বিছরের' কথা উল্লেখ ক'রে বলেছেন—তার পূর্বজন্মের ব্রাহ্মণ-শরীরের ফলে সে বন্ধজ্ঞ হয়েছিল। বলি, আজকাল যদি এরণ কোন শুদ্রের ব্রহ্মজ্ঞান হয়, তবে কি তোর শহরের মতে মত দিয়ে বলতে হবে যে, সে পূর্বজন্মে ব্রাহ্মণ ছিল, তাই তার হয়েছে ? ব্রাহ্মণছের এত টানাটানিতে কান্ধ কি রে বাবা ? বেদ তো ত্রৈবর্ণিক-মাত্রকেই বেদপাঠ ও বন্ধজ্ঞানের অধিকারী করেছে। অতএব শহরের ঐ বিষয় নিয়ে বেদের উপর এই অভুত বিভাপ্রকাশের কোন প্রয়োজন ছিল না। আবার এমনি হৃদয় যে কত বৌদ্ধ প্রমণকে আগুনে পুড়িয়ে মারলেন—ভালের তর্কে হারিয়ে। আহামক বৌদ্ধলোও কি না তর্কে হার মেনে আগুনে পুড়ে মরতে গেল! শহরের ঐরপ কান্তকে fanaticism (সঙীর্ণ ধর্মোনাদ) ছাড়া আর কি বলা যেতে পারে? কিন্তু দেখ্ বুজদেবের হৃদয়! 'বছজনহিতার বছজনস্থার' কা কথা, সামান্ত একটা ছাগশিশুর জীবনরকার জন্ত নিজ-জীবন দান করতে সর্বদা প্রস্তুত ! দেখ দেখি কি উদারতা-কি দরা !

শিশু। বুৰের ঐ ভাবটাকেও কি মহাশয়, অলু এক প্রকারের পাগলামি বলা যাইতে পারে না? একটা পশুর অলু কি না নিজের গলা দিতে গৈলেন!

<sup>&</sup>gt; পাণ্ডবদের পরমধার্মিক কবিতৃল্য পিতৃব্য।

- ষামীলী। কিছ তাঁর ঐ fanaticism ( ধর্মোয়াদ )-এ জগতের জীবের কড
  কল্যাণ হ'ল—তা দেখ্! কত আল্রম—ত্বল-কলেজ, কত public hospital ( সাধারণের জন্ম হাসপাতাল ), কত পশুশালার স্থাপন, কত ছাপতাবিভার বিকাশ হ'ল, তা তেবে দেখ্! বৃদ্ধদেব জয়াবার আগে এ দেশে এ-সব ছিল কি ?—তালপাতার পুঁথিতে বাধা কতকগুলো ধর্মতত্ব—তা-ও অল্ল কয়েকজনের জানা ছিল মাত্র। ভগবান বৃদ্ধদেব সেগুলি practical field-এ ( কার্যক্রেরে) আনলেন, লোকের দৈনন্দিন জীবনে সেগুলো কেমন ক'রে কাজে লাগাতে হবে, তা দেখিয়ে দিলেন। ধরতে গেলে তিনিই যথার্থ বেদান্তের ক্রন্মুর্তি।
- শিশু। কিন্তু মহাশয়, বর্ণাপ্রমধর্ম ভাঙিয়া দিয়া ভারতে হিন্দুধর্মের বিপ্লব তিনিই ঘটাইয়া গিয়াছেন এবং সেই জ্ঞুই তৎ-প্রচারিত ধর্ম ভারত হুইতে কালে নির্বাদিত হুইয়াছে, এ কথা সভ্য বলিয়া বোধ হয়।
- স্বামীন্ত্রী। বৌদ্ধর্মের ঐরপ তুর্দশা তাঁর teaching-এর (শিক্ষার) দোবে হয় নাই, তাঁর follower (চেলা)-দের দোবেই হয়েছিল; বেলী philosophic হয়ে (দর্শনচর্চা ক'য়ে) তাদের heart (য়য়য়)-এয় উদারতা কমে গেল। তারপর কমে বামাচারের ব্যক্তিচার চুকে বৌদ্ধর্ম মরে গেল। অমন বীভংশ বামাচার এখনকার কোন তয়ে নেই। বৌদ্ধর্মের একটি প্রধান কেন্দ্র ছিল 'জগরাধক্ষেত্র'—সেধানে মন্দিরের গায়ে খোদা বাভংস মৃতিগুলি একবার গিয়ে দেখে এলেই ঐকথা জানতে পারবি। রামান্ত্র ও চৈতক্ত-মহাপ্রভুর সময় থেকে প্রধাত্তমক্ষেত্রটা বৈঞ্চবদের দখলে এসেছে। এখন উহা ঐ-সকল মহাপুরুরের শক্তিনহারে অক্ত এক মৃতি ধারণ করেছে।
- শিশু। মহাশয়, শাস্ত্রমূপে তীর্থাদি-স্থানের বিশেষ মহিমা অবগত হওয়া বার, উহার কতটা সভ্য ?
- খামীজী। সমগ্র ব্রহ্মাণ্ড বথন নিত্য আত্মা ঈশবের বিরাট শরীর, তথন স্থানমাহাত্ম্য থাকাটার বিচিত্রতা কি আছে? স্থানবিশেষে তাঁর বিশেষ প্রকাশ
  কোথাও স্বতঃ এবং কোথাও ওবসন্ত মানবমনের ব্যাকৃল আগ্রহে হয়ে
  থাকে। সাধারণ মানব ঐ-সকল স্থানে জিল্লাস্থ হয়ে গেলে সহজে ফল
  পার। এই জন্ত তীর্থাদি আশ্রম ক'রে কালে আত্মার বিকাশ হ'তে পারে।

তবে দ্বির জানবি, এই মানবহেছের চেয়ে আর কোনও বড় ভীর্থ নেই। এখানে আত্মার বেমন বিকাশ, এমন আর কোথাও নয়। ঐ বে कामाध्यम तथ, जांख अहे दिश्वाध्यम concrete form ( चन क्रम ) ষাত্র। এই দেহরথে আত্মাকে দর্শন করতে হবে। পড়েছিদ না-'আত্মানং রথিনং বিদ্ধি' ইত্যাদি, 'মধ্যে বামনমাসীনং বিশ্বে দেবা উপাসতে'-এই বামন-রূপী আত্মদর্শনই ঠিক ঠিক জগরাথদর্শন। ঐ বে वरन 'त्ररथ চ वांमनः मृद्दे। शूनर्जन न विश्वरख'--- धत्र मान्न इराइ, रखान ভেতরে যে আত্মা আছেন, যাঁকে উপেক্ষা ক'রে তুই কিছুতকিমাকার এই দেহরপ অড়পিওটাকে সর্বদা 'আমি' ব'লে ধরে নিচ্ছিদ, তাঁকে দর্শন করতে পারলে আর পুনর্জন্ম হয় না। যদি কাঠের দোলায় ঠাকুর দেখে জীবের মৃক্তি হ'ত, তা হ'লে বছরে বছরে কোটি জীবের মৃক্তি হয়ে বেত-আলকাল আবার রেলে যাওয়ার বে হুবোগ! তবে ৺লগরাথের সহছে সাধারণ ভক্তদিগের বিশাসকেও আমি 'কিছু নয় বা মিথ্যা' বলছি না। এক শ্রেণীর লোক আছে, বারা ঐ মৃতি-অবলমনে উচ্চ থেকে ক্রমে উচ্চতর তত্ত্বে উঠে বায়, অতএব ঐ মৃতিকে আশ্রয় ক'রে শ্রীভগবানের বিশেষ শক্তি যে প্রকাশিত রয়েছে, এতে সন্দেহ নেই।

শিয়। তবে কি মহাশুর, মূর্থ ও বুদ্ধিমানের ধর্ম আলাদা ?

খামীজী। তাই তো, নইলে তোর শান্তেই বা এত অধিকারি-নির্দেশের হালামা কেন? সবই truth (সতা), তবে relative truth different in degrees (আপেক্ষিক সত্যে তারতম্য আছে)। মাহব বা কিছু সত্য ব'লে আনে, সে সকলই ঐরণ; কোনটি অল্প সত্য, কোনটি তার চেম্নে অধিক সত্য; নিত্য সত্য কেবল একমাত্র ভগবান্। এই আত্মা জড়ের ভেতর একেবারে খুম্ছেন, 'জীব'নাবধারী মাছবের ভেতর তিনিই আবার কিঞ্চিৎ conscious (আগরিত) হয়েছেন। শ্রীকৃকে, বৃদ্ধ-শহরাদিতে আবার ঐ আত্মাই superconscious stage-এ—অর্থাৎ পূর্ণভাবে জাগরিত হয়ে দীড়িয়েছেন। এর উপরেও অবস্থা আছে, বা ভাবে বা ভাবার বলা বার না—'অবাড্মনসোগোচরম্'।

শিয়। মহাশন্ধ, কোন কোন ভক্তসম্প্রদায় বলে, ভগবানের সহিত একটা
• ভাব বা সহন্ধ পাতাইয়া সাধনা করিতে হইবে। আত্মার মহিমাদির
কথা ভাহারা কিছুই বোঝে না, ভনিলেও বলে—'এ-সকল কথা ছাড়িয়া
স্বঁদা ভাবে থাকো।'

শামীলী। তারা বা বলে, তা তাদের পক্ষে সত্য। এরপ করতে করতে তাদের ভেতরও একদিন রক্ষ জেগে উঠবেন। আমরা (সয়াসীরা) বা করছি, তাও আর এক রকম ভাব। আমরা সংসারত্যাগ করেছি, অতএব সাংসারিক সম্বন্ধে মা-বাপ শ্বী-পুত্র ইত্যাদির মডো কোন একটা ভাব ভগবানে আরোপ ক'রে সাধনা করা—আমাদের ভাব কেমন ক'রে হবে? ও-সব আমাদের কাছে সহীর্ণ ব'লে মনে হয়। অবশু, সর্বভাবাতীত শ্রীভগবানের উপাসনা বড় কঠিন। কিন্তু অমৃত পাই না ব'লে কি বিষ খেতে বাব? এই আত্মার কথা সর্বদা বলবি, শুনবি, বিচার করবি। এরপ করতে করতে কালে দেখবি—তোর ভেতরেও সিলি (সিংহ, বন্ধ) জেগে উঠবেন। এ সব ভাব-ধেয়ালের পারে চলে যা। এই শোন্, কঠোপনিষদে বম কি বলেছেন: উত্তিষ্ঠত জাগ্রত প্রাণ্য বরান্ নিবোধত।

এইরণে এই প্রসন্দ সমাপ্ত হইল। মঠে প্রসাদ পাইবার ঘণ্টা বাজিল। স্বামীজীর সঙ্গে শিক্তও প্রসাদ গ্রহণ করিতে চলিল। ২০

শ্বান—কলিকাতা কাল—১৮৯৮

আজ তিন দিন হইল খামীজী বাগবাজারে ৺বলরাম বহুর বাড়িতে অবস্থান করিতেছেন। প্রত্যহ অসংখ্য লোকের ভিড়। স্বামী বোগানন্দও স্বামীজীর সঙ্গে একত্র অবস্থান করিতেছেন। আজ সিষ্টার নিবেদিতাকে সঙ্গে লইয়া স্বামীজী আলিপুরের পশুশালা দেখিতে বাইবেন। শিশু উপস্থিত হইলে তাহাকে ও স্বামী বোগানন্দকে বলিলেন, 'তোরা আগে চলে বা—আমি নিবেদিতাকে নিয়ে গাড়ি ক'রে একটু পরেই বাচ্ছি।'……

প্রায় সাড়ে চারিটার সময় স্থামীন্ধী নিবেদিতাকে সঙ্গে লইয়া পশুশালায় উপস্থিত হইলেন। বাগানের ভদানীস্কন স্থানিটেণ্ডেন্ট রায় বাহাত্ত্র রামপ্রক্ষ সাক্তাল পরম সাদরে স্থামীন্ধী ও নিবেদিতাকে অভ্যর্থনা করিয়া ভিতরে লইয়া গেলেন এবং প্রায় দেড় ঘণ্টাকাল তাঁহাদের অস্থামন করিয়া বাগানের নানা স্থান দেখাইতে লাগিলেন। স্থামী যোগানন্দও শিশ্বের সঙ্গে তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ চলিলেন।

রামত্রহ্মবাবু উভানম্ব নানা বৃক্ষ দেখাইতে দেখাইতে বৃক্ষাদির কালে কিরূপ ক্রমপরিণতি হইয়াছে তহিষয় আলোচনা করিতে করিতে অগ্রসর হইতে লাগিলেন। নানা জীবজন্ত দেখিতে দেখিতে স্বামীজীর মধ্যে মধ্যে জীবের উত্তরোত্তর পরিণতি-সম্বন্ধে তার্কাইনের (Darwin) মতের আলোচনা করিতে লাগিলেন। শিশ্রের মনে আছে, সর্প-গৃহে ঘাইয়া তিনি চক্রান্ধিতগাত্র একটা প্রকাণ্ড লাপ দেখাইয়া বলিলেন, 'ইহা হইতেই কালে tortoise (কচ্ছপ) উৎপন্ন হইয়াছে। ঐ সাপই বছকাল ধরিয়া একছানে বিসয়া থাকিয়া ক্রমে কঠোরপৃষ্ঠ হইয়া গিয়াছে।' কথাগুলি বলিয়াই স্বামীজী শিশুকে তামালা করিয়া বলিলেন, 'তোরা না কচ্ছপ থাস্? ডার্কাইনের মতে এই লাপই কাল-পরিণামে কচ্ছপ হয়েছে; তা হ'লে তোরা লাপও খাস্!' ইহা শুনিয়া শিশ্র ম্বণায় মুখ বাঁকাইয়া বলিল, 'মহাশয়, একটা পদার্থ ক্রমপরিণতির হারা পদার্থান্ডর হইয়া গেলে যথন ডাহার পূর্বের আক্রতি ও স্বভাব থাকে না, তথন কচ্ছপ খাইলেই যে লাপ খাওয়া হইল, এ কথা কেমন করিয়া বলিতেছেন ?'

শিয়ের কথা শুনিয়া স্বামীকী ও রামগ্রন্ধবাৰু হাসিয়া উঠিলেন এবং দিটার নিবেদিতাকে ঐ কথা বুঝাইয়া দেওয়াতে ভিনিও হাসিতে লাগিলেন। ক্রমে সকলেই বেখানে সিংহ-গ্রাম্বাদি ছিল, সেই ঘরের দিকে স্থগ্রসর হইতে লাগিলেন।

রামত্রক্ষবাব্র আদেশে রক্ষকেরা সিংহব্যাত্তের জন্ম প্রচুর মাংস আনিয়া আমাদের সম্থেই উহাদিগকে আহার করাইতে লাগিল। উহাদের সাহলাদ গর্জন শুনিবার এবং সাগ্রহ ভোজন দেখিবার অক্সন্সপ পরেই উত্থানমধ্যস্থ রামত্রক্ষবাব্র বাসাবাড়িতে আমরা সকলে উপস্থিত হইলাম। তথার চা ও জলপানের উত্থোগ হইয়াছিল। স্বামীজী অক্সমাত্র চা পান করিলেন। নিবেদিতাও চা পান করিলেন। এক টেবিলে বসিয়া সিষ্টার নিবেদিতা-ম্পৃষ্ট মিষ্টার ও চা থাইতে সন্ধৃতিত হইভেছে দেখিয়া স্বামীজী শিশুকে পুনঃ পুনঃ অহ্যরোধ করিয়া উহা থাওয়াইলেন এবং নিজে জলপান করিয়া তাহার অবশিষ্টাংশ শিশুকে পান করিতে দিলেন। অতঃপর ডারুইনের ক্রমবিকাশবাদ লইয়া কিছুক্ষণ কথোপকথন চলিতে লাগিল।

- রামবন্ধবাব্। ভারুইন ক্রমবিকাশবাদ ও তাহার কারণ বেভাবে ব্রাইয়াছেন, তৎসম্বন্ধে আপনার অভিমত কি ?
- শামীজী। তাঙ্গইনের কথা দশত হলেও evolution (ক্রমবিকাশবাদ)-এর কারণ দখনে উহা যে চূড়ান্ত মীমাংদা, এ কথা আমি শীকার করতে পারি না।
- রামরক্ষবাব্। এ বিষয়ে আমাদের দেশে প্রাচীন পণ্ডিতগণ কোনরূপ আলোচনা করিয়াছিলেন কি ?
- স্বামীজী। সাংখ্যদর্শনে ঐ বিষয় ক্ষমর আলোচিত হয়েছে। ভারতের প্রাচীন দার্শনিকদিগের সিদ্ধান্তই ক্রমবিকাশের কারণ সম্বন্ধে চূড়ান্ত মীমাংসা ব'লে আমার ধারণা।
- রামব্রহ্মবার্। সংক্ষেপে ঐ সিদ্ধান্ত ব্ঝাইয়া বলা চলিলে ভনিতে ইচ্ছ। হয়।
- ষামীজী। নিম জাতিকে উচ্চ জাতিতে পরিণত করতে পাশ্চাত্য মতে struggle for existence (জীবন-সংগ্রাম), survival of the fittest (বোগ্যতমের উত্তর্জন), natural selection (প্রাকৃতিক

निर्वाहन ) প্রভৃতি বে-সকল নিয়ম কারণ ব'লে নির্দিষ্ট হয়েছে, সে-সকল व्यापनांत्र निकत्रहे कांना व्याद्ध। भाष्यम-मर्गत्न किन्न ध-नकरमद একটিও তার কারণ ব'লে সমর্থিত হরনি। পতঞ্চলির মত হচ্ছে, এক species ( কাতি ) থেকে আর এক species-এ ( জাতিতে ) পরিণতি 'প্রকৃতির আপুরণের' বারা ( প্রকৃত্যাপুরাৎ ) সংসাধিত হয় 🛵 আবরণ वा obstacles-अब ( প্রতিবন্ধক বা বাধার ) সঙ্গে দিনরাত struggle ( नড়াই ) ক'রে বে ওটা দাধিত হয়, তা নয়। আমার বিবেচনায় struggle ( নড়াই ) এবং competition (প্ৰতিৰ্দ্বিতা) জীবেৰ পূর্ণভালাভের পক্ষে অনেক সময় প্রভিবন্ধক হয়ে দাঁড়ায়। হাজার পাশ্চাত্য দর্শন সমর্থন করে, তা হ'লে বলতে হয়, এই evolution (ক্রমবিকাশ) বারা সংসারের বিশেষ কোন উন্নতিই হচ্ছে না। সাংসারিক উন্নতির কথা স্বীকার ক'রে নিলেও আধ্যাত্মিক বিকাশকল্পে ওটা যে বিষম প্রতিবন্ধক. এ কথা স্বীকার করতেই হয়। স্থামাদের দেশীয় দার্শনিকগণের অভিপ্রায়—জীবমাত্রই পূর্ণ আত্মা। আত্মার বিকাশের তারতয়েই বিচিত্রভাবে প্রকৃতির অভিব্যক্তি ও বিকাশ। প্রকৃতির অভিব্যক্তির ও বিকাশের প্রতিবন্ধকগুলি সর্বতোভাবে সরে দাঁড়ালে পূর্ণভাবে আত্মপ্রকাশ। প্রকৃতির অভিব্যক্তির নিমন্তরে ঘাই হোক, উচ্চন্তবে কিন্তু প্ৰতিবন্ধকগুলির সঙ্গে দিনরাত যুদ্ধ করেই বে ওদের অতিক্রম করা যায়, তা নয়; দেখা যায় সেখানে শিক্ষা-দীক্ষা, ধ্যান-ধারণা ও প্রধানতঃ ত্যাগের ঘারাই প্রতিবন্ধকগুলি সরে যার বা অধিকতর আত্মপ্রকাশ উপস্থিত হয়। স্বভরাং obstacle ( প্রভিবন্ধক )-श्वनित्क षाषाधकारमञ्जू कार्य ना व'रन कांत्रभन्नरम निर्दिन कन्ना अवर প্রকৃতির এই বিচিত্র অভিব্যক্তির সহায়ক বলা যুক্তিযুক্ত নর। হাজার পাপীর প্রাণসংহার ক'রে জগৎ থেকে পাপ দূর করবার চেষ্টা দারা ব্দগতে পাপের বৃদ্ধিই হয়। কিন্তু উপদেশ দিয়ে জীবকে পাপ থেকে নিবৃত্ত করতে পারলে জগতে আর পাপ থাকে না। এখন দেখুন, পাশ্চাভ্য Struggle Theory (প্রাণীদের পরস্পর সংগ্রাম ও প্রতিঘশিতা বারা উন্নতিলাভরণ মভ )টা কভদূর horrible ( ভীবণ ) হরে দাঁড়াছে।

রামপ্রক্ষণাব্ সামীজীর কথা শুনিরা শুন্তিত হইরা রহিলেন; অবশেবে বলিলেন, 'ভারতবর্ধে এখন আগনার প্রায় প্রাচ্য-পাশ্চাত্য দুর্শনে অভিজ্ঞ লোকের বিশেষ প্রয়োজন হইরাছে। ঐরপ লোকেই একদেশদর্শী শিক্ষিত জনগণের ভ্রমপ্রমাদ অভূলি দিরা দেখাইরা দিতে সমর্থ। আগনার Evolution Theory-র (ক্রমবিকুন্দাবাদের) নৃতন ব্যাখ্যা শুনিরা আমি পরম আহলাদিত হইলাম।'

শিশু সামী বোগানন্দের সহিত ট্রামে করিয়া রাত্রি প্রায় ৮টার সময়
বাগবাজারে ফিরিয়া আসিল। স্বামীজী ঐ সময়ের প্রায় পনর মিনিট পূর্বে
ফিরিয়া বিশ্রাম করিতেছিলেন। প্রায় অর্ধ্বণ্টা বিশ্রামান্তে তিনি বৈঠকধানায়
আমাদিগের নিকট উপস্থিত হইলেন। স্বামীজী অত পশুশালা দেখিতে
গিয়া রামত্রক্ষাব্র নিকট ক্রমবিকাশবাদের অপূর্ব ব্যাধ্যা করিয়াছেন
ভনিয়া উপস্থিত সকলে ঐ প্রসঙ্গ বিশেষরূপে শুনিবার জন্ত ইতঃপূর্বেই
সমূৎক্ষক ছিলেন। অতএব স্বামীজী আদিবামাত্র সকলের অভিপ্রায় ব্রিয়া
শিশু ঐ কথাই পাড়িল।

শিশু। মহাশয়, পশুশালায় ক্রমবিকাশ সম্বন্ধে বাহা বলিয়াছিলেন, ভাহা ভাল করিয়া ব্ঝিতে পারি নাই। অহগ্রহ করিয়া সহজ কথায় ভাহা পুনরায় বলিবেন কি ?

স্বামীজী। কেন, কি বুঝিসনি ?

শিক্ত। এই আপনি অন্ত অনেক সময় আমাদের বলিয়াছেন যে, বাহিরের শক্তিস্মৃহের সহিত সংগ্রাম করিবার ক্ষমতাই জীবনের চিহ্ন এবং উহাই উন্নতির সোপাম। আৰু আবার যেন উলটা কথা বলিলেন।

খামীজী। উলটো ব'লব কেন? তুই-ই বুবতে পারিসনি। Animal kingdom-এ (নিম্ন প্রাণিজগতে) আমরা সত্য-সভাই struggle for existence, survival of the fittest (জীবনসংগ্রাম, বোগ্যতমের উন্বর্তন) প্রভৃতি নিম্নম প্রাই দেখতে পাই। তাই তারুইনের theory (ভত্ব) কতকটা সভ্য ব'লে প্রভিভাত হয়। কিন্তু human kingdom (মহন্ত-অগৎ)-এ, বেখানে rationality (জ্ঞান-বৃদ্ধি)-র বিকাশ, সেধানে এ নিম্নমের উলটোই দেখা বার। মনে কর্, বাদের আমরা really great men (বাত্তবিক বহাপুক্ষ) বা ideal (জাদর্শ) ব'লে

জানি, তাঁদের বাফ struggle ( সংগ্রাম ) একেবারেই দেখিতে পাওয়া যায় না ৷ Animal kingdom ( মহয়েডর প্রাণিজগৎ )-এ instinct ( স্বাভাবিক জ্ঞান )-এর প্রাবল্য। মাহুব কিছ বত উন্নত হয়, তত্ত তাতে rationality (বিচার-বৃদ্ধি)-র বিকাশ। একস্ত animal kingdom (প্রাণিজগৎ)-এর মডো rational human kingdom ( ৰুদ্ধিযুক্ত মহায়জগৎ )-এ পরের ধ্বংস সাধন ক'রে progress ( উন্নতি ) হ'তে পারে না। মানবের সর্বশ্রেষ্ঠ evolution ( পূর্ণবিকাশ ) একমাত্র sacrifice ( ত্যাগ ) বারা নাধিত হয়। যে পরের জন্ম বত sacrifice ( ত্যাগ ) করতে পারে, মাছযের মধ্যে দে তত বড়। আর নিমন্তরের প্রাণিজগতে যে ৰত ধংস করতে পারে, সে তত বলবান জানোয়ার হয়। স্বতরাং Struggle Theory (জীবনদংগ্রাম-তত্ত্ব) এ উভয় রাজ্যে equally applicable (সমানভাবে উপযোগী) হ'তে পারে না। মাহুবের struggle ( সংগ্রাম ) হচ্ছে মনে। মনকে যে যভ control ( আয়ত্ত ) করতে পেরেছে, সে তত বড় হয়েছে। মনেক সম্পূর্ণ বৃত্তিহীনতায় আত্মার বিকাশ হয়। Animal kingdom ( মানবেতর প্রাণিজগৎ )-এ স্থল দেছের সংরক্ষণে যে struggle ( সংগ্রাম ) পরিলক্ষিত হয়, human plane of existence ( মানব-জীবন )-এ মনের ওপর আধিপত্যলাভের জন্ম বা দন্ত (গুণ )বৃদ্ধিসম্পন্ন হবার জন্ম সেই struggle (সংগ্রাম) চলেছে। জীবন্ত বৃক্ষ ও পুকুরের জলে পতিত বৃক্ষজায়ার মতো মহয়েতর প্রাণীতে ও মহয়জগতে struggle ( সংগ্রাম ) বিপরীত দেখা যায়।

শিয়। তাহা হইলে আপনি আমার্দের শারীরিক উন্নতিসাধনের জয় এত ক্রিয়া বলেন কেন ?

স্থানীজী। তোরা কি আবার মাহ্ন ? তবে একটু rationality (বিচারবৃদ্ধি) আছে, এই মাত্র। Physique (দেহটা) ভাল না হ'লে মনের
সহিত struggle (সংগ্রাম) করবি কি ক'রে ? তোরা কি আর
জগতের highest evolution (পূর্ণবিকাশস্থল) 'মাহ্ম্ম'পদ্বাচ্য
আছিন ? আহার নিজা মৈণুন ভিন্ন তোদের আর আছে কি ? এখনও
বে চতুপদ হরে যাসনি, এই ঢের। ঠাকুর বলতেন, 'গান হ'ল আছে

ষার, সেই মাহ্নব'। তোরা তো 'জায়ত্ব শ্রিরত্ব'-বাক্যের সাক্ষী হয়ে অদেশবাসীর হিংসার ত্বল ও বিদেশিগণের ত্বণার আম্পদ হয়ে রয়েছিস। তোরা animal (প্রাণী), ডাই struggle (সংগ্রাম) করতে বলি। থিওরি-ফিওরি রেথে দে। নিজেদের দৈনন্দিন কার্য ও ব্যবহার ত্বিরভাবে আলোচনা ক'রে দেখু দেখি, তোরা animal and human planes-এর (মানব এবং মানবেতর ত্তরের) মধ্যবর্তী জীববিশেষ কি না! Physique (দেহ)-টাকে আগে গড়ে তোল্। তবে তো মনের ওপর ক্রমে আধিপত্য লাভ হবে। 'নায়মাত্মা বলহীনেন লভাঃ।' ব্রুলি?

শিশু। মহাশয়, 'বলহীনেন' অর্থে ভাশ্বকার কিন্তু 'ব্রন্ধচর্যহীনেন' বলেছেন। স্থামীজী। তা বলুনগে। আমি বলছি, the physically weak are unfit for the realisation of the self ( তুর্বল শরীরে আজু-সাকাৎকার হয় না )।

শিষ্য। কিন্তু সৰল শরীরে অনেক ব্রুড়বৃদ্ধিও তো দেখা যায়।

ষামীন্দী। তাদের যদি তুই বত্ন ক'রে ভাল idea (ভাব) একবার দিতে পারিস, তা হ'লে তারা যত শীগগীর তা work out (কার্যে পরিণত) করতে পারবে, হীনবীর্ষ লোক তত শীগগীর পারবে না। দেখছিদ না, ক্ষীণ শরীরে কাম-কোধের বেগধারণ হয় না। ভঁটকো লোকগুলো শীগগীর রেগে যাম্ব—শীগগীর কামমোহিত হয়।

শিষ্য। কিন্তু এ নিয়মের ব্যতিক্রমণ্ড দেখিতে পাওয়া যায়।

খামীজী। তা নেই কে বলছে? মনের ওপর একবার control (সংখম)
হয়ে গেলে, দেহ সবল থাক বা তাকিয়েই যাক, তাতে আর কিছু
এসে বায় না। মোট কথা হচ্ছে physique (শরীর) ভাল না হ'লে
বে আত্মজানের অধিকারীই হ'তে পাবে না; ঠাকুর বলতেন, 'শরীরে
এতটুকু খুঁত থাকলে জীব সিদ্ধ হ'তে পাবে না।'

কিছুক্ষণ পরে স্বামীন্দ্রী রহস্ত করিয়া উপস্থিত সকলকে বলিতে লাগিলেন, 'স্বার এক কথা শুনেছেন, স্বান্ধ এই শুটচাব বামুন নিবেদিভার এঁটো থেরে এসেছে। ভার ছোঁয়া মিটার না হয় থেলি, ভাতে ভভ স্বাসে বার না, কিছে ভার ছোঁয়া জলটা কি ক'রে থেলি ?'

শিক্ত। তা আপনিই তো আদেশ করিরাছিলেন। গুরুর আদেশে আমি দ্ব করিতে পারি। অলটা থাইতে কিছু আমি নারাজ ছিলাম; আপনি পান করিয়া দিলেন, কাজেই প্রদাদ বলিয়া থাইতে হুইল।

খামীজী। তোর জাতের দফা রফা হয়ে গেছে—এখন খার তোকে কেউ ভটচাব বামুন বলে মানবে না!

শিশু। না মানে নাই মাহক। আমি আপনার আদেশে চণ্ডালের ভাতও থাইতে পারি।

কথা ভনিয়া স্বামীন্দী ও উপদ্বিত সকলে হো হো করিয়া হাসিয়া উঠিলেন।

23

## স্থান---বেশুড়, ভাড়াটিয়া মঠ-বাটী কাল---১৮৯৮

আন্ধ বেলা প্রায় গৃইটার সময় শিল্প পদব্রজে মঠে আসিয়াছে। নীলাম্বরবাব্র বাগানবাটীতে এখন মঠ উঠাইয়া আনা হইরাছে এবং বর্জমান
মঠের জমিও অল্লদিন হইল ধরিদ করা হইরাছে। আমীজী শিল্পকে সঙ্গে
লইরা বেলা চারিটা আন্দাল মঠের নৃতন জমিতে বেড়াইতে বাহির হইরাছেন।
মঠের জমি তথনও জললপূর্ণ। জমিটির উত্তরাংশে তথন একখানি একতলা
কোঠাবাড়ি ছিল; উহারই সংস্থার করিয়া বর্তমান মঠ-বাড়ি নির্মিত হইরাছে।
মঠের জমিটি বিনি ধরিদ করাইয়া দেন, তিনিও আমীজীর সঙ্গে কিছুদ্র পর্বস্থ
আসিয়া বিদার লইলেন। আমীজী শিল্পদে মঠের জমিতে অমণ করিতে
লাগিলেন এবং কথাপ্রসঙ্গে ভাবী মঠের কার্যকারিতা ও বিধিবিধান পর্যালোচনা
করিতে লাগিলেন।

ক্রমে একতলা ঘরের পূর্বদিকের বারান্দার পৌছিয়া বেড়াইতে বেড়াইতে বারান্দার পৌছিয়া বেড়াইতে বেড়াইতে বারান্দার

এইখানে সাধুদের থাকবার স্থান হবে। সাধন-ভজন ও আনচর্চার এই মঠ প্রধান কেন্দ্রখান হবে, এই আমার অভিপ্রায়। এখান থেকে বে শক্তির অভাদর হবে, তা জগৎ ছেয়ে ফেলবে; মাছবের জীবনগতি ফিরিয়ে দেবে; আন ভক্তি বোগ ও কর্মের একত্র সমন্বরে এখান থেকে ideals (উচ্চাদর্শ-সকল) বেরোবে; এই মঠভুক্ত সাধুদের ইন্ধিতে কালে দিগ্দিপন্তরে প্রাণের সঞ্চার হবে; মথার্থ ধর্মাছরাগিগণ সব এখানে কালে এলে জুটবে—মনে এরপ কত্ত করনার উদ্বর হচ্চে।

মঠের দক্ষিণ ভাগে ঐ বে জমি দেখছিদ, ওথানে বিভার কেন্দ্রন্তল হবে। ব্যাকরণ দর্শন বিজ্ঞান কাব্য অলহার স্থতি ভক্তিশাস্ত্র আর রাজকীয় ভাষা ঐ খানে শিকা দেওয়া হবে। প্রাচীন টোলের ধরনে ঐ 'বিভামন্দির' খাপিত হবে। বালত্রদ্ধারীরা ঐথানে বাদ ক'রে শাস্ত্রপাঠ করবে। তাদের অশন-বদন भव मर्ठ (थटक (मधन्ना इरव। ध-भव बन्नहांत्रीता भीत वश्मत training (শিক্ষালাভ)-এর পর ইচ্ছে হ'লে গৃহে ফিরে গিন্ধে সংসারী হ'তে পারবে। মঠে মহাপুরুষগণের অভিমতে স্মাসও ইচ্ছে হ'লে নিতে পারবে। এই ব্রহ্মচারি-গণের মধ্যে যাদের উচ্চুঞ্চল বা অসচ্চরিত্র দেখা যাবে, মঠস্বামিগণ তাদের তথনি বহিষ্ণুত ক'রে দিতে পারবেন। এখানে জাতিবর্ণ-নির্বিশেষে অধ্যয়ন করানো হবে। এতে বাদের objection ( আপত্তি ) থাকবে, তাদের নেওরা হবে না। তবে নিজের জাতিবর্ণাশ্রমাচার মেনে যারা চলতে চাইবে, তালের আহারাদির বন্দোবন্ত নিজেদের ক'রে নিতে হবে। তারা অধ্যয়ন-মাত্র সকলের সঙ্গে একত করবে। তাদেরও চরিত্র-বিষয়ে মঠমামিগণ সর্বদা তীক্ষ দৃষ্টি রাখবেন। এখানে trained (শিক্ষিড) না হ'লে কেউ সন্মানের অধিকারী হ'তে পারবে না। ক্রমে এরপে বধন এই মঠের কাল আরম্ভ रूरत, उथन क्यान रूरत वन प्रिथि?

শিক্ত। আপনি তবে প্রাচীনকালের মতো গুরুগৃহে ব্রন্ধ্চর্যাশ্রমের অষ্ট্রান পুনরায় দেশে চালাইতে চান ?

খামীনী। নর তোকি? Modern system of education-এ (বর্তমান
শিক্ষাপদ্ধতিতে) ব্রদ্মবিভা-বিকাশের স্থবোগ কিছুমাত্র নেই। পূর্বের
মতো ব্রদ্মচর্যাশ্রম প্রতিষ্ঠিত করতে হবে। তবে এখন broad basis
(উদারভাব)-এর ওপর তার foundation (ভিত্তিখাপন) করতে
হবে, অর্থাৎ কালোপবোগী অনেক পরিবর্তন তাতে ঢোকাতে হবে।
সে সব পরে ব'লব।

স্বামীজী আবার বলিতে লাগিলেন:

मर्छत मिल्ल के दर कमिछ। चाहि, केर्छि काल कित्न निष्क रदर। ঐথানে মঠের 'অল্লসত্র' হবে। এথানে বথার্থ দীনতঃবিগণকে নারায়ণজ্ঞানে দেবা করবার বন্দোবন্ত থাকবে। ঐ অন্নদত্ত ঠাকুরের নামে প্রতিষ্ঠিত হবে। বেমন fund (টাকা) জুটবে, সেই অনুসারে আলমত্র প্রথম খুলভে হবে। চাই কি প্রথমে ছ-ভিনটি লোক নিয়ে start ( আরম্ভ ) করতে হবে। উৎসাহী বন্ধচারীদের এই অল্পত্র চালাতে train করতে (শেখাতে) হবে! ভাদের বোগাড়-দোগাড় ক'বে, চাই কি ভিকা ক'বে এই অরমত্র চালাভে হবে। মঠ এ-বিষয়ে কোনরকম অর্থসাহাধ্য করতে পারবে না। ব্রহ্মচারীদের ওর জন্ম অর্থসংগ্রহ ক'রে আনতে হবে। সেবাসত্তে ঐভাবে পাঁচ বংসর training (শিক্ষালাভ) সম্পূৰ্ণ হ'লে তবে তারা 'বিভামন্দির'-শাখায় প্রবেশাধিকার লাভ করতে পারবে। অল্পত্রে পাঁচ বৎসর আর বিচ্যাশ্রমে পাঁচ বংসর---একুনে দশ বংগর training-এর (শিক্ষার) পর মঠের স্বামিগণের খার। দীক্ষিত হয়ে সন্যাসাঞ্জমে প্রবেশ করতে পারবে—অবশু বদি তাদের সন্ন্যাসী হ'তে ইচ্ছে হয় এবং উপযুক্ত অধিকারী বুঝে মঠাধ্যক্ষগণ তাদের সন্ন্যাসী করা অভিমত করেন। তবে কোন কোন বিশেষ সদ্গুণসম্পন্ন ব্রহ্মচারী সম্বন্ধে ঐ নিয়মের ব্যতিক্রম ক'রে মঠাধ্যক্ষ তাকে যথন ইচ্ছে সন্মাসদীক্ষা দিতেও পারবেন। সাধারণ ব্রহ্মচারিগণকে কিন্তু পূর্বে বেমন বলনুম, দেইভাবে ক্রমে ক্রমে সন্মাদার্শ্রমে প্রবেশ করতে হবে। আমার মাথায় এই-সব idea ( ভাব ) ব্রেছে।

শিয়। মহাশয়, মঠে এরপ তিনটি শাধাস্থাপনের উদ্দেশ্য কি হবে ?

স্থামীজী। ব্রুলিনি? প্রথমে অয়দান, তারপর বিভাদান, সর্বোপরি জ্ঞানদান। এই তিন ভাবের সময়র এই মঠ থেকে করতে হবে। অয়দান
করবার চেষ্টা করতে করতে ব্রহ্মচারীদের মনে পরার্থকর্মভংপরতা ও
শিবজ্ঞানে জীবসেবার ভাব দৃঢ় হবে। ও থেকে তাদের চিত্ত ক্রমে
নির্মল হয়ে তাতে সম্বভাবের ফ্রন হবে। তা হলেই ব্রহ্মচারিগণ কালে
ব্রহ্মবিভালাভের বোগ্যভা ও সর্যাশাশ্রমে প্রবেশাধিকার লাভ করবে।

শিশ্ব। মহাশর, জানদানই বদি শ্রেষ্ঠ হয়, তবে আর অরদান ও বিভাদানের শাধা ভাপনের প্রয়োজন কি ?

- খামীজী। তৃই এতকণেও কথাটা ব্যতে পায়নিনি! শোন্—এই অন্নহাহাকারের দিনে তৃই বদি পরার্থে সেবাকরে ভিক্ষা-শিক্ষা ক'রে বেরুপে
  হোক তুম্ঠো অন্ন দীনত্থীকে দিতে পারিস, তা হ'লে জীব-জগতের ও
  ভোর মলল ভো হবেই—সঙ্গে সঙ্গে তৃই এই সংকাজের জন্ত সকলের
  sympathy (সহাত্ত্তি) পাবি। ঐ সংকাজের জন্ত সকলের
  ক'রে কামকাঞ্চনবন্ধ সংসারীরা ভোর সাহায্য করতে অগ্রসর হবে।
  তৃই বিছাদানে বা জ্ঞানদানে যত লোক আকর্ষণ করতে পারবি, তার
  সহস্রগুণ লোক ভোর এই অ্যাচিত অন্নদানে আকৃষ্ট হবে। এই কাজে
  তৃই public sympathy (সাধারণের সহাত্ত্তি) যত পাবি, তত
  আর কোন কাজে পাবিনি। যথার্থ সংকাজে মাহ্র্য কেন, ভগবানও
  সহাত্ত্ব হন। এরূপে লোক আকৃষ্ট হ'লে তথন তাদের মধ্য দিয়ে বিছা
  ও জ্ঞানার্জনের স্পৃহা উদ্বীপিত করতে পারবি। তাই আগে অন্নদান।
- শিক্ষ। মহাশর, অন্নসত্র করিতে প্রথম—হান চাই, তারপর ঐজক্ত ঘর-ঘার নির্মাণ করা চাই, তারপর কাজ চালাইবার টাকা চাই। এত টাকা কোথা হইতে আসিবে ?
- স্বামীজী। মঠের দক্ষিণ দিকটা আমি এখনি ছেড়ে দিচ্ছি এবং ঐ বেলতলায় একখানা চালা তুলে দিচ্ছি। তুই একটি কি হুটি আন আত্র সন্ধান ক'রে নিয়ে এদে কাল থেকেই তাদের দেবায় লেগে বা দেখি। নিজে ভিকা ক'রে তাদের জন্ম নিয়ে আয়। নিজে রেঁথে তাদের খাওয়া। এইরূপে কিছু দিন করলেই দেখবি—তোর এই কাজে কত লোক সাহায্য করতে অগ্রসর হবে, কত টাকা-কড়ি দেবে! 'ন হি কল্যাণরুৎ কন্তিৎ হুর্গতিং তাত গচ্ছতি।'
- শিশ্ব। হাঁ, তাহা বটে। কিন্তু ঐরণে নিরন্তর কর্ম করিতে করিতে কালে কর্মবন্ধন তো ঘটতে পাবে ?
- শামীজী। কর্মের ফলে যদি ভোর দৃষ্টি না থাকে এবং সকল প্রকার কামনা-বাসনার পারে যাবার যদি ভোর একান্ত অন্তরাগ থাকে, তা হ'লে ঐ সব সংকাজ ভোর কর্মবন্ধন-মোচনেই সহায়তা করবে। ঐরপ কর্মে

১ গীতা, ৬-৪•

বন্ধন আসবে !—ও-কথা তুই কি বলছিন ? এরপ পরার্থ কর্মই কর্ম-বন্ধনের ম্লোৎপাটনের একমাত্র উপার। 'নাক্তঃ পছা বিভতেহরনার।' শিশু। আপনার কথার অরসত্র ও সেবালাম সমন্দে আপনার মনোভাব বিশেষ করিয়া ভনিতে প্রাণে উৎসাহ হইতেছে।

খামীন্তা। গরীব-ছংখীদের জন্ম well-ventilated (বান্-চলাচলের পথন্তা)
ছোট ছোট ঘর ভৈরি করতে হবে। এক এক ঘরে তাদের ভূ-জন
কি তিন জন মাত্র থাকবে। তাদের জালো বিছানা, পরিষার কাপড়চোপড় সব দিতে হবে। তাদের জন্ম একজন ডাজার থাকবেন।
হপ্তার একবার কি ছবার হ্বিধামত ভিনি ভাদের দেখে বাবেন।
সেবাশ্রমটি অন্নদত্তের একটা ward (বিভাগ)-এর মডো থাকবে,
ভাতে রোগীদের ভশ্রবা করা হবে। ক্রমে বখন fund (টাকা) এসে
পড়বে, তখন একটা মন্ত kitchen (রন্ধনশালা) করতে হবে।
অন্নদত্তে কেবল দীয়তাং নীয়তাং ভূজাতাম্' এই রব উঠবে। ভাতের
ফেন গলায় গড়িরে পড়ে গলার জল সাদা হয়ে বাবে। এই রকম
অন্নত্ত হয়েছে দেখলে তবে আমার প্রাণটা ঠাণ্ডা হয়।

শিশু। আপনার যথন ঐরপ ইচ্ছা হইতেছে, তথন বোধ হয় কালে ঐ বিষয়টি ৰাম্ভবিকই হইবে।

শিষ্যের কথা শুনিয়া স্বামীনী গলার দিকে চাহিয়া কিছুক্ষণ স্থির হইয়া রহিলেন। পরে প্রসরমূখে সম্বেহে শিক্তকে বলিলেন:

তোদের ভেতর কার কবে সিংহ জেগে উঠবে, তা কে জানে? তোদের একটার মধ্যে মা বিদ শক্তি জাগিয়ে দেন তো ছনিয়াময় অমন কত অরস্ত্র হবে। কি জানিস, জান শক্তি ভক্তি—সকলই সর্বজীবে পূর্বভাবে আছে। এদের বিকাশের তারতম্যটাই কেবল আমরা দেখি এবং একে বড়, ওকে ছোট ব'লে মনে করি। জীবের মনের ভেতর একটা পর্দা বেন মারখানে পড়ে পূর্ব বিকাশটাকে আড়াল ক'রে রয়েছে। সেটা সরে গেলেই বস্, সব হয়ে গেল! তখন বা চাইবি, যা ইচ্ছে করবি, তাই হবে।

স্বামীদ্ধী আবার বলিতে লাগিলেন:

ক্ষম করেন তো এ মঠকে মহাসমবন্ধক্ষেত্র ক'বে তুলতে হবে। ঠাকুর আমাদের সর্বভাবের সাকাৎ সমবন্ধস্তি। ঐ সমবন্ধের ভাবটি এথানে জাগিন্ধে রাখনে ঠাকুর জগতে প্রতিষ্ঠিত থাকবেন। সর্বমতের সর্বপথের জাচগুলি বাজন সকলে বাতে এখানে এসে জাপন জাপন ideal (জাদর্শ) দেখতে পার, তা করতে হবে। সেদিন বখন মঠের জমিতে ঠাকুরকে স্থাপন করল্ম, তখন মনে হ'ল, বেন এখান হ'তে তাঁর ভাবের বিকাশ হরে চরাচর বিশ্ব ছেয়ে কেলছে! জামি তো বখাসাধ্য করছি ও ক'রব—তোরাও ঠাকুরের উদার তাব লোকদের ব্রিয়ে দে। বেদান্ত কেবল প'ড়ে কি হবে ? Practical life (কর্মজীবন)-এ শুলাবৈতবাদের সত্যতা প্রমাণিত করতে হবে। শহর এ অবৈতবাদকে জগলে পাহাড়ে রেখে গেছেন; আমি এবার সেটাকে সেখান থেকে সংসারে ও সমাজের সর্বত্র রেখে যাব ব'লে এসেছি। ্ ঘরে ঘরে, মাঠে ঘাটে, পর্বতে প্রান্তরে এই অবৈতবাদের ফুলুভিনাদ তুলতে হবে। তোরা আমার সহায় হয়ে লেগে যা।

শিশ্ব। মহাশন্ন, ধ্যানসহায়ে ঐ ভাব অমুভৃতি করিতেই যেন আমার ভাল লাগে। লাফাতে ঝাঁপাতে ইচ্ছা হয় না।

স্বামীনী। সেটা তো নেশা ক'রে অচেতন হয়ে থাকার মতো; তথু এরুণ (थरक कि हरत ? व्यविष्ठतासित्र श्रित्रभात्र कथन ना जाधन नृष्ठा करति, कथन वा वुँ म हास थाकवि। जान सिनिम शिल कि जका स्थार इस हस ? দশ জনকে দিতে হয় ও খেতে হয়। আত্মাহভৃতি লাভ ক'রে না-হয় তুই মুক্ত হয়ে গেলি—তাতে জগতের এল গেল কি ? ত্রিজগৎ মৃক্ত ক'রে নিয়ে যেতে হবে। মহামায়ার রাজ্যে আগুন ধরিয়ে দিতে হবে। তখনই নিত্য-সত্যে প্রতিষ্ঠিত হবি। সে আনন্দের কি তুলনা আছে রে ! 'নিরবধি গগনাভম'—আকাশকর ভূমানন্দে প্রতিষ্ঠিত হবি। জীবজগতের সর্বত্র তোর নিজ সতা দেখে অবাক হয়ে পড়বি। স্থাবর ও জনম সমস্ত তোর আপনার সভা ব'লে বোধ হবে। তথন সকলকৈ আপনার মতো ষত্ব না ক'রে থাকতে পারবিনি। এরপ অবস্থাই হচ্ছে Practical Vedanta ( কর্মে পরিণত বেদান্তের অমুভূতি )—বুঝলি। তিনি ( বন্ধা) এক হয়েও ব্যাবহারিকভাবে বছরপে সামনে রয়েছেন। নাম ও রূপ এই ব্যবহারের মূলে রয়েছে। বেমন ঘটের নাম-রপটা বাদ দিয়ে কি দেখতে পান-একমাত্র মাটি, বা এর প্রকৃত সন্তা। সেরূপ লমে ঘট পট মঠ-সব ভাবছিদ ও দেখছিদ। জ্ঞান-প্রতিবন্ধক এই যে জ্ঞান, যার বাত্তব

কোন সন্তা নেই, ডাই নিয়ে ব্যবহার চলছে। মাগ-ছেলে, দেহ-মন—খা কিছু সবই নামরূপসহায়ে অজ্ঞানের স্পষ্টতে দেখতে পাওয়া যায়।
অজ্ঞানটা বেই সরে দাঁড়াল, তথনি ব্রন্ধ-সতার অস্কুতি হয়ে গেল।

শিশ্ব। এই অঞান কোথা হইতে আদিল ?

স্বামীন্দ্রী। কোথেকে এল তা পরে ব'লব। তুই বখন দড়াকে সাপ ভেবে ভয়ে দৌডুভে লাগলি, তখন কি দড়াটা সাপ হয়ে গিয়েছিল ?—না, তোর অঞ্চতাই তোকে অমন ক'রে ছুটিয়েছিল ?

শিশ্র। অজতা হইতেই ঐরপ করিয়াছিলাম।

স্বামীনী। তা হ'লে ভেবে দেখ — তুই বখন আবার দড়াকে দড়া ব'লে জানতে পারবি, তখন নিজের পূর্বকার অজ্ঞতা ভেবে হাসি পাবে কি না? তখন নামরূপ মিধ্যা ব'লে বোধ হবে কি না?

শিকা। তাহবে।

শামীজাঁ। তা বদি হয়, তবে নামরূপ মিধ্যা হয়ে দাঁড়াল। এরপে ব্রহ্মপন্তাই
একমাত্র সত্য হয়ে দাঁড়াল। এই অনস্ত স্টেবিচিত্র্যেও তাঁর স্বরূপের
কিছুমাত্র পরিবর্তন হয়নি। কেবল তুই এই অজ্ঞানের মন্দান্ধকারে এটা
মাগ, এটা ছেলে, এটা আপন, এটা পর ভেবে সেই সর্ব-বিভাসক আত্মার
সন্তা ব্রুতে পারিসনে। যথন গুরুর উপদেশ ও নিজের বিশাস দারা এই
নামরূপাত্মক জগংটা না দেখে এর মূল সন্তাটাকে কেবল অহুভব করবি,
তথনি আব্রহ্মন্তম্ব পর্যন্ত সকল পদার্থে তোর আত্মাহ্মভূতি হবে—তথনি
ভিত্ততে হদয়গ্রন্থি শিহুতন্তে সর্বসংশ্রাঃ 'হবে।

শিশ্ব। মহাশয়, এই অজ্ঞানের আদি-অন্তের কথা জানিতে ইচ্ছা হয়।
আমীজী। বে জিনিসটা পরে থাকে না—সে জিনিসটা বে মিধ্যা, তা তো
ব্রতে পেরেছিস? যে বথার্থ ব্রদ্ধজ্ঞ হয়েছে সে বলবে, অজ্ঞান আবার
কোথায়? সে দড়াকে দড়াই দেখে—সাপ ব'লে দেখতে পায় না।
বারা দড়াকে সাপ ব'লে দেখে, তাদের ভয়-ভীতি দেখে তার হাসি পায়!
সেজক্ত অজ্ঞানের বাতত্ব স্থরণ নেই। অজ্ঞানকে সংও বলা বায় না—
অসংও বলা বায় না। 'সরাপাসরাপ্যভয়াত্মিকা নো'। বে জিনিসটা

১ पूछक উপनिवल, शश्र

এরপে মিধ্যা ব'লে প্রতিপন্ন হচ্ছে, তার বিষয়ে প্রশ্নই বা কি, আর উত্তরই বা কি ? ঐ বিষয়ে প্রশ্ন করাটা যুক্তিযুক্তও হ'তে পারে না। কেন, তা শোন্।—এই প্রশ্নোত্তরটাও তো দেই নামরূপ বা দেশকাল ধরে করা হচ্ছে ? যে বন্ধবন্থ নাম-রূপ-দেশ-কালের অতীত, তাকে প্রশ্নোত্তর দিয়ে কি বোঝানো যায় ? এইজন্ত শাস্ত্র মন্ত্র প্রভৃতি ব্যাবহারিকভাবে সভ্য—পারমার্থিকরূপে সভ্য নয়। স্বরূপতঃ অজ্ঞানের অত্তিত্বই নেই, তা আবার ব্রুবি কি ? যথন ব্রুবের প্রকাশ হবে, তথন আর ঐরপ প্রশ্ন করবার অবসরই থাকবে না। ঠাকুরের সেই 'মৃচি-মুটের গ্রন্ধ' শুনেছিস না ?—ঠিক তাই।—অজ্ঞানকে যেই চেনা যার, অমনি সে পালিয়ে যায়।

निश्च। কিন্তু মহাশয়, অঞ্জানটা আসিল কোথা হইতে ? আমীজী। যে জিনিসটাই নেই, তা আবার আসবে কি ক'রে ?—থাকলে তো আসবে ?

শিশু। তবে এই জীব-জগতের কি করিয়া উৎপত্তি হইল ? স্বামীজী। এক ব্রহ্মসন্তাই তো রয়েছেন! তুই মিখ্যা নামরূপ দিয়ে তাকে রূপান্তরে নামান্তরে দেখছিল।

শিশ্য। এই মিখ্যা নামরূপই বা কেন ? কোথা হইতে আসিল?

স্বামীন্দী। শাস্ত্রে এই নামরূপাত্মক সংস্থার বা অজ্ঞতাকে প্রবাহরূপে নিত্য-প্রায় বলেছে। কিন্তু ওটা সাস্ত। ব্রহ্মগৃতা কিন্তু সর্বদা দড়ার মতো স্ব-স্বরূপেই রয়েছেন। এইজন্ম বেদান্তশাস্ত্রের সিদ্ধান্ত এই বে, এই নিখিল বন্ধাণ্ড বন্ধে অধ্যন্ত ইক্সজালবৎ ভাসমান। তাতে ব্রহ্মের কিছুমাত্র স্বরূপ-বৈদক্ষণ্য ঘটেনি। বুঝলি ?

শিয়। একটা কথা এখনও ব্ঝিতে পারিতেছি না। স্বামীজী। কি বল না?

শিশ্ব। এই বে আপনি বলিলেন, এই স্ষ্টি-স্থিতি-সন্নাদি ব্ৰহ্মে অধ্যন্ত, তাদের কোন স্বরূপ-সন্তা নাই—তা কি করিয়া হইতে পারে? বে ষাহা পূর্বে দেখে নাই, দে জিনিসের ভ্রম তাহার হইতেই পারে না। বে কখনও সাপ দেখে নাই, তাহার দড়াতে বেমন সর্পভ্রম হয় না; সেইরূপ বে এই স্থাটি দেখে নাই, তার ব্রহ্মে স্থাটিশ্রম হইবে কেন ? স্বতরাং স্কট ছিল বা আছে, তাই স্টেশ্রর হইরাছে! ইহাতেই বৈতাপত্তি উঠিতেছে।

শামীদী। ব্রহ্ম পুরুষ ভার প্রশ্ন এই মণে প্রথমেই প্রভাগতান করবেন বে,
তাঁর দৃষ্টিতে স্টি প্রভৃতি একেবারেই প্রতিভাত হচ্ছে না। তিনি
একমাত্র ব্রহ্মগতাই দেখছেন। রক্জ্ই দেখছেন, সাপ দেখছেন না।
তুই বদি বলিদ, 'আমি তো এই স্টেট বা সাপ দেখছেন না।
তুই বদি বলিদ, 'আমি তো এই স্টেট বা সাপ দেখছেন না।
তুই বদি বলিদ, 'আমি তো এই স্টেট বা সাপ দেখছেন না।
তেটা করবেন। যথন তাঁর উপদেশে ও বিচার-বলে তুই রক্জ্সভা
বা ব্রহ্মগতা ব্রতে পারবি, তথন এই ভ্রমাত্মক সর্পজ্ঞান বা স্টেটজ্ঞান নাশ হয়ে যাবে। তথন এই স্টেটিভিলয়রপ ভ্রমজ্ঞান বজ্ঞে
আরোপিত ভির্ম আর কি বলতে পারিস ই আনদি প্রবাহরূপে এই
স্টিভানাদি চলে এমে থাকে তো থাকুক, তার নির্ণয়ে লাভালাভ
কিছুই নেই। ব্রহ্মতত্ত্ব 'করামলকবং' প্রত্যক্ষ না হ'লে এ প্রশ্নের
পর্যাপ্ত মীমাংসা হ'তে পারে না এবং হ'লে আর প্রশ্নও উঠে না,
উত্তরেরও প্রয়োজন হয়্ম না। ব্রহ্মতত্বাশ্বাদ তথন 'মুকাশ্বাদনবং' হয়।

শিশ্ব। ভবে আর এভ বিচার করিয়া কি হইবে ?

স্বামীজী। ঐ বিষয়টি বোঝবার জন্ম বিচার। সভ্য বস্ত কিন্ত বিচারের পারে
—'নৈষা তর্কেণ মভিরাপনেয়া'।'

এইরপ কথা চলিতে চলিতে শিশু স্বামীজীর সঙ্গে মঠে<sup>2</sup> আসিরা উপস্থিত ছইল। মঠে স্বাদিরা স্বামীজী মঠের সন্মানী ও ব্রন্ধচারিগণকে স্ব্যুকার ব্রন্ধবিচারের সংক্ষিপ্ত মর্ম ব্যাইয়া দিলেন। উপরে উঠিতে উঠিতে শিশুকে বলিতে লাগিলেন, 'নায়মান্মা বলহীনেন শভাঃ'।

১ , কঠোপনিবদ

২ নীলাশ্ববাবুর বাগানে অবস্থিত

२२

#### হান-বেলুড় মঠ

#### কাল-( ঐ নিৰ্বাণকালে ) ১৮৯৮

- শিষ্ক। স্বামীজী, আপনি এদেশে বক্তা দেন না কেন? বক্তাপ্রভাবে ইওরোপ-আমেরিকা মাতাইয়া আদিলেন, কিন্তু ভারতে ফিরিয়া আপনার ঐ বিষয়ে উত্তম ও অহরাপ বে কেন কমিয়া গিয়াছে, তাহার কারণ ব্রিতে পারি না। পাশ্চাতাদেশগুলি অপেক্ষা—আমাদের বিবেচনায় এখানেই ঐরপ উত্তমের অধিক প্রয়োজন।
- শ্বামীন্দী। এদেশে আগে ground (জমি) তৈরি করতে হবে, তবে বীজ ফেললে গাছ হবে। পাশ্চাত্যের মাটিই এখন বীজ ফেলবার উপযুক্ত, খুব উর্বর। ওদেশের লোকেরা এখন ভোগের শেব সীমায় উঠেছে। ভোগে তৃপ্ত হয়ে এখন ভাদের মন ভাতে আর শান্তি পাচ্ছে না। একটা দারুণ অভাব বোধ করছে। ভোদের দেশে না আছে ভোগে, না আছে যোগ। ভোগের ইচ্ছা কভকটা তৃপ্ত হ'লে তবে লোকে বোগের কথা শোনে ও বোঝে। অরাভাবে ক্ষীণদেহ ক্ষীণমন, রোগ-শোক-পরিভাপের জন্মভূমি ভারতে লেকচার-ফেকচার দিয়ে কি হবে ?
- শিশু। কেন, আপনিই ভো কখন কখন বলিয়াছেন এদেশ ধর্মভূমি। এদেশে লোকে বেমন ধর্মকথা বৃঝে ও কার্যতঃ ধর্মান্ত্রীন করে, অক্তদেশে ভেমন নছে। তবে আপনার জলস্ক বাগ্মিতায় দেশ কেন না মাতিয়া উঠিবে
  —কেন না ফল হইবে?
- বামীনী। ওরে ধর্মকর্ম করতে গেলে আগে ক্র্মাবভারের পূজা চাই—পেট হচ্ছেন সেই ক্র্ম। এঁকে আগে ঠাণ্ডা না করলে, ভারে ধর্মকর্মের কথা কেউ নেবে না। দেখতে পাচ্ছিদ না, পেটের চিন্তাতেই ভারত অন্থির! বিদেশীর সঙ্গে প্রতিঘন্দিতা, বাণিজ্যে অবাধ রপ্তানি, সবচেয়ে ভোদের পরস্পরের ভেতর স্থণিত দাসস্থাত দ্বাই তোদের দেশের অন্থিমজ্ঞা থেয়ে ফেলেছে। ধর্মকথা শোনাতে হ'লে আগে এদেশের লোকের পেটের চিন্তা দ্র করতে হবে। নত্বা শুধু লেকচার-ফেকচারে বিশেষ কোন ফল হবে না।

শিয়। তবে আমাদের এখন কি করা প্রয়োজন ?

খামীজী। প্রথমত: কতকগুলি ত্যাগী পুরুষের প্রয়োজন—যারা নিজেদের সংসারের জন্ত না ভেবে পরের জন্ত জীবন উৎসর্গ করতে প্রস্তুত হবে। আমি মঠ স্থাপন ক'রে কতকণ্ডলি বাল-সন্মানীকে তাই ঐব্ধপে তৈরি করছি। শিকা শেষ হ'লে এরা ঘারে ঘারে গিয়ে সকলকে ভাদের বর্তমান শোচনীয় অবস্থার বিষয় বৃঝিয়ে বলবে, ঐ অবস্থার উন্নতি কিভাবে হ'তে পারে, দে বিষয়ে উপদেশ দেবে আর সঙ্গে সঙ্গে ধর্মের মহানু সভাগুলি সোজা কথায় জলের মতো পরিষার ক'বে ভাদের বুঝিয়ে দেবে। তোদের দেশের mass of people ( জনসাধারণ ) যেন একটা sleeping Leviathan ( খুমস্ত বিরাট অবস্ত )! এবেশের এই যে বিখবিতালয়ের শিক্ষা, এতে শতকরা বড়জোর একজন কি হজন দেশের লোক শিক্ষা পাচ্ছে। যারা পাচ্ছে—তারাও দেশের হিতের জন্ত কিছু ক'রে উঠতে পারছে না। কি করেই বা বেচারি করকে ৰল ? কলেজ খেকে বেরিয়েই দেখে দে সাত ছেলের বাপ! তথন ষা তা ক'রে একটা কেরানিগিরি, বড়জোর একটা ডেপুটিগিরি জুটিয়ে নেয়। এই হ'ল শিক্ষার পরিণাম! তারপর সংসারের ভারে উচ্চকর্ম উচ্চচিন্তা করবার তাদের আর সময় কোথায় ? তার নিজের স্বার্থই निष दश्र ना ; भदार्थ रम जातात्र कि कत्रत् ?

শিশ্ব। তবে কি আমাদের উপায় নাই ?

খামীজী। অবশ্য আছে। এ সনাতন ধর্মের দেশ। এদেশ পড়ে গেছে
বটে, কিন্তু নিশ্চর আবার উঠবে। এমন উঠবে বে জগং দেখে অবাক
হরে বাবে। দেখিসনি নদী বা সমূদ্রে তরক বত নামে, তারপর সেটা
তত জোরে ওঠে? এখানেও সেইরপ হবে। দেখিছিসনি—পূর্বাকাশে
অরুণোদর হয়েছে, স্র্ব ওঠার আর বিলম্ব নেই? তোরা এই সময়ে
কোমর বেঁধে লেগে বা—সংসার-ফংসার ক'রে কি হবে? তোদের
এখন কাজ হচ্ছে দেশে-দেশে গাঁয়ে-গাঁয়ে গিয়ে দেশের লোকদের ব্রিয়ে
দেওয়া বে, আর আলিভি ক'রে বসে ধাকলে চলছে না। শিক্ষাহীন
ধর্মহীন বর্তমান অবনতিটার কথা তাদের ব্রিয়ে দিয়ে বলগে, 'ভাই
সব, ওঠ, জাগো। কতদিন আর ঘুম্বে?' আর শাজের মহান্

সভ্যশুলি সরল ক'রে ভাদের বৃষিদ্ধে দিগে। এভদিন এদেশের রাজণেরা ধর্মটা একচেটে ক'রে বসে ছিল। কালের স্রোভে ভা বখন আর টিকলো না, তখন সেই ধর্মটা দেশের সকল লোকে বাতে পায়, তার ব্যবস্থা করগে। সকলকে বোঝাগে রাজ্মণদের মতো ডোমাদেরও ধর্মে সমান অধিকার। আচঙালকে এই অগ্নিমন্ত্রে দীন্দিভ কর্। আর সোজা কথায় ভাদের ব্যবসা-বাণিজ্য কৃষি প্রভৃতি গৃহস্থজীবনের অভ্যাবশুক বিষয়গুলি উপদেশ দিগে। নতুবা ভোদের লেখাপড়াকেও ধিক, আর ভোদের বেদবেদাস্ত পড়াকেও ধিক।

শিশ্ব। মহাশন্ত্র, আমাদের সে শক্তি কোথায় ? আপনার শতাংশের একাংশ শক্তি থাকিলে নিজেও ধন্ত হইতাম, অপরকেও ধন্ত করিতে পারিতাম।

ষামীজী। দ্র ম্থা শক্তি-ফক্তি কেউ কি দেয় ? ও তোর ভেতরেই রয়েছে, সময় হলেই আপনা-আপনি বেরিয়ে পড়বে। তুই কাজে লেগে যা না; দেখবি এত শক্তি আসবে যে সামলাতে পারবিনি। পরার্থে এতটুকু কাজ করলে ভেতরের শক্তি জেগে ওঠে। পরের জন্ম এতটুকু ভারলে ক্রমে হদয়ে সিংহবলের সঞ্চার হয়। তোদের এত ভালবাসি, কিন্তু ইচ্ছা হয়, তোরা পরের জন্ম খেটে খেটে মরে যা—আমি দেখে খ্নী হই।

শিশ্র। কিন্তু মহাশয়, যাহার। আমার উপর নির্ভর করিতেছে, তাহাদের কি হইবে?

স্বামীজী। তুই বদি পরের জন্ম প্রাণ দিতে প্রস্তত হ'স্ তো ভগবান তাদের একটা উপায় করবেনই করবেন। 'ন হি কল্যাণকৃৎ কশ্চিৎ হুর্গতিং তাত গচ্চতি'—গীতায় পড়েছিস তো ?

निशा आद्ध दै।

স্থামীনী। ত্যাগই হচ্ছে স্থানল কথা—ত্যাগী না হ'লে কেউ পরের জন্ত যোল স্থানা প্রাণ দিয়ে কাজ করতে পারে না। ত্যাগী সকলকে সমভাবে দেখে, সকলের সেবায় নিযুক্ত হয়। বেদাস্থেও পড়েছিস, সকলকে সমানভাবে দেখতে হবে। তবে একটি স্থী ও কয়েকটি ছেলেকে বেশী স্থাপনার ব'লে ভাববি কেন? তোর দোরে স্বয়ং নারায়ণ কাঙালবেশে এসে স্থনাহারে মৃতপ্রায় হয়ে পড়ে রয়েছেন, তাঁকে কিছু না দিয়ে থালি নিজের ও নিজের স্ত্রী-পুত্রদেরই উদর নানাপ্রকার চর্ব্য-চ্ছ দিয়ে। পূর্তি করা—দে তো পশুর কাজ।

শিশু। মহাশর, পরার্থে কার্য করিতে সময়ে সময়ে বছ অর্থের প্রয়োজন হয়; তাহা কোথায় পাইব ?

শামীজী। বলি, বতট্কু কমতা আছে ততট্কুই আগে কর্ না। পর্সার অভাবে যদি কিছু নাই দিতে পারিস—একটা মিষ্টি কথা বা ছটো সং উপদেশও তো তাদের শোনাতে পারিস। না—তাতেও তোর টাকার দরকার ?

শিষ্য। আজে হাঁ, তা পারি।

শামীন্ধা। 'হা পারি' কেবল মুখে বললে হচ্ছে না। কি পারিস—তা কালে আমার দেখা, তবে তো জানবাে আমার কাছে আসা সার্থক। লেগে যা। কদিনের জন্ম জীবন ? জগতে বখন এসেছিল, তখন একটা দাগ রেখে মা। নতুবা গাছ-পাথরও তো হচ্ছে মরছে—এক্রপ জনাতে মরতে মাহুবের কখন ইচ্ছা হন্ন কি ? আমায় কাজে দেখা বে, তোর বেদান্ত পড়া সার্থক হয়েছে। সকলকে এই কথা শোনাগে—'তোমাদের ভেতরে অনন্ত শক্তি বয়েছে, সে শক্তিকে জাগিয়ে তোল।' নিজের মৃক্তি নিয়ে কি হবে ? মৃক্তিকামনাও তো মহা শার্থপরতা। কেলে দে ধ্যান, ফেলে দে মৃক্তি-ফুক্তি। আমি যে কাজে লেগেছি, সেই কাজে লেগে যা।

শিশ্ব অবাক হইয়া শুনিতে লাগিল। স্বামীনী বলিতে লাগিলেন:

তোরা ঐরপে আগে জমি তৈরি করগে। আমার মতো হাজার হাজার বিবেকানল পরে বক্তা করতে নরলোকে শরীর ধারণ করবে; তার জল্প ভাবনা নেই। এই দেখু না, আমাদের (প্রীরামক্ষশিল্পাদের) ভেতর বারা আগে ভাবত তাদের কোন শক্তি নেই, তারাই এখন অনাথ-আশ্রম, ছাজিক-ফণ্ড কত কি খুলছে! দেখছিস না—নিবেদিতা ইংরেজের মেয়ে হল্পেও তোদের সেবা করতে শিখেছে। আর তোরা তোদের নিজের দেশের লোকের জল্প তা করতে পারবিনি? বেখানে মহামারী হয়েছে, বেখানে জীবের ছুঃধ হয়েছে, বেখানে ছজিক হয়েছে—চলে বা সেদিকে। নয়—মরেই বাবি। তোর আমার মতো কত কীট হচ্ছে মরছে। তাতে জগতের

কি আসছে যাছে? একটা মহান্ উদ্দেশ্য নিয়ে মরে যা। মরে তো যাবিই; তা ভাল উদ্দেশ্য নিয়েই মরা ভাল। এই ভাব ঘরে ঘরে প্রচার কর, নিজের ও দেশের মলল হবে। ভোরাই দেশের আলা-ভরসা। ভোদের কর্মহীন দেখলে আমার বড় কট্ট হয়। লেগে যা—লেগে যা। দেরি করিসনি—মৃত্যু তো দিন দিন নিকটে আসছে। পরে কর্মবি ব'লে আর বলে থাকিসনি—ভা হ'লে কিছুই হবে না।

#### ২৩

# স্থান—বেলুড় মঠ

#### কাল-( ঐ নির্মাণকালে ) ১৮৯৮

- শিশু। স্বামীজী, বন্ধ বদি একমাত্র সভ্য বস্ত হন, তবে জগতে এত বিচিত্রতা দেখা যায় কেন ?
- ষামীন্দী। সভাই হ'ন বা আর বাই হ'ন, ব্রহ্মবন্ধকে কে জানে বল্?
  জগংটাকেই আমরা দেখি ও সভ্য ব'লে দৃঢ় বিশাস ক'রে থাকি। তবে
  স্পষ্টগত বৈচিত্র্যটাকে সভ্য ব'লে খীকার ক'রে বিচারপথে অগ্রসর
  হ'লে কালে একত্বমূলে গৌছানো যায়। যদি সেই একত্বে অবস্থিত
  হ'তে পারভিস, তা হ'লে এই বিচিত্রভাটা দেখতে পেভিস না।
- শিয়। মহাশয়, যদি একত্বেই অবস্থিত হইতে পারিব, তবে এই প্রশ্নই বা কেন করিব? আমি বিচিত্রতা দেখিয়াই ষখন প্রশ্ন করিতেছি, তখন উহাকে সত্য বলিয়া অবশ্য মানিয়া লইতেছি।
- শামীজী। বেশ কথা। স্থাইর বিচিত্রতা দেখে তাকে সত্য ব'লে মেনে
  নিয়ে একছের মূলাস্পদান করাকে শাস্ত্রে 'বাতিরেকী বিচার' বলে।
  ক্রথাং অভাব বা অসত্য বস্তুকে ভাব বা সত্য বস্তু ব'লে ধরে নিয়ে
  বিচার ক'রে দেখানো যে, সেটা ভাব নয়—অভাব বস্তু। তুই
  ঐক্লপে মিধ্যাকে সত্য ব'লে ধরে সভ্যে পৌছানোর কথা বলছিল।
  কেমন ?

- শিশু। আজা হাঁ, তবে আমি ভাবকেই সভ্য বলি এবং ভাবরাহিত্যটাকেই মিধ্যা বলিয়া স্বীকার করি।
- স্বামীজী। আচ্ছা। এখন দেখ্, বেদ বলছে, 'একমেবাৰিডীয়ন্'; যদি বস্তুত: এক ব্ৰহ্মই থাকেন, তবে ভোৱ নানাত তো মিধ্যা হচ্ছে। বেদ মানিদ তো?
- শিশু। বেদের কথা স্মামি মানি বটে। কিন্তু যদি কেহ না মানে, তাহাকেও তো নিরন্ত করিতে হইবে ?
- খামীজী। তা ঠিক। জড়-বিজ্ঞান সহায়ে তাকে প্রথম বেশ ক'রে বুঝিয়ে দেখিয়ে দিতে হয় যে, ইন্দ্রিয়জ প্রতাক্ষকেও আমরা বিশাস করতে পারি না; ইন্দ্রিয়গুলিও ভূল সাক্ষ্য দেয় এবং ষথার্থ সত্য বস্তু আমাদের ইন্দ্রিয়ন্মন-বৃদ্ধির বাইরে রয়েছে। তারপর তাকে বলতে হয় মন, বৃদ্ধিও ইন্দ্রিয়ের পারে যাবার উপায় আছে। তাকেই ঋষিরা যোগ বলেছেন। যোগ অয়ঠান-সাপেক, হাতে-নাতে করতে হয়। বিখাস কর আর নাই কর, করলেই ফল পাওয়া যায়। ক'রে দেখ্—হয়, কি না হয়। আমি বাত্তবিকই দেখেছি—ৠয়িরা যা বলেছেন, সব সত্য। এই দেখ্
  —তুই যাকে বিচিত্রতা বলছিন, তা এক সময় লুগু হয়ে বায়—
  অয়্তব হয় না। তা আমি নিজের জীবনে ঠাকুরের রূপায় প্রত্যক্ষ

শিশু। কথন এরপ করিয়াছেন ?

খামীজী। একদিন ঠাকুর দক্ষিণেখরের বাগানে আমায় ছুঁয়ে দিয়েছিলেন;
দেবামাত্র দেখলুম ঘরবাড়ি, দোর-দালান, গাছপালা, চক্র-স্থ—সব বেন
আকাশে লয় পেয়ে বাছে। ক্রমে আকাশও বেন কোথায় লয় পেয়ে
গেল। ভারপর কি বে প্রত্যক্ষ হয়েছিল, কিছুই অরণ নেই; ভবে মনে
আছে, ঐরপ দেখে বড় ভয় হয়েছিল—চীৎকায় ক'য়ে ঠাকুয়কে
বলেছিল্ম, 'ওগো, ত্মি আমায় কি ক'য়ছ গো, আমায় বে বাশ-মা
আছে!' ঠাকুয় তাতে হাসতে হাসতে 'তবে এখন থাক্' ব'লে ফেয়
ছুঁয়ে দিলেন। তখন ক্রমে আবার দেখলুয়—ঘয়বাড়ি দোর-দালান বা
বেমন সব ছিল; ঠিক সেই রকম রয়েছে! আর একদিন আমেরিকায়
একটি lake-এর (য়েদর) ধারে ঠিক ঐরপ হয়েছিল।

- শিষ্ক। ( অবাক হইয়া ) আচ্ছা মহাশন্ধ, ঐরপ অবহা মডিছের বিকারেও . তো হইতে পারে? আর এক কথা, ঐ অবহাতে আপনার বিশেষ আনন্দ উপলব্ধি হইরাছিল কি?
- শামীনী। বধন বোগের ধেয়ালে নয়, নেশা ক'রে নয়, রকম-বেরকমের দম টেনেও নয়, সহজ মাহুষের স্থাবস্থায় এ অবস্থা হয়ে থাকে, তথন তাকে মন্তিক্ষের বিকার কি ক'রে বলবি, বিশেষতঃ বখন আবার ঐরপ অবস্থা-লাভের কথা বেদের সলে মিলছে, পূর্বপূর্ব আচার্য ও ঋষিগণের আগু-বাক্যের সঙ্গে মিলে বাচ্ছে? আমায় কি শেষে তুই বিকৃতমন্তিজ ঠাওরালি?
- শিষ্য। না মহাশয়, আমি তাহা বলিতেছি না। শাস্ত্রে বথন শত শত এরপ একতাফভূতির দৃষ্টাস্ত রহিয়াছে, আপনি বথন বলিতেছেন যে ইহা করামলকবং প্রত্যক্ষসিদ্ধ, আর আপনার অপরোক্ষাহভূতি যথন বেছাদি শাস্ত্রোক্ত বাক্যের অবিসংবাদী, তথন ইহাকে মিথ্যা বলিতে সাহস হয় না। শ্রীশঙ্করাচার্যও বলিয়াছেন—'ক গতং কেন বা নীতং' ইত্যাদি।
- স্থামীজী। জানবি, এই একস্কান—বাকে তোদের শাস্তে ব্রহ্মান্থভূতি বলে—
  তা হ'লে জীবের আর ভয় থাকে না, জয়মৃত্যুর পাশ ছিল হয়ে যায়।
  এই হেয় কামকাঞ্চনে বন্ধ হয়ে জীব সে ব্রহ্মানন্দ লাভ করতে পারে না।
  সেই পরমানন্দ পেলে জগতের স্থবছাথে জীব আর অভিভূত হয় না।
- শিশু। আচ্ছা মহাশর, ষদি তাহাই হয় এবং আমরা ষদি বথার্থ পূর্ণত্রক্ষথক্ষপই হই, তাহা হইলে ঐক্পে সমাধিতে স্থলাভে আমাদের যত্ন হয়
  না কেন ? আমরা তৃচ্ছ কামকাঞ্চনের প্রলোভনে পড়িয়া বারবার
  মৃত্যমুখে ধাবমান হইতেছি কেন ?
- খামীজী। তৃই মনে করছিল, জীবের সে শান্তিলাভে আগ্রহ নেই বৃঝি ?

  একটু ভেবে দেখ্—বৃঝতে পারবি, বে ষা করছে, সে তা ভূমা অথের
  আশাতেই করছে। তবে সকলে ঐ কথা বৃঝে উঠতে পারছে না।
  সে পরমানন্দলাভের ইচ্ছা আত্রন্ধতম পর্যন্ত সকলের ভেতর পূর্ণভাবে
  রয়েছে। আনন্দল্যরপ ত্রন্ধও সকলের অন্তরের অন্তরে রয়েছেন। তুইও
  সেই পূর্বন্ধ। এই মৃহুর্তে—ঠিক ঠিক ভাবলেই ঐ কথার অন্তভূতি হয়।
  কেবল অন্তভূতির অভাব মাত্র। তুই বে চাকরি ক'রে ত্রী-পুত্রের জন্ত

এত থাটছিস, তার উদ্দেশ্যও সেই সচিদানন্দলাভ। সেই মোহের মারপেঁচে পড়ে যা থেরে থেরে ক্রমশঃ খ-খরণে নজর আসবে। বাসনা আছে বলেই থাকা থাচ্ছিস ও থাবি। এরপে থাকা থেরে থেরে নিজের দিকে দৃষ্টি পড়বে—সকলেরই এক সমর পড়বেই পড়বে। তবে কারও এ জ্যে, কারও বা লক্ষ জয় পরে।

- শিশু। সে চৈডক্ত হওয়া—মহাশয়, আপনার আশীর্বাদ ও ঠাকুরের রূপা না হইলে কথনও হইবে না।
- খামীনী। ঠাকুরের রুপা-বাতাস তো বইছেই। তুই পাল তুলে দে না।

  যথন যা করবি, খুব একাস্তমনে করবি। দিনরাত ভাববি, আমি

  সচিদানন্দ্ররূপ—আমার আবার ভয়-ভাবনা কি ? এই দেহ মন বৃদ্ধি—

  সবই ক্ষণিক; এর পারে যা ভাই আমি।
- শিশু। ঐ ভাব ক্ষণিক আদিলেও আবার তথনি উড়িয়া যায় এবং ছাইভস্ম সংসার ভাবি।
- খামীজী। ও রকম প্রথম প্রথম হয়ে থাকে; ক্রমে শুধরে বাবে। তবে মনের খুব তীব্রতা, একান্তিক ইচ্ছা চাই। ভাববি যে আমি নিত্য-শুদ্ধ-বৃদ্ধ-মৃক্তস্বভাব, আমি কি কখন অস্তায় কান্ত করতে পারি? আমি কি সামান্ত কামকাঞ্চনলোভে পড়ে সাধারণ জীবের মতো মৃশ্ধ হ'তে পারি? মনে এমনি ক'রে জোর করবি; তবে তো ঠিক কল্যাণ হবে।
- শিশ্ব। মহাশন্ন, এক একবার মনের বেশ জোর হর। আবার ভাবি, ভেপুটিগিরির জন্ত পরীকা দিব—ধন মান হবে, বেশ মঞ্জায় থাকব।
- স্থামীজী। মনে যথন ও-সব স্থাসবে, তথনি বিচার করবি। তুই তো বেদান্ত
  পড়েছিস ? ঘূম্বার সময়ও বিচারের তরোয়ালখানা শিয়রে রেখে ঘূম্বি,
  বেন স্থপ্নেও লোভ সামনে না এগোতে পারে। এইরূপে জোর ক'রে
  বাসনা ত্যাগ করতে করতে ক্রমে যথার্থ বৈরাগ্য স্থাসবে, তথন দেখবি
  স্থর্গের হার খুলে গেছে।
- শিক্স। আছো স্বামীজী, ভক্তিশাল্লে বে বলে বেশী বৈরাগ্য হ'লে ভাব থাকে না।
- খামীজী। আবে ফেলে দে ভোর দে ভজিশান্ত, যাতে ও-রকম কথা আছে। বৈরাগ্য—বিষয়বিত্ঞা না হ'লে, কাকবিচার ক্যায় কামিনীকাঞ্চন ত্যাগ

না করলে 'ন সিধ্যতি বন্ধশতাভবেহণি'—বন্ধার কোটকল্লেও জীবের মৃ্জি নেই। জপ, ধ্যান, পূজা, হোম, তপশুা কেবল তীব্র বৈরাগ্য আনবার জন্ত। তা বার হরনি, তার জানবি—নোত্তর ফেলে নৌকোয় দাঁড়টানার মতো হচ্ছে! 'ন ধনেন ন চেল্যরা, ত্যাগেনৈকে অমৃতত্বমানতঃ।'

শিয়। আচ্ছা মহাশয়, কামকাঞ্চনত্যাগ হইলেই কি সব হইল ?

ষামীলী। ও ছটো ত্যাগের পরও অনেক বেঠা আছেন! এই বেমন, তারপর আসেন লোকথ্যাতি! সেটা বে-সে লোক সামলাতে পারে না। লোকে মান দিতে থাকে, নানা ভোগ এসে জোটে। এতেই ত্যাগীদের মধ্যে বার আনা লোক বাঁধা পড়ে। এই বে মঠ-ফঠ করছি, নানা রকমের পরার্থে কাঞ্চ ক'রে স্থ্যাতি হচ্ছে—কে জানে, আমাকেই বা আবার ফিরে আসতে হয়।

শিশু। মহাশন্ন, আপনিই ঐ কথা বলিতেছেন, তবে আমরা আর বাই কোথায় ?

খামীজী। সংসারে রয়েছিল, তাতে ভয় কি ? 'অভীরভীরভীং'—ভয় ত্যাগ
কর্। নাগ-মহাশয়কে দেখেছিল তো ?—সংসারে থেকেও সয়্যাসীয়
বাড়া! এমনটি বড় একটা দেখা যায় না। গেরস্ত যদি কেউ হয়
তো বেন নাগ-মহাশয়ের মতো হয়। নাগ-মহাশয় পূর্ববঙ্গ আলো
ক'রে বলে আছেন। ওদেশের লোকদের বলবি—বেন তাঁর কাছে যায়,
তা হ'লে তাদের কল্যাণ হবে।

শিক্স। মহাশন্ধ, বথার্থ কথাই বলিয়াছেন; নাগ-মহাশন্ধ শ্রীরামক্কফ-লীলাসহচর, তাঁকে জীবস্ত দীনতা বলিয়া বোধ হয়!

স্বামীন্ধী। তা একবার বলতে? আমি তাঁকে একবার দর্শন করতে যাব।
তুইও বাবি? জলে ভেলে গ্লেছে, এমন মাঠ দেখতে আমার এক এক
সময়ে বড় ইচ্ছা হয়। আমি যাব, দেখব। তুই তাঁকে লিখিন।

শিষ্য। আমি লিখিয়া দিব। আপনার দেওভোগ বাইবার কথা শুনিলে তিনি আনন্দে উন্নাদপ্রায় হইবেন। বহুপূর্বে আপনার একবার বাইবার কথা হইয়াছিল, তাহাতে তিনি বলিয়াছিলেন, 'পূর্ববদ আপনার চরণধূলিতে তীর্থ হইয়া বাইবে।'

শামীনী। জানিস তো, নাগ-মহাশয়কে ঠাকুর বলতেন, 'জলস্ক আগুন'। শিক্স। আজে হাঁ, তা শুনিয়াছি। শামীনী। জনেক রাত হয়েছে, তবে এখন আয়—কিছু খেরে বা। শিক্স। বে আজা।

অনম্বর কিছু প্রসাদ পাইয়া শিক্ত কলিকাতা বাইতে ঘাইতে ভাবিতে সাগিল: খামীলী কি অভূত পুরুষ—বেন সাক্ষাৎ জ্ঞানমূতি আচার্য শহর!

२8

## স্থান—বেল্ড্ মঠ কাল—( ঐ নির্মাণকালে ) ১৮৯৮

শিশু। স্বামীজী, জ্ঞান ও ভক্তির সামগ্রস্থ কিরুপে হইতে পারে ? দেখিতে পাই, ভক্তিপথাবদন্বিগণ আচার্য শঙ্করের নাম শুনিলে কানে হাত দেন, আবার জ্ঞানমার্গীরা ভক্তদের আকুল ক্রন্দন, উল্লাস ও নৃত্যগীতাদি দেখিয়া বলেন, ওরা পাগলবিশেষ।

স্বামীন্দী। কি স্বানিস, গৌণ জ্ঞান ও গৌণ ভক্তি নিয়েই কেবল বিবাদ উপহিত হয়। ঠাকুরের সেই ভূত-বানরের গল্প শুনেছিল তো ?'

শিয়। আজাহা।

স্বামীন্দ্রী। কিন্তু মুখ্যা ভক্তি ও মুখ্য জ্ঞানে কোন প্রভেদ নেই। মুখ্যা ভক্তি
মানে হচ্ছে—ভগবানকে প্রেমস্থরণে উপলব্ধি করা। তুই যদি সর্বত্র
সকলের ভেতরে ভগবানের প্রেমমূর্তি দেখতে পাস্ তো কার ওপর
আর হিংসাবেষ করবি? সেই প্রেমায়ভূতি এতটুকু বাসনা—ঠাকুর
যাকে বলতেন 'কামকাঞ্চনাসজ্ঞি'—থাকতে হবার জ্বো নেই। সম্পূর্ণ
প্রেমায়ভূতিতে দেহবৃদ্ধি পর্যন্ত থাকে না। আর মুখ্য জ্ঞানের মানে

১ শিব-রামের যুদ্ধ হইরাছিল। এখন রামের গুরু শিব ও শিবের গুরু রাম, স্তরাং যুদ্ধের পরে গুল্পনর ভাবও হইল। কিন্তু শিবের চেলা ভূতপ্রেতগুলির আর রামের সঙ্গী বানরগুলির মধ্যে স্বস্তৃ। কিচিমিটি সেই দিন হইতে আরম্ভ হইরা আল পর্বন্ত মিটিল না।

হচ্ছে সর্বত্র একছাত্মভৃতি, আত্মত্মরণের সর্বত্র দর্শন। তাও এতটুকু অহংবৃদ্ধি থাকতে হবার জো নেই।

শিত। তবে আপনি যাহাকে প্রেম বলেন, তাহাই কি পরমজ্ঞান ?

খামীজী। তা বই কি! পূর্ণপ্রজ্ঞ না হ'লে কারও প্রেমায়ভূতি হয় না।
দেখছিল তো বেদান্তপাত্তে ব্রহ্মকে 'সচ্চিদানন্দ' বলে। ঐ সচ্চিদানন্দশব্দের মানে হচ্ছে—'সং' অর্থাৎ অন্তিত্ব, 'চিং' অর্থাৎ চৈতক্ত বা
জ্ঞান, আর 'আনন্দ'ই প্রেম। ভগবানের সং-ভাবটি নিয়ে ভক্ত
ও জ্ঞানীর মধ্যে কোন বিবাদ-বিসংবাদ নেই। কিন্তু জ্ঞানমার্গী ব্রহ্মের
চিং বা চৈতক্ত-সন্তাটির ওপরেই সর্বদা বেশী কোঁক দেয়, আর ভক্তগণ
আনন্দ-সন্তাটিই সর্বন্দণ নজরে রাখে। কিন্তু চিংশ্বরূপ অমূভূতি হ্বামাত্র আননন্দশ্বরূপের'উপলব্ধি হয়। কারণ বা চিং, তা-ই যে আনন্দ।
শিয়। তবে ভারতবর্ষে এত সাম্প্রদায়িক ভাব প্রবল কেন এবং ভক্তি ও
জ্ঞান-শাস্তেই বা এত বিরোধ কেন ?

স্বামীজী। কি জানিদ, গৌণভাব নিয়েই অর্থাৎ যে ভাবগুলো ধরে মামুষ ঠিক জ্ঞান বা ঠিক ভক্তি লাভ করতে অগ্রসর হয়, সেইগুলো নিয়েই যত লাঠালাঠি দেখতে পাওয়া যায়। কিন্তু ভোর কি বোধ হয়? End (উদেশ্র) বড়, কি means (উপায়গুলো) বড়? নিশ্চয়ই উদ্দেশ্য থেকে উপায় কখন বড় হ'তে পারে না। কেন না, অধিকারি-एछा वक्टे छाम्चनाछ नानाविश छेशास हम। वह स एथि हम-জপ ধ্যান পূজা হোম ইত্যাদি ধর্মের অঙ্গ, এগুলি সবই হচ্ছে উপায়। আর পরাভক্তি বা পরবন্ধবন্ধকে দর্শনই হচ্ছে মুখ্য উদ্দেশ্য। অতএব এक টু ত निरम्न राज्य वृद्धा भारति—विवान शास्त्र कि निरम्न। এक कन বলছেন-পুৰমুখো হয়ে ব'লে ভগবানকে ডাকলে তাবে তাঁকে পাওয়া যায়; আর একজন বলছেন—না, পশ্চিমমুখো হয়ে বসতে হবে, তবেই তাঁকে পাওয়া যাবে। হয়তো একজন বছকাল পূর্বে পূবমুখো হয়ে ব'দে ধ্যানভন্তন ক'বে ঈশবলাভ করেছিলেন; তাঁর চেলারা তাই দেখে অমনি ঐ মত চালিয়ে দিয়ে বলতে লাগলো, পুৰমুখো হয়ে না বসলে क्षेत्रनां कथनरे रूत ना। जात्र अक्रम वनल-एम कि कथा? পশ্চিমমুখো ব'লে অমুক ভগবান লাভ করেছে, আমরা ওনেছি বে !

আমরা তোদের ঐ মত মানি না। এইরূপে দব দল বেঁধেছে। একজন হয়তো হরিনাম অপ ক'রে পরাভক্তি লাভ করেছিলেন; অমনি শাস্ত তৈরী হল—'নাজ্যেব গভিরন্তথা'। কেউ আবার 'আলা' ব'লে সিদ্ধ হলেন, তথনি তাঁর আর এক মত চলতে লাগলো। আমাদের এখন (मथएड हरव--- এই नकन अप-शृक्षांमित (थेहैं (आत्रस्त ) कोथात्र। त्म থেই হচ্ছে শ্রদ্ধা; সংস্কৃতভাষার 'শ্রদ্ধা' কথাটি বোঝাবার মতো শব্দ আমাদের ভাষার নেই। উপনিষদে আছে, ঐ প্রধা নচিকেভার হৃদয়ে প্রবেশ করেছিল। 'একাগ্রতা' কথাটির বারাও প্রদা-কথার সমুদয় ভাবটুকু প্রকাশ করা যায় না। বোধ হয় 'একাগ্রনিষ্ঠা' বললে সংস্কৃত শ্রদা-কথাটার অনেকটা কাছাকাছি মানে হয়। নিষ্ঠার সহিত একাগ্র-মনে বে-কোন তত্ত্ব হোক না, ভাবতে থাকলৈই দেখতে পাবি, মনের গতি ক্রমেই একত্বের দিকে চলেছে বা সচ্চিদানন-স্বরূপের অমুভূতিক দিকে বাচ্ছে। ভক্তি এবং জ্ঞান-শাস্ত্র উভয়েই ঐক্নপ এক একটি निष्ठी जीवत्न जानवात्र जग्र माञ्चरक विश्वचाद्व उपमा कत्रहा। যুগপরম্পরায় বিকৃত ভাব ধারণ ক'রে সেইসব মহান্ সভ্য ক্রমে দেশাচারে পরিণত হয়েছে। তথু বে তোদের ভারতবর্ষে এক্রপ হয়েছে তা নয়-পৃথিবীর সকল জাভিতে ও সকল সমাজেই এক্লপ হয়েছে। व्यात विठाविष्टीन नाशांत्र कीव अञ्चला निष्य म्हे व्यविष विवाह क'रत মরছে. খেই হারিয়ে ফেলেছে: তাই এত লাঠালাঠি চলেছে।

শিষ্য। মহাশন্ন, তবে এখন উপান্ন কি ?

খামীজী। পূর্বের মতো ঠিক ঠিক শ্রদ্ধা আনতে হবে। আগাছাগুলো উপড়ে ফেলতে হবে। সকল মতে সকল পথেই দেশকালাতীত সত্য পাওয়া যায় বটে, কিন্ত সেগুলোর উপর অনেক আবর্জনা পড়ে গেছে। দেগুলো সাফ ক'রে ঠিক ঠিক তত্বগুলি লোকের সামনে ধরতে হবে; তবেই তোদের ধর্মের ও দেশের মকল হবে।

শিশ্ব। কেমন করিয়া উহা করিতে হইবে ?

খামীন্দ্রী। কেন ? প্রথমতঃ মহাপুরুষদের পূজা চালাতে হবে। বারা দেইসব সনাতন তম্ব প্রত্যক্ষ ক'রে গেছেন, তাঁদের—লোকের কাছে ideal (আমূর্শ বা ইউ)-রূপে থাড়া করতে হবে। বেমন ভারতবর্ষে জীরাবচল্ল, জীকুক, বহাবীয় ও জীরাবকুক। দেশে জীরাবচল্ল ও বহাবীরের পূজা চালিয়ে দে দিকি। বুলাবনদীলা-ফীলা এখন রেখে দে। গীডানিংহনাদকারী জীকুকের পূজা চালা, শক্তিপূজা চালা।

শিয়। কেন, বুন্দাবনলীলা মন্দ কি ?

খামীলী। এখন জীক্তকের ঐক্তপ পূজার তোদের দেশে কল হবে না। বানী বালিরে এখন আর দেশের কল্যাণ হবে না। এখন চাই ষ্হাভ্যাগ, মহানিঠা, ষহাধৈর্য এবং স্বার্থগন্ধপৃত্ত শুদ্ধবৃদ্ধি-সহারে মহা উল্লম প্রকাশ ক'রে সকল বিষয় ঠিক ঠিক জানবার জন্ত উঠে পড়ে লাগা।

শিছা। মহাশন্ধ, তবে আপনার মতে বৃন্ধাবন-দীলা কি সত্য নহে ?

- স্বামীনী। তাকে বলছে ? ঐ লীলার ঠিক ঠিক ধারণা ও উপলব্ধি করতে বড় উচ্চ সাধনার প্রয়োজন। এই ঘোর কাম-কাঞ্চনাসন্তির সময় ঐ লীলার উচ্চ ভাব কেউ ধারণা করতে পারবে না।
- শিশু। মহাশন্ধ, তবে কি আপনি বলিতে চাহেন, বাহারা মধুর-সধ্যাদি ভাব-অবলখনে এখন সাধনা করিতেহে, তাহারা কেহই ঠিক পথে ঘাইতেহে না?
- শামানী। আমার তো বোধ হয়, তাই—বিশেষতঃ আবার যায়া মধুরতাবের নাধক ব'লে পরিচয় দেয়, তায়া; তবে ছ্-একটি ঠিক ঠিক লোক থাকলেও থাকতে পায়ে। বাকি সব আনবি ঘোর তমোভাবাপর full of morbidity (মানসিক্র্বলভা-সমাছয়)! তাই বলছি, দেশটাকে এখন তুলতে হ'লে মহাবীয়ের পূজা চালাতে হবে, শক্তিপ্লা চালাতে হবে, শ্রীরামচন্দ্রের পূজা ঘরে ঘয়ে করতে হবে। তবে তোদেয় এবং দেশের কল্যাণ। নতুবা উপায় নেই।
- শিশু। কিন্তু মহাশন্ত্র, শুনিরাছি ঠাকুর ( শ্রীরামকুফদেব ) তো সকলকে গইরা সংকীর্তনে বিশেষ আনন্দ করিতেন।
- খামীজী। তাঁর কথা খতর। তাঁর সঙ্গে জীবের তুলনা হর ? ডিনি লব মডে সাধন ক'বে দেখিয়েছেন—সকলগুলিই এক তত্তে পোঁছে দের। তিনি বা করেছেন, ডা কি তুই আমি করতে পারব ? ডিনি বে কে ও কড বড়, তা আমরা কেউই এখনও ব্রুডে পারিনি! একড়ই আমি তাঁর কথা বেখানে স্বৈধানে বলি না। তিনি বে কি ছিলেন, ডা

তিনিই আনতেন; তাঁর দেহটাই কেবল মাসুবের মতো ছিল, কিছ চালচলন সব খতর অমাসুবিক ছিল!

শিষ্ক। আচ্ছা মহাশন্ধ, আপনি তাঁহাকে অবভার বলিয়া মানেন কি ? স্বামীজী। তোর অবভার কথার মানেটা কি, তা আগে বল ?

শিক্ত। কেন ? বেমন শ্রীরাম, শ্রীকৃষ্ণ, শ্রীগোরান্ধ, বৃদ্ধ, দিশা ইত্যাদি পুরুষের মডো পুরুষ।

শামীজী। তুই বাঁদের নাম করলি, আমি ঠাকুর (জীরামক্ষণ)-কে তাঁদের সকলের চেয়ে বড় ব'লে আনি—মানা তো ছোট কথা। থাক্ এখন সেকথা, এইটুকুই এখন শুনে রাখ—সমন্ত্র- ও সমাজ-উপবোগী এক এক মহাপুরুষ আসেন ধর্ম উদ্ধার করতে। তাঁদের মহাপুরুষ বল্ বা অবভার বল্, তাতে কিছু আসে বায় না। তাঁরা সংসারে এসে জীবকে নিজ জীবন গঠন করবার ideal (আদর্শ) দেখিয়ে বান। বিনি বখন আসেন, তখন তাঁর ছাচে গড়ন চলতে থাকে, মাহুব তৈরী হয় এবং সম্প্রদার চলতে থাকে। কালে এ-সকল সম্প্রদার বিকৃত হ'লে আবার এরপ অন্তর্গারক আসেন। এই প্রথা প্রবাহরূপে চলে আসছে।

শিশু। মহাশয়, তবে আপনি ঠাকুরকে অবতার ব'লে ঘোষণা করেন না কেন ? আপনার তো শক্তি—বাগিতা বথেষ্ট আছে।

খামীজী। তার কারণ, আমি তাঁকে জরই ব্ঝেছি। তাঁকে এত বড় মনে হয় বে, তাঁর সহছে কিছু বলতে গেলে আমার ভয় হয়—পাছে সভ্যের অপলাপ হয়, পাছে আমার এই অরশক্তিতে না কুলোর, বড় করতে গিয়ে তাঁব ছবি আমার চঙে এঁকে তাঁকে পাছে ছোট ক'বে ফেলি!

শিশ্ব। আজকাল অনেকে তো তাঁহাকে অবভার বলিয়া প্রচার করিছেছে! স্থামীনী। তা করুক। বে বেমন ব্বেছে, সে ভেমন করছে। ভোর এরুণ বিশাস হয় তো তুইও কর।

শিয়। আমি আপনাকেই সমাক ব্ৰিতে পারি না, তা আবার ঠাকুরকে!
মনে হয়, আপনার কুপাকণা পাইলেই আমি এ কল্মে ধন্ত হইব।
অভ এইখানেই কথার পরিসমাধ্যি হইল এবং শিয় আমীজীর পদ্ধুলি

শ্বত এইবানেই ক্ৰার পারস্থাতি ইন্ট্র এবং শিশু স্থানালার পদ্ধৃতি ক্রাপ্ত প্রত্যাগ্যন ক্রিল।

20

#### হান—বেল্ড় মঠ কাল—( ঐ নির্মাণকালে ) ১৮৯৮

- শিষ্য। স্বামীজী! ঠাকুর বলিতেন, কামিনী-কাঞ্চন ত্যাগ না করিলে ধর্মপথে জ্ঞানর হওয়া বার না। তবে বাহারা গৃহত্ব, তাহাদের উপায় কি ? ভাহাদের ভো দিনরাত ঐ উভয় লইয়াই ব্যন্ত থাকিতে হয়।
- খামীজী। কাম-কাঞ্চনের আসন্ধি না গেলে ঈশরে মন বার না, তা গেরন্তই হোক আর সন্মাসীই হোক। ঐ ঘুই বন্ধতে বতক্ষণ মন আছে, জানবি ততক্ষণ ঠিক ঠিক অন্তরাগ, নিষ্ঠা বা শ্রন্ধা কথনই আসবে না।
- শিশু। তবে গৃহস্থদিগের উপায় ?
- খামীজী। উপায় হচ্ছে ছোটখাট বাসনাগুলিকে পূর্ণ ক'রে নেওরা, খার বড় বড় গুলিকে বিচার ক'রে ত্যাগ করা। ত্যাগ ভিন্ন ঈশবলাভ হবে না, 'বদি এফা খায়ং বদেং'—বেদকর্তা এফা খায়ং তা বললেও হবে না।
- निश्व। आक्ना महानम् नमान शहन कवितनहे कि विवय-जान हम ?
- খামীনী। তা কি কখন হয় ? তবে সন্ন্যাসীরা কাম-কাঞ্চন সম্পূর্ণভাবে ত্যাগ করতে প্রস্তুত হচ্ছে, চেষ্টা করছে; আর গেরগুরা নোঙর ফেলে নৌকায় দাঁড় টানছে—এই প্রভেদ। ভোগের সাধ কখন মেটে কি রে ? 'ভূয় এবাভিবর্ধতে'—দিন দিন বাড়তেই থাকে।
- শিক্ষ। কেন? ভোগ করিয়া করিয়া বিরক্ত হইলে শেষে ভো বিভৃষ্ণা আসিতে পারে?
- খামীজী। দূর চোঁড়া, তা ক-জনের আদতে দেখেছিস? ক্রমাগত বিষয়ভোগ করতে থাকলে, মনে দেই-সব বিষয়ের ছাপ পড়ে যায়, দাগ পড়ে যায়, মন বিষয়ের রঙে র'ঙে যায়। ত্যাগ, ত্যাগ—এই হচ্ছে মূদমন্ত্র।
- শিশু। কেন মহাশন্ধ, ঋষিবাক্য তো আছে—'গৃহেষ্ পঞ্চেত্রিন্ধ-নিগ্রাহন্তপঃ,
  নিবৃত্তরাগত গৃহং তপোবনম্'—গৃহস্থাশ্রমে থাকিয়া ইন্দ্রিশ্বসকলকে বিষয়
  অর্থাৎ রূপরসাদি-ভোগ হইতে বিরত রাধাকেই তপতা বলে; বিষয়ের
  প্রতি অন্ত্রাগ দূর হইলে গৃহই তপোবনে পরিণত হয়।

- খানীজী। গৃহে থেকে যারা কাস-কাঞ্চন ত্যাগ করতে পারে, তারা ধয় ; কিন্তু তা ক-জনের হয় ?
- শিশ্ব। কিন্তু মহাশর, আপনি তো ইতঃপূর্বেই বলিলেন বে, সন্মাদীদের মধ্যেও অধিকাংশের সম্পূর্ণরূপে কামকাঞ্চন-ত্যাগ হয় নাই।
- খামীখা। তা বলেছি; কিন্তু এ-কথাও বলেছি বে, তারা ত্যাগের পথে চলেছে;
  তারা কামকাঞ্চনের বিরুদ্ধে যুদ্ধন্দেত্রে অবতীর্ণ হরেছে। গেরন্তদের
  কামকাঞ্চনাসজিটাকে এখনও বিপদ বলেই ধারণা হয়নি, আন্মোন্নতির
  চেটাই হচ্ছে না। ওটার বিরুদ্ধে যে যুদ্ধ করতে হবে, এ ভাবনাই
  এখনও আসেনি।
- শিশু। কেন মহাশর, তাহাদিগের মধ্যেও তো অনেকেই ঐ আসক্তি তাাগ করিতে চেষ্টা করিতেছে ?
- শামীকী। বাবা করছে, তারা অবশ্য ক্রমে তাাগী হবে; তাদেরও কামকাঞ্চনাসক্তি ক্রমে কমে বাবে। কিন্তু কি জানিস—'বাছি বাব, হচ্ছে
  হবে' বারা এইরপে চলেছে, তাদের আত্মদর্শন এখনও অনেক দ্বে।
  'এখনই ভগবান লাভ ক'বব, এই জন্মেই ক'বব'—এই হচ্ছে বীরের কথা।
  ক্রিরপ লোকে এখনই সর্বন্ধ ত্যাগ করতে প্রস্তুত হয়; শাল্প তাদের
  সম্ভেই বলেছেন, 'বদহুবের বির্দ্ধেৎ তদহুবের প্রব্রেজেৎ'—বখনই বৈরাগ্য
  আগবে, তখনই সংসার ত্যাগ করবে।
- শিশ্ব। কিন্তু সহাশন্ন, ঠাকুর তো বলিতেন—ঈশবের কুপা হইলে, তাঁহাকে তাকিলে তিনি এইসকল আসজি এক দতে কটিটিরা দেন।
- খামীনী। হাঁ, তাঁর রূপা হ'লে হয় বটে, কিন্তু তাঁর রূপা পেতে হ'লে আগে শুদ্ধ পৰিত্র হওয়া চাই; কায়মনোবাক্যে পৰিত্র হওয়া চাই, তবেই তাঁর রূপা হয়।
- বিশ্ব। কিন্তু কাষ্মনোবাক্যে সংব্য করিতে পারিলে রূপার আর দরকার কি । তাহা হইলে তো আমি নিজেই নিজের চেটায় আত্মোরতি করিলান।
- ৰামীনী। তুই প্ৰাণশণে চেটা কৰছিদ দেখে তবে তাঁৰ কুণা হয়।
  . Struggle (উভম বা পুৰুষকার) না ক'ৱে বদে থাড়, বেৰবি কখনও
  কুণা হবে না।

- পিত । ভাগ হইব, ইহা বোৰ হন্ন সকলেন্নই ইচ্ছা; কিছ কি দুৰ্গক্য প্ৰে

   বে মন নীচগাৰী হন্ন, ভাহা বলিভে পান্নি না; সকলেন্নই কি মনে
  ইচ্ছা হন্ন না বে, আমি সং ছইব, ভাগ হইব, ঈখন লাভ করিব ?
- খামীনী। বাদের ভেতর ওরণ ইচ্ছা হয়েছে, তাদের ভেতর জানবি Struggle (উশ্বয় বা চেটা) এসেছে এবং ঐ চেটা ক্রতে করতেট্ ঈশবের দয়া হয়।
- শিষ্ক। কিন্তু মহাশর, অনেক অবভার-জীবনে ভো ইহাও দেখা বায়— বাহাদের আমরা ভয়ানক পাপী ব্যভিচারী ইভাাদি মনে করি, ভাহারাও সাধনভজন না করিয়া তাঁহাদের রূপার অনায়াদে ঈশবলাভে সক্ষম হইয়াছিল—ইহার অর্থ কি ?
- খামীজী। জানবি—ভাদের ভেতর ভরানক অশান্তি এসেছিল, ভোগ করতে করতে বিভ্ন্ধা এসেছিল, অশান্তিতে ভাদের হদর জলে বাচ্ছিল; হদরে এত অভাব বোধ হচ্ছিল বে, একটা শান্তি না পেলে ভাদের দেহ ছুটে বেড। ভাই ভগবানের দরা হরেছিল। তমোওপের ভেতর দিরে এ-সকল লোক ধর্মপথে উঠেছিল।
- শিষ্য। তমোগুণ বা বাহাই হউক, কিন্তু ঐ ভাবেও ভো তাহাদের ঈশ্বলাভ হইয়াছিল ?
- খামীজী। হাঁ, তা হবে না কেন? কিন্তু পায়ধানার দোর দিয়ে না চুকে সদর দোর দিয়ে বাড়িতে ঢোকা ভাল নয় কি? এবং ঐ পথেও তো 'কি ক'রে মনের এ অশান্তি দ্র করি'—এইরূপ একটা বিষম হাঁক-পাকানি ও চেটা আছে।
- শিশ্ব। তাহা ঠিক, তবে আমার মনে হয়, বাহারা ইঞ্রিয়াদি দমন ও কামকাঞ্চন ত্যাগ করিয়া ঈশরলাত করিতে উত্তত, তাহারা পুরুষকারবাদী
  ও খাবলখী; এবং বাহারা কেবলমাত্র তাহার নামে বিখাস ও নির্ভর
  করিয়া পড়িয়া আছে, তাহাদের কামকাঞ্চনাস্তি তিনিই কালে দ্র
  করিয়া অভে পরম পদ দেন।
- খানীজী। হাঁ, তবে এরণ লোক বিরণ; নিদ্ধ হ্বার পর লোকে এদেরই 'কুপানিদ্ধ' বলে। জানী ও ভক্ত—এ উভরেরই রভে কিন্তু ত্যাগই হচ্ছে মূলময়।

- শিশ্ব। ভাহাতে আর সন্দেহ কি! শুরুক্ত গিরিশচন্দ্র ঘোষ মহাশর একদিন আমার বলিয়াছিলেন, 'রুপাপক্ষে কোন নিরম নেই; যদি থাকে, তবে তাকে রুপা বলা বার না। লেখানে সবই বে-আইনী কারধানা।'
- যামীজী। তা নয় রে, তা নয়; ঘোবজ বৈধানকার কথা বলেছে,
  লেখানেও আমাদের অঞাত একটা আইন বা নিয়ম আছেই আছে।
  বে-আইনী কারখানটি৷ হচ্ছে শেব কথা, দেশকালনিমিত্তের অভীত
  ছানের কথা; দেখানে Law of Causation (কার্ব-কারণ-সম্বদ্ধ)
  নেই, কাজেই দেখানে কে কারে কুপা করবে? দেখানে দেব্য-দেবক
  ধ্যাতা-ধ্যেয়, জ্ঞাতা-জ্ঞেয় এক হয়ে য়ায়—সব সমরস।
- শিয়। আৰু তবে আদি। আপনার কথা শুনিয়া আৰু বেদ-বেদান্তের সার বুঝা হইল; এতদিন কেবল বাগাড়খর মাত্র করা হইতেছিল। স্থামীকরে পদধ্লি লইয়া শিয় কলিকাতাভিম্থে অগ্রসর হইল।

#### ২৬

# স্থান—বেলুড়মঠ কাল—( ঐ নির্মাণকাল ) ১৮৯৮

শিক্স। স্বামীজী, খাভাখাতের সহিত ধর্মাচরণের কিছু সমদ্ধ আছে কি ? স্বামীজী। স্বার্থির আছে বইকি।

শিষ্য। মাছ-মাংস খাওয়া উচিত এবং জাৰখক কি ?

- খামীজী। থুব খাবি বাবা! তাতে যা পাপ হবে তা আমার।' তোদের দেশের লোকগুলোর দিকে একবার চেয়ে দেখ দেখি—মুখে মলিনতার ছারা, বৃকে গাহস-ও উদ্ধন্সভা, পেটটি বড়, হাতে পায়ে বল নেই, ভীক্ষ ও কাপুরুষ।
- শিল্প। মাছ-মাংস থাইলে যদি উপকারই হইবে, তবে বৌদ্ধ ও বৈক্ষবধর্মে ুজ্ছিংসাকে 'পরমো ধর্মং' বলিয়াছে কেন ?

<sup>&</sup>gt; আমিধ-নিরামিধ আহার-বিষয়ে স্বামীজী অধিকারী-বিচার করিতেন।

- খামীজী। বৌদ্ধ ও বৈক্ষবধর্ম আলাদা নয়। বৌদ্ধর্ম মরে বাবার সময়

  । হিন্দুধর্ম তার কতকগুলি নিয়ম নিজেদের ভেতর চুকিয়ে আপনার ক'বে
  নিয়েছিল। ঐ ধর্মই এখন ভারতবর্ষে বৈক্ষবধর্ম বলে বিখ্যাত।
  'আহিংসা পরমো ধর্মঃ'—বৌদ্ধধর্মের এই মত খুব ভাল, তবে অধিকারী
  বিচার না ক'বে বলপূর্বক রাজ-শাসনের বারা ঐ মত অনুসাধারণ সকলের
  উপর চালাতে গিয়ে বৌদ্ধর্ম দেশের মাথাটি একেবারে খেয়ে দিয়ে গেছে।
  ফলে হয়েছে এই বে, লোকে পিপড়েকে চিনি দিছে, আর টাকার জক্ত
  ভাইয়ের সর্বনাশ করছে। অমন 'বক-ধার্মিক' এ জীবনে অনেক দেখেছি!
  অক্তপক্ষে দেখ্—বৈদিক ও মন্ত্রু ধর্মে মংশ্রু-মাংস খাবার বিধান
  রয়েছে, আবার অহিংসার কথাও আছে। অধিকারি-বিশেষে হিংসা
  ও অধিকারি-বিশেষে অহিংসা-ধর্মপালনের ব্যবস্থা আছে। শ্রুতি বলছেন
  —'মা হিংস্থাং সর্বভূতানি'; মহুও বলেছেন—'নিবৃতিস্ত মহাফলা'।
- শিশু। কিন্তু এমন দেখিয়াছি মহাশয়, ধর্মের দিকে একটু ঝোঁক হইলেই লোক আগে মাছ-মাংস ছাড়িয়া দেয়। অনেকের চক্ষে ব্যক্তিচারাদি শুরুতর পাপ অপেক্ষাও যেন মাছ-মাংস খাওয়াটা বেশী পাপ।—এ ভাবটা কোথা হইতে আসিল ?
- শামীজী। কোথেকে এলো, তা জেনে তোর দরকার কি ? তবে এ মত ঢুকে যে তোদের সমাজের ও দেশের সর্বনাশ সাধন করেছে, তা ভো দেখতে পাচ্ছিদ ? দেখ না—তোদের পূর্বকের লোক খুর মাছ-মাংস থার, কচ্ছপ খায়, তাই তারা পশ্চিমবাঙলার লোকের চেয়ে ক্মেশরীর। ভোদের পূর্ববাঙলার বড় মাহ্যবেরাও এখনো রাজে সূচি বা কটি খেতে শেখেনি। তাই আমাদের দেশের লোকগুলোর মতো অম্বলের ব্যারামে ভোগে না। ভনেছি, পূর্ববাঙলার পাড়াগাঁরে লোকৈ অম্বলের ব্যারাম কাকে বলে, তা ব্রুতেই পারে না।
- শিষ্ক। আঞ্চা হা। আমাদের দেশে অমনের ব্যারাম বলিয়া কোন ব্যারাম নাই। এদেশে আসিয়া ঐ ব্যারামের নাম শুনিয়াছি। দেশে আমরা গুরেলাই মাছ-ভাত খাইয়া থাকি।
- খানীজী। তা থ্ব থাবি। খাসপাতা থেয়ে যত পেটরোগা বাবাজীর দলে দেশ ছেয়ে ফেলেছে। ও-লব সম্বত্তণের চিহ্ন নম্ন, মহা তয়োগুণের ছারা—

মৃত্যুর ছারা। সম্বর্ধণের চিহ্ন হচ্ছে—মূপে উজ্জেলতা, জনরে আন্তর্মাত, tremendous activity (প্রচণ্ড কর্মভংগরতা); আর ভযোগ্ডাণের লক্ষণ হচ্ছে আলন্ত, অভূতা, মোহ, নিস্ত্রা—এই সব।

শিক্ত। কিন্তু মহাশর, মাছ-মাংসে তো বজোত্তণ বাড়ায়।

- খানীজী। আনি তো তাই চাই। এখন রজোগুণেরই দরকার। দেশের বে-সব লোককে এখন সম্বগুণী ব'লে মনে করছিল, তাদের ভেতর পনের আনা লোকই ঘোর তমোভাবাশির। এক আনা লোক সম্বগুণী মেলে তো চের! এখন চাই প্রবল রজোগুণের ডাগুব উদ্দীপনা। দেশ বে ঘোর তমণাচ্ছর, দেখতে পাচ্ছিদ না? এখন দেশের লোককে মাছ-মাংল খাইয়ে উন্থমী ক'রে ত্লতে হবে, জাগাতে হবে, কার্যতংপর করতে হবে। নত্বা ক্রমে দেশক্ষ লোক জড় হয়ে যাবে, গাছ-পাথরের মতো জড় হয়ে যাবে। তাই বলছিল্য, মাছ-মাংল খুব খাবি।
- শিষ্ঠ। কিছ মহাশয়, মনে বধন সম্বগুণের অভ্যন্ত ফুর্তি হয়, তথন মাছ-মাংসে স্পৃহা থাকে কি ?
- স্বামীলী। না, তা থাকে না। সন্তশুণের বর্ধন থ্র বিকাশ হয়, তথন মাছমাংদে কচি থাকে না। কিন্তু সন্তগুণ-প্রকাশের এইসব লক্ষণ জানবি—
  পরের জন্ত সর্বস্থ-পণ, কামিনী-কাঞ্চনে সম্পূর্ণ জনাসন্তি, নিরভিমানতা,
  জহংবৃদ্ধিশৃন্ততা। এইসব লক্ষণ বার হয়, তার আর animal-food
  (জামিবাহার)-এর ইচ্ছা হয় না। আর বেথানে দেখনি, মনে এসব
  গুণের স্ফৃতি নেই, জ্বচ ছহিংসার দলে নাম লিখিয়েছে—সেধানে
  জানবি হয় ভ্রামি, না হয় লোকদেখানো ধর্ম। তোর বধন ঠিক ঠিক
  সন্ত্রণের অবস্থা হবে ভ্রম আমিবাহার ছেড়ে দিস।
- শিষ্য। কিন্তু মহাশন্ত, ছান্দোগ্য শ্রুতিতে তো আছে 'আহারণ্ডে সম্বন্ধনিং'— তদ্ধ বন্তু আহার করিলে সন্বন্ধণের বৃদ্ধি হন্ত, ইত্যাদি। অভএব সন্বন্ধণী হইবার অন্ত রন্ধা: ও তমোগুণোদীশক পদার্থসকলের ভোজন প্রেই ত্যাগ করা কি এথানে শ্রুতির অভিপ্রায় নহে ?
- খানীলী। ঐ প্রতির অর্থ করতে গিয়ে শ্বরাচার্থ বলেছেন—'আহার'-অর্থ ,'ইন্দ্রির-বিষর', আর জীরানাভূত্যানী 'আহার'-অর্থে থাড ধরেছেন। আহার রত হচ্ছে উচ্চাদের ঐ উত্তর মডের সামঞ্জ ক'রে নিডে হবে।

কেবৰ দিনমাত থাভাথাতের বাদ্বিচার ক'য়ে জীবনটা কাটাতে হবে. ना है खिन्नमः यत्र कत्रास्त हरत ? है खिन्नमः यत्र है। दिन वे राम वतरा रात : जात के देखितमानरात अग्रह जान-मन वाणावारणत जत-বিশ্বর বিচার করতে হবে। শাস্ত্র বলেন, থাত জিবিধ দোবে হুট ও পরিভ্যাত্ম হয়: (১) ভাতিহুট—বৈষন পেঁরাজ, বন্ধন ইভাদি। (২) নিষিত্ত ট—বেষন বর্রার দোকানের থাবার, দশগণ্ডা মাছি মরে প'ড়ে রয়েছে, রান্তার ধুলোই কত উড়ে পড়ছে। ( ৩ ) আধারছই —বেমন অসং লোকের বারা স্পৃষ্ট অরাদি। থাত ভাতিত্বই ও निमिखक्डे रुखाक कि ना, छा नकन नमायहे धूव नव्यत दोधाछ द्या। কিন্তু এদেশে এদিকে নম্বর একেবারেই উঠে গেছে। কেবল শেবোক্ত দোবটি--বা যোগী ভিন্ন অন্ত কেউ প্রাব্ন ব্রুছেই পারে না, তা নিরেই যত লাঠালাঠি চলছে, 'ছুঁয়োনা ছুঁয়োনা' ক'রে ছুঁৎমার্গীর দল দেশটাকে ঝালাপালা করেছে। তাও ভালমন্দ লোকের বিচার নেই; গলায় একগাছা হুতো থাকলেই হ'ল, তার হাতে অন্ন খেতে ছুঁৎমার্গী-**দের আ**র আপত্তি নেই। থাতের আ**প্রায়**দোব ধরতে পারা একমাত্র ঠাকুরকেই দেখেছি। এমন খনেক ঘটনা হয়েছে, যেখানে ভিনি কোন কোন লোকের ছোঁয়া খেতে পারেননি। বিশেষ অমুসন্ধানের পর জানতে পেরেছি-বাহুবিক্ট দে-সকল লোকের ভিতর কোন-না-কোন विल्य मार हिन। ভোদের यक किছু धर्म এथन मीज़ियाह शिया ভাতের হাঁড়ির মধ্যে ৷ অপর জাতির ছোঁয়া ভাতটা না থেলেই বেন ভগৰান-লাভ হয়ে গেল! শান্তের মহান সভ্যসকল ছেড়ে কেবল খোসা निष्यरे बाबाबावि इनहरू।

শিক্ত। মহাশয়, তবে কি আপনি বলিতে চান, সকলের স্পৃষ্ট আর ধাওয়াই আমাদের কর্তব্য ?

খানীজী। তা কেন ব'লব? আমার কথা হচ্ছে তুই বামুন, অপর জাতের আর নাই থেলি; কিন্ত তুই সব বামুনের আর কেন খাবিনি? ডোরা রাটীআেশী বলে বারেন্দ্র বামুনের আর থেতে আপত্তি হবে কেন? আর বারেন্দ্র বামুনেই বা ডোলের আর না থাবে কেন? মারাঠী, ডেলেন্ট্রী ও কনোজী বামুনই বা ডোলের আর না থাবে কেন? কলকাতায় জাতবিচারটা আৰও কিছু মলার। দেখা বার, অনেক বাম্ন-কারেভই হোটেলে ভাত মারছেন; তাঁরাই আবার মৃথ পুঁছে এনে সমাজের নেতা হচ্ছেন; তাঁরাই অন্তের অস্ত জাতবিচার ও অর-বিচারের আইন করছেন! বলি এসব কণটাদের আইনমত কি সমাজকে চলতে হবে? ওদের কথা ফেলে দিয়ে সনাতন ঋবিদের শাসন চালাতে হবে, তবেই দেশের কল্যাণ।

শিষ্ক। তবে কি মহাশয়, কলিকাতার অধুনাতন সমাজে ঋষিশাসন চলিতেছে না ?

খামীজী। ওধু কলকাতার কেন? আমি ভারতবর্ষ তর তর ক'রে খুঁজে দেখেছি, কোথাও ঋষিশাসনের ঠিক ঠিক প্রচলন নেই। কেবল লোকাচার, দেশাচার আর স্ত্রী-আচার—এতেই সকল জারগার সমাজ শাসিত হচ্ছে। শাস্ত্রফাস্ত্র কি কেউ পড়ে—না, প'ড়ে সেইমত সমাজকে চালাতে চার?

শিয়। তবে মহাশয়, এখন আমাদের কি করিতে হইবে ?

খামীজী। ঋবিগণের মত চালাতে হবে; মহ, বাজ্ঞবন্ধ্য প্রভৃতি ঋবিদ্বের মধ্যে দেশটাকে দীক্ষিত করতে হবে। তবে সমরোপযোগী কিছু কিছু পরিবর্তন ক'রে দিতে হবে। এই দেখনা ভারতের কোথাও আর চাতুর্বর্গা-বিভাগ দেখা বান্ধ না। প্রথমতঃ প্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশু, শূল্র—এই চার জাতে দেশের লোকগুলোকে ভাগ করতে হবে। সব বাম্ন এক ক'রে একটি ব্রাহ্মণজাত গড়তে হবে। এইরুপ সব ক্ষত্রিয়, সব বৈশু, সব শূল্লদের নিয়ে অন্ত ভিনটি জাত ক'রে সকল জাতিকে বৈদিক প্রণালীতে আনতে হবে। নতুবা শুর্ ভোমান্ন ছোব না' বললেই কি দেশের কল্যাণ হবে রে ? কখনই নাই।

२१

# স্থান—বেল্ড় মঠ কাল—( ঐ নির্বাণকালে ) ১৮৯৮

শিশু। খামীজী, বর্তমান কালে আমাদের সমাজ ও দেশের এত তুর্দশা হইরাছে কেন?

স্বামীনা। তোরাই সে জন্ম দায়ী।

শিশু। বলেন কি? কেমন করিয়া?

স্বামীজী। বছকাল থেকে দেশের নীচ জাতদের ঘেরা ক'রে ক'রে ভোরা এখন জগতে স্বণাভাজন হয়ে পড়েছিস !

শিশ্ব। কবে আবার আমরা উহাদের শ্বণা করিলাম ?

স্বামীনী। কেন? ভটচাষের দল ভোরাই ভো বেদবেদান্তাদি যত সারবান্
শাস্ত্রগলি বান্ধণেতর জাতদের কথনও পড়তে দিসনি, তাদের ছুঁসনি,
তাদের কেবল নীচে দাবিয়ে রেখেছিল, স্বার্থপরতা থেকে তোরাই ভো
চিরকাল ঐরপ ক'রে আসছিল। বান্ধণেরাই তো ধর্মশাস্ত্রগলিকে
একচেটে ক'রে বিধি-নিষেধ তাদেরই হাতে রেখেছিল; আর ভারতবর্ষের
অস্তাক্ত জাতগুলিকে নীচ ব'লে ব'লে তাদের মনে ধারণা করিয়ে দিয়েছিল
বে, ভারা সত্যসতাই হীন। তুই যদি একটা লোককে খেতে ভতে
বদতে সর্বন্ধণ বলিম, 'তুই নীচ, তুই নীচ'—তবে সময়ে ভার ধারণা হবেই
হবে, 'আমি সত্যসতাই নীচ।' ইংরেজীতে একে বলে hypnotise
(হিপ্নোটাইজ) বা মন্ত্রম্য করা। বান্ধণেতর জাতগুলির একটু একটু
ক'রে চমক ভাওছে। বান্ধণদের তয়েমত্রে ভালের আহা কমে যাছে।
পাশ্চাত্য শিক্ষার বিভারে বান্ধণদের সব তুকভাক 'এখন ভেঙে পড়ছে,
পলার পাড় ধনে যাবার মতো, দেখতে পাছিল ভো?

শিষ্য। আজা হাঁ, আচার-বিচারটা আজকাল ক্রমেই নিধিল হইয়া পড়িতেছে।
খামীজী। পড়বে না ? বান্ধণেরা বে ক্রমে ঘোর অনাচার-অভ্যাচার
আরম্ভ করেছিল! খার্থপর হয়ে কেবল নিজেদের প্রভূত বজার রাধবার
অন্ত কত কি অভূত অবৈদিক, অনৈভিক, অবৌজ্ঞিক মত চালিয়েছিল।
ভার ফলও হাতে হাতেই পাছে।

निड । कि कन शाहेरहरह, महानद ?

- শামীনী। ফলটা কি দেখতে পাচ্ছিদ না? তোরা বে ভারতের অপর দাধারণ জাতগুলিকে খেলা করেছিলি, তার জক্তই এখন তোদের ছাজার বছরের দাসত্ব করতে হচ্ছে, তাই তোরা এখন বিদেশীর মুণাত্ম ও অদেশবালিগণের উপেকারল হয়ে রয়েছিদ।
- শিশু। কিন্তু মহাশয়, এখনও তো ব্যবস্থাদি আন্ধণদের মতেই চলিডেছে; গর্ভাধান হইতে বাবতীয় ক্রিয়াকলাপেই লোকে আন্ধণেরা বেরুণ বলিডেছেন, দেইরুণই করিডেছে। তবে আপনি ঐরুণ বলিডেছেন কেন?
- শামীজী। কোথার চলছে ? শালোক্ত দশবিধ সংস্থার কোথার চলছে ?
  আমি ডো ভারতবর্ষটা সব ঘ্রে দেখেছি, সর্বত্রই শ্রুভি-স্বৃতি-বিগছিত
  দেশাচারে সমান্ত শাদিত হচ্ছে! লোকাচার, দেশাচার ও স্ত্রী-আচার—
  এই এখন সর্বত্র শ্বুভিশান্ত হয়ে দাড়িরেছে। কে কার কথা শুনছে ? টাকা
  দিতে পারলেই ভটচাষের দল যা-তা বিধি-নিষেধ লিখে দিতে রাজী
  আছেন। কর্মান ভটচায বৈদিক কর্ম-গৃত্য-ও শ্রোভ-প্ত্রে পড়েছেন ?
  ভারণর দেখ্—বাঙলার রঘ্নন্দনের শাসন, আর একটু এগিরে দেখবি
  মিভাক্ষরার শাদন, আর একদিকে গিয়ে দেখ মহান্থতির শাসন চলেছে!
  ভোরা ভাবিস—সর্বত্র ব্রি একমত চলেছে। সেলম্বন্ট আমি চাই—বেদের
  প্রতি লোকের সন্মান বাড়িয়ে বেদের চর্চা করাতে এবং সর্বত্র বেদের
  শাসন চালাতে।

শিষ্য। মহাশন্ন, তাহা কি এখন আর চলা সম্ভবপর ?

- খামীজী। বেদের সকল প্রাচীন নিয়মই চলবে না বটে, কিন্তু সমন্ত্রোপবোগী বাদ-সাদ দিয়ে নিয়মগুলি বিধিৰত্ব ক'রে নৃতন হাঁচে গড়ে সমাজকৈ দিলে চলবে না কেন ?
- শিষ্য। মহাশর, আমার ধারণা ছিল অভতঃ মহর শাসনটা ভারতে সকলেই এখনও মানে।
- শানীলী। কোথার মানছে ? তোদের নিজেদের দেশেই দেখ না—ভল্লের বামাচার তোদের হাড়ে হাড়ে চুকেছে। এমন কি, আধুনিক বৈষ্ণব , ধর্ম—যা মুক্ত বৌদ্ধর্মের কমাচাবলিই—ভাতেও ঘোর বামাচার চুকেছে। ঐ অবৈদিক বামাচারের প্রভাবটা ধর্ব কমতে হবে।

- निश्च। महानश्च, अ शक्कांकांत्र अथन मखर कि १
- খানীজী। ভূই কি বলছিদ, ভীক কাপুক্ষ ? খদন্তৰ ব'লে ব'লে ভোৱা দেশটা বলালি। মালুবের চেটার কি না হয় ?
- শিক্ত। কিন্তু মহাশর, মহু বাজ্ঞবদ্ধ্য প্রভৃতি ক্ষমিগণ কেশে পুনরার না জন্মানে উহা সভ্যবশন মনে হয় না।
- শামীনী। আরে, পবিত্রতা ও নিংখার্থ চেটার জক্তই তো তাঁরা মছ-যাজ্ঞবদ্ধ্য হঙ্গেছিলেন, না আর কিছু! চেটা করলে আমরাই বে মছ-বাজ্ঞবদ্ধ্যের চেরে ঢের বড় হ'তে পারি! আমাদের মডই বা তথন চলবে না কেন ?
- শিশু। মহাশয়, ইতঃপূর্বে আপনিই তো বলিলেন, প্রাচীন আচারাদি দেশে
  চালাইতে হইবে। তবে মহাদিকে আমাদেরই মতো একজন বলিয়া
  উপেকা করিলে চলিবে কেন?
- ষামীলী। কি কথায় কি কথা নিয়ে এলি! তুই আমার কথাই ব্রতে পারছিদ না। আমি কেবল বলেছি বে প্রাচীন বৈদিক আচারগুলি সমাজ- ও সময়োপযোগী ক'রে ন্তন ছাচে গড়ে ন্তনভাবে দেশে চালাতে হবে। নয় কি ?

শিক্ত। আজাই।।

- খারীনী। তবে ও কি বলছিলি? ভোরা শান্ত পড়েছিস, আমার আশা-ভরদা ভোরাই। আমার কথাগুলি ঠিক ঠিক বুঝে সেইভাবে কাজে লেগে বা।
- শিশু। কিন্তু মহাশয়, আমাদের কথা শুনিবে কে? দেশের লোক উহা লইবে কেন?
- শামীলী। তুই বদি ঠিক ঠিক বোঝাতে পারিস এবং বা বদবি তা হাতে-নাতে ক'রে দেখাতে পারিস ভো অবশ্র নেবে। আর ভোতাপাধীর মতো বদি কেবল শ্লোকই আওড়াস, বাক্যবাগীশ হয়ে কাপুরুবের মডো কেবল অপরের দোহাই দিস ও কাজে কিছুই না দেখাস, তা হ'লে ভোর কথা কে ভনবে বল্ ?
- শিষ্ক । সহাশর, সমাজ-সংস্থার সমস্কে এখন সংক্ষেপে চুই-একটি উপদেশ
  দিনা

- বামীজী। উপদেশ তো ভোকে ঢের দিন্ম; একটি উপদেশও অস্ততঃ কাজে
  পরিণত কর্। অগং দেশুক বে, ভোর শাত্র পড়াও আমার কথা শোনা
  সার্থক হয়েছে। এই বে মধাদি শাত্র পড়ালি, আরও কড কি পড়ালি,
  বেশ ক'রে ভেবে দেখু—এর মূল ভিত্তি বা উদ্দেশ্ত কি। সেই ভিত্তিটা
  বজার রেথে সার সার তত্তভালি ও প্রাচীন ঋবিদের মত সংগ্রহ কর্ এবং
  সময়োপবোগী মতসকল তাতে নিবদ্ধ কর্; কেবল এইটুকু লক্ষ্য রাখিন,
  বেন সমগ্র ভারতবর্ষের সকল জাতের, সকল সম্প্রদারেরই ঐসকল নিয়মপালনে যথার্থ কল্যাণ হয়। লে দেখি ঐরণ একথানা স্বৃতি; আমি
  দেখে সংশোধন ক'রে দেবো'খন।
- শিশ্ব। মহাশশ্ব, ব্যাপারটি সহজ্বসাধ্য নহে; কিন্তু ঐব্ধপে স্থতি নিথিনেও উহা চনিবে কি ?
- শামীজী। কেন চলবে না? তুই লেখু না। 'কালো হুয়ং নিরবধিবিপুলা
  চ পৃথী'—খদি ঠিক ঠিক লিখিল তো একদিন না একদিন চলবেই।
  আপনাতে বিখাল রাখ্। তোরাই তো পূর্বে বৈদিক ঋষি ছিলি। শুধু
  শরীর বদলিয়ে এলেছিল বইতো নয়? আমি দিবাচকে দেখছি, ভোদের
  ভেতর অনম্ভ শক্তি রয়েছে! নেই শক্তি জাগা; ওঠ, ওঠ, লেগে পড়,
  কোমর বাঁধ্। কি হবে তু-দিনের ধন-মান নিয়ে? আমার ভাব কি
  জানিল? আমি মৃক্তি-কৃক্তি চাই না। আমার কাজ হচ্ছে—তোদের
  ভেতর এই ভাবগুলি জাগিয়ে দেওয়া; একটা মাহুষ ভৈরি করতে লক্ষ
  জন্ম যদি নিতে হয়, আমি ভাতেও প্রস্তত।
- শিষ্ক। কিন্তু মহাশর, ঐরপ কার্বে লাগিয়াই বা কি হইবে? মুত্যু তো পশ্চাতে।
- খামীজী। দূর ছোঁড়া, মরতে হয় একবারই মরবি। কাপুরুষের মতো অহরহ: মৃত্যু-চিন্তা ক'রে বারে বারে মরবি কেন ?
- শিশু। আচ্ছা মহাশর, মৃত্যু-চিন্তা না হর নাই করিলাম, কিন্তু এই অনিত্য সংসাবে কর্ম করিয়াই বা ফল কি ?
- খানীজী। ওরে, মৃত্যু যখন অনিবার্ণ, তখন ইট-পাটকেলের মতো মরার চেরে
  বীরের মতো মরা ভাল। এ অনিভ্যু সংসারে ছ্-ছিন বেশী বেঁচেই বা
  লাভ কি ? It is better to wear out than rust out—খরাজীর্ণ

হরে একটু একটু ক'রে ক্ষয়ে করে মরার চেরে বীরের মতো অপরের এতটুকু কল্যাণের অন্তও লড়াই ক'রে মরাটা ভাল নয় কি ? শিশু। আত্রে হাা। আপনাকে আজ অনেক বিরক্ত করিলাম।

শামীজী। ঠিক ঠিক জিলাহ্মর কাছে ত্-বাজি বকলেও আমার প্রান্থি বোধ হয় না, আমি আহারনিলা ড্যাগ ক'রে অনবরত বকতে পারি। ইছো করলে ডো আমি হিমালয়ের গুছার সমাধিত্ব হয়ে বদে থাকতে পারি। আর আফকাল দেখছিদ ডো মারের ইছোর কোথাও আমার থাবার ভাবনানেই, কোন-না-কোন রকম জোটেই জোটে। ভবে কেন এরুপ করি না? কেনই বা এদেশে রয়েছি? কেবল দেশের দশা দেখেও পরিণাম ভেবে আর স্থির থাকতে পারিনে। সমাধি-ফমাধি তুচ্ছ বোধ হয়, 'তুচ্ছং ব্রহ্মপদং' হয়ে বার। ডোদের মদল-কামনা হচ্ছে আমার জীবনব্রতা। যে দিন ঐ ব্রত শেষ হবে, সে দিন দেহ ফেলে টোচা দৌড় মারব!

শিশু মন্ত্রমুথের মতো খামীজীর ঐ-সকল কথা শুনিয়া শুন্তিত বৃদরে নীরবে তাঁহার মুথের দিকে চাহিয়া কতক্ষণ বদিয়া বছিল। পরে বিদায়গ্রহণের আশার তাঁহাকে ভক্তিভরে প্রণাম করিয়া বলিল, 'মহাশয়, আজ তবে আসি।' খামীজী। আসবি কেন রে? মঠে থেকেই যা না। সংসারীদের ভেতর গেলে মন আবার মলিন হয়ে বাবে। এখানে দেখ—কেমন হাওয়া, গঙ্গার তীর, সাধুরা সাধনভজন করছে, কভ ভাল কথা হচ্ছে। আর কলকাভার গিয়েই ছাইভন্ম ভাববি।

শিশু সহর্বে বলিল, 'আছে। মহাশন্ন, তবে আজ এখানেই থাকিব।' খামীজী। 'আজ' কেন রে ? একেবারে থেকে থেডে পারিস না ? কি হবে ফের সংসারে গিয়ে ?

শিশু সামীজীয় ঐ কথা শুনিয়া মন্তক অবনত করিয়া বহিল; মনে
যুগপৎ নানা চিস্তার উদয় হওয়ায় কোনই উত্তর দিতে পারিল না।

26

#### স্থাৰ—বেল্ড মঠ কাল—( ঐ নির্মাণকালে ) ১৮৯৮

খামীজীর শরীর সম্প্রতি অনেকটা কৃষ্ট্র মঠের নৃতন জরিতে বে প্রাচীন বাড়িটি ছিল, তাহার ঘরগুলি রেরামত করিরা বাসোপবাসী করা হইতেছে, কিন্তু এখনও সম্পূর্ন হর নাই। সমগ্র জমিটি মাটি ফেলিরা ইতঃপূর্বেই সমতল করা হইরা গিরাছে। খামীজী আজ অপরাহে শিক্তকে সঙ্গে করিরা মঠের জমিতে ঘ্রিরা বেড়াইতেছেন। খামীজীর হতে একটি দীর্ঘ বৃষ্টি, গায়ে গেল্যা রঙের স্নানেলের আলখারা, মন্তক অনার্ভ। শিরোর সঙ্গে গরু করিতে করিতে দক্ষিণমূখে ফটক পর্যন্ত গিরা পুনরায় উত্তরাতে ফিরিভেছেন—এইরণে বাড়ি হইতে ফটক ও ফটক হইতে বাড়ি পর্যন্ত বারংবার পদচারণা করিতেছেন। দক্ষিণ পার্যে বিবতক্ষমূল বাবানো হইতেছে; ঐ বেলগাছের অনুরে দাড়াইয়া খামীজী এইবার বীরে ধীরে ধারে গান ধরিলেন:

গিরি, গণেশ আমার ওডকারী। বিষর্কমূলে পাতিরে বোধন, গণেশের কল্যাণে গৌরীর আগমন, ঘরে আনবো চঙী, শুনবো কত চঙী, আগবে কড দঙী যোগী কটাধারী।

— গান গাছিতে গাছিতে শিশুকে বলিলেন: হেখা 'আসবে কত দুখী বোগী আটাধারী'! বুঝলি ? কালে এখানে কত নাধু-সন্থানীর সমাগম হবে! — বলিতে বলিতে বিষতকমূলে উপবেশন করিলেন এবং বলিলেন, 'বিষতকমূল বড়াই পবিজ্ঞ স্থান। এখানে ব'লে ধ্যানধারণা করলে শীল্প উদ্দীপনা হয়। ঠাকুর এ-কথা বলতেন।'

শিশু। মহাশর, বাহারা আত্মানাত্মবিচারে রড, তাহাদের স্থানাস্থান, কালা-কাল, ওছি-অগুছি-বিচারের আবশুক্তা আছে কি ?

স্বামীজী। থাদের আত্মজানে 'নিষ্ঠা' হয়েছে, তাঁদের ঐস্ব বিচার কর্বার প্রয়োজন নেই বটে, কিছ ঐ নিষ্ঠা কি অমনি হলেই হ'ল। কড শাধ্যসাধনা করতে হয়, তবে হয়। তাই প্রথম প্রথম এক-আধ্টা ৰাহ্ছ , অবসমন নিয়ে নিজের পারের ওপর দাঁড়াবার চেটা করতে হয়। পরে বর্থন আত্মজাননিষ্ঠা লাভ হয়, তথন কোন অবসমনের আর দরকার থাকে না।

শান্তে বে নানা প্রকার সাধনমার্গ নির্দিষ্ট হরেছে, সে-সব কেবল ঐ আত্মজান-লাভের জন্ত। তবে অধিকারিভেদে সাধনা ভিন্ন ভিন্ন । কিন্তু ঐ-সব সাধনাদিও এক প্রকার কর্ম; এবং বতকণ কর্ম, ততকণ আত্মার দেখা নেই। আত্ম-প্রকাশের অন্তরায়গুলি শাস্ত্রোক্ত সাধনরূপ কর্ম বারা প্রতিরুদ্ধ হয়, কর্মের নিজের সাক্ষাৎ আত্ম-প্রকাশের শক্তি নেই; কতকগুলি আবরণকে দ্ব ক'রে দেয় মাত্র। তারপর আত্মা আপন প্রভার আপনি উদ্ভাসিত হয়। বুঝলি? এইজন্ত তোর ভাত্যকার বলছেন, 'ব্রক্ষজানে কর্মের লেশমাত্র সম্বন্ধ নেই।'

- শিশ্ব। কিন্তু মহাশয়, কোন না কোনরূপ কর্ম না করিলে যখন আত্ম-প্রকাশের অন্তরায়গুলির নিরাস হয় না, তখন পরোক্ষভাবে কর্মই তো জ্ঞানের কারণ হইয়া দাঁড়াইতেছে।
- খামীজী। কার্থকারণ-পরন্পরা-দৃষ্টিতে আপাততঃ ঐরূপ প্রতীয়মান হয় বটে। মীমাংসা-শান্তে ঐরূপ দৃষ্টি অবলয়ন করেই 'কাম্য কর্ম নিশ্চিত ফল প্রস্বাব করে'—এ-কথা বলা হয়েছে। নির্বিশেষ আত্মার দর্শন কিছ কর্মের বারা হবার নয়। কারণ আত্মজানিপিশান্তর পক্ষে বিধান এই বে, সাধনাদি কর্ম করবে, অথচ তার ফলাফলে উদাসীন থাকবে। তবেই হ'ল—এ-সব সাধনাদি কর্ম সাধকের চিত্তভূদ্ধির কারণ ভিন্ন আর কিছুই নয়; কারণ ঐ সাধনাদির ফলেই যদি আত্মাকে সাক্ষাৎ প্রত্যক্ষ করা বেত, তবে আর শান্তে সাধককে ঐ-সব কর্মের ফল ত্যাগ করতে ব'লত না। অত্পর্ব মীমাংসাশান্তোক্ত ফলপ্রস্থ কর্মবাদের নিরাকরণকল্লেই গীতোক্ত নিক্ষাম কর্মবোগের অবতারণা করা হয়েছে। ব্যালি ?
- শিস্ত। কিন্তু সহাশয়, কর্মের ফলাফলেরই যদি প্রত্যাশা না রাখিলাস, তবে কষ্টকর কর্ম করিতে প্রবৃত্তি হইবে কেন?
- খামীজী। শরীরধারণ ক'রে সর্বক্ষণ একটা কিছু না ক'রে থাকডে পারা যায় না। জীবকে যথন কর্ম করভেই হচ্ছে, তথন যেভাবে কর্ম করলে ১-১১

আত্মার দর্শন পেরে মৃজিলাভ হর, সেভাবে কর্ম করজেই নিকাম কর্মবোগে বলা হরেছে। আর তুই বে বলি 'প্রবৃত্তি হবে কেন ?', ভার
উত্তর হচ্ছে এই বে, বত কিছু কর্ম করা বার ভা সবই প্রবৃত্তিমূলক;
কিন্তু কর্ম ক'রে ক'রে বখন কর্ম থেকে কর্মান্তরে, জরু থেকে জন্মান্তরেই
কেবল গতি হ'তে থাকে, তখন লোকের বিচারপ্রবৃত্তি কালে আগনাআগনি জেগে উঠে জিজ্ঞালা করে—এই কর্মের জন্ত কোথার? তথনি
সে গীতাম্থে ভগনান বা বলেছেন, 'গহনা কর্মণো গভিঃ'—ভার মর্ম
ব্যুতে পারে। অভএব বখন কর্ম ক'রে ক'রে আর শান্তিলাভ হয় না,
ভখনই সাধক কর্মত্যানী হয়। কিন্তু দেহধারণ ক'রে কিছু একটা নিয়ে
তো থাকতে হবে—কি নিয়ে থাকবে বল্? ভাই তৃ-চারটে সংকর্ম
ক'রে বায়, কিন্তু ঐ কর্মের ফলাকলের প্রভ্যোশা রাথে না। কারণ,
ভখন ভারা জেনেছে বে, ঐ কর্মফলেই জন্মমৃত্যুর বহুধা অভ্যুর নিহিত
আছে। সেই জন্মই বন্ধজ্ঞেরা সর্বকর্মভারী—লোক-দেখানো ভূ-চারটে
কর্ম করলেও ভাতে ভাঁদের কিছুমাত্র আঁট নেই। এঁরাই শাস্ত্রে নিছাম
কর্মযোগী ব'লে কথিত হয়েছেন।

শিশু। তবে কি মহাশয়, নিক্ষাম ব্রশ্বজ্ঞের উদ্দেশ্রহীন কর্ম উন্মন্তের চেটাদির স্থায় ?

শামীজী। তাকেন? নিজের জন্ত, আপন শরীর-মনের স্থাবের জন্ত কর্ম নাকরাই হচ্ছে কর্মফল ত্যাগ করা। ব্রহ্মজ্ঞ নিজ স্থাবেরণাই করেন না, কিন্তু অপরের কল্যাণ বা যথার্থ স্থালাভের জন্ত কেন কর্ম করবেন না? তাঁরা ফলাসলরহিত হয়ে বা-কিছু কর্ম ক'রে বান, তাতে জগতের হিত হয়—দে-সব কর্ম 'বছজনহিতায় বছজনস্থায়' হয়। ঠাকুর বলতেন, 'ভালের, পা কখনও বেচালে পড়ে না।' তাঁরা বা বা করেন, তাই অর্থবন্ত হয়ে দাঁড়ায়। উত্তরচরিতে পড়িসনি—'শ্বীণাং প্নরাভানাং বাচমর্থোহয়্মবাতি।'—শ্বিদের বাক্যের অর্থ আছেই আছে, কখনও নির্থক বা মিথ্যা হয় না। মন বখন আআয় লীন হয়ে বৃত্তিহীন-প্রায় হয়, তখনই [ঠিক ঠিক] 'ইহামুত্রফগভোগবিরাগ' জয়ায় অর্থাৎ সংসারে বা মৃত্যুর পর স্বর্গাদিতে কোন প্রকার স্থভোগ করবার বাসনা থাকে না—মনে আর সংকল্প-বিকল্পের ভরঙ্গ থাকে না। কিন্তু ব্যুখানকালে অর্থাৎ সমাধি

বা ঐ বৃদ্ধিটীন অবস্থা থেকে নেমে মন বধন আবার 'আমি-আমার' রাজ্যে আনে, তথন পূর্বকৃত কর্ম বা অভ্যাস বা প্রায়ন্তন্দিত সংখারবণে দেহাদির কর্ম চলতে থাকে। মন তথন প্রায়ন্ত superconscious (অতিচেডন) অবস্থায় থাকে; না থেলে নয়, তাই থাওয়া-দাওয়া থাকে—দেহাদি-বৃদ্ধি এত অয় বা ক্ষীণ হয়ে যায়। এই অতিচেডন ভূমিতে গৌছে যা যা করা যায়, তাই ঠিক ঠিক কয়ডে পারা যায়; সে-সব কাজে জীবের ও জগতের যথার্থ হিড হয়, কায়ণ তথন কর্ডায় মন আয় আর্থপায়তায় বা নিজের লাভ-লোকসান থতিয়ে দ্যিত হয় না। ঈশর superconscious state-এ (জানাতীত ভূমিতে) সর্বদা অবস্থান করেই এই জগত্রণ বিচিত্র হাই করেছেন; এ হাইডে সেইজয়্য কোন কিছু imperfect (অসম্পূর্ণ) দেখা যায় না। এইজয়্যই বলছিল্ম, আত্মজ্যের ফলাসক্রহিত কর্মাদি অক্ষীন বা অসম্পূর্ণ হয় না—তাতে জীবের ও জগতের ঠিক ঠিক কল্যাণ হয়।

শিশু। আপনি ইতঃপূর্বে বলিলেন, জ্ঞান ও কর্ম পরস্পরবিরোধী। ব্রক্ষজানে কর্মের তিলমাত্র স্থান নাই, অথবা কর্মের বারা ব্রক্ষজান বা আত্মদর্শন হয় না, তবে আপনি মহা রজোগুণের উদীপক উপদেশ—মধ্যে মধ্যে দেন কেন ? এই সেদিন আমাকেই বলিতেছিলেন, 'কর্ম কর্ম—নাশ্যঃ পদ্ম বিহাতেহয়নায়।'

খামীজী। আমি ছ্নিয়া ঘূরে দেখলুম, এদেশের মতো এত অধিক তামদপ্রকৃতির লোক পৃথিবীর আর কোথাও নেই। বাইরে সান্তিকতার ভান,
ভেতরে একেবারে ইট-পাটকেলের মতো জড়জ—এদের হারা জগতের
কি কাজ হবে? এমন অকর্মা, অলস, শিশোদরপরায়ণ জাত ছ্নিয়ায়
কতদিন আর বেঁচে থাকতে পারবে? ওদেশ (পাশ্চত্যি) বেড়িয়ে আগে
দেখে আয়, পরে আমার ঐ কথার প্রতিবাদ করিস। তাদের জীবনে
কত উভ্তম, কত কর্মতৎপরতা, কত উৎসাহ, কত রজোগুণের বিকাশ!
তোদের দেশের লোকগুলোর রক্ত বেন হালয়ে কছ হয়ে রয়েছে, ধমনীতে
বেন আর রক্ত ছুটজে পারছে না, স্বাঙ্গে paralysis (পক্ষাছাত) হয়ে
বেন এলিয়ে পড়েছে! আমি ভাই এদের ভেতর রজোগুণ বাড়িয়ে
কর্মতৎপরতা হারা এদেশের লোকগুলোকে আগে ঐছিক জীবনসংগ্রামে

नमर्थ कदार हाहे। भन्नीत वन त्नहें, खनाम छेरनांह त्नहें, मिछत्क প্রতিভা নেই! কি হবে বে, অড়পিওওলো বারা? আমি নেড়ে চেডে এদের ভেতর সাড় আনতে চাই—এক্স আমার প্রাণাভ পণ। ৰেদান্তের আমোঘ মন্ত্ৰৰলে এদের জাগাব। 'উত্তিষ্ঠত জাগ্ৰত'-এই অভরবাণী শোনাতেই আমার জন্ম। তোরা ঐ কান্ধে আমার নহায় হ। বা গাঁরে-গাঁরে দেশে-দেশে এই অভয়বাণী আচঙালবান্ধণকে (यांनार्ग। नकनरक ४'रत ४'रत वन्रांग या—राज्यता व्यक्तिवर्गेर, অমৃতের অধিকারী। এইভাবে আগে রক্তঃশক্তির উদ্দীপনা কর-জীবনসংগ্রামে সকলকে উপযুক্ত কর্ব, তারপর মৃক্তিলাভের কথা তাদের বল। আগে ভেতরের শক্তি জাগ্রত ক'রে দেশের লোককে নিজের পারের ওপর দাঁড় করা, উত্তম অশন-বসন, উত্তম ভোগ আগে করতে শিথুক, তার পর সর্বপ্রকার ভোগের বন্ধন থেকে কি ক'বে মুক্ত হ'তে পারবে, তা বলে দে। আলশু, হীনবুদ্ধিতা, কণটভায় দেশ ছেয়ে ফেলেছে! বৃদ্ধিমান লোক এ দেখে কি ছিব হয়ে থাকতে পারে? কালা পার না? মাল্রাজ, বছে, পাঞ্চাব, वांडना—विक्ति हारे. कांधां व व बीवनी मंकित हिरू पिथ ना। তোরা ভাবছিদ-স্থামরা শিক্ষিত। কি ছাই মাথামুও শিথেছিদ ? কতকগুলি পরের কথা ভাষাস্তরে মুখস্থ ক'রে মাধার ভেতরে পুরে পাস ক'রে ভাবছিস, আমরা শিক্ষিত! ছ্যাং! ছ্যাং! এর নাম আবার শিকা!! ভোদের শিকার উদ্দেশ্য কি? হয় কেরানিগিরি. না হয় একটা ছাই উকিল হওয়া, না হয় বড়জোর কেরানিগিরিরই রপাম্বর একটা ভেপুটিগিরি চাকরি—এই তো! এতে তোমেরই বা कि इ'न, जात मिलारे वा कि इ'न? धकवात काथ धूल मध, মর্ণপ্রস্ ভারতভূমিতে অরের জন্ত কি হাহাকারটা উঠেছে! ভোদের ঐ শিক্ষায় দে অভাব পূর্ণ হবে কি १-কখনও নয়। পাশ্চাত্য-বিজ্ঞানসহায়ে মাটি খুঁড়তে লেগে বা, অন্নের সংস্থান কর্—চাকরি ঋথুরি ক'রে নয়: নিজের চেষ্টায় পাশ্চাভ্যবিজ্ঞানদহায়ে নিভ্য নৃতন পছা আবিকার ক'রে। এ অরবছের সংখান করবার জন্তই আমি িলোকগুলোকে রজোগুণ-তৎপর হ'তে উপদেশ দিই। অরবল্লাভাবে

চিন্তার চিন্তার দেশ উৎসন্ন হরে গেছে—তার তোরা কি করছিন ? কেলে দে তোর শান্তকান্ত গলাজনে। দেশের লোকগুলোকে আগে অরসংখান করবার উপার শিথিয়ে দে, তারপর ভাগবত পড়ে শোনান। কর্মতৎপরতা দারা ঐহিক অভাব দূর না হ'লে ধর্ম-কথায় কেউ কান দেবে না। তাই বলি আগে আপনার ভেতর অস্তনিহিত আত্মশক্তিকে জাগ্রত করে, তারপর দেশের ইতরসাধারণ সকলের ভেতর যতটা পারিস ঐ শক্তিতে বিশাস জাগ্রত ক'রে প্রথম অরসংখান, পরে ধর্মলাভ করতে তাদের শেখা। আর বসে থাকবার সময় নেই। কখন কার মৃত্যু হবে, তা কে বলতে পারে?

কথাগুলি বলিতে বলিতে ক্ষোভ তৃংখ ও কঞ্চণার সহিত অপূর্ব এক তেজের মিলনে স্বামীজীর বদন উদ্ভাসিত হইরা উঠিল। চক্ষে বেন অগ্নিজ্লিক বাহির হইতে লাগিল। তাঁহার তথনকার গেই দিবাম্তি অবলোকন করিয়া ভয়ে ও বিশ্বয়ে শিক্সের আর কথা সরিল না! কভক্ষণ পরে স্বামীজী পুনরায় বলিলেন:

ঐরণ কর্মতংপরতা ও আত্মনির্ভরতা কালে দেশে আসবেই আসবে— বেশ দেখতে পাচ্ছি; There is no escape (গতান্তর নেই); তাকুরের জন্মাবার সমন্ন হতেই পূর্বাকাশে অরুণোদন্ন হয়েছে; কালে তার উদ্ভিন্ন ছটার দেশ মধ্যাহ্—সূর্যকরে আলোকিত হবে। २े

# স্থান—বেলুড় মঠ কাল—( ঐ নির্মাণকালে ) ১৮৯৮

মঠ-বাটা নির্মাণ হইরাছে, সামান্ত একটু-আধটু বাহা বাকি আছে, খামীজীর অভিমতে খামী বিজ্ঞানানন্দ তাহা শেষ করিতেছেন। খামীজীর শরীর তত ভাল নয়, তাই ডাজ্ঞারপণ তাঁহাকে নৌকায় করিয়া গলাবকে দকাল-সভ্যা বেড়াইতে বলিয়াছেন। নড়ালের রায়বাব্দের বজরাখানি কিছুদিনের জন্ম মঠের সামনে বাঁধা বহিয়াছে। খামীজী ইচ্ছামত কখন কখন ঐ বজরায় করিয়া গলাবকে ভ্রমণ করিয়া থাকেন।

আৰু ববিবার। শিশু মঠে আসিরাছে এবং আহারাত্তে স্বামীকীর ধরে বিসিরা স্বামীকীর সহিত কথোপকথন করিতেছে। মঠে এই সমর স্বামীকী সন্ন্যাসী ও বাসত্রন্ধচারিগণের জন্ম কতকগুলি নিরম বিধিবছ করেন, গৃহস্থদের সক হইতে দ্বে থাকাই ঐগুলির মুখ্য উদ্দেশ্য ছিল; বথা—পৃথক আহারের স্থান, পৃথক বিশ্রামের স্থান ইত্যাদি। ঐ বিষয় লইরাই এখন কথাবার্তা হইতে লাগিল।

শামীনী। গেরন্তদের গায়ে-কাপড়ে আজকাল কেমন একটা সংব্যহীনতার গন্ধ পাই; তাই মঠে নিয়ম করেছি, গেরন্তরা সাধুদের বিছানায় না বসে, না শোয়। আগে শাল্পে পড়তুম য়ে, এরপ পাওরা য়ায় এবং দেজত সন্মাসীরা গৃহস্থদের গন্ধ সইতে পারে না। এখন দেখছি—ঠিক কথা। নিয়মগুলি প্রতিপালন ক'রে চললে বালব্রন্ধচারীদের কালে ঠিক ঠিক সন্মান হবে। সন্মান-নিষ্ঠা দৃঢ় হ'লে পর গৃহস্থদের সহিত সমভাবে মিলে-মিলে থাকলেও আর ক্ষতি হবে না। কিছু এখন নিয়মের গণ্ডির ভেতর না রাখলে সন্মাসী-ব্রন্ধচারীরা নব বিগড়ে যাবে। বথার্থ ব্রন্ধচারী হ'তে হ'লে প্রথম প্রথম সংখ্য সম্বন্ধে কঠোর নিয়ম পালন ক'রে চলতে হয়, স্ত্রীলোকের নাম-গন্ধ থেকে তো দ্রে থাকতেই হয়, তা ছাড়া স্ত্রীনলীদের সক্ত ত্যাগ করতেই হয়।

গুহস্থাশ্রমী শিশ্ব সামীজীর কথা শুনিয়া শুক্তিত হইয়া রহিল এবং মঠের সন্ন্যাসী-ব্রহ্মচারীদিগের সহিত পূর্বের মতো সমভাবে মিশিতে পারিবে না ভাবিরা বিমর্থ হাইরা কহিল, 'কিন্তু মহাশর, এই মঠ ও মঠন্থ বাবভীর লোককে আমার বাড়ি-ঘর জী-পুত্রের অপেকা অধিক আগনার বলিরা মনে হর। ইহারা সকলে বেন কভকালের চেনা। মঠে আমি বেমন সর্বভোম্থী খাধীনতা উপভোগ করি, জগতের কোথাও আর ভেমন করি না!'

খামীজী। যত ওছদত্ব লোক আছে, স্বারই এখানে এক্কপ অহন্ত্তি হবে।
বার হর না, সে জানবি এখানকার লোক নর। কত লোক হন্ত্রণ
মেতে এদে আবার যে পালিরে বার, উহাই তার কারণ। এক্ষচর্ববিহীন,
দিনরাত অর্থ অর্থ ক'রে ঘূরে বেড়াচ্ছে, এমন স্ব লোকে এখানকার
ভাব কখনও ব্যতে পারবে না, কখনও মঠের লোককে আপনার ব'লে
মনে করবে না। এখানকার সন্ন্যাদীরা সেকেলে ছাই-মাখা, মাখায়-জটা,
চিম্টে-হাতে, ঔবধ-দেওরা সন্ন্যাদীদের মতো নয়; তাই লোকে দেখে
ভানে কিছুই ব্যতে পারে না। আমাদের ঠাকুরের চালচলন ভাব—
স্কলই ন্তন ধরনের ছিল, তাই আমরাও স্ব ন্তন রক্ষের; কখন
সেল্লে-ভালে বক্তা দিই, আবার কখন 'হর হয় ব্যোম্ ব্যোম্' ব'লে
ছাই মেথে পাহাড়-জললে ঘোর তপজার মন দিই!

শুধু সেকেলে পাঁজি-পুঁথির দোহাই দিলে এখন আর কি চলে রে ? এই পাশ্চাত্য সভ্যতার উবেল প্রবাহ তর্তর্ ক'রে এখন দেশ জুড়ে বরে বাছে। তার উপযোগিতা একট্ও প্রত্যক্ষ না ক'রে কেবল পাহাড়ে বসে ধ্যানস্থ থাকলে এখন আর কি চলে ? এখন চাই স্বীতার ভগবান যা বলেছেন—প্রবল কর্মযোগ, হৃদরে অসীম সাহস, অমিত বল পোষণ করা। তবে তো দেশের লোকগুলো সব জেগে উঠবে, নত্বা তৃমি বে ভিমিরে, তারাও সেই ভিমিরে।

বেলা প্রায় অবসান। সামীজী গৰাবকে ভ্রমণোপবোগী সাজ করিয়া নীচে
নামিলেন এবং মঠের জমিতে বাইয়া পূর্বদিকে এখন যেখানে পোন্তা
গাঁথা হইয়াছে, সেধানে পদচারণা করিয়া কিছুক্ষণ বেড়াইতে লাগিলেন।
পরে বজরাধানি ঘাটে আনা হইলে স্বামী নির্ভয়ানন্দ, স্বামী নিত্যানন্দ
ও শিশুকে সঙ্গে লইয়া নৌকায় উঠিলেন।

নৌকায় উঠিয়া খামীনী ছাতে বদিলে শিক্ত তাঁহার পাদমূলে উপবেশন করিল। গলাম কৃত্ত কৃত্ত ভরকগুলি নৌকার তলদেশে প্রতিহত হইয়া কলকল শব্দ করিতেছে, মৃত্ল মলয়ানিল প্রবাহিত হইতেছে, আকাশের পশ্চিমদিক এখনও সন্ধ্যার রক্তিম রাগে রঞ্জিত হয় নাই, ভগবান মরীচিমালী অস্ত বাইতে এখনও অর্ধবন্টা বাকি। নোকা উত্তর দিকে চলিয়াছে। স্থামীজীর মুখে প্রফ্লতা, নয়নে কোমলতা, কথার উদাসীনতা! সে এক ভাবপূর্ণ রগ—বুঝানো অসম্ভব!

এইবার দক্ষিণেশ্বর ছাড়াইরা নৌকা অন্তর্ক বায়্বশে আরও উত্তরে অগ্রসর হইতেছে। দক্ষিণেশ্বর কালীবাড়ি দেখিরা শিক্ত ও অপর সর্য্যাসিদয় প্রশাস করিল। স্বামীজী কিন্তু কি এক গভীর ভাবে আত্মহারা হইরা এলো-থেলো ভাবে বসিয়া রহিলেন। শিক্ত ও সর্য্যাসীরা পরক্ষারে দক্ষিণেশরের কন্ত কথা বলিতে লাগিল, সে-সকল কথা বেন তাঁহার কর্ণে প্রবিষ্টই হইল না। দেখিতে দেখিতে নোকা পেনেটির দিকে অগ্রসর হইল। পেনেটিতে পর্গোবিশক্ষার চৌধুরীর বাগানবাটীর ঘাটে নৌকা কিছুক্ষণের জন্তু বাধা হইল। এই বাগানথানিই ইতঃপূর্বে একবার মঠের জন্তু ভাড়া করিবার প্রত্যাব হইয়াছিল। স্বামীজী অবতরণ করিয়া বাগান ও বাটী বিশেষরূপে পর্যবেক্ষণ করিয়া বলিলেন, 'বাগানটি বেশ, কিন্তু কলকাতা থেকে অনেক দ্র; ঠাকুরের শিক্ত (ভক্ত)দের বেতে আসতে কন্ত হ'ত; এখানে মঠ বে হয়নি, তা ভালই হয়েছে।'

এইবার নৌকা আবার মঠের দিকে চলিল এবং প্রান্ত এক ঘণ্টাকাল নৈশ অন্ধকার ভেদ করিয়া চলিতে চলিতে মঠে আসিয়া উপস্থিত হইল। 90

স্থান—বেল্ড় মঠ কাল—১৮৯৯ খঃ প্রারম্ভ

শিশু অভ নাগ-মহাশয়কে সংশ লইরা মঠে আসিয়াছে।
খামীজী। (নাগ-মহাশয়কে প্রণাম করিয়া) ভাল আছেন ভো?
নাগ-মহাশয়। আপনাকে দর্শন করতে এলাম। জয় শহর! জয় শহর!
সাক্ষাৎ শিব-দর্শন হ'ল।

কথাগুলি বলিয়া নাগ-মহাশয় করজোড়ে দণ্ডান্মমান রহিলেন। স্বামীজী। শ্রীয় কেমন আছে ?

নাগ-মহাশয়। ছাই হাড়মাদের কথা কি জিজ্ঞানা করছেন? আপনার দর্শনে আৰু ধক্ত হলাম, ধক্ত হলাম।

ঐরপ বলিয়া নাগ-মহাশয় স্বামীজীকে সাষ্টাব্দে প্রণিপাত করিলেন।

খামীজী। (নাগ-মহাশয়কে তৃলিয়া)ও কি করছেন?

নাগ-ম:। আমি দিবা চক্ষে দেখছি, আজ সাক্ষাৎ শিবের দর্শন পেলাম। জয় ঠাকুর রামকৃষ্ণ!

খামীজী। (শিশুকে লক্ষ্য করিয়া) দেখছিন, ঠিক ভক্তিতে মাহ্য কেমন হয়!
নাগ-মহাশয় তন্ময় হয়ে গেছেন, দেহবৃদ্ধি একেবারে গেছে! এমনটি
আর দেখা বার না। (প্রেমানন্দ খামীকে লক্ষ্য করিয়া) নাগমহাশয়ের জন্ম প্রাণাদ নিয়ে আয়।

নাগ-ম:। প্রসাদ! প্রসাদ! (খামীজীর প্রতি করজোড়ে) আপনার দর্শনে আজ আমার ভবক্ষা দূর হয়ে গেছে।

মঠে ব্ৰহ্মচারী- ও সন্ত্যাসিগণ উপনিষদ পাঠ করিতেছিলেন। স্বামীন্ধী তাঁহাদিগকে লক্ষ্য করিয়া বলিলেন, 'আন্ধ ঠাকুরের একজন মহাভক্ত এসেছেন। নাগ মহাশন্ত্রের শুভাগমনে আন্ধ তোদের পাঠ বন্ধ থাকলো।' সকলেই বই বন্ধ করিয়া নাগ-মহাশন্ত্রের চারিদিকে ঘিরিয়া বদিল। স্বামীন্ধীও নাগ-মহাশন্ত্রের সম্মুখে বদিলেন।

খামীজী। (সকলকে লক্ষ্য করিয়া) দেখছিস! নাগ-মহাশয়কে দেখ; ইনি গেরন্ড, কিন্তু জগৎ স্মাছে কি নেই, এঁর সে জ্ঞান নেই; সর্বদা তম্ময় হয়ে আছেন! (নাগ-মহাশয়কে লক্ষ্য করিয়া) এই সব ব্রক্ষচারীদের ও আমাদের ঠাকুরের কিছু কথা শোনান।

নাগ-ম:। ও কি বলেন। ও কি বলেন। আমি কি ব'লব ? আমি আপনাকে দেখতে এসেছি; ঠাকুরের লীলার সহায় মহাবীরকে দর্শন করতে এসেছি; ঠাকুরের কথা এখন লোকে বুঝবে। অয় রামক্রক। অয় রামক্রক।

খামীজী। আপনিই বথার্থ রামকুফদেবকে চিনেছেন। আমরা যুরে যুরেই মরলুম।

নাগ-ম:। ছি! ও-কথা কি বলছেন! আপনি ঠাকুরের ছান্না—এণিঠ আব ওণিঠ; বার চোধ আছে, দে দেখুক।

भागीकी। अ-नव रा मर्ठ-कर्ठ इत्क्ह, अ कि ठिक इत्क्ह ?

নাগ-ম:। আমি ক্ত্র, আমি কি বৃঝি ? আগনি বা করেন, নিশ্চর জানি তাতে জগতের মদল হবে—মদল হবে।

অনেকে নাগ-মহাশয়ের পদধূলি লইতে ব্যস্ত হওয়ায় নাগ-মহাশয় উন্নাদের মতো হইলেন। স্বামীজী সকলকে বলিলেন, 'বাতে এঁর কট হয়, ভা ক'রো না।' শুনিয়া সকলে নিরম্ভ হইলেন।

খামীজী। আপনি এসে মঠে থাকুন না কেন? আপনাকে দেখে মঠের ছেলেরা সব শিখবে।

নাগ-ম:। ঠাকুরকে ঐ কথা একবার জিজ্ঞাদা করেছিলাম। তিনি বলদেন, 'গৃহেই থেকো।' তাই গৃহেই আছি; মধ্যে মধ্যে আপনাদের দেখে ধন্ত হয়ে বাই।

খামীজী। আমি একবার আপনার দেশে বাব।

নাগ-ম:। (আনন্দে উন্নত্ত হইয়।) এমন দিন কি হবে ? দেশ কাশী হয়ে বাবে, কাশী হয়ে বাবে। সে অদুষ্ট আমার হবে কি ?

चामीकी। जामान रा देव्हा जारह। अथन मा निरम्न शास्त्र शा

নাগ-ম:। আপনাকে কে ব্যবে—কে ব্যবে ? দিব্য দৃষ্টি না খুললে চিনবার লো নেই। একমাত্র ঠাকুরই চিনেছিলেন; আর সকলে তাঁর কথার বিশাস করে মাত্র, কেউ ব্যবেত পারেনি।

খামীজী। আমার এখন একমাত্র ইচ্ছা, দেশটাকে খাগিরে তুলি—মহাবীর বেন নিজের শক্তিমতার অনাখাগর হরে গুমুচ্ছে—সাড়া নেই, শব্দ নেই। সনাভন বর্মভাবে একে কোনরপে জাগাতে পারলে ব্যব, ঠাকুরের ও আমাদের আসা সার্থক হ'ল। কেবল ঐ ইচ্ছাটা আছে—মৃক্তি-ফুক্তি তুচ্ছ বোধ হয়েছে। আপনি আনীর্বাদ করুন ধেন কুতকার্য হওরা বার। নাগ-মঃ। ঠাকুরের আনীর্বাদ। আপনার ইচ্ছার গতি ফেরার এমন কাকেও

प्रिच ना ; वा हैक्हा कन्नदन, छाहे हत्व।

बांत्रीकी। करें किहूरे दब्र ना--जांत्र रेक्टा किंद्र किहूरे दब्र ना।

নাগ-ম:। তাঁর ইচ্ছা আর আপনার ইচ্ছা এক হরে গেছে; আপনার বা ইচ্ছা, তা ঠাকুরেরই ইচ্ছা। জর রামকৃষ্ণ! জর রামকৃষ্ণ!

স্বামীজী। কান্ত করতে মন্ত্র্ত শরীর চাই; এই দেখুন, এদেশে এসে অবধি শরীর ভাল নেই; ওদেশে বেশ ছিল্ম।

নাগ-ম:। শরীর ধারণ করলেই—ঠাকুর বলতেন—'ঘরের টেক্স দিতে হয়।' রোগশোক সেই টেক্স। আপনি যে মোহরের বাক্স; ঐ বাক্সের খ্ব যত্ন চাই। কে করবে ? কে বুঝবে ? ঠাকুরই একমাত্র ব্বেছিলেন। জ্বয় রামকৃষণ! জ্ম রামকৃষণ!

খামীজী। মঠের এরা আমায় ষড়ে রাথে।

নাগ-ম:। যারা কবছেন তাঁদেরই কল্যাণ, বুরুক আর নাই বুরুক। সেবার কমতি হ'লে দেহ রাখা ভার হবে।

শামীজী। নাগ-মহাশয়! কি ষে করছি, কি না করছি—কিছু ব্রতে পাচ্ছিনে। এক এক সময়ে এক এক দিকে মহা ঝোঁক আসে, সেই মতো কান্ত ক'রে বাচ্ছি, এতে ভাল হচ্ছে কি মন্দ হচ্ছে, কিছু ব্রতে পার্ছিন।

নাগ-ম:। ঠাকুর বে বলেছিলেন—'চাবি দেওয়া রইল।' তাই এখন ব্রতে দিচ্ছেন না। বুঝামাত্রই লীলা ফুরিয়ে বাবে।

খামীন্ধী একদৃটে কি ভাবিভেছিলেন। এমন সময়ে খামী প্রেমানন্দ ঠাকুরের প্রসাদ লইয়া আসিলেন এবং নাগ-মহাশয় ও অস্তান্ত সকলকে দিলেন। নাগ-মহাশয় তুই হাতে করিয়া প্রসাদ মাধায় তুলিয়া 'জয় বামকৃষ্ণ' বলিয়া নৃত্য করিতে লাগিলেন। সকলে দেখিয়া অবাক। প্রসাদ পাইয়া সকলে বাগানে পারচারি করিতে লাগিলেন। ইভোমধ্যে খামীন্দ্রী একথানি কোদাল লইয়া আত্তে আতে মঠের পুকুরের পূর্বণারে মাটি কাটিভেছিলেন—নাগ-মহাশয় দর্শনমাত্র তাঁচার হত ধরিয়া বলিলেন, 'আমরা থাকতে আপনি ও কি করেন 🎷 শ্বামীন্দ্রী কোদাল ছাড়িয়া মাঠে বেড়াইতে বেড়াইতে গল্প বলিতে লাগিলেন :

ঠাকুরের দেহ যাবার পর একদিন শুনলুম, নাগ-মহাশয় চার-পাঁচ দিন উপোদ ক'রে তাঁর কলকাতার খোলার ঘরে পড়ে আছেন: আমি, হরি ভাই ও আর একজন মিলে ভো নাগ-মহাশয়ের কুটীরে গিয়ে হাজির; **(मर्थरे लिभ्यू** ए इस्ट डेर्रलन। चामि वननुम-चाभनात अशान चाक ভিক্ষা পেতে হবে। অমনি নাগ-মহাশয় বাজার থেকে চাল, হাঁড়ি, কাঠ প্রভৃতি এনে রাঁধতে ভক্ষ করলেন। আমরা মনে করেছিলুম-আমরাও থাব, নাগ-মহাশয়কেও থাওয়াব। রালাবালা ক'রে তো আমাদের দেওয়া ছ'ল; আমরা নাগ-মহাশরের জন্ম সব রেখে দিয়ে আহারে বদলুম। আহারের পর, ওঁকে খেতে যাই অমুরোধ করা আর তথনি ভাতের হাঁড়ি ভেঙে ফেলে কপালে আঘাত ক'রে বলতে লাগলেন—'যে দেহে ভগবান-লাভ হ'ল না, দে দেহকে আবার আহার দিব ?' আমরা তো দেখেই অবাক! অনেক ক'রে পরে কিছু খাইয়ে তবে আমরা ফিরে এলুম। স্বামীজী। নাগ-মহাশয় আজ মঠে থাকবেন কি?

**শিশু। না। ওঁর কি কান্ধ আছে, আৰুই বেতে হবে।** 

षामीकी। তবে নৌকা দেখ। मन्त्रा हस्य এन।

নৌকা আদিলে শিশ্ব ও নাগ-মহাশম্ম খামীজীকে প্রণাম করিয়া কলিকাতা অভিমুখে রওনা হইলেন।

93

## স্থান—বেল্ড, ভাড়াটিয়া মঠ-বাটা কাল—( ৩য় সপ্তাহ ) জাত্মআরি, ১৮৯৯

আলমবান্ধার হইতে বেলুড়ে নীলাম্ববাব্র বাগানে যথন মঠ উঠিয়া আনে, তাহার অল্পদিন পরে স্বামীন্ধী তাঁহার গুরুলাত্গণের নিকট প্রস্তাব করেন যে, ঠাকুরের ভাব জনসাধাণের মধ্যে প্রচারকল্পে বাঙলা ভাষায় একথানি সংবাদপত্তের প্রস্তাব করেন। কিন্তু উহা বিস্তর ব্যয়সাণেক্ষ হওয়ায় পাক্ষিক পত্র বাহির করিবার প্রস্তাবই সকলের অভিমত হইল এবং স্বামী ত্রিগুণাতীতের উপর উহার পরিচালনের ভার অর্ণিত হইল। স্বামী ত্রিগুণাতীত এইরূপে কার্যভার গ্রহণ করিয়া ১৩০৫ সালের ১লা মাঘ ঐ পত্র প্রথম প্রকাশ করিলেন। স্বামীন্ধী ঐ পত্রের 'উল্লোধন' নাম মনোনীত করেন।

পত্রের প্রভাবনা স্বামীন্ধী নিজে লিখিয়া দেন এবং কথা হয় যে, ঠাকুরের সয়াসী ও গৃহী ভক্তগণ এই পত্রে প্রবন্ধাদি লিখিবেন। সভ্যরূপে পরিণত রামকৃষ্ণ মিশনের' সভাগণকে স্বামীন্ধী এই পত্রে প্রবন্ধাদি লিখিতে এবং ঠাকুরের ধর্মসম্বন্ধীয় মত পত্রসহায়ে জনসাধারণের মধ্যে প্রচার করিতে অফ্রোধ করিয়াছিলেন। পত্রের প্রথম সংখ্যা প্রকাশিত হইলে শিক্ত একদিন মঠে উপস্থিত হইল। শিক্ত প্রণাম করিয়া উপবেশন করিলে স্বামীন্ধী ভাহার সহিত ভিষোধন' পত্র সম্বন্ধে এইরূপ কথাবার্তা আরম্ভ করিলেন:

স্বামীজী। (পত্তের নামটি বিক্বত করিয়া পরিছাসচ্ছলে) 'উদ্বন্ধন' দেখেছিস ? শিশু। আচ্চে হাা; স্থলর হয়েছে। স্বামীজী। এই পত্তের ভাব ভাবা—সব নৃতন ছাচে গড়তে হবৈ।

শিয়া কিরুণ?

ষামীলী। ঠাকুরের ভাব তো স্বাইকে দিতে হবেই; অধিকন্ধ বাঙলা ভাষার নৃতন ওজবিতা আনতে হবে। এই বেমন—কেবল ঘন ঘন verb use (ক্রিরাপদের ব্যবহার) করলে, ভাষার দম কমে বার। বিশেষণ দিয়ে verb (ক্রিরাপদ)-এর ব্যবহারগুলি কমিয়ে দিতে হবে। তুই ঐরপ প্রবন্ধ লিখতে আরম্ভ কর। আমার আগে দেখিয়ে তবে উলোধনে ছাপতে দিবি।

শিক্ত। মহাশন, স্বামী ত্রিগুণাতীত এই পত্রের জন্ত বেরূপ পরিশ্রম ক্রিতেছেন, তাহা অন্তের পক্ষে অসম্ভব।

শামীজী। তুই বৃধি মনে করছিল, ঠাকুরের এইলব সন্নালী সম্ভানের। কেবল গাছতলার ধূনি জালিরে বলে থাকতে জন্মছে ? এদের যে বখন কার্য-ক্ষেত্র জ্বতার্গ হবে, তখন তার উদ্ধন দেখে লোকে জ্বাক হবে। এদের কাছে কাজ কি ক'রে করতে হয়, তা শেও। এই দেখ, আমার আছেল পালন করতে ত্রিগুণাতীত সাধনভজন ধানধারণা পর্যন্ত হেড়ে দিয়ে কাজে নেবেছে। এ কি কম sacrifice ( স্বার্থত্যাগ )-এর কথা! আমার প্রতি কতটা ভালবালা থেকে এ কর্মপ্রবৃত্তি এলেছে বল্ দেখি! Success (কাজ হালিল) ক'রে তবে ছাড়বে!! তোদের কি এমন রোক্ আছে?

শিক্ত। কিন্ত মহাশন্ন, গেরুয়াপরা সন্মানীর গৃহীদের বারে বারে ঐরপে বোরা আমাদের চক্ষে কেমন কেমন ঠেকে !

খানীজী। কেন ? পত্তের প্রচার তো গৃহীদেরই কল্যাণের জন্ত । দেশে নবভাবপ্রচারের ঘারা জনসাধারণের কল্যাণ সাধিত হবে। এই ফলাকাজ্রারহিত
কর্ম বৃঝি তুই সাধন-ভজনের চেরে কম মনে করছিল? আমাদের
উদ্দেশ্ত জীবের হিতসাধন। এই পত্তের আয় ঘারা টাকা জমাবার
মতলব আমাদের নেই। আমরা সর্বত্যানী সন্ন্যানী, মাগছেলে নেই বে,
তাদের জন্ত কিছু রেখে বেতে হবে। Success (কাল হাসিল) হয়
তো এর income (আয়টা) সমন্তই জীবনসেবাকল্পে ব্যয়িত হবে।
খানে ঘানে সত্ত্য-গঠন, সেবাশ্রম-খাপন, আরও কত কি হিতকর কাজে
এর উদ্ভ অর্থের সন্তার হ'তে পারবে। আমরা তো গৃহীদের মতো
নিজেদের,রোজগারের মতলব এঁটে এ কাল্প করছি না। শুধু পরহিতেই
আমাদের সকল movement (কালকর্ম)—এটা জেনে রাখবি।

निश । তাহা हहेला अन्तर्म अन्तर नहेल भावित मा।

খামীজী। নাই বা পারলে। তাতে আমাদের এল গেল কি? আমরা criticism ( সমালোচনা ) গণ্য ক'রে কাজে অগ্রসর হইনি।

শিষ্ঠ মহাশর, এই পত্ত ১৫ দিন অন্তর বাহির হইবে; আমাদের ইচ্ছা সাপ্তাহিক হয়। খানীজী। তা তো বটে, কিন্ত funds (টাকা) কোথার ? ঠাকুরের ইচ্ছার টাকার বোগাড় হ'লে এটাকে পরে দৈনিকও করা বেতে পারে। রোজ লক্ষ কপি ছেপে কলকাতার গলিতে গলিতে free distribution (বিনামূল্যে বিভরণ) করা বেতে পারে।

শিষ্য। আপনাব এ সকল বড়ই উত্তম।

- খামীজী। আমার ইচ্ছে হয়, কাগজটাকে পায়ে দাঁড় করিয়ে দিয়ে ডোকে editor (সম্পাদক) ক'রে দেবো। কোন বিষয়কে প্রথমটা পায়ে দাঁড় করাবার শক্তি তোদের এখনও হয়নি। সেটা করতে এইসব সর্বত্যাগী সাধুরাই সক্ষম। এরা কাজ ক'রে ক'রে মরে যাবে, তর্ হটবার ছেলে নয়। তোরা একটু বাধা পেলে, একটু criticism (সমালোচনা) ভনলেই দ্নিয়া আধার দেখিস!
- শিশু। সেদিন দেখিলাম, স্বামী ত্রিগুণাজীত প্রেসে ঠাকুরের ছবি পূজা করিয়া তবে কাজ আরম্ভ করিলেন এবং কার্বের সফলতার জন্ত আপনার কুপা প্রার্থনা করিলেন।
- স্বামীন্ত্রী। আমাদের centre (কেন্দ্র) তো ঠাকুরই। আমরা এক একজন দেই জ্যোতি:কেন্দ্রের এক একটি ray (কিরণ)। ঠাকুরের পূজা ক'রে কাজ্চা আরম্ভ করেছে—বেশ করেছে। কই আমায় ভো পূজোর কথা কিছু বললে না।
- শিশু। মহাশর, তিনি আপনাকে তয় করেন। ত্রিগুণাতীত খামী আমার কল্য বলিলেন, 'তুই আগে খামীজীর কাছে গিয়ে জেনে আয়, পত্রের ১ম সংখ্যা বিষয়ে তিনি কি অভিমত প্রকাশ করেছেন, ভারপর আমি তাঁর সজে দেখা ক'রব।'
- স্বামীজী। তুই গিরে বলিদ, আমি তার কাজে খ্ব খুনী হয়েছি। তাকে আমার স্বেহানীর্বাদ জানাবি। আর তোরা প্রত্যেকে বতটা পারবি, তাকে সাহায্য করিদ। ওতে ঠাকুরের কাজই করা হবে।

কথাগুলি বলিয়াই স্বামীজী ব্রহ্মানন্দ স্বামীকে নিকটে আহ্বান করিলেন এবং আবশুক হইলে ভবিশ্বতে 'উবোধনে'র জন্ত ব্রিগুণাতীত স্বামীকে আরও টাকা দিতে আদেশ করিলেন। ঐ দিন রাত্রে আহারান্তে স্বামীজী পুনরায় শিক্ষের সহিত্ত 'উবোধন' পত্র স্বত্তে এরপ আলোচনা করিয়াছিলেন: चामीकी। 'छरदांश्त' नाशांत्रगरक दक्वन positive ideas ( गर्रनमूनक ভাব) দিতে হবে। Negative thought (নেডি-বাচক ভাব) মাত্র্যকে weak ( তুর্বল ) ক'রে দের। দেগছিল না, বে-সকল মা বাপ ছেলেদের দিনরাত লেখাপড়ার জন্ম তাড়া দেয়, বলে 'এটার কিছু হবে না, বোকা, গাধা'—তাদের ছেলেগুলি অনেকস্থলে তাই হয়ে দাঁড়ায়। ছেলেদের ভাল বললে—উৎসাহ দিলে, সময়ে নিশ্চয় ভাল হয়। ছেলেদের श्यम या निश्चम, children in the region of higher thoughts (ভাবরাজ্যের উচ্চন্তরে যারা শিশু, তাদের) সম্বন্ধেও তাই। Positive ideas ( গঠনমূলক ভাবগুলি ) দিতে পাবলে সাধারণে মাহুষ হয়ে উঠবে ও নিজের পায়ে দাঁড়াতে শিখবে। ভাষা, সাহিত্য, দর্শন, কবিতা, শিল্প সকল বিষয়ে যা চিস্তা ও চেষ্টা মাহ্য্য করছে, তাতে ভুল না দেখিয়ে ঐ-সব বিষয় কেমন ক'রে ক্রমে ক্রমে আরও ভাল রক্ষে করতে পারবে, তাই ব'লে দিতে হবে। ভ্ৰমপ্ৰমাদ দেখালে মাহুবের feeling wounded (মনে আঘাত দেওয়া) হয়। ঠাকুরকে দেখেছি—যাদের আমরা হেয় মনে করতুম, তাদেরও তিনি উৎসাহ দিয়ে জীবনের মতি-গতি ফিরিয়ে দিতেন। তাঁর শিক্ষা দেওয়ার রকমটা অভত !

কথাগুলি বলিয়া স্বামীজী একটু স্থির হইলেন। কিছুকণ পরে স্বাবার বলিতে লাগিলেন:

ধর্মপ্রচারটা কেবল যাতে তাতে এবং বার তার উপর নাকসি টকানো ব্যাপার ব'লে যেন ব্রিসনি। Physical, mental, spiritual (শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক) সকল ব্যাপারেই মাহ্বকে positive ideas (গঠনমূলক ভাব) দিতে হবে। কিন্তু ঘেয়া ক'রে নয়। পরস্পরকে ঘেয়া ক'রে ক'রেই তোদের অধঃপতন হয়েছে। এখন কেবল positive thought (গঠনমূলক ভাব) ছড়িয়ে লোককে তুলতে হবে। প্রথমে এরপে সমন্ত হিঁছেলাভটাকে তুলতে হবে, ভারপর লগংটাকে তুলতে হবে। ঠাকুরের অবতীর্ণ হওয়ার কারণই এই। ভিনি লগতে কারও ভাব নই করেননি। মহা-অধঃপতিত মাহ্বকেও ভিনি লভর দিয়ে, উৎসাহ দিয়ে তুলে নিয়েছেন। আমাদেরও তাঁর পদাহসরণ ক'রে সকলকে তুলতে হবে, জাগাতে হবে। ব্রালি ? ভোগের history, literature, mythology (ইভিছাস, সাহিত্য, পুরাণ) প্রভৃতি সকল শাস্তগ্রহ নাছ্যকে কেবল ভয়ই দেখাছে! নাছ্যকে কেবল বলছে—'ভূই নরকে বাবি, ভোর আর উপার নেই!' তাই এত অবসমতা ভারতের অহিমজ্জার প্রবেশ করেছে। সেই জন্ত বেদ-বেদান্তের উচ্চ উচ্চ ভারতিনি সাদা কথার নাছ্যকে বৃথিয়ে দিতে হবে। সদাচার, সন্থ্যহার ও বিভা শিক্ষা দিয়ে ত্রাহ্মণ ও চণ্ডালকে এক ভূমিতে দাঁড় করাতে হবে। 'উল্লোখন' কাগজে এই-সব লিখে আবালবৃদ্ধবনিভাকে ভোল্ দেখি। তবে জানব—ভোর বেদ-বেদান্ত পড়া সার্থক হয়েছে। কি বলিস—পারবি?

শিষ্য। আপনার আশীর্বাদ ও আদেশ হইলে সকল বিষয়েই সিদ্ধকাম হইব বলিয়া মনে হয়!

খামীজী। আর একটা কথা—শরীরটাকে থ্ব মজবুত করতে তোকে শিখতে হবে ও সকলকে শেখাতে হবে। দেখছিসনে এখনও রোজ আমি ডামবেল কবি। রোজ সকাল-সন্ধ্যায় বেড়াবি; শারীরিক পরিশ্রম করবি। Body and mind must run parallel (দেহ ও মন সমানভাবে চলবে)। সব বিষয়ে পরের ওপর নির্ভর করলে চলবে কেন? শরীরটা সবল করবার প্রয়োজনীয়তা ব্যতে পারলে নিজেরাই তখন ঐ বিষয়ে যত্ন করবে। সেই প্রয়োজনীয়তা-বোধের জ্কুই এখন education-এর (শিক্ষার) দরকার।

৩২

স্থান—বেল্ড় ষঠ কাল—১৯০০

এখন স্বামীলী বেশ স্থ আছেন। শিশ্ব ববিবার প্রাতে মঠে আদিয়াছে।
স্বামীলীর পাদপদ্ম-দর্শনান্তে নীচে আদিয়া স্বামী নির্মলানন্দের সহিত বেদান্তশাস্ত্রের আলোচনা করিতেছে। এমন সময়ে স্বামীলী নীচে নামিয়া আদিলেন
এবং শিশুকে দেখিয়া বলিলেন, 'কিরে, তুলদীর সঙ্গে ভোর কি বিচার হচ্ছিল ?'
শিশ্ব। মহাশয়, তুলদী মহারাজ বলিতেছিলেন, 'বেদান্তের ব্রহ্মবাদ কেবল
ভোর স্বামীলী আর তুই ব্রিদ। আমরা কিন্তু জানি—কৃষ্ণন্ত ভগবান্
স্বয়ম।'


यांगीकी। पूरे कि वननि ?

শিয়। আমি বলিলাম, এক আত্মাই সত্য। কৃষ্ণ বন্ধক্ত পুৰুষ ছিলেন মাত্ৰ।
তুলদী মহারাজ ভিতরে বেদান্তবাদী, বাহিরে কিন্তু বৈতবাদীর পক্ষ
লইয়া তর্ক করেন। ঈশরকে ব্যক্তিবিশ্বে বলিয়া কথা অবতারণা
করিয়া ক্রমে বেদান্তবাদের ভিত্তি ক্র্দূচ প্রমাণিত করাই তাঁহার অভিপ্রায়
বলিয়া মনে হয়। কিন্তু উনি আমায় 'বৈক্তব' বলিলেই আমি ঐ কথা
ভূলিয়া বাই এবং তাঁহার সহিত তর্কে লাগিয়া বাই।

শামীজী। তুলদী তোকে ভালবাদে কিনা, তাই ঐরপ ব'লে তোকে খ্যাপায়। তুই চটবি কেন ? তুইও বলবি, 'আপনি শুক্তবাদী নান্তিক।'

শিশু। মহাশন্ন, উপনিষদে ঈশ্বর বে শক্তিমান্ ব্যক্তি-বিশেষ, এ কথা আছে কি ? লোকে কিন্তু ঐক্নপ ঈশ্বরে বিশাসবান্।

শামীজী। সর্বেশর কথনও ব্যক্তিবিশেষ হ'তে পারেন না। জীব হচ্ছে বাষ্ট্র,
আর সকল জীবের সমষ্টি হচ্ছেন ঈশর। জীবের অবিছা প্রবল ; ঈশর
বিছা ও অবিছার সমষ্টি মায়াকে বন্দীভূত ক'রে রয়েছেন এবং খাধীনভাবে
এই স্থাবরজ্পমাশ্মক জগৎটা নিজের ভেতর থেকে project (বাহির)
করেছেন। বন্ধ কিন্তু ঐ ব্যঙ্টি-সমষ্টির অথবা জীব ও ঈশরের পারে
বর্তমান। বন্ধের অংশাংশভাগ হয় না। বোঝাবার জন্ত তাঁর ত্রিপাদ,
চতুশাদ ইত্যাদি করনা করা হয়েছে মাত্র। বে পাদে স্কটি-স্থিতি-লর



বেলুডন স্বামীজীর বাদগৃহ

অধ্যাদ হচ্ছে, দেই ভাগকেই শান্ত 'ইপার' ব'লে নির্দেশ করেছে। অপর ত্রিপাদ কৃটস্থ, যাতে কোনরূপ বৈত-কল্পনার ভান নেই, তাই বন্ধ। তা ব'লে এরূপ যেন মনে করিপনি যে, ব্রহ্ম—জীবজ্ঞগৎ থেকে একটা যতন্ত্র বস্তু। বিশিষ্টাবৈতবাদীরা বলেন, ব্রহ্মই জীবজ্ঞগৎরূপে পরিণত হয়েছেন। অবৈতবাদীরা বলেন, তা নয়, ব্রহ্মে এই জীবজ্ঞগৎ অধ্যক্ত হয়েছে মাত্র; কিন্তু বন্ধতঃ ওতে ব্রহ্মের কোনরূপ পরিণাম হয়নি। অবৈতবাদী বলেন, নামরূপ নিয়েই জগৎ। যতক্ষণ নামরূপ আছে, ততক্ষণই জগৎ আছে। ধ্যান-ধারণা-বলে যথন নামরূপের বিলয় হয়ে যায়, তথন এক ব্রহ্মই থাকেন। তথন ভোর, আমার বা জীব-জগতের যতন্ত্র সভার আর অহতেব হয় না। তথন বোধ হয়, আমিই নিত্য-শুদ্ধ-বৃদ্ধ প্রত্যক্-চৈতক্ত বা ব্রহ্ম। জীবের স্বন্ধপই হচ্ছেন ব্রহ্ম; ধ্যান-ধারণায় নামরূপের আবরণটা দ্র হয়ে ঐ ভাবটা প্রত্যক্ষ হয় মাত্র। এই হচ্ছে শুদ্ধাবৈত্রবাদের সারমর্ম। বেদ-বেদান্ত শান্ত-ফাল্ল এই কথাই নানা রক্ষমে বারংবার বৃথিয়ে দিছেছে।

শিয়। তাহা হইলে ঈশর বে সর্বশক্তিমান্ ব্যক্তিবিশেষ—একথা আর সভ্য হয় কিরণে ?

শামাজী। মনরূপ উপাধি নিয়েই মাহ্য । মন দিয়েই মাহ্যকে সকল বিষয় ধরতে ব্রুতে হচ্ছে। কিন্তু মন যা ভাবে, তা limited (সীমাবদ্ধ) হবেই। এ-জন্ম নিজের personality (ব্যক্তিত্ব) থেকে ঈশরের personality (ব্যক্তিত্ব) কর্মনা করা জীবের শ্বতঃসিদ্ধ শ্বভাব। মাহ্য তার ideal (আদর্শ)-কে মাহ্যযরূপেই ভাবতে সক্ষম। এই জরামরণসঙ্গল জগতে এনে মাহ্যয হংথের ঠেলায় হা হতোহিমি' করে এবং এমন এক ব্যক্তির আশ্রেয় চায়, হার উপর নির্ভর ক'রে সে চিন্তাপ্ত্য হ'তে পারে। কিন্তু আশ্রেয় কোথায় লিনাধার সর্বজ্ঞ আ্রাই একমাত্র আশ্রমহল। প্রথমে মাহ্য্য তা টের পায় না! বিবেক-বৈরাগ্য এলে ধ্যান-ধারণা করতে করতে দেটা জনমে-টের পায়। কিন্তু যে যে-ভাবেই সাধন কক্ষক না কেন, সকলেই অ্লাতসারে নিজের ভেতরে অবন্থিত ব্রক্ষভাবকে জাগিয়ে তুলছে। তবে আ্রাক্ষন ভিন্ন ভিন্ন হ'তে পারে। যার personal God (ব্যক্তিবিশেব

দিবর )-এ বিশ্বাস আছে, তাকে ঐ ভাব ধরেই সাধনভন্ধন করতে হয়।
ঐকান্তিকতা এলে ঐ থেকেই কালে ব্রন্ধ-সিংহ তার ভেতরে জ্যোগ
ওঠেন। ব্রন্ধজানই হচ্ছে জীবের goal ( সক্ষ্য )। তবে নানা পথ—নানা
মত। জীবের পারমার্থিক স্বরূপ ব্রন্ধ হলেও মনরূপ উপাধিতে অভিমান
থাকায় সে হরেক রকম সন্দেহ-সংশয় স্থ্য-তুংথ ভোগ করে। কিন্তু
নিজের স্বর্মপাভে আব্রন্ধত্তম পর্যন্ত সকলেই গতিশীল। যতক্ষণ না
'অহং ব্রন্ধ' এই তত্ত্ প্রত্যক্ষ হবে, ততক্ষণ এই জন্মমৃত্যু-গতির হাত থেকে
কান্ত্ররই নিন্তার নেই। মাহ্যবজ্বয় লাভ ক'রে মৃক্তির ইচ্ছা প্রবল হ'লে
ও মহাপ্রেম্বের রূপালাভ হ'লে—তবে মাহ্যবের আত্মজানস্পৃহা বলবতী
হয়। নত্বা কাম-কাঞ্চন-জড়িত লোকের ওদিকে মনের গতিই হয় না।
মাগ-ছেলে ধন-মান লাভ করবে ব'লে মনে যার সন্ধন্ন রয়েছে, তার কি
ক'রে ব্রন্ধ-বিবিদিয়া হবে ? যে সব ত্যাগ করতে প্রস্তুত, যে স্থ্য-তুংথ
ভাল-মন্দের চঞ্চল প্রবাহে ধীর শ্বির শান্ত সমনস্ক, সেই আত্মজানলাভে
যত্নপর হয়। সেই 'নির্গচ্ছতি জগজ্জালাৎ পিঞ্জরাদিব কেশরী'—মহাবলে
জগজ্জাল ছিন্ন ক'রে মায়ার গণ্ডি ভেঙে সিংহের মতো বেরিয়ে পড়ে।

শিয়। তবে কি মহাশয়, সয়াস ভিন্ন ব্রক্ষান হইতেই পারে না?

খামীজী। তা একবার বলতে ? অন্তর্বহি: উভয় প্রকারেই সয়াস অবলখন

করা চাই। আচার্ব শহরও উপনিবদের 'তপসো বাপালিছাং''—এই

অংশের ব্যাথ্যাপ্রসকে বলছেন, লিছহীন অর্থাৎ সয়াসের বাহ্ চিহ্নবরণ

গৈরিকবসন দও কমওল্ প্রভৃতি ধারণ না ক'রে তপতা করলে ত্রধিগয়্য

ব্রহ্মতত্ব প্রত্যক্ষ হয় না। বৈরাগ্য না এলে, ত্যাগ না এলে, ভোগস্পৃহা
ত্যাগ না হ'লে কি কিছু হবার জো আছে ? 'সে যে ছেলের হাতে

মোয়া নয় যে, ভোগা দিয়ে কেড়ে থাবে।'

শিশু। কিন্তু সাধন করিতে করিতে ক্রমে তো ত্যাগ আদিতে পারে ? আমীজী। যার ক্রমে আদে তার আফ্রক। তুই তা ব'লে বদে থাকবি কেন ? এখনি থাল কেটে জল আনতে লেগে যা। ঠাকুর বলতেন, 'হচ্ছে-হবে

<sup>&</sup>gt; সুওক উপ.—৩।২।৪ মন্ত্রের ভার জইব্য

—ও-সব মেদাটে ভাব।' শিপাসা পেলে কি কেউ বসে থাকতে পারে, না, জলের জন্ত ছুটোছুটি ক'রে বেড়ার? শিপাসা পান্ননি, ডাই বসে আছিন। বিবিদিষা প্রবল হয়নি, ডাই মাগ-ছেলে নিয়ে সংসার করছিন।

শিশু। বান্তবিক কেন বে এখনও ঐরপ দর্বস্ব-ত্যাগের বৃদ্ধি হয় না, তাহা বুঝিতে পারি না। আপনি ইহার একটা উপায় করিয়া দিন।

স্বামীজী। উদ্দেশ্য ও উপায়—সবই তোর হাতে। আমি কেবল stimulate (উদুদ্ধ) ক'রে দিতে পারি। এইসব সংশাস্ত্র পড়ছিস, এমন ব্রহ্মজ্ঞ সাধুদের সেবা ও সঙ্গ করছিস—এতেও বদি না ত্যাগের ভাব আসে, তবে জীবনই বৃথা। তবে একেবারে বৃথা হবে না, কালে এর ফল তেড়েফুঁড়ে বেফবেই বেকবে।

শিশু। (অধামুধে বিষয়ভাবে) মহাশয়, আমি আপনার শরণাগত, আমার মৃক্তিলাভের পদা খ্লিয়া দিন, আমি বেন এই শরীরেই তত্ত্ত হইতে পারি।

স্বামীজী। (শিশ্বের অবসরতা দর্শন করিয়া) ভয় কি ? সর্বদা বিচার করবি—এই দেহগেহ, জীবজগৎ সকলই নিংশেষ মিথ্যা, স্বপ্নের মতো; সর্বদা ভাববি—এই দেহটা একটা জড় বল্লমাত্র। এতে বে আত্মারাম প্রুষ রয়েছেন, ভিনিই ভাের ষথার্থ স্বরুপ। মনরূপ উপাধিটাই তাঁর প্রথম ও স্ক্র আবরণ, ভারপর দেহটা তাঁর স্থল আবরণ হয়ে রয়েছে। নিজল নির্বিকার স্বয়ংজ্যোতিঃ সেই প্রুষ এইসব মায়িক আবরণে আচ্ছাদিত থাকায় তুই তাের স্ব-স্বরূপকে জানতে পারছিদ না। এই রূপ-রসে ধাবিত মনের গতি অন্তর্দিকে ফিরিয়ে দিতে হবে। মনটাকে মারতে হবে। দেহটা তাে স্থল—এটা ম'রে পঞ্চভূতে মিশে য়য়। কিছ সংস্থাবের প্টলি—মনটা শীগগীর মরে না। বীভাকারে কিছুকাল থেকে আবার বৃক্ষে পরিণত হয়; আবার স্থল শরীর ধারণ ক'রে জয়য়ভূতাপথে গমনাগমন করে, এইরূপ বতক্ষণ না আত্মজান হয়। সেজক বলি, ধান-ধারণা ও বিচারবলে মনকে সচ্চিদানন্দ-সাগরে ড্বিয়ে দে। মনটা ম'রে গেলেই সব পেল—এক্ষমংত্ব হলি।

निश्च। महानग्न, এই উদ্ধান উন্নত্ত সনকে उत्तावशाही कवा नहां कठिन।

ষামীজী। বীরের কাছে আবার কঠিন ব'লে কোন জিনিস আছে? কাপুরুষেরাই ও-কথা বলে।—বীরাণামের করতলগতা মৃক্ষিঃ, ন পুনং কাপুরুষাণাম।' অভ্যাস ও বৈরাগ্যবলে মনকে সংবত কর্। গীতা বলছেন, 'অভ্যাসেন তু কোঁজের বৈরাগ্যেণ চ গৃহুতে।' চিড হচ্ছে বেন অচ্ছ হ্রদ। রূপরসাদির আঘাতে তাতে বে তরঙ্গ উঠছে, তার নামই মন। এজ্ফুই মনের অরূপ সংক্রাবিকরাত্মক। ঐ সকর্মবিকর থেকেই বাসনা ওঠে। তারপর ঐ মনই ক্রিয়ালজিরূপে পরিণত হয়ে স্থুলদেহরূপ বন্ধ দিয়ে কাজ করে। আবার কর্মও বেমন অনস্ক, কর্মের ফলও তেমনি অনস্ক। স্কুতরাং অনস্ক অর্ত কর্মফলরূপ তরঙ্গে মন সর্বদা ত্লছে। সেই মনকে বৃত্তিদৃশ্য ক'রে দিতে হবে—পুনরায় অচ্ছ হ্রদে পরিণত করতে হবে, যাতে বৃত্তিরূপ তরঙ্গ আর একটিও না থাকে; তবেই বন্ধ প্রকাশ হবেন। শাস্ত্রকার ঐ অবস্থারই আভাস এই ভাবে দিচ্ছেন—'ভিছতে হ্বদয়গ্রন্থিং' ইত্যাদি।' ব্র্মলি ?

শিয়। আজে হাঁ। কিন্তু ধান তো বিষয়াবলদী হওয়া চাই ?

খামীজী। তুই নিজেই নিজের বিষর হবি। তুই সর্বগ আত্মা—এটিই মনন
ও ধান করবি। আমি দেহ নই, মন নই, বৃদ্ধি নই, সুল নই, স্ক্ম নই

—এইরপে 'নেতি নেতি' ক'রে প্রত্যক্চিডফ্ররপ স্থ-স্বরপে মনকে
তুরিয়ে দিবি। এরপে মন-শালাকে বারংবার তুরিয়ে তুরিয়ে মেরে
কেলবি। তবেই বোধস্বরূপের বোধ বা স্থ-স্বরূপে স্থিতি হবে। ধ্যাতাধ্যেয়-ধ্যান তথন এক হয়ে বাবে; জ্ঞাতা-জ্ঞেয়-জ্ঞান এক হয়ে যাবে।
নিখিল অধ্যাসের নির্ভি হবে। একেই শাস্তে বলে—'ত্রিপ্টভেদ'।

এরপ অবস্থায় জানাজানি থাকে না। আত্মাই বখন একমাত্র বিজ্ঞাতা,
তথন তাঁকে আবার জানবি কি ক'রে? আত্মাই জান, আত্মাই চৈতক্ত,
আত্মাই সচিদানন্দ। যাকে সং বা জসং কিছুই ব'লে নির্দেশ করা যায়
না. সেই অনির্বচনীয়-মায়াশক্তি-প্রভাবেই জীবরূপী ব্রন্ধের ভেতরে জ্ঞাতা-

মৃক্তি বীরগণেরই করতলগত, কাপুরুবের নয়।

২ পীতা, ভাতহ

ত মৃত্তক উপ. হাহাদ

জেয়-জানের ভাবটা এসেছে। এটাকেই সাধারণ মাহ্য conscious state (চেডন বা জানের অবস্থা) বলে। আর বেখানে এই বৈড-সংঘাত নিরাবিল ব্রন্ধতন্তে এক হরে বার, তাকে শাস্ত্র superconscious state (সমাধি, সাধারণ জানভূমি অপেক্ষা উচ্চাবস্থা) ব'লে এইরপে বর্ণনা করেছেন—'ভিমিতসলিলরাশিপ্রধ্যমাধ্যাবিহীনম্।'

( গভীর ভাবে মগ্র হইয়া খামীজী বলিতে লাগিলেন )

এই জাতা-জেয় বা জানাজানি-ভাব থেকেই দর্শন-শান্ত বিজ্ঞান
সব বেরিয়েছে। কিছ মানব-মনের কোন ভাব বা ভাষা জানাজানির
পারের বস্তকে সম্পূর্ণরূপে প্রকাশ করতে পারছে না। দর্শন-বিজ্ঞানাদি
partial truth (আংশিক সত্য)। ওরা।সেমস্ত পরমার্থত্যের সম্পূর্ণ
expression (প্রকাশ) কথনই হ'তে পারে না। এই জক্ত পরমার্থের দিক
দিয়ে দেখলে সবই মিথ্যা ব'লে বোধ হয়—ধর্ম মিথ্যা, কর্ম মিথ্যা, আমি
মিথ্যা, তুই মিথ্যা, জগৎ মিথ্যা। তথনই বোধ হয় বে আমিই সব, আমিই
সর্বগত আত্মা, আমার প্রমাণ আমিই। আমার অভিত্যের প্রমাণের জক্ত
আবার প্রমাণান্তরের অপেকা কোথার ? শাল্রে বেমন বলে, 'নিত্যমন্মংপ্রসিদ্ধন্'—নিত্যবন্ধরূপে ইহা স্বতঃসিদ্ধ—এইভাবেই আমি সর্বদা ইহা
জক্ষত্ব করি। আমি ঐ অবস্থা সত্যসত্যই দেখেছি, অহত্তি করেছি।
তোরাও দেখ্, অহত্তি কর্ আর জীবকে এই বন্ধতন্ব শোনাগে।
তবে তো শান্তি পাবি।

ঐ কথা বলিতে বলিতে স্বামীজীর মুখমওল গন্ধীর ভাব ধারণ করিল এবং তাঁহার মন বেন কোন্ এক অজ্ঞাতরাজ্যে বাইরা কিছুক্লণের জন্ত স্থির হইরা গেল! কিছুক্লণ পরে তিনি আবার বলিতে লাগিলেন:

এই সর্বমন্তগ্রাসিনী সর্বমন্তসমঞ্জ্ঞসা এক্ষবিদ্যা নিক্তে অফুভ্র কর্, আর জগতে প্রচার কর্। এতে নিজের মঙ্গল হবে, জীবেরও কল্যাণ হবে। তোকে আরু সারক্ষা বল্লাম; এর চাইতে বড় কথা আর কিছুই নেই।

শিশ্ব। মহাশয়, আপনি এখন জ্ঞানের কথা বলিতেছেন; আবার কখন বা ভজিত্ব, কখন কর্মের এবং কখন বোগের প্রাধান্ত কীর্তন করেন। উহাতে আমাদের বৃদ্ধি গুলাইয়া বার। শামীলী। কি জানিস্—এই ব্যক্ত হওয়াই চরম সক্ষ্য, পরম প্রমার্থ। তবে
মাছ্য তো আর সর্বদা ব্রক্ষাংহ হয়ে থাকতে পারে না! রুখামকালে কিছু নিয়ে তো থাকতে হয়ে। তথন এমন কর্ম করা উচিত,
যাতে লোকের শ্রেরোলাভ হয়। এইজয়্ম ভোদের বলি, অভেদবৃদ্ধিতে জীবনেবারূপ কর্ম কর্। কিছু বাবা, কর্মের এমন মারগাঁচি
বে বড় বড় সাধুরাও এতে বছু হয়ে পড়েন। সেইজয়্ম ফলাকাজ্ফাহীন
হয়ে কর্ম করতে হয়। গীতায় ঐ কথাই বলেছে। কিছু জানিরি,
ব্যক্তানে কর্মের অম্প্রবেশও নেই; সংকর্ম বারা বড়জোর চিত্তভিছি
হয়। এ-জয়ই ভায়কার জানকর্মসমূহের প্রতি এত তীব্র কর্টাক
—এত দোষারোপ করেছেন। নিজাম কর্ম থেকে কারও কারও
ব্যক্তানলাভ। এ কথাটা বেশ ক'রে জেনে রাখ্—বিচারমার্গ ও অয়
সকল প্রকার সাধনার কল হচ্ছে ব্যক্তভা লাভ করা।

শিশু। মহাশন্ধ, একবার ভক্তি ও রাজ্যোগের উপযোগিত বলিয়া আমার জানিবার আকাজ্যা দূর করুন।

শামীনী। ঐ সব পথে সাধন করতে করতেও কারও কারও ব্রম্বন্তানাত হয়ে বায়। ভজিমার্গ—slow process (মহর গতি), দেরীতে ফল হয়, কিছ সহজ্ঞাধ্য। যোগে নানা বিয়; হয়তো বিভৃতিপথে মন চলে গেল, আর অরপে পৌছুতে পারলে না। একমাত্র জ্ঞানপথই আভফ্রপ্রেদ এবং সর্বমত-সংস্থাপক ব'লে সর্বকালে সর্বদেশে সমান আদৃত। তবে বিচারপথে চলতে চলতেও মন তৃত্তর তর্কজ্ঞালে বছ হয়ে বেতে পারে। এইজন্ত সঙ্গে সঙ্গে ধ্যান করা চাই। বিচার ও ধ্যানবলে উদ্দেশ্যে বা ব্রম্মতত্বে পৌছুতে হবে। এইভাবে সাধন করলে goal-এ (লক্ষ্যে) ঠিক পৌছানো বায়। আমার মতে, এই পন্থা সহজ্ঞ ও আভিফ্রপ্রাদ।

শিশ্ব। এইবার আমায় অ্বতারবাদ-বিবয়ে কিছু বলুন। খারীজী। তুই যে একদিনেই সব মেরে নিতে চাস্!

<sup>&</sup>gt; শহরাচার্ব

শিক্ত। মহাশন্ধ, মনের ধাঁধা একদিনে মিটিরা বার তো বারবার আর
· আপনাকে বিরক্ত করিতে হইবে না।

স্বামীজী। যে-আত্মার এত মহিমা শাস্ত্রমুখে অবগত ছওয়া যায়, সেই আত্মজান বাদের রূপায় এক মৃহর্তে লাভ হয়, তাঁরাই সচল তীর্থ— অবতারপুরুষ। তাঁরা আজন ব্রহ্ম, এবং ব্রহ্ম ও ব্রহ্মজে কিছুমাত্র ভফাত নেই—'ব্ৰহ্ম বেদ ব্ৰহ্মিৰ ভৰতি।' আত্মাকে তো আৰু জানা বায় না, কারণ এই আত্মাই বিজ্ঞাতা ও মস্তা হয়ে রয়েছেন—এ কথা পূর্বেই বলেছি। অতএব মাহবের জানাজানি ঐ অবতার পর্যন্ত-বারা আত্মসংস্থ। মানব-বৃদ্ধি ঈশব সম্বন্ধে highest ideal ( সর্বাপেক্ষা উচ্চ আদর্শ ) যা গ্রহণ করতে পারে, তা ঐ পর্যন্ত। তারপর আর জানাজানি থাকে না। এরপ একজ কদাচিৎ জগতে জন্মায়। অল্প লোকেই তাঁদের বুঝতে পারে। তাঁরাই শাল্পোক্তির প্রমাণস্থল—ভবসমূত্রে আলোক-স্তম্ভদরণ। এই অবতারগণের সঙ্গ ও রূপাদৃষ্টিতে মূহুর্তমধ্যে হৃদরের অন্ধকার দূর হয়ে যায়-সহসা ব্রন্ধজানের ক্ষুরণ হয়। কেন বা কি process-এ (উপায়ে) হয়, তার নির্ণয় করা যায় না। তবে হয়— হ'তে দেখেছি। প্রীকৃষ্ণ আত্মদংছ হয়ে গীতা বলেছিলেন। গীতার বে र्ष इत्न 'बहर' भत्नत्र উল্লেখ রয়েছে, তা 'ब्युब्युभत्र' व'तन कानवि। 'মামেকং শরণং ব্রন্ধ' কিনা 'আত্মদংস্থ হও'। এই আত্মন্তানই গীতার চরম লক্ষ্য। যোগাদির উল্লেখ ঐ আত্মতত্তলাভের আমুবলিক অবতারণা। এই আত্মজান বাদের হয় না, তারাই আত্মঘাতী। 'বিনিহস্কাদদগ্রহাৎ'--রপরদাদির উষ্ধনে তাদের প্রাণ যায়'। তোরাও তো মাছৰ-ছদিনের ছাই-জন্ম ভোগকে উপেক্ষা করতে পারবিনি? 'জায়স্থ শ্রিয়স্থে'র দলে ধাবি? 'শ্রেয়ং'কে গ্রহণ কর, 'প্রেয়ং'কে পরিত্যাগ কর। এই আত্মতত্ত্ব আচঙাল স্বাইকে বলবি। বলতে বলতে নিজের বৃদ্ধিও পরিষ্কার হয়ে যাবে। আর 'তত্তমসি', 'দোহহ-यन्त्रि', 'मर्दः थबिनः बन्धे' প্রভৃতি মহামন্ত্র সর্বদা উচ্চারণ করবি এবং क्षरत मिरहर मरा वन वांथि। एत कि १ एत्रहे मुजा-एत्रहे মহাপাতক। নররূপী অন্তুনের ভয় হয়েছিল—তাই আত্মসংহ ভগবান बैक्ष्फ তাঁকে গীতা উপদেশ দিলেন; তবু কি তাঁর ভয় বায়? পবে

অর্কুন বধন বিশ্বরূপ দর্শন ক'রে আত্মসংছ হলেন, তথন জ্ঞানায়িদগ্ধকর্ম।

হয়ে যুদ্ধ করলেন।

শিশ্ব। মহাশন্ন, আত্মজান লাভ হইলেও কি কৰ্ম থাকে ?

খামীজী। জ্ঞানলাভের পর সাধারণে যাকে কর্ম বলে, সেরপ কর্ম থাকে না।
তথন কর্ম 'অগছিতার' হরে দাঁড়ার। আত্মজানীর চলন-বলন সবই
জীবের কল্যাণসাধন করে। ঠাকুরকে দেখেছি 'দেহখোহণি ন দেহস্থং' 
—এই ভাব। এরপ প্রস্বদের কর্মের উদ্দেশ সম্বদ্ধ কেবল এই কথামাত্র
বলা যায়—'লোকবস্তু, লালা-কৈবল্যম্।' 

।

ර

স্থান—বেল্ড মঠ কাল—১৯•১

কলিকাতা জুবিলি আর্ট একাডেমির অধ্যাপক ও প্রতিষ্ঠাতা বাবু রণদাপ্রদাদ দাশগুপ্ত মহাশয়কে সকে করিয়া শিগু আন্ত বেল্ড় মঠে আসিয়াছে। রণদাবাবু শিরকলানিপুণ স্থপতিত ও স্বামীন্ত্রীর গুণগ্রাহী। আলাপ-পরিচয়ের পর স্বামীন্ত্রী রণদাবাবুর সঙ্গে শিল্প-বিভা সম্বন্ধ নানা প্রসন্ধ করিতে লাগিলেন; রণদাবাবুকে উৎসাহিত করিবার জন্ম তাঁর একাডেমিতে একদিন বাইতেও ইচ্ছা প্রকাশ করিলেন। কিন্তু নানা অস্বিধান্ন স্বামীন্ত্রীর তথায় বাওয়া ঘটিনা উঠে নাই।

यात्रीको बन्तावावुरक वनिर्छ नागितनः

পৃথিবীর প্রায় সকল সভ্য দেশের শিল্প-সৌন্দর্য দেখে এলুম, কিছ বৌদ্ধর্মের প্রাত্তাবকালে এদেশে শিল্পকলার বেমন বিকাশ দেখা বার, তেমনটি আর কোথাও দেখলুম না। মোগল বাদশাদের সময়েও ঐ বিছার

১ দেহেতে থাকিরাও দেহবৃদ্ধিশৃক্ত।

২ বেদান্তস্ত্ৰ, ২জ, ১ পা, ৩৩ প্ত

বিশেষ বিকাশ হয়েছিল; সেই বিভার কীর্তিভ্তম্বরণে আঞ্চও তাল্তমচ্ল, জুমা মদজিদ প্রভৃতি ভারতবর্ষের বুকে দাঁড়িয়ে রয়েছে।

মাছৰ বে জিনিষটি তৈরি করে, তাতে কোন একটা idea express (মনোভাৰ প্রকাশ) করার নামই art (শির)। ষাতে idea-র expression (ভাবের প্রকাশ) নেই, রঙ-বেরঙের চাকচিক্য পরিপাটি থাকলেও তাকে প্রকৃত art (শির) বলা বায় না। ঘটি, বাটি, পেয়ালা প্রভৃতি নিত্যব্যবহার্থ জিনিষপত্রগুলিও এরপে বিশেষ কোন ভাব প্রকাশ ক'রে তৈরি করা উচিত। প্যারিস প্রদর্শনীতে পাথরের খোদাই এক অভ্তুত মৃতি দেখেছিলাম। মৃতিটির পরিচায়ক এই কয়টি কথা নীচে লেখা, 'Art unveiling nature' অর্থাৎ শির কেমন ক'রে প্রকৃতির নিবিড় অবশুর্থন স্বহন্তে মোচন ক'রে ভেতরের রূপসৌন্দর্ধ দেখে। মৃতিটি এমনভাবে তৈরি করেছে যেন প্রকৃতিদেবীর রূপচ্ছবি এখনও স্পষ্ট বেরোয়নি; যতটুকু বেরিয়েছে, ততটুকু সৌন্দর্ধ দেখেই শিরী যেন মৃশ্ব হয়ে গিয়েছে। যে ভায়র এই ভাবটি প্রকাশ করতে চেষ্টা করেছেন, তাঁর প্রশংসা না ক'রে থাকা যায় না। ঐ রকমের original (মৌলিক) কিছু করতে চেষ্টা করবেন।

বণদাবাব্। আমারও ইচ্ছা আছে সময়মত original modelling (নৃতন ভাবের মৃতি) সব গড়তে; কিন্ধ এদেশে উৎসাহ পাই না। অর্থাভাব, তার উপর আমাদের দেশে গুণগ্রাহী লোকের অভাব।

- খামীজী। আপনি যদি প্রাণ দিরে বথার্থ একটি থাঁটি জিনিস করতে পারেন, বিদ art-এ (শিল্পে) একটি ভাবও যথাবথ express (প্রকাশ) করতে পারেন, কালে নিশ্চয় ভার appreciation (স্মাদর) হবে। থাঁটি জিনিসের কথনও জগতে অনাদর হয়নি। এরপও শোনা যায়, এক-এক জন artist (শিল্পী) মরবার হাজার বছর পর হয়তো ভার appreciation (স্মাদর) হ'ল!
- বণদাবাৰ্। তা ঠিক। কিন্তু আমরা ,যেরপ অপদার্থ হয়ে পড়েছি, তাতে 'ঘরের থেরে বনের মোষ তাড়াতে' সাহসে কুলোয় না। এই পাঁচ বংসবের চেটার আমি যা হ'ক কিছু কুতকার্য হয়েছি। আশীর্বাদ করুন যেন উভ্তম বিফল না হয়।

শামীজী। বদি ঠিক ঠিক কাজে লেগে বান, তবে নিশ্চর successful (সমল)
হবেন। বে বে-বিবরে মনপ্রাণ ঢেলে থাটে, তাতে তার success
(সফলতা) তো হয়ই, তারপর চাই কি ঐ কাজের তল্ময়তা থেকে
বন্ধবিচ্ছা পর্যন্ত লাভ হয়। বে কোন বিবরে প্রাণ দিয়ে থাটলে ভগবান
তার সহায় হন।

রণদাবার। ওদেশ এবং এদেশের শিল্পের ভেতর তফাত কি দেখলেন ? স্বামীজী। প্রায় সবই সমান, originality (মৌলিক্ছ) প্রায়ই দেখতে পাওয়া যায় না। এসব দেশে ফটোয়ন্তের সাহায্যে এখন নানা চিত্র जूल इवि आंकरह। किन्ह बरबंद माहारिया निरमहे originality (মৌলিক্ড) লোপ পেয়ে যায়; নিজের idea-র expression নিডে (মনোগত ভাব প্রকাশ করতে) পারা বায় না। আগেকার ভাস্করগণ নিজেদের মাধা থেকে নৃতন নৃতন ভাব বের করতে বা দেইগুলি ছবিতে বিকাশ করতে চেষ্টা করতেন; এখন ফটোর অহরূপ ছবি হওয়ায় মাথা থেলাবার শক্তি ও চেষ্টার লোপ হয়ে যাছে। তবে এক-একটা জাতের এক-একটা characteristic (বিশেষত্ব) আছে। আচারে-ব্যবহারে, আহারে-বিহারে, চিত্রে-ভাস্কর্ষে সেই বিশেষ ভাবের বিকাশ দেখতে পাওয়া যায়। এই ধক্তন—ওদেশের গান-বাজনা-নাচের expression ( বাজ বিকাশ )-গুলি দবই pointed ( ডীব্ৰ, ডীক্ষ ); নাচছে বেন হাড পা ष्ट्रॅं एट ! वाक्नी शिनित्र चा श्वतारक कारन दयन महीरनद र्थां हा किए ! গানেরও ঐরপ। এদেশের নাচ আবার যেন হেলেছলে তরক্ষের মতো গড়িয়ে পড়ছে, গানের গমক মূর্ছনাতেও এক্নপ rounded movement (মোলায়েম গতি) দেখা যায়। বাজনাতেও তাই। অতএব art ( শিল্প ) 'সম্বন্ধে বিভিন্ন জাতির মধ্যে বিভিন্নরণ বিকাশ হয়। বে জাতটা বড় materialistic (জড়বাদী), তারা nature (প্রকৃতি) টাকেই ideal ( আদর্শ ) ব'লে ধরে এবং তদমুরূপ ভাবের expression (বিকাশ) শিল্পে দিতে চেষ্টা করে। যে জাতটা আবার প্রকৃতির অতীত একটা ভাবপ্রাপ্তিতেই ideal (আদর্শ) ব'লে ধরে, দেটা ঐ ভাবই nature-এর (প্রকৃতিগত) শক্তিসহায়ে শিরে express (প্রকাশ) করতে চেষ্টা করে। প্রথম শ্রেণীর জাতের Nature (প্রকৃতি )-ই হচ্ছে

primary basis of art ( শিয়ের মৃল ভিত্তি ); আর বিতীয় শ্রেণীর লাতগুলোর Ideality ( প্রকৃতির অতীত একটা ভাব ) হচেছ শিয়্র-বিকাশের মৃল কারণ। ঐরপে ছই বিভিন্ন উদ্দেশ্য ধ'রে শিয়্রচর্চার অগ্রসর হলেও ফল উভয় শ্রেণীর প্রায় একই দাঁড়িয়েছে, উভয়েই নিজ নিজ ভাবে শিয়ােরতি করছে। ও-সব দেশের এক একটা ছবি দেখে আপনার সভ্যকার প্রাকৃতিক দৃশ্য ব'লে ভ্রম হবে। এদেশের সম্বন্ধেও তেমনি—প্রাকালে হাণত্য-বিভার বখন খুব বিকাশ হয়েছিল, তখনকার এক-একটি মৃতি দেখলে আপনাকে এই জড় প্রাকৃতিক রাজ্য ভূলিয়ে একটা নৃতন ভাবরাজ্যে নিয়ে ফেলবে। ওদেশে এখন বেমন আগেকার মতো ছবি হয় না, এদেশেও তেমনি নৃতন নৃতন ভাববিকাশকয়ে ভাস্বরগণের আর চেটা দেখা বায় না। এই দেখুন না, আপনাদের আর্ট ছলের ছবিগুলোভে বেন কোন expression ( ভাবের বিকাশ ) নেই। আপনারা হিন্দুদের নিত্য-ধ্যেয় মৃতিগুলিভে প্রাচীন ভাবের উদ্দীপক expression ( বহিঃপ্রকাশ ) দিয়ে আকবার চেটা করলে ভাল হয়।

রণদাবার । আপনার কথার হৃদরে মহা উৎসাহ হয়। চেটা ক'রে দেখন, আপনার কথামত কাজ করতে চেটা ক'রব।

## স্বামীন্সী বলিতে লাগিলেন:

এই মনে কন্ধন, মা কালীর ছবি। এতে যুগপৎ ক্ষেমন্থনী ও ভয়ন্ধরী মূর্তির সমাবেশ। ঐ ছবিগুলির কোনধানিতে কিন্তু ঐ উভয় ভাবের ঠিক ঠিক expression (প্রকাশ) দেখা যায় না। তা দ্রে যাক, একটাও চিত্রে ঐ উভয় ভাবের ঠিক ঠিক বিকাশ করবার চেষ্টা কান্ধর নেই! আমি মাকালীর ভীমা মূর্তির কিছু idea (ভাব) 'Kali the Mother' (কালী দি মাদার) নামক ইংরেজী কবিভাটায় লিপিবছ করতে চেষ্টা করেছি। আপনি ঐ ভাবটা একখানা ছবিতে express (প্রকাশ) করতে পারেন কি পুরণদাবার। কি ভাব?

খামীজী শিশ্রের পানে তাকাইরা তাঁহার ঐ কবিতাটি উপর হইতে আনিতে বলিলেন। শিশ্র লইরা আদিলে খামীজী রণদাবাবুকে পড়িয়া জনাইতে লাগিলেন: "The stars are blotted out' &c.".

<sup>&</sup>gt; जहेरा: रीवनांगे कविषा भूषक वा Complete Works

স্বামীজীর ঐ কবিতাটি পাঠের সময়ে শিশুর মনে হইতে লাগিল, বেন মহাপ্রলয়ের সংহারমূতি তাহার কর্মনাসমক্ষে নৃত্য করিতেছে। রণদাবাব্ও কবিতাটি শুনিয়া কিছুক্ষণ শুরু হইরা বসিয়া বহিলেন। কিছুক্ষণ বাদে রণদাবাব বেন কর্মনানয়নে ঐ চিত্রটি দেখিতে পাইয়া 'বাপ' বলিয়া শুভি-চকিতনয়নে স্বামীজীর মুখপানে তাকাইলেন।

স্বামীজী। কেমন, এই idea (ভাৰটা) চিত্তে বিকাশ করতে পারবেন তো?

রণদাবাব্। আজে, চেষ্টা ক'রব। কৈন্ত ঐ ভাবের কল্পনা করতেই বেন মাথা ঘূরে বাচ্ছে।

স্বামীজী। ছবিধানি এঁকে আমাকে দেখাবেন। তারপর আমি উহা দ্রবাঙ্গদম্পন্ন করতে বা বা দরকার, তা আপনাকে ব'লে দেবো।

অতঃপর স্বামীকী রামকৃষ্ণ মিশনের সীলমোহরের জক্ত বিকলিত-কমলদলযুক্ত হৃদমধ্যে হংসবিরাজিত সর্পবেষ্টিত যে ক্তু ছবিটি করিয়াছিলেন, তাহা আনাইয়া রণদাবাবুকে দেখাইয়া তৎসম্বন্ধে নিজ মতামত প্রকাশ করিতে বলিলেন। রণদাবাবু প্রথমে উহার মর্মগ্রহণে অসমর্থ হইয়া স্বামীজীকেই উহার অর্থ জিক্তাসা করিলেন। স্বামীকী বুঝাইয়া দিলেন:

চিত্রস্থ তরকায়িত সলিলরাশি—কর্মের, কমলগুলি—ভক্তির এবং উদীয়মান ত্র্টি—জ্ঞানের প্রকাশক। চিত্রগত সর্পারিবেইনটি—ধোগ এবং জাগ্রত ক্তানিনীশক্তির পরিচায়ক। আর চিত্রমধ্যস্থ হংসপ্রতিক্তিটির অর্থ পরমাত্মা। অতএব কর্ম ভক্তি ও জ্ঞান, যোগের সহিত সন্মিলিত হইলেই পরমাত্মার সন্দর্শন লাভ হয়—চিত্রের ইহাই অর্থ।

রণদাবাবু চিত্রটির ঐরপ অর্থ শুনিয়া নির্বাক হইয়া রহিলেন। কিছুকণ পরে বলিলেন, 'আপনার নিকটে কিছুকাল শিল্পকলাবিভা শিখতে পারলে আমার বাশ্ববিক উন্নতি হ'তে পারত।'

অতঃপর ভবিষ্যতে শ্রীরামক্লফ-মন্দির খেভাবে নির্মাণ করিতে তাঁহার ইচ্ছা, স্বামীদী তাহারই একথানি চিত্র ( Drawing ) স্বানাইলেন। চিত্রধানি

<sup>্&</sup>gt; শিশ্ব তথন রণদাবাব্র সঙ্গে একত্র থাকিত। তিনি দেখিরাছিলেন, রণদাবাবু বাড়ি ফিরিরা পরদিন হইতেই ঐ প্রলয়তাওবোয়ত চতীমূর্তি আঁকিতে আরম্ভ করেন। কিন্তু চিত্রখানি সম্পূর্ণ হর নাই, এবং স্বামীজীকে দেখানোও হর নাই।

শামী বিজ্ঞানানন্দ স্বামীনীর পরামর্শমত আকিয়াছিলেন। চিত্রপানি রণদাবার্কে দেখাইতে দেখাইতে বলিতে লাগিলেন:

এই ভাবী মঠমন্দিরটির নির্মাণে প্রাচ্য ও পাশ্চাত্য বাবতীয় শিল্লকলার একত্র সমাবেশ করবার ইচ্ছা আছে আমার। পুথিবী ঘুরে গুত্রিরস্থতে ৰত সৰ idea (ভাৰ) নিয়ে এসেছি, ভার সৰগুলিই এই মন্দিরনির্মাণে বিকাশ করবার চেষ্টা ক'রব। বছসংখ্যক ভড়িত ছন্তের উপর একটি প্রকাণ্ড নাটমন্দির তৈরী হবে। ভার দেওয়ালে শত সহস্র প্রফুল কমল ফুটে থাকবে। হাজার লোক যাতে একত ব'দে ধ্যানজপ করতে পারে, নাটমন্দিরটি এমন বড় ক'রে নির্মাণ করতে হবে। স্পার শ্রীরামকৃষ্ণ-মন্দির ও নাটমন্দিরটি এমন ভাবে একত্র গড়ে তুলতে হবে যে দূর থেকে দেখলে ঠিক 'ওঁকার' বলে ধারণা হবে। মন্দিরমধ্যে একটি রাজহংসের উপর ঠাকুরের মৃতি থাকবে। দোরে হুদিকে হুটি ছবি এইভাবে থাকবে—একটি নিংহ ও একটি মেষ বন্ধভাবে উভয়ে উভয়ের গা চাটছে—অর্থাৎ মহাশক্তি ও মহানমতা বেন প্রেমে একত্ত সম্মিলিত হয়েছে। মনে এই সৰ idea (ভাব) রয়েছে; এখন জীবনে কুলোয় তো কাজে পরিণত ক'রে যাব। নতুবা ভাবী generation (বংশীরেরা) ঐগুলি ক্রমে কাব্দে পরিণত করতে পারে তো করবে। আমার মনে হয়, ঠাকুর এসেছিলেন দেশের সকল প্রকার বিছা ও ভাবের ভেতরেই প্রাণসঞ্চার করতে। দেজত ধর্ম কর্ম বিভা জ্ঞান ভক্তি-সমন্তই যাতে এই মঠকেন্দ্র থেকে জগতে ছড়িয়ে পড়ে, এমনভাবে ঠাকুরের এই মঠটি গড়ে তুলতে হবে। এ বিষয়ে আপনারা আমার সহায় হউন।

রণদাবার এবং উপস্থিত সন্ন্যাসী ও ব্রহ্মচারিগণ স্বামীজীর কথাগুলি শুনিয়া অবাক হইয়া বসিয়া রহিলেন। থাহার মহৎ উদার মন সকল বিষয়ের সকল প্রকার মহান্ ভাবরাশির অদৃষ্টপূর্ব ক্রীড়াভ্মি ছিল, সেই স্বামীজীর মহন্তের কথা ভাবিয়া সকলে একটা অব্যক্তভাবে পূর্ণ হইয়া তব্ব হইয়া রহিলেন।

অৱকণ পরে স্বামীজী আবার বলিলেন:

আপনি শিরবিদ্যার ষথার্থ আলোচনা করেন বলেই আজ ঐ সম্বন্ধ এত চর্চা হচ্ছে। শিরসম্বন্ধে এতকাল আলোচনা ক'রে আপনি ঐ বিবরের যা কিছু সার ও সর্বোচ্চ ভাব পেরেছেন, তাই এখন আমাকে বলুন। রণদাবার্। মহাশর, আমি আপনাকে নৃতন কথা কি শোনাব, আপনিই ঐ বিষয়ে আন্ধ আমার চোখ ফুটিয়ে দিলেন। শিল্পদক্ষে এমন জানগ্রন্থ কথা এ জীবনে আর কথনও শুনিনি। আশীর্বাদ করুন, আপনার নিকট বে-সকল ভাব পেলাম, ভা যেন কাজে পরিণত করতে পারি।

অতঃপর স্বামীজা স্বাপন হইতে উঠিয়া ময়দানে ইতন্ততঃ বেড়াইন্ডে বেড়াইতে শিশুকে বলিলেন, 'ছেলেটি থুব ভেজ্বী'।

শিশু। মহাশয়, আপনার কথা শুনিয়া অবাক হইয়া গিয়াছে।
স্বামীন্দী শিশুের ঐ কথার কোন উত্তর না দিয়া আপন মনে গুনগুন করিয়া
ঠাকুরের একটি গান গাহিতে লাগিলেন—'পরম ধন সে পরশমণি' ইত্যাদি।

এইরপে কিছুক্ষণ বেড়াইবার পর স্বামীন্দী মুখ ধুইয়া শিগুসঙ্গে উপরে নিজের ঘরে প্রবেশ করিলেন এবং 'Encyclopædia Britannica' পুস্তকের শিল্প-সম্বদীয় অধ্যায়টি কিছুক্ষণ পাঠ করিলেন। পাঠ সান্ধ হইলে পূর্বক্ষের কথা এবং উচ্চারণের ঢং অফুকরণ করিয়া শিক্ষের সঙ্গে সাধারণভাবে ঠাটা-ভামাসা করিতে লাগিলেন।

98

## স্থান—বেণ্ড মঠ কাল—মে ( শেব ভাগ ), ১৯০১

খামীন্ত্রী করেকদিন হইল পূর্বক ও আসাম হইতে ফিরিয়া আসিয়াছেন।
শরীর অক্সন্ত, পা ফুলিয়াছে। শিশু আসিয়া মঠের উপর তলায় খামীন্ত্রীর
কাছে গিয়া প্রণাম করিল। শারীরিক অক্স্তাসন্তেও খামীন্ত্রীর সহাস্ত্র বদন ও লেহ্মাথা দৃষ্টি সকল হংগ ভূলাইয়া সকলকে আত্মহারা করিয়া দিত।
শিশু। খামীন্ত্রী, কেমন আছেন ?

স্বামীজী। আর বাবা, থাকাথাকি কি? দেহ তো দিন দিন অচল হচ্ছে। বাঙলাদেশে এসে শরীর ধারণ করতে হয়েছে, শরীরে রোগ লেগেই আছে। এদেশের physique (শারীরিক গঠন) একেবারে ভাল নয়। বেশী কাজ করতে গেলেই শরীর বয় না। তবে বে-কটা দিন দেহ আছে, তোদের জন্ত খাটব। খাটতে খাটতে ম'রব।

শিক্ত। আপনি এখন কিছুদিন কাজকর্ম ছাড়িয়া হির হইয়া থাকুন, তাহা হইলেই শরীর সারিবে। এ দেহের রক্ষায় জগতের মদল।

ষামীন্দ্রী। বলে থাকবার জো আছে কি বাবা! ঐ বে ঠাকুর যাকে 'কালী, কালী' ব'লে ডাকডেন, ঠাকুরের দেহ রাথবার ত্-তিন দিন আগে দেইটে এই শরীরে ঢুকে গেছে; সেইটেই আমাকে এদিক ওদিক কান্দ্র করিয়ে নিয়ে বেড়ার, স্থির হয়ে থাকতে দেয় না, নিজের স্থাধের দিক দেখতে দেয় না!

শিষ্য। শক্তি-প্রবেশের কথাটা কি রূপকচ্চলে বলিতেছেন ?

শামীন্দী। নারে। ঠাকুরের দেহ বাবার তিন-চার দিন আগে তিনি আমাকে একাকী একদিন কাছে ভাকদেন। আর সামনে বদিরে আমার দিকে একদৃষ্টে চেয়ে সমাধিস্থ হয়ে পড়লেন। আমি তথন ঠিক অহতের করতে লাগল্ম, তাঁর শরীর থেকে একটা ক্ষম তেল electric shock (তড়িৎ-কম্পন)-এর মতো এনে আমার শরীরে চুকছে! ক্রমে আমিও বাছজান হারিয়ে আড়েই হয়ে গেল্ম। কতক্ষণ এরপভাবে ছিল্ম, আমার কিছু মনে পড়ে না; যথন বাহ্ চেতনা হ'ল, দেখি ঠাকুর কাদছেন। জিজাসা করার ঠাকুর সম্মেহে বললেন, 'আল যথাসর্বস্থ তোকে দিয়ে ক্ষির হল্ম। তুই এই শক্তিতে জগতের অনেক কাল ক'রে তবে ফিরে বাবি।' আমার বোধ হয়, ঐ শক্তিই আমাকে এ-কাল্পে সে-কাল্পে কেবল ঘ্রোয়। বসে থাকবার জল্প আমার এ দেহ হয়নি।

শিয় অবাক হইরা শুনিতে শুনিতে শুনিতে লাগিল, এ-সকল কথা সাধারণ লোকে কিশুবে ব্ঝিবে, কে জানে! অনস্তর ভিন্ন প্রসন্ধ উথাপন করিরা বলিল, 'মহাশয়, আমাদের বাঙাল দেশ (পূর্বক) আপনার কেমন লাগিল ?' স্থামীজী। দেশ কিছু মন্দ নয়, মাঠে দেখলুম খ্ব শক্ত ফলেছে। আবহাওয়াও য়ন্দ নয়; পাহাড়ের দিকের দৃশ্য অভি মনোহর। ব্রহ্মপুত্র valley-র (উপত্যকার) শোভা অভুলনীয়। আমাদের এদিকের চেয়ে লোকগুলো কিছু মজন্ত ও কর্মন। তার কারণ বোধ হর, মাছ-মাংসটা খ্ব থায়; বা করে, খ্ব গোঁয়ে করে। খাওয়া-দাওয়াতে খ্ব তেল-চর্নি দেয়; ওটা ভাল নয়। তেল-চর্বি বেলী খেলে শরীরে মেদ জয়ো।

শিশ্য। ধর্মভাব কেমন দেখিলেন ?

খামীজী। ধর্মভাব সহয়ে দেখলুম—দেশের লোকগুলো বড় conservative (রক্ষণলীল); উদারভাবে ধর্ম করতে গিয়ে আবার অনেকে fanatic (ধর্মোন্মাদ) হয়ে পড়েছে। ঢাকার মোহিনীবাব্র বাড়িতে একদিন একটি ছেলে একখানা কার photo (প্রভিক্তি) এনে আমার দেখালে এবং বললে, 'মহাশয়, বলুন ইনি কে, অবতার কি না?' আমি তাকে অনেক ব্রিয়ে বলল্ম, 'তা বাবা, আমি কি জানি?' তিন-চার বার বললেও লে ছেলেটি দেখলুম কিছুতেই তার জেদ ছাড়ে না। অবশেষে আমাকে বাধ্য হয়ে বলতে হ'ল, 'বাবা, এখন থেকে ভাল ক'য়ে খেয়ো-দেয়ো, তা হ'লে মন্তিজের বিকাশ হবে। পৃষ্টিকর খাছাভাবে তোমার মাথা বে শুকিয়ে গেছে।' এ-কথা শুনে বোধ হয় ছেলেটির অসস্ভোষ হয়ে থাকবে। তা কি ক'য়ব বাবা, ছেলেদের এরপ না বললে তারা যে জ্বমে পাগল হয়ে দাড়াবে।

শিশ্ব। আমাদের পূর্ববাঙলায় আজকাল অনেক অবতারের অভ্যুদয় হইতেছে ! খামীজী। গুরুকে লোকে অবতার বলতে পারে, বা ইচ্ছা তাই ব'লে ধারণা করবার চেটা করতে পারে। কিন্তু ভগবানের অবতার ধখন তখন বেখানে সেখানে হয় না। এক ঢাকাতেই শুনলুম, তিন-চারটি অবতার দাভিয়েছে।

শিয়। ওদেশের মেয়েদের কেমন দেখিলেন ?

খামীজী। মেয়েরা সর্বঅই প্রায় একরপ। বৈফ্ব-ভাবটা ঢাকার বেশী দেখলুম। 'হ—'র স্ত্রীকে খুব intelligent (বৃদ্ধিমতী) ব'লে বোধ হ'ল। দেখুব বত্ব ক'রে খামায় বেঁধে ধাবার পাঠিয়ে দিত।

শিষ্য। ওনিলাম, নাগ-মহাশয়ের বাড়ি নাকি গিয়াছিলেন ?

খামীলী। হাঁ, আমন মহাপুরুষ! এতদ্র গিয়ে তাঁর জন্মহান দেখব না?
নাগ-মহাশয়ের স্ত্রী আমার কত বেঁধে খাওয়ালেন! বাড়িখানি কি
মনোরম—বেন শান্তি-আল্লম! ওখানে গিয়ে এক পুকুরে সাঁডার

কেটে নিরেছিল্ম। তারপর, এসে এমন নিজা দিল্ম বে বেলা ২।টা।
আমার জীবনে বে-কর দিন স্থনিজা হরেছে, নাগ-মহাশরের বাড়ির
নিজা তার মধ্যে এক দিন। তারপর উঠে প্রচুর আহার। নাগমহাশরের স্থী একখানা কাপড় দিরেছিলেন। সেইখানি মাধার বেঁধে
ঢাকার রওনা হল্ম। নাগ-মহাশরের ফটো প্রা হয়. দেখল্ম। তাঁর
সমাধিস্থানটি বেশ ভাল ক'রে রাধা উচিত। এখনও—বেমন হওরা
উচিত, তেমন হয়নি।

শিশ্ব। মহাশয়, নাগ-মহাশয়কে ও-দেশের লোকে তেমন চিনিতে পারে নাই।

খামীজী। ও-সব মহাপুরুষকে সাধারণে কি বুঝবে? যারা তাঁর সজ পেরেছে, তারাই ধন্ত।

শিতা। কামাখ্যা ( আসাম ) গিয়া কি দেখিলেন ?

শামীজী। শিলং পাহাড়টি অতি স্থন্দর। সেখানে চীফ কমিশনার কটন (Chief Commissioner Mr. Cotton) সাহেবের সলে দেখা হয়েছিল। তিনি আমার জিজাসা করেছিলেন—'খামীজী! ইওরোপ ও আমেরিকা বেড়িয়ে এই দ্ব পর্বতপ্রান্তে আপনি কি দেখতে এসেছেন?' কটন সাহেবের মতো অমন সদাশম লোক প্রায় দেখা যায় না। আমার অস্থ শুনে সরকারী ডাক্ডার পাঠিয়ে দিয়েছিলেন। হবেলা আমার থবর নিতেন। সেখানে বেশী লেকচার-ফেকচার করতে পারিনি; শরীর বড় অস্থ্ হয়ে পড়েছিল। রান্তায় নিতাই খ্ব সেবা করেছিল।

শিয়। সেধানকার ধর্মভাব কেমন দেখলেন ?

খামীকী। তন্তপ্রধান দেশ। এক 'হঙ্কর'দেবের নাম গুনলুম, বিনি ও-জঞ্চল অবতার ব'লে প্রিড হন। গুনলুম, তাঁর সম্প্রদায় 'ধুব বিছত। ঐ 'হঙ্কর'দেব শঙ্করাচার্বেরই নামান্তর কি না ব্রতে পারদাম না। গুরা ত্যাগী—বোধ হয়, তান্তিক সন্মানী কিংবা শঙ্কাচার্বেরই সম্প্রদায়-বিশেষ।

শতংশর শিশ্ব বিশিল, 'মহাশর, ও-দেশের লোকেরা বোধ হয় নাগ-মহাশয়ের মতো আপনাকেও ঠিক ব্রিতে পারে নাই।' ষামীঞ্জী। আমার বৃষ্ক আর নাই বৃষ্ক—এ অঞ্চলের লোকের চেম্নে কিছ তাদের রজোগুণ প্রবল; কালে সেটা আরপ্ত বিকাশ হবে। বেরপ চাল-চলনকে ইদানীং সভ্যতা বা শিষ্টাচার বলা হয়, সেটা এখনও ও-অঞ্চলে ভালরণে প্রবেশ করেনি। সেটা জনে হবে। সকল সময়ে capital (,রাজধানী) থেকেই জনে প্রদেশসকলে চাল-চলন আদ্ব-কারদার বিভার হয়। ও-দেশেও তাই হচ্ছে। বে দেশে নাগ-মহাশয়ের মতো মহাপ্রুষ জয়ায়, সে দেশের আবার ভাবনা? তাঁর আলোভেই পূর্ববদ উজ্জল হয়ে আছে।

শিশু। কিন্তু মহাশন্ত্র, সাধারণ লোক তাঁহাকে তত জানিত না; তিনি বড় গুপ্তভাবে ছিলেন।

খামীনী। ও-দেশে আমার থাওরা-দাওরা নিয়ে বড় গোল ক'রত। ব'লত—
ওটা কেন থাবেন, ওর হাতে কেন থাবেন, ইড্যাদি। ডাই বলডে
হ'ত—আমি তো সন্থানী-ফকির লোক, আমার আবার আচার কি ?
তোদের শাল্লেই না বলছে, 'চরেয়াধুকরীং বৃদ্ভিমণি মেচ্ছকুলাদণি।''
তবে অবশু বাইরের আচার ভেতরে ধর্মের অন্তভ্তর জন্ম প্রথম চাই; শাল্লজানটা নিজের জীবনে practical (কার্যকর)
ক'রে নেবার জন্ম চাই। ঠাকুরের সেই পালি নেওড়ানো জলের কথা' ওনেছিল ভো? আচার-বিচার কেবল মাহ্যের ভেতরের মহাশক্তিক্রেণের উপার মাল। বাতে ভেতরের সেই শক্তি জাগে, বাতে
মাহ্য তার স্বরূপ ঠিক ঠিক ব্যুতে পারে, তাই হচ্ছে সর্বশাল্লের উদ্দেশ্য।
উপারগুলি বিধিনিবেধাল্মক। উদ্দেশ্য হারিয়ে থালি উপার নিয়ে ঝগড়া
করলে কি হবে? যে দেশেই যাই, দেখি উপার নিয়ে ঝগড়া
চলেছে। উদ্দেশ্রের দিকে লোকের নজর নেই, ঠাকুর এটি দেখাতেই
এবেছিলেন। 'অন্তভ্তি'ই হচ্ছে সার কথা। হাজার বংসর গলাম্বান
করে, আর হাজার বংসর নিয়ামির থা—ওতে বদি আল্মহিকাশের

মাধুকরী ভিক্ষা য়েল্ছজাতি হইতেও গ্রহণ করিবে।

২ পাঁজিতে লেখা খাকে—'এ বংসর বিশ আড়া জল হবে'. কিন্তু পাঁজিখানা নেওড়ালে এক কোঁটা' জলও পড়ে না। সেইরপ, শাল্পে লেখা আছে, 'এইরপ এইরপ করলে ঈররদর্শন হর'; ানা ক'রে কেবল শাল্প নিরে নাড়াচাড়া করলে কিছুই কল পাওয়া বার না।

সহারতা না হর, তবে জানবি সর্বৈব বুখা হ'ল। আর আচার-বর্জিত হরে যদি কেউ আত্মদর্শন করতে পারে, তবে সেই অনাচারই শ্রেষ্ঠ আচার। তবে আতাদর্শন হলেও লোকসংশ্বিতির ক্ষয় আচার কিছ কিছু মানা ভাল। মোট কথা মনকে একনিষ্ঠ করা চাই। এক বিষয়ে নিষ্ঠা হ'লে মনের একাগ্রতা হয় অর্থাৎ মনের অক্ত বৃত্তিগুলি নিবে গিয়ে এক বিষয়ে একতানতা হয়। অনেকের—বাহ্য আচার বা বিধিনিষেধের जालिहे गर ममब्दे। त्कर्ते यात्र, आधारिका आंत्र कदा हम ना। मिनबांख विधिनित्यत्थत शिक्त मत्था थोकरन आयात क्षेत्रात हत्व कि क'तत ? যে যতটা আত্মাহুভূতি করতে পেরেছে, তার বিধিনিষেধ ততই কমে যায়। আচার্য শঙ্করও বলেছেন, 'নিস্তৈগুণো পথি বিচরতাং কো বিধিঃ কো নিষেধ: ?'' অতএৰ মূলকথা হচ্ছে—অহভৃতি। তাই জানবি goal (উদেশ্য বা লক্ষ্য); মত-পথ, রাস্থা মাত্র। কার কভটা ভ্যাগ হয়েছে, এইটি জানবি উন্নতির test ( পরীকা ), কষ্টিপাণর। কাম-কাঞ্চনের আসন্ধি বার মধ্যে দেখবি কমতি-লে বে-মতের বে-পথের লোক হোক না কেন, জানবি তার শক্তি জাগ্রত হচ্ছে, জানবি তার আত্মাহভৃতির দোর খুলে গেছে। আর হাজার আচার মেনে চল, হাজার শ্লোক আওড়া, তবু যদি ত্যাগের ভাব না এসে থাকে তো জানবি – জীবন বুথা। এই অহুভূতিলাভে তৎপর হ, লেগে বা। শাস্ত্র-টাম্ব তো ঢের পড়লি। বল দিকি, তাতে হ'ল কি? কেউ টাকার চিন্তা ক'রে ধনকুবের হয়েছে, তুই না হয় শাস্ত্রচিন্তা ক'রে পণ্ডিত হয়েছিল। উভয়ই বন্ধন। পরাবিত্যালাভে বিত্যা-অবিতার পারে চলে যা। শিষ্য। মহাশয়, আপনার কুপায় স্ব বৃঝি, কিন্তু কর্মের ফেরে ধারণা করিতে পারি না।

খামীজী। কর্ম-ফর্ম ফেলে দে। তুই-ই পূর্বজন্মে কর্ম ক'রে এই দেহ পেরেছিস—এ-কথা যদি সত্য হয়, তবে কর্মবারা কর্ম কেটে তুই আবার কেন না এ দেহেই জীবমুক্ত হবি ? জানবি, মৃক্তি বা আত্মজান ভোর নিজের হাতে রয়েছে। জ্ঞানে কর্মের দেশমাত্র নেই। তবে বারা

গুণাতীত অবস্থার বাঁহারা বিচরণ করেন, তাঁহাদের কোন বিধিনিবেধ নাই।

জীবন্মুক্ত হয়েও কাল করে, তারা জানবি 'পরহিতার' কর্ম করে।
তারা ভাল-বন্দ কলের দিকে চায় না, কোন বাসনা-বীজ তাদের
মনে স্থান পায় না। সংসারশ্রিমে থেকে এরপ বথার্থ 'পরহিতার' কর্ম
করা একপ্রকার অসম্ভব—জানবি। সমগ্র হিন্দুশাল্পে এ-বিবর্গে এক
জনক রাজার নামই আছে। তোরা কিছ এখন বছর বছর ছেলে
জন্ম দিয়ে ঘরে ঘরে খনক' হ'তে চাস্।

শিষ্য। আপনি রূপা করুন, বাহাতে আত্মাহভূতিলাভ এ শরীরেই হয়। খামীজী। ভয় কি ? মনের একান্তিকতা থাকলে, আমি নিশ্চয় বলছি, এ बत्त्रहे हरत; जरत शूक्यकांत्र ठाहै। शूक्यकांत्र कि कांनिन? আত্মজ্ঞান লাভ করবই ক'রব, এতে বে বাধাবিপদ সামনে পড়ে, তা कांठीवर कांठीव-- এरेक्स मृत् मरकहा। मा-वान, ভारे-वक्, श्वी-भूख মবে মরুক, এ দেহ থাকে থাক, বায় বাক, আমি কিছুতেই ফিরে চাইব না, राजका ना आयात आधामर्गन गाउँ-। এইরপে সকল বিষয় উপেকা ক'রে একমনে নিজের goal ( লক্ষ্য )-এর দিকে অগ্রদর হবার চেষ্টার নামই পুরুষকার। নতুবা অঞ্চ পুরুষকার তো পণ্ড-পক্ষীরাও করছে। মাহুষ এ দেহ পেরেছে কেবলমাত্র সেই আত্মঞানলাভের জয়। সংসারে সকলে বে-পথে বাচ্ছে, তুইও কি সেই স্রোতে গা ঢেলে চলে যাবি ? তবে আর ভোর পুরুষকার কি ? সকলে তো মরতে বদেছে! তুই যে মৃত্যু জয় করতে এসেছিল। মহাবীরের মতো অগ্রসর হ। কিছুতেই ভ্রকেপ করবিনি। ক-দিনের জ্ঞাই বা শরীর ? क-मित्नत कछरे वा स्थ-ए:थ ? यमि मानवरमरहे श्राद्यक्रिम, जरव ट्लजरत्र আত্মাকে ভাগা আর বনু—আমি অভয়-পদ পেরেছি। বনু—আমি শেই আত্মা, যাতে আমার কাঁচা আমিছ ডুবে গেছে। এই ভাবে সিদ্ধ হয়ে বা; তারপর বতদিন দেহ থাকে, ততদিন অপরকে এই মহাবীর্ধ-প্রদ নির্ভয় বাণী শোনা—'তত্বমিন', 'উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বহান নিবোধত।' এটি হ'লে তবে জানব বে তুই বথাৰ্থই একগুঁরে বাঙাল।

90

স্থান—বেগুড় মঠ কাল—( জুন ), ১৯০১

শনিবার বৈকালে শিশু মঠে আসিরাছে। সামীজীর শরীর তত ক্ষ নছে,
শিলং পাহাড় হইড়ে অক্ষ হইয়া অল দিন হইল প্রত্যাবর্তন করিরাছেন।
তাঁহার পা ফ্লিয়াছে, সমন্ত শরীরেই যেন জলসঞ্চার হইয়াছে; গুরুলাতাগণ
সেই জন্ম বড়ই চিন্তিত। সামীজী কবিরাজী ঔষধ ধাইতে স্বীকৃত হইয়াছেন।
আগামী মললবার হইতে ফুন ও জল বছ করিয়া 'বাধা' ঔষধ ধাইতে হইবে।
আজ রবিবার।

শিশু। মহাশন্ন, এই দাকণ গ্রীমকাল! তাহাতে আবার আপনি ঘণ্টার ৪।৫ বার করিয়া জল পান করেন, এ সময়ে জল বন্ধ করিয়া ঔষধ খাওয়া আপনার অসহ হইবে।

খামীজী। তুই কি বলছিন ? ঔষধ থাওয়ার দিন প্রাতে 'আর জলপান ক'বব না' ব'লে দৃঢ় সংকল্প ক'বৰ, তারপন্ন সাধ্যি কি জল আর কণ্ঠের নীচে নাবেন! তথন একুশ দিন জল আর নীচে নাবতে পারছেন না। শরীরটা তো মনেরই থোলদ। মন যা বলবে, সেইমভ তো ওকে চলতে হবে, তবে আর কি ? নিরঞ্জনের অন্থরোধে আমাকে এটা করতে হ'ল, ওদের (গুরুলাতাদের) অন্থরোধ তো আর উপেক্ষা করতে পারিনে।

বেলা প্রায় ১০টা। স্বামীজী উপরেই বসিয়া আছেন। শিশ্তের সক্ষে প্রসারবদনে মেয়েদের অস্ত বে ভাবী মঠ করিবেন, সে বিষয়ে বলিভেছেন:

মাকে কেন্দ্র ক'রে গন্ধার পূর্বভটে মেরেদের জন্ম একটি মঠ স্থাপন করতে হবে। এ মঠে বেমন এক্ষচারী সাধু—সব ভৈনী হবে, ওপারে মেরেদের মঠেও তেমনি ব্রক্ষচারিণী সাধনী—সব ভৈনী হবে।

শিশু। মহাশয়, ভারতবর্ণে বছ পূর্বকালে মেয়েদের জন্ম তো কোন মঠের কথা ইভিহাসে পাওয়া বার না। বৌধ্যুগেই স্তী-মঠের কথা ওনা বার। কিন্তু উহা হইতে কালে নানা ব্যভিচার আদিয়া পড়িয়াছিল, ঘোর বামাচারে দেশ পর্যুদন্ত হইয়া পিয়াছিল। শামীজী। এদেশে পুরুষ-মেরেডে এডটা তফাত কেন বে করেছে, তা বোঝা কঠিন। বেদান্তপান্তে তো বলেছে, একই চিৎসভা সর্বভূতে বিরাজ করছেন। তোরা মেরেদের নিন্দাই করিস, কিন্ত তাদের উর্লিডর জন্ত কি করেছিস বল্ দেখি? শুভি-ফ্তি লিখে, নিয়ম-নীভিতে বন্ধ ক'রে এদেশের পুরুষেরা মেরেদের একেবারে manufacturing machine (উৎপাদনের বন্ধ) ক'রে তুলেছে! মহামায়ার সাক্ষাৎ প্রতিমা এইসব মেরেদের এখন না তুললে বুঝি তোদের আর উপায়ান্তর আছে?

শিশু। মহাশয়, জীজাতি সাক্ষাৎ মায়ার মূর্তি। মাছবের অধঃপতনের জ্বন্ত বেন উহাদের স্পষ্ট হইয়াছে। জীজাতিই মায়া বারা মানবের জ্ঞান-বৈরাগ্য আবরিত করিয়া দেয়। সেইজগুই বোধ হয় শাস্ত্রকার বিলয়াছেন, উহাদের জ্ঞানভক্তি কথনও হইবে না।

স্বামীজী। কোন্ শান্তে এমন কথা আছে যে মেরেরা জ্ঞান-ভক্তির অধিকারিণী হবে না? ভারতের অধংপতন হ'ল ভটচাব-বামুনরা বান্ধণেতর क्षांठरक यथन (यहशार्टिय व्यनिधकांत्री य'ल निर्दिण कवल, मिहे नमात्र মোরেদেরও সকল অধিকার কেড়ে নিলে। নতুবা বৈদিক যুগে, উপনিষদের যুগে দেখতে পাবি—মৈত্রেয়ী গার্গী প্রভৃতি প্রাতঃ-স্মরণীয়া মেয়েরা ব্রহ্মবিচারে ঋষিস্থানীয়া হয়ে রয়েছেন। হাজার বেদক বান্ধণের সভায় গার্গী সগর্বে যাক্তবন্ধ্যকে বন্ধবিচারে আহ্বান করেছিলেন। এ-সব আদর্শহানীয়া মেয়েদের যথন অধ্যাত্মজ্ঞানে অধিকার हिन, ७४न মেরেদের সে অধিকার এখনই বা থাকবে না কেন? একবার যা ঘটেছে, তা আবার অবশ্র ঘটতে পারে। History repeats itself (ইতিহাসের পুনরাবৃত্তি হয় )। মেরেদের পূজা করেই मन कां उ क् इरहार । रब-मित्न, रब-कां क त्याहारात्र शृक्षा तिहे, দে-দেশ--দে-জাত কথনও বড় হ'তে পারেনি, কম্মিন্ কালে পারবেও না। তোদের জাতের বে এত অধঃপতন ঘটেছে, তার প্রধান কারণ এইসব শক্তিমৃতির অবমাননা করা। মহু বলেছেন, 'যত্র নার্যন্ত পূজান্তে রমন্তে তত্ত্র দেবতা:। যত্ত্রৈতান্ত্র ন পুঞ্জুন্তে নর্বান্তত্তাফলা: ক্রিয়া:।"

<sup>ু&</sup>gt; বেধানে নারীগণ পৃদ্ধিতা হন, সেধানে দেবতারা প্রসন্ন। বেধানে নারীগণ সম্মানিতা হন না, সেধানে সকল কাজই নিম্মল।—সমুসংহিতা, ৩া৫৩

বেখানে ত্রীলোকের আদর নেই, ত্রীলোকেরা নিরানন্দে অবহান করে, সে সংসারের—সে দেশের কথন উন্নতির আশা নেই। এ-জন্ম এদের আগে তুলতে হবে—এদের অন্ত আদর্শ মঠ স্থাপন করতে হবে।

- শিশু। মহাশয়, প্রথমবার বিলাত হইতে আসিয়া আপনি স্টার থিয়েটারে বক্তভা দিবার কালে ভন্তকে কত গালমন্দ করিয়াছিলেন। এখন আবার ভন্ত-সমর্থিভ স্ত্রী-পূজার সমর্থন করিয়া নিজের কথা নিজেই বে বদলাইভেছেন।
- খামীজী। তদ্রের বামাচার-মতটা পরিবর্তিত হরে এখন বা হয়ে দাঁড়িরেছে, আমি তারই নিন্দা করেছিল্ম। তদ্রোক্ত মাত্ভাবের অথবা ঠিক ঠিক বামাচারেরও নিন্দা করিনি। ভগবতীজ্ঞানে মেয়েদের পূজা করাই তদ্রের অভিপ্রায়। বৌদ্ধর্মের অধঃপতনের সময় বামাচারটা ঘোর দ্বিত হয়ে উঠেছিল, সেই দ্বিত ভাবটা এখনকার বামাচারে এখনও রয়েছে; এখনও ভারতের তদ্রশাস্ত ঐ ভাবের ঘারা influenced (প্রভাবিত) হয়ে রয়েছে। ঐ সকল বীভৎস প্রধারই আমি নিন্দা করেছিল্ম—এখনও তো তা করি। যে মহামায়ার রূপরসাত্মক বাহ্ববিকাশ মাহ্বকে উন্নাদ ক'রে রেখেছে, তারই জ্ঞান-ভক্তি-বিবেক-বৈরাগ্যাদি আন্তর্মবিকাশে আবার মাহ্বকে সর্বজ্ঞ সিদ্ধন্যকর ব্রহ্মজ্ঞ ক'রে দিছে—সেই মাতৃর্মণিনীর ক্ষ্রেছিগ্রহম্বর্মণিনী মেয়েদের পূজা করতে আমি কখনই নিষেধ করিনি। 'সৈবা প্রস্কাব্য বরদা নৃণাং ভবতি মৃক্তরে' —এই মহামায়াকে পূজা প্রণতি ঘারা প্রস্কাব্য না করতে পারলে সাধ্য কি ব্রহ্মা বিষ্ণু পর্যন্ত তার হাত ছাড়িয়ে মৃক্ত হন ? গৃহলক্ষীগণের পূজাকরে—তাদের মধ্যে বন্ধবিভাবিকাশকরে মেয়েদের মঠ ক'রে ঘাব।

শিক্ত। আপনার উহা উত্তম সংকল্প হইতে পারে, কিন্তু নেলে কোণায় পাইবেন ? সমাজের কঠিন বন্ধনে কে কুলবধ্দের স্ত্রী-মঠে বাইতে অন্তমতি দিবে ?

খামীজী। কেন রে? এখনও ঠাকুরের কত ভক্তিমতী মেয়েরা রয়েছেন। তাঁদের দিয়ে স্ত্রী-মঠ start (আরম্ভ) ক'রে দিয়ে বাব।

<sup>&</sup>gt; ह्यी. अंदर

শ্রীমাতাঠাকুরানী তাঁদের central figure (কেন্দ্রন্ধা) হয়ে বদবেন। আর শ্রীমাকৃষ্ণদেবের ভজ্জদের স্ত্রী-কন্তারা ওখানে প্রথমে বাস করবে। কারণ, তারা প্ররূপ স্ত্রী-মঠের উপকারিতা সহজেই ব্রতে পারবে। তারপর তাদের দেখাদেখি কত গেরস্ত এই মহাকার্যে সহায় হবে।

শিক্ত। ঠাকুরের ভক্তেরা এ কার্যে অবশ্রুই বোগ দিবেন। কিন্তু সাধারণ লোকে এ কার্যে সহায় হইবে বলিয়া মনে হয় না।

ষামীন্দী। জগতের কোন মহৎ কাজই sacrifice (ত্যাগ) ভিন্ন হয়নি।
বটগাছের অন্ধ্র দেখে কে মনে করতে পারে—কালে উছা প্রকাণ্ড
বটগাছ হবে ? এখন তো এইভাবে মঠন্থাপন ক'বন। পরে দেখনি, একআধ generation (পুরুষ) বাদে ঐ মঠের কদর দেশের লোক ব্যুতে
পারবে। এই যে বিদেশী মেয়েরা আমার চেলী হয়েছে, এরাই এ-কাজে
জীবনপাত ক'রে বাবে। ভোরা ভন্ন কাপুরুষতা ছেড়ে এই মহৎ কাজে
সহায় হ। আর এই উচ্চ ideal (আদর্শ) সকল লোকের সামনে ধর্।
দেখনি, কালে এর প্রভায় দেশ উজ্জ্বল হয়ে উঠবে।

শিশ্র। মহাশন্ন, মেরেদের জক্ত কিরূপ মঠ করিতে চাহেন, তাহার সবিশেষ বিবরণ আমাকে বলুন। গুনিবার বড়ই উৎসাহ হইতেছে।

শামীন্দী। গদার ওপারে একটা প্রকাণ্ড জমি নেওয়া হবে। তাতে জবিবাহিতা কুমারীরা থাকবে, আর বিধবা ব্রহ্মচারিণীরা থাকবে। আর ভক্তিমতী গেরন্তর মেয়েরা মধ্যে মধ্যে এসে অবস্থান করতে পাবে। এ মঠে পৃরুবদের কোনরূপ সংশ্রব থাকবে না। পুরুব-মঠের বয়োরুদ্ধ সাধ্রা দ্ব থেকে ত্তী-মঠের কার্যভার চালাবে। ত্তী-মঠে মেয়েদের একটি স্থল থাকবে; তাতে ধর্মশাস্ত্র, লাহিত্য, সংস্কৃত, ব্যাকরণ, চাই কি—অয়-বিত্তর ইংরেজীও শিক্ষা দেওয়া হবে। সেলাইয়ের কাজ, রারা, গৃহকর্মের যাবতীর বিধান এবং শিশুপালনের স্থল বিষয়গুলিও শেখানো হবে। আর জপ, ধ্যান, পূজা এ-সব তো শিক্ষার অন্ধ থাকবেই। বারা বাড়ি ছেড়ে একেবারে এখানে থাকতে পারবে, তাদের অরবন্ধ এই মঠ থেকে দেওয়া হবে। বারা তা পারবে না, তারা এই মঠে দৈনিক ছাত্রী-রূপে এসে পড়াওনা করতে পারবে। চাই কি, মঠাধ্যক্ষের অভিমতে মধ্যে

মধ্যে এখানে থাকতে এবং বতদিন থাকবে থেতেও পাবে। মেয়েদের বন্ধচর্ষকরে এই মঠে বরোবদা বন্ধচারিণীরা ছাত্রীদের শিক্ষার ভার নেবে। এই মঠে ৫।৭ বংসর শিক্ষার পর মেয়েদের অভিভাবকেরা তাদের বিদ্রে দিতে পারবে। বোগ্যাধিকারিণী ব'লে বিবেচিত হ'লে অভিভাবকদের মৃত নিয়ে ছাত্রীরা এখানে চিরকুমারী-ত্রতাবলম্বনে অবস্থান করতে পারবে। বারা চিরকুমারীত্রত অবদম্বন করবে, তারাই কালে এই মঠের শিক্ষবিত্তী ও প্রচারিকা হয়ে দাঁডাবে এবং গ্রামে গ্রামে নগরে নগরে centres ( শিক্ষাকেন্দ্র ) খুলে মেয়েদের শিক্ষাবিস্তারে বত্ব করবে। চরিত্রবতী, ধর্মভাবাপনা এরপ প্রচারিকাদের দারা দেশে বর্ণার্থ স্ত্রী-শিক্ষার বিভার হবে। ধর্মপরায়ণতা, ত্যাগ ও সংবম এখানকার ছাত্রীদের অলফার হবে; আর সেবাধর্ম তাদের জীবনত্রত হবে। এইরূপ আদর্শ জীবন দেখলে কে তাদের না সন্মান করবে—কেই বা তাদের অবিশাস করবে ৷ দেশের স্ত্রীলোকদের জীবন এইভাবে গঠিত হ'লে তবে তো তোদের দেশে সীতা সাবিত্রী গার্গীর আবার অভ্যুত্থান হবে। দেশাচারের ঘোর বন্ধনে প্রাণহীন স্পন্দনহীন হয়ে তোদের মেরেরা এখন কি যে হরে দাঁড়িয়েছে, তা একবার পাশ্চাত্য দেশ দেখে এলে বুঝতে পারতিস। মেয়েদের ঐ ভূদশার জন্ম ভোরাই দায়ী। আবার দেশের মেয়েদের পুনরায় জাগিয়ে তোলাও ডোদের হাতে রয়েছে। তাই বলছি, কাজে লেগে যা। কি হবে ছাই গুধু কভকগুলো বেছবেদান্ত মুধস্থ ক'বে?

শিশু। মহাশয়, এখানে শিক্ষালাভ করিয়াও বদি মেয়েরা বিবাহ করে, তবে আর তাহাদের ভিতর আদর্শ জীবন কেমন করিয়া লোকে দেখিতে পাইবে? এমন নিয়ম হইলে ভাল হয় না কি বে, বাহারা এই মঠে শিক্ষালাভ করিবে, তাহারা আর বিবাহ করিতে পারিবে না?

খামীজী। তা কি একেবারেই হয় রে? শিক্ষা দিয়ে ছেড়ে দিতে হবে।
তারণর নিজেরাই ভেবে চিস্তে যা হয় করবে। বে ক'রে সংসারী হলেও
গ্রন্ধা শিক্ষিতা মেয়েরা নিজ নিজ পতিকে উচ্চ ভাবের প্রেরণা দেকে
এবং বীর পুত্রের জননী হবে। কিছ স্থী-মঠের ছাত্রীদের অভিভাবকেরা
১৫ বংসরের পূর্বে ভাদের বে দেবার নামগছ করতে পারবে না—এ
নিয়ম রাখতে হবে।

- শিক্ত। মহাশন্ধ, তাহা হইলে নমাজে ঐ-সকল মেরেদের কলম রটিবে। কেহই তাহাদের আর বিবাহ করিতে চাহিবে না।
- খামীজী। কেন চাইবে না? তুই সমাজের গতি এখনও ব্যুতে পারিসনি।
  এই সব বিছ্বী ও কর্মতংপরা মেরেদের বরের অভাব হবে না। 'দশমে
  কল্পকাপ্রাপ্তিং'—সে-সব বচনে এখন সমাজ চলছে না, চলবেও না। এখনি
  দেখতে পাচ্ছিদনে ?
- শিশু। যাহাই বলুন, কিন্ত প্রথম প্রথম ইহার বিরুদ্ধে একটা ঘোরতর আন্দোলন হইবে।
- স্বামীন্ত্রী। তা হোক না; তাতে ভয় কি ? সংসাহসে অন্তর্গ্তিত সংকাজে বাধা পেলে অন্তর্গতাদের শক্তি আরও জেগে উঠবে। বাতে বাধা নেই, প্রতিক্লতা নেই, তা মাহয়কে মৃত্যুপথে নিয়ে বায়। Struggle (বাধাবিদ্ন অতিক্রম করবার চেটাই) জীবনের চিহ্ন। ব্যেছিল?

## निया। व्यास्क है।

ষামীজী। পরমরক্ষতবে লিলভেদ নেই। আমরা 'আমি-তৃমি'র plane-এ (ভূমিতে) লিলভেদটা দেখতে পাই; আবার মন বত অন্তমূর্থ হ'তে থাকে, ততই ঐ ভেদজ্ঞানটা চলে বায়। শেষে মন বখন সমরস রক্ষতত্তে ভূবে যায়, তথন আর 'এ জী, ও পুরুষ'—এই জ্ঞান একেবারেই থাকে না। আমরা ঠাকুরে ঐরপ প্রত্যক্ষ দেখেছি। তাই বলি, মেরে-পুরুষে বাহ্ ভেদ থাকলেও স্বরূপতঃ কোন ভেদ নেই। অতএব পুরুষ যদি বক্ষজ্ঞ হ'তে পারে তো মেয়েরা তা হ'তে পারবে না কেন? তাই বলছিল্ম—মেয়েদের মধ্যে একজনও বদি কালে বক্ষজ্ঞ হন, ভবে তাঁর প্রতিভার হালারো মেয়ে জেগে উঠবে এবং দেশের ও সমাজের কল্যাণ, হবে। বুঝলি ?

শিশ্ব। মহাশয়, আপনার উপদেশে আঞ্জামার চকু খুলিয়া গেল।

স্বামীজী। এখনি কি খুলেছে? যখন স্বাবভাসক আত্মতত্ব প্রত্যক্ষ করবি,
তখন দেখবি—এই স্ত্রী-পূক্ষৰ-ভেদজ্ঞান একেবারে লুগু হবে; তখনই
মোরেদের ব্রহ্মরূপিণী ব'লে বোধ হবে। ঠাকুরকে দেখেছি, স্ত্রীমাত্রেই
মাতৃভাব—ভা বে-আভির বেরূপ স্ত্রীলোকই হোক না কেন।
দেখেছি কি না!—ভাই এত ক'রে ভোদের এরূপ করতে বলি এবং

মেরেদের জন্ম গ্রামে প্রামে পাঠশালা খুলে তাদের মাম্ব করতে বলি। মেরেরা মাম্ব হ'লে তবে তো কালে তাদের সন্তান-সন্ততির ধারা দেশের মুখ উজ্জন হবে—বিভা, জ্ঞান, শক্তি, ভক্তি দেশে জেগে উঠবে।

- শিষ্ক। আধুনিক শিক্ষায় কিন্ত মহাশয়, বিপরীত ফল ফলিতেছে বলিয়া বোধ হয়। মেরেরা একটু-আধটু পড়িতে ও সেমিজ-গাউন পরিতেই শিবিতেছে, কিন্তু ত্যাগ-সংঘম-তপশ্যা-ত্রন্মচর্যাদি ত্রন্মবিভালাভের উপবোগী বিষয়ে কতটা উন্নত যে হইতেছে, তাহা বুঝিতে পারা যাইতেছে না।
- শামীজী। প্রথম প্রথম প্রমনটা হয়ে থাকে। দেশে নৃতন idea-র (ভাবের) প্রথম প্রচারকালে কডকগুলি লোক ঐ ভাব ঠিক ঠিক গ্রহণ করতে না পেরে অমন থারাপ হয়ে যায়। তাতে বিরাট সমাজের কি আসে ষার ? কিছ বারা অধুনা প্রচলিত বৎদামান্ত স্থীশিকার জন্তও প্রথম উজোগী হয়েছিলেন, তাঁদের মহাপ্রাণতায় কি সন্দেহ আছে? তবে कि खानिम, निकार रिनिम खांद नीकार विनम, धर्मरीन र'रन जारक शमा थोकरवरे थोकरव। এখন धर्मरक centre (किस ) क'रत त्रास ত্বীশিকার প্রচার করতে হবে। ধর্ম ভিন্ন অন্ত শিকাটা secondary (গৌণ) হবে। ধর্মশিক্ষা, চরিত্রগঠন, ব্রক্ষচর্যব্রত-উদ্যাপন-এ অক্ত শিক্ষার দরকার। বর্তমানকালে এ পর্যস্ত ভারতে যে স্ত্রীশিক্ষার প্রচার হয়েছে, তাতে ধর্মটাকেই secondary (গৌৰ) ক'বে রাখা হয়েছে, তाইতেই তুই यে-मन मायित कथा नगिन, मिश्री हाताइ। कि ভাতে श्वीलांकरमत्र कि रमांव वन ? मःश्वातरकत्रा निरम बन्नास ना रख স্ত্রীশিকা দিতে অগ্রসর হওয়াতেই তাদের অমন বে-চালে পা পড়েছে। স্কল সংকার্বের প্রবর্তকেরই অভীপ্তিত কার্যাহন্তানের পূর্বে কঠোর তপস্তাসহায়ে আত্মন্ত হওয়া চাই। নতুবা তার কাজে গলদ বেরোবেই। বুঝলি।
- শিশু। আঞ্চে হা। দেখিতে পাওয়া বার, অনেক শিক্ষিতা মেরেরা কেবল নভেল-নাটক পড়িরাই সময় কাটায়; পূর্ববলে কিন্তু মেরেরা শিক্ষিতা হইয়াও নানা ব্রতের অমুঠান করে। এদেশে এক্সপ করে কি ?
- খামীজী। ভাল-মন্দ সব দেশে সব জাতের ভেতর বরেছে। আমাদের কাল হচ্ছে—নিজের জীবনে ভাল কাল ক'রে লোকের সামনে

example ( দৃষ্টান্ত ) ধরা। Condemn ( নিন্দাবাদ ) ক'রে কোন কাল সকল হয় না। কেবল লোক হটে ধায়। বে বা বলে বলুক, কাকেও contradict ( অস্বীকার ) করবিনি। এই মায়ার জগতে বা করতে বাবি, তাইতেই দোষ থাকবে। 'স্বারন্তা হি দোষেণ ধ্মনায়িরিবার্তাঃ''——আগুন থাকলেই ধ্ম উঠবে। কিছু তাই ব'লে কি নিশ্চেট হয়ে বসে থাকতে হবে ? বতটা পারিস, ভাল কাল ক'রে বেতে হবে।

শিয়। ভাগ কাৰ্টা কি ?

স্বামীজী। যাতে বন্ধবিকাশের সাহায্য করে, তাই ভাল কাজ। সব কাজই প্রত্যক্ষ না হোক, পরোক্ষভাবে আত্মতত্ত্ব-বিকাশের সহায়কারী ভাবে করা যায়। তবে ঋষিপ্রচলিত পথে চললে ঐ আত্মজ্ঞান শীগৃদীর ফুটে বেরোয়। আর যাকে শাস্তকারগণ অক্সায় ব'লে নির্দেশ করেছেন, সেগুলি করলে আত্মার বন্ধন ঘটে, কথন কখন জন্মজন্মান্তরেও সেই মোহবন্ধন ঘোচে না। কিন্তু সর্বদেশে সর্বকালেই জীবের মৃত্তি অবশ্রভাবী। কারণ আত্মাই জীবের প্রকৃত স্বরূপ। নিজের স্বরূপ নিজে কি ছাড়তে পারে? তোর ছায়ার সঙ্গে তুই হাজার বৎসর লড়াই করেও ছায়াকে কি তাড়াতে পারিদ? সে তোর সঙ্গে থাকবেই।

শিয়। কিন্তু মহাশয়, আচার্ব শহরের মতে কর্ম জ্ঞানের পরিপন্থী— জ্ঞানকর্মসমূচয়কে তিনি বহুধা থণ্ডন করিয়াছেন। অতএব কর্ম কেমন করিয়া জ্ঞানের প্রকাশক হইবে ?

খামীজী। আচার্য শহর এরপ ব'লে আবার জ্ঞানবিকাশকরে কর্মকে আপেক্লিক সহায়কারী এবং সন্তও্জির উপায় ব'লে নির্দেশ করেছেন। তবে শুদ্ধ জ্ঞানে কর্মের অহ্পাবেশ নেই—ভাব্তকারের এ সিদ্ধান্তের আমি প্রতিবাদ করছি না। ক্রিয়া, কর্তা ও কর্ম-বোধ বতকাল মাহ্যবের থাকবে, ততকাল সাধ্য কি—দে কাজ না ক'রে বদে থাকে? অতএব কর্মই বধন জীবের স্থভাব হয়ে দাঁড়াছে, তথন যে-সব কর্ম এই আয়ুক্জানবিকাশকরে সহায়ক হয়, সেগুলি কেন ক'রে বা না?

১ শীতা ১৮।৪৮

কর্মনাত্রই জ্রমাত্মক—এ-কথা পারমার্থিকরণে বথার্থ হলেও ব্যবহারে কর্মের বিশেষ উপযোগিতা আছে। তুই বথন আত্মতত্ব প্রত্যক্ষ করবি, তথন কর্ম করা বা না করা ভোর ইচ্ছাধীন হয়ে দাঁড়াবে। সেই অবহার তুই বা করবি, তাই সং কর্ম হবে; তাতে জীবের, জগতের কল্যাণ হবে। ব্রস্থবিনাশ হ'লে তোর খাসপ্রখাসের তরক পর্যন্ত হবে না। ব্র্যালি ?

শিশু। আহা, ইহা বেদান্তের কর্ম ও জ্ঞানের সমবয়কারী অতি স্থুনর নীমাংসা।

অনস্তর নীচে প্রদাদ পাইবার ঘণ্টা বাজিয়া উঠিল এবং স্বামীজী শিল্পকে প্রদাদ পাইবার জন্ত বাইতে বলিলেন। শিল্পও বাইবার পূর্বে স্বামীজীর পাদপদ্মে প্রণত হইয়া করজোড়ে বলিল, 'মহাশয়, আপনার স্বেহাশীর্বাদে আমার বেন এ জয়েই ব্রহ্মজান অপরোক্ষ হয়।' শিল্পের মন্তকে হাত দিয়া সামীজী বলিলেন:

ভর কি বাবা? তোরা কি ভার এ জগতের লোক—না গেরস্ত, না সমাসী! এই এক নৃতন চং।

৩৬

## স্থান--বেলুড় মঠ কাল--( জুন ? ), ১৯০১

খামীজীর শরীর অস্কর। আজ ৫।৭ দিন বাবৎ খামীজী কবিরাজী ঔবধ খাইতেছেন। এই ঔবধে জলপান একেবারে নিষিত্ব। গৃথমাত্র পান করিয়া তৃফা নিবারণ করিতে হইতেছে।

শিশু প্রাতেই মঠে আদিয়াছে। আদিবার কালে একটা কই মাছ ঠাকুরের ভোগের জন্ত আনিয়াছে। মাছ দেখিয়া খামী প্রেমানন্দ ভাহাকে বলিলেন, 'আজও মাছ আনতে হয়? একে আজ রবিষার, তার উপর খামীলী অস্তুস্থ শিষ্ঠ। শুনিলাম, শুধু ত্থমাত পান করিয়া নাকি আজ পাঁচ-সাত দিন আছেন?

খামীজী। হাঁ, নিরশ্বনের একান্ত অন্ধরোধে কবিরাজী ঔবধ থেতে হ'ল। ওদের কথা তো এড়াতে পারিনে।

শিষ্ঠ। আপনি ভো ঘণ্টায় পাঁচ-ছর বার জলপান করিতেন। কেমন করিয়া একেবারে উচ্চা ত্যাগ করিলেন ?

খামীজী। যথন গুনলুম এই ঔষধ থেলে জল থেতে পাব না, তথনি দৃঢ় সহয় করলুম—জল খাব না। এখন খার জলের কথা মনেও খাদে না।

শিল। ঔষধে রোগের উপশম হইভেছে তো?

স্থামীজী। উপকার স্থপকার-কানিনে। গুরুভাইদের স্থাজাপালন ক'রে বাচ্ছি।

শিশু। দেশী কৰিরাজী ঔষধ বোধ হয় আমাদের শরীরের পক্ষে সমধিক উপযোগী।

ষামীজী। আমার মত কিন্তু একজন scientific (বর্তমান চিকিৎসা-বিজ্ঞানবিশারদ) চিকিৎসকের হাতে মরাও ভাল; layman (হাতৃড়ে)—
যারা বর্তমান science (বিজ্ঞান)-এর কিছুই জানে না, কেবল সেকেলে
গাজিপুঁথির লোহাই দিয়ে অন্ধকারে টিল ছুঁড়ছে, তারা যদি ত্-চারটে
রোগী আরাম করেও থাকে, তবু ভাদের হাতে আরোগ্যলাভ আশা
করা কিছু নয়।

এইরপ কথাবার্তা চলিয়াছে, এমন সময় স্থামী প্রেমানন্দ স্থামীজীর কাছে আসিয়া বলিলেন বে, শিশু ঠাকুরের তোগের জন্ম একটা বড় মাছ স্থানিয়াছে, কিন্তু আজ রবিবার, কি করা বাইবে। স্থামীজী বলিলেন, 'চল্, কেমন মাছ দেখব।'

অনস্তর স্বামীজী একটা গরম জামা পরিলেন এবং দীর্ঘ একগাছা ষষ্টি হাতে দহরা ধীরে ধীরে নীচের তলায় স্বাদিলেন। মাছ দেখিয়া স্বামীজী স্থানন্দ প্রকাশ করিয়া বলিলেন, 'মাজই ভাল ক'রে মাছ রে'ধে ঠাকুরকে ভোগ দে।' শামী প্রেমানন্দ বলিলেন, 'রবিবারে ঠাকুরকে মাছ দেওয়া হয় না বে।' ভছততে শামীজী বলিলেন, 'ভক্তের আনীড তব্যে শনিবার-রবিবার নেই। ভোগ দিগে বা।' খামী প্রেমানন্দ আর আগতি না করিয়া খামীজীর আঞা শিরোধার্থ করিলেন এবং সেদিন রবিবার সংখ্যও ঠাকুরকে সংশ্রহভাগ দেওয়া খির হইল।

মাছ কাটা হইলে ঠাকুরের ভোগের জন্ত অগ্রভাগ রাধিরা দিরা খামীজী हेरतबो धन्नत नौधिरान विशा कछकी। योह नित्य हारिया महेरान धवर আগুনের তাতে শিশানার বৃদ্ধি হইবে বলিয়া মঠের সকলে তাঁহাকে রাঁধিবার সম্বন্ধ ত্যাপ করিতে অহরোধ করিলেও কোন কথা না শুনিয়া হুধ ভারমিসেলি দধি প্রভৃতি দিয়া চার-পাঁচ প্রকারে ঐ মাছ রাধিয়া ফেলিলেন। প্রসাদ পাইবার সময় স্বামীলী এ-সকল মাছের তরকারি স্বামিয়া শিলতক বলিলেন, 'বাঙাল মংশুপ্রিয়। দেখ দেখি কেমন রালা হয়েছে।' ঐ কথা বলিয়া তিনি ঐ-দকল ব্যশ্ননেয় বিন্দু বিন্দু মাত্র নিজে গ্রহণ করিয়া শিশুকে শ্বয়ং পরিবেশন করিতে লাগিলেন। কিছুক্রণ পরে খামীজী জিজাদা করিলেন, 'কেমন হয়েছে ?' শিশু বলিল, 'এমন কথনও খাই নাই।' তাহার প্রতি স্বামীনীর স্বপার দয়ার কথা শ্বরণ করিয়াই তথন তাহার প্ৰাণ পূৰ্ব! ভারমিদেলি (vermicelli) শিশু ইহবনো খায় নাই। ইহা কি পদার্থ জানিবার অন্ত জিজাসা করার স্বামীজী বলিলেন, 'ওওলি বিলিডী কেঁচো। আমি লগুন থেকে শুকিরে এনেছি।' মঠের সল্লাসিগণ সকলে হাসিরা উঠিলেন; শিক্ত বহন্ত বুঝিতে না পারিরা অপ্রতিভ হইয়া বসিরা রহিল।

কবিরাজী ঔষধের কঠোর নিরম পালন করিতে বাইরা খামীজীর এখন আছার নাই এবং নিজাদেনী তাঁছাকে বহুকাল হইল একরপ ত্যাগই করিরাছেন, কিন্তু এই অনাছার-অনিজাতেও খামীজীর প্রমের বিরাম নাই। করেক দিন হইল মঠে নৃতন Encyclopædia Britannica ( এনসাইরো-পেডিরা বিটানিকা ) কর করা হইরাছে। নৃতন বাকবাকে বইগুলি দেখিরা শিশু খামীজীকে বলিল, 'এড বই এক জীবনে পড়া ছর্ঘট।' শিশু তথন আন্দে না বে, খামীজী ঐ বইগুলির দশ খণ্ড ইডোরখ্যে পড়িরা শেষ করিরা একাদশ বর্গানি পড়িতে আরম্ভ করিরাছেন।

चांभी थी। कि वनहिन ? अहें ननथानि वहें त्थरक चांभान या हेण्हा किर्द्धन कत्—नव व'तन तम्रता।

শিক্ত। ( অবাক হইয়া ) আপনি কি এই বইগুলি সব পড়িয়াছেন ? খামীজী। না পড়লে কি বলছি ?

অনম্ভর স্বামীনীর আদেশ পাইরা শিব্য ঐ-সকল পুত্তক হইতে বাছিরা বাছিরা কঠিন কঠিন বিষয়সকল জিজ্ঞাসা করিতে লাগিল। আশ্চর্বের বিষর, স্বামীন্দ্রী ঐ বিষয়গুলির পুত্তকে নিবদ্ধ মর্ম তো বলিলেনই, তাহার উপর হানে স্থানে ঐ পৃত্তকের ভাষা পর্যন্ত উদ্ধৃত করিরা বলিতে লাগিলেন! শিব্য ঐ বৃহৎ দশ থণ্ড পৃত্তকের প্রত্যেকধানি হইতেই তুই-একটি বিষয় জিজ্ঞাসা করিল এবং স্বামীন্দ্রীর অসাধারণ ধী-ও স্মৃতিশক্তি দেখিরা অবাক হইয়া বইগুলি তুলিয়া রাখিয়া বলিল, 'ইহা মাছ্যের শক্তিন্ম!'

স্বামীনী।. দেখলি, একমাত্র ব্রহ্মচর্ষপালন ঠিক ঠিক করতে পারলে সমন্ত বিদ্যা
মৃহুর্তে আয়ত্ত হয়ে যায়—শ্রুতিধর, স্মৃতিধর হয়। এই ব্রহ্মচর্ষের
অভাবেই আমাদের দেশের সব ধ্বংস হয়ে গেল।

শিষ্য। আপনি বাহাই বলুন, মহাশন্ধ, কেবল ব্রহ্মচর্বরক্ষার ফলে এরুণ অমাস্থিক শক্তির ক্রণ কথনই সম্ভবে না। আরও কিছু চাই।

ভিত্তরে খামীজী আর কিছুই বলিলেন না।

অনস্তর স্বামীজী দর্বদর্শনের কঠিন বিষয়দকলের বিচার ও দিলাস্তগুলি শিষ্যকে বলিতে লাগিলেন। অস্তরে অস্তরে ঐ দিলাস্তগুলি প্রবেশ করাইয়া দিবার অস্তই বেন আজ তিনি ঐপ্তলি ঐরপ বিশদভাবে তাহাকে বুঝাইতে লাগিলেন।

এইরপ কঁথাবার্ড। চলিয়াছে, এমন সময় খামী ব্রহ্মানন্দ খামীজীর ঘরে প্রবেশ করিয়া শিব্যকে বলিলেন, 'তুই তো বেশ! খামীজীর অত্যথ শরীর—কোথার গ্রহমর ক'রে খামীজীর মন প্রফুর রাখবি, তা না তুই কি না ঐ-সব অটিল কথা তুলে খামীজীকে বকাচ্ছিদ!' শিব্য অপ্রভঙ হইয়া আপনার ভ্রম' বুরিতে পারিল। কিন্ত খামীজী ব্রহ্মানন্দ মহারাজকে বলিলেন, 'নে, রেথে দে ভোদের কবিরাজী নিয়ম-ক্ষিয়ন। এরা আমার সন্তান, এদের সত্পদেশ দিতে দিতে আষার দেহটা বার তো বরে গেল।'

শিশু কিছ জভংশর আর কোন দার্শনিক প্রশ্ন না করিয়া বাঙালদেশীয় কথা লইয়া হাসি-ভাষাদা করিতে লাগিল। স্বামীজীও শিশুর সঙ্গে রজ-রহস্তে বোগ দিলেন। কিছুকাল এইরূপে কাটিবার পর বঙ্গাহিত্যে ভারতচন্দ্রের হান সহত্তে প্রসৃক্ষ উঠিল।

প্রথম হইতে খামীজী ভারতচক্রকে লইয়া নানা ঠাটাতামাসা আরম্ভ করিলেন এবং তথনকার সামাজিক আচার-বাবহার বিবাহসংস্কারাদি লইয়াও নানার্লণ ব্যঙ্গ করিতে লাগিলেন এবং সমাজে বাল্যবিবাহ-সমর্থনকারী ভারতচক্রের কুফচি ও অল্লীলতাপূর্ণ কাব্যাদি বদদেশ ভিন্ন অল্ল কোন দেশের সভ্য সমাজে প্রশ্রম পায় নাই বলিয়া অভিমত প্রকাশ করিয়া বলিলেন, 'ছেলেদের হাতে এ-সব বই বাতে না পড়ে, তাই করা উচিত।' পরে মাইকেল মধুস্থদন দত্তের কথা তুলিয়া বলিলেন:

ঐ একটা অভ্ত genius (প্রতিভা) তোদের দেশে জয়েছিল। 'মেঘনাদবধে'র মতো বিতীয় কাব্য বাঙলা ভাষাতে তো নেই-ই, সমগ্র ইওবোপেও অমন একখানা কাব্য ইদানীং পাওয়া তুর্গভ।

শিশু। কিন্তু মহাশয়, মাইকেল বড়ই শব্দাড়ম্বাপ্সির ছিলেন বলিয়া বোধ হয়। শ্বামীনী। তোদের দেশে কেউ একটা কিছু নৃতন করলেই তোরা তাকে

ভাড়া করিস। জাগে ভাল ক'রে দেখ্—লোকটা কি বলছে, তা না, যাই কিছু আগেকার মতো না হ'ল, জমনি দেশের লোকে তার পিছু লাগলো। এই 'মেঘনাদবধকাবা'—বা ভোদের বাঙলা ভাষার মৃক্টমণি—ভাকে অপদম্ব করতে কিনা 'ছুঁচোবধকাবা' লেখা হ'ল! তা বত পারিস লেখ্ না, ভাতে কি? সেই 'মেঘনাদবধকাবা' এখনও ছিমাচলের মতো অটলভাবে দাঁড়িয়ে আছে। 'কিন্তু তার খুঁত ধরতেই বারা বাস্ত ছিলেন, সে-সব critic (সমালোচক)দের মত ও লেখাওলো কোথায় ভেদে গেছে! মাইকেল নৃতন ছন্দে, ওজাবনী ভাষার বে কাব্য লিখে গেছেন, তা সাধারণে কি ব্রবে? এই বে দি. সি. কেমন নৃতন ছন্দে কভ চমংকার চমংকার বই আজকাল লিখছে, ভা নিয়েও ভোদের অভিবৃদ্ধি পণ্ডিভগণ কভ criticise (সমালোচনা) করছে—দোষ ধরছে! জি. সি. কি ভাতে জন্দেশ করে? পরে লোকে ঐসব বই appreciate (আদ্ব ) করবে।

এইরপে মাইকেলের কথা হইতে হইতে তিনি বলিলেন, 'বা, নীচে লাইবেরী থেকে মেঘনাদবধকাব্য-থানা নিয়ে আয়।' শিশু মঠের লাইবেরী হইতে 'রেঘনাদবধকাব্য' লইয়া আসিলে বলিলেন, 'পড়্ দিকি—কেমন পড়তে জানিস ?'

শিশু বই খুলিরা প্রথম সর্গের থানিকটা সাধ্যমত পড়িতে লাগিল। কিছ পড়া খামীজীর মনোমত না হওয়ার তিনি ঐ খংশটি পড়িরা দেখাইয়া শিশুকে পুনরায় উহা পড়িতে বলিলেন। শিশু এবার খনেকটা রুতকার্ধ হইল দেখিয়া প্রসরম্থে জিজ্ঞাসা করিলেন, 'বল্ দিকি—এই কাব্যের কোন খংশটি সর্বোৎকৃত্ত ?'

শিশ্ব কিছুই বলিতে না পাবিয়া নিৰ্বাক হইয়া রহিয়াছে দেখিয়া খামীজী বলিলেন:

বেখানে ইন্দ্রজিৎ যুদ্ধে নিহত হয়েছে, শোকে মৃত্যানা মন্দোদরী রাবণকে যুদ্ধে বেতে নিষেধ করছে, কিন্তু রাবণ প্রশোক মন থেকে জোর ক'রে ঠেলে ফেলে মহাবীরের স্থায় যুদ্ধে ক্রতসহল্প—প্রতিহিংসা ও ক্রোধানলে স্ত্রী-পুত্র সব ভূলে যুদ্ধের জন্ম গমনোছত—সেই স্থান হচ্ছে কাব্যের শ্রেষ্ঠ কল্পনা। 'বা হ্বার হোক গে; জামার কর্তব্য আমি ভূলব না, এতে ছ্নিয়া থাক, আর বাক'—এই হচ্ছে মহাবীরের বাক্য। মাইকেল সেইভাবে অন্ধ্রাণিত হয়ে কাব্যের ঐ অংশ লিখেছিলেন।

এই বলিয়া খামীজী দে অংশ বাহির করিয়া পড়িতে লাগিলেন। খামীজীর নেই বীরদর্পত্যোতক পঠন-ভলী আলও শিক্তের হৃদরে অলভ-আগরক বহিরাছে। 99

স্থান—বেল্ড মঠ কাল—১৯০১

খামীজীর অস্থপ এখনও একটু আছে। কবিরাজী ঔবধে অনেক উপকার হইরাছে। মাসাধিক ওধু হুধ পান করিরা থাকার খামীজীর শরীরে আজকাল বেন চন্দ্রকান্তি ফুটিরা বাহির হইডেছে এবং তাঁহার স্থবিশাল নয়নের জ্যোতি অধিকতর বর্ধিত হইরাছে।

আজ ছই দিন হইল শিক্ত মঠেই আছে। বথাসাধ্য স্বামীজীর সেবা করিতেছে। আজ অমাবক্তা। শিক্ত নির্তরানন্দ-স্বামীর সহিত তাগাভাগি করিয়া স্বামীজীর রাত্রিদেবার ভার লইবে, স্থির হইয়াছে। এখন সন্ধ্যা হইয়াছে।

খামীজীর পদদেবা করিতে করিতে শিশু বিজ্ঞানা করিল, 'মহাশয়, বে আজা সর্বন, সর্বন্যাপী, অণ্পরমাণতে অস্থ্যত ও জীবের প্রাণের প্রাণ হইয়া তাহার এত নিকটে রহিয়াছেন, তাঁহার অন্ত্তি হয় না কেন ?' বামীজী। তোর যে চোধ আছে, তা কি তুই জানিস ? বধন কেউ চোধের

কথা বলে, তখন 'আমার চোখ আছে' ব'লে কতকটা ধারণা হয়;
আবার চোথে বালি পড়ে বখন চোখ কর্কর্ করে, তখন চোখ বে
আছে, তা ঠিক ঠিক ধারণা হয়। সেইরপ অন্তর হইতে অন্তরতম এই
বিরাট আত্মার বিষয় সহজে বোধগম্য হয় না। শাত্র বা শুরুম্থে শুনে
খানিকটা ধারণা হয় বটে, কিন্তু বখন সংসারের তীত্র শোকছাখের
কঠোর কশাঘাতে হাদর ব্যথিত হয়, বখন আত্মীয়ম্মজনের বিরোগে
জীব আগনাকে অবলম্বন্য জান করে, বখন ভাবী কীবনের হ্রতিক্রমণীয় হুর্ভেছ অন্তন্ধরে তার প্রাণ আকুল হয়, তখনি জীব এই
আত্মার দর্শনে উন্মুখ হয়। এইজন্ত হংখ আত্মজানের অন্তর্কুল। কিন্তু
ধারণা থাকা চাই। হুংখ পেতে পেতে কুকুর-বেড়ালের মতো বারা মরে,
তারা কি আর মাহব প মাহব হচ্ছে সেই, বে এই ত্থছংখের ব্যপ্রতিঘাতে অন্থিয় হয়েও বিচারবলে ঐ-সকলকে নখর ধারণা ক'রে
আত্মরতিগর হয়। মাহবে ও অন্ত জীব-জানোয়ারে এইটুকু প্রতেদ।

বে বিনিসটা খত নিকটে, তার তত কম অমুভৃতি হয়। আখা অন্তর্ম হ'তে অন্তরতম, তাই অমনস্ক চঞ্চলচিত্ত জীব তাঁর সন্ধান পায় না। কিন্তু সমনস্ক, শাস্ত ও জিতেক্সিয় বিচারশীল জীব বহির্জগৎ উপৈকা ক'রে অন্তর্জগতে প্রবেশ করতে করতে কালে এই আস্মার মহিমা উপলব্ধি ক'রে গৌরবাহিত হয়। তথনি সে আয়ুক্তান লাভ করে এবং 'আমিই সেই আ্যা', 'তত্তমদি শেতকেতো' প্রভৃতি বেদের মহাবাক্যসকল প্রত্যক্ষ অমুভব করে। ব্যালি ?

শিয়। আজা, হাঁ। কিন্তু মহাশন্ত্র, এ হু:থকট-ভাড়নার মধ্য দিরা আত্মজানলাভের ব্যবহা কেন ? স্পষ্ট না হইলেই তো বেশ ছিল। আমরা সকলেই তো এককালে ব্রহ্মে বর্তমান ছিলাম। ব্রহ্মের এইর্ন্থ সিস্ফাই' বা কেন ? আর এই হন্দ-ঘাত-প্রতিঘাতে সাক্ষাৎ ব্রহ্মরূপ জীবের এই জন্ম-মরণসভ্ল পথে গতাগতিই বা কেন ?

স্থামীজী। লোকে মাতাল হ'লে কত খেয়াল দেখে। কিন্তু নেশা বধন
ছুটে যায়, তথন দেগুলো মাথার ভূল ব'লে বুঝতে পারে। অনাদি
অথচ সাস্ত এই অজ্ঞান-বিলসিত হৃষ্টি-ফিন্টি যা কিছু দেখছিল, সেটা তোর
মাতাল অবস্থার কথা; নেশা ছুটে গেলে তোর ঐ-সব প্রশ্নই থাকবে না।
শিক্ষা। মহাশয়, তবে কি হৃষ্টি-ছিতি এ-সব কিছুই নাই ?

শামীকী। থাকবে না কেন রে ? বতক্ষণ তুই এই দেহবৃদ্ধি ধরে 'আমি
আমি' করছিদ, ততক্ষণ সবই আছে। আর যথন তুই বিদেহ আআরভি
আআক্রীড়, তথন ভোর পক্ষে এ-সব কিছু থাকবে না; স্পষ্ট জন্ম মৃত্যু
প্রভৃতি আছে কি না—এ প্রশেরও তথন আর অবদর থাকবে না। তথন
ভোকে বলতে হবে—

ক গতং কেন বা নীতং কুত্র লীনমিদং জগৎ। অধুনৈব মন্না দৃষ্টং নাতি কিং নহদভূতম্॥°

শিশু। অগতের জ্ঞান একেবারে না থাকিলে 'কুত্র লীনমিদং জগং' কথাই বা কিরুপে বলা যাইতে পারে ?

১ স্ঞানের ইচ্ছা

২ বিবেকচূড়ামণি, ৪৮৪

খামীনী। ভাষায় ঐ ভাবটা প্রকাশ ক'রে বোঝাতে হচ্ছে, তাই এরপ বলা
হেরেছে। বেখানে ভাব ও ভাষার প্রবেশাধিকার নেই, সেই অবস্থাটা
ভাব ও ভাষায় প্রকাশ করতে গ্রন্থকার চেষ্টা করছেন, তাই জগং কথাটা
বে নিঃশেষে মিথাা, সেটা ব্যাবহারিকরপেই বলেছেন; পারমাধিক সন্তা
জগতের নেই, সে কেবলমাত্র 'অবাত্মনসোগোচরম্' ব্রন্ধের আছে। বল্,
ভোর আর কি বলবার আছে। আছ ভোর তর্ক নিরন্ত ক'রে দেবা।

ঠাকুবঘরে আরাত্রিকের ঘণ্টা বাজিয়া উঠিল। মঠের সকলেই ঠাকুরঘরে চলিলেন। শিশু স্বামীজীর ঘরেই বসিয়া রহিল দেখিয়া স্বামীজী বলিলেন, 'ঠাকুরঘরে গেলিনি ?'

শিশু। আমার এখানে থাকিতেই ভাল লাগিতেছে। স্বামীলী। তবে থাক্।

কিছুক্ষণ পরে শিশ্ব ঘরের বাহিরে নিরীক্ষণ করিয়া বলিল, 'আৰু জমাবত্যা, আধারে চারিদিক যেন ছাইয়া ফেলিয়াছে।—আৰু কালীপূজার দিন।'

খামীন্দী শিশ্রের ঐ কথার কিছু না বলিরা জানালা দিরা পূর্বাকাশের পানে একদৃষ্টে কিছুক্ষণ তাকাইয়া বলিলেন, 'দেখছিল, অন্ধকারের কি এক অভ্তত গন্তীর শোভা!' কথা করটি বলিরা দেই গভীর তিমিররাশির মধ্যে দেখিতে দেখিতে ভণ্ডিত হইরা দাঁড়াইরা রহিলেন। এখন সকলেই নিজক, কেবল দ্বে ঠাকুরঘরে ভক্তগণপঠিত শ্রীরামকৃষ্ণ-শুবমাত্র শিষ্যের কর্ণগোচর হইতেছে। খামীজীর এই অদৃষ্টপূর্ব গান্তীর্য ও গাঢ় তিমিরাবশুর্ঠনে বহিঃপ্রকৃতির নিজক হির ভাব দেখিয়া শিব্যের মন এক প্রকার অপূর্ব ভরে আকুল হইরা উঠিল। কিছুক্ষণ এইরূপে গত হইবার পরে খামীজী আন্তে আন্তে গাহিতে লাগিলেন:

'নিবিড় আধারে মা তোর চমকে ও রূপরাণি। ভাই বোগী ধ্যান ধরে হয়ে গিরিগুহাবাসী॥'

গীত সাক হুইলে স্বামীলী ঘরে প্রবেশ করিয়া উপবিষ্ট হুইলেন এবং মধ্যে মধ্যে, 'মা, মা, কালী কালী' বলিতে লাগিলেন। ঘরে তথন আর কেহুই নাই । কেবল শিষ্য স্বামীলীর স্বাজ্ঞাপালনের অন্ত স্বস্থান করিতেছে।

স্বামীদ্ধীর সে সময়ের মুখ দেখিয়া শিব্যের বোধ হইতে লাগিল, তিনি বেন এখনও কোন এক দ্রদেশে অবস্থান করিতেছেন। শিব্য তাঁহার ঐ প্রকার ভাব দেখিয়া পীড়িত হইয়া বলিল, 'মহাশর, এইবার কথাবার্তা বল্ন।' খামীজী ভাহার মনের ভাব ব্রিয়াই বেন মৃদ্ হাসিতে হাসিতে বলিলেন, 'বার লীলা এত মধ্র, দেই আজার সৌন্দর্য ও গাজীর্থ কত দূর বল্ দিকি ?' শিষ্য তথনও তাঁহার সেই দূর দূর ভাব সম্যক্ অপগত হয় নাই দেখিয়া বলিল, 'বহাশয়, ও-সব কথায় এখন আর দরকার নাই; কেনই বা-আজ আপনাকে অমাকতা ও কালীপ্রার কথা বলিলাম—সেই অবধি আপনার বেন কেমন একটা পরিবর্তন হইয়া গেল!

ৰামীজী নিষ্যের ভাবগতিক দেখিরা গান ধরিলেন:

'কখন কি রঙ্গে থাকো মা, শ্যামা স্থা-ভরন্দিণী,

—কালী স্থা-ভরন্দিণী॥'

গান সমাপ্ত ছইলে বলিতে লাগিলেন :

এই কালীই লীলারপী এম। ঠাকুরের কথা, 'সাপ চলা, আর সালের হির ভাব'—ভনিস নি ?

শিষা। আজে হা।

শাসীজী। এবার ভাল হয়ে মাকে ফাধির দিয়ে পূজো ক'রব! রঘ্নন্দন বলেছেন, 'নবম্যাং পূজারং দেবীং ক্রমা ফাধিরকর্দমন্'—এবার ভাই ক'রব। মাকে বুকের রক্ত দিয়ে পূজো করতে হয়, ভবে বদি ভিনি প্রসমা হন। মা'র ছেলে বীর হবে—মহাবীর হবে। নিরানন্দে, হৃংখে, প্রালরে, মহাপ্রালয়ে মায়ের ছেলে নির্ভাক হয়ে থাকবে।

এইরপ কথা হইতেছে, এমন সময় নীচে প্রসাদ পাইবার ঘণ্টা বাজিল। স্বামীজী শুনিয়া বলিলেন, 'বা, নীচে প্রসাদ পেয়ে শীগগীর আসিদ।' 9b

স্থান—বেলুড় মঠ কাল—১৯০১

খামীজী আজকাল মঠেই আছেন। শরীর তত ক্ষম নছে; তবে সকালে সদ্ধার বেড়াইতে বাহির হন। শিক্ত আজ শনিবার মঠে আসিয়াছে। খামীজীর পাদপলে প্রণত হইয়া তাঁহার শারীরিক কুশলবার্তা জিজ্ঞাসা করিয়াছে।

খামীলী। এ শরীবের তো এই অবস্থা! তোরা তো কেউই আমার কাজে
সহায়তা করতে অগ্রসর হচ্ছিস না। আমি একা কি ক'রব বল্? বাঙলা
দেশের মাটিতে এবার এই শরীরটা হয়েছে, এ শরীর দিয়ে কি আর বেশী
কাজ-কর্ম চলতে পারে? তোরা সব এখানে আসিস—গুদ্ধ আধার,
তোরা বদি আমার এইসব কাজে সহায় না হ'স তো আমি একা কি
ক'রব বল্?

শিগু। মহাশয়, এইসকল ব্রহ্মচারী ত্যাসী পুরুষেরা আপনার পশ্চাতে দাঁড়াইয়া বহিয়াছেন। আমার মনে হয়, আপনার কার্বে ইহারা প্রত্যেকে জীবন দিতে পারেন; তথাপি আপনি ঐ কথা বলিতেছেন কেন?

শামীনী। কি জানিস, আমি চাই a band of young Bengal (একদল

যুবক বাঙালী); এরাই দেশের আশা-ভরসাহল। চরিত্রবান্, বৃদ্ধিনান্,
পরার্থে সর্বভাগী এবং আজ্ঞান্থবর্তী বৃষ্কগণের উপরেই আমার ভবিল্লৎ
ভরসা—আমার idea (ভাব )গুলি বারা work out (কাজে পরিণভ)
ক'রে নিজেদের ও দেশের কল্যাণসাধনে জীবনপাভ করতে পারবে।
নতুবা দলে দলে কভ ছেলে আগছে ও আসবে। ভাদের মুখের
ভাব তমোপূর্ণ, হৃদয় উভ্তরশৃদ্ধ, শরীর অপটু, মন সাহসশৃষ্ঠ। এদের
দিয়ে কি কাজ হয় ? নচিকেভার মভো শ্রহাবান্ দশ-বারোটি ছেলে
পোলে আমি দেশের চিন্তা ও চেটা নৃতন পথে চালনা ক'রে দিতে
পারি।

শিশু। সহাশর, এত যুবক আপনার নিকট আসিতেছে, ইহাদের ভিতর ঐরপ বভারবিশিষ্ট কাহাকেও কি দেখিতে পাইতেছেন না?

- ষামীজী। বাদের ভাল আধার বলে মনে হর, তাদের মধ্যে কেউ বা বে ক'রে ফেলেছে, কেউ বা সংসারের মান-যশ-ধন-উপার্জনের চেটার বিকিয়ে গিয়েছে; কারও বা শরীর অপটু। তারপর বাকি অধিকাংশই উচ্চ ভাব নিতে অকম। তোরা আমার ভাব নিতে সক্ষম বটে, কিছ তোরাও তো কার্বক্রের দে-সকল এখনও বিকাশ করতে পারছিদ না। এইদব কারণে মনে সময় সময় বড়ই আক্ষেপ হয়; মনে হয়, দৈব-বিড়খনে শরীরধারণ ক'রে কোন কাজই ক'রে বেতে পারলুম না। অবশু এখনও একেবারে হতাশ হইনি, কারণ ঠাকুরের ইচ্ছা হ'লে এইদব ছেলেদের ভেতর থেকেই কালে মহা মহা ধর্মবীর বেকতে পারে ঘারা ভবিয়তে আমার idea (ভাব) নিয়ে কাজ করবে।
- শিষ্য। আমার মনে হয়, আপনার উদার ভাব সকলকেই একদিন না একদিন
  লইতে হইবে। এটি আমার দৃঢ় ধারণা। কারণ, স্পষ্ট দেখিতে
  পাইতেছি, সকল দিকে সকল বিষয়কে আশ্রয় করিয়াই আপনার
  চিম্বাপ্রবাহ ছুটিয়াছে। কি জীবসেবা, কি দেশকল্যাণব্রত, কি বন্ধবিতাচর্চা, কি ব্রন্ধচর্য—সর্বত্রই আপনার ভাব প্রবেশ করিয়া উহাদের ভিতর
  একটা অভিনবত্ব আনিয়া দিয়াছে! আর দেশের লোকে কেহ বা
  আপনার নাম প্রকাশ্রে করিয়া, আবার কেহ বা আপনার নামটি গোপন
  করিয়া নিজেদের নামে আপনার ঐ ভাব ও মতই সকল বিষয়ে গ্রহণ
  করিতেছে এবং সাধারণে উপদেশ কবিতেছে।
- খামীজী। আমার নাম না করলে তাতে কি আর আলে যায় ? আমার idea (ভাব) নিলেই হ'ল। কামকাঞ্চনত্যাগী হয়েও শতকরা নিরানকাই জন সাধু নাম-বশে বছ হয়ে পড়ে। Fame, that last infirmity of noble mind' ( বশের আকাজনাই মহৎ ব্যক্তিদের শেষ হ্র্বলতা)—পড়েছিল না ? একেবারে ফলকামনাশৃষ্ণ হয়ে কাজ ক'রে বেতে হবে। ভাল-মন্দ –লোকে তুই তো বলবেই, কিছ ideal (উচ্চাদর্শ) সামনে রেখে আমাদের দিলির মতো কাজ ক'রে বেতে হবে; তাতে 'নিন্দন্ধ নীতিনিপুগাং বদি বা স্ববন্ধ' ( পণ্ডিত ব্যক্তিরা নিন্দা বা প্রতি বাহাই করক)।

<sup>&</sup>gt; Lycidas-Milton

২ নীতিশতকৃষ্, ভর্তৃহরি

শিক্ত। আমাদের পক্ষে এখন কিরূপ আদর্শ গ্রহণ করা উচিত ? স্বামীন্দী। মহাবীরের চরিত্রকেই তোদের এখন আদর্শ করতে হবে।

দেখুনা, রামের আজার সাগর ডিভিয়ে চলে গেল! জীবন-মরণে দৃক্পাত নেই-মহা কিতেজিয়, মহা বুদ্ধিমান ! দাভভাবের ঐ মহা আদর্শে তোদের জীবন গঠন করতে হবে। এরণ হলেই অক্সান্ত ভাবের ক্ষুরণ কালে আপনা-আপনি হয়ে হাবে। দ্বিধাপুত্র হয়ে গুরুর আজাপানন আর বন্ধচর্থ-রক্ষা—এই হচ্ছে secret of success ( সফল হ্বার একমাত্র বহস্ত ) ; 'নাম্বঃ পছা বিহুতে২রনায়' ( এ ছাড়া আর বিতীয় পথ নেই )। হয়মানের একদিকে বেমন সেবাভাব, অন্তদিকে তেমনি ত্রিলোকসম্রাসী সিংহবিক্রম। বামের হিতার্থে জীবনপাত করতে কিছুমাত্র বিধা রাথে না। রামদেবা ভিন্ন অন্ত সকল বিষয়ে উপেকা-এছছ-निवय-माए भर्वस উপেका! सद् त्रचूनात्थत आत्मभागने भीवत्नत একমাত্র বত। এরপ একাগ্রনিষ্ঠ হওয়া চাই। থোল-করতাল বাজিয়ে मक्त्यम्भ क'रत रमणे। छेरमन राम। এरक रा अहे dyspeptic ( (পটরোগা ) রোগীর দল, তাতে আবার লাফালে-ঝাপালে সইবে কেন ? কামগৰহীন উচ্চ সাধনার অমুকরণ করতে গিয়ে দেশটা ঘোর ख्यमाञ्चत्र राय शर्फ्राइ । त्राम त्राम, गाँख गाँख विश्रोत, वावि, रमथित (थान-कत्रजानहै वाबरह। जाकरणन कि रमर्ग रेजरी दश ना? ত্রীভেরী কি ভারতে মেলে না? এ-সব গুরুগন্তীর আওয়াল ছেলেদের শোনা। ছেলেবেলা থেকে মেয়েমানবি বান্ধনা ভনে ভনে, কীর্তন ভনে छत्न तम्में द बारवानव तम्म हाब तम्म । अव तहाब चाव कि च्याःभार ষাবে ? কবিকল্পনাও এ ছবি আঁকতে হার মেনে যায়! ডমফ শিঙা বাজাতে হবে, ঢাকে ব্রহ্মক্সভালের তুলুভিনাদ তুলতে হবে, 'মহাবীর, মহাবীর' ধ্বনিতে এবং 'হর হর ব্যোম্ ব্যোম্' শবে দিগ্দেশ কম্পিড করতে হবে। বে-দব music-এ (গীতবাতো) মাহুষের soft feelings (হৃদয়ের কোমল ভাবসমূহ) উদ্দীপিত করে, দে-সব किष्टुमिर्तित क्या वर्षन यह वांथरण हरत। त्थतान-वेक्षा वह क'रत क्ष्मम গান ভনতে লোককে অভ্যাস করাতে হবে। বৈদিক ছন্দের মেঘমক্রে रम्भेटीत लीमम्भाद क्वर्र हत्। भक्न विवस वीवस्व कर्छात्र মহাপ্রাণতা আনতে হবে। এইরপ ideal follow ( আর্দুর্শ আহ্মরণ)
করলে তবে এখন জীবের কল্যাণ, দেশের কল্যাণ। তুই বদি একা
এ-ভাবে চরিত্র গঠন করতে পারিস, তা হ'লে ভোর দেখাদেখি হাজার
লোক ঐরপ করতে শিখবে। কিন্ত দেখিস, ideal ( আর্দুর্শ) খেকে
কখন বেন এক পা-ও হটিসনি। কখন সাহসহীন হবিনি। খেতেভতে-পরতে, গাইতে-বাজাতে, ভোগে-রোগে কেবলই সংসাহসের
পরিচর দিবি। তবে তো মহাশক্তির রূপা হবে।

শিখ। মহাশয়, এক এক সময়ে কেমন হীনসাহস হইয়া পঞ্ছ।

খামীজী। তথন এরপ ভাববি—'জামি কার সন্তান ? তাঁর কাছে গিয়ে আমার এমন হীন বৃদ্ধি, হীন সাহস !' হীন বৃদ্ধি, হীন সাহসের মাথায় লাখি মেরে 'জামি বীর্ণবান্, জামি মেধাবান্, জামি ব্রন্ধবিং, জামি প্রজ্ঞাবান্' বলতে বলতে দাঁড়িয়ে উঠবি। 'জামি জমুকের চেলা, কামকাঞ্চনজিং ঠাকুরের সদীর সদী'—এইরপ অভিমান থ্ব রাথবি। এতে কল্যাণ হবে। এ অভিমান বার নেই, ভার ভেতরে ব্রহ্ম জাগেন না। রামপ্রসাদের গান ভনিসনি ? ভিনি বলতেন, 'এ সংসারে ভরি কারে, রাজা বার মা মহেখরী।' এইরপ অভিমান সর্বদা মনে জাগিরে রাখতে হবে। ভা হ'লে জার হীন বৃদ্ধি, হীন ভাব নিকটে জাসবে না। কথনও মনে ত্র্বলতা আসতে দিবিনি। মহাবীরকে শ্ররণ করবি—মহামারাকে শ্ররণ করবি। দেখবি সব ত্র্বলতা, সব কাপ্রুষভা তথনই চলে বাবে।

ঐরপ বলিতে বলিতে খামীজী নীচে আদিলেন। মঠের বিভ্ত প্রালণে যে আমগাছ আচে, তাহারই তলার একখানা ক্যাম্পথাটে তিনি অনেক সময় বলিতেন; অন্তও দেখানে আদিরা পশ্চিমান্তে উপবেশন করিলেন। তাঁহার নয়নে মহাবীরের ভাব বেন তথনও ফুটিরা বাহির হইভেছে। উপবিট্ট হইরাই উপহিত সন্থানি-ও বন্ধচারিগণকে দেখাইরা তিনি শিশুকে বলিতে লাগিলেন:

এই বে প্রভাক্ষ বৃদ্ধ । একে উপেক্ষা ক'রে বারা অন্ত বিষয়ে মন দের, ধিক্ ভাদের ! করামলকবং এই বে বন্ধ ! দেখতে পাচ্ছিদনে ?—এই—এই !

এর্মন হারক্পর্নী ভাবে খামীজী কথাগুলি বলিলেন বে, ওনিয়াই উপছিত সকলে 'চিত্রাপিতারস্ক ইবাবতহে !'—সহসা গভীর ধ্যানে ময়। কাহারও মূখে কথাটি নাই! খানী প্রেমানন্দ তখন গলা হইতে ক্মগুলু করিয়া লগ লইয়া ঠাকুরখনে উঠিতেছিলন। তাঁহাকে দেখিয়াও খামীলী 'এই প্রত্যক্ষ ব্রহ্ম, এই প্রত্যক্ষ ব্রহ্ম' বলিতে লাগিলেন। ঐ কথা শুনিরা তাঁহারও তখন হাতের কমগুলু হাতে বন্ধ হইয়া বহিল, একটা মহা নেশার খোরে আছের হইয়া তিনিও তখনি ধ্যানহ হইয়া পড়িলেন! এইরপে প্রায় ১৫ মিনিট গত হইলে খামীলী খানী প্রেমানন্দকে আহ্বান করিয়া বলিলেন, 'বা, এখন ঠাকুরপ্রভায় বা।' খানী প্রেমানন্দের তবে চেতনা হয়! ক্রমে সকলের মনই আবার 'আমি-আমার' রাজ্যে নামিরা আদিল এবং সকলে বে খাহার কার্যে গমন করিল। স্বেদিনের সেই দুশ্র শিক্ষ ইহজীবনে কথনও ভুলিতে পারিবে না।

কিছুক্ষণ পরে শিশ্ব-সমভিব্যাহারে স্বামীজী বেড়াইতে গেলেন। যাইতে বাইতে শিশ্বকে বলিলেন, 'দেখলি, আজ কেমন হ'ল ? স্বাইকে ধ্যানস্থ হ'তে হ'ল। এবা সব ঠাকুরের সন্তান কি না, বলবামাত্র এদের তথনই তথনই অমুভূতি হয়ে গেল।'

- শিক্ত। মহাশন্ধ, আমাদের মতো লোকের মনও বথন নির্বিত্ত হইরা গিরাছিল, তথন ওঁদের কা কথা। আনন্দে আমার হৃদয় যেন ফাটিরা যাইডেছিল। এখন কিন্তু ঐ ভাবের আর কিছুই মনে নাই—যেন স্থপ্রৎ হইরা গিরাছে।
- খামীলী। সব কালে হয়ে বাবে। এখন কাজ কর্। এই মহামোহগ্রন্ত জীৰসমূহের কল্যাণের জন্ত কোন কাজে লেগে বা। দেখবি ও-সব আপনা-আপনি হয়ে বাবে।
- শিক্ত। মহাশর, অত কর্মের মধ্যে বাইডে ভয় হয়—দে দামর্থ্যও নাই।
  শাল্তেও বলে 'গ্রুনা কর্মণো গতিঃ।'

খারীজী। ভোর কি ভাল লাগে ?

- শিয়। আপনার মতো সর্বশাস্তার্থদর্শীর সঙ্গে বাস ও তত্ত্বিচার করিব, আর
  প্রবণ সনন নিধিব্যাসন বারা এ শরীরেই বন্ধতত্ত্বপ্রত্যক্ষ করিব। এ ছাড়া
  কোন বিবরেই আমার উৎসাধ হয় না। বোধ হয় বেন অন্ত কিছু
  করিবার সামর্থ্যও আমাতে নাই।
- খামীজী। ভাল লাগে তো ডাই করে বা। আর ডোর সব শাস্ত-সিদ্ধান্ত

লোকেদের জানিয়ে দে, তা হলেই জনেকের উপকার হবে। শরীর বতদিন আছে, ততদিন কাজ না ক'রে তো কেউ থাকতে পারে না। হুতরাং বে কাজে পরের উপকার হয়, তাই করা উচিত। তোর নিজের অহত্তি এবং শাস্ত্রীর দিছাস্তবাক্যে অনেক বিবিদিযুর উপকার হ'তে পারে। ঐ-সব লিপিবছ ক'রে যা। এতে অনেকের উপকার হ'তে পারে। শিশ্ব। অগ্রে আমারই অহত্তি হউক, তথন লিথিব। ঠাকুর বলিতেন বে, চাপরাদ না পেলে কেছ কাহারও কথা লয় না।

স্বামীনী। তুই যে-দৰ দাধনা ও বিচারের stage ( অবস্থা ) দিয়ে অগ্রদর হচ্ছিদ, জগতে এমন লোক অনেক থাকতে পারে, যারা ঐ stage (অবস্থা)-এ পড়ে আছে; ঐ অবস্থা পার হয়ে অগ্রদর হ'তে পারছে না। তোর experience ( অস্তৃতি ) ও বিচার-প্রণালী লিপিবজ হ'লে তাদেরও তো উপকার হবে। মঠে দাধুদের দকে যে-দর চর্চা করিদ, সেই বিষয়গুলি দহজ ভাষায় লিপিবজ ক'রে রাখলে অনেকের উপকার হ'তে পারে।

শিষ্ঠ। আপনি বধন আজা করিতেছেন, তথন ঐ বিষয়ে চেটা করিব।
বামীজী। বে দাধনভজন বা অহুভূতি ঘারা পরের উপকার হয় না,
মহামোহগ্রন্থ জীবকুলের কল্যাণ দাধিত হয় না, কামকাঞ্চনের গণ্ডি
থেকে মাহুবকে বের হ'তে সহায়তা করে না, এমন দাধন-ভলনে ফল
কি? তুই বৃঝি মনে করিস—একটি জীবের বন্ধন থাকতে ভোর মুক্তি
আছে? বত কাল ভার উদ্ধার না হচ্ছে, তত কাল ভোকেও জ্বয়
নিতে হবে ভাকে দাহায্য করতে, ভাকে ব্রহ্মান্থভূতি করাতে। প্রতি
জীব বৈ ভোরই অল। এইজন্তই পরার্থে কর্ম। ভোর স্ত্রী-পুক্তকে
আপনার জিনে তুই বেমন ভাদের সর্বাদ্ধীণ মন্দলকামনা করিস,
প্রতি জীবে বধন ভোর ঐরপ টান হবে, তথন ব্যব—ভোর ভেতর ব্রহ্ম
জাগরিত হচ্ছেন, not a moment before (ভার এক মুহূর্ড আগে
নয়)। জাতিবর্ণ-নির্বিশেষে এই সর্বান্ধীণ মন্দলকামনা জাগরিত হ'লে
ভবে ব্যব, তুই ideal-এর (আদর্শের) দিকে অগ্রসর হচ্ছিদ।

শিত্য।' এটি তো মহাশয় ভয়ানক কথা—সকলের মৃক্তি না হইলে ব্যক্তিগত
মৃক্তি হইবে না! কোথাও তো এমদ অভুত বিদান্ত ভনি নাই!

শামীজী। এক class (শ্রেণীর) বেদান্তবাদীদের ঐরূপ মত আছে। তারা
. বলেন, 'ব্যঙ্গিত মৃক্তি—মৃক্তির বথার্থ স্বরূপ নয়, সমষ্টিগত মৃক্তিই
মৃক্তি।' অবশ্র ঐ মতের দোষগুণ বথেষ্ট দেখানো বেতে পারে।

শিখা। বেদান্তমতে ব্যষ্টিভাবই তো বছনের কারণ। দেই উপাধিগত চিৎসভাই কামকর্মাদিবলৈ বন্ধ বলিয়া প্রভীত হন। বিচারবলে উপাধিশৃন্ত হইলে, নিবিষর হইলে প্রত্যক্ষ চিন্নার আত্মার বন্ধন থাকিবে কিরূপে? বাহার জীবজগদাদিবোধ থাকে, তাহার মনে হইতে পারে—সকলের মৃক্তি না হইলে তাহার মৃক্তি নাই। কিন্তু প্রবণাদি-বলে মন নিরুপাধিক হইয়া যথন প্রত্যগ্রহ্মমন্ত হয়, তথন তাহার নিকট জীবই বা কোথায়, আর জগৎই বা কোথায় ?—কিছুই থাকে না। তাহার মৃক্তিতত্বের অবরোধক কিছুই হইতে পারে না।

খামীজী। হাঁ, তুই যা বলছিন, ভাই অধিকাংশ বেদান্তবাদীর সিন্ধান্ত।
উহা নির্দোষও বটে। ওতে ব্যক্তিগত মৃক্তি অবক্ষম হয় না। কিন্ত বে মনে করে—আমি আত্রন্ধ জগৎটাকে আমার সঙ্গে নিয়ে একসঙ্গে মৃক্ত হবো, তার মহাপ্রাণভাটা একবার ভেবে দেখু দেখি।

শিশু। মহাশন্ন, উহা উদারভাবের পরিচায়ক বটে, কিন্তু শাস্ত্রবিরুদ্ধ বলিয়া মনে হয়।

খামীজী শিয়ের কথাগুলি শুনিতে পাইলেন না, অগুমনে কোন বিষয় ইতঃপূর্বে ভাবিতেছিলেন বলিয়া বোধ হইল। কিছুক্ষণ পরে বলিয়া উঠিলেন, 'গুরে, আমাদের কি কথা হচ্ছিল ?' যেন পূর্বের সকল কথা ভূলিয়া গিয়াছেন! শিয় ঐ বিষয় শ্বরণ করাইয়া দেওয়ায় শামীজী বলিলেন, 'দিনরাত বন্ধবিষয়ের অহধ্যান করবি। একাস্তমনে ধ্যান করবি। আর ব্যুখানকালে হয় কোন লোকহিতকর বিষয়ের অহুষ্ঠান করবি, না হয় মনে মনে ভাববি—জীবের, জগতের উপকার হোক, সকলের দৃষ্টি ব্রহ্মাবগাহী হোক। ঐরপ ধারাবাহিক চিন্তাতরজের বারাই জগতের উপকার হবে। জগতের কোন অহুষ্ঠানই নিরর্থক হয় না, তা সেটি কাজই হোক, আর চিন্তাই হোক। ভোর চিন্তাতরজের প্রভাবে হয়তো আমেরিকায় কোন লোকের চৈতক্ত হবে।'
শিষ্য। মহাশয়, আমার মন বাহাতে হথার্থ নিবিষয় হয়, সে বিষয়ে আমাকে

षानीर्वाप कक्रन- अहे बताहे त्यन डाहा हह।

বামীজী। তা হবে বইকি। ঐকান্তিকতা থাকনে নিশ্চর হবে।
বিশ্ব। আপনি মনকে ঐকান্তিক করিয়া দিতে পারেন; সে শক্তি আছে,
আমি জানি। আমাকে ঐরপ করিয়া দিন, ইহাই প্রার্থনা।

এইরণ কথাবার্তা হইতে হইতে শিয়সহ স্বামীকী মঠে স্বাসিরা উপস্থিত হইলেন। তথন দশমীর ক্যোৎসার রক্ষতধারার মঠের উন্থান বেন প্লাবিত হইতেছিল।

**එ** 

স্থান---বেলুড় মঠ কাল---১৯•১

বেল্ড মঠ ছাণিত হইবার সময় নৈষ্ঠিক হিন্দুগণের মধ্যে অনেকে মঠের আচার-ব্যবহারের প্রতি তীত্র কটাক্ষ করিতেন। বিলাত-প্রত্যাগত স্বামীন্ধী-কর্ত্বক স্থাণিত মঠে হিন্দুর আচারনিষ্ঠা সর্বথা প্রতিপালিত হয় না এবং ভক্ষভোজ্যাদির বাছ-বিচার নাই—প্রধানতঃ এই বিষয় লইয়া নানা স্থানে আলোচনা চলিত এবং ঐ কথার বিশ্বাণী হইয়া শাল্তানভিজ্ঞ হিন্দুনামধারী অনেকে সর্বত্যাগী সন্মাসিগণের কার্যকলাণের অবথা নিন্দাবাদ করিত। নোকার করিয়া মঠে আসিবার কালে শিশু সময়ে সময়ে ঐরপ সমালোচনা স্কর্পে শনিয়াছে। তাহার মুখে স্বামীন্ধী কথন কথন ঐ-সকল সমালোচনা শুনিরা বলিতেন, 'হাতী চলে বাজারমে, কুড়া ভোঁকে হাজার। সাধুনুকো হুর্ভাব নহি, বব নিন্দে সংসার ।' কথনও বলিতেন, 'দেশে কোন নৃতন ভাব প্রচার হওরার সময়- তার বিক্তমে প্রাচীনপন্থীদের আন্দোলন প্রকৃত্বি নিয়ম। জগতের ধর্ম-সংস্থাপক্ষাত্রকেই এই পরীক্ষার উদ্বাধি হ'তে হয়েছে।' আবার কথনও বলিতেন, 'Persecution ( সম্ভার আন্দোলন প্রকৃত্বি নিয়ম। জগতের হিতকর ভাবগুলি সমাজের অভ্যতন সহজে প্রবেশ করতে পারে না।' স্বতরাং সমাজের তীত্র কটাক্ষ ও সমালোচনাকে

১ তুলসীদাস

ষামীজী উহার নবভাব-প্রচারের সহার বলিরা মনে করিছেন, কথনও উহার বিক্তে প্রতিবাদ করিছেন না বা তাঁহার আজিত গৃহী ও সর্মানিগণকে প্রতিবাদ করিছে দিছেন না। সকলকে বলিছেন, 'ফ্লাডি-দদ্ধিন হয়ে কাজ ক'রে যা, একদিন ওর ফল নিশ্রেই ফলবে।' স্বামীজীর শ্রীমূথে এ-কথাও সর্বদা গুনা বাইড, 'ন হি কল্যাণকং কৃতিং ভূর্গডিং ভাত গছতি।'

হিন্দুশমাজের এই তীব্র সমালোচনা স্বামীজীর দীলাবসানের পূর্বে কিরুপে অন্তর্হিত হয়, আজ সেই বিষয়ে কিছু লিপিবন্ধ হইতেছে। ১০০১ এটাবের মে কি জুন মালে শিশু একদিন মঠে আদিরাছে। স্বামীজী শিশুকে দেবিয়াই বলিলেন: ওরে, একখানা রঘ্নন্দনের 'অটাবিংশতি-ভত্ব' শীগগীর আমার জ্যে নিয়ে আসবি।

শিয়। আচ্ছা মহাশয়। কিন্তু রঘুনন্দনের স্থতি—বাহাকে কুশংস্কারের ঝুড়ি বলিয়া বর্তমান শিক্ষিত সম্প্রদায় নির্দেশ করিয়া থাকে, ভাহা লইয়া আগনি কি করিবেন ?

খামীন্ত্রী। কেন? রঘ্নন্দন তদানীন্তন কালের একজন দিগ্গল পণ্ডিত ছিলেন; প্রাচীন শ্বতিসকল সংগ্রহ ক'রে হিন্দুর দেশকালোপযোগী নিতানৈমিত্তিক ক্রিয়াকলাপ লিপিবদ্ধ ক'রে গেছেন। সমস্ত বাওলা দেশ তো তাঁর অফুশাসনেই আজকাল চলছে। তবে তাঁর তৈরী হিন্দুজীবনের গর্তাধান থেকে শ্বশানান্ত আচার-প্রণালীর কঠোর বন্ধনে সমাজ উৎপীড়িত হয়েছিল। শৌচ-প্রস্রাবে, থেতে-ন্ততে, অক্ত সকল বিষয়ের তো কথাই নেই, সন্বাইকে তিনি নিয়মে বন্ধ করতে প্রশ্নাস পেয়েছিলেন। সময়ের পরিবর্তনে সে বন্ধন বহুকাল স্থায়ী হ'তে পারলো না। সর্বদেশে সর্বকালে ক্রিয়াকাণ্ড, সমাজের আচায়প্রণালী সর্বদাই পরিবর্তিত হয়ে বায়। একমাত্র জানকাণ্ডই পরিবর্তিত হয়ে বায়। একমাত্র জানকাণ্ডই পরিবর্তিত হয়ে গোছে। কিন্ধু উপনিবদের জ্ঞানপ্রকরণ আজ পর্বন্ত একভাবে রয়েছে। তবে তার interpreters (ব্যাখ্যাতা) জনেক হয়েছে—এইমাত্র।

শিক্ত। আগনি রঘুননানের শ্বতি লইরা কি করিবেন ?

শামীজী। এবার মঠে ত্র্গোৎসৰ করবার ইচ্ছে হচ্ছে। বদি ধরচার সন্থ্রান হয় তো মহামায়ার পূজো ক'রব। তাই ত্র্গোৎসব-বিধি পড়বার ইচ্ছে হয়েছে। তুই জাগামী রবিবারে বধন আসবি, তখন ঐ পুঁথিধানি সংগ্রহ ক'রে নিরে আসবি।

## निश्र। (र पांखा।

পরের রবিবারে শিশু রঘ্নন্দনকৃত 'অটাবিংশতি-তত্ব' ক্রের করিরা স্থামীজীর জন্ত মঠে লইরা জাসিল। প্রহুধানি জাজিও মঠের লাইব্রেরিতে রহিরাছে। বামীজী পুতক্রধানি পাইরা বড়ই খুনী হইলেন এবং ঐ দিন হইতে উহা পাঠ করিতে আরম্ভ করিরা চার পাঁচ দিনেই গ্রহুধানি আভোপাত্ত পাঠ করিয়া ফেলিলেন। শিশুর সদে সপ্তাহাত্তে দেখা হইবার পর বলিলেন: তোর দেওরা রঘ্নন্দনের শ্বতিধানি সব পড়ে ফেলেছি। যদি পারি তো এবার মার প্রো ক'রব। রঘ্নন্দন বলেছেন, 'নবম্যাং প্রবেৎ দেখীং কৃষা ক্ষরিকর্দমন্—মার ইচ্ছা হয় তো তাও ক'রব।

বামীনী মঠে প্রথম ত্র্গাপ্তা করিতে ইচ্ছা করিলে শ্রীরামক্ষণ্ডভ-জননী শ্রীনাতাঠাকুরানীর অন্থমতিক্রমে হির হইল, তাঁহারই নামে সংকর করিরা প্রা হইবে। কলিকাতা কুমারটুলী হইতে প্রতিমা আনা হইল। বন্ধচারী কৃষ্ণলাল পূজক, স্থামী রামকৃষ্ণানন্দের পিতা সাধক ঈশর ভট্টাচার্য ভ্রথারক হইলেন। বে বিবর্জমূলে বসিয়া স্থামীন্ত্রী একদিন গান গাহিরা-ছিলেন, 'বিবর্জমূলে পাতিয়ে বোধন, গণেশের কল্যাণে গৌরার আগমন'— সেইখানেই বোধনাধিবাসের সাদ্যপূলা সম্পন্ন হইল। বণাশান্ত্র মান্তর পূজা নির্বাহিত হইল; শ্রীশ্রীমাতাঠাকুরানীর অনভিমত বলিয়া পত্তবলিলান হয় নাই। গরীব-তৃঃবীলিগকে নারায়ণজ্ঞানে পরিতোরপূর্বক ভোজন করানো তৃর্গোৎসবের অন্তত্তম প্রধান অল ছিল। বেল্ড বালি ও উত্তরপাড়ার পরিচিত অপরিচিত অনেক রান্ধণপত্তিত নিমন্ত্রিত হইরাছিলেন; তাঁহারা সানন্দে পূজার বোগদান করেন এবং পূজা দর্শন করিয়া তাঁহাদের ধারণা জন্মে বে মঠের সন্মানীরা বথার্থ হিন্দুসন্নাসী।

নহাটমীর পূর্বরাত্তে স্বামীশীর জর হওয়ার প্রদিন পূজার যোগদান করিতে পারেন নাই; স্ক্রিকণে উঠিয়া মহামায়ার চরণে তিনবার পূজাঞ্জি প্রদান করেন। নবনীরাত্তে প্রীরাসকৃষ্ণের গাওরা ছ-একটি গান গাছিলেন। পূজা-পুলবে প্রীপ্রীমাতাঠাকুরানীর বারা বঞ্জদক্ষিণান্ত করা হইল। তুর্গাপ্তার পর মঠে লন্ধী- ও খামাপুলাও বধাশান্ত নির্বাহিত হয়।

অগ্রহারণ মাসের শেষভাগে স্থামীজী তাঁহার গর্ভধারিণীর ইচ্ছার বাল্য-কালের এক 'মানত' পূজা সম্পন্ন করিতে কালীঘাটে গিরা গলামানান্তে ভিজা-কাপড়ে মারের মন্দিরে প্রবেশ করেন। মারের পাদপলের সমূথে ভিনবার গড়াগড়ি দেন, সাতবার মন্দির প্রদক্ষিণ করেন এবং নাটমন্দিরের পশ্চিমপার্ফে আনার্ভ চন্থরে বসিয়া নিজেই হোম করেন। এই-সকল কথা বলিবার পর স্থামীজী শিশুকে বলিলেন, কালীঘাটে এখনও কেমন উদার ভাব দেখলুম; আমাকে বিলাভ-প্রভ্যাগত বিবেকানন্দ ব'লে জেনেও মন্দিরের অধ্যক্ষগণ মন্দিরে প্রবেশ করতে কোন বাধাই দেননি; বরং পরম সমাদরে মন্দিরমধ্যে নিরে গিরে রথেচ্ছ পূজো করতে সাহায্য করেছিলেন।'

বেদান্তবাদী বা বন্ধজানী হইয়াও খামীজী আচার্ব শহরের মতো প্রজাহঠানাদির প্রতি শ্রহাবান্ ও অহরাগী ছিলেন।

80

স্থান—বেল্ড মঠ কাল—মার্চ, ১৯০২

আৰু শ্ৰীরামক্ষণদেবের মহামহোৎসব—এই উৎসবই স্বামীজী শেষ দেখিরা গিয়াছেন। উৎসবের কিছু পূর্ব হইডে স্বামীজীর শ্রীর অস্থ্য। উপর হইডে নামেন না, চলিডে পারেন না, পা ফুলিয়াছে। ডাস্ডারেরা বেশী কথাবার্ডা বলিডে নিবেধ করিয়াছেন।

শিশ্ব শ্রীপ্রীঠাকুরের উদ্দেশে সংস্কৃত ভাষার একটি গুব রচনা করিয়া উহা ছাপাইরা শানিরাছে। শানিরাই খামিপাদপদ্ম দর্শন করিতে উপরে গিরাছে। খামীজী মেজেতে অর্ধ-শারিত অবস্থার বনিরাছিলেন। শিশু খানিরাই খামীজীর শ্রীপাদপদ্ম হৃদরে ও মন্তকে স্পর্শ করিল এবং আতে আতে পারে হাত ব্লাইরা দিতে লাগিল। স্বামীজী শিশ্ব-রচিত ন্তবটি পড়িতে স্বারম্ভা করিবার পূর্বে তাহাকে বলিলেন, 'খ্ব স্বান্তে স্বান্তে পায়ে হাত ব্লিয়ে দে, পা ভারি টাটিয়েছে।' শিশ্ব তদমূরপ করিতে লাগিল।

खन-भाशिष्य सामीको संहेतिए नितनन, 'तन हरायह ।'

স্বামীজীর শারীরিক অস্থতা এতদ্র বাড়িয়াছে বে, তাঁহাকে দেখিয়া শিক্ষের বুক ফাটিয়া কারা আদিতে লাগিল।

স্বামীজী। (শিশ্বের মনোভাব বুঝিতে পারিয়া) কি ভাবছিন ? শরীরটা জন্মেছে, আবার মরে বাবে। তোদের ভেতরে আমার ভাবগুলির কিছু-কিছুও বদি ঢুকুতে পেরে থাকি, তা হলেই জানবো দেহটা ধরা দার্থক হয়েছে।

শিষ্ক। আমরা কি আপনার দয়ার উপযুক্ত আধার ? নিজগুণে দয়া করিয়া বাহা করিয়া দিয়াছেন, তাহাতেই নিজেকে সোভাগ্যবান্ মনে হয়।

- খামীজী। সর্বদা মনে রাখিস, ত্যাগই হচ্ছে মূলমন্ত্র। এ মন্ত্রে দীক্ষিত না হ'লে ব্রন্ধাদিরও মুক্তির উপায় নেই।
- শিষ্ক। মহাশন্ধ, আগনার শ্রীমৃথ হইতে ঐ কথা নিত্য শুনিয়া এত দিনেও উহার ধারণা হইল না, সংসারাসন্ধি গেল না—ইহা কি কম পরিতাপের কথা! আশ্রিত দীন সন্তানকে আশীর্বাদ করুন, বাহাতে শীঘ্র উহা প্রাণে প্রাণে ধারণা হয়।
- স্বামীজী। ত্যাগ নিশ্চর আদবে, তবে কি জানিদ 'কালেনাত্মনি বিন্দতি'—
  সমন্ত্র, না এলে হয় না। কতকগুলি প্রাগ্জন্ম-সংস্থার কেটে গেলেই
  ত্যাগ ফুটে বেরোবে।

কথাগুলি শুনিরা শিশু অতি কাতরভাবে স্বামীজীর পাদপদ্ম ধারণ করিয়া বলিতে লাগিল, 'মহাশয়, এ দীন দাসকে জন্মে জন্মে পাদপদ্মে আত্রায় দিন— ইহাই একাস্ত 'প্রার্থনা। আপনার সঙ্গে থাকিলে ব্রন্ধজানলাভেও আমার ইচ্ছা হয় না।'

খামীজী উত্তরে কিছুই না বলিয়া অশুমনস্ব হইয়া কি ভাবিতে লাগিলেন। শিশ্রের মনে হইল, তিনি বেন দ্রদৃষ্টি-চক্রবালে তাঁহার ভাবী জীবনের ছবি দেখিতে লাগিলেন। কিছুক্ষণ পরে বলিলেন, 'লোকের গুলতোন দেখে কী আর হবে? আজ আমার কাছে থাক্। আর নিরঞ্জনকে ভেকে দোরে বসিরে দে, কেউ যেন আমার কাছে এসে বিরক্ত না করে।' শিশ্র দৌড়িরা গিয়া আমী নিরঞ্জনানন্দকে আমীজীর আদেশ জানাইল। তিনিও সকল কার্য উপেক্ষা করিয়া, মাথায় পাগড়ি বাঁধিয়া, হাতে লাঠি লইয়া আমীজীর অরের দরজার সমুধে আসিয়া বসিলেন।

শনস্তর ঘরের ধার রুদ্ধ করিয়া শিশ্য পুনরায় স্বামীন্দীর কাছে শাদিল।
মনের সাথে আদ্ধ স্বামীন্দীর সেবা করিতে পারিবে ভাবিয়া তাহার মন আনন্দে
উৎফুল! স্বামীন্দীর পদসেবা করিতে করিতে সে বালকের ক্রায় বত মনের
কথা স্বামীন্দীকে থুলিয়া বলিতে লাগিল, স্বামীন্দীও হাস্তম্থে তাহার প্রস্নাদির
উত্তর ধীরে ধীরে দিতে লাগিলেন। এইরণে সেদিন কাটিতে লাগিল।

ষামীজী। আমার মনে হয়, এভাবে এখন আর ঠাকুরের উৎসব না হয়ে অস্ত্রভাবে হয় ভো বেশ হয়। একদিন নয়, চায়-পাঁচ দিন ধরে উৎসব হবে।
১ম দিন হয়তো শাল্লাদি-পাঠ ও ব্যাখ্যা হ'ল। ২য় দিন বেদবেদান্তাদির
বিচার ও মীমাংসা হ'ল। ৬য় দিন Question-Class (প্রশোভর)
হ'ল। তার পরদিন চাই কি Lecture (বক্তৃতা) হ'ল। শেষ দিনে
এখন বেমন মহোৎসব হয়, তেমনি হ'ল। ছুর্গাপুজা বেমন চার দিন ধ'রে
হয়, তেমনি। ঐরপে উৎসব করলে শেব দিন ছাড়া অপর কয়দিন অবশ্র
ঠাকুরের ভক্তমণ্ডলী ভিয় আর কেউ বোধ হয় বড় একটা আগতে
পারবে না। তা নাই বা এল। বছ লোকের গুলতোন হলেই বে
ঠাকুরের ভাব খ্ব প্রচার হ'ল, তা তো নয়।

শিশ্ব। মহাশয়, ইহা আপনার হন্দর কয়না; আগামী বাবে ভাহাই করা
যাইবে। আপনার ইচ্ছা হইলে সব হইবে।

স্বামীনী। স্বার বাবা, ও-সব করতে মন বায় না। এখন থেকে তোরা ও-সব করিস।

শিশ্ব। মহাশয়, এবার কীর্তনের অনেক দল আসিয়াছে।

ঐ কথা শুনিরা খামীজী উহা দেখিবার জন্ম ঘরের দক্ষিণদিকের মধ্যের জানালার রেলিং ধরিয়া উঠিয়া দাঁড়াইলেন এবং সমাগত অগণিত ভক্ত-মণ্ডলীর দিকে চাহিয়া বহিলেন। জনকণ দেখিয়াই আবার বসিলেন। দাঁড়াইয়া কট হইয়াছে বৃঝিয়া শিক্ত তাঁহার মন্তকে আন্তে আন্তে ব্যবন করিতে লাগিল।

ষানীজী। ভোরা হচ্ছিদ ঠাকুরের লীলার actors (অভিনেতা)। এর পরে আমাদের কথা তো ছেড়েই দে, লোকে ভোদের নাম করবে। এই বে-সব শুব লিথছিদ, এর পর লোকে ভক্তিমৃক্তিলাভের জন্ম এইসব শুব পাঠ করবে। জানবি, আত্মজানলাভই পরম লাখন। অবভার-পুক্ষরূপী অগদ্ভক্ষর প্রতি ভক্তি হলেই ঐ জ্ঞান কালে আপনিই ফুটে বেরোবে।

শিশ্য। (অবাক হইয়া) মহাশয়, আমার ঐ জ্ঞান লাভ হইবে তো় ? আমীজী। ঠাকুরের আশিবাদে তোর জ্ঞান-ভক্তি হবে। কিন্তু সংসারাশ্রমে তোর বিশেষ কোন স্থুপ হবে না।

শিক্ত। (বিষয় ও চিন্ধিত ভাবে) আপনি যদি দয়া করিয়া মনের বন্ধনগুলি কাটিয়া দেন তবেই উপায়; নতুবা এ দানের উপায়ান্তর নাই। আপনি শ্রীমূধের বাণী দিন, বেন এই জন্মেই মৃক্ত হয়ে বাই।

স্বামীজী। ভয় কি ? বধন এখানে এসে পড়েছিস, তখন নিশ্চয় হয়ে বাবে। শিক্ত। (স্বামীজীর পাদপদ্ম ধরিয়া কাঁদিতে কাঁদিতে) এবার আমায় উদ্ধার করিতে হইবেই হইবে।

স্বামীজী। কে কার উদ্ধার করতে পারে বল্? গুরু কেবল কডকগুলি আবরণ দ্র ক'রে দিতে পারে। ঐ আবরণগুলো গেলেই আত্মা আপনার গৌরবে আপনি জোতিমান হয়ে পূর্বের মতো প্রকাশ পান।

শিশু। তবে শাম্বে কুপার কথা ওনতে পাই কেন?

খামীনী। কপা মানে কি জানিস? বিনি জাত্ম-সাক্ষাৎকার করেছেন, তাঁর ভেতরে একটা মহাশক্তি খেলে। তাঁকে centre (কেন্দ্র) ক'রে কিছুদ্র পর্যন্ত radius (ব্যাসার্ধ) নিয়ে বে একটা circle (বৃদ্ধ) হয়, সেই circle-এর (বৃদ্ধের) ভেতর বারা এসে পড়ে, তারা ঐ আত্মবিৎ সাধ্র ভাবে অহপ্রাণিত হয় অর্থাৎ ঐ সাধ্র ভাবে তারা অভিভূত হয়ে পড়ে। স্তরাং সাধন-ভলন না করেও তারা অপূর্ব আধ্যাত্মিক ফলের অধিকারী হয়। একে যদি কুপা বলিদ তো বল্।

শিয়। এ ছাড়া আর কোনরণ রূপা নাই কি, মহাশয় ?

স্বামীকী। তাও আছে। বধন অবতার আসেন, তধন তার সঙ্গে স্ক্রে মুম্কু প্রবেরা সব তাঁর লীলার সহায়তা করতে শরীর ধারণ ক'রে আসেন। কোটি জয়ের অন্ধকার কেটে এক জয়ে মৃক্ত ক'রে দেওয়া কেবল মাত্র অবতারেরাই পারেন। এরই মানে রুপা। ব্যলি ?

- শিশু। আজে হাঁ। কিন্তু যাহারা তাঁহার দর্শন পাইল না, তাহাদের উপায় কি ?
- ষামীজী। তাদের উপার হচ্ছে—তাঁকে তাকা। তেকে তেকে অনেকে তাঁর দেখা পার, ঠিক এমনি আমাদের মতো শরীর দেখতে পার এবং তাঁর কুপা পার।
- শিস্ত। মহাশয়, ঠাকুরের শরীর ঘাইবার পর আপনি তাঁহার দর্শন পাইরাছেন কি ?
- चामीकी। ঠাকুরের শরীর যাবার পর, আমি কিছুদিন গাঞ্চীপুরে পওছারী বাবার সন্ধ করি। পওহারী বাবার আশ্রমের অনভিদূরে একটা বাগানে ঐ সময় আমি থাকতুম। লোকে সেটাকে ভূতের বাগান ব'লভ। কিছ আমার তাতে ভন্ন হ'ত না; জানিদ তো আমি বন্ধদৈত্য, ভূত-কুতের ভর বড় রাখিনি। ঐ বাগানে অনেক নেবুগাছ, বিভর ফ'লভ। আমার তথন অভ্যন্ত পেটের অহুথ, আবার তার ওপর সেধানে কটি ভিন্ন অন্ত কিছু ভিকা মিলত না। কাজেই হজমের জন্ত খুব নেবু খেতুম। পওহারী বাবার কাছে যাতায়াত ক'রে তাঁকে খুব ভাল লাগলো। তিনিও আমার থুব ভালবাসতে লাগলেন। একদিন মনে হ'ল, শ্রীরামকুফদেবের কাছে এড কাল থেকেও এই কয় শরীরটাকে দঢ় করবার কোন উপায়ই তো পাইনি। পওহারী বাবা জনেছি, হঠবোগ कात्मन । अँत कार्ष्ट्र इर्टरवाश्यत किया क्लान नित्त, नवीविंगिक मुक् ক'রে নেবার জম্ম এখন কিছুদিন সাধন ক'রব। জানিস ভো আয়ার बोधालत मर्फा त्वांक। या मन्न क'वर, जा कवरहे। य पिन पीका নেৰো মনে করেছি, তার আগের রাত্রে একটা খাটিয়ায় শুয়ে ভাবছি. এমন সময় দেখি-ঠাকুর আমার দক্ষিণ পাশে দাড়িয়ে একদৃষ্টে আমার পানে চেয়ে আছেন, বেন বিশেষ ছঃৰিত হয়েছেন। তাঁর কাছে মাধা विकिश्तिष्टिः भावात्र भावात्र भावात्र भावात्र भावात्र क्षेत्र লক্ষিত হয়ে তাঁর দিকে তাকিয়ে বইলুম। এইরণে বোধ হয় ২াত ঘণ্টা গত হ'ল; তখন কিন্তু আৰার মুখ খেকে কোন কথা বেরোল না।

ভারণর হঠাৎ ভিনি অন্তর্হিত হলেন। ঠাকুবকে দেখে মন এক-রক্ম হরে গেল, কাজেই লে দিনের মতো দীক্ষা নেবার সম্বন্ধ ছলিত রাধতে হ'ল। ত্-এক দিন বাদে আবার শশুহারী বাবার নিকট মন্ত্র নেবার সম্বন্ধ উঠল। লেদিন রাত্রেও আবার ঠাকুরের আবির্ভাব ইল—ঠিক আগের দিনের মতো। এইভাবে উপর্প্রি একুশ দিন ঠাকুরের দর্শন পাবার পর, দীক্ষা নেবার সম্বন্ধ একেবারে ভাগা করলুম। মনে হ'ল, বধনই মন্ত্র নেব মনে করছি, তথনই যধন এইরূপ দর্শন হচ্ছে, তথন মন্ত্র নিলে অনিষ্ট বই ইট হবে না।

শিশ্ব। মহাশন্ন, ঠাকুরের শরীর-রক্ষার পর কথনও তাঁহার সঙ্গে আপনার কোন কথা হয়েছিল কি ?

খামীজী দে কথার কোন উত্তর না দিয়া নির্বাক হইরা বহিলেন। খানিক বাদে শিক্সকে বলিলেন: ঠাকুরের যারা দর্শন পেয়েছে, তারা থক্ত! 'কুলং পবিত্রং জননী কৃতার্থা।' তোরাও তাঁর দর্শন পাবি। যথন এথানে এনে পড়েছিস, তথন তোরা এথানকার লোক। 'রামকৃষ্ণ' নাম ধ'রে কে যে এসোছলেন, কেউ চিনলে না। এই যে তাঁর অভ্যরদ, সালোপাদ—এরাও তাঁর ঠাওর পায়নি। কেউ কেউ কিছু কিছু পেয়েছে মাত্র। পরে সকলে ব্রাধা। এই যে রাধাল-টাথাল যারা তাঁর সক্ষে এসেছে—এদেরও ভূল হয়ে যায়। অল্ফের কথা আর কি ব'লব!

এইরপ কথা হইতেছে, এমন সময় খামী নিরঞ্জনানন্দ বারে আঘাত করায় লিছা উঠিয়া তাঁহাকে জিজাসা করিল, 'কে এসেছে ?' তিনি বলিলেন, 'ভগিনী নিবেদিতা ও অপর ত্ব-চার জন ইংরেজ মহিলা।' লিছার মুখে এ কথা ভনিয়া খামীজী বলিলেন, 'ঐ আলখালাটা দে তো।' শিহা উহা আনিয়া দিলে ভিনি সর্বাদ 'ঢাকিয়া সভ্য-ভব্য হইয়া বসিলেন এবং শিহা বার খুলিয়া দিল। ভগিনী নিবেদিতা ও অপর মহিলারা প্রবেশ করিয়া মেজেতেই বসিলেন এবং খামীজীর শারীরিক কুশলাদি জিজাসা করিয়া সামান্ত কথাবার্তার খারে চলিয়া গোলেন। খামীজী শিহাকে বলিলেন, 'দেখছিন্, এরা কেমন সভ্য! বাঙালী হ'লে আমার অহুথ দেখেও অন্ততঃ আধ ঘণ্টা বকাড।' শিহা আবার দরজা বন্ধ করিয়া খামীজীকে তামাক সাজিয়া দিল। বেলা প্রায় ২।টা; লোকের খ্ব ভিড় হইরাছে। মঠের জমিতে তিল-পরিমাণ স্থান নাই। কড কীর্তন, কড প্রদাদ-বিতরণ হইতেছে—ভাহার দীমা নাই! স্বামীকী শিক্তের মন ব্বিয়া বলিলেন, 'একবার নয় দেখে আয়, খ্ব শীগণীর আদবি কিছ।' শিক্তও আনন্দে বাহির হইরা উৎসব দেখিতে গেল। স্থামী নিরঞ্জনানন্দ ছারে পূর্ববং বসিয়া রহিলেন।

আলাজ দশ মিনিট বাদে শিশু ফিরিয়া আসিয়া স্বামীজীকে উৎসবের ভিড়ের কথা বলিতে লাগিল। স্বামীজী। কড লোক হবে ? শিশু। পঞ্চাশ হাজার।

শিয়ের কথা শুনিয়া স্বামীন্দী উঠিয়া দাঁড়াইলেন এবং সেই জনসভ্য দেখিয়া বলিলেন, 'বড়জোর ভিরিশ হাজার।'

উৎসবের ভিড় ক্রমে কমিয়া আসিল। বেলা ৪।টার সময় স্বামীজীর ঘরের দরজা জানালা সব থুলিয়া দেওয়া হইল। কিন্তু তাঁহার শরীর অস্ত্র্ থাকায় কাহাকেও তাঁহার নিকটে বাইতে দেওয়া হইল না।

83

স্থান-বেলুড় মঠ

কাল--১৯•২

পূর্বক হইতে ফিরিবার পর স্থামীজী মঠেই থাকিছেন এবং মঠের কাজের ডত্তাবধান করিছেন; কথন কথন কোন কাজ স্বহস্তে সম্পন্ন করিয়া অনেক সময় অতিবাহিত করিছেন। কথন নিজ হত্তে মঠের জমি কোপাইতেন, কথন গাছপালা ফল-ফুলের বীজ রোপণ করিতেন, আবার কথন বা চাকর-বাকরের ব্যারাম হওয়ার ব্রন্ধারে ঝাঁট পড়ে নাই দেখিয়া নিজ হত্তে ঝাঁটা ধরিয়া ঐসকল পরিছার করিছেন। বদি কেহ ভাহা দেখিয়া বলিছেন, 'আপনি কেন!' ভাহা হইলে স্থামীজী বলিছেন, 'ভা হ'লই বা। অপরিকার থাকলে মঠের সকলের বে অস্থধ করবে!'

ঐ কালে তিনি মঠে কতকগুলি গান্তী, হাঁদ, কুকুর ও ছাগল প্ৰিয়া-ছিলেন। বড় একটা ছাগলকে 'হংনী' বলিয়া ভাকিতেন ও ভারই কুষে প্রাতে চা থাইতেন। ছোট একটি ছাগলছানাকে 'মটক' বলিয়া ভাকিতেন ও আদর করিয়া তাহার গলায় খুডুর পরাইয়া দিয়াছিলেন। ছাগলছানাটা আদর পাইয়া খামীজীর পায়ে পায়ে বেড়াইত এবং খামীজী ভাহার দকে পাঁচ বছরের বালকের মতো দোড়াদোড়ি করিয়া থেলা করিতেন। মঠদর্শনে নবাগত ব্যক্তিরা তাঁহার পরিচয় পাইয়া এবং তাঁহাকে একণ চেটায় বাাপ্ত দেখিয়া অবাক হইয়া বলিত, 'ইনিই বিশ্ববিজয়ী খামী বিবেকানন্দ।' কিছুদিন পরে 'মটক' মরিয়া যাওয়ায় খামীজী বিষঞ্চিত্তে শিল্পকে বলিয়াছিলেন' 'দেখ্, আমি বেটাকেই একটু আদর করতে যাই, সেটাই মরে হায়।'

মঠের স্থমির জন্দল সাফ করিতে এবং মাটি কাটিতে প্রতি বছরেই কডকগুলি স্থী-পুরুষ সাঁওতাল আসিত। স্বামীজী তাহাদের লইয়া কত রক করিতেন এবং তাহাদের স্থ-তঃধের কথা শুনিতে কত ভালবাসিতেন।

সাঁওতালদের মধ্যে একজনের নাম ছিল 'কেটা'। স্বামীনী কেটাকে বড় ভালবাদিতেন। কথা কহিতে আদিলে কেটা কথন কথন স্বামীনীকে বলিত, 'ওরে স্বামী বাপ, তুই আমাদের কাজের বেলা এখানকে আদিদ না, ভারে দকে কথা বললে আমাদের কাজ বন্ধ হয়ে বায়, পরে ব্ডোবাবা এদে বকে।' কথা ভনিয়া স্বামীনীর চোখ ছলছল করিত এবং বলিতেন, 'না না, ব্ডোবাবা ( স্বামী অবৈতানন্দ ) বকবে না; তুই ভোদের দেশের ছটো কথা বল্।' ইহা বলিয়া তাহাদের সাংসারিক স্থা-ছংখের কথা পাড়িতেন।

একদিন স্বামীন্ত্রী কেষ্টাকে বলিলেন, 'ওরে, তোরা আমাদের এথানে থাবি ?' কেষ্টা বলিল, 'আমরা যে ভোদের হোঁয়া এখন আর খাই না; এখন যে বিরে হয়েছে, ভোদের হোঁয়া হন খেলে জাত বাবেরে বাপ।' স্বামীন্দ্রী বলিলেন, 'হন কেন খাবি ?' হন না দিরে তরকারি রেঁধে দেবে। তা হ'লে ভোখাবি ?' কেষ্টা ঐ কথায় স্বীকৃত হইল। অনস্তর স্বামীন্দ্রীর আদেশে মঠে ঐ সাঁওভালদের অন্ত লুচি, তরকারি, মঠাই, মগুা, দুধি ইত্যাদি বোগাড় করা হইল এবং ভিনি ভাহাদের বসাইয়া খাওরাইভে লাগিলেন। খাইভে খাইভে কেষ্টা বলিল, 'হারে স্বামী বাপ, ভোরা এমন জিনিদটা কোথা পেলি ? হামরা এমনটা কখনো থাইনি।' স্বামীন্দ্রী ভাহাদের পরিভোষ করিয়া খাওরাইয়া

বলিলেন, 'তোরা বে নারায়ণ; আজ আমার নারায়ণের ভোগ দেওরা হ'ল।' আমীজী বে দরিস্ত-নারায়ণসেবার কথা বলিতেন, তাহা তিনি নিজে এইরূপে অষ্ঠান করিয়া দেখাইয়া গিয়াছেন।

আহারান্তে সাঁওতালয়া বিপ্রাম করিতে গেলে স্বামীকী শিশুকে বলিলেন, 'এদের দেখলুম বেন সাক্ষাৎ নারায়ণ। এমন সরল চিন্ত, এমন অকণট অক্তিমে ভালবাসা আরু দেখিনি!' অনস্তর মঠের সন্মাসিবর্গকৈ লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন:

দেখ, এরা কেমন সরল! এদের কিছু তৃঃখ দ্র করতে পারবি? নতুবা গেকয়া প'রে আর কি হ'ল? 'পরহিতায়' সর্বস্থ-অর্পণ—এরই নাম বথার্থ সম্মাস। এদের ভাল জিনিস কথন কিছু ভোগ হয়নি। ইচ্ছা হয়—য়ঠ-ফঠ সব বিক্রি ক'রে দিই, এইসব গরীবহুঃখী দরিস্ত-নারায়ণদের বিলিয়ে দিই, আমরা ভো গাছপালা সার করেইছি। আহা! দেশের লোক খেতে পরতে পাচ্ছে না! আমরা কোন্ প্রাণে মূথে অয় তুলছি? ওদেশে বথন গিয়েছিল্ম, মাকে কত বলল্ম, 'মা! এখানে লোক ফুলের বিছানায় ওচ্ছে, চর্ব-চ্ছা খাচ্ছে, কী না ভোগ করছে! আর আমাদের দেশের লোকগুলো না খেতে পেয়ে মরে যাচ্ছে। মা! তাদের কোন উপায় হবে না?' ওদেশে ধর্ম-প্রচার করতে যাওয়ায় আমার এই আর একটা উদ্দেশ্ড ছিল যে, এদেশের লোকের অল্প যদি অয়সংস্থান করতে পারি।

দৈশের লোকে ছবেলা ছমুঠো থেতে পায় না দেখে এক এক সময় মনে হয়—কেলে দিই ভোর শাঁথবাজানো ঘণ্টানাড়া; ফেলে দিই ভোর লেখাপড়াও নিজে মুক্ত হবার চেষ্টা; সকলে মিলে গাঁয়ে গাঁয়ে ঘুরে, চয়িত্র ও সাধনাবলে বড়লোকদের বুঝিয়ে, কড়িপাতি বোগাড় ক'রে নিয়ে আলি এবং দরিত্র-নারায়ণদের দেবা ক'রে জীবনটা কাটিয়ে দিই।

আহা, দেশে গরীব-ছঃধীর জন্ত কেউ ভাবে না রে! বারা জাতির মেকদণ্ড, বাদের পরিপ্রমে জন্ন জন্মাচ্ছে, যে মেথর-মুদ্দাফরাশ একদিন কাজ বছ করলে শহরে হাহাকার রব ওঠে,—হার! ভাদের সহাত্ত্তি করে, ভাদের ক্থে ছঃখে সাখনা দের, দেশে এমন কেউ নেই রে! এই দেখনা—হিদ্দের সহাত্ত্তি না পেরে মাল্রাজ-জঞ্লে হাজার হাজার পেরিয়া রুশ্চান হয়ে বাছে। মনে করিসনি কেবল পেটের দারে রুশ্চান হয়, আমাদের সহাত্ত্তি পার না

ব'লে। আমরা দিনরাত কেবল তাদের বলছি—'ছুঁল্নে ছুঁল্মে'। দেশে কি আর দয়াধর্ম আছে রে বাপ! কেবল ছুঁৎমার্গাঁর দল! অমন আচারের মূথে মার ঝাঁটা, মার লাথি! ইচ্ছা হয়, তোর ছুঁৎমার্গের গণি ভেঙে ফেলে এখনি ঘাই—'কে কোথায় পতিত-কাঙাল দীন-দরিস্ত আছিল' ব'লে তাদের সকলকে ঠাকুরের নামে ভেকে নিয়ে আদি। এরা না উঠলে মা জাগবেন না। আময়া এদের অয়বস্তের স্থবিধা বদি না করতে পারল্ম, তবে আর কি হ'ল? হায়! এরা ছনিয়াদারি কিছু জানে না, তাই দিনরাত থেটেও অশন-বসনের সংখান করতে পারছে না। দে—সকলে মিলে এদের চোথ খুলে। আমি দিব্য চোথে দেখছি, এদের ও আমার ভেতর একই ব্রহ্ম—একই শক্তি রয়েছেন, কেবল বিকাশের তারতম্য মাত্র। সর্বাদে রক্তসঞ্চার না হ'লে কোন দেশ কোনও কালে কোথায় উঠেছে দেখেছিল? একটা অল পড়ে গেলে, অক্ত অল সবল থাকলেও ঐ দেহ নিয়ে কোন বড় কাজ আর হবে না—এ নিশ্চয় জানবি। শিয়। মহালয়, এ দেশের লোকের ভিতর এত বিভিন্ন ধর্ম, বিভিন্ন ভাব!

ইহাদের ভিতর সকলের মিল হওয়া যে বড় কঠিন ব্যাপার।

শ্বামীজী। (সজোধে) কোন কাজ কঠিন ব'লে মনে করলে হেথার আর আসিসনি। ঠাকুরের ইচ্ছার সব দিক সোজা হয়ে বায়। তোর কাজ হচ্ছে দীনহঃখীর সেবা করা জাতিবর্ণনির্বিশেষে। তার ফল কি হবে না হবে, ভেবে তোর দরকার কি ? তোর কাজ হচ্ছে কাজ ক'রে বাওয়া, পরে সব আপনা-আপনি হয়ে বাবে। আমার কাজের ধারা হচ্ছে— গড়ে তোলা, যা আছে সেটাকে ভাঙা নয়। জগতের ইভিহাস পড়ে দেখ, এক একজন মহাপ্রেষ এক-একটা সময়ে এক-একটা দেশে বেন কেম্রন্থরূপ হয়ে দাঁড়িয়ে ছিলেন। তাঁদের ভাবে অভিত্তুত হয়ে শতসহত্র লোক কাগতের হিতসাধন ক'রে গেছে। তোরা সব বৃদ্ধিমান্ ছেলে, হেথায় এত দিন আসছিস। কি করলি বল্ দিকি ? পরার্থে একটা জয় দিতে পারলিনি ? আবার জয়ে এসে তথন বেদাস্ত-ফেলাস্ত পড়বি। এবার পরসেবায় দেহটা দিয়ে বা, তবে জানবো—আমার কাছে আসা সার্থক হয়েছে।

্ৰুকথাগুলি বলিয়া খামীজী এলোথেলোভাবে বদিয়া তামাক খাইতে খাইতে গভীয় চিস্তায় মগ্ন থাকিলেন। কিছুক্তণ বাদে বলিলেন: আমি এত তপতা ক'রে এই সার ব্ৰেছি বে, জীবে জীবে তিনি অধিষ্ঠান হয়ে আছেন; তা ছাড়া ঈশর-ফিশর কিছুই আর নেই।—'জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশর।'

বেলা প্রায় শেষ হইরা আসিল। স্বামীজী দোতলার উঠিলেন এবং বিছানায় শুইয়া শিয়কে বলিনেন, 'পা হুটো একটু টিপে দে।' শিয় অছকার কথাবার্তার ভীত ও ভাজিত হইয়া স্বয়ং অগ্রসর হইতে পারিতেছিল না, এখন সাহস পাইরা প্রফুলমনে স্বামীজীর পদসেবা করিতে বসিল। কিছুক্ষণ পরে স্বামীজী তাহাকে সম্বোধন করিয়া বলিলেন, 'আজ বা বলেছি, সে-সব কথাঃ মনে গেঁথে রাখবি। ভূলিসনি ধেন।'

. 8२

স্থান—বেলুড় মঠ কাল—১৯•২

আজ শনিবার। সন্ধার প্রাক্তালে শিশু মঠে আদিয়াছে। মঠে এখন সাধন-ভজন জপ-তপস্থার থ্ব ঘটা। স্বামীজী আদেশ করিয়াছেন—কি বন্ধচারী, কি সন্ধানী সকলকেই অতি প্রত্যুবে উঠিয়া ঠাকুরঘরে জপ-ধ্যান করিতে হইবে। স্বামীজীর তো নিজ্রা একপ্রকার নাই বলিলেই চলে, রাজি তিনটা হইতে শ্ব্যাত্যাগ করিয়া উঠিয়া বদিয়া থাকেন। একটা ঘণ্টা কেনা হইয়াছে; শেবরাত্রে সকলের ঘুম ভাঙাইতে ঐ ঘণ্টা মঠের প্রতি ঘরের নিকট সজোরে বাজানো হয়।

শিক্ত মঠে আদিয়া স্বামীজীকে প্রণাম করিবামাত্র ভিনি বলিলেন:

ওরে, মঠে এখন কেমন সাধন-ভজন হচ্ছে! সকলেই শেষরাত্রে ও সন্ধার সময় অনেকক্ষণ ধরে জপধ্যান করে। ঐ দেখ, ঘণ্টা আনা হয়েছে; ঐ দিরে সবার ঘুম ভাঙানো হয়। সকলকেই অরুণোদরের পূর্বে ঘুম থেকে উঠতে হয়। ঠাকুর বলতেন, 'সকাল-সন্ধায় মন খুব সন্ধভাবাপর থাকে, তখনই একমনে ধ্যান করতে হয়।' ঠাকুরের দেহ যাবার পর আয়য়া বরানগরের মঠে কত অপথান করতুম।
তিনটার সময় সব সজাগ হতুম। শৌচান্তে কেউ চান ক'রে, কেউ না ক'রে
ঠাকুরঘরে গিরে ব'লে অপথানে ড্বে বেতুম। তথন আমাদের ভেতর কি
বৈরাগ্যের ভাব! ছনিয়াটা আছে কি নেই, তার হঁশই ছিল না। শশীণ
চিক্রিশ ঘণ্টা ঠাকুরের সেবা নিরেই থাকত এবং বাড়ির গিয়ীর মতো ছিল।
ভিক্রাশিক্ষা ক'রে ঠাকুরের ভোগরাগের ও আমাদের থাওয়ানো-দাওয়ানোর
বোগাড় ওই সব ক'রত। এমন দিনও গেছে, যথন সকাল থেকে বেলা ৪।৫টা
পর্যন্ত অপথান চলেছে। শশী থাবার নিয়ে অনেকক্ষণ ব'লে থেকে শেবে
কোনক্রণে টেনে-হিঁচড়ে আমাদের জপথান থেকে তুলে দিত। আহা!
শশীর কি নিঠাই দেখেছি।

শিক্স। মহাশয়, মঠের ধরচ তথন কি করিয়া চলিত ?

স্বামীজী। কি ক'রে চলবে কিরে? আমরা তো সাধু-সন্থাসী লোক।
ভিন্ধাশিকা ক'রে বা আসত, তাতেই সব চ'লে বেত। আজ স্থরেশবাব্ বলরামবাব্ নেই; তাঁরা ছ-জনে থাকলে এই মঠ দেখে কত আনন্দ
করতেন। স্বরেশবাব্র নাম শুনেছিস তো? তিনি এই মঠের একরকম প্রতিষ্ঠাতা। তিনিই বরানগরের মঠের সব বরচপত্র বহন
করতেন। ঐ স্থরেশ মিন্তিরই আমাদের জন্ম তথন বেশী ভাবত। তার
ভক্তিবিখাসের তুলনা হন্ন না।

শিয়। মহাশর, শুনিরাছি—মৃত্যুকালে আপনার। তাঁহার সহিত বড় একটা দেখা করিতে ঘাইতেন না।

শামীনী। যেতে দিলে তো বাব। যাক, সে অনেক কথা। তবে এইটে জ্বেনে রাথবি, দংসারে তুই বাঁচিস কি মরিস, তাতে ভোর আত্মীয়-পরিজনদের বড় একটা কিছু আসে যায় না। তুই বদি কিছু বিষয়-আশয় রেখে থেতে পারিস তো ভোর মরবার আগেই দেখতে পাবি, তা নিয়ে ঘরে লাঠালাঠি শুক্ত হয়েছে। ভোর মৃত্যুশব্যায় সান্ধনা দেবায় কেউ নেই—জী-পুত্র পর্যন্ত নয়। এরই নাম সংসার!
মঠের পূর্বাবহা সহতে শামীনী আবার বলিতে লাগিলেন:

ঠ স্বামী রামকুফানন্দ

'ধরচপত্তের অনটনের অন্ত কথন কথন মঠ তুলে দিতে লাঠালাঠি করতুম। শ্শীকে কিন্তু কিছুতেই ঐ বিষয়ে রাজী করাতে পারতুম না। শশীকে আমাদের मर्छ central figure (क्खनक्ष) व'ला कानवि। এक এकतिन मर्छ এমন অভাৰ হয়েছে যে, কিছুই নেই। ভিক্ষা ক'রে চাল আনা হ'ল তো তুন त्नहे। थक थक निन चर् इन-छाछ हानाइ, छर् कांत्रध आत्कर त्नहे; क्र-ধ্যানের প্রবল ভোড়ে আমরা তথন সব ভাসছি। তেলাকুচোপাতা সেজ. হ্ন-ভাত-এই মাদাবধি চলেছে। আহা, দে-সব কি দিনই গেছে। দে कर्छावे एक्थल एक भानिय (वर्ष-मान्यव कथा कि! व कथां। कि ধ্রুব সভা বে, ভোর ভেডর বদি বন্ধ থাকে ভো বত circumstances against ( व्यवहा প্রতিকৃষ ) হবে, তত ভেতরের শক্তির উল্লেষ হবে। ভবে এখন যে মঠে থাট-বিছানা, খাওয়া-দাওয়ার সচ্ছল বন্দোবস্ত করেছি তার কারণ—আমরা বতটা সইতে পেরেছি, তত কি আর এখন বারা সন্ন্যাসী হ'তে আদছে তারা পারবে ? আমরা ঠাকুরের জীবন দেখেছি, তাই তঃখ-কট বড় একটা গ্রাম্বের ভেতর আনতুম না। এখনকার ছেলেরা তত কঠোর করতে পারবে না। তাই একটু থাকবার জায়গা ও একমুঠো অয়ের বন্দোবত করা— মোটা ভাত মোটা কাপড পেলে ছেলেগুলো সাধন-ভল্পনে মন দেবে এবং জীবহিতকল্পে জীবনপাত করতে শিখবে।'

- শিশ্র। মহাশয়, মঠের এ-সব খাটবিছানা দেখিয়া বাহিরের লোক কড কি বলে।
- খামীনী। বলতে দে না। ঠাটা করেও তো এখানকার কথা একবার মনৈ আনবে! শক্রভাবে শীগগীর মৃক্তি হয়। ঠাকুর বলতেন, 'লোক না শোক'। এ কি বললে, ও কি বললে—ভাই জনে বৃথি চলতে হবে? ছি: ছি:!
- শিশু। মহাশর, আপনি কখন বলেন, 'গব নারারণ, দীন-ছঃধী আমার নারারণ' আবার কখন বলেন, 'লোক না পোক'—ইহার অর্থ ব্ঝিডে পারি না।
- খামীজী। সকলেই বে নারায়ণ, তাতে বিশুমাত্র সন্দেহ নেই, কিন্তু সকল নারায়ণে তো criticise (সমালোচনা) করে না? কই, দীন-ছ:খারা এসে মঠের খাট-কাট দেখে তো criticise (সমালোচনা) করে না।

লংকার্থ ক'রে বাব, বারা criticise ( সমালোচনা ) করবে তালের দিকে দৃকপাতও ক'রব না—এই sense-এ ( অর্থে ) 'লোক না পোক' কথা বলা হয়েছে। বার এরপ রোক আছে, তার দব হয়ে বার, তবে কারো কারো বা একটু দেরিতে—এই বা তফাত; কিন্ত হবেই হবে। আমাদের এরপ রোক ( জিল ) ছিল, তাই একটু-আবটু বা হয় হয়েছে। নতুবা কি দব হুংখের দিনই না আমাদের গেছে! এক সময়ে না খেতে পেয়ে রাভার ধাবে একটা বাড়ির লাওয়ায় অঞ্জান হয়ে পড়েছিল্ম, মাধার ওপর দিয়ে এক পদলা বৃষ্টি হয়ে গেল, তবে ভঁশ হয়েছিল! অক্ত এক সময়ে দাবাদিন না খেয়ে কলকাতায় একাজ সেকাজ ক'রে বেড়িয়ে রাজি ১০।১১টার সময় মঠে গিয়ে তবে খেতে পেয়েছি—এমন এক দিন নয়!

কথাগুলি বলিয়া স্বামীজী স্বশুমনা হইয়া কিছুক্ষণ বনিয়া রহিলেন। পরে স্বাবার বলিতে লাগিলেন:

ठिक ठिक महानि कि महस्स हम दि १ अमन कठिन चालम चात तनहे। একটু বেচালে পা পড়লে ভো একেবারে পাহাড় থেকে খাদে পড়ল--হাড-পা ভেঙে চুরমার হয়ে গেল। একদিন আমি আগ্রা থেকে বুন্দাবন হেঁটে যাচ্ছি। একটা কানাকড়িও সমল নেই। বুন্দাবনের প্রায় ক্রোনাধিক দূরে আছি, বান্তাব ধারে একজন লোক বলে তামাক থাচেছ দেখে বড়ই তামাক থেতে ইচ্ছে হ'ল। লোকটাকে বললুম, 'ওরে ছিলিমটে দিবি ?' সে বেন জড়সড় হয়ে বললে, 'মহারাজ, হাম ভালি ( মেথর ) হ্যায়।' সংস্থার কিনা! — খনেই পেছিয়ে এসে তামাক না খেয়ে পুনরায় পথ চলতে লাগলুম। থানিকটা গিয়েই মনে বিচার এল-ভাইতো, সন্মাদ নিয়েছি; জাত কুল মান —সব ছেড়েছি, ভবুও লোকটা মেধর বলাতে পেছিয়ে এলুম ! তার ছোঁয়া তামাক খেতে পারলুম না! এই ভেবে প্রাণ অস্থির হয়ে উঠল। তথন প্রায় এক পো পথ এসেছি, আবার ফিরে গিয়ে সেই মেথরের কাছে এলুম; দেখি তথনও লোকটা সেধানে ব'লে আছে। গিয়ে তাড়াতাড়ি বলন্ম, 'ওরে বাপ, এক ছিলিম তামাক সেবে নিয়ে আয়।' তার আপত্তি গ্রাহ कदमूम ना। वनमूम, हिनिया जामांक पिछिहे हरत। लाकी कि करत १-व्यवलाख जामाक रमाक मिन। जन्म व्यानतम धूमशांन क'रत वृत्यांवरन धनुम। সন্ত্রাস নিয়ে জাতিবর্ণের পারে চলে পেছি কি-না পরীকা ক'রে আপনাকে

দেশতে হয়। ঠিক ঠিক সন্মান-ত্ৰত নক্ষা কৰা কত কঠিন! কথান ও কাজে একচুল এদিক-ওদিক হবার জে৷ নেই।

শিক্ত। মহাশন্ত, আগনি কথন গৃহীর আদর্শ এবং কখন ত্যাগীর আদর্শ আমাদিগের সমূখে ধারণ করেন; উহার কোন্টি আমাদিগের মতো লোকের অবলখনীর?

খানীকী। সৰ ওনে বাৰি; ভারপর ৰেটা ভাল লাগে, দেটা ধরে থাকবি bull-dog-এর (ভালকুভার) মডো কামড়ে ধরে পড়ে থাকবি।

বলিতে বলিতে শিশুসহ সামীনী নীচে নামিরা আদিলেন এবং কথন মধ্যে মধ্যে 'শিব্ শিব' বলিতে বলিতে, আবার কথন বা শুনশুন করিয়ে। 'কখন কি রক্ষে থাকো মা, ভাষা হুধাতরন্দিণী' ইত্যাদি গান করিতে ক্রিতে প্রচারণা করিতে লাগিলেন।

80

#### স্থান—বেলুড় মঠ কাল—১৯০২

শিশু গত রাজে স্থামীজীর ঘরেই ঘুমাইরাছে। রাজি ৪টার সময় স্থামীজী শিশুকে জাগাইয়া বলিপেন, 'বা, ঘণ্টা নিয়ে সব সাধু-ত্রজ্ঞচারীদের জাগিয়ে তোল্।' আদেশমত শিশু প্রথমতঃ উপরকার সাধুদের কাছে ঘণ্টা বাজাইল। পরে তাঁহারা সজাগ হইয়াছেন দেখিয়া নীচে বাইয়া ঘণ্টা বাজাইয়া সব সাধু-ত্রজ্ঞচারীদের তুলিল। সাধুয়া তাড়াতাড়ি শৌচাদি সারিয়া, কেছ বা আন করিয়া, কেছ কাপড় ছাড়িয়া ঠাকুয়-মরে জপধ্যান করিতে প্রবেশ করিলেন।

খামীলীর নির্দেশনত খামী রক্ষানন্দের কানের কাছে খুব জোরে জোরে ঘন্টা-বাঞ্চানোর তিনি বলিয়া উঠিলেন, 'বাঙালের জালায় মঠে থাকা দায় হ'ল।' শিগুমুধে ঐ কথা গুনিরা খামীজী খুব হালিতে হালিতে বলিলেন, 'বেশ করেছিল।'

অতঃপর স্বামীজীও হাতমুধ ধুইরা শিয়সহ ঠাকুর-বরে প্রবেশ করিলেন।

খামী ব্রখানন্দ-প্রমুখ সন্থাসিগণ ঠাকুর-ঘরে ধ্যানে বসিরাছেন। খামীজীয় জন্ত পৃথক আসন রাখা ছিল; তিনি তাহাতে উত্তরাক্তে উপবেশন করিয়া শিশুকে একখানি আসন দেখাইয়া বলিলেন, 'বা, ঐ আসনে ব'সে ধ্যান করু।' মঠের বার্মণ্ডল বেন তার হইয়া গেল! এখনও অফণোদর হয় নাই, আকাশে ভারা জলিতেছে।

স্বামীলী আদনে বিশ্বির অল্পণ পরেই একেবারে দ্বির শাস্ক নিম্পন্দ হইয়া স্বায়েকবং অচলভাবে অবস্থান করিতে লাগিলেন এবং তাঁহার স্বাস অতি ধীরে ধীরে বহিতে লাগিল। শিক্ত শুস্তিত হইরা স্বামীলীর সেই নিবাত-নিক্ষণ দীপশিধার ভায় অবস্থান নির্মিমেষে দেখিতে লাগিল।

প্রায় দেড় ঘণ্টা বাদে স্বামীজী 'শিব শিব' বলিয়া ধ্যানোখিত হইলেন।
তাঁহার চক্ষ্ তথন অফণরাগে রঞ্জিত, মুখ গন্তীর, শান্ত, দ্বির। ঠাকুরকে
প্রণাম করিয়া স্বামীজী নীচে নামিলেন এবং মঠপ্রান্থণে পদচারণা করিয়া
বেড়াইতে লাগিলেন। কিছুক্ষণ পরে শিহাকে বলিলেন:

দেখলি, সাধুরা আজকাল কেমন জ্বপ-ধ্যান করে! ধ্যান গভীর হ'লে কত কি দেখতে পাওয়া বার! বরানগরের মঠে ধ্যান করতে করতে একদিন ঈড়া পিললা নাড়ী দেখতে পেয়েছিল্ম। একটু চেটা করলেই দেখতে পাওয়া বায়। তারপর স্ব্রার দর্শন পেলে বা দেখতে চাইবি, তাই দেখতে পাওয়া বায়। লৃচ গুরুভক্তি থাকলে সাধন-ভজ্ঞন ধ্যান-জ্বপ সব আপনা-আপনি আদে, চেটার প্রয়োজন হয় না। 'গুরুত্রহ্মা গুরুবিষ্ণু গুরুদেবো মহেশ্বর:।'

অনস্তর শিয় তামাক সাজিয়া খামীজীর কাছে পুনরায় আসিলে ভিনি ধ্মণান করিতে করিতে ধলিলেন:

'ভেতরে নিতা-গুদ্ধ-বৃদ্ধ-মৃক্ত আত্মারূপ নিজি (সিংছ) ররেছেন, ধান-ধারণা ক'বে তাঁব দর্শন পেলেই মারার ছনিয়া উড়ে বায়। সকলের ভেডরেই তিনি সমভাবে আছেন; যে বত সাধনভলন করে, তার ভেতর কুণ্ডলিনী শক্তি তত শীল্প বেগে ওঠেন। ঐ শক্তি মন্তকে উঠলেই দৃষ্টি থুলে বায়—আত্ম-ধর্মনলাভ হয়।'

শিয়। বহাশয়, শাস্ত্রে ঐ-সব কথা পড়িয়া।ছ মাজ। প্রভাক্ষ কিছুই তো এখনও হইল না। স্বামীলী। 'কালেনাস্থানি বিল্পতি'—সময়ে হতেই হবে। তবে কারও শীগগীর, কারও বা একটু দেৱীতে হয়। লেগে থাকতে হয়— নাছোডবান্দা হয়ে। এর নাম যথার্থ পুরুষকার। তৈলধারার মতো মনটা এক বিষয়ে লাগিয়ে রাখতে হয়। জীবের মন নানা বিষয়ে বিকিপ্ত हरत चाहि, शांतित नमप्र७ क्षेत्र क्षेत्र यन विकिश्व हम । यत मे हेर्व्ह উঠক ना दकन, कि कि ভাব উঠছে—দেগুলি তথন श्वित रुख वरम दिवरण হয়। ঐভাবে দেখতে দেখতেই মন স্থির হয়ে যায়, আব মনে নানা চিন্তাতরক থাকে না। ঐ তরকগুলোই হচ্ছে মনের সম্বর্মন্ত। ইতিপর্বে হে-সকল বিষয় তীব্ৰভাবে ভেবেছিন, তার একটা মানদিক প্রবাহ থাকে. शानकाल जेश्वनि जांहे मान श्रुटं। नांशकात्र मन वर जाय श्वित हवात्र দিকে বাচ্ছে, ঐগুলি ওঠা বা ধ্যানকালে মনে পড়াই তার প্রমাণ। মন কথন কথন কোন ভাব নিয়ে একবৃত্তিত্ব হয়—ভারই নাম সৰিকল্প ধ্যান। আর মন যথন সর্ববৃদ্ধিশুক্ত হয়ে আসে, তথন নিরাধার এক অথগু বোধ-শরণ প্রত্যক্চৈতত্তে গলে বায়, তার নামই বৃত্তিশৃষ্ণ নির্বিকর সমাধি। আমরা ঠাকুরের মধ্যে এ উভয় সমাধি মৃত্মু ছঃ প্রত্যক্ষ করেছি। চেষ্টা ক'রে তাঁকে এ-সকল অবহা আনতে হ'ত না। আপনা-আপনি সহসা হয়ে বেত। সে এক আশ্চর্ ব্যাপার! তাঁকে দেখেই ভো এ-সব ঠিক ঠিক বুঝতে পেরেছিলুম। প্রত্যহ একাকী ধ্যান করবি। সব আপনা-আপনি খুলে বাবে। বিভারপিণী মহামায়া ভেতরে ঘুনিয়ে রয়েছেন, छोरे नव बाना भाष्टिम ना। थे कुनकुछनिनीरे राष्ट्रन छिनि। शान করবার পূর্বে বধন নাড়ী ওদ্ধ করবি, তথন মনে মনে মূলাধারছ কুলকুওলিনীকে জোরে জোরে আঘাত করবি আর বলবি, 'জাগো মা. ৰাগোমা।' ধীরে ধীরে এ-সব অভ্যাস করতে হয়। Emotional side-টা (ভাৰ-প্রবণতা) ধ্যানের কালে একেবাবে দাবিয়ে দিবি। এটেই বড় खत्र। यात्रा वर्ष emotional ( छावश्रवन ), डारनत क्रुवनिनी कष्टक्ष ক'রে ওপরে ওঠে বটে, কিছু উঠতেও যতকণ নাবতেও ততকণ। यथन नार्यन, जथन धरकदादा नाधकरक व्यवः नारक निरम्न निरम् कार्यन । এক্ষ ভাবসাধনার সহায় কীর্তন-ফীর্ডনের একটা ভরানক দোব আছে। নেচেকুঁদে সাময়িক উচ্ছানে এ শক্তির উর্ধাণতি হয় বটে, কিছ ছারী হয় না, নিমগামিনী হ্বার কালে জীবের ভয়ানক কামবৃত্তির আধিক্য হয়। আমার আমেরিকার বক্তা তনে সামরিক উচ্ছালে অনেকের ভাব হ'ত—কেউ বা জড়বৎ হয়ে বেত। অহুসন্ধানে পরে জানতে পেরেছিলাম, ঐ অবহার পরই অনেকের কাম-প্রবৃত্তির আধিক্য হ'ত। ঠিকঠিক ধ্যানধারণার অনভ্যাদেই ওক্ষপ হয়।

শিষ্য। মহাশয়, এ-সকল গুড় সাধন-মহস্য কোন শাল্পে পড়ি নাই। আজ নুতন কথা ভনিলাম।

ষামীলী। সৰ সাধন-বহন্ত কি জার শান্তে আছে । এগুলি গুরু-শিশ্বপরস্পরায় চলে জাসছে। খ্ব সাবধানে ধ্যানধারণা করবি। সামনে
হুগজি ফুল রাধবি, ধুনা জালবি। বাতে মন পবিত্র হয়, প্রথমতঃ
তাই করবি। গুরু-ইটের নাম করতে করতে বলবি: জীব-জগৎ
সকলের মলল হোক। উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম জধঃ উর্ধ্ব—সব
দিকেই শুভ সহল্লের চিন্তা ছড়িয়ে ভবে ধ্যানে বসবি। এইরুণ
প্রথম প্রথম করতে হয়। তারপর স্থিন হয়ে বসে—হে-কোন
মূধে বসলেই হ'ল—মন্ত্র দেবার কালে বেমনটা বলেছি, সেইরুণ
ধ্যান করবি। একদিনও বাদ দিবিনি। কাজের বঞ্চাট থাকে তো
জন্তঃ পনর মিনিটে সেরে নিবি। একটা নিঠা না থাকলে কি
হয় রে বাণ ?

वहेवात चामीको उभरत बाहर्र बाहर्र वनिर नानितन:

তোদের অরেই আআদৃষ্টি খুলে বাবে। বখন হেথায় এলে পড়েছিস, তখন
যুক্তি-ফুক্তি তো ডোদের করতলে। এখন ধ্যানাদি করা ছাড়া আর্তনাদপূর্ণ সংসারের ছঃখণ্ড কিছু দূর করতে বছপরিকর হরে লেগে বা দেখি।
কঠোর সাধনা ক'রে এ দেহ পাত ক'রে ফেলেছি। এই হাড়সাসের
বাচায় আর বেন কিছু নেই। ডোরা এখন কাজে লেগে বা, আমি
একটু জিলাই। আর কিছু না পারিস, এইসব বভ শান্ত-ফাল্ল পড়ালি
এর কথা জীবকে শোনাগে। এর চেয়ে আর দান নেই। আন-দানই
স্বজ্জিট দান।

88

স্থান—বেল্ড মঠ কাল—১৯০২

ষামীজী মঠেই ক্ষমান করিতেছেন। শাগ্ধালোচনার কল্প মঠে প্রতিদিন প্রশোজন-ক্লান হইতেছে। খামী গুলানন্দ, বিরজানন্দ ও ব্যন্তানন্দ এই ক্লানে প্রধান জিজান্থ। এরপ শান্তালোচনাকে খামীজী 'চর্চা' শন্দে নির্দেশ করিতেন এবং চর্চা করিতে সন্মানী ও ব্রন্ধচারিগণকে সর্বদা বছ্ধা উৎসাহিত করিতেন। কোন দিন প্রতা, কোন দিন ভাগবত, কোন দিন বা উপনিষৎ ও ব্রহ্মস্ত্র-ভায়ের আলোচনা হইতেছে। খামীজীও প্রান্ত নিত্তাই তথায় উপস্থিত থাকিয়া প্রশ্নগুলির মীমাংসা করিয়া দিতেছেন। খামীজীর আলেশে একদিকে বেমন কঠোর নিরমপূর্বক ধ্যান-ধারণা চলিয়াছে, অপরদিকে তেমনি শান্তালোচনার জন্ম ঐ ক্লানের প্রান্তাহিক অধিবেশন হইতেছে। তাঁহার শাসন সর্বদা শিরোধার্য করিয়া সকলেই তৎপ্রবর্তিত নিরম অন্থ্যরণ করিয়া চলিতেন। মঠবাসিগণের আহার, শয়ন, পাঠ, ধ্যান—সকলই এখন কঠোর-নিরম্বছ।

আৰু শনিবার। স্বামীকীকে প্রণাম করিয়া উপবেশন্ন করিবামান্ত শিশ্র জানিতে পারিল, তিনি তথনই বেড়াইতে বাহির হইবেন, স্বামী প্রেমানদকে দলে বাইবার জন্ত প্রস্তুত হইতে বলিয়াছেন। শিশ্রের একান্ত বাসনা বামীজীর দলে বার, কিন্ত জন্মতি না পাইলে বাওয়া কর্তব্য নহে—ভাবিয়া বদিয়া রহিল। স্বামীজী আলখালা ও গৈরিক বসনের কান্টাকা টুপী পরিয়া একগাছি মোটা লাঠি হাতে করিয়া বাহির হইলেন—শন্তাতে স্বামী প্রেমানন্দ। বাইবার পূর্বে শিশ্রের দিকে চাহিয়া বলিলেন, 'চল্ বাবি?' শিক্ত রুজকুতার্থ হইয়া স্বামী প্রেমানন্দের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিল।

কি ভাবিতে ভাবিতে খামীনী খন্তমনে পথ চলিতে লাগিলেন। কমে প্রাণ ট্রাছ বোভ ধরিয়া অঞ্জনর হইতে লাগিলেন। শিল্প খামীধীর ঐরপ ভাব দেখিয়া কথা কহিয়া ভাহার চিন্তা ভল করিতে লাহনী না হইয়া প্রেমানন্দ মহারাধ্যের সহিত নানা গল করিতে করিতে ভাঁহাকে বিজ্ঞানা করিল, 'মহাশর, স্বামীজীর মহত্ত্ব সহজে ঠাকুর আগনাদের কি বলিতেন, তাছাই বলুন।' স্বামীজী তথন কিঞিৎ অগ্রবর্তী হইয়াছেন।

স্বামী প্রেমানন্দ। কত কি বলতেন তা ভোকে একদিনে কি ব'লব ?
কথনও বলতেন, 'নরেন অথতের ঘর থেকে এদেছে।' কথনও
বলতেন, 'ও আমার শুভরঘর।' আবার কথনও বলতেন, 'এমনটি
জগতে কথনও আসেনি—আসবে না।' একদিন বলেছিলেন, 'মহামারা ওর কাছে বেতে ভয় পায়!' বাভাবিকই উনি তথন কোন
ঠাকুরদেবতার কাছে মাথা নোয়াতেন না। ঠাকুর একদিন সন্দেশের
ভেতরে ক'রে ওঁকে জগলাথদেবের মহাপ্রসাদ থাইয়ে দিয়েছিলেন।
পরে ঠাকুরের কুপায় সব দেখে ভনে ক্রমে ক্রমে উনি সব মানলেন।

শিশু। মহাশন্ম, বান্তবিকই কথন কথন মনে হয়, উনি মাহ্য নছেন। কিন্তু আবার কথাবার্তা বলিবার এবং যুক্তি-বিচার করিবার কালে মাহ্য বলিয়া বোধ হয়। এমনি মনে হয় বেন কোন আবরণ দিয়া সেসময় উনি আপনার যথার্থ করুপ বুঝিতে দেন না!

প্রেমানন্দ। ঠাকুর বলতেন, 'ও যথনি জানতে পারবে—ও কে, তথনি জার এখানে থাকবে না, চলে বাবে।' তাই কাজকর্মের ভেতরে নরেনের মনটা থাকলে আমরা নিশ্চিম্ভ থাকি। ওকে বেশী ধ্যানধারণা করতে দেখলে আমাদের ভয় হয়।

এইবার খামীজী মঠাভিম্থে প্রত্যাবৃত্ত হইতে লাগিলেন। ঐ সমরে খামী প্রেমানন্দ ও শিক্সকে নিকটে দেখিয়া তিনি বলিলেন, 'কিরে, তোদের কি কথা হচ্ছিল?' শিক্স বলিল, 'এই সব ঠাকুরের সহছে নানা কথা হইতেছিল।' উত্তর শুনিরাই খামীজী আবার অক্সনে পথ চলিতে চলিতে মঠে ফিরিয়া'আসিলেন এবং মঠের আমগাছের তলায় বে ক্যাম্পথাটথানি ভাঁহার বসিবার অক্ত পাতা ছিল, তাহাতে উপবেশন করিলেন এবং কিছু-কণ বিশ্রাম করিবার পরে মৃথ ধুইয়া উপরের বারান্দায় বেড়াইতে বেড়াইতে শিক্সকে বলিভে লাগিলেন ঃ

তোদের দেশে বেদান্তবাদ প্রচার করতে লেগে বা না কেন? ওথানে ভন্ননক তন্তবন্ত্রের প্রান্ত্রাব। অবৈভবাদের সিংহনাদে বাঙাল-দেশটা ভোলপাড় ক'রে ভোল্ দেখি, তবে জানব—তুই বেদান্তবাদী। ওদেশে প্রথম একটা বেদান্তের টোল খুলে দে—ভাতে উপনিবং, ব্রহ্মত্ত এইসব পড়া। ছেলেদের ব্রহ্মটর্থ শিক্ষা দে। আর বিচার ক'বে ভারিক পণ্ডিতদের হারিরে দে। শুনেছি, ভোদের দেশে লোকে কেবল স্থার্য্যান্তের কচকচি পড়ে। ওতে আছে কি? ব্যাপ্তিজ্ঞান আর অহ্মান—এই নিয়েই হরতো নৈয়ারিক পণ্ডিতদের মাসাবিধি বিচার চলেছে! আত্মজ্ঞানলাভের ভাতে আর কি বিশেষ সহায়তা হয় বল্? বেদান্ত-সিদ্ধান্ত ব্রন্ধতন্তের পঠন-পাঠন না হ'লে কি আর দেশের উপায় আছে রে? ভোদের দেশেই হোক বা নাগ-মহাশরের বাড়িভেই হোক একটা চতুম্পাঠী খুলে দে। তাতে এইসব সংশান্ত্র-পাঠ হবে, আর ঠাকুরের জীবন আলোচনা হবে। এরপ করলে ভোর নিজের কল্যাণের গঙ্গে সঙ্গে কভ লোকের কল্যাণ হবে। ভোর কীর্তিও থাকবে।

শিয়। মহাশর, আমি নামধণের আকাজ্ঞা রাখি না। তবে আপনি বেমন বলিতেছেন, সময়ে সময়ে আমারও ঐরপ ইচ্ছা হয় বটে। কিন্তু বিবাহ করিয়া সংসারে এমন জড়াইয়া পড়িয়াছি বে, মনের কথা বোধ হয় মনেই থাকিয়া বাইবে।

শামীঞী। বে করেছিন্ তো কি হয়েছে ? মা-বাপ ভাই-বোনকে অরবস্ত দিয়ে যেমন পালন করছিন, স্ত্রীকেও তেমনি করবি, বন্। ধর্মোপদেশ দিয়ে তাকেও তোর পথে টেনে নিবি। মহামারার বিভৃতি ব'লে দম্মানের চক্ষে দেখবি। ধর্ম-উদ্যাপনে 'সহধর্মিনী' ব'লে মনে করবি। অন্ত সময়ে অপর দশ জনের মতো দেখবি। এইরপ ভাবতে ভাবতে দেখবি মনের চঞ্চলতা একেবারে মরে যাবে। ভয় কি ?

খামীজীর অভয়বাণী শুনিয়া শিশু আখন্ত হইল।

আহারান্তে খামীজী নিজের বিছানায় উপবেশন করিলেন। অপর সকলের প্রমাদ পাইবার তথনও সময় হয় নাই। সেজগু শিক্ত খামীজীর প্রদেব। করিবার অবসর পাইল।

শামীজীও তাহাকে মঠের সকলের প্রতি শ্রদ্ধাসম্পন্ন হইবার জন্ত কথাছলে বলিডে লাগিলেন, 'এইসব ঠাকুরের সন্ধান দেখছিস, এরা সব অভ্ত ত্যাস্ত্রী, এদের সেবা ক'রে লোকের চিত্তভাছি হবে—মাত্মভত্ত প্রত্যক্ষ হবে ৷ 'পরি- প্রায়েন সেবরা'—সীতার উচ্চি শুনেছিল ডো? একের সেবা কর্মি, ডা হলেই সব হয়ে বাবে। তোকে এরা কড গ্রেহ করে, জানিল ডো?' শিস্ত। সহাশর, ইহাদের কিন্ত বুঝা বড়াই কঠিন বলিয়া মনে হয়। এক এক জনের এক এক ভাব।

খামীজী। ঠাকুর ওডাদ মালী ছিলেন কিনা। তাই হবেক রকম ফুল ছিরে এই সংঘরণ ভোড়াটি বানিরে গেছেন। বেধানকার বেটি ভাল, সব এতে এনে পড়েছে—কালে আরও কত আগবে। ঠাকুর বলতেন, 'বে একদিনের জন্তও অকণট মনে ঈশবকে ডেকেছে. ডাকে এপানে আসতেই হবে।' যারা সব এথানে রয়েছে, তারা এক একজন মহাসিংছ; আয়ার কাছে কুঁচকে থাকে ব'লে এদের সামান্ত মাছুষ ব'লে মনে করিদনি। এরাই আবার বধন বা'র হবে, তথন এদের দেখে লোকের চৈডভ হবে। অনম্ব-ভাবময় ঠাকুরের অংশ ব'লে এদের कानि । कानि असन थे-काद स्वि। थे द बांधान नदाहरू, ওর মতো spirituality (ধর্মভাব) আমারও নেই। ঠাকুর ছেলে ব'লে ওকে কোলে করতেন, খাওরাতেন, একত শরন করতেন। ও जात्रादित मर्कत लाखा, जात्रादित दोखा। े वाद्वाम, इवि. সারদা, গলাধর, শরৎ, শনী, হুবোধ প্রভৃতির মতো ঈশরবিখাসী ছনিয়া ঘুরে দেখতে পাবি কি না সন্দেহ। এরা প্রভাকে ধর্ম-শক্তির এক একটা কেন্দ্রের মতো। কালে ওদেরও সব শক্তির বিকাশ ह्द्य ।

শিশ্য অবাক হইয়া শুনিতে লাগিল; খামীজী আবার বলিলেন, 'ভোদের' দেশ থেকে নাগ-নশার ছাড়া কিন্তু আর কেউ এল না। আর ছ্-একজন যারা, ঠাকুরকে দেখেছিল, ভারা তাঁকে ধরতে পারলে না।' নাগ-বহাশরের কথা অরণ করিয়া খামীজী কিছুক্পের জন্ত হির হইয়া রহিলেন। খামীজী শুনিরাছিলেন, এক সমরে নাগ-মহাশরের বাড়িতে গলার উৎস উঠিয়াছিল। সেই কথাটি অরণ করিয়া শিক্তকে বলিলেন, 'হ্যারে, ঐ ঘটনাটা কিরপ বল্ দিকি।'

শিক্ত) আমিও ঐ ঘটনা ভনিয়াছি মাত্র,—চক্ষে দেখি নাই। ভনিয়াছি, একবার মহাবারুণীবোগে শিভাকে সলে করিয়া নাগ-মহাশুর কলিকাভা আদিবার অন্ত প্রস্তুত হন। কিন্তু লোকের ভিড়ে পার্ড়ি না পাইরা

ভিন-চার দিন নারারণগথে থাকিয়া বাড়িতে কিরিরা আদেন। অগত্যা
নাগ-মহাশয় কলিকাতা বাওয়ার সহর ত্যাগ করেন এবং পিভাকে বলেন,
'মন শুরু হ'লে মা গলা এখানেই আদ্বেন।' পরে ঘোগের সময় বাড়ির
উঠানের মাটি ভেদ করিয়া এক জলেয় উৎস উঠিয়ছিল—এইয়প
শুনিয়ছি। বাহারা দেখিয়াছিলেন, তাহাদের অনেকে এখনও জীবিত
আছেন। আমি তাহার সকলাভ করিবার বহু পূর্বে ঐ ঘটনা ঘটয়াছিল।
শামীজী। তার আর আশ্বর্ধ কি ? তিনি সিহুসহর মহাপুক্ষ; তার জঞ্জ
ঐরপ হওয়া আমি আশ্বর্ধ মনে করি না।

ৰলিতে বলিতে স্বামীন্ধী পাল ফিরিয়া শুইয়া একটু তন্ত্রাবিষ্ট হইলেন। শিক্ত প্রসাদ পাইতে উঠিয়া গেল।

#### 8¢

## স্থান—কলিকাতা হইতে নৌকাবোগে মঠে কাল—১৯০২

আৰু বিকালে কলিকাতার গলাতীরে বেড়াইতে বেড়াইতে শিশ্ব দেখিতে পাইল, কিছুদ্রে একজন সন্ধাসী আহিরিটোলার ঘাটের দিকে অগ্রসর হুইডেছেন। তিনি নিকটয় হুইলে শিশ্র দেখিল, সাধু আর কেহ নন— ভাহারই গুলু, স্বামী বিবেকানন্দ। স্বামীজীর বামহত্তে শালপাতার ঠোঙার চানাচুর ভালা; বালকের মতো উহা থাইতে থাইতে তিনি আনন্দে পথে অগ্রসর হুইডেছেন। শিশ্র ভাঁহার চরণে প্রণত হুইরা ভাঁহার হুঠাৎ কলিকাতা— স্বাগমনের কারণ জিজ্ঞাগা ক্রিল।

খামীজী। একটা লরকারে এলেছিল্ম। চল, তুই মঠে বাবি ? চারটি চানাচুর ভাজা খানা ? বেশ হন-ঝাল আছে।

শিক্ত হানিতে হানিতে প্রসাদ গ্রহণ করিল এবং মঠে বাইতে খীকৃত হইল। খানীকী। তবে একখানা নোকো দেখু। শিশু দৌড়িয়া নৌকা ভাড়া করিতে গেল। ভাড়া লইয়া মাঝিদেয়
সহিত দরদক্ষর চলিতেছে, এমন সময় খামীজীও তথার আদিয়া পড়িলেন।
মাঝি মঠে পৌছাইয়া দিতে আট আনা চাহিল। শিশু হুই আনা বলিল।
'ওদের সলে আবার কি দরদক্ষর করছিল?' বলিয়া খামীজী শিশুকে নিরস্ত
করিলেন এবং মাঝিকে 'বা, আট আনাই দেবো' বলিয়া নৌকায় উঠিলেন।
ভাটার প্রবল টানে নৌকা অভি ধীরে অগ্রদর হুইতে লাগিল এবং মঠে
পৌছিতে প্রায় দেড় ঘণ্টা লাগিল। নৌকামধ্যে খামীজীকে একা পাইয়া
শিশু নিঃস্বোচে সকল বিষয় জিজাসা করিবার বেশ স্থবোগ লাভ করিল।

গত জ্বোৎসবের সময় শ্রীরামকৃষ্ণ-শুক্ত দিগের মহিমা কীর্তন করিয়া শিশু বে তব ছাপাইয়াছিল, তৎসম্বন্ধে প্রসঙ্গ উঠাইয়া স্বামীলী তাহাকে জিল্পাসা করিলেন, 'তুই ভোর রচিত তবে বাদের বাদের নাম করেছিদ, কি ক'রে জানলি—তাঁরা সকলেই ঠাকুরের সালেশাল ?'

শিশু। মহাশন্ন, ঠাকুরের সন্মানী ও গৃহী ভক্তদিগের নিকট এতদিন বাতায়াত করিভেছি, তাহাদেরই মূখে গুনিয়াছি—ইহারা সকলেই ঠাকুরের ভক্ত।

ষামীজী। ঠাকুরের ভক্ত হ'তে পারে, কিন্তু সকল ভক্তই তো তাঁর সাকোপালের ভেতর নয়? ঠাকুর কালীপুরের বাগানে আমাদের বলেছিলেন, 'মা দেখিয়ে দিলেন, এরা সকলেই এখানকার (আমার) অন্তর্ম লোক নয়।' স্ত্রী ও পুরুষ উভয় প্রকার ভক্তদের সম্বন্ধেই ঠাকুর সেদিন ঐক্লপ বলেছিলেন।

অনন্তর ঠাকুর নিজ ভক্তদিগের মধ্যে যে ভাবে উচ্চাবচ শ্রেণী নির্দেশ করিতেন, দেই কথা বলিতে বলিতে স্বামীজী ক্রমে গৃহস্থ ও সন্নাদ-জীবনের মধ্যে বে কতদূর প্রভেদ বর্তমান, ভাহাই শিশ্বকে বিশদরূপে ব্ঝাইয়া দিতে লাগিলেন।

খামীজী। কামিনী-কাঞ্চনের সেবাও করবে, আর ঠাকুরকেও ব্রবে—এ কি কথনও হয়েছে ?—না, হ'তে পারে ? ও-কথা কথনও বিখাদ করবিনি। ঠাকুরের ভক্তদের ভেডর অনেকে এখন 'ঈবরকোটা' 'অস্তর্ক' ইত্যাদি ব'লে আপনাদের প্রচার করছে। তাঁর ত্যাগ-বৈশ্বাগ্য কিছুই নিভে পারলে না, অথচ বলে কিনা তারা স্ব ঠাকুরের অস্তর্কর ভক্ত। ও-স্ব কথা বেঁটিয়ে কেলে দিবি। বিনি ত্যাপীর 'বাদশা', তাঁর কুণা পেয়ে কি কেউ কথন কাম-কাঞ্চনের দেবার জীবনবাপন করতে পায়ে ?

শিশু। তবে কি মহাশর, বাঁহারা দক্ষিণেখরে ঠাকুরের নিকট উপস্থিত হইয়াছিলেন, তাঁহারা সকলেই ঠাকুরের ভক্ত নন ?

স্বামীলী। তা কে বলছে? নকলেই ঠাকুরের কাছে বাভায়াত ক'রে spirituality ( ধর্মাছভৃতি )র দিকে অগ্রসর হয়েছে, হচ্ছে ও হবে। ভারা সকলেই ঠাকুরের ভক্ত। তবে কি জানিস, সকলেই কিছু তাঁর অন্তরণ নয়। ঠাকুর বলতেন, 'অবতারের সঙ্গে করান্তরের সিদ্ধ ঋষির। দেহধারণ ক'বে জগতে আগমন করেন। তাঁরাই ভগবানের দাকাৎ পাৰ্বদ। তাঁদের ঘারাই ভগবান কার্য করেন বা জগতে ধর্মভাব প্রচার করেন।' এটা জেনে রাখবি--- অবভারের সাংগাপাদ একমাত্র তারাই. যাঁৱা পরার্থে সর্বত্যাগী, যাঁৱা ভোগস্থু কাকবিষ্ঠার মতো পরিত্যাগ ক'রে 'লগদ্ধিতায়' 'লীবহিতায়' জীবনপাত করেন। ভগবান ঈশার শিয়োরা সকলেই সন্নাসী। শহর, রামাছজ, প্রীচৈডক্ত ও বৃদ্ধদেরের সাক্ষাৎ क्रभाश्राश मनीवा नकरनरे मर्वजानी मद्यामी। এर मर्वजानी नहामीवारे গুরুপরম্পরাক্রমে জগতে বন্ধবিভা প্রচার ক'রে খাদছেন। কোধার কবে শুনেছিস—কামকাঞ্নের দাস হয়ে থেকে মাহুব মাছুবকে উদ্ধার করতে বা ঈশ্বরলাভের পথ দেখিয়ে দিতে পেরেছে 📍 আপনি মুক্ত না হ'লে অপরকে কি ক'রে মৃক্ত করবে ? বেদ-বেদান্ত ইতিহাস-পুরাণ गर्वत प्रश्वाक भावि-मन्नाभीताई गर्वकाल गर्वप्रता लाक श्रमका धर्मक উপদেষ্টা হয়েছেন। History repeats itself—यथा পূর্বং তথা পরম —এবারও তাই হবে। মহাসমন্ত্রাচার্ব ঠাকুরের কৃতী সন্ত্রাসী সন্তানগণই ্লোকগুরুরণে অগতের সর্বত্র পুলিড হচ্ছে ও হবে। ত্যাগী ভিন্ন অন্তের কথা ফাকা আওয়াদের মতো শুক্তে লীন হয়ে যাবে। মঠের বধার্থ ত্যাগী नह्यांनिश्गे धर्मकार-क्रमा ७ श्राह्म वहारकश्चन्न हरत । वृक्षि ? শিক্ত। তবে ঠাকুরের গ্রহম ভক্তেরা যে তাঁহার কথা নানাভাবে প্রচার করিতেছে, সে-দব কি দত্য নম্ন ?

শ্বামীজী। একেবারে সভ্য নয়—বলা বার না ; ভবে ভারা ঠাকুরের সহছে বা বলে, ভা সব partial truth ( আংশিক সভ্য )। বে বেমন আধার, সে ঠাকুরের ততটুকু নিয়ে তাই আলোচনা করছে। ঐরণ কয়টা সম নর। তবে তাঁর ভজের যধ্যে এরপ যদি কেহ বুষে থাকেন বে, ভিনি বা ব্ৰেছেন বা বলছেন, ভাই একমাত্ৰ সভ্য, ভবে ভিনি বরার পাত্ত। ঠাকুরকে কেউ বলছেন—ডাল্লিক কৌল, কেউ বলছেন—চৈডগুলেব 'নাবদীয়া ভক্তি' প্রচার করতে জয়েছিলেন, কেহ বলছেন-নাথনভজন করাটা ঠাকুরের অবভারত্বে বিখানের বিরুদ্ধ, কেউ বলছেন-সন্মাসী হওয়া ঠাকুবের অভিমত নয়, ইত্যাদি কত কথা গৃহী ভজ্ঞদের মূখে ভনবি; ও-সব কথায় কান দিবিনি। ডিনি বে কি, কভ কভ পূৰ্বগ-অবতারগণের অমাটবাঁধা ভাররাজ্যের রাজা, তা জীবনগাতী তপস্তা করেও একচুল বুঝতে পারলুম না! তাই তার কথা সংঘত হয়ে বলতে হয়। যে বেমন আধার, তাঁকে তিনি ততটুকু দিয়ে ভরপুর ক'রে গেছেন। তাঁর ভাবসমূত্রের উচ্ছাদের একবিন্দু ধারণা করতে পারনে মাহুৰ তথনি দেবতা হয়ে যায়। সৰ্বভাবের এমন সমন্বয় জগতের ইতিহাসে আর কোথাও কি খুঁকে পাওয়া যায়? এই থেকেই বোঝ-ভিনি কে দেহ ধ'রে এসেছিলেন। অবতার বললে তাঁকে ছোট করা হয়। তিনি বথন তাঁর সন্মাসী ছেলেদের বিশেবভাবে উপদেশ দিতেন, তথন অনেক সময় নিজে উঠে চারিদিক খুঁজে দেখতেন—কোন গেরন্ত দেখানে আছে কি না। যদি দেখভেন—কেউ নেই বা আসছে না, তবেই জলভ ভাষায় ত্যাগ-তপশুার মহিমা বর্ণন করতেন। সেই সংসার-বৈরাগ্যের প্রবল উদীপনাতেই তো আমবা সংসারত্যাগী উলাসীন।

শিশ্ব। গৃহস্থ ও সন্থাসীদের মধ্যে তিনি এত প্রভেদ রাখিতেন ?
সামীলী। তা ঠার গৃহী ভক্তদেরই জিল্লাসা ক'রে দেখিস না। বুবেই দেখ্
না কেন—তাঁর যে-সব সন্তান ঈশরলান্তের জন্ত ঐত্কি জীবনের সমন্ত
ভোগ ত্যাগ ক'রে পাহাড়ে-পর্বতে, তীর্থে-আশ্রমে তপস্থার দেহপাত
করছে, তারা বড়—না বারা তাঁর সেবা বন্দনা শরণ সনন করছে
অথচ সংসারের মান্নামোহ কাটিয়ে উঠতে পারছে না, তারা বড় ? বারা
আ্রাজ্ঞানে জীবসেবার জাবনপাত করতে অগ্রসন্ত, বারা আত্রার
উর্ধ্বেতা, বারা ত্যাগ-বৈরাগ্যের মৃত্রিনান চলবিগ্রহ, তারা বড়—না

- यांक्रा माहित मर्छ। अक्यात क्रूल यान, भवक्रतिहै व्यापात विक्रांत वर्गह, छात्रा यक्ष ? अ-मर निष्कृष्टे युर्ख (४४)।
- শিশু। কিন্তু মহাশর, বাঁহারা তাঁহার (ঠাকুরের) কুপা পাইরাছেন, তাঁহাদের আবার সংসার কি ? তাঁহারা গৃহে থাকুন বা সন্তাস অবসংন করুন, উভয়ই সমান—আমার এইরূপ বলিয়া বোধ হয়।
- শামীজী। তাঁব কৃপা বারা পেরেছে, তাদের মন বৃদ্ধি কিছুতেই আর সংসারে আদক্ত হ'তে পারে না। কৃপার test (পরীক্ষা) কিছু হচ্ছে কাম-কাঞ্চনে অনাসন্তি। দেটা যদি কারও না হরে থাকে, তবে সে ঠাকুরের কৃপা কথনই ঠিক ঠিক লাভ করেনি।
- পূর্ব প্রসদ এইরণে শেষ হইলে শিশু জন্ম কথার অবভারণা করিয়া খামীজীকে জিঞাসা করিল, 'মহাশন্ধ, আপনি বে দেশবিদেশে এত পরিশ্রম করিয়া গেলেন, ইছার ফল কি হইল ?'
- খামীজী। কি হরেছে, তার কিছু কিছু মাত্র তোরা দেখতে পাবি। কালে পৃথিবীকে ঠাকুরের উদার ভাব নিডে হবে, তার হুচনা হয়েছে। এই প্রবল বস্তামুধে সকলকে ভেসে বেডে হবে।
- শিশু। আপনি ঠাকুরের সহছে আরও কিছু বলুন। ঠাকুরের প্রসদ আপনার মুখে শুনিতে বড় ভাল লাগে।
- শামীনী। এই ডো কভ কি দিনরাত শুনছিদ। তাঁর উপমা ডিনিই। তাঁর কি ভুলনা আছে রে?
- শিশু। বহাশর, আমরা তো তাঁহাকে দেখিতে পাই নাই। আমাদের উপার ?
  আমীজী। তাঁর সাক্ষাং রূপাঞাপ্ত এইসব সাধুদের সন্দাভ তো করেছিন,
  ভবে আর তাঁকে দেখলিনি কি ক'রে বল্? তিনি তাঁর ত্যাগী
  সন্তানদের মধ্যে বিরাজ করছেন। তাঁদের সেবাবন্দনা করকে
  কালে তিনি revealed (প্রকাশিত) হবেন। কালে সব দেখতে
  পাবি।
- শিক্ত। আছে। বহাশর, আপনি ঠাকুরের রূপাপ্রাপ্ত অন্ত সকলের কথাই বলেন। আপনার নিজের সহজে ঠাকুর বাহা বলিতেন, সে কথা ভো কোন দিন কিছু বলেন না।

খামীকী। আমার কথা আর কি ব'লব? দেখছিল তো, আমি তাঁর দৈত্যদানার ভেতরকার একটা কেউ হবো। তাঁর সামনেই কথন কথন তাঁকে গালমন্দ করতুম। তিনি শুনে হাসতেন।

ৰলিতে বলিতে স্থামীজীর মুখমণ্ডল স্থির গন্তীর হইল। গন্ধার দিকে
শৃক্তমনে চাছিয়া কিছুক্ষণ হিরভাবে বদিয়া রহিলেন। দেখিতে দেখিতে সন্ধ্যা
হইল। নৌকাও ক্রমে মঠে পৌছিল। স্থামীজী তখন স্থাপন মনে গান
ধরিয়াছেন—

<sup>4</sup>( কেবল ) আশার আশা, ভবে আসা, আসামাত্র সার হ'ল। এখন সন্ধ্যাবেলায় ঘরের ছেলে ঘরে নিয়ে চলো।' ইত্যাদি

গান শুনিয়া শিশু শুন্তিত হইয়া স্বামীজীর মুখপানে তাকাইয়া রহিল। গান সমাপ্ত হইলে স্বামীজী বলিলেন, 'তোদের বাঙালদেশে স্বর্ফ গায়ক জ্মায় না। মা-গলার জল পেটে না গেলে স্বর্ফ হয় না।'

এইবার ভাড়া চুকাইরা স্বামীন্ধী নৌকা হইতে অবতরণ করিলেন এবং স্থামা থূলিয়া মঠের পশ্চিম বারান্দায় বসিলেন। স্থামীন্ধীর গৌরকান্তি এবং গৈরিকবসন সন্ধ্যার দীপালোকে অপূর্ব শোভা ধারণ করিল।

89

## হ্বান—বেল্ড় মঠ কাল—জুন ( শেব সপ্তাহ ), ১৯০২

আছ ১৩ই আবাঢ়। শিশ্ব বালি হইতে সন্ধার প্রাক্কালে মঠে আদিয়াছে। বালিতেই তখন তাহার কর্মহান। অন্ত সে অফিসের পোশাক পরিয়াই আদিয়াছে। উহা পরিবর্তন করিবার সময় পায় নাই। আদিয়াই খামীজীর পাদপলে প্রণত হইয়া সে তাঁহার শারীরিক কুশল জিজাসাকরিল। খামীজী বলিলেন, 'বেশ আছি। (লিশ্রের পোশাক দেখিয়া) তুই কোটপ্যান্ট পরিস্, কলার পরিসনি কেন ?' ঐ কথা বলিয়াই নিকটয় খামী সারদানন্দকে ভাকিয়া বলিলেন, 'আমার বে-সব কলার আছে, তা

থেকে ছটো কলার একে কাল দিল তো।' পারদানন্দ-স্থামীও স্থামীজীর আদেশ শিরোধার্য করিয়া লইলেন।

অতঃপর শিশু মঠের অন্ধ এক গৃহে উক্ত পোশাক ছাড়িয়া হাতমুখ ধুইয়া খামীজীর কাছে আসিল। খামীজী তখন তাহাকে লক্ষ্য করিয়া বলিলেন: আহার, পোশাক ও জাতীয় আচার-ব্যবহার পরিত্যাগ করলে জমে আতীয়খ-লোপ হয়ে যায়। বিভা সকলের কাছেই শিখতে পারা যায়। কিন্তু বে বিভালাতে জাতীয়খের লোপ হয়, তাতে উন্নতি হয় না—অধঃপাতের স্চনাই হয়।

শিশ্ব। মহাশয়, অফিস-অঞ্জে এখন সাহেবদের অহুমোদিত পোশাকাদি না পরিলে চলে না।

খামীজী। তা কে বারণ করছে? অফিদ-অঞ্চলে কার্যান্তরোধে এক্লপ পোশাক পরবি বইকি। কিন্তু ঘরে গিয়ে ঠিক বাঙালী বাবু হবি। সেই কোঁচা-মূলানো, কামিজ-গায়, চাদর কাঁধে। বুঝলি?

শিয়। আভে হা।

স্বামীজী। তোরা কেবল সার্ট (কামিজ) পরেই এ-বাড়ি ও-বাড়ি বাস্— ওদেশে (পাশ্চাত্যে) ঐরপ পোশাক প'রে লোকের বাড়ি বাওয়া ভারি অভস্রতা—naked (নেংটো) বলে। সার্টের উপর কোট না পরলে, ভস্তলোকের বাড়ি চুকতেই দেবে না। পোশাকের ব্যাপারে ভোরা কি ছাই অমুক্রণ করতেই শিথেছিস্! আলকালকার ছেলে-ছোকরারা বেসব পোশাক পরে, তা না এদেশী, না ওদেশী—এক অভুড সংমিশ্রণ।

এইরপ কথাবার্তার পর স্বামীজী গলার ধারে একটু পদচারণা করিতে ' লাগিলেন। সলে কেবল শিক্সই রহিল। শিক্ত সাধন' সম্বন্ধে একটি কথা এথন স্বামীজীকে বলিবে কি না, ভাবিতে লাগিল।

यांगीकी। कि छांबहिन्? वरनहें देशन् ना।

নিয়। (সলজভাবে) মহাশয়, ভাবিভেছিলাম বে, আপনি যদি এমন একটা
- কোন উপায় শিথাইয়া দিতেন, বাহাতে খ্ব শীত্র মন বির হইয়া বায়,
বাহাতে খ্ব শীত্র প্রানস্থ হইতে পারি, তবে খ্ব উপকার হয়। সংসারচক্রে
পড়িয়া সাধন-ভঞ্নের সমরে মন স্থির করিতে পারা ভার-।

শিক্ষের এক্সণ দীনতা-দর্শনে সম্ভোব লাভ করিয়া খামীলী শিক্সকে সংক্ষেত্র বলিলেন, 'থানিক বাদে আমি উপরে বধন একা থাকব, তথন ভূই খাস্। ঐ বিষয়ে কথাবার্তা হবে এখন।'

শিশু আনম্পে অধীর হইরা স্বামীজীকে পুনংপুনং প্রণাম করিতে লাগিল। স্বামীজী 'থাক্ থাক্' বলিতে লাগিলেন।

কিছুক্দণ পরে স্বামীন্সী উপরে চলিয়া গেলেন।

শিশু ইত্যবসরে নীচে একজন সাধুর সবে বেদান্তের বিচার আরম্ভ করিয়া দিল এবং ক্রমে বৈতাবৈত্মতের বাগবিততার মঠ কোলাহলময় হইয়া উঠিল। গোলবোগ দেখিয়া খামী শিবানন্দ মহারাজ তাহাদের বলিলেন, 'এরে, আতে আতে বিচার কর্; অমন চীৎকার করলে খামীজীর ধ্যানের ব্যাঘাত হবে।' শিশু ঐ কথা ভনিয়া খির হইল এবং বিচার সাল করিয়া উপরে খামীজীয় কাছে চলিল।

শিশু উপরে উঠিয়াই দেখিল—খামীকী পশ্চিমান্তে মেজেতে বিদ্যা ধ্যানছ হইরা আছেন। মুধ অপূর্বভাবে পূর্ব, যেন চক্রকান্তি ফুটিয়া বাহির হইতেছে। উহার সর্বান্ত একেবারে স্থিন—যেন 'চির্জার্শিভারন্ত ইবার্তত্বে'। স্বামীকীর সেই ধ্যানস্থ মুর্তি দেখিয়া সে অবাক হইয়া নিকটেই দাঁড়াইয়া বহিল এবং বহক্ষণ দাঁড়াইয়া থাকিয়াও খামীকীর বাহু হঁশের কোন চিহ্ন না দেখিয়া নিঃশব্দে ঐ স্থানে উপবেশন করিল। আরও অর্থ ঘণ্টা অতীত হইলে স্বামীকীর ব্যাবহারিক অগৎসম্বন্ধীয় আনের যেন একটু আভাস দেখা গেল; তাঁহার বন্ধ পাণিপদ্ম কম্পিত হইতেছে, শিশু দেখিতে পাইল। উহার পাঁচ-সাভ মিনিট বাদেই স্বামীকী চক্ষ্মনীলন করিয়া শিশ্বের প্রতি চাহিয়া বলিলেন, 'কথন এখানে এলি ?'
শিশ্ব। এই কভক্ষণ আসিয়াছি।

খামীকী। তাবেশ। এক গাদ জন নিয়ে আয়।

শিশু ভাড়াতাড়ি খামীলীর জন্ম নির্দিষ্ট কুঁজো হইতে জল নইয়া আদিল।
খামীজী একটু জল পান করিয়া গ্রানটি শিশুকে খণাছানে রাখিতে বলিলেন।
শিশু এক্নণ করিয়া আদিয়া পুনরায় খামীজীর কাছে বদিল।

षांत्रीकी। बाक् ध्व शांन क्रावितः।

শিষ্ক। মহাশয়, ধ্যান করিতে বদিলে মন বাহাতে ঐরপ ড্বিয়া বার, ভাহা আমাকে শিধাইয়া দিন।

- বামীনী। তোকে দব উপার তো পূর্বেই ব'লে দিয়েছি, প্রত্যাহ দেই প্রকার ধ্যান করবি। কালে টের পাবি। আচ্ছা, বল্ দেবি ভোর কি ভাল লাগে?
- শিক্ষ। মহাশন্ধ, আপনি বেরপ বলিরাছেন সেরপ করিরা থাকি, তথাপি আমার ধ্যান এখনও ভাল জমে না। কখন কখন আবার মনে হয়— কি হইবে ধ্যান করিয়া? অতএব বোধ হয় আমার ধ্যান হইবে না, এখন আপনার চিরদামীপ্যই আমার একাস্ক বাছনীয়।
- খামীনী। ও-সব weakness-এর ( তুর্বলভার ) চিহ্ন। সর্বদা নিভ্যপ্রভাক্ষ আত্মায় ভন্ময় হয়ে যাবার চেষ্টা করবি। আত্মদর্শন একবার হ'লে সব হ'ল—জন্ম-মৃত্যুর পাশ কেটে চলে যাবি।
- শিয়। আপনি রূপা করিয়া তাহাই করিয়া দিন। আপনি আজ নিরিবিলি আসিতে বলিয়াছিলেন, ডাই আসিয়াছি। আমার বাতে মন হির হয়, তৎসম্বন্ধে কিছু করিয়া দিন।
- স্বামীন্দ্রী। সময় পেলেই ধ্যান করবি। স্বয়া-পথে মন যদি একবার চলে বায় তো আপনা-আপনি সব ঠিক হয়ে বাবে—বেশী কিছু আর করতে হবে না।
- শিশু। আপনি তো কত উৎসাহ দেন। কিন্তু আমার সভ্য-বন্ধ প্রত্যক হইবে কি ?
- খামীজী। হবে বইকি। আকটি-ত্রন্ধা সব কালে মুক্ত হয়ে যাবে—আর তুই হবিনি ? ও-সব weakness ( হুর্বপতা ) মনেও স্থান দিবিনি।
- ় পরে বলিলেন: শ্রহাবান্ হ, বীর্ষবান্ হ, আত্মন্তান লাভ কর্, আর 'পরহিভার' জীবনপাত কর—এই আমার ইচ্ছা ও আনীর্বাদ।

चलः भव अमारमव घन्छ। भण्डा विमारमन, 'वा अमारमव घछ। भएए ह ।'

শিশু স্থানীজীর পদপ্রান্তে প্রণত হইয়া কুণাভিক্ষা করায় স্থানীজী শিশুর মন্তকে হাত দিয়া স্থানীর্বাদ করিলেন এবং বলিলেন, 'আমার স্থানীর্বাদ বিদি তোর কোন উপকার হয় তো বলছি—ভগবান্ রামকৃষ্ণ তোকে কুণা করুন। এর চেয়ে বড় স্থানীর্বাদ স্থানি জানি না।

শিশু এইবার আনন্দিত মনে নীচে নামিরা আদিয়া শিবানন্দ মহারাজকে স্বামীজীর আশীবাদের কথা বলিল। স্বামী শিবানন্দ ঐ কথা শুনিয়া

বলিলেন, 'বাঃ বাঙাল, তোর সব হয়ে গেল। এর পর স্বামীন্দীর আশীর্বাদের ফল জানতে পারবি।'

আহারান্তে শিশু আর সে-রাত্রে উপরে যার নাই। কারণ স্বামীজী আজ সকাল-সকাল নিত্রা যাইবার জন্ম শরন করিয়াছিলেন।

পরদিন প্রত্যাবে শিশুকে কার্বান্থরোধে কলিকাতার ফিরিয়া বাইতেই হইবে। স্বতরাং তাড়াতাড়ি হাতম্থ ধুইয়া লে উপরে বামীজীর কাছে উপস্থিত হইলে তিনি বলিলেন, 'এখনি বাবি ?'

শিক্ত। আৰু হা।

স্বামীজী। স্বাগামী রবিবারে স্বাসৰি তো?

শিকা। নিশ্চয়।

স্বামীনী। তবে স্বায়; ঐ একথানি চলতি নৌকাও স্বাসছে।

শিশু স্বামীজীর পাদপদ্মে এ-জ্বরের মতো বিদায় লইয়া চলিল। সে তথনও জানে না বে, তাহার ইষ্টদেবের সঙ্গে সুলশরীরে তাহার এই শেষ দেখা। স্বামীজী তাহাকে প্রদল্পনে বিদায় দিয়া পুনরায় বলিলেন, 'রবিবারে স্বাসিদ্।' শিশুও 'স্বাসিব' বলিয়া নীচে নামিয়া গেল।

খামী সারদানন্দ তাহাকে যাইতে উত্তত দেখিয়া বলিলেন, 'এরে, কলার তুটো নিয়ে যা। নইলে খামীজীর বকুনি খেতে হবে।' শিশু বলিল, 'আজ বড়াই তাড়াতাড়ি, আর একদিন লইয়া যাইব—খাপনি খামীজীকে এই কথা বলিবেন।'

চলতি নৌকার মাঝি ডাকাডাকি করিতেছে, স্বতরাং শিশু ঐ কথাগুলি বলিতে বলিতেই নৌকার উঠিবার জগু ছুটিল। শিশু নৌকার উঠিয়াই দেখিতে পাইল, খামীজী উপরের বারান্দায় পারচারি করিতেছেন। দে তাঁহার উদ্দেশে প্রণাম করিয়া নৌকার ভিতরে প্রবেশ করিল। নৌকা ভাটার টানে আধ ঘণ্টার মধ্যেই আহিরিটোলার ঘাটে প্রছছিল।

<sup>🏅</sup> ১ ২০শে আবাঢ়, ৪ঠা জুলাই—পরবর্তী শুক্রবার সন্ধ্যায় স্বামীজী মহাসমাধিতে প্রবেশ করেন।

# স্বামীজীর সহিত হিমালয়ে

## প্রকাশকের নিবেদন হইতে

'ৰামীন্ধীর সহিত হিমালয়ে' ভগিনী নিবেদিতার 'Notes of some Wanderings with the Swami Vivekananda' নামক ইংরেন্ধী গ্রন্থের বন্ধায়বাদ।…

এই গ্রন্থে গ্রন্থকর্ত্তী তাঁহার গুরুদেবের সহিত আলমোড়া, নৈনীতাল প্রভৃতি ছানে এবং কাশীরের নানাস্থানে ভ্রমণের করেকখানি জীবস্ত চিত্র অভিত করিয়াছেন। তবে ইহা সাধারণ ভ্রমণবৃত্তান্তের স্থায় নহে। বর্তমান যুগের ছুইজন মহামনীধীর ভাবের সংঘর্ষের চিত্র পুশুক্থানির ছুত্তে ছুত্তে বিভ্রমান।

নিবেদিতার সমৃদয় কথাগুলিই ভাবপূর্ণ, এবং বর্ণনাপেক্ষা ইলিভের বারাই পাঠকের ব্রুদয়ে নৃতন নৃতন ভাব ও চিস্তাতরদের স্পটর চেষ্টা করে। নিবেদিতার নিজের ভাষায় তাঁহার এই প্রন্থের প্রতিপাদিত বিষয় সমজে আমরা বলি, 'এমন সব সময় আদিয়াছে, যাহা ভূলিবার নয়; এমন সব কথা ভনিয়াছি যাহা আমাদের সারা জীবন ধরিয়া প্রতিধানিত হইতে থাকিবে।'…

কার্তিক, ১৩২৪

বশংবদ

প্রকাশক

বর্তমান সংগ্রন্থে প্রধানত স্বামীলীর কথাগুলিই চয়ন করা হইয়াছে, তৎসহ প্রয়োজনীয় পটভূমিকা সন্ধিবেশিত আছে।

## পূৰ্বভাষ

বাজিগণ—স্বামী বিবেকানন্দ, তাঁহার শুরুত্রাতৃবৃন্দ ও শিক্তমগুলী। করেক জন পাশ্চাত্য অন্ত্যাগত এবং শিক্ত—ধীরা মাতা, জয়া নামী এক মহিলা ও নিবেদিতা তাঁহাদের অক্ততম।

স্থান—ভারতের বিভিন্ন অংশ কাল—১৮৯৮ খুষ্টাব্দ

এ বংসর দিনগুলি কি স্থানরভাবেই না কাটিয়াছে! এই সময়েই যে আদর্শ বাস্তবে পরিণত হইয়াছে! প্রথমে নদীতীরে বেলুড়ের কুটারে, ডারপর হিমালয়-বক্ষে নৈনীতাল ও আলমোড়ার, পরিশেষে কাশ্মীরে নানা স্থানে পরিভ্রমণ-কালে—সর্বত্তই এমন সব সময় আসিয়াছিল, বাহা কথনও ভূলিবার নয়, এমন সব কথা শুনিয়াছি, বাহা আমাদের সারা জীবন ধরিয়া প্রতিধ্বনিত হুইতে থাকিবে।

বিরাট প্রতিভার বিশাল থেয়ালে আমরা কৌতুক করিয়াছি, বীরত্বের উচ্ছালে উত্তেজিত হইয়া উঠিয়াছি,—এ সমন্ত দিব্য লীলায়, মনে হয়, শিশু ভগবান বেন জাগিয়া উঠিতেছেন, আর আমরা দাঁড়াইয়া সাক্ষিত্বরূপ নিরীক্ষণ করিয়াছি।…

কিরপ মানসিক অবস্থায় ন্তন ন্তন ধর্ম-বিখাস প্রস্ত হয়, এবং কী ধরনের মহাপুরুষেরা এইরপ ধর্ম-বিখাস সঞ্চারিত করেন—আমরা ভাহা কডকটা প্রত্যক্ষ করিয়াছি। কারণ, আমরা এমন এক মহাপুরুষের সঙ্গাভ করিয়াছি, যিনি সকল রকম লোককেই নিজের কাছে আকর্ষণ করিতেন, সকলের বক্তব্য শুনিতেন, সকলের প্রতি সহামুভূতি দেখাইতেন, কাহাকেও প্রভ্যাধ্যান করেন নাই।

বিদেশীর উপহাসস্থল, কিন্ত দেশবাসীর পূজাম্পদ ভিক্সকের বেশে তাঁহাকে আমরা দেখিরাছি; তাই মনে হয়—শ্রমলন জীবিকা, সামাক্ত কূটারে বাস, এবং শশুক্ষেত্রবাহী সাধারণ পথ—কেবল এই সমন্ত পাল্লিপার্শিক দৃশ্রপটের মধ্যেই এমন জীবনের প্রকৃত শোভা ফুটতে পারে।

তাঁহার খনেশবাসী বিষান্ রাষ্ট্রনীতি-বিশারদ পণ্ডিতমণ্ডলী তাঁহাকে বেমন ভালবাসিতেন, নিরক্ষর অজ্ঞেরাও তাঁহাকে তেমনি ভালবাসিত। তাঁহার নৌকার মাঝি-মালারা পথ চাহিয়া থাকিত, কতক্ষণে তিনি আবার নৌকার ফিরিয়া আসিবেন। বে গৃহে তিনি অতিথি হইতেন, সেই গৃহের পরিচারক ভ্তাদের মধ্যে কাড়াকাড়ি পড়িয়া ধাইত, কে আগে তাঁহার সেবা করিবে। আর এই সকল ব্যাপার সর্বদাই যেন একটা খেলার আবরণে জড়িত থাকিত। 'তাহারা যে ভগবানের খেলার সলী'—এই ভাব তাহাদের মনে শ্বতই জাগরুক থাকিত।

বাঁহারা এরপ শুভমূহুর্তের আখাদ পাইরাছেন, জীবন তাঁহাদের নিকট অধিকতর মূল্যবান, অধিকতর মধুময়। দীর্ঘ নিরানন্দ রজনীর তালবন-সঞ্চারী বাযুও উল্বেগ ও আশহার পরিবর্তে তাঁহাদের কর্ণে শান্তিময় 'শিব। শিব।' বাণী ধ্বনিত করিয়া তোলে।

## স্থান—বেণুড়ে গঙ্গাতীরে একথানি ছোট বাড়ি কাল—মার্চ হইতে ১১ই মে পর্যন্ত

গলাতীরস্থ বাড়িখানির সম্বন্ধে স্বামীন্ত্রী একজনকে বলিয়াছিলেন, 'ধীরা-মাতার কৃত্র বাড়িখানি তোমার স্বর্গ বলিয়া মনে হইবে। কারণ, ইহার স্থাগাগোড়া স্বটাই ভালবাসা-মাখা।'

বাছবিকই তাই। ভিতরে এক অবিচ্ছিন্ন মেলা-মেশার ভাব, এবং বাহিরে প্রতি জিনিসটি সমান হুন্দর; ভামল বিস্তৃত শম্পরাজি, উন্নত নারিকেল বুক্ষপ্রলি, বনমধ্যস্থ ছোট ছোট বাদামী রঙের গ্রামগুলি—সবই হুন্দর!

বাহাদের মনে অতীতের শ্বৃতি জাগরুক রহিয়াছে, এমন অনেকে মাঝে মাঝে আসিতেন, এবং আমরা স্বামীজীর অষ্টবর্ষব্যাপী ভ্রমণের কিছু কিছু বিবরণ শুনিতে পাইতাম; প্রাম হইতে প্রামান্তরে গমন-কালে তাঁহার নাম-পরিবর্তনের কথা, তাঁহার নির্বিকল্প সমাধির কথা, এবং বাহা বাক্যের অতীত ও সাধারণ দৃষ্টির বহিভূতি, বাহা কেবল প্রেমিক হৃদয়েরই অম্ভবগম্য, পরার্থে স্বামীজীর সেই পবিত্ত মর্মবেদনার কথাও আমরা শ্রবণ করিতাম। আর স্বয়ং স্বামীজী তথায় আসিতেন, উমামহেশ্বের ও রাধাক্ষের গল্প বিলতেন, কত গান ও কবিতার আংশিক আর্ত্তি করিতেন।

বেশীর ভাগ, তিনি আজ একটি, কাল একটি—এইরূপ করিয়া ভারতীয় ধর্মগুলিই আমাদের নিকট বর্ণনা করিতেন,—তাঁহার বধন বেমন থেয়াল হইত, যেন তদমুসারেই কোন একটিকে বাছিয়া লইতেন। কিন্তু তিনি কেবল বে ধর্মবিষয়ক উপদেশই আমাদিগকে দিতেন, তাহা নহে। কখনও ইতিহাস, কখনও লোকিক উপকণা, কখনও বা বিভিন্ন সমাজ, জাতিবিভাগ ও লোকাচারের বছবিধ উদ্ভট পরিণতি ও অসম্বতি—এ সকলেরও আলোচনা হইত। বাস্তবিক তাঁহার প্রোত্তর্নের মনে হইত, যেন ভারতমাতা শেষ এবং প্রোণ-মুদ্ধণ হইয়া তাঁহার প্রীমুখাবলম্বনে স্বয়ং প্রকটিত হইতেছেন।

ভারত-সংক্রান্ত বিষয়ে, যাহা কিছু পাশ্চাত্য মনের পক্ষে আখাদ করা অসম্ভব বলিয়া তাঁহার বোধ হইত, সেগুলিকে শিক্ষার প্রারম্ভেই খ্ব করিয়া বাড়াইয়া আমাদের সমক্ষে উপস্থিত করিতেন। এইরপে, হরতো ডিনি হরগৌরীমিলনাত্মক একটি কবিতা' আবৃত্তি করিতেন:

কতৃরিকাচন্দনলেপনাথৈ,
শ্বশানভন্মাদ্বিলেপনাথ।
সংকৃওলাথৈ ফণিকুওলাথ,
নমঃ শিবাথৈ চ নমঃ শিবাথ।
মন্দাবমালাপরিশোভিতাথৈ,
কৃপালমালাপরিশোভিতাথ।
দিব্যাঘরাথৈ চ দিগছরাথ,
নমঃ শিবাথৈ চ নমঃ শিবাথ।

চাম্পেরগৌরার্ধশরীরকারে, কর্প্রগৌরার্ধশরীরকার। ধ্যিলবত্যৈ চ জ্ঞটাধ্রার, নমঃ শিবারৈ চ নমঃ শিবার। অভ্যোধরশ্রামলকুন্তলারে, বিভৃতিভূষাক্লটাধ্রার। জগজ্জনক্তি জগদেকশিতে, নমঃ শিবারৈ চ নমঃ শিবার।

আলোচনার বিষয় যাহাই হউক না কেন, উহা সর্বদাই পরিণামে অষম্ব অন্তরের কথায় পর্যবিদিত হইত। সাহিত্য, প্রত্নতত্ব অথবা বিজ্ঞান—বে-কোন তত্ত্বের বিচারেই তিনি প্রবৃত্ত হউন না কেন, সেটি বে সেই চরম অহুভৃতিরই একটি দৃষ্টান্ত মাত্র, তাহা তিনি সদাই আমাদের মনে বন্ধমূল করিয়া দিতেন। উাহার চক্ষে কোন জিনিসই ধর্মের এলাকার বহিভূতি ছিল না। বন্ধনমাত্রকেই তিনি অত্যন্ত খুণার চক্ষে দেখিতেন, এবং বাহারা 'শৃন্ধলকে পুণ্যের আবরণে ঢাকিতে চাহে' তাহাদিগকে তিনি তয়ানক লোক বলিয়া গণ্য করিতেন; কিছ তাই বলিয়া উচ্চ ন্তরের রসনিল্লের এবং এই বিষয়ের মধ্যে প্রকৃত সমালোচক বে ব্যবধান দেখিতে পান, তাহা কথনও তাঁহার দৃষ্টি এড়াইত না। একদিন আমরা কয়েক জন ইওরোপীয় ভত্তলোককে নিময়্বণ করিয়াছিলাম। খামীলী সেদিন পারসিক কবিতার বিস্তৃতভাবে আলোচনা করিয়াছিলেন:

'প্রিয়তমের মৃথের একটি তিলের বদলে আমি সমরকন্দের সমস্ত ঐশর্ষ বিলাইয়া দিতে প্রস্তত !'

—এই পদটি আবৃত্তি করিতে করিতে তিনি সহসা সোৎসাহে বলিয়া উঠিলেন, 'দেখ, যে লোক একটা প্রেমসদীতের মাধুর্য ব্বিতে পারে না, তাহার জম্ম আমি এক কানাকড়িও দিতে রাজী নই।' তাঁহার কথাবার্তা সরস

১ অর্থনারীবরস্তোত্রমৃ—শক্ষরাচার্য

উজ্জিনমূহে পূর্ণ থাকিত। সেই দিনই অপরাত্তে, কোন রাজনৈতিক বিষয়ের বিচার করিতে করিতে তিনি বলিলেন, 'দেখা যাইতেছে যে, একটি জাতিগঠনের পক্ষে নাধারণ প্রীতির ফ্রায় একটা সাধারণ বিরাগেরও আবশ্রকতা আছে!'

করেক মাদ পরে তিনি বলিয়াছিলেন, 'বাহার জগতে কোন বিশেষ কাজ করিবার আছে, তাহার কাছে আমি কখনও উমা এবং মহেশ্বর জ্রিক্ত অক্সবেদবীর কথা বলি না। কারণ, মহেশ্বর এবং জগন্মাতা হইতেই কর্মবীরগণের উদ্ভব।' ভগবানের প্রতি উদ্দাম প্রেমে আত্মহারা হওয়া বে কি জিনিস, তাহার আভাস তিনি না দিয়া থাকিতে পারিতেন না। তাই তিনি আমাদের কাছে এই সব গানও হ্বর-সংযোগে গাহিতেন:

'প্রেমের রাজা কুঞ্জবনে কিশোরী, প্রেমের থারে আছে থারী, করে মোছন বাঁশরী, বাঁশী বলচে রে সদাই, প্রেম বিলাবে কর্মজক রাই, কাক থেতে মানা নাই!

ভাকচে বাঁশী—আয় পিপাসী জয় রাধে নাম গান ক'রে।'' তিনি তাঁহার বন্ধ্-রচিত গোপগোপীগণের উত্তর-প্রত্যুত্তর-স্চক ভাব-গভীর গীতটিও গাহিয়া শুনাইতেন:

পরমাত্মন পীতবদন নবঘনভামকার।
কালা বজের রাখাল ধরে রাধার পার।
বন্দ প্রোণ নন্দত্লাল নমো নমো পদপকজে,
মরি মরি মরি, বাঁকা নম্নন গোপীর মন মজে।
পাণ্ডবদখা সারথি রথে, বাঁশী বাজায় ব্রজের ঘাটে পথে।
যজেশর বীতভন্ন হর বাদবরার,
প্রেমে রাধা ব'লে নম্নন ভেদে বায়।'

২৫শে মার্চ। প্রাতে কৃটারে আসিয়া সকালের দিকে কয়েক ঘণ্টা সেখানে অভিবাহিত করা, আবার বৈকালে পুনরায় আসা—ইহাই আমীজীর এই সময়ের নিয়ম ছিল। কিন্তু এইরূপ সাক্ষাতের দিতীয় দিন সকালে—শুক্রবার

<sup>&</sup>gt; কবি গিরিশচক্র বোব প্রণীত 'নিমাই-সন্ন্যাস' নাটক হইতে

২ নাট্যাচার্য গিরিশচন্ত্র খোষ

ঈশাহিগণের জ্ঞাপনোৎসবের' দিন—তিনি ফিরিবার সময় আমাদের তিন জনকে সলে করিয়া মঠে লইয়া গেলেন, এবং সেধানে ঠাকুরছরে সংক্ষিপ্ত অফুষ্ঠানাস্তে একজনকে ব্রশ্বচর্ণব্রতে দীক্ষিত করিলেন। সেই প্রভাতটি জীবনে সর্বাপেকা আনন্দময় প্রভাত! পূজাশেষে আমরা উপর তলায় গেলাম। স্থামীজী যোগী শিবের ফায় জটা, বিভৃতি ও হাড়ের কুণ্ডল পরিধান করিয়া একঘণ্টাকাল ভারতীয় বাত্যযন্ত্র-সংযোগে ভারতীয় গীত গাহিলেন।

তার পর সন্ধ্যার সময় গলাবক্ষে আমাদের নৌকায় বসিয়া তিনি আমাদের নিকট অকপটভাবে তাঁহার গুরুদেবের নিকট হইতে দায়রূপে প্রাপ্ত সেই মহংকার্য সময়ে নানা প্রশ্ন এবং ভাবনাবিষয়ক অনেক কথা বলিলেন।

আর এক সপ্তাহ পরেই তিনি দার্জিলিং যাত্রা করিলেন।

তরা মে। তারপর আমাদের মধ্যে তৃইজন পরমারাধ্যা শ্রীশ্রীমাতাঠাকুরানীর গৃহে তাঁহার সাক্ষাৎ পাইলেন। তথনকার রাজনীতিক গগন
তমসাচ্ছর। একটা বড়ের স্চনা দেখা বাইতেছিল। ইতিপ্রেই প্রেগ, আতর
এবং দালা-হালামা নিজ নিজ ভীষণ মৃতি দেখাইতে আরম্ভ করিয়াছিল।
আচার্যদেব আমাদের তৃইজনকে লক্ষ্য করিয়া বলনেন, 'মা কালীর অভিষ
সম্বন্ধে কতকগুলি লোক ব্যঙ্গ করে। কিন্তু ঐ দেখ, আজ মা প্রজাগণের মধ্যে
আবিভূতা হইয়াছেন। ভয়ে তাহারা কুলকিনারা দেখিতে পাইতেছে না এবং
মৃত্যুর দওদাতা সৈনিকর্ন্দের তাক পড়িয়াছে। কে বলিতে পারে বে, ভগবান্
ভভের তায় অভভ রূপেও পাত্মপ্রকাশ করেন না! কিন্তু কেবল হিন্দুই
তাঁহাকে অভভ রূপেও পূজা করিতে সাহস করে।'

মহামারী দেখা দিয়াছিল এবং জনসাধারণকে সাহস দিবার জন্ত ব্যবস্থাও চলিভেছিল। বতদিন এই আশহা সব দিক আতহিত করিয়া রাখিয়াছিল, ততদিন আমীজী কলিকাতা পরিত্যাগ করিতে সন্মত হইদেন না। এই আশহা কাটিয়া গেল বটে, কিছু সঙ্গে সংক্র স্থের দিনগুলিও অস্তর্হিত হইল। আমাদেরও ধাতা করিবার সময় আদিল।

<sup>, &</sup>gt; The Day of Annunciation—বেদিন দেবদূত আসিয়া ঈশা-জননী নেরীকে পুত্রের জন্মকথা জ্ঞাপন করেন।

## স্থান—হিমালয় কাল—১১ই হুইতে ২৭শে মে পর্যস্ত

শামরা একটি বড় দল, অথবা প্রক্তপক্ষে ছুইটি দল, বুধবার সন্ধ্যাকালে হাওড়া স্টেশন হইতে বাত্রা করিয়া শুক্রবার প্রাতে হিমালয়ের সন্মুখে উপস্থিত হইলাম।

তিনটি ঘটনা নৈনীতালকে মধুময় করিয়া তুলিয়াছিল—থেতড়ির রাজাকে আমাদের নিকট পরিচিত করিয়া দিয়া আচার্যদেবের আহলাদ; তুইজন বাইজীর আমাদিগের নিকট সন্ধান জানিয়া লইয়া খামীজীর নিকট গমন এবং অল্পের নিষেধ সত্তেও খামীজীর তাহাদিগকে সাদর অভ্যর্থনা করা; আর, একজন ম্সলমান ভল্লোকের এই উক্তি: 'খামীজী, যদি ভবিশ্বতে কেছ আপনাকে অবতার বলিয়া দাবি করেন, অরণ রাখিবেন যে, আমি ম্সলমান হইয়াও তাঁহাদের সকলের অগ্রণী।'

এই নৈনীতালেই স্বামীন্ধী রাজা রামমোহন রায় সহক্ষে অনেক কথা বলেন, তাহাতে তিনি তিনটি বিষয় এই আচার্বের শিক্ষার মৃলস্ত্র বলিয়া নির্দেশ করেন: তাঁহার বেদাস্ত গ্রহণ, স্বদেশপ্রেম প্রচার, এবং হিন্দু-মৃসলমানকে সমভাবে ভালবাদা। এইসকল বিষয়ে রাজা রামমোহন রায়ের উদারতা ও ভবিশ্বদর্শিতা যে কার্যপ্রণালীর স্চনা করিয়াছিল, তিনি নিজে মাত্র তাহাই অবলম্বন করিয়া অগ্রসর হইয়াছেন বলিয়া দাবি করিতেন।

নর্ভকীষয়-সংক্রান্ত ঘটনাটি আমাদের নৈনী-সরোবরের উপরে অবস্থিত মন্দিরছয় দর্শন উপলক্ষে ঘটয়ছিল। এই স্থানে আমরা তুইজন বাইজীকে প্জায় রত দেখিলাম। প্জান্তে তাহারা আমাদের নিকট আদিল, এবং আমরা ভাঙা ভাঙা ভাবায় তাহাদের সহিত আলাপ করিতে লাগিলাম। স্বামীজী তাহাদিগকে তাড়াইয়া দিতে অস্বীকার করায় উপস্থিত জনমগুলীর মনোমধ্যে একটা আন্দোলন চলিয়াছিল। খেতড়ির বাইজীর বে গল তিনি বারংবায় করিতেন, ভাহা প্রথমবার সম্ভবতঃ এই নৈনীতালের বাইজীদের প্রগঙ্গেই বলিয়াছিলেন। খেতড়ির দেই বাইজীকে দেখিতে বাইবার নিমন্ত্রণ পাইয়া

ভিনি ক্ষু হইয়াছিলেন, কিছু পরিশেষে অনেক অমুরোধে তথায় গমন করেন এবং তাহার সদীতটি শ্রবণ করেন:

প্রভূ মেরা অবশুণ চিত ন ধরো, সমদরশী হৈ নাম তুম্হারো।

এক লোহ পূজামে রহত হৈ, এক রহে ব্যাধ ঘর পরো।

পারশকে মন বিধা নেহী হোয়, হঁহ এক কাঞ্চন করো॥

এক নদী এক নহর বহত মিলি নীর ভয়ো।

অব মিলে তব এক বরণ হোয়, গলানাম পরো।

অক মায়া, এক ব্রহ্ম, কহত স্থরদাস ঝগরো।

অজ্ঞানসে ভেদ হোয়, জ্ঞানী কাহে ভেদ করো॥

অতঃপর আচার্যদেব নিজ মুখে বলিয়াছেন, যেন তাঁহার চক্ষের সমুখ হুইতে একটি পর্দা উঠিয়া গেল এবং দবই যে এক বই ছুই নহে—এই উপলব্ধি করিয়া তিনি তারপর আর কাহাকেও মন্দ বলিয়া দেখিতেন না।

বধন আমরা নৈনীতাল হইতে আলমোড়া যাত্রা করিলাম তথন বেলা পড়িয়া আদিয়াছে, এবং বনপথ অতিবাহন করিতে করিতেই রাত্রি হইয়া গেল। অবশেবে বৃক্ষরাজির অস্তরালে পর্বতগাত্রে অপরপভাবে স্থাপিত একটি ডাকবাংলায় পৌছিলাম। স্থামীজী কিয়ৎক্ষণ পরে দলবলসহ তথায় পৌছিলেন। তাঁহার বদন আনন্দোৎফুল্ল, খীয় অতিথিগণের স্বাচ্ছন্যবিধায়ক প্রত্যেক খুঁটিনাটির দিকে তাঁহার পূর্ণ দৃষ্টি।

প্রাতরাশের সময় আমাদের নিকট আদিয়া কয়েক ঘণ্টা কথাবার্ডায়
কাটাইয়া দেওয়া স্বামীন্দীর পুরাতন অভ্যাদ ছিল। আমাদের আলমোড়া
পৌছিবার দিন হইতেই স্বামীন্দী এই অভ্যাদ পুনরায় শুরু করিলেন। তথন
(এবং দকল সময়ই) তিনি অতি অল্ল সময় খুমাইতেন এবং মনে হয়, তিনি বে
এত প্রাতে আমাদের নিকট আদিতেন, তাহা অনেক সময় আয়ও দকালে
সয়্যাদিগণের দহিত তাহার এক প্রস্থ ভ্রমণ শেষ করিয়া ফিরিবার মুখে।
কখনও কথনও, কিন্ধ কালেভন্তে, বৈকালেও আমরা তাহার দেখা পাইভাম,
হয় তিনিই বেড়াইতে বাহির হইতেন, নয় তো আমরা নিজেরাই, তিনি
বেশানে দলবলসহ অবস্থান করিতেছিলেন, সেই ক্যাপ্টেন সেভিয়ারের গৃহে
যাইয়া তাহার দহিত দেখা করিতায়।

আনমভ্তপূর্ব ব্যাপার আসিয়া জ্টিয়াছিল। উহার শ্বতি কটকর হইলেও
শিক্ষাপ্রদ। আমীজী উল্লাসের সহিত তাঁহার দীক্ষিতা এক ইংরেজ মহিলাকে
প্রান্ধ করিয়াছিলেন, তুমি এখন কোন্ আতিভূকা? উত্তর শুনিয়া আমীজী
বিশ্বিত হইলেন, দেখিলেন তিনি ইংরেজের আতীয় পতাকাকে কি প্রগা
ভক্তি ও পূজার চকে দেখেন; দেখিলেন বে একজন ভারতীয় নারীর
তাঁহার ইইদেবতার প্রতি বে ভাব, ইহারও এই পতাকার প্রতি অনেকটা
সেই ভাব। আমীজী বলিয়া উঠিয়াছিলেন, 'বাত্তবিকই, তোমার বেরপ
আলতিপ্রেম,' উহা তো পাপ! অধিকাংশ লোকই বে আর্থের প্ররোচনায়
কাঞ্চ করিয়া থাকে, আমি চাই, তুমি এইটুকু বোঝ; কিন্ত তুমি ক্রমাগত
ইহাকে উন্টাইয়া দিয়া বলিয়া থাকো যে, একটি জাতিবিশেষের সকলেই
দেবতা। অঞ্চতাকে এরণে আকড়াইয়া ধরিয়া থাকা তো শয়তানি।'

স্তরাং আলমোড়ার এই প্রাতঃকালীন আলোচনাসমূহ আমাদের সামাজিক, সাহিত্যিক ও ললিতকলা-বিষয়ক বন্ধ্য পূর্ব সংস্থাবগুলির সহিত সম্বর্ধের আকার ধারণ করিত, অথবা তাহাতে ভারতীয় এবং ইওরোপীয় ইভিহাস ও উচ্চ ভাবের তুলনা চলিত, এবং অনেক সময় অভি মূল্যবান্ প্রাসলিক মন্তব্যও শুনিতে পাইতাম। স্বামীজীর একটি বিশেষত্ব এই ছিল বে, কোন দেশবিশেষ বা সমাজবিশেষের মধ্যে অবস্থানকালে তিনি উহার দোবগুলিকে প্রকাশ্যে এবং তীব্রভাবে সমালোচনা করিতেন, কিছ তথা হইতে চলিয়া আসিবার পর ষেন সেধানকার গুণ ভিন্ন অন্য কিছুই তাঁহার মনে নাই, এইরপই বোধ হইত।

9

#### স্থান—আলমোড়া কাল—মে ও জুন

প্রথম দিন সকালের কথোপকথনের বিষয় ছিল—সভ্যতার মূল আদর্শঃ
প্রতীচ্যে সত্য, প্রাচ্যে রন্ধচর্ব। হিন্দু-বিবাহ-রীতিগুলিকে তিনি এই বলিয়া
সমর্থন করিলেন বে, তাহারা এই আদর্শের অহুসরণে জন্মিয়াছে এবং সর্ববিধ
সংহতিগঠনেই স্বীলোকের রক্ষাবিধানের প্রয়োজন আছে। সমস্ত বিষয়টির
অবৈতবাদের সহিত কি সম্বন্ধ, তাহাও তিনি বিশ্লেষণপূর্বক দেখাইলেন।

আর একদিন সকালে তিনি এই বলিয়া কথা আরম্ভ করিলেন: ধেমন জগতে ব্রাহ্মণ করিয় বৈশ্য ও শৃত্র—এই চারিটি মৃখ্যজাতি আছে, তেমনি চারিটি মৃখ্যজাতীর কার্বও আছে—ধর্মসংস্কীয় কার্য অর্থাৎ পৌরোহিত্য, যাহা হিন্দুরা নিম্পন্ন করিতেছে; সামরিক কার্য, যাহা রোমক সাম্রাজ্যের হত্তে ছিল; বাণিজ্যবিষয়ক কার্য, যাহা আজকালকার ইংলও করিতেছে; এবং প্রজাতন্ত্রমূলক কার্য, যাহা আমেরিকা ভবিশ্বতে সম্পন্ন করিবে। এই স্থলে তিনি, কিরূপে আমেরিকা অতঃপর শৃত্রজাতির স্বাধীনতা এবং একবাগে কার্যকারণরূপ সমস্যাগুলি প্রণ করিবে, সে বিষয়ে কল্পনাসহায়ে ভবিশ্বতের এক উজ্জ্ব চিত্র অন্ধনে প্রান্থত হইলেন, এবং যিনি আমেরিকাবাসী নন, এরুণ একজন প্রোতার দিকে ফিরিয়া মার্কিন জাতি কিরূপ বদান্ততার সহিত্ব সেখানকার আদিম অধিবাদিগণের জন্ম বন্দোবন্ত করিতে প্রয়াদ পাইয়াছিলেন, সে বিষয়ে বর্ণনা করিলেন।

তিনি উল্লাসপূর্বক ভারতবর্ষের অথবা মোগলবংশের ইতিহাসের সার সকলন করিয়া দিতেন। মোগলগণের গরিমা স্বামীজী শতম্থে বর্ণনা করিতেন। এই দারা গ্রীয়-শত্টিতে তিনি প্রায়ই মধ্যে মধ্যে থাকিয়া থাকিয়া দিলী ও আগ্রার বর্ণনার প্রবৃত্ত হইতেন। একবার তিনি তাজমহলকে এইরূপ বর্ণনাক করেন, 'কীণালোক, তারপর আরও কীণালোক—আর দেখানে একটি সমাধি!'—আর একবার তিনি সাজাহানের কথা বলিতে বলিতে সহসাউৎসাহভর্বে বলিয়া উঠিলেন, 'আহা, তিনিই মোগলকুলের ভূবণস্বরূপ ছিলেন!

অমন সৌন্দর্যাগ ও সৌন্দর্যবোধ ইতিহাসে আর দেখা বায় না। আবার নিজেও একজন কলাবিদ্ লোক ছিলেন! আমি তাঁহার বহস্তচিত্রিত একখানি পাওলিপি দেখিয়াছি, দেখানি ভারতবর্ষের কলা-সম্পদের অন্ববিশেষ। কি প্রতিন্তা!' আক্ররের প্রসন্দ তিনি আবও বেশী করিয়া করিছেন। আগ্রার সন্নিকটে সেকেন্দ্রার দেই গস্ত্রবিহীন অনাচ্ছাদিত সমাধির পাশে বিদয়া আক্ররের কথা বলিতে বলিতে খামীজীর কণ্ঠ বেন অশ্রুগদগদ হইয়া আদিত।

সর্ববিধ বিশক্ষনীন ভাবও আচার্যদেবের হৃদয়ে উদিত হইত। একদিন তিনি চীনদেশকে জগতের কোষাগার বলিয়া বর্ণনা করিলেন; এবং বলিলেন, তত্ত্তা মন্দিরগুলির মারদেশের উপরিভাগে প্রাচীন বাঙলা-লিপি খোদিত দেখিয়া তাঁহার রোমাঞ্চ হইয়াছিল।

কথাপ্রদক্ষে তিনি স্থানুর ইটালি পর্যন্ত চলিয়া বাইতেন। ইটালি তাঁহার নিকট 'ইওরোপের দকল দেশের শীর্ষস্থানীয়, ধর্ম ও শিল্পের দেশ, একাধারে দাঝাজ্যসংহতি ও ম্যাটদিনির জন্মভূমি, এবং উচ্চভাব সভ্যতা ও স্বাধীনতার প্রস্তি!'

একদিন শিবাজী ও মহারাষ্ট্র-জাতি সহদ্ধে এবং কিরপে শিবাজী সাধুবেশে বর্ষরাপী ভ্রমণের ফলে রারগড় প্রত্যাবর্তন করেন, সে বিষয়ে কথা হইল। স্বামীজী বলিলেন, 'আঙ্কও পর্যস্ত ভারতের কর্তৃপক্ষ সন্ন্যাসীকে ভন্ন করে, পাছে তাহার গৈরিক বসনের নীচে আর একজন শিবাজী লুকায়িত থাকে।'

অনেক সময়, 'আর্থগণ কাহারা এবং তাঁহাদের লক্ষণ কি ?'—এই প্রশ্ন তাঁহার পূর্ণ মনোবােগ আকর্ষণ করিত। তাঁহাদের উৎপত্তি-নির্ণন্ন এক জটিল সমস্তা—এইরপ মত প্রকাশ করিয়া তিনি কিরপে স্ইজারলতে থাকিয়াও বােধ করিতেন বেন চীনদেশে রহিয়াছেন—উভয় আতির আরুতিগত সাদৃষ্য এত বেশী, সে গল্পও আমাদের নিকট করিতেন। নরওয়ের কতক অংশের সমুভতে এটি সভ্য বলিয়া তাঁহার ধারণা ছিল। তারপর দেশভেদে আরুতিভেদ সম্বদ্ধে কিছু তথ্য এবং সেই হলারিদেশীয় পণ্ডিতের মর্মশার্শী গল্প ( যিনি 'তিব্বতই হনদিগের আদিস্থান' এই আবিকার করিয়াছিলেন এবং দার্জিলিং-এ বাঁহার সমাধি আছে )—এইরপ নানা কথা শুনিতে পাইতাম।

কথনও কখনও ব্রাহ্মণ এবং ক্ষত্রিয়গণের বিরোধের আলোচনা-প্রসংশ খামীজী ভারতবর্ধের সমগ্র ইভিহাসকে এতত্ত্বের সংঘর্ষ মাত্র বিদ্যা বর্ণনা করিতেন; এবং জাতির উন্নতিশীল, এবং শৃন্ধল-জ্পনয়নকারী প্রেরণাসমূহ ক্ষত্রিয়গণের মধ্যেই চিরকাল নিহিত ছিল, তাহাও বলিতেন। আধুনিক বাঙলার কায়স্থগণই বে মৌর্ধরাজন্বের পূর্বতন ক্ষত্রিয়কুল, তাঁহার এই বিশাসের অস্কুলে তিনি উৎক্রই যুক্তির অবভারণা করিতে পারিতেন। তিনি এই গৃই পরস্পারবিরোধী সভ্যতাদর্শের এইরূপ চিত্র উপস্থাপিত করিতেন: একটি প্রাচীন, গভীর এবং পরস্পরাগত আচার-ব্যবহারের প্রতি চিরবর্ধমান-শ্রহাসম্পন্ন; অপরটি স্পর্ধানিল, আবেগপ্রবর্ণ এবং উদারদৃষ্টি-সম্পন্ন। রামচন্ত্র, শ্রীকৃষ্ণ এবং ভগবান বৃদ্ধ—ইহারা সকলেই ব্রাহ্মণক্রের এক গভীর নির্মেরই ফলস্বরূপ। এই আপাত-বিসংবাদী সিদ্ধান্ত ব্যাখ্যাত হইবামাত্র বৌদ্ধর্ম এক জাতিভেদ্ধাংসী স্ত্ররূপে প্রতীয়মান হইত—, ক্ষত্রিয়কুল কর্তৃক উদ্ভাবিত ধর্ম বাহ্মণ্যধর্মের সাংঘাতিক প্রতিপক্ষত্বরূপ হইনা দাড়াইত।

বৃদ্ধ সম্বন্ধে স্বামীন্ত্রী বে সময় কথা কহিতেন, সেটি একটি মাহেন্দ্রকণ; কারণ জনৈক শ্রোত্রী স্বামীন্ত্রীর একটি কথা হইতে বৌদ্ধর্মের ব্রাহ্মণ্য-প্রতিষ্ণী ভাবটিই তাঁহার মনোগত ভাব, এই শ্রমায়ক সিদ্ধান্ত করিয়া বলিলেন, 'স্বামীন্ত্রী! আমি জানিতাম না বে, আপনি বৌদ্ধ!' উক্ত নাম শ্রমণ তাঁহার ম্বমণ্ডল দিবাভাবে উদ্ভাগিত হইয়া উঠিল; প্রশ্নকর্ত্রীর দিকে ফিরিয়া বলিলেন, 'আমি বৃদ্ধের দাসাহদাসগণের দাস। তাঁহার মতো কেহ কথনও জন্মিয়াছেন কি? স্বায় ভগবান হইয়াও তিনি নিম্নের জন্ত একটি কাম্বন্ত করেন নাই,—আর কি হৃদয়! সমন্ত প্রগৎটাকে তিনি ক্রোড়ে টানিয়া লইয়াছেন। এত দয়া বে, রাজপুত্র এবং সন্মানী হইয়াও একটি ছাগণিতকে বাঁচাইবার জন্ত প্রাণ দিতে উন্থত! এত প্রেম বে, এক ব্যামীর ক্র্ধানিবৃত্তির জন্ত স্বীয় শরীর পর্যন্ত দান করিয়াছিলেন, এবং আশ্রমণাতা এক চন্তালের জন্ত আন্থানি দিয়া তাহাকে আশীর্বাদ করিয়াছিলেন! আর আমার বাল্যকালে এক দিন তিনি আমার গৃহে আগিয়াছিলেন, আমি তাহার পাদম্লে সাটাকে প্রণত হইয়াছিলাম! কারণ, আমি ব্রিয়াছিলাম ভগবান বৃদ্ধই স্বয়ং আদিয়াছেন!'

অনেক বার—কখনও বেলুড়ে অবস্থানকালে এবং কখনও ভাহার পরে, তিনি এই ভাবে বৃহদেবের কথা বলিয়াছিলেন। একদিন তিনি আমাদিগকে— বিনি মুখ্যবারাদ্দনা হইয়াও বৃহকে পরিভোষপূর্বক ভোজন করাইয়াছিলেন, সেই রূপনী অহাপালীর উপাধ্যান প্রাণম্পর্লী ভাষার বর্ণনা করিয়া বলেন।

একদিন প্রাতঃকালে এক সর্বাপেক্ষা অধিক নৃতনত্বপূর্ণ বিষয়ের অবতারণা হইয়াছিল। সেদিনকার দীর্ঘ আলোচনার বিষয় ছিল 'ভক্তি'—প্রেমাম্পদের সহিত সম্পূর্ণ তাদাত্ম, যাহা চৈতক্তদেবের সমসাময়িক ভূম্যধিকারী ভক্তবীর রায় রামানন্দের মুখে এরপ স্থলরভাবে প্রকাশ পাইয়াছে:

পাহলহি রাগ নয়নভন্ধ ভেল;
অন্থদিন বাঢ়ল অবধি না গেল।
না সো রমণ, না হাম রমণী
ছাঁত্ত মন মনোভব পেশল জানি।

সেই দিন প্রাতঃকালেই তিনি পারত্যের বাব-পদ্বিগণের (Babists) কথা বলিয়াছিলেন—সেই পরার্থে আত্মবলিদানের যুগের কথা, বথন জীজাতিকর্ভৃক অন্প্রাণিত হইয়া পুরুষগণ কাজ করিত এবং তাহাদিগকে ভক্তির চক্ষে দেখিত। এবং নিশ্চিত সেই সময়েই তিনি বলিয়াছিলেন, প্রতিদানের আকাজ্ঞা না রাথিয়া ভালবাসিতে পারে বলিয়াই তরুণবয়স্কগণের মহত্ব ও প্রেষ্ঠতা, এবং তাহাদের মধ্যে ভাবী মহৎকার্বের বীজ স্ক্ষভাবে নিহিত থাকে—ইহাই তাহার ধারণা।

আর একদিন অরুণোদয়কালে উন্থান হইতে বধন উষার আলোকরঞ্জিত চিরত্বাররাশি দৃষ্টিগোচর হইতেছিল, সেই সময় স্বামীনী আদিয়া শিব ও উমা সমমে দীর্ঘ আলাপ করিতে করিতে অঙ্গুলিনির্দেশ করিয়া বলিলেন, 'ঐ বে উর্ধে বেডকায় ত্বারমণ্ডিত শৃদরান্ধি, উহাই শিব; আর তাঁহার উপর বে আলোকসম্পাত হইয়াছে, তাহাই জগজ্জননী!' কারণ, এই সময়ে এই চিস্তাই তাঁহার মনকে বিশেবভাবে অধিকার করিয়াছিল বে, ঈর্ণরই অগং—তিনি জগতের ভিতরে বা বাহিরে নহেন, আর জগৎও ঈর্ণর বা ঈর্ণরের প্রতিমা নহে, গরম্ভ ঈর্ণরই এই জগৎ এবং বাহা কিছু আছে সব।

ঐাচৈতক্ষচরিভায়ত, মধালীলা, ৮ম পরিচ্ছেদ।

একদিন সন্ধ্যাকালে পরমহংস ওকের আখ্যানটি আমরা ওনিরাছিলাম।

বাত্তবিক, শুকই ছিলেন স্থামীকীর মনের মতো ধোগী। তাঁহার নিকট
শুক সেই দর্বোচ্চ অপরোক্ষান্তভৃতির আদর্শরণ, যাহার তুলনার জীবজাৎ
ছেলেখেলা মাত্র! বছদিন পরে আমরা শুনিলাম বে, শ্রীরামক্রফ কিশোর
স্থামীজীকে 'যেন আমার শুকদেব' এই বলিয়া বর্ণনা করিয়াছিলেন।
'শ্রহং বেল্লি শুকো বেন্ডি ব্যানো বেন্ডি ন বেন্ডি বা'—গীতার প্রকৃত অর্থ
আমি জানি এবং শুক জানে, আর ব্যাস জানিলেও জানিতে পারেন। ভগবদ্গীতার গভীর আধ্যান্ত্রিক অর্থ এবং শুকের মাহান্ত্যা-ত্যোতক এই শিববাক্য
দাড়াইয়া উচ্চারণ করিতে করিতে তাঁহার মুখে যে অপূর্ব ভাবের বিকাশ।
হইয়াছিল, তাহা আমি কখনই ভূলিতে পারিব না; তিনি যেন আনন্দসমুজ্রের গভীর ভলদেশ পর্যন্ত নিরীক্ষণ করিতেছিলেন।

আর একদিন স্থামীন্ধী, হিন্দু-সভ্যতার চিরস্তন উপক্লে—আধুনিক চিস্তাতরদ্বাজির বহুদ্ববাপী পাবনের প্রথম ফলস্বরূপ বদদেশে বে-সকল উদারস্থদর মহাপুরুষের আবির্ভাব হইয়াছিল, তাঁহাদিগের কথা বলিয়াছিলেন। রাজা বামমোহন রায়ের কথা আমরা ইতিপূর্বেই নৈনীতালে তাঁহার মুখে ভনিয়াছিলাম। একলে বিভাদাগর মহাশয় সম্বন্ধ তিনি সাগ্রহে বলিলেন, 'উত্তর ভারতে আমার বয়সের এমন একজন লোকও নাই, যাহার উপর তাঁহার প্রভাব না পড়িয়াছে!' এই তুই ব্যক্তি এবং শ্রীরামক্রক্ষ যে একই অঞ্চলে মাত্র কয়েক ক্রোশের ব্যবধানে জ্রিয়াছেন, এ কথা মনে হইলে তিনি যারপরনাই আনন্দ অমুভব করিভেন।

স্বামীজী একণে বিভাসাগর মহাশয়কে আমাদের নিকট 'বিধবাবিবাহ-প্রবর্তনকারী এবং বছবিবাহ-রোধকারী মহাবীর' বলিয়া উল্লেখ করিলেন। কিন্তু সে-সম্বন্ধে তাঁহার একটি প্রিয় গল্প ছিল, সেই দিনকার ঘটনাটি এই:

একদিন তিনি ব্যবহাপক সভা হইতে—এই চিম্বা করিতে করিতে গৃহে ফিরিতেছেন, এরপ ছানে সাহেবী পরিচ্ছদ পরিধান করা উচিত কি না, এমন সময় তিনি দেখিলেন বে, ধীরে হুস্থে এবং গুরুপদ্ধীর চালে গৃহগমনরত এক স্থূলকার মোগলের নিকট এক ব্যক্তি ক্রতপদে আসিয়া সংবাদ দিল, 'মহাশয় আপনার বাড়িতে আগুন লাগিয়াছে!' এই সংবাদে মোগলপ্রবরের গতির লেশমাত্রও দ্রাস-বৃদ্ধি ঘটিল না; ইহা দেখিয়া সংবাদবাহক ইদিতে উবং বিজ্ঞানোচিত

বিশ্বয় প্রকাশ করিয়ছিল। তৎক্ষণাৎ তাহার প্রভু ক্রোধে তাহার দিকে
দিবিয়া বলিলেন, 'পাঞ্জি! থানকয়েক বাথারি পুড়িয়া যাইভেছে বলিয়া তুই
আমায় বাপ-পিতামহের চাল ছাড়িয়া দিতে বলিস!'—এবং বিভাসাগর
মহাশয়ও তাহার পশ্চাতে আসিতে আসিতে দৃঢ় সকল করিলেন যে, ধৃতি
চাদর এবং চটি জুতা কোনক্রমে ছাড়া হইবে না; ফলে দরবার যাত্রাকালে
একটা জামাও একজোড়া জুতা পর্যস্ত পরিলেন না।

'বালবিধবাগণের বিবাহ চলিতে পারে কি না ?'—মাতার এইরূপ সাগ্রহ প্রশের শাল্পাঠার্থ বিভাসাগরের একমাসের জন্ম নির্জনগমনের চিত্রটি থ্ব চিন্তাকর্ষক হইয়াছিল। নির্জনবাসের পর তিনি 'শাল্প এরূপ প্নবিবাহের প্রতিপক্ষ নহেন,' এই মত প্রকাশ করিয়া এ-বিষয়ে পণ্ডিতগণের স্বাক্ষরযুক্ত সমতি-পত্র সংগ্রহ করিলেন। পরে কতিপয় দেশীয় রাজা ইহার বিপক্ষে দণ্ডায়মান হওয়ায় পণ্ডিতগণ নিজ নিজ স্বাক্ষর প্রত্যাহার করিলেন; স্বতরাং সরকার বাহাত্র এই আন্দোলনের স্বপক্ষে সাহায্য করিতে কৃতসহল্প না হইলে ইহা কথনই আইনরূপে পরিণত হইত না। স্বামীজী আরও বলিলেন, 'আর আক্ষকাল এই সমস্যা সামাজক ভিত্তির উপর স্থাপিত না হইয়া বরং একটা অর্থনীতিদংক্রান্ত ব্যাপার হইয়া দাড়াইয়াছে।'

বে ব্যক্তি কেবল নৈতিক বলে বছবিবাহকে হের প্রতিপন্ন করিতে সক্ষম হইয়াছিলেন, তিনি বে প্রভূত আধ্যাত্মিকশক্তিসপ্পন্ন ছিলেন, তাহা আমবা অহধাবন করিতে পারিলাম। যথন শুনিলাম যে, এই মহাপুরুষ ১৮৬৪ খুটাবের ত্র্তিক্ষে অনাহারে এবং রোগে এক লক্ষ্ণ চল্লিশ হাজার লোক কালগ্রাদে পতিত হওয়ায় মর্যাহত হইয়া 'আর ভগবান মানি না' বলিয়া সম্পূর্ণরূপে অজ্ঞেয়বাদের চিস্তান্সোতে গা ঢালিয়া দিয়াছিলেন, তথন 'পোশাকী' মতবাদের উপর ভারতবাদীর কিরপ অনাহা, তাহা সমাক্ উপলব্ধি করিয়া আমবা বারপরনাই বিশ্বয়াভিভূত হইয়াছিলাম।

বাঙলার শিক্ষারতীদের মধ্যে একজনের নাম স্বামীজী ইহার নামের সহিত উল্লেখ করিয়াছিলেন, তিনি ডেভিড হেয়ার; সেই বৃদ্ধ স্থলিলাখবানী নিরীশ্বরাদী—মৃত্যুর পর ঘাহাকে কলিকাভার বাজকর্ন ঈশাহিজনোচিত সমাধি-দানে স্বীকার করিয়াছিলেন। তিনি বিস্চিকারোগাক্রান্ত এক প্রাতন ছাত্রের ভ্রমা করিতে করিতে মৃত্যুম্থে পতিত হন। তাঁহার নিজ ছাত্রগণ তাঁহার মৃতদেহ বহন করিয়া এক সমতল ভূমিখণ্ডে সমাধিস্থ করিল, এবং উক্ত সমাধি তাহাদের নিকট এক তীর্থে পরিণত হইল। সেই স্থানই আৰু শিক্ষার কেন্দ্রক্ষপ হইয়া কলেজ স্বোয়ার নামে অভিহিত হইয়াছে, আর তাঁহার বিভালয়ও আজ বিশ্ববিভালয়ের অকীভূত, এবং আজিও কলিকাতার ছাত্রবুল তীর্থের স্থায় তাঁহার সমাধিস্থান দর্শনে গিয়া থাকে।

এইদিন আমরা কথাবার্তার মধ্যে কোন হ্ববোগে স্বামীজীকে জেরা করিয়ার বিলাম—ঈশাহিধর্ম তাঁহার উপর প্রভাব বিন্তার করিয়াছে কিনা। এইরপ সমস্তা বে কেহ সাহস করিয়া উত্থাপন করিতে পারিয়াছে, ইহা শুনিয়া তিনি হাস্ত সংবরণ করিতে পারিলেন না; এবং আমাদিগকে খুব গৌরবের সহিত বলিলেন বে, তাঁহার পুরাতন শিক্ষক স্কটল্যাগুবাসী হেষ্টিসাহেবের সহিত মেলামেশাতেই ঈশাহি প্রচারকগণের সহিত তাঁহার একমাত্র সংস্পর্শলাভ ঘটিয়াছিল। এই উক্ষয়ন্তিক বৃদ্ধ অতি সামান্ত ব্যয়ে জীবনগাত্রা নির্বাহ করিতেন এবং নিজ গৃহকে তাঁহার ছাত্রগণেরই গৃহ বলিয়া মনে করিতেন চিনিই প্রথমে স্বামীজীকে শ্রীয়ামরুক্ষের নিকট ঘাইতে বলিয়াছিলেন, এবং তাঁহার ভারত-প্রবাসের শেষভাগে বলিতেন, 'হাঁ বাবা, তুমিই ঠিক বলিয়াছিলে। তুমিই ঠিক বলিয়াছিলে। সভ্যই সব ঈশর।' স্বামীজী সানন্দে বলিলেন, 'আমি তাঁহার সম্পর্কে গৌরবান্বিত, তিনি যে আমাকে তেমন ঈশাহিভাবাপর করিয়াছিলেন, এ-কথা তোমরা বলিতে পার কি? আমার তো মনে হয় না।'

লঘ্তর প্রদলেও আমরা চমৎকার চমৎকার গল্পনিতাম। তাহার একটি:
আমেরিকার এক নগরে স্বামীজী এক ভাড়াটিয়া বাড়িতে বাস করিতেন।
সেধানে তাঁহাকে স্বহত্তে রন্ধন করিতে হইড, এবং রন্ধনকালে এক অভিনেত্রী
এবং এক দম্পতির সহিত তাঁহার প্রায়ই দেখা হইড। অভিনেত্রী প্রত্যহ
একটি করিয়া শেক্ষ কাবাব করিয়া খাইড এবং সেই দম্পতি লোকের ভূত
নামাইয়া জীবিকা নির্বাহ করিত। স্বামীজী ঐ লোকটিকে তাঁহার লোকঠকানো ব্যবসা হইড নিবৃত্ত করিবার জন্ম ভৎ সনা-সহকারে বলিতেন,
'তোমার এরপ করা কখনও উচিত নহে।' স্বমনি স্বীটি পিছনে স্বাসিয়া
দীড়াইয়া সাগ্রহে বলিড, 'হা, মহাশর! স্বামিও তো উহাকে ঠিক ঐ কথাই

বলিয়া থাকি; কারণ উনিই যত ভূত সাজিয়া মরেন, আর টাকাকড়ি বা কিছু তা মিনেস উইলিয়াম্স্ই লইয়া বায়।'

এক ইঞ্জিনিয়র যুবকের গল্পও বলিয়াছিলেন। লোকটি লেখাপড়া ন্ধানিত। একদিন ভুতুড়ে কাণ্ডের অভিনয়কালে স্থলকায়। মিদেস উইলিয়াম্স্ পদার আডাল হইতে তাহার কীণকায়া জননীরপে আবিভূতা হইলে সে চীংকার করির। বলিরা উঠিল, 'মা, মা, তুমি প্রেতরাজ্যে গিরা কি মোটাই হইরাছ !' খামীজী বলিলেন, 'এই দুখা দেখিয়া আমি মর্মাছত হইলাম; কারণ আমার মনে হইল যে, লোকটার মাথা একেবারে বিগড়াইয়াছে! কিছ স্বামীজী হটিবার পাত্র নহেন। তিনি সেই ইঞ্জিনিয়র যুবককে এক রুশদেশীয় চিত্রকরের গল্প বলিলেন। চিত্রকর এক কৃষকের মৃত পিডার আলেখ্য অভিত করিতে আদিষ্ট হইয়াছিলেন, এবং আরুতির পরিচয়ম্বরূপে এইমাত্র শুনিয়াছিলেন, 'ভোমায় ভো বাপু—কতবার বলিলাম, তাঁর নাকের উপর একটি আঁচিল ছিল! অবশেষে চিত্রকর এক সাধারণ ক্রষকের চিত্র অন্ধিত করিয়া, তাহার নাসিকাদেশে এক বৃহৎ আঁচিল বসাইয়া দিয়া সংবাদ দিলেন, 'ছবি প্রস্তুত' এবং ক্লযকপুত্রকে উহা দেখিয়া ঘাইবার জ্ঞ অহরোধ ক্রিলেন। সে আসিয়া কিছুক্দণ চিত্রের সমূথে দাঁড়াইয়া থাকিবার পর শোকবিহবল চিত্তে বলিয়া উঠিল, 'বাবা! বাবা! তোমার সঙ্গে শেষ **एक्श ह्वांत्र शद्र कृत्रि क्ल वहत्व (शह्! এই घटनांद्र शद्र देखिनियद** যুবক আর স্বামীন্ধীর সঙ্গে বাক্যালাপ করিত না।

বাহা হউক, এই প্রকার সাধারণভাবে চিন্তাকর্যক নানা বিষয় থাকা সংবেও সামীজীর মনের ভিতর এই সময় একটা সংগ্রাম প্রবল হইয়া উঠিয়াছিল। জীবনে নির্বাভনের কথা আশ্চর্যভাবে তিনি অনেকবার বলিয়াছিলেন; এবং তাঁহার বিশ্রাম ও শান্তির ধে একান্ত প্রয়োজন হইয়াছিল— এ বিবরে তিনি ছই একটি কথা বলিয়াছিলেন বটে, অতি অল হইলেও তাহাই বথেই। তিনি কয়েক ঘণ্টা পরে ফিরিয়া আসিয়া বলিলেন, 'নির্জন-বাসের জন্ত আমার প্রবল আকাজ্ঞা জাগিয়াছে, আমি একাকী বনাঞ্চলে বাইয়া শান্তিলাভ করিব।'

ভারণর উর্ধে দৃষ্টিপাত করিয়া, তিনি মাথার উপর ভরুণচন্দ্রের দীপ্তি দেখিতে পাইয়া বলিলেন, 'মুসলমানগণ শুরুপন্দীয় শশিকলাকে আদার চক্ষে দেখিয়া থাকেন। আইস, আমরাও নবীন শশিকলার সহিত নবজীবন আর্ছ করি!'—এই বলিয়া তিনি তাঁহার মানস-কল্পাকে প্রাণ খুলিয়া আশীর্বাদ করিলেন।

২৫শে মে। তিনি বেদিন বাজা করিলেন, সেদিন বুধবার। শনিবারে ফিরিয়া আসিলেন। পূর্বেও তিনি প্রতিদিন দশবটা করিয়া অরণ্যানীর নির্জনতার মধ্যে বাস করিতেন বটে, কিন্তু রাজিকালে নিঞ্চ তাঁবুতে ফিরিয়া আসিলে চারিদিক হইতে এত লোক সঙ্গলাভের জন্ত সাগ্রহে তাঁহাকে ঘিরিয়া ধরিত যে, তাঁহার ভাব ভক্ত হইয়া যাইত, এবং সেই জন্তই তিনি এইরূপে পলায়ন করিয়াছিলেন। এখন তাঁহার ম্থমগুলে জ্যোতিঃ ফুটিয়া উঠিয়াছে। তিনি দেখিয়াছেন যে, তিনি এখনও সেই পুরাতন, নয়পদে অমণক্ষম এবং শীতাতপ-ও অল্লাহার-সহিষ্ণু সন্ন্যাসীই আছেন; প্রতীচ্য-বাস তাঁহার ক্ষতি করিতে পারে নাই।

২রা জুন। শুক্রবার প্রাভঃকালে আমরা বসিয়া কাজ কর্ম করিভেছিলাম, এমন সময়ে এক 'তার' আসিল। তারটি একদিন দেরিতে আসিয়াছিল। তাহাতে লেখা ছিল—'কল্য রাত্রে উতকামণ্ডে গুডউইনের দেহত্যাগ হইয়াছে।' সে অঞ্চলে বে (typhoid) মহামারীর স্ব্রপাত হইতেছিল, আমাদের বন্ধু তাহারই করালগ্রাসে পভিত হইয়াছেন; তিনি জীবনের শেষ মুহুর্ত পর্যম্ভ আমীজীর কথা কহিয়াছিলেন।

৫ই জুন। ববিবাব সন্ধ্যার সময় স্বামীজী স্বীয় আবাসে ফিরিয়া আসিলেন।
আমাদের ফটক এবং উঠান হইয়াই তাঁহার রাস্তা। তিনি সেই রাস্তা
ধরিয়া আসিলেন এবং সেই প্রাক্তে আমরা মৃহুর্তেকের জন্ত বসিয়া তাঁহার
সহিত কথা কহিলাম। তিনি হ:সংবাদের বিষয় জানিতেন না, কিছ ইতিপ্রেই
বেন এক গভীর বিষাদজ্যায়া তাঁহাকেও আজ্য় করিয়াছিল এবং অনতিবিলম্বেই নিস্তর্কতা ভঙ্গ করিয়া তিনি আমাদিগকে সেই মহাপ্রুব্বের কথা অরপ
করাইয়া দিলেন, বিনি গোখুরা সর্প কর্তৃক দ্ব ইইয়া এইমাত্র বলিয়াছিলেন,
'প্রেমময়ের নিকট হইতে দৃত আসিয়াছে,' এবং বাঁহাকে স্বামীজী শ্রীয়ামরুক্ষের
পরেই সর্বাপেকা অধিক ভালবাসিতেন। তিনি বলিলেন, এইমাত্র আমি এক

পত্ৰ পাইলাম, ভাহাতে লেখা আছে 'পওহারী বাবা নিজ দেহ বারা ওাঁহার বজনমূহের পূর্ণাহতি প্রদান করিয়াছেন। হোমারিতে তিনি খীর দেহ ভশীভূত করিয়াছেন।' তাঁহার শ্রোভ্রন্দের মধ্য হইতে একজন বলিয়া উঠিলেন, 'বামীজী! এটি কি অত্যন্ত খারাপ কাল হয় নাই ?'

খামীনী গভীর আবেগ-কম্পিতকঠে উত্তর করিলেন, 'তাহা আমি জানি না। তিনি এত বড় মহাপুরুষ ছিলেন ষে, আমি তাঁহার কার্যকলাপ বিচার করিবার অধিকারী নহি। তিনি কি করিতেছিলেন, তাহা তিনিই জানিতেন।'

७ हे खून। পर्रावन প্রাতে তিনি থুব সকাল সকাল আসিলেন। দেখিলাম, ডিনি এক গভীরভাবে ভাবিত। পরে বলিলেন যে, তিনি রাজি চারিটা হইতেই জাগরিত এবং একজন তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গিয়া শুডউইন-সাহেবের মৃত্যুসংবাদ তাঁহাকে দিয়াছে। আঘাতটি তিনি নীরবে महिशा नहेरनन, करम्क हिन भरत जिनि रय-खान अथम हेहा भाहेशहिरनन, শিল্ডের আকৃতি রাতদিন তাঁহার মনে পড়িতেছে, এবং ইহা যে তুর্বলতা, এ-কথাও জ্ঞাপন করিলেন। ইহা যে দোঘাবহ, তাহা দেখাইবার অন্ত তিনি विमालन त्य, कोशांत्र पृष्ठि बाता এहेक्स्म श्रीष्ठिष्ठ इन्त्रांत या, आत ক্রমবিকাশের উচ্চতর গোপানে মংশু কিংবা কুরুরস্থাভ লক্ষণগুলি অবিকল বজায় রাধাও তাই, ইহাতে মহয়ছের লেশমাত্র নাই। মাহুষকে এই ভ্রম অয় করিতে হইবে এবং জানিতে হইবে যে, মুতব্যক্তিগণ যেমন আগে ছিলেন, এখনও ঠিক তেমনি এইখানে আমাদের দকে সঙ্গে আছেন। তাঁহাদের অহপন্থিতি এবং বিচ্ছেদটাই তথু কাল্পনিক। আবার পরক্ষেই কোন ব্যক্তি-বিশেষের ( সপ্তণ ঈশরের ) ইচ্ছাতুসারে এই জগৎ পরিচালিত হইতেছে, এইরূপ নির্ছিতামূলক করনার বিরুদ্ধে তিনি তীব্রভাবে প্রতিবাদ করিয়া বলিলেন, 'গুডউইনকে মারিয়া ফেলার জন্ত এরুণ এক ঈশরকে যুদ্ধে নিপাত করাটা योष्ट्रायत व्यक्षिकांत्र अवः कर्जरतात्र मास्य मास्य कि !- ७७७ हेन वाहिया थाकिता কত বড় বড় কাৰ করিতে পারিত।

খামীজীর এই উক্তিটির সহিত, এক বংসর পরে যে আর একটি উক্তি তনিরাহিলাম, তাহার উল্লেখ বোধ হয় অপ্রাস্তিক হইবে না। আমরা বে- সকল অলীক কল্পনা সহায়ে সান্থনা পাইবার চেষ্টা করি, তাহা দেখিয়া ঠিক এইরপ তীত্র বিশ্বরের সহিত তিনি বলিয়া উঠিয়াছিলেন, 'দেখ, প্রত্যেক ক্ষ শাসক এবং কর্মচারীর জন্ত অবদর ও বিশ্রামের সময় নির্দিষ্ট আছে। আর চিরস্তন শাসক ক্ষরই ব্ঝি শুধু চিরকাল বিচারাসনে বসিয়া থাকিবেন, ভাঁহার আর কখনও ছুটি মিলিবে না!

কিছ এই প্রথম করেক ঘটা স্বামীক্রী তাঁহার বিরোগত্থথে অটল রহিলেন এবং আমাদের সহিত বিদিয়া ধীরভাবে নানা কথা কহিতে লাগিলেন। সেদিন প্রাত্তঃকালে তিনি ক্রমাগত ভক্তি বে তপজায় পরিণত হয় সেই কথা বলিতে লাগিলেন, কিরপে প্রগাঢ় ভগবৎ-প্রেমের থরতর প্রবাহ মাত্রুবকে ব্যক্তিছের সীমা ছাড়াইয়া বহুদ্র ভাদাইয়া লইয়া গেলেও আবার তাহাকে এমন একস্থানে ছাড়িয়া দিয়া যায়, যেথানে সে ব্যক্তিছের মধুর বন্ধন হইতে নিম্বৃতি পাইবার জন্ম ছটফট করে।

সেদিন সকালের ত্যাগসম্বন্ধীর উপদেশসমূহ শ্রোত্বর্গের মধ্যে একজনের নিকট অতি কঠিন বলিয়া বোধ হইল; পুনরায় তিনি আসিলে উক্ত মহিলা তাঁহাকে বলিলেন, 'আমার ধারণা—অনাসক্ত হইয়া ভালবাসায় কোনরূপ দুংখোংপত্তির সম্ভাবনা নাই, এবং ইহা স্বয়ংই সাধ্যস্বরূপ।'

হঠাৎ গন্তীরভাব ধারণ করিয়া স্বামীজী তাঁহার দিকে ফিরিয়া বলিতে লাগিলেন, 'এই বে ত্যাগ-রহিত ভক্তির কথা বলিতেছ, এটা কি ? ইহা অত্যন্ত হানিকর!' সতাই যদি অনাসক্ত হইতে হয়, তবে কিরণ কঠোর আত্মনংয়মের অভ্যাস আবশ্যক, কিরণে স্বার্থপর উদ্দেশগুলির আবরণ উদ্বোচন করা চাই এবং অতি কুস্থম-কোমল হৃদয়েরও বে, বে-কোন মূহুর্তে সংসারের পাপ-কালিমায় কলুষিত হইবার আশহা বর্তমান, এই সম্বন্ধে তিনি সেইখনে এক ঘণ্টা বা ততোধিক কাল দাঁড়াইয়া আলোচনা করিতে লাগিলেন। তিনি সেই ভারতবর্ষীয়া সন্ন্যাসিনীর কথা উল্লেখ করিলেন, যিনি মাহ্য কথন ধর্মপথে আপনাকে সম্পূর্ণ নিরাপদ জ্ঞান করিতে পারে, এই প্রশ্ন জ্ঞিনিত হইয়া উত্তর-স্করণ 'এক খ্রি ছাই' প্রেরণ করিয়াছিলেন। রিপ্রণণের বিহুদ্দে সংগ্রাম স্থদীর্ঘ ও ভয়ম্বর, এবং বে-কোন মূহুর্তেই বিক্লেতার বিজিত হওয়ার আশহা রহিয়াছে।

বহু সপ্তাহ পরে কাশ্মীরে বধন তিনি পুনরায় ( ত্যাগ সংযম দীনতার ) কথা কহিতেছিলেন, সেই সময় আমাদের মধ্যে একজন সাহস করিয়া তাঁহাকে জিজাসা করিয়াছিল, তিনি এইরূপে বে-ভাবের উত্তেক করিয়া দিতেছেন, উহা ইওরোপ যে তৃঃধ-উপাদনাকে রোগীর লক্ষণ বলিয়া অত্যস্ত মুণার চক্ষে দেখে, তাহাই কিনা ?

মৃহ্রতমাত্র বিলম্ব না করিয়া স্বামীজী উত্তর করিলেন, 'আর স্থের পূজাটাই বৃঝি ভারি উচুদরের জিনিস?' তারপর একটু থামিয়া পুনরার বলিলেন, 'কিছ আসল কথা এই বে, আমরা তৃঃধেরও পূজা করি না, স্থেরও পূজা করি না। এই উভয়ের মধ্য দিয়া যাহা স্থত্ঃথের অতীত, তাহাই লাভ করা আমাদের উদ্দেশ্য।'

নই জুন। এই বৃহস্পতিবার প্রভাতে প্রীকৃষ্ণ সম্বন্ধ কথাবার্তা হইল।

জন্মগত হিন্দৃশিক্ষাদীক্ষার জন্ম স্বামীজীর মনের এক বিশেষত্ব এই ছিল

যে, তিনি হরতো একদিন কোন একটি ভাবে ভাবিত হইয়া সেই ভাবের

গুণব্যাখ্যা করিলেন, আবার পর দিনই হয়তো উহাকে কঠোরভাবে বিশ্লেষণ
করিয়া একেবারে বিধ্বস্ত করিয়া ছাড়িয়া দিতে পারিতেন। এইরূপ চিস্তাপ্রণালীর প্রথম আভাস তিনি বাল্যকালে তাঁহার আচার্যদেবের নিকট

পাইয়াছিলেন। কোন এক ধর্মভাবের ঐতিহাসিক প্রামাণিকতা-বিষয়ে

সন্দিহান হওয়ায় প্রীরামকৃষ্ণ তাঁহাকে বলিয়াছিলেন, 'কি! তাহা হইলে তৃমি

কি মনে কর না যে, ষাহারা এরূপ সব ভাবের ধারণা করিতে পারিত,

তাহারাই সেই সব ভাবের মূর্তিমান বিগ্রহ ছিল ?'

যেমন এটের অন্তিত্ব-বিষয়ে, তেমনই এককের অন্তিত্ব-সহত্বেও তিনি কথন কথন তাঁহার অভাবস্থলত সাধারণ সন্দেহের ভাবে কথাবার্তা বলিতেন: 'ধর্মাচার্যগণের মধ্যে কেবল বৃদ্ধ ও মহম্মদই সৌভাগ্যক্রমে 'শক্র-মিত্র' তৃই-ই পাইয়াছিলেন, স্ক্তরাং তাঁহাদের জীবনের ঐতিহাদিক অংশে সন্দেহের লেশমাত্র নাই। আর এক্রফ, তিনি তো সকলের চেয়ে বেশী অস্পষ্ট। কবি, রাধাল, শক্তিশালী শাসক, বোদ্ধা এবং ধবি—হয়তো এই সব ভাবগুলি একত্র করিয়া গীতাহন্তে এক স্করম্ভিতে পরিণত করা হইয়াচিল।'

আন্ধ কিন্ত প্রীকৃষ্ণ সকল অবতারের মধ্যে আদর্শস্থানীয় বলিয়া বর্ণিড হইলেন, পরবর্তী অপূর্ব চিত্রে ভগবান সার্থিবেশে অবগুলিকে সংযত করিয়া রণক্ষেত্রের চতুর্দিকে দৃষ্টিনিক্ষেপ করিলেন এবং নিষেবে ব্যহসংখান লক্ষ্য করিয়া লইয়া শিক্সধানীয় রাজপুত্রকে গীতার গভীর আধ্যাত্মিক সভ্যগুলি ভুনাইতে আরম্ভ করিলেন।

স্বামীন্দ্রী একটা কথা বারংবার বলিতেন যে, ভারতবর্ষীয় বৈফ্বগণ কল্পনা-মূলক গীতিকাব্যের পরাকাঠা দেখাইয়া গিয়াছেন।

কিন্ত এই কয় দিবস যাবং খামীজা কোথাও গিয়া একাকী বাস করিবার জন্ম ছটফট করিতেছিলেন। যে-স্থানে তিনি গুডউইনের মৃত্যুসংবাদ পাইয়াছেন, সেই স্থান তাঁহার নিকট অসহ হইয়া উঠিয়াছিল, এবং পত্র আদান-প্রদানে সেই ক্ষত ক্রমাগত নৃতন হইয়া উঠিতেছিল। একদিন তিনি বলিয়াছিলেন যে, শ্রীরামক্রফ বাহির হইতে কেবল ভক্তিময় বলিয়া মনে হইলেও প্রকৃতপক্ষে ভিতরে তিনি পূর্ণ জ্ঞানময় ছিলেন; কিন্তু তিনি (খামীজী) নিজে বাহতঃ কেবল জ্ঞানময় বলিয়া মনে হইলেও ভিতরে ভক্তিতে পূর্ণ, এবং দেইজন্ম মাঝে মাঝে তাঁহাতে নারীজনস্থলভ তুর্বলতা ও কোমলতার ভাব দেখা যাইত।

একদিন তিনি কোন একজনের লেখার কয়েকটি ক্রটিপূর্ণ পঙ্কি লইয়া গোলেন এবং উহাকে একটি ক্ষুত্র কবিতারপে' ফিরাইয়া আনিলেন। সেটি স্বামিহীনা গুডউইন-জননীকে তাঁহার পুত্রের স্বরণে স্বামীজী-প্রদন্ত চিহ্নস্বরূপে প্রেরিত হইল।

নংশোধনের পর আসল কবিতাটির কিছুই রহিল না বলিয়া এবং বাঁহার লেখা সংশোধিত হইল, তিনি ক্ল হইবেন এইরপ আশহা করিয়া, তিনি আগ্রহ-সহকারে অনেকক্ষণ ধরিয়া 'কেবল ছন্দ ও মাত্রা মিলাইয়া কথা গাঁথা অপেক্ষা কবিত্বপূর্ণভাবে অহুভব করা কত বড় জিনিস'—তাহাই বিস্তারিত-ভাবে বর্ণনা করিতে লাগিলেন।

১০ই জুন। আলমোড়া-বাদের শেষদিন অপরাত্নে আমরা প্রীরামরুক্ষের সেই প্রাণঘাতিনী পীড়ার গল্প শুনিলাম। ডাক্তার মহেন্দ্রলাল সরকার আহুত হইয়াছিলেন। তিনি আসিল্লা বোগটিকে বোহিণী নামক ব্যাধি (Cancer) বলিল্লা নির্দেশ করেন এবং ফিরিবার পূর্বে শিশ্বগণকে বছবার

<sup>&</sup>gt; ' अष्टेवा—বীরবাণী বা Complete Works : Requiescat in Pace কবিতা ; এই প্রস্থাবলীর ৭ম থণ্ডে উরার অনুবাদ 'শান্তিতে দে লভুক বিপ্রাম'।

ৰুঝাইরা দেন—ইহা সংক্রামক রোগ। অর্থ ঘণ্টা পরে 'নরেন্দ্র' (তথন উাছার ঐ নাম ছিল) আসিয়া দেখিলেন, দিরেরা একর হইয়া ঐ-বিষয়ে আলোচনা করিতেছেন। ডাব্রুলার কি বলিয়া গিয়াছেন নিবিইচিতে ওনিয়া ভারপর মেক্সের দিকে তাকাইয়া তিনি প্রীরামক্তক্ষর পায়ের গোড়ায় ভূক্তাবশিষ্ট পায়দের বাটিটি দেখিতে পাইলেন। গলদেশের খাভবাহী নলীটির সংকোচন বশতঃ প্রীরামক্ত্রু উক্ত পায়ন গলাধংকরণ করিবার অন্ত অনেকবার ব্যর্গচেষ্টা করিয়াছিলেন, স্বতরাং উহা তাহার মুখ হইতে বার বার বাহিক হইয়া পড়িয়াছিল, এবং ঐ হুংসাধ্য রোগের বীজাণুপূর্ণ শ্লেমা ও পুঁজ নিশ্চয়ই ভাহার সহিত ছিল। 'নরেক্র' বাটিটি উঠাইয়া লইয়া সর্বসমক্ষে উহা নিংশেকে' পান করিয়া ফেলিলেন। ক্যান্সারের সংক্রামকতার কথা আর কখনও শিল্যগণের মধ্যে উথাপিত হয় নাই।

8

#### কাঠগুদামের পথে

১১ই জুন। শনিবার প্রাতে আমরা আলমোড়া ত্যাগ করিলাম। কাঠগুদাম পৌছিতে আমাদের আড়াই দিন লাগিয়াছিল।

রান্তার এক স্থানে এক অভ্ত রকমের পুরানো পানচাকীর এবং শৃশু কামার-শালের কাছে আদিয়া স্বামীজী ধীরামাতাকে বলিলেন, 'লোকে বলে, এই পার্বত্য অঞ্চলে একজাতীয় গন্ধর্বদৃশ অশরীরী জীবের বাস। আমি একটি সভ্য ঘটনা জানি, তাহাতে এক ব্যক্তি এইখানে প্রথমে ঐ সকল মূর্তির দর্শন পান এবং তাহার বহু পরে এই জনশ্রুতির বিষয় অবগত হন।'

এখন গোলাপের মরস্থম উত্তীর্ণ হইয়া গিয়াছে, কিন্ত অপর এক প্রকার ফুল (কামিনী ফুল) ফুটিয়া রহিয়াছে, স্পর্নমাত্তেই উহা ঝরিয়া পড়ে। ভারতীয় কাব্যজ্ঞগতের সহিত ইহার স্থতি বিশেষভাবে জড়িত বলিয়া স্বামীজী উহা আমাদিগকে দেখাইয়া দিলেন।

১৩ই জুন। রবিবার অপরাত্নে আমরা সমতল ভূমির সরিকটে একটি ব্রদ ও অনপ্রপাতের উপরিভাগে একস্থানে বিপ্রাম করিলাম। সেইখানে বাসীজী আমাদের জন্ম কর-স্বভিটির অম্বাদ করিলেন:

'অসতো মা সদগময়, তমসো মা জ্যোতির্গময়, মৃত্যোর্মাহমুতং গময়। আবিরাবির্ম এধি, রুল বত্তে দক্ষিণং মৃথং তেন মাং পাহি নিত্যমৃ।

—আমাদিগকে অসত্য হইতে সত্যে লইয়া বাও, আমাদিগকে তম হইতে কোতিতে লইয়া বাও, আমাদিগকে মৃত্যু হইতে অমৃতে লইয়া বাও, আমাদিগের নিকট আবিভূতি হও, আবিভূতি হও, আমাদিগের নিকট আগমন কর। হে রুজ, তোমার যে ক্রুণাপূর্ণ দক্ষিণমূথ, তদ্বারা আমাদিগকে নিত্য রক্ষা কর।

'আবিরাবির্ম এথি'—এই অংশের অন্থবাদে তিনি অনেকক্ষণ ইতন্ততঃ করিলেন, ভাবিতে লাগিলেন, ইহার অন্থবাদ এইরপ দিবেন কি নাঃ 'আমাদের অন্তব্যলে আসিয়া আমাদের সহিত মিলিত হও।' কিছু অবশেষে তিনি আমাদের নিকট তাঁহার চিন্তার কারণ ব্যক্ত করিয়া সংকাচের সহিত বালনে, 'ইহার আসল মানে এই, আমাদেরই ভিতর দিয়া আমাদের নিকট আইস।' ইহার আরও আক্ষরিক অন্থবাদ এইরপ হইবে, 'হে রুল, তুমি কেবল তোমার নিক্ষের নিকটেই প্রকাশিত আছ, তুমি আমাদের নিকটেও আল্পপ্রকাশ কর।' একণে তাঁহার অন্থবাদটিকে সমাধি-কালীন অন্থভ্তিরই এক ক্ষিপ্র ও সাক্ষাৎ প্রতিরূপ মাত্র বলিয়া মনে করি। উহা বেন সংস্কৃত্যের মধ্য হইতে সজীব হৃদয়টিকে পৃথক্ করিয়া লইরা তাহাকেই প্ররায় ইংরেজী ভাষার আবরণে প্রকাশ করিতেছে।

বান্তবিক দে অপরায়টি যেন অহ্বাদের শুভলগ্ন বলিয়া মনে হইল, এবং তিনি হিন্দ্দের প্রান্থাহাঠানের অদীভূত অতি স্থলর মন্ত্রগুলির অন্ততম মন্ত্রটির' কিছু কিছু আমাদের নিকটে অহ্বাদ করিয়া দিলেন:

[ ইংরাজী অনুবাদের বাঙ্গালা না দিয়া একটা বতম্ব অনুবাদ দেওরা হইল ৷—অনুবাদক ]

মধ্ বাতা বতারতে মধ্ করন্তি সিকর:। মাধ্বীর্ন: সন্ধোবধী:।
মধ্ নক্তম্তোবসি মধ্মৎ পার্থিবং রক্ষ:। মধ্জোরস্ত ন: শিতা।
য়ধ্মারো বনস্তির্মুর্মা অন্ত প্রর:। মাধ্বীর্গাবো তবত ন:। ও মধ্ ও মধ্ ও মধ্ ।

আমি পরব্রহকে লাভ করিতে ইচ্ছা করিতেছি; বার্দকল আমার অন্তর্গ হউক, নদীসকল অন্ত্র্ল হউক, ওবধিদকল অন্ত্র্ল হউক, রাজি ও উবা আমাদের অন্ত্র্ল হউক, পৃথিবীর ধূলি আমাদের অন্ত্র্ল হউক, ভৌরূপী শিভা আমাদের অন্ত্র্ল হউন, বনস্পতিসকল আমাদের অন্তর্ল হউক, ত্র্য আমাদের অন্ত্র্ল হউন, গোসকলও আমাদের অন্তর্ল হউক। ও মধু, ও মধু, ও মধু,

পরে স্বামীন্দী খেডড়ির নর্তকীর নিকট স্থরদাসের যে গানটি শুনিয়াছিলেন, সেটি আমাদের নিকট পুনরায় গাহিলেন:

> প্রভূ মেরা অবগুণ চিত ন ধরো, সমদরশী হৈ নাম তুম্ছারো, ইত্যাদি—' i

সেই দিন কি আর এক দিন, তিনি আমাদের নিকট কাশীর সেই বৃদ্ধ সন্ন্যাসীর কথা বলিলেন, থিনি তাঁহাকে একপাল বানর কর্তৃক উত্তাক্ত দেখিয়া, এবং তিনি পশ্চাংপদ হইয়া ফিরিয়া পলাইতে পারেন, এই আশস্কা করিয়া উক্তৈঃখরে বলিয়াছিলেন, 'সর্বদা জানোয়ারগুলার সম্মুখীন হইও।'

বড় আনন্দেই আমরা উক্ত কয়দিন পথ চলিয়াছিলাম। প্রতিদিনই চটিতে পৌছিরা তৃঃথ বোধ হইত। এই সময়ে রেলঘোগে 'তরাই' নামক সেই ম্যালেরিয়া-গ্রন্থ ভৃথও অতিক্রম করিতে আমাদের একটি সারা বিকাল লাগিয়া-ছিল, এবং স্বামীজী আমাদের শ্বরণ করাইয়া দিলেন যে, ইহাই বৃদ্ধের জয়ভূমি।

æ

#### স্থান—বেরিলী হইতে বারাম্লা কাল—১৪ই হইতে ২০শে জুন

১৪ই জুন। পরদিন আমরা পঞ্জাব প্রবেশ করিলাম; এই ঘটনায় স্বামীলী অভিশয় উন্নদিত হইলেন। এই প্রদেশের প্রতি তাঁহার এত প্রীতি ছিল বে, উহা ঠিক বেন তাঁহার জন্মভূমি বলিয়া বোধ হইত। স্বামীন্দী বলিলেন, 'এথানে মেয়েরা চরকা কাটিতে কাটিতে ভাছার 'দো২হং দো২হং' ধানি ভনিয়া থাকে।' বলিতে বলিতে সহসা বিষয়াম্বর আলোচনায় তিনি স্থদ্র অতীতে চলিয়া গেলেন এবং আমাদের সমকে ধবনগণের সিম্ধুনদ-তীরে অভিযান, চন্দ্রগুপ্তের আবির্ভাব এবং বৌদ্ধদাদ্রাজ্যের বিন্তার, এই সকল মহানু ঐতিহাসিক দৃষ্ঠাবলী একে একে উদ্ঘাটন করিতে লাগিলেন। এই গ্রীমে তিনি বেমন করিয়া হউক আটক পর্যন্ত গিয়া, যেখানে বিষয়ী সেকেন্দর প্রতিহত হইয়াছিলেন, সেই श्रानि श्राटक वर्गन कविएण क्रणमञ्जल व्हेशां हिल्लन । जिनि आंभारत निकरे গাদ্ধার-ভাষ্কর্বের বর্ণনা করিলেন (তিনি নিশ্চয়ই সেগুলিকে পূর্ব বৎসর লাহোরের বাত্যরে দেখিয়া থাকিবেন) এবং 'কলাবিতা-সমন্ধে ভারতবর্ষ চিরকাল ধ্বনগণের শিশ্বত্ব করিয়াছে'—ইওরোপীয়গণের এই অর্থহীন অক্সায় দাবি নিরাকরণ করিতে করিতে তিনি যারপরনাই উত্তেজিত হইয়া উঠিলেন। গোধুলির আলোকে এই সকল পার্বত্য ভূথণ্ডের কোন একটি অতিক্রমকালে भागीको आंगांत्रितक छाँदांत स्मर्टे वहतिन भूर्वित अभूवं तर्नानत कथा विनातन । তিনি তথন সবেমাত্র সন্নাস-জীবনে পদার্পণ করিয়াছেন এবং পরে তাঁছার বরাবর এই বিখাস ছিল বে, সংস্কৃতে মন্ত্র আবুত্তি কবিবার প্রাচীন রীতি তিনি এই ঘটনা হইতেই পুন:প্রাপ্ত হইয়াছিলেন।

তিনি বলিলেন, 'দদ্যা হইয়াছে; আর্থগণ সবেমাত্র সিদ্ধুনদ-তীরে পদার্পণ করিয়াছেন, ইহা দেই যুগের সন্ধ্যা। দেখিলাম, বিশাল নদের তীরে বদিয়া এক বৃদ্ধ। অন্ধুকার-তরকের পর অন্ধুকার-তরক আদিয়া তাঁহার উপর পড়িতেছে, আর তিনি ধার্যে হইতে আর্ত্তি করিতেছেন। তার পর আমি সহজ অবৃদ্ধা প্রাপ্ত হইলাম এবং আর্ত্তি করিয়া ঘাইতে লাগিলাম। বহু প্রাচীনকালে আমরা বে স্বর ব্যবহার করিতাম, ইহা সেই স্বর।'

এই আলোচনা-প্রসঙ্গে আর একদিন তিনি বলিতেছিলেন, 'শঙ্রাচার্ধ বেদেব ধ্বনিটিকে ঠিক ধরিতে পারিয়াছিলেন, উহাই আমাদের জাতীয় তান। বলিতে কি, আমার চিরন্তন ধারণা—' বলিতে বলিতে হঠাৎ তাঁহার কণ্ঠশ্বর খেন আবেগময় হইয়া আলিল এবং দৃষ্টি বেন স্থদ্রে নিবদ্ধ হইল—'আমার চিরন্তন ধারণা এই বে, তাঁহারও শৈশবে আমার মতো কোন এক অলোকিক দর্শনলাভ নিশ্চয়ই ঘটিয়াছিল, এবং তিনি এরণে সেই প্রাচীন তানকে উদ্ধার করিয়াছিলেন। ইহা সত্য হউক বা না হউক, বেদ ও উপনিবৎসমূহের সৌন্ধর্বকে স্পন্দিত করাই তাঁহার সমগ্র জীবনের কাছ।'

রাওলপিণ্ডি হইতে মরী পর্যন্ত আমরা উলায় গেলাম এবং কাশ্মীর্যাত্রার পূর্বে তথার করেক দিন অতিবাহিত করিলাম। এইথানে স্বামীলী এই দিছান্তে উপনীত হন যে, যদি তিনি প্রাচীনপদ্বিগণের মধ্যে—কোন ইওরোপীয়কে শিয়রপে বা স্বীশিক্ষার ক্ষেত্রে গ্রহণ করাইতে কোন চেষ্টা করেন, তাহা হইলে তাহা বাঙলা দেশে করাই ভাল। পঞ্চাবে বিদেশীয়দিগের প্রতি অবিশাস এত প্রবল যে, সেখানে এরপ কোন কার্বের সফলতার সন্তাবনা নাই। মধ্যে মধ্যে এই সমস্রাটি তাঁহার বিশেষ মনোযোগ আকর্ষণ করিত; এবং তিনি কখন কখন বলিতেন যে, বাঙালীরা রাজনীতি-বিষয়ে ইংরেজের বিরোধী, অথচ উভয়ের মধ্যে পরস্পর ভালবাসা ও বিশাসের একটা প্রবণতা রহিয়াছে; ইহা আপাতবিক্ষক হইলেও সত্য।

অপরাত্নের অনেকটা সময় আমরা ঝড়ের জন্ম ঘরের মধ্যে কাটাইতে বাধ্য হইয়াছিলাম। ডুলাইএ আমাদের হিন্দুধর্ম-বিষয়ক জ্ঞানলাভের এক নৃতন অধ্যায় খুলিয়া গেল। কারণ, স্বামীনী গন্ধীর ও বিশদভাবে এই ধর্মের আধুনিক অধোগতির কথা আমাদিগকে বলিলেন, এবং উহাতে বে-সকল ক্রীতি বামাচার নামে প্রচলিত রহিয়াছে, সেগুলির প্রতি স্বীয় আপোষহীন বিরোধিভার কথাও উল্লেখ করিলেন।

বিনি কাহাকেও নিরাশ করা সহু করিতে পারিতেন না, সেই প্রীরামকৃষ্ণ এই সব কি দৃষ্টিতে দেখিতেন, এ কথা বিজ্ঞাসা করার তিনি বলিলেন, 'ঠাকুর বলিতেন—হাঁ, তা বটে, কিন্তু প্রত্যেক বাড়িরই একটা পার্থানার হ্যাবও তো আছে!' এই বলিয়া খামীকা দেখাইয়া দিলেন যে, সকল দেশেই বে- সকল সম্প্রদায়ে কদাচারের ভিতর দিয়া ধর্মলাভের চেষ্টা করা হয়, ভাহারা এই শ্রেণীভূক।

আমর। স্বামীজীর সহিত পালা করিয়া টলায় বাইবার ব্যবস্থা করিলাম, এবং এই পরবর্তী দিনটি যেন অভীত স্থতির আলোচনাতেই পূর্ণ ছিল।

তিনি বন্ধবিভা সহক্ষে—'একমেবাছিতীয়ন' সন্তার সাক্ষাৎকার সহক্ষে বলিতে লাগিলেন, এবং প্রেমই বে পাণের একমাত্র ঔষধ, তাহাও বলিলেন। তাঁহার স্থলের একজন সহপাঠী বড় হইয়া ধনশালী হইলেন, কিন্তু তাঁহার স্বাস্থ্য ভাঙিয়া গোল। রোগটির ঠিক পরিচয় পাওয়া বাইতেছিল না; উহার ফলে দিন দিন তাঁহার সামর্থ্য এবং জীবনীশক্তির ক্ষয় হইতেছিল, এবং চিকিৎসকগণের নৈপ্ণ্য সম্পূর্ণরূপে পরাভ্ত হইয়াছিল। অবশেষে 'স্বামীন্ধী চিরকাল ধর্মভাবাপর' ইহা জানা থাকার এবং অন্ত সব উপায় বিফল হইলে মাহ্য ধর্মের আশ্রম্ম লয় বলিয়া তিনি স্বামীন্ধীকে একবার আদিতে অন্থ্রোধ করিয়া লোক পাঠাইলেন। আচার্যদেব তথায় পৌছিলে একটি কৌতুককর ঘটনা ঘটিল।

'বিনি ব্রহ্মকে আপনা হইতে অক্সত্র জানেন, ব্রহ্ম তাঁহাকে প্রত্যাখ্যান করেন; বিনি ক্ষত্রিয়কে আপনা হইতে অক্সত্র জানেন, ক্ষত্রিয় তাঁহাকে প্রত্যাখ্যান করেন; এবং বিনি লোকসকলকে আপনা হইতে অক্সত্র ভাবেন, লোকসকল তাঁহাকে প্রত্যাখ্যান করেন!'—এই শুভিবাক্য' তাঁহার মনে পড়িল এবং রোগীও ইহার অর্থ ক্ষরক্ষম করিয়া রোগ হইতে মুক্ত হইলেন। পরে স্বামীজী বলিলেন, 'স্কুতরাং যদিও আমি অনেক সময় তোমাদের মনের মতো কথা বলি না, বা রাগিয়া কথা বলি, তথাপি মনে রাথিও যে, প্রেম ভিন্ন অক্স কিছু প্রচার করা আদৌ আমার অক্সরের ভাব নহে। আমরা বে পরস্পরকে ভালবাদি, এইটুকু ক্ষর্থম হইলেই এই সব গণ্ডগোল মিটিয়া বাইবে!'

সম্ভবতঃ সেই দিনই (অথবা প্র্টিনও হইতে পারে) তিনি 'মহাদেব'-প্রেদকে আমাদের নিকট বলিলেন যে, শৈশবে তাঁহার জননী পুত্রের কুটামি দেখিয়া হতাশ হইয়া বলিতেন, 'এত জপ, এত উপবাসের ফলে শিব কিনা একটি পুণ্যাত্মার পরিবর্তে তোকে—ভূতকে পাঠাইলেন!' অবশেষে তিনি যে সত্যা.

১ 'বৃদ্ধ তং পরাদাদ্ যেহয়্য়তায়নো বন্ধ বেদ করেং তং পরাদাদ্ বোহয়্য়রায়নঃ করেং বেদ লোকায়ং পরায়্র্বোহয়্য়রায়নো লোকান্ বেদ।'—বৃহদায়ণ্যক, ৪।৫।৭

সভাই শিবের একটি ভূত, এই ধারণা তাঁহাকে পাইরা বসিল। তাঁহার মনে হইল, বেন কোন সাজার নিমিত্ত তিনি কিছুদিনের জন্ত শিবলোক হইতে নির্বাসিত হইরাছেন, আর তাঁহার জীবনের একমাত্র চেটা হইবে—সেধানে ফিরিয়া বাওয়া।

তিনি একদিন বলিয়াছিলেন যে, তাঁহার প্রথম আচার-মর্বাদালভ্যন পাঁচ বংসর বয়দে হইয়াছিল। সেই সময় তিনি খাইতে খাইতে ভান হাত এঁটো-মাখা থাকিলে বাঁ হাতে জলের গোলাস তুলিয়া লওয়া কেন অধিক পরিছয়ভার কাজ হইবে না, এই মর্যে তাঁহার মাতার সহিত এক তুম্ল তর্কে প্রবৃত্ত হইয়াছিলেন। এই হুয়ামি অথবা এই ভাতীয় অভ্য সব হুয়ামির জল্প জননীয় অমোঘ ঔষধ ছিল—বালককে জলের কলের নীচে বসাইয়া দেওয়া, এবং তাঁহার মন্তকে শীতল জলধারা পড়িতে থাকিলে 'লিব! লিব!' উচ্চারণ করা। খামীজী বলিলেন যে, এই উপায়টি কথনও বিফল হইত না। মাতার জপ তাঁহাকে তাঁহার নির্বাদনের কথা মনে পড়াইয়া দিত, এবং তিনি মনে মনে 'না, না, এবার আরু নয়!' এই বলিয়া আবার শাস্ত এবং বাধ্য হইতেন।

মহাদেবের প্রতি তাঁহার অপরিসীম ভালবাসা ছিল, এবং একদা তিনি ভারতের ভাবী স্ত্রীজাতি সহক্ষে বলিয়াছিলেন যে, যদি তাহারা তাহাদের নৃতন নৃতন কর্তব্যের মধ্যে মনে করিয়া মধ্যে মধ্যে শুধু 'শিব! শিব!' বলে, ভাহা হইলেই তাহাদের পক্ষে যথেষ্ট পূজা করা হইবে। তাঁহার নিকট হিমালয়ের বাতাস পর্যন্ত সেই অনাদি অনন্ত ধ্যানের বিষয়ীভূত মূর্তি ছারা ওতপ্রোত, যে ধ্যান স্থিচিন্তার ছারা ভয় হইবার নহে; এবং তিনি বলিলেন যে, এই গ্রীম শুত্তেই তিনি প্রথম সেই প্রাকৃতিক কাহিনীর অর্থ বৃষিলেন, খাহাতে মহাদেবের মন্তকে এবং সমতল প্রদেশে অবতরণের পূর্বে, শিবের জটার মধ্যে স্বর্ধনীর ইতন্তত: সঞ্চরণ কল্লিত হইয়াছে। তিনি বলিলেন যে, তিনি বছদিন ধরিয়া পর্বতমধ্যবাহিনী নদী ও জলপ্রপাতসকল কি কথা বলে, ইহা জানিবার জন্ত অস্ক্ষান করিয়াছিলেন এবং অবশেষে জানিয়াছিলেন যে, ইহা সেই অনাদি অনন্ত 'হর হর বম্ বম্' ধ্বনি! তিনি একদিন শিবের প্রসক্ষে বলিয়াছিলেন, 'হ্যা, তিনিই মহেশ্র, শান্ত, স্ক্রের এবং মৌন! আর আমি ভাঁহার পরম্ব ভক্ত।'

আর এক সমর তাঁহার বক্তব্য বিষয় ছিল—বিবাহ কিরণে ঈশরের সহিত্ত জীবাত্মার সহজেরই আদর্শবরূপ। তিনি উৎসাহভরে বলিলেন, 'এই জন্তুই, বলিও মাতার স্নেহ কতকাংশে এতদপেকা মহন্তর, তথাপি পৃথিবীক্ষ্ম লোক ভামী-স্ত্রীর প্রেমকেই আদর্শ বলিয়া ধরিয়া থাকে। অপর কোন প্রেমেই এরপ মনের মতন করিয়া গড়িয়া লইবার অপূর্ব শক্তি নাই। প্রেমান্দাক্ষে বেমনটি কল্পনা করা যায়, সত্য সতাই সে ঠিক তেমনটিই হইয়া উঠে, এই প্রেমে প্রেমান্দাক্ক রূপান্তরিত করিয়া দেয়।'

পরে কথাপ্রসঙ্গে জাতীয় আদর্শের কথা উঠিল, এবং বিদেশপ্রত্যাগত পাছ কিরপ আনন্দের সহিত আবার স্থদেশের নরনারীকে স্থাগত জানার, স্থামীজী তাহার উল্লেখ করিলেন। সারা জীবন ধরিয়া মাহ্ব অজ্ঞাতসারে এই শিক্ষালাভ করিয়া আসে যে, সে স্থদেশবাসীর মূথে এবং আরুভিতে ভাবের মৃত্তম আলোড়নটি পর্যন্ত ব্যিতে পারে।

পথে যাইতে যাইতে আমাদের পুনরায় একদল পাদচারী সন্ন্যাসীর সঙ্গে দেখা হইল। তাঁহাদের কুছুাফ্রাগ দেখিয়া স্থামীনী কঠোর তপস্তাকে বৈব্রতা' বলিয়া তীব্র সমালোচনা করিতে লাগিলেন। যাত্রিগণ তাহাদের আদর্শের নামে ধীরে ধীরে কোশের পর কোশ পথ অতিবাহন করিতেছে, এই দৃশ্যে তাঁহার মনে কটকর স্থতি-পরম্পরার উদয় হইল, এবং মানব-লাধারণের পক্ষ হইতে তিনি ধর্মের উৎপীড়নে অধীর হইয়া উঠিলেন। পরে আবার ঐ ভাব বেমন হঠাৎ আদিয়াছিল, তেমনই হঠাৎ চলিয়া গেল এবং ভাহার পরিবর্তে এই 'বর্বরতা' না থাকিলে যে বিলাস আদিয়া মাফ্রের সম্ক্রম্ম মহয়ত অপহরণ করিত, এই ধারণা ঠিক তেমনই দৃঢ়তার সহিত উল্লিখিত হইল।

ঙ

# কাশার উপত্যকা

স্থান—বিতম্বা নদী ( বারামুরা হইতে খ্রীনগর ) কাল—২০ শে হইতে ২২শে জুন

ভাগ্যবানের বোঝা ভগবানে বয়' পয়ম উল্লাসে এই কথা বলিডে বলিতে খামীলী আমাদের ডাকবাংলার কামরায় ফিরিয়া আসিলেন, এবং ছাডাটি জাছ্ছয়ের উপর রাখিয়া উপবেশন করিলেন; কোন সদী না লইয়া আসায় উাহাকেই সাধারণ ছোট-খাট কাজগুলি সম্পাদন করিতে হইডেছিল, তিনি ডোঙা ভাড়া করা প্রভৃতি প্রয়োজনীর কাজের জক্স বাছির হইয়াছিলেন। কিন্তু বাহির হইয়াই হঠাৎ একজন লোকের সহিত তাঁহার সাক্ষাৎ হয়, তিনি খামীলীর নাম প্রবণে কাজের সমস্ত ভার নিজের উপর লইয়া তাঁহাকে নিশ্চিত্ত মনে ফিরিয়া যাইতে বলিয়াছিলেন। স্বতরাং দিনটি আমাদের আনন্দে কাটিয়াছিল। আমরা সামাভারে তৈরী কাশ্মীরী চা পান করিলাম, এবং ঐ দেশের মোরবলা খাইলাম। পরে প্রায় চারিটার সময় আমরা তিনডোলা-বিশিষ্ট এক ক্সে নৌ-বহর অধিকার করিলাম এবং আর বিলম্ব না করিয়া শ্রীনগরাভিম্বে যাত্রা করিলাম। প্রথম সন্ধ্যাটিতে আমরা খামীলীর জনৈক বন্ধুর বাগানের পাশে নদ্ধর করিয়াছিলাম।

পরদিন আমরা ত্যারমণ্ডিত পর্বতরাজি ঘারা পরিবেষ্টিত এক মনোর্ম উপত্যকায় উপস্থিত হইলাম। ইহাই 'কাশ্মীর উপত্যকা' নামে পরিচিত; কিন্তু হয়তো 'শ্রীনগর উপত্যকা' বলিলে ইহার ঠিক ঠিক পরিচয় দেওয়া হয়।

দেই প্রথম প্রভাতে কেত্রের উপর দিয়া লখা এক চোট ভ্রমণের পর আমরা এক বিস্তৃত গোচারণ-ভূমির মধ্যস্থলে অবস্থিত একটি প্রকাণ্ড চেনার গাছের নিকট উপন্থিত হইলাম। সভ্য সভাই দেখিলাম, যেন এই গাছের কোটরে প্রবাদোক্ত বিশটা গরু খান পাইতে পারে! কিন্তুপে ইহাকে এক সাধ্নিবাসের উপবোগী করিয়া লওয়া বাইতে পারে, খামীলী এই খাপভাবিষয়ক আলোচনায় ব্যাপ্ত হইলেন। বাস্তবিকই এ সজীব বৃক্ষটির কোটরে একটি ক্স্তু কুটার নির্মিত হইতে পারিত; পরে তিনি ধ্যানের কথা বলিতে লাগিলেন;

ফলে দাঁড়াইল এই যে, ভবিন্ততে চেনার গাছ দেখিলেই ঐ কথার স্বতি উহাকে পবিত্রতায় মণ্ডিত করিয়া দিবে!

তাঁহার সহিত আমরা নিকটন্থ গোলাবাড়িতে প্রবেশ করিলাম। সেধানে দেখিলাম, তক্তলে বিদান এক পরমন্ত্রী বর্ষায়দী রমণী। তাঁহার মাধায় কাশ্মীরীনারী-ক্লভ লাল টুপী এবং খেত অবগুঠন। তিনি বদিয়া পশমহৈতে স্তা কাটিতেছিলেন এবং তাঁহার চারি পাশে তাঁহার ঘই পুত্রবণ্ এবং তাহাদের ছেলেণিলেরা তাঁহাকে সাহান্য করিতেছে। স্বামীঞ্চী পূর্ব শরৎ অভ্যতে আর একবার এই গোলাবাড়িতে আদিয়াছিলেন, এবং সেই অবধি এই বৃদ্ধতির স্বধর্মে আছা এবং গোরব-বোধের কথা অনেকবার বলিয়াছিলেন। সে-বার তিনি জল ধাইতে চাহিয়াছিলেন, এবং তিনিও তৎক্ষণাৎ তাঁহাকে জল দিয়াছিলেন। বিদায় লইবার পূর্বে তিনি তাঁহাকে ধীরভাবে জিল্লামাকরিয়াছিলেন, 'মা, আপনি কোন ধর্মাবলছিনী ?' সগর্বে জয়ের উল্লাস্টেচকের্চের বৃদ্ধা উত্তর দিয়াছিলেন, 'ঈশরকে ধল্যবাদ। প্রভ্রের উল্লাস্টেচকের্চের বৃদ্ধা উত্তর দিয়াছিলেন, 'ঈশরকে ধল্যবাদ। প্রভ্রের জলামিন্স্লমানী।' একণে এই মৃলমান পরিবারের সকলে মিলিয়া স্বামীন্তিকে পুরাতন বন্ধুরূপে অভ্যর্থনা করিলেন এবং তিনি বে বন্ধুগণকে সঙ্গে আনিয়াভিলেন, তাঁহাদের প্রতিও সর্ববিধ সৌজ্য-প্রকাশে রত হইলেন।

শীনগর পৌছিতে তৃই তিন দিন লাগিয়াছিল, এবং একদিন সন্ধাকালে আহারের পূর্বে ক্ষেত্রের উপর বেড়াইতে বেড়াইতে আমাদের মধ্যে একজন ( বিনি কালীঘাট দেখিয়াছিলেন ) আচার্যদেবের নিকট অভিযোগ করিলেন বে, কালীঘাট ভক্তির অভিরিক্ত উচ্ছাস তাঁহার বিসদৃশ বোধ হইয়াছিল, এবং বলিয়া উঠিলেন, 'প্রতিমার সমূপে লোকে ভূমিতে লাইাল হয় কেন ?' স্বামীজী একটা তিলের ক্ষেতের দিকে অঙ্গুলি নির্দেশ করিয়া বলিতেছিলেন, 'তিল আর্যগণের স্বাপেকা প্রাচীন ভৈলবাহী বীজ,' কিন্তু এই প্রশ্নে:তিনি হন্তছিত ক্ষুত্র নীল ফুলটি ফেলিয়া দিলেন, পরে হিরভাবে দাড়াইয়া প্রশান্ত গন্ধীর্থরে বলিলেন, 'এই পর্যতমালার সমূপে সাইাল হওয়া আর সেই প্রতিমার সমূপে সাইাল হওয়া কি একই কথা নয় ?'

আচার্বদেব আমাদিগের নিকট প্রতিশ্রতি দিয়াছিলেন, গ্রীমাবসানের পূর্বেই তিনি আমাদিগকে কোন শান্তিপূর্ণ হানে লইয়া গিয়া ধান শিক্ষা দিবেন। স্থির হইল বে, আমরা প্রথমে দেশটি দেখিব—ভারপর নির্জনবাস করিব।

শ্ৰীনগরে প্রথম রন্ধনীতে আমরা কভিপয় বাঙালী রাম্কর্মচারীর গৃহে ভোলন করিয়াছিলাম, এবং নানা কথার প্রসঙ্গে পাশ্চাত্য অভ্যাগতগণের মধ্যে একমন মত প্রকাশ করিলেন, 'প্রভাক জাতির ইতিহাস কতকগুলি আদর্শের উদাহরণ এবং বিকাশস্বরূপ; উক্ত জাতির সকল লোকেরই সেই-গুলিকে দৃঢ়ভাবে ধরিয়া থাকা উচিত।' আমরা দেখিয়া কৌতুক অহতক করিলাম বে, উপস্থিত হিন্দুগণ ইহাতে আপত্তি উত্থাপন করিলেন। তাঁহাদের চক্ষে ইহা তো স্পষ্টই একটি বন্ধন, এবং মানবমন কখনই চিরকাল ইহার অধীন হট্যা থাকিতে পারে না। উক্ত মতের বন্ধনাত্মক অংশের প্রতি বীতপ্রদ হইয়া তাঁহার। সমগ্র ভাবটির প্রতিই অবিচার করিলেন বলিয়া মনে হইল। चरानाय यांगीको मधाय हहेशा तनितनत, 'राजायता तांध हश योकांब कविरत বে, মানবপ্রকৃতির ক্ষেত্রে চূড়ান্ত শ্রেণীভাগের একক (unit) মনন্তান্তিক; ভৌগোলিক বিভাগ অপেকা ইছা অধিকতর স্থায়ী। প্রণালী হিসাবে এই ভাৰগত সাদৃখ্যগ্ৰহণকে একদেশবভিতামূলক সাদৃখ্যগ্ৰহণ অপেকা চিরস্থায়ী করা বার।' তারপর তিনি আমাদের সকলেরই পরিচিত ছই জনের कथा উল্লেখ করিলেন: তন্মধ্যে একজনকে—তিনি জীবনে বত এটিংমাবলম্বী **एशिकारह्न, डाँशांएन मर्सा जामर्नश्रामीय तिमा त्यांत्र मर्म करिएन जन्ह** তিনি একজন বলনারী: এবং আর একজনের জন্মভূমি পাশ্চাভ্যে কিছ चांभीकी रनिएछन रह, ये राष्ट्रि छांहांत्र व्ययनां छ जान हिन्तु। जर निक छाविश्रा मिथिल এ व्यवश्रांत्र हेहांहे कि नवीरिका वांक्ष्मीय हिल ना रह, উহাদের একে অপরের দেশে জন্মগ্রহণ করিয়া নিজ নিজ আদর্শের বধাসম্ভব প্রদার বিধান করে ?


9

# স্থান—শ্রীনগর কাল—২২শে জুন হইতে ১৫ই জুলাই

প্রতিদিন প্রাতঃকালে স্বামীন্ত্রী পূর্বের স্থার স্বামাদের নিকট স্বাসিরা দীর্ঘকাল কথাবার্তা কহিতেন,—কথনও কাশ্মীর বে-সকল বিভিন্ন ধর্মগুলের মধ্য দিরা চলিয়া স্বাসিরাছে ভাহাদের সহছে, কথনও বা বৌদ্ধর্মের নীতি, কথনও বা শিবোপাসনার ইতিহাস, স্বাধার হয়তো বা কণিছের সময়ে শ্রীনগরের স্বস্থা—এই সকল বিষ্টের ক্থোপক্থন চলিত।

একদিন ভিনি আমাদের মধ্যে একজনের সহিত বৌদ্ধর্ম সহদ্ধে কথা কহিতে কহিতে হঠাৎ বলিলেন, 'আসল কথা এই বে, বৌদ্ধর্ম অশোকের সমরে এমন একটি মহদহাচানে উত্যোগী হইরাছিল, বাহার জন্ত জগৎ এ যুগেই [সবেমাত্র আজকালই] উপযুক্ত হইরাছে!'—ভিনি সর্বধর্ম-সমন্বরের কথা বলিভেছিলেন। কিরুপে অশোকের ধর্মবিষরক একছত্ত্বে বার বার ঈশাহি ও মুসলমান ধর্মের তর্মদের পর তর্ম্ব দারা চূর্ণ হইরাছিল, কিরুপে আবার এতহ্তরের প্রভাবেই মানবজাতির ধর্মবৃদ্ধির উপর একচেটিয়া অধিকার দাবি করিত, অবশেবে কি উপারে এই মহাসমন্বর স্বল্পকামধ্যেই সভ্তবপর হাইবে বলিয়া অহুমিত হইভেছে—এই সকল বিষরের অবভারণা করিয়া ভিনি এক অপূর্ব চিত্র আমাদের সমক্ষে উপস্থিত করিলেন।

আর একবার মধ্য-এদিয়ার দিখিজয়ী বীর জেজিজ অথবা চেজিজ থা সম্বন্ধে কথা হইল। তিনি উত্তেজিত হইয়া বলিতে লাগিলেন, 'লোকে তাঁহাকে একজন নীচ পরপীড়ক বলিয়া উল্লেখ করে, তোমরা শুনিয়া থাকো; কিছ তাহা সত্য নহে! এইরূপ মহামনা ব্যক্তিগণ কথনও কেবল ধনলোল্প বা নীচ হন না! তিনি এক রকম একছের আদর্শে অহুপ্রাণিত হইয়াছিলেন এবং তাঁহার (সময়ের) জগৎকে তিনি এক করিতে চাহিতেছিলেন। নেপোলিয়নও সেই হাঁচে গড়া লোক ছিলেন এবং সেকেল্বন্ত এই শ্রেণীর আর একজন । মাত্র এই তিন জন—অথবা হয়তো একই জীবাত্মা তিনটি পৃথক্ দিখিলয়ে আত্মহালাশ করিয়াছিল।' তারপর একমাত্র অবভার-আত্মা এক্ষা শক্তি বারা পূর্ণ হইয়া জীবত্রকৈনত্য-সংস্থাপনের নিমিত্ত বারংবার ধর্মজগতে



कानीख़ यायोजी, ১৮৯৮ अलि य्ल

আবিভূতি হইয়া আসিতেছেন বলিয়া তিনি বে বিখাস করিতেন, তাঁহারই গৃহদ্ধে বর্ণনা করিতে লাগিলেন।

এই সময়ে 'প্রবৃদ্ধ-ভারত' মান্তাক হইতে মায়াবতীতে নৰপ্রতিষ্ঠিত আশ্রমে ছানাস্তরিত হওয়ায় আমরা সকলে প্রায়ই ইহার কথা ভাবিতাম।

বামীনী এই পত্রধানিকে বিশেষ ভালবাসিতেন। তৎপ্রমন্ত স্থান্থর নামটিই তাহার পরিচয়। তাঁহার নিজের করেকখানি মৃথপত্র থাকে, এজন্ত তিনি সদাই উৎস্থক ছিলেন। বর্তমান ভারতে শিক্ষাবিন্তারকরে মাসিক পত্রের কি মূল্য, তাহা তিনি সম্যক্রপে হুদ্রক্ষম করিয়াছিলেন, এবং অন্থভক করিয়াছিলেন ধে, বক্তৃতা এবং লোকহিতকর কার্যের প্রায় এই উপায় বারাও তাঁহার গুরুদেবের উপদেশাবলী প্রচার করা আবশুক। স্তরাং দিনের পর দিন তিনি বেমন বিভিন্ন কেন্দ্রের লোকহিতকর কাজগুলির ভবিন্তং সম্বন্ধে করনা করিতেন, তাঁহার কাগজগুলির ভবিন্তং সম্বন্ধেও ঠিক সেইরপই করিতেন। প্রতিদিন তিনি বামী স্বরূপানন্দের নব সম্পাদকত্বে আন্ত-প্রকাশোমূধ প্রথম সংখ্যাথানির বিষয়ে কথা পাড়িতেন। একদিন বৈকালে আমরা সকলে বসিয়া আছি, এমন সময়ে তিনি একথও কাগজ আমাদের নিকট আনিয়া বলিলেন, 'একধানি পত্র লিথিবার চেটা করিয়াছিলাম, কিন্তু উহা কবিতাকারে এরপ দাড়াইল'—To the Awakened

২৬শে জুন। আচার্যদেব আমাদের সকলকে ছাড়িয়া একাকী কোন শান্তিপূর্ণ স্থানে বাইবার জন্ত উৎস্ক হইয়ছিলেন। কিন্ত আমরা ইহা না জানিয়া তাঁহার সহিত কীরভবানী নামক শুল্র প্রপ্রবাধিলি দেখিতে বাইবার জন্ত জেল করিতে লাগিলাম। শুনিলাম, ইতিপূর্বে কখনও কোন প্রীষ্টান বা মুসলমান সেখানে পদার্পণ করে নাই, গরে আমরা ইহার দর্শনলাভে বে কভদ্র কৃতার্থ হইয়াছি, তাহা বর্ণনাতীত; কারণ ভগবান বেন স্থির করিয়া রাথিয়াছিলেন বে, এই নামটিই আমাদের নিকট সর্বাপেকা পবিত্র হইয়া উঠিবে।

২০শে জুন। আর একদিন আমরা নিজেরাই বিনা আড়মরে ছুই তিন সহস্র ফুট উচ্চ একটি ক্ষুত্র পর্বতের শিধরদেশে খুব ভারী ভারী উপকরণে

১ ব্রষ্টবা: Complete Works: অমুবাদ 'প্রবৃদ্ধ ভারতের প্রতি', এই প্রস্থাবলীর ৭ম খণ্ডে

গঠিত তথ্ৎ-ই-স্লেমান নামক একক্ষ মনির দর্শন করিলাম। সেধানে শান্তি ও সৌন্ধ বিরাজিত, নিমে বিধাত ভাসমান উন্থানগুলি চতুম্পার্ফে বহু ক্রোশ ব্যাপিয়া রহিয়াছে, দেখা গেল। মন্দির ও শ্বভিসোধাদির নির্মাণোপবাগী স্থান-নির্বাচনে হিন্দৃগণের প্রাকৃতিক সৌন্দর্বাহ্যর পরিচয় পাওয়া যায়, এই বিষয়টির অহুক্লে স্থামীলী বে তর্ক করিতেন, তথ্ৎ-ই-স্লেমান তাহার একটি প্রকৃত্ত উদাহরণস্থল। লগুনে তিনি যেমন একবার বিলয়ছিলেন বে, চারিদিকের দৃশ্য উপভোগ করিবার উন্দেশ্যেই ঋষিগণ গিরিদীর্ফে বাস করিতেন, তেমনি এখন একটির পর একটি করিয়া ভূরি ভূরি দৃষ্টাস্তসহকারে দেখাইয়া দিলেন যে, ভারতবাসিগণ চিরকাল অভি স্থান এবং প্রধান প্রধান স্থানগুলি পূজামন্দির নির্মাণপূর্বক পবিত্রতা-মণ্ডিত করিয়া ভূলিতেন।

সেই সময়ের অনেক স্থলর স্থলর স্থতি মনে পড়িতেছে, বথা:

'তুলদী জগমে আইয়ে দঁবদে মিলিয়ে ধায়।

ন জানৈ কেহি ভেকমে নারায়ণ মিলি বায়।'

—তুলদী জগতে আদিয়া দকলের দহিত মিলিয়া মিশিয়া বাদ করে। জানি না কোন রূপে নারায়ণ দেখা দেন।

'একো দেবং সর্বভৃতের গৃঢ়ং সর্ববাপী সর্বভৃতান্তরাত্মা।
কর্মাধ্যকং সর্বভৃতাধিবাসং সাক্ষী চেতা কেবলো নিগুণিশ্চ ॥"
—একমাত্র দেবতা সর্বভৃতে লুকাইয়া আছেন; ডিনি সর্ববাপী, সর্বভৃতের অধার, সাক্ষী, চৈতন্তবিধায়ক, নিংসক্ষ এবং গুণরহিত।

'ন তত্ত্ব প্ৰেণি ভাতি ন চন্দ্ৰতারকং'—সেধানে প্ৰ্য প্ৰকাশ পান না, চন্দ্ৰ-তারকাও নহেণ

কিরণে একজন রাবণকে রামরূপ ধারণ করিয়া সীতাকে প্রতারণা করিবার পরামর্শ দিয়াছিল, আমরা সে গলও শুনিলাম। রাবণ উত্তর দিয়াছিলেন: আমি কি এ-কথা ভাবি নাই? কিন্তু কোন লোকের রূপ ধারণ করিতে হইলে তাঁহাকে ধ্যান করিতে হইবে; আর রাম স্বরং ভগবান। স্তরাং বথন সামি তাঁহার ধ্যান করি, তথন ত্রম্পদও তুচ্ছ হইয়া বায়—তথন পরস্বীর কথা কিরণে ভাবিব ?—'তুচ্ছং ত্রম্পদং পরবধ্দলং কুতৃঃ?' পরে খামীজী মন্তব্যক্ষণে বলিলেন, 'হতরাং দেখ, অত্যন্ত সাধারণ বা অপরাধীর জীবনেও এই সব উচ্চ ভাবের আভাস পাওয়া বায়।' পরদোষ-সমালোচনা সম্বন্ধে বরাবর এইরপই হুইড। তিনি চিরকাল মানবজীবনকে ঈশরের প্রকাশ বলিয়া ব্যাখ্যা করিতেন, এবং কখনও কোন ঘোর ছ্কার্বের বা ছুই লোকের জ্বন্ধ ও হুরু ও ভাবটা লইয়া টানাটানি করিতেন না।

> 'যা নিশা সর্বভূতানাং জ্ঞাং জাগর্তি সংযমী। ব্ঞাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥'

— বাহা সর্বলোকের নিকট রাত্রি, সংযমী ব্যক্তি তাহাতে জাগরিত থাকেন; যাহাতে সকল লোক জাগরিত থাকে, তাহা তত্ত্বদর্শী মূনির নিকট রাত্রি (নিজা)-স্বরূপ।

একদিন টমাস আ কেম্পিসের কথা এবং কিরূপে তিনি নিজে গীতা ও 'ঈশাহসরণ' মাত্র সহল করিয়া সন্ন্যাসীর বেশে ভ্রমণ করিতেন—তাহা বলিতে বলিতে বলিলেন বে, এই পাশ্চাত্য সন্ন্যাসি-বরের নামের সহিত আছেক্সভাবে অভিত একটি কথা তাহার মনে পড়িল:

ওছে লোকশিক্ষকগণ, চুপ কর! হে ভবিশ্বছক্ত্রগণ, তোমরাও থামো! প্রভা, ওধু তুমিই আমার অন্তরের অন্তরে কথা কও।

আবার আবৃত্তি করিতেন:

তপঃ ক বংদে ক চ তাৰকং ৰপুঃ। পদং সহেত ভ্ৰমৱস্ত পেলবং শিৱীষপুষ্পাং ন পুনঃ পতত্ত্বিণঃ॥

—কঠোর দেহসাধ্য তপশুটে বা কোথায়, আজ তোমার এই স্কোমল দেহই বা কোথায়? স্কুমার শিরীষপুষ্প ভ্রমরেরই চরণপাত সহিতে পারে, কিছ পক্ষীর ভার কদাচ সহু করিতে পারে না। অতএব উমা, মা আমার, তুমি তপশুয় যাইও না। আবার গাহিতেন:

> এস মা, এস মা, ও হৃদয়রমা পরাণপ্তলী গো, হৃদয়-আসনে হও মা আসীন, নিরবি ভোমারে গো।

আছি জন্মাবধি তোর মূধ চেয়ে জান গো জননী কি যাতনা সরে,

একবার হাদয়-কমল বিকাশ করিয়ে প্রকাশো তাছে আনন্দময়ী।
প্রায়ই মধ্যে মধ্যে গীতা সহদ্ধে (সেই বিশ্বয়কর কবিতা, বাহাতে
হুর্বলতা বা কাপুক্রবছের এতটুকু চিহ্ন মাত্র নাই!) দীর্ঘ কথোপকথন হুইত।
একদিন তিনি বলিলেন বে, স্ত্রীলোক এবং শৃল্পের জ্ঞানচর্চায় অধিকার নাই—
এই অভিযোগ সম্পূর্ণ অযৌক্তিক। কারণ, সকল উপনিষদের সারভাগ গীতায়
নিহিত। বাত্তবিকই গীতা ব্যতীত উপনিষদ বুঝা একপ্রকার অসম্ভব; এবং
স্ত্রীগণ ও সকল জাতিই মহাভারত-পাঠে অধিকারী ছিল।

ওঠা জুলাই। অতি উল্লাসের সহিত, গোপনে স্বামীন্দী এবং তাঁহার এক শিক্সা ( শিক্সাগণের মধ্যে কেবল তিনিই আমেরিকাবাসী নছেন ) ৪ঠা জুলাই তারিখে একটি উৎসব করিবার আয়োজন করিলেন। 'আমাদের আমেরিকার জাতীয় পতাকা নাই, এবং থাকিলে উহা হারা আমাদের দলের অপর যাত্রিগণকে তাঁহাদের জাতীয়-উৎসব উপলক্ষে প্রাতরাশকালে অভিনন্দন করা ষাইতে পারিড', এই বলিয়া একজন চু:খ করিতেছেন—ইহা ডিনি শুনিতে পান। ৩রা ভারিথ অপরাত্তে মহা ব্যন্তভার সহিত ভিনি এক कांगीती পণ্ডिত দत्रकीरक नहेशा आंत्रिलन এবং नुवाहेशा मिलन रव, यि थे वाक्तिक भठाकां कि किन्न किन्न हरेत विमा त्रथा है। তাহা হইলে সে দানন্দে দেইরপ করিয়া দিবে। ফলে তারকা ও ভোরা দাগগুলি (Stars and Stripes) অত্যন্ত আনাড়ীর মতো একখণ্ড বন্ধে আরোপিত হইল এবং উহা চির্ভামল গাছের (evergreen) করেকটি শাখার দহিত,' ভোজনাগাররূপে ব্যবহৃত নৌকাখানির শিরোভাগে পেরেক দিয়া আটিয়া দেওয়া হইল। এমন সময়ে আমেরিকাবাসিগণ স্বাধীনতা-লাভের দিবলে ( Independence Day ) প্রাতঃকালীন চা পান করিবার অন্ত নৌকাথানিতে পদার্পণ করিলেন। স্বামীতী এই ক্ষুদ্র উৎসবটিতে উপস্থিত থাকিবার জন্ম আর এক জায়গায় বাওয়া স্থগিত করিয়াছিলেন, এবং ডিনি

লক্ষণীর: গীতা মহাভারতের ভীম্মপর্বের অন্তর্গত।

ষ্মপ্তাক্ত অভিভাষণের সহিত নিজে একটি কবিতা' উপহার দিলেন। সেগুলি একণে স্বাগত-স্বরূপে সর্বসমকে পঠিত হইল: To the Fourth of July.

ংই ছুলাই। সেই দিন সন্ধাকালে একজন, পাশ্চাত্যসমাজে প্রচলিত মেয়েলি শাস্ত অম্থায়ী পরিহাসছলে কবে তাঁহার বিবাহ হইবে দেখিবার অফা নিজ থালায় কয়টি চেরী ফলের বিচি অবশিষ্ট আছে, গণিয়া দেখেন। স্থামীজী ইহাতে হুর্থেত হন। কি জানি কেন, স্থামীজী এই খেলাটিকে সত্য বলিয়া ধরিয়া লন এবং পরদিন প্রাতঃকালে যখন তিনি আসিলেন, তখন দেখিলাম, শ্রেষ্ঠ ত্যাগের প্রতি তাঁহার প্রবল অম্বরাগ উথলিয়া পড়িতেছে।

৬ই ছুলাই। অণরাধীর সহিত যেন এক চিন্তা-ক্ষেত্রে দাঁড়াইবার থে সদ্ধদয় বাসনা তাঁহাতে প্রায়ই পরিলক্ষিত হইত, সেই ইচ্ছা-প্রণোদিত হইয়া তিনি বলিয়া উঠিলেন, 'এই সব গার্হস্থা এবং বিবাহিত জীবনের ছায়া আমার মনে পর্যন্ত মাঝে মাঝে দেখা দেয়।' কিন্তু এই প্রসঙ্গে তিনি, মাহারা গার্হস্থা জীবনের জয়গান করে, তাহাদের প্রতি দাঙ্কণ অবজ্ঞাভরে ত্যাগাদর্শের উপর জোর দিবার সময় যেন বহু উচ্চে উঠিয়া গেলেন। বলিয়া উঠিলেন, 'জনক হওয়া কি এত সোজা?—সম্পূর্ণরূপে অনাসক্ত হইয়া রাজ-সিংহাসনে বলা? ধনের বা যশের অথবা স্ত্রী-পুত্রের প্রতি কোন থেয়াল না রাখা?—পাশ্চাত্যে আমাকে বহু লোকে বলিয়াছে যে, তাহারা এই অবহায় উপনীত হইয়াছে। কিন্তু আমি এইটুকুমাত্র বলিতে পারিয়াছিলাম—এমন সব মহাপুক্ষ তো ভারতবর্ষে জয়ান না।'

এবং তারপরে তিনি অন্ত দিকটির কথা কহিতে লাগিলেন।

শোতাদের নধ্যে একজনকে তিনি বলিলেন: এ-কথা মনে মনে বলিতে, এবং তোমার স্থানদিগকে শিথাইতে কথনও ভুলিও না যে.

> 'মেরুসর্বপয়োর্বদ্বৎ স্থ্যজোতয়োরিব। সরিৎসাগরয়োর্যদ্বৎ তথা ভিক্সগৃহস্থযোঃ ॥'

—মেক এবং সর্বপে বে প্রভেদ, সূর্য এবং থজোতে বে প্রভেদ, সমূত্র এবং কৃত্র জলাশরে বে প্রভেদ, সন্মাসী এবং গৃহীভেও সেই প্রভেদ।

э बहेरा: Complete works; अनुराम 'मूक्ति', এই গ্রন্থাবলীর গম খতে।

'দৰ্বং বন্ধ ভন্নাহিতং ভূবি নৃণাং বৈরাগ্যমেবাভন্নন্।'
—পৃথিবীতে সকল বন্ধই ভন্নযুক্ত, মানবের পক্ষে বৈরাগ্যই ভন্নবহিত।

ভণ্ড শাধ্রাও ধন্ত, এবং যাহারা ব্রন্ত উদ্যাপন করিতে অক্ষম হইরাছে, তাহারাও ধন্ত; কারণ তাহারাও আদর্শের প্রেষ্ঠতা বিবয়ে সাক্ষ্য দিয়াছে, এবং এইরণে কডকাংশে অপরের সফলভার কারণ। আমরা বেন কখনও আমাদের আদর্শ না ভূগি—কোন মতেই না ভূগি।

এই দব মৃহুর্তে তিনি প্রতিশান্ত ভাবটির সহিত দর্বতোভাবে এক হইয়া যাইতেন। এই দব কথাবার্তা যখন হয়, তখন আমরা ভালহদ হইতে শ্রীনগরে ফিরিয়াছি। ভালহদ দর্শনই আমাদের ৪ঠা জুলাই-এর উৎসবের প্রকৃত আনন্দঅষ্ঠান।

পরবর্তী রবিবার, ১০ই জুলাই রাজে বিভিন্ন স্থে আমরা সংবাদ পাইলাম বে আচার্বদেব সোনমার্গের রাজা দিয়া অমরনাথ গিয়াছেন, এবং অপর একটি পথ দিয়া ফিরিবেন। কপর্দকমাজ না লইয়া তিনি যাজা করিয়াছিলেন, কিন্ত হিন্দুলাগিত দেশীর বাজ্যে এই ব্যাপার তাঁহার বন্ধুবর্গের কোন উদ্বেগের কারণ হয় নাই।

১৫ই স্থূলাই। শুক্রবার অপরাহ্ন পাঁচটার সময় আমরা নদীর অন্তর্ক্ত্র আতে কিয়দ্র বাইবার জন্ত সবেমাত্র নৌকা থ্লিয়াছি, এমন সময় ভূত্যগণ দ্বে তাহাদের কয়েকজন বন্ধুকে চিনিতে পাবিল, এবং আমাদের সংবাদ দিল যে, স্বামীজীয় নৌকা আমাদের অভিমুখে আসিভেছে।

এক ঘণ্টা পরেই তিনি আমাদের সহিত মিলিত হইলেন এবং বলিলেন, ফিরিয়া আসিয়া তিনি আনন্দ অন্তত্ত করিলেন। এবারকার গ্রীম ঋতুতে অস্বাভাবিক প্রম পড়িয়াছিল, এবং কয়েকটি ত্বারব্য (glacier) ধসিয়া যাওয়ায় সোনমার্গ হইয়া অমরনাথ ঘাইবার রাভাটি তুর্গম হইয়া গিয়াছে। এই ঘটনায় তিনি ফিরিয়া আসেন।

কিছ আমাদের কাশ্মীরবাসের কয়েক মাদে আমরা স্বামীজীর বে তিনটি মহান দর্শন ও ইহার ফলে বিপুল আনন্দোপলন্ধির পরিচয় পাইয়াছিলাম, তাহার প্রথমটির স্তরপাত এই সমন্ন হইতেই। যেন আমরা স্বচক্ষে তাঁহার গুলুদেবের সেই উক্তির স্ত্যতা অন্তন্তব করিতে পারিডেছিলাম: খানিকটা জ্ঞান বহিরাছে বটে। সেটুকু আমার ব্রহ্ময়ী মা-ই উহার মধ্যে রাথিয়া দিয়াছেন, তাঁহার কাজ হইবে বলিয়া। কিছ উহা ফিন-ফিনে কাগজের পর্দার মতো, নিমিষের মধ্যেই ছিঁ ড়িয়া ফেলা যায়।

٦

### স্থান—কাশ্মীর ( পাণ্ডে স্থানের মন্দির ) কাল—১৬ই হইতে ১৯শে জুলাই

১৬ই জ্লাই। পর দিবদ জনৈকা শিশ্বার স্বামীজীর সহিত একথানি ছোট নৌকা করিয়া নদীবক্ষে গমনের স্বযোগ ঘটিয়াছিল। নৌকা স্রোতের অফুক্লে চলিতেছে, আর তিনিও রামপ্রসাদের গানগুলি একটির পর একটি গাহিয়া চলিয়াছেন, এবং মধ্যে মধ্যে একটু আধটু অস্থাদ করিয়া দিতেছেন:

'ভূতলে আনিয়ে মাগো করলি আমায় লোহা-পেটা,

( আমি ) তবু কালী ব'লে ভাকি, মা, দাবাদ আমার বুকের পাটা।'

व्यथवा.

'মন কেন রে ভাবিদ এত.

ষেন মাতৃহীন বালকের মতো' ইত্যাদি।

ভারণর শিশু কুণিত হইলে যেমন গর্ব ও অভিযানভরে বলিয়া থাকে, সেই ভাবের একটি গান গাহিলেন। ভাহার শেষভাগটি এই—

> 'জামি এমন মায়ের ছেলে নই যে, বিমাতাকে মা বলিব।'

১৭ই জ্লাই। খুব সম্ভবতঃ ইহারই পরদিবস তিনি ধীরামাতার নৌকায় আদিয়া ভক্তি-প্রসঙ্গ করিতে থাকেন। প্রথমেই একাধারে হরগৌরীমিলনস্বরূপ সেই অভ্ত হিন্দুভাবটি কথিত হইল। তাহার কথাগুলি এথানে দেওয়া সহজ, কিছ সেই কণ্ঠস্বরের অভাবে কথাগুলি কিরুপ প্রাণহীন মনে হইতেছে। তাহা ছাড়া তথনকার চতুস্পার্শের দৃশ্য কি অপরূপ ছিল!—
ছবিধানির মতো জ্রীনগর, লম্বার্ড দেশস্ক্লভ সমূর্ভণির পণলার গাছগুলি,

এবং দ্বে চির-তুষাবরাশি! সেই নদীগর্ভ উপত্যকার মহান্ পর্বভরাজির পাদমূল হইতে কিঞ্চিৎ দূবে তিনি আর্ডি করিলেন:

কন্ত, রিকাচন্দনলেপনারৈ, শ্বশানভন্মান্দবিলেপনার।
সংকুওলারৈ ফণিকুওলার, নমঃ শিবারৈ চ নমঃ শিবার।
মন্দারমালাপরিশোভিতারৈ, কপালমালাপরিশোভিতার।
দিব্যাহরারৈ চ দিগহরায়, নমঃ শিবারৈ চ নমঃ শিবার।

সদা শিবানাং পরিভ্ষণায়ৈ সদাহশিবানাং পরিভ্ষণায়।
শিবাধিতায়ৈ চ শিবাধিতায়, নমঃ শিবারৈ চ নমঃ শিবায়॥
এবং পরক্ষণেই সেই ভাবেরই আর একরণ—অপর ভাবে ময় হইয়া তিনি
আর্ত্তি করিলেন:

কিশোরীর প্রেম নিবি আয়, প্রেমের জোয়ার বয়ে বায়;
বইছে রে প্রেম শতধারে, যে বত চায় তত পার।
প্রেমের কিশোরী—প্রেম বিলাচ্ছেন সাধ করি,
রাধার প্রেমে বল্ রে হরি।
প্রেমে প্রাণ মন্ত করে, প্রেমতরকে প্রাণ মাতার,
রাধার প্রেমে হরি বলে আয়, আয়, আয়॥

তিনি এত তন্মর হইরা গিয়াছিলেন বে, তাঁহার প্রাতরাশ প্রস্তুত হইরা অনেকক্ষণ পর্যস্ত পড়িয়া রহিল, এবং অবশেষে 'ধখন এই সব ভক্তির প্রসদ্চলিতেছে, তখন আর খাবারের কি দরকার ?' এই বলিয়া তিনি অনিচ্ছা-পূর্বক উঠিয়া গেলেন এবং অতি সম্বর্গ্নই ফিরিয়া আদিরা সেই বিষয়ের পুনরালোচনায় প্রবৃত্ত হইলেন।

কিন্ত—হয় এই সময়েই, না হয় অপর কোন সময়ে তিনি বলিয়াছিলেন বে, বাহার নিকট হইতে তিনি বড় বড় কার্বের প্রত্যাশা রাখেন, তাহার নিকট তিনি রাধারুফের প্রসঙ্গ উত্থাপন করেন না। কঠোর এবং আগ্রহবান্ কর্মীর জনক শিব, এবং কর্মীর পক্ষে তাঁহারই পদে উৎসর্গীকৃত হওয়া উচিত।

পরদিন তিনি আমাদিগকে শ্রীরামকৃষ্ণের একটি চমৎকার উপদেশ শুনাইলেন, তাহাতে অপরের সমালোচককে মৌমাছি বা মাছির সহিত তুলনা করা হইরাছে। বাহারা মধু অবেবণ করে, তাহারাই মৌমাছি; আর বাহারা বাছিয়া বাছিয়া খারে বনে, তাহারাই মাছি।

পরে আমরা ইসলামাবাদ অভিমূখে বাত্রা করিলাম। ঘটনাচক্রে ইহাই বাস্তবিক অমরনাথ-বাত্রা হইয়া দাঁড়াইল।

১>শে খুলাই। প্রথম অপরাফুটিতে বিভক্তা নদীতীরে এক অকলের মধ্যে আমরা চিব-অন্থেবিত পাণ্ডেরান মন্দির আবিকার করিলাম। (পাণ্ডেন্র্যুদ্দ কি পাণ্ডেরান—পাণ্ডবর্গণের স্থান ?)…

সামীজীর চক্ষে স্থানটি ইতিহাসের অতি মধুর স্থতিবিজ্ঞড়িত। ইহা বৌজধর্মের প্রত্যক্ষ নিদর্শনস্বরূপ এবং ইভিপূর্বে তিনি কাশ্মীরের ইভিহাসকে যে চারিটি ধর্মযুগে বিভক্ত করিয়াছিলেন, ইহা সেগুলিরই অক্সতম।

(১) বৃক্ষ ও দর্পপৃক্ষার যুগ,—এই সময় হইতেই নাগ-শব্দান্ত কুগুনামগুলির প্রচলন, বথা বেরনাগ ইত্যাদি (২) বৌদ্ধর্মের যুগ (৩) দৌরোপাসনার আকারে প্রচলিত হিন্দ্ধর্মের যুগ এবং (৪) মুদলমান-ধর্মের যুগ। তিনি বলিলেন, ভান্ধইই বৌদ্ধর্মের বিশেষ শিল্প, এবং প্র্রিচিত্নিত চক্র অথবা পল্প ইহার থুব মাম্লি কাক্ষকার্যহানীয়। দর্পদ্যলিত মৃতিগুলিতে বৌদ্ধর্মের প্রেকার যুগের আভাস। কিন্তু দৌরোপাসনার কালে ভান্ধর্মের ম্বের ইয়াছিল, এই নিমিত্ত প্র্যুতিটি নৈপুণ্য-বর্জিত।…

ভখন প্র্যান্তের সময়—কি অপরূপ প্র্যান্ত! পশ্চিম দিকের পর্বভগুলি গাঢ় লাল রঙে ঝক্ঝক্ করিতেছে। আরও উন্তরে বরফ ও মেদে সেগুলি নীল দেখাইতেছিল। আকাশ হরিৎ এবং পীত, তাহার সহিত ঈবৎ লাল—উজ্জল অগ্নিশিশার রঙের এবং ভ্যাফোভিল ফুলের মতো হতিলাবর্ণ; তাহার পিছনেই নীল এবং ওপলের মতো সাদা পটভূমি। আমরা দাঁড়াইয়া দেখিতে লাগিলাম; তারপরেই 'প্রলেমানের লিংহাসন' (বাহা ইতিমধ্যেই আমাদের প্রিয় হইয়া উঠিয়াছিল, সেই ক্ষুত্র তথ্ৎ) নজরে পভিবামাত্র আচার্বদের বলিয়া উঠিলেন, 'মন্দিরস্থাপনে হিন্দু কি প্রতিভারই বিকাশ দেখার! বেখানে চমৎকার দৃষ্ণ, হিন্দু সেই স্থানটিই বাছিয়া লয়! দেখ, এই তথ্ৎ হইতে সমগ্র কাশীরটি দেখিতে পাওয়া বায়। নীল জলরাশির মধ্য হইতে লোহিতাভ হরিপর্বত উঠিয়াছে, বেন মুকুট পরিয়া একটি লিংহ অর্থলারিতভাবে অবস্থান করিতেছে। আর মার্তশ্রের মন্দিরের পাদ্যুলে একটি উপত্যকা বহিয়াছে!'

আমাদের নৌকাগুলিকে বনপ্রান্ত হইতে অনতিদ্রে নদর করা ছইন্না-ছিল, এবং আমরা দেখিতে পাইলাম যে, আমাদিগের সভ-আবিছত নিজক দেবালর এবং বুজম্তিটি আমীলীর মনে গভীর ভাবের উল্লেক করিয়াছে। সেই দিন সন্ধ্যার সময় আমরা ধীরামাভার বলরায় একল ছইলাম, এবং তল্পভা কথোপকথনের কিয়দংশ এখানে লিপিবজ ছইল।

ঈশাহি ধর্মের ক্রিয়াকাণ্ড বৌদধর্মের ক্রিয়াকাণ্ড হইতেই উদ্ভূত, আচার্যদেব এই মর্মে বলিতেছিলেন, কিন্তু আমাদের একজন এই মভটি আছো মানিতে চাহে না।

উক্ত নারী। বৌদ্ধ কর্মকাগুই বা কোথা হইতে আসিল?

স্বামীলী। বৈদিক কৰ্মকাণ্ড হইতে।

- প্রশ্নকর্ত্তী। অথবা ইহা দক্ষিণ ইওরোপেও প্রচলিত ছিল বলিয়া এইরূপ সিদ্ধান্ত করাই ভাল নয় কি বে, বৌদ্ধ দশাহি এবং বৈদিক ক্রিয়াকাও সবই এক সাধারণ ভূমি হইতে উত্তত ?
- শামীজী। না, তাহা হইতেই পারে না! তুমি তুলিয়া বাইতেছ যে, বৌদ্ধর্ম সম্পূর্ণভাবে হিন্দুধর্মেরই অন্তর্ভুক্ত ছিল! এমন কি, লোভি-বিভাগের বিরুদ্ধে পর্যন্ত বৌদ্ধর্ম কিছু বলে নাই! অবশু আভিবিভাগ তথনও কোন নির্দিষ্ট রূপ লাভ করে নাই, এবং বৃদ্ধদেব আদর্শটিকে পুনংস্থাপন করিতে প্রয়াসী হইয়াছিলেন মাত্র। মন্থ বলিতেছেন, যিনি এই জীবনেই ভগবং-সাক্ষাংকার করেন, তিনিই ব্রাহ্মণ। বৃদ্ধদেব সাধ্যমত এইটি কার্যে পরিণত করিতে চাহিয়াছিলেন মাত্র।
- প্রশ্ন। কিন্তু দিশাহি এবং বৈদিক ক্রিয়াকাণ্ডের মধ্যে কি সম্বন্ধ ? তাহারা এক—ইহা কথনও সম্ভব হইতে পাবে ? এমন কি, আমাদের পূলাপদ্ধতির বাহা মেক্রদণ্ডম্বন্ধ, আপনাদের ধর্মে তাহার নামগদ্ধও নাই !
- খামীজী। নিশ্চয় আছে! বৈদিক ক্রিয়াকাণ্ডেও ম্যাস (Mass) আছে, তাহাই দেবতার উদ্দেশ্তে ভোগ নিবেদন করা, আর তোমাদের Blessed Sacrament আমাদের 'প্রসাদ'খানীয়। শুধু গ্রীমপ্রধান দেশের প্রথাহযায়ী উহা হাঁটু গাড়িয়া, বসিয়া বসিয়া নিবেদন করা হয়। . ভিব্বভের লোক হাঁটু গাড়িয়া থাকে। এভদ্ভির বৈদিক ক্রিয়াকাণ্ডেও ধৃপদীপ দান এবং গীডবাভের প্রথা আছে।

श्रम। किन्न नेनाहि धर्मन मर्छ। हेरास्ड कान श्रार्थमा चार्ह कि ?

কেছ এই ভাবে আপন্তি তুলিলে স্বামীনী বরাবর তহন্তরে কোন নির্জীক আপতি-বিক্লম কিন্ত অভাস্ত মত প্রয়োগ করিতেন, এবং তাহার মধ্যে কোন স্বভিন্য এবং স্কচিন্তিতপূর্ব সামান্তীকরণ নিহিত থাকিত।

স্বামীজী। না; আর ঈশাহি ধর্মেও কোনকালে ছিল না। এ তো ছাকা প্রটেস্ট্যাণ্ট ধর্ম, এবং প্রটেস্ট্যাণ্ট ধর্ম মুসলমানের নিকট হইডে—সম্ভবতঃ মুর স্বাভির প্রভাবের ম্ধ্য দিয়া ইহা গ্রহণ করিয়াছিল।

পৌরোহিত্যের ভাব একেবারে ভূমিদাৎ করিয়া দেওয়া, সেটা একমাজ মুদলমান ধর্মই করিয়াছে। বিনি অগ্রণী হইয়া প্রার্থনা পাঠ করেন, ভিনি প্রোত্বর্গের দিকে পিছন ফিরিয়া দাঁড়ান এবং শুধু কোরান-পাঠই বেদী হইতে চলিতে পারে। প্রটেস্ট্যাণ্ট ধর্ম এই ভাবটিই আনিতে চেটা করিয়াছে।

এমন কি, 'tonsure' পর্যন্ত ভারতবর্ষে প্রচলিত ছিল, উহাই আমাদের
মুখন। জান্তিনিয়ান ঘুইজন সন্ন্যাসীর নিকট হইতে মুসার যুগে প্রচলিত
বিধি-নিষেধ গ্রহণ করিতেছেন, এইরূপ একখানি চিত্র আমি দেখিয়াছি।
তাহাতে সাধুছরের মন্তক সম্পূর্ণ মৃণ্ডিত। বৌদ্ধুগের প্রাক্কালীন
হিন্দুধর্মে সন্ন্যাসী ও সন্ন্যাসিনী ঘুই-ই বর্তমান ছিল। ইওরোপ নিজ
ধর্মসম্প্রদায়গুলি থিবেইড' হইতে পাইয়াছে।

প্রশ্ন। এই হিদাবে ভাহা হইলে আপনি ক্যাথলিক ধর্মের ক্রিয়াকাণ্ডকে আর্থ ক্রিয়াকাণ্ড বলিয়া স্বীকার করেন ?

স্থামীজী। হা। প্রান্ত সমগ্র ঈশাহি-ধর্মই আর্থধর্ম বলিরা আমার বিখাস। আমার মনে হয়, পৃষ্ট বলিয়া কথনও কেছ ছিল না। জীট ঘীপের অদ্বে সেই স্থা দেখা অবধি আমার বরাবর এই সম্পেহ! আলেকজান্তিয়ায়

স্ট্যাদিউদ প্রণীত থীব্দ্-সম্বন্ধীর ল্যাটিন কাব্য খ্রীষ্টায় প্রথম শতাব্দীতে রচিত। থীব্দ্ প্রাচীন খ্রীদের এক অংশের সমৃদ্ধ রাজধানী ছিল। সিংহাদনপ্রার্থী ত্রাতৃষয়ের বৃদ্ধই উক্ত গ্রন্থের বিষয়বস্তু।

২ ১৮৯৭ খ্রীষ্টাব্দের জামুআরি মাসে ভারত-প্রত্যোগমনের পথে নেপল্স্ হইতে পোর্ট সৈরক আসিবার সময় বামীজী বপ্প দেখেন বে, এক শ্লাশ্রমারী বৃদ্ধ তাঁহার সমূপে উপন্থিত হইয়া তাঁহাকে বলিল, 'এই জ্রীট বীপ' এবং তিনি বাহাতে পরে উহাকে চিনিতে পারেন, এই জ্রম্ম উক্ত বীপের একটি স্থান তাঁহাকে দেখাইয়া দিল। উক্ত বংগ্রের মর্ম এই ছিল বে, ঈশাহি ধর্মের উৎপত্তি ক্রীট বীপে এবং এই সম্বন্ধে সে তাঁহাকে ক্রইটি ইওরোশীয় শব্দ শুনাইল—তাহাদের মধ্যে একটি 'পেরাপিউটি'

ভারতীর এবং মিদরীর ভাবের সংমিশ্রণ হর; এবং উহাই য়াহ্ছনী ও বাবনিক (গ্রীক) ধর্মের ছারা অহুরঞ্জিত হইয়া জগতে ঈশাহি ধ্র্ম নামে প্রচারিত হইয়াছে।

জানই তো বে, 'কার্যকলাপ' এবং 'পজাবলী' (Acts and Epistles) 'জীবনীচতুইর' (Four Gospels) হইতে প্রাচীনতর, এবং দেও জন্ একটা কল্পনা। মাত্র একজন লোক সম্বন্ধে আমরা নি:সন্দেহ—তিনি দেওটি পল। তিনিও আবার মচকে ঘটনাগুলি দেখেন নাই…

না! ধর্মাচার্যগণের মধ্যে কেবল মাত্র বৃদ্ধ এবং মহম্মদই স্পষ্ট ঐতিহাসিক সম্ভারণে দণ্ডায়মান; কাবণ সোভাগ্যক্রমে তাঁহারা জীবদ্দশাভেই শক্র-মিত্র উভয়ই লাভ করিয়াছিলেন। শ্রীকৃষ্ণ সম্বন্ধে আমার সন্দেহ আছে; যোগী, গোপ এবং পরাক্রান্ত নরপতি—এই সব একত্র হইরা গীতাহন্তে একধানি নয়নাভিরাম মৃতির সৃষ্টি করিয়াছে।

রেনার (Renan) ঈশান্ধীবনী তো শুধু ফেনা। ইহা খ্রনের (Strauss) কাছে বেঁদিতে পারে না, খ্রদই সাঁচ্চা প্রত্নতত্ত্বিং। ঈশার জীবনে ছুইটি

(Therapeutae)—এবং বলিল, 'উভয়েই সংস্কৃতশব্দন্ত'। ধেরাণিউটি শব্দের অর্থ—ধেরা অর্থাৎ বৌদ্ধ ভিন্দুগণের পুত্র (শিক্ত) গণ (পিউটি, সংস্কৃত পুত্র-শব্দন্ত)। ইহা হইতে স্বামীলী যেন বৃদ্ধিয়া লইলেন বে, ঈশাহি ধর্ম বৌদ্ধধের একদল প্রচারক হইতে উদ্ভূত হইয়াছে, ইহাই তাঁহার অভিপ্রেত ছিল। ভূমির দিকে অঙ্গুলি নিদেশ করিয়া বৃদ্ধ আরও বলিল, 'প্রমাণ সব এইথানেই আছে, খুঁড়িলেই দেখিতে পাইবে।'

নিরোভন্মে ইহা সামান্ত বথ নহে অমুভব করিরা খামীজী শ্যা ত্যাগ করিলেন এবং বাহির হইরা ডেকের উপর আসিলেন। সেধানে তিনি দেখিতে পাইলেন একজন কর্মচারী তাহার পাহারা শেব করিরা কিরিয়া আসিতেছে। জিজ্ঞাসা করিলেন, 'করটা বাজিয়াছে ?' উত্তর হইল, 'রাজি বিশ্রহর ।' পুনরায় জিজ্ঞাসা করিলেন, 'আমরা এখন কোধায় ?' তখন বিশারবিহলে চিত্তে উত্তর গুনিলেন, 'জীটের পঞ্চাশ মাইল দুরে ।'

এই ম্বপ্ন তাঁহার উপর বেরাপ প্রবল প্রভাব বিন্তার করিয়াছিল, তাহা দেখিয়া আচার্যদেব নিজেই নিজেকে হাস্তাম্পদ জ্ঞান করিতেন। কিন্ত তিনি কথনও ইহাকে দূর করিয়া দিতে পারেন নাই। শব্দবরের মধ্যে মিতীয়টি যে হারাইয়া পিয়াছে, ইহা বড়ই পরিতাপের বিবর। স্বামীয়ী স্বীকার করিলেন বে, 'এই ম্বপ্ন দেখিবার পূর্বে, কথনও তাঁহার ঈশা-চরিত্রের সম্পূর্ণ ঐতিহাসিক সত্যতা বিবরে সন্দিহান হইবার থেয়ালই হয় নাই।' কিন্তু আমাদের স্মরণ রাখা উচিত যে, হিন্দুবর্শন-মতে ভাববিশেবের সর্বাক্ষসম্পূর্ণতাই আসল জিনিস, তাহার ঐতিহাসিক প্রামাণিকতা নহে। স্বামীয়ী বাল্যকালে একদা প্রারামকৃক্ষকে এই বিষরেই প্রশ্ন করিয়াছিলেন। তাঁহার শুরুদেব উত্তর দেন, 'বাঁহাদের মাধা হইতে এমন সব জিনিস বাহির হইয়াছে, তাঁহারা বে ভাহাই ছিলেন, এ কথা কি তোমার মনে হয় ন। ?'—লেখিকা

জিনিস জীবস্ত ব্যক্তিগত লকণে ভূষিত—সাহিত্যের সর্বাপেকা হুন্দর উপাধ্যান, ব্যভিচার-অপরাধে গ্রভা সেই রমণী এবং কৃপ-পার্যবর্তিনী সেই নারী।

এই শেষাক্ত ঘটনাটির ভারতীয় জীবনের সহিত কি অভ্ত সকতি।
একটি স্ত্রীলোক জল তুলিতে আসিয়া দেখিল, কৃপের ধারে বসিয়া একজন
পীতবাস সাধু ভাহার নিকট জল চাহিলেন। তারপর তিনি ভাহাকে
উপদেশ দিলেন এবং তাহার মনের গোটাকয়েক কথা বলিয়া দিলেন।
তথু ভারতীয় গল্পে উপসংহারটা এইরূপ হইবে বে, যথন উক্ত নারী
গ্রামবাসিগণকে সাধু দেখিতে এবং সাধুর কথা শুনিবার জন্ম ডাকিতে গেল,
সেই অবসরে সাধুটি হযোগ বুঝিয়া পলাইয়া বনমধ্যে আশ্রম লইলেন।

মোটের উপর আমার মনে হয়, জ্ঞানবৃদ্ধ হিলেনই (Rabbi Hillel) দিশার উপদেশাবলীর উত্তবকর্তা, আর ক্যাজারীন নামে এক বহু প্রাচীন, কিন্তু অখ্যাত য়াহদী সম্প্রদায় ছিল, উহাই সহসা সেন্ট পল (St. Paul) কর্তৃক বেন বৈত্যতিক শক্তিতে অম্প্রাণিত হইয়া এক পৌরাণিক ব্যক্তিকে আরাধনার কেন্দ্ররূপে জ্যোগাইয়া দিয়াছে।

পুনকখান (Resurrection) জিনিসটা তো বদস্ত-দাহ (Spring-cremation) প্রথারই রূপান্তরমাত্র। ষাহাই হউক না কেন, দাহপ্রথা শুধু ধনী ববন (গ্রীক) ও রোমকগণের মধ্যেই প্রচলিত ছিল, আর স্থাটিত নব উপাধ্যানটি সেই অল্পংখ্যক লোকের মধ্যেই উহাকে সীমাবদ্ধ করিয়া থাকিবে।

কিন্ত বৃদ্ধ! পৃথিবীতে যত লোক জন্মগ্রহণ করিন্নাছেন, তন্মধ্যে তিনিই যে স্ব্লোঠ, এ বিষয়ে অণুমাত্র সন্দেহ নাই। তিনি নিজের জন্ত একটিবারও নিংখাস লন নাই! স্বোপরি, তিনি কখনও পূজা আকাজ্রা করেন নাই। তিনি বলিয়াছিলেন: বৃদ্ধ কোন ব্যক্তি নহেন, উহা একটি অবস্থাবিশেষ। আমি বার খুঁজিয়া পাইয়াছি। এস, তোমরা সকলেই প্রবেশ কর!

তিনি 'পতিতা' অঘাণালীর নিমন্ত্রণে গিয়াছিলেন। প্রাণনাশ হইবে জানিয়াও তিনি অস্ত্যজের গৃহে ভোজন করিয়াছিলেন এবং মৃত্যুকালে অতিথিসংকারককে এই মহামুক্তি-দানের অস্ত ধল্লবাদ দিয়া তাঁহার নিকট লোক পাঠান। সত্যলাতের প্র্বেও একটি ক্স ছাগ-লিওর জ্ঞ ভালবাসা ও দয়ায় কাতর! তোমাদের অরণ আছে, কিরপে রাজপ্ত এবং সয়াসী হইয়াও তিনি নিজ মন্তক পর্যন্ত দিতে চাইয়াছিলেন,— যদি রাজা ওধু যে ছাগলিওটিকে বলি দিতে উন্তত হইয়াছিলেন, সেটিকে মৃক্তি দেন; এবং কিরপে সেই রাজা তাঁহার অহকম্পার নিদর্শনে মৃধ্ব হইয়া উক্ত ছাগলিওটির প্রাণ দান করেন। জ্ঞানবিচার এবং সহদয়তার এমন অপূর্ব সংমিশ্রণ আর কোথাও দেখা যায় নাই! নিশ্বেই তাঁহার মতো আর কেহ জন্মগ্রহণ করেন নাই, এ বিষয়ে ছিলন্তি নাই।

৯

## স্থান—কাশ্মীর ( বিতম্বাতীরে ) কাল—২ •শে হইতে ২৯শে জুলাই

২০শে জুলাই। দে দিন প্রাতঃকালে নদী প্রশন্ত, অগভীর এবং নির্মল ছিল।
আমাদের ত্ইজন স্বামীলীর সহিত নদীর ধারে ধারে ক্ষেত্রে উপর দিয়া প্রার
তিন মাইল বেড়াইয়াছিলেন। স্বামীজী প্রথমে পাপবোধ সম্বন্ধে কথা আরম্ভ
করিলেন: কিরুপে উহা মিসর, শেম-বংশাধিষ্ঠিত জনপদসমূহ এবং আর্বজ্বমি,
এই তিনেরই সহিত সংশ্লিষ্ট। বেদে ইহার নিদর্শন পাওয়া বায়, কিন্ত
ভাতি অল্পন্থের জ্ঞা। বেদে শ্রতানকে কোধের অধীশর বলিয়া বর্ণনা
করা হইয়াছে। পরে বৌজদের মধ্যে উহা কামের অধীশর 'মার' নামে
পরিচিত, এবং ভগবান্ বুজের একটি সর্বজনপ্রিয় নাম 'মার্লিং'।' কিন্ত
শায়তান বেন বাইবেলের হ্যামলেট, হিন্দুশাল্পে কোধের অধীশর কথনও সেরুপে
স্কাইকে তুই ভাগ করিয়া ফেলে না। সে সর্বদাই মলিনভার (defilement)
উদাহরণহল, কথনও বৈত্সভার নহে।

ঠ দ্রষ্টব্য সংস্কৃত অভিধান 'অমরকোব'। স্বামীলী চারি বংসর বরসে আধ আধ ভাষায় উহচ আগ্রুতি করিতে শিধিয়াছিলেন! —লেখিকা

জরণ্ট্র কোন প্রাচীনতর ধর্মের সংকারক ছিলেন। তাঁহার মতে অর্মাজ্ দ্ এবং আছিমান পর্যন্ত সর্বশ্রেষ্ঠ নহে, তাঁহারা সর্বশ্রেষ্ঠ দেবের বিকাশমাত্র। সেই প্রাচীনতর বর্ম বৈদান্তিক না হইয়া বার না। স্কুতরাং মিদরীরগণ এবং শেম-বংশধরগণ পাণবাদ আঁকড়াইয়া থাকে, আর আর্থগণ—যথা ভারতবাসী এবং প্রীক ঘ্রনগণ—শীদ্রই উহা পরিভাগে করে। ভারতবর্ষে পুণ্য ও পাপ বিভা ও অবিভার পরিণত হইল, উভর্নেই ছাড়াইয়া বাইতে হইবে। আর্থগণের মধ্যে পারসিক এবং ইওরোপীরগণ ধর্মচিন্ডার শেম-বংশধরগণের লক্ষণাক্রান্ড হইল; এই হেতুই তাহাদের মধ্যে পাণবোধ।

ভারপরে এ সকল কথা ছাড়িয়া বিষয়ান্তরের—ভারতবর্ষ ও তাহার ভবিয়তের—প্রসাদ উঠিল। এরপ প্রায়ই ঘটিত। কোন জাভিতে বল সঞ্চার করিতে হইলে উহাকে কিরপ ভাব দেওয়া উচিত ? তাহার নিজের উন্নতির ও গভি একদিকে চলিতেছে, তাহাকে 'ক' বলা যাউক। বে নৃতন বল সঞ্চারিত হইবে ভাহা কি সঙ্গে সংল উহার কিঞ্চিৎ হ্রাসও করিবে, বেমন 'গ'। ইহার ফলে এতত্তরের মধ্যপথবর্তী এক উরভির হুটি হইবে বেমন 'গ'। ইহা ভো জ্যামিতিক পরিবর্তনমাত্র। এরপ ভো চলিবে না। জাতীয় জীবন জৈবিক শক্তির ব্যাপার। জামাদিগকে সেই জীবনশ্রোভটিতেই বলাধান করিতে হইবে, অবলিট কার্য উহা নিজে নিজেই করিয়া লইবে। বৃদ্ধ 'ভ্যাগ' প্রচার করিলেন এবং ভারত উহা শুনিল। তথাপি এক সহল্র বংসর মধ্যে ভারত জাতীয়

সম্পদের উচ্চতর শিধরে আরোহণ করিল। ত্যাগই ভারতের জাতীয় জীবনের উৎস। সেবা ও মৃক্তি তাহার শ্রেষ্ঠ আদর্শ। হিন্দুজননী সকলের শেবে ভোজন করেন। বিবাহ ব্যক্তিগত হথের জন্ত নহে, উহা জাতি ও বর্ণের কল্যাণের নিমিন্ত। নব্য সংস্থারকগণের মধ্যে কভিপয় ব্যক্তি সমস্তা-প্রণের অন্তপ্রোগী এক পরীক্ষার হন্তকেপ করিয়া জীবন আহতি দিয়াহেন, আর

ভারণরে প্নরায় কথাবার্ডার ভাব বদলাইয়া গেল, এবং কেবল হাসিঠাট্রা, কৌভুক এবং গরগুলব চলিতে লাগিল। আমরা ভনিতে ভনিতে হাসিয়া অধীর হইভেছিলাম। এমন সময় নৌকা আসিয়া পৌছিল এবং লে দিনের মডো কথাবার্ডা শেব হইল।

मयल कां कि कांशिमिरशंत जेशत मिया हिमता याहेरएरह ।

দেদিনকার সমন্ত বৈকাল এবং রাত্রি স্বামীন্দী পীড়িত হইরা নিজ নৌকার।
ভইরাছিলেন। কিন্তু পরদিন যথন আমরা বিজবহার মন্দিরে অবতরণ
করিলায—ইতিমধ্যেই সেধানে অমরনাথবাত্রীর ভিড় লাগিরা গিরাছে—তথন
তিনি আমাদের সঙ্গে কিছুক্ষণের জন্তু মিলিত হইতে সক্ষম হইরাছিলেন।
শীব্র সারিয়া উঠা এবং শীব্র অক্থে পড়া'—চিরকালই তাহার বিশেষত্ব ছিল,
এ-কথা তিনিও নিজের সম্বন্ধে বলিতেন। উহার পর, দিবসের অধিকাংশ
সমন্ত্রই তিনি আমাদের সহিত ছিলেন, এবং অপরাত্রে আমরা ইসলামাবাদ
পৌছিলাম।

সেই দিন বৈকালে গোধ্নির সময় আচার্যদেব ধীরামাতা ও জয়াকে নিজের দখকে বলিতেছেন। তিনি তুই টুকরো পাণর হাতে লইয়া বলিতেছিলেন, 'হস্থ অবস্থার আমার মন এটা ওটা সেটা লইয়া থাকিতে পারে, অথবা আমার সমরের জোর কমিয়া গিয়াছে মনে হইতে পারে, কিছ এতটুকু যল্পণা বা পীড়া আহক দেখি, কণিকের অক্তও আমি মৃত্যুর সামনা-সামনি ছই দেখি, অমনি আমি এই রকম শক্ত হইয়া ঘাই'—বলিয়া পাথর ত্থানিকে পরক্ষর ঠুকিলেন—'কারণ আমি উশ্বের পাদপদ্ম ক্ষার্শ করিয়াছি।'

গাছগুলির নীচে ঘাসের উপর বদিয়া আমরা নানা কথা কহিতে লাগিলায়, এবং ত্-একঘণ্টা আধা-হাজা আধা-গজীর কথাবার্তা চলিল। বৃন্দাবনে বানরগুলা কিরুপ তৃষ্টামি করিতে পারে, তাহার অনেক বর্ণনা শুনিলায়। এবং আমরা নানা প্রশ্ন করিয়া জানিতে পারিলাম বে, পরিরাজক-জীবনে তৃইটি বিভিন্ন ঘটনায় বিপদে বে সাহায়্য আসিতেছে, আমীজী তাহা পূর্ব হইতে জানিতে পারিয়াছিলেন, এবং ভবিয়ৎ দর্শন সত্য হইয়াছিল। একবায় তিনি কয়েক দিন ধরিয়া কিছু খাইতে পান নাই, এক রেল ফৌশনে ক্লাজিতে মৃতকর হইয়াঁ পড়িয়াছিলেন; এমন সময়ে সহসা তাহায় মনে হইল বে, তাহাকে উঠিয়া কোন একটি রাস্তা দিয়া বাইতে হইবে, আর সেখানে ভিনি একজন লোকের দেখা পাইবেন, বে তাঁহাকে সাহায়্য করিবে। তিনি তদস্পারে কার্ব করিলেন এবং এক থালা খাবার-হাতে একজন লোকের দেখা পাইবেন, বি তাহাকি আসিয়া তাহাকে ভাল করিয়া নিরীক্ষণ করিল এবং জিজাসা করিল, 'বাহার নিকট আসিয়া তাহাকে ভাল করিয়া নিরীক্ষণ করিল এবং জিজাসা করিল, 'বাহার নিকট আসিয়া তাহাকে ভাল করিয়া নিরীক্ষণ

তারপরে একটি শিশু আমাদিগের নিকট আনীত হইল, তাহার হাত খ্ব কাটিয়া গিয়াছে। সামীলীও বৃদ্ধানহলে প্রচলিত একটি ঔষধ প্রয়োগ করিলেন। ক্ষতস্থানটি তিনি জল দিয়া ধুইয়া, রক্ত পড়া বন্ধ করিবার জন্ত এক টুকরা কাপড় প্ডাইয়া তাহার ছাই উক্তহানে চাপাইয়া দিলেন। গ্রামবানিগণ আখন্ত হইয়া শান্ত হইল, এবং সেই রাজির মতো আমাদের গ্রন্থ গুলব বন্ধ হইল।

• ২০শে জুলাই। পরদিন প্রাতঃকালে হরেক রকমের একদল কুলি আমাদিগকৈ মার্ডণ্ডের ধ্বংসাবশেব দেখাইতে লইয়া বাইবার জন্ম আপেল গাছ-শুলির নীচে একত্র হইয়াছিল। মার্ডণ্ডমন্দির এক অভ্ত প্রাচীন সৌধ। উহাতে স্পষ্টই মন্দিরের অপেকা মঠের লক্ষণ অধিক। উহা এক অপূর্ব হানে অবস্থিত এবং বে-সকল বিভিন্ন মুগের মধ্য দিয়া উহা শ্রীরৃদ্ধি লাভ করিয়াছিল, ঐগুলির বিভিন্ন নির্মাণপদ্ধতির স্পষ্ট একত্র সমাবেশ বশভই উহা আকর্ষণীয় হইয়াছিল। • স্বাভের আলোয় অস্বপৃষ্ঠে প্রত্যাবর্তন অভি রমণীয় হয়। পূর্ব এবং পরদিনের এই সমন্ত সময়ের মধ্যে বে-সকল কথোপক্রথন হইয়াছিল, ভাহাদের কিছু কিছু অংশ এখনও মনে পড়িতেছে:

'কোন জাতিই, তা ববনই (Greek) হউন বা অন্ত কোন জাতিই হউন, কোন কালে জাপানীদের স্থায় খদেশপ্রেমের পরাকাষ্টা দেখাইয়া বান নাই। তাঁহারা কথা লইয়া থাকেন না, তাঁহারা কাজে করেন—দেশের জন্ম পর্বত্থ বিসর্জন দেন। আজ্কাল জাপানে এমন সব জমিদার আছেন—খাঁহারা সাম্রাজ্যের একজ-বিধানকল্পে বিনা বাক্যব্যয়ে তাঁহাদের জমিদারি ছাড়িয়া দিয়া ক্ষিজীবী হইয়াছেন।' আর জাপান্যুদ্ধে একটিও বিশাস্থাতক পাওয়া বায় নাই। একবার সেটা ভাবিয়া দেখ।'

শাবার কতকগুলি লোক ভাবপ্রকাশে অক্ষ-এই প্রসঙ্গে বলিলেন, 'আমি বরাবর লক্ষ্য করিয়াছি বে, লাজুক ও চাপা লোকেরা উত্তেজিত হইলে সবচেয়ে বেশী আহুরিক-ভাবাপর হইয়া থাকে।'

আর একবার সন্নাসজীবনের ও ব্রহ্মচর্বের বিধিনির্দেশ-প্রসঙ্গে স্পাইই বলিয়াছিলেন, 'বস্মান্তিকৃষ্টিরণ্যং রসেন প্রাহ্মং চ স আত্মহা ভবেং'—বে সন্নাসী সকামভাবে স্থব্ প্রহণ করে, সে আত্মঘাতী ইত্যাদি।

अवाशांनी সাম্বাইগণ তাঁছালের জমিলারি ছাড়িয়া দেন নাই। তাঁহালের য়ায়নীতিক বিশেব বিশেব অধিকারগুলি ছাড়িয়া দিয়াছিলেন য়ায়।—নিবেদিতা

২৪শে জুলাই। অন্ধনার রাত্রি এবং অরণ্যানী, ক্রমরাজিতলে পাইন্দ্র কার্চের এক বৃহৎ অগ্নিকুণ্ড, দুই ভিনটি তাঁবু অন্ধলারের মধ্যে দাদা হইয়া দণ্ডায়মান, দ্রে অগ্নিকুণ্ডপার্থে উপবিষ্ট ভূত্যগণের আকৃতি ও কণ্ঠশ্বর এবং তিনটি শিশ্রসহ আচার্যদেব—পরবর্তী চিত্রটি এইরপই। সহসা আচার্য-দেব আমাদের মধ্যে একজনের দিকে ফিরিয়া বলিলেন, 'কই, তৃমি তো আজকাল তোমার ইন্থলের কোন কথা বলো না, তৃমি কি মাঝে মাঝে উহার কথা ভূলিয়া বাও?' পরে বলিতে লাগিলেন, 'দেখ, আমার ভাবিবার চেন্ন জিনিস রহিয়াছে। একদিন আমি মাল্রাজের দিকে মন দিই, আর সেখানকার কাজের কথা ভাবি। আর একদিন আমি সব মনটা আমেরিকা বা ইংলগু বা সিংহল অথবা কলিকাভায় দিই। এক্ষণে আমি তোমার ইন্থলের কথা ভাবিতেছি।'

পরীক্ষা করিয়া দেখিবার নিমিত্ত একটি অস্থায়ী কার্য-প্রণালী বে অনেক চিন্তার পর দ্বির হইয়াছে, উহার প্রারম্ভ যে সামান্ত হইবে, শেষ পর্যন্ত সর্বগ্রাহী প্রসারতার ভাব বাতিল করিবার ঝোঁক এবং সমগ্র শিক্ষাদানচেষ্টাটকে বে ধর্মনীবনের উপর এবং শ্রীরামক্লফ-পূকার উপর প্রতিষ্ঠিত করিবার দৃঢ়সকল ছইয়াছে—এই সমস্ত কথা তিনি মনোবোগের সহিত শুনিয়া বলিকেন:

তুমি সেই উৎসাহ বজায় রাখিবার জন্মই সাম্প্রদায়িক ভাব আঞ্রয় করিবে, নয় কি ? সমন্ত সম্প্রদায়ের পারে চলিয়া বাইবার জন্ম তুমি একটি সম্প্রদায় স্বাহী করিবে। হাঁ, আমি বুঝিতে পারিয়াছি।

কতকগুলি বাধা স্পষ্টতঃ থাকিবেই থাকিবে। নানা কারণে প্রস্তাবিত আয়তনে হয়তো অষ্ঠানটি প্রায় অসম্ভব শুনায়। কিন্তু এই মৃহুর্তে শুধু এই টুকু লক্ষ্য বাধিতে হইবে বেন অষ্ঠানটি ঠিক ঠিক ভাবে সমল্ল করা হয়, এবং কার্য-প্রণালী নির্দোষ হইলে উপায় উপকরণাদি জুটিবেই জুটবে।—সব শুনিয়া তিনি একটু চুপ করিয়া রহিলেন, পরে বলিলেন:

ত্মি আমাকে ইহার সমালোচনা করিতে বলিভেছ, কিছ তাহা আমি করিতে পারিব না। কারণ, আমি ভোমাকে ঐশী শক্তিতে অহপ্রাণিত—আমি বভটা অহপ্রাণিত ঠিক ভভটা অহপ্রাণিত—বলিরা মনে করি। অস্তান্ত ধর্মে এবং আমাদের ধর্মে এইটুকুই প্রভেদ। অস্তান্ত ধর্মাবলবিগণ বিশাস করেন বে, ঐ-সকল ধর্মের সংস্থাপকগণ ঐশী শক্তিতে অহ্প্রাণিত, আমরাও ঐক্প

বিশাস করিয়া থাকি। কিন্তু আমিও তো তাঁহারই মতো অন্ধ্রাণিড আর তুমিও আমারই মতো, আবার ডোমার পরে তোমার বালিকারা এবং তাহাদের শিক্সাগণও সেইরূপ হইবে। স্থতরাং তুমি বাহা স্বাপেকা ভাক বলিয়া বিবেচনা করিতেছ, আমি তাহাই করিতে তোমাকে সাহায্য করিব।

ভারণর ধীরামাভা এবং জয়ার দিকে ফিরিয়া বলিতে লাগিলেন, যে শিশুটি
নারীদের উর্মতি-বিধানের প্রতিনিধিরপে দাঁড়াইবেন, তাঁহার উপর তিনি
পাশ্চাড্যদেশে গমনকালে যে কি মহান দায়িও অর্পণ করিয়া যাইবেন!
উহা যে পুরুষপণের জয়্ম যে-কার্য অফ্রটিভ হইবে ভদপেক্ষা গুরুতর দায়িত্বপূর্ণ
হইবে ভাহাণ্ড বলিলেন! আমাদের মধ্যে উক্ত দেবিকাটির (worker)
দিকে ফিরিয়া আরও বলিলেন, 'হা, ভোমার বিশাস আছে, কিন্ত যে অলস্ত
উৎসাহ দরকার—ভাহা ভোমার নাই! ভোমাকে 'দগ্রেজনমিবানলম্' হইতে
হইবে। শিব! শিব!'—এই বলিয়া মহাদেবের আশীর্বাদ প্রার্থনা করিয়া
তিনি আমাদিগের নিকট হইতে রাত্রির মতো বিদায় লইলেন এবং আমরাও
অনতিবিলক্ষে শয়ন করিলাম।

২৫শে জুলাই। পরদিন প্রাভঃকালে আমরা তাঁব্গুলির মধ্যে একটিতে সকাল সকাল প্রাভরাশ সম্পন্ন করিয়া অচ্ছাবল পর্যন্ত চলিলাম। আমাদের মধ্যে একজন স্থা দেখিরাছিলেন বে, কতকগুলি পুরাতন রম্ম হারাইরা গিরাছিল, সেগুলি পুনরায় পাওয়া গিয়াছে, তখন তাহাদের সবগুলিই উজ্জ্বল ও নৃতন হইয়া গিয়াছে। কিছু স্বামীজী ঈষৎ হাস্ম করিয়া এই গল্প বলা বছু করিয়া দিলেন এবং বলিলেন, 'অমন ভাল স্বপ্লের কথা বলিতে নাই!'

আছাবলে আমরা জাহাদীরের আরও অনেক বাগান দেখিতে পাইলাম।
আমরা বাগানগুলির চারিধারে বেড়াইলাম এবং একটি স্থির জলাশরে আন
করিলাম। পরে আমরা প্রথম বাগানটিতে মধ্যাহ্নের পূর্বের জলযোগ সম্পদ্ধ
করিলাম, এবং বৈকালে অখপুঠে ইসলামাবাদে নামিয়া আদিলাম।

উক্ত জনবোগ-কালে যথন সকলে বিদ্যাছিলাম, তথন স্বামীজী তাঁহার কন্তাকে তাঁহার সক্তে অমরনাথ-গুহায় যাত্রা করিবার এবং তথায় মহাদেবের চরণে নিবেদিত হওয়ার অন্ত আহ্বান করিলেন। ধীরামাতা সহাত্তে অহমতি দিলেন, এবং পরবর্তী অর্ধঘন্টা উল্লাস ও আনন্দ-ক্ষাপনে অতীত হইল। ইতি-পূর্বেই বন্দোবত হইরাছিল বে, আমরা সকলেই পহলগাম পর্যন্ত বাইব এবং নেধানে স্বামীজীর তীর্থবাঝা হইতে প্রত্যাবর্তন পর্যন্ত অপেকা করিই। স্থতরাং আমরা দেইদিন সন্ধ্যার সময় নৌকাগুলিতে পৌছিরা জিনিসপত্র গুছাইয়া লইলাম এবং প্রাদি লিখিলাম। প্রদিন বৈকালে বওরান বাঝা করিলাম।

20

# স্থান—কাশ্মীর ( অমরনাথ ) কাল—২৯শে জুলাই হইতে ৮ই অগস্ট

২৯শে জুলাই। এই সময় হইতে আমরা স্বামীজীকে থ্ব কমই দেখিতে পাই। তিনি তীর্থবাত্তা সম্বন্ধে থ্ব উৎসাহান্তিত ছিলেন, বেশীর ভাগ একাহারী হইয়া থাকিতেন, এবং সাধুসক ভিন্ন অন্ত সক্ষ বড় একটা চাহিতেন না। কোথাও তাঁবু থাটানো হইলে কথন কথন তিনি মালা হাতে সেধানে আসিতেন। বওয়ান জায়গাটি একটি পল্লীগ্রামের মেলার মতো—সমন্তটির উপর একটি ধর্মভাবের ছাপ রহিয়াছে, আর পুণ্য কুওভালি ঐ ধর্মভাবের কেন্দ্রন্ত্রপ। ইহার পর আমরা ধীরামাতার সহিত তাঁবুর বারের নিকট গিয়া যে বহুসংখ্যক হিন্দীভাষী সাধু স্বামীজীকে প্রশ্নের পর প্রশ্ন করিতেছিলেন, তাঁহাদের কথাবার্তা শুনিতে সক্ষম হইয়াছিলাম।

বৃহস্পতিবারে আমরা পহলগামে পৌছিলাম; উপত্যকাটির নিমপ্রান্তে আমাদের ছাউনি পড়িল। দেবিলাম যে, আমাদিগকে আদে চুকিতে দেওয়া হইবে কিনা, সে-বিষয়ে আমীজীকে গুরুতর আপত্তিসমূহ নিরাকরণ করিতে হইতেছে। নাগা সাধ্গণ তাঁহাকে সমর্থন করিতেছিলেন। তাঁহাদের মধ্যে একজন বলিলেন, 'স্বামীজী, ইহা সত্য যে আপনার শক্তি আছে, কিছ তাহা প্রকাশ করা আপনার উচিত নহে!' বলিবামাত্র আমীজী চুপ করিয়া গেলেন! বাহা হউক, সেদিন অপরাহে তিনি তাঁহার ক্যাকে আমিবাদলাতে ধয় হইবার জয়, ছাউনির চারিধারে খ্রাইয়া আনিলেন,— প্রাকৃতপক্ষে উহা ভিকাবিতরণ ভির আর কিছুই ছিল না। আর, লোকে

তাঁহাকে ধনী ঠাওরাইয়াছিল বলিয়াই হউক, অথবা তাঁহাকে শক্তিমান্ বলিয়া ব্ৰিয়া লইয়াছিল বলিয়াই হউক, প্রদিবদ আমাদের তাঁব্টি ছাউনির প্রোভাগে একটি মনোহর পাহাড়ের উপর তুলিয়া লওয়া হইয়াছিল।

পরবর্তী বিশ্লামন্থান চন্দনবাড়ি বাইবার রান্ডাটি কি স্থানর! চন্দনবাড়ির একটি গভীর গিরিবন্দ্মের কিনারায় আমরা ছাউনি ফেলিলাম। সমন্ত বৈকাল ধরিয়া বৃষ্টি হইয়াছে, এবং স্বামীলী মাত্র পাঁচ মিনিটের কথাবার্ডার জন্ত আমার সহিত দেখা করিতে আলিয়াছিলেন।

চন্দনবাজির সরিকটে স্বামীলী জেদ করিলেন, ইহাই স্বামার প্রথম তুষারবদ্ধ, অতএব আমাকে উহা খালি পার অভিক্রম করিতে হইবে। জ্ঞাতব্য প্রত্যেকটি পুঁটিনাটির উল্লেখ করিতে তিনি ভূলিলেন না। ইহার পরেই বহুসহস্রফুট-ব্যাপী এক বিকট চড়াই আমাদের ভাগ্যে পড়িল। ভারপর এক সঙ্গ পথ, পাহাড়ের পর পাহাড় ঘুরিয়া আঁকিয়া বাঁকিয়া চলিয়াছে; मেरे मीर्च १४४ धित्रा চलिलाम ; এবং मर्दर्भर आत এकि थाए। চড়াই। প্রথম পর্বতটির উপরিভাগের জমিটিকে একজাতীয় কৃত্র কৃত্র বাস (Edelweiss) ঠিক বেন গালিচা দিরা মৃড়িয়া রাথিয়াছে। তারপরে বাভাটি শেষনাগ হইতে পাঁচশত ফুট উচ্চ দিয়া চলিয়াছে। শেষনাগের জল গতিহীন। অবশেষে আমরা তুষারমণ্ডিত শিখরগুলির মধ্যে ১৮০০০ ফুট উচ্চে এক ঠাণ্ডা দ্যাতদেঁতে জারগার ছাউনি ফেলিলান। ফার গাছগুলি वह निष्म हिन, श्रुवार मात्रा दिकान ७ मस्तादिना कूनिता ठाविनिक हहेटछ জুনিপার গাছ সংগ্রন্থ করিতে বাধ্য হইয়াছিল। স্থানীয় তহসিলদারের, খামীজীর এবং আমার তাঁবুগুলি থুব কাছাকাছি ছিল; সন্ধাবেলার সমুখভাগে এক বৃহৎ অগ্নি প্রজানিত হইন। আমাদের ছাউনি পড়িবার পর আমি আর স্বামীজীকে দেখি নাই।

পাঁচটি তটিনীর সন্মিলনন্থল 'পঞ্চতরণী' বাইবার রাস্তা এতটা দীর্ঘ ছিল না।
অধিকত্ব ইহা শেষনাগ অপেকা নীচু এবং এথানকার ঠাণ্ডাও বেশ শুদ্ধ
ও প্রীতিপদ। ছাউনির সমূথে এক কর্বময় শুদ্ধ নদীগর্ড, উহার মধ্য দিয়া
পাঁচটি তটিনী চলিয়াছে। ইহাদের সকলগুলিতেই—একটির পর অপরটিতে ভিজা
কাপড়ে হাঁটিয়া গিয়া বাত্তিগণের স্থান ক্রার বিধি। সম্পূর্ণরূপে লোকের নজর
এড়াইয়া স্বামীলী কিত্ত এ-বিষয়ক নির্মটি অক্ষরে অক্ষরে পালন করিয়াছিলেন।

এই পকণ উচ্চ স্থানে প্রারই দেখিতার বে, আমরা ত্বার-পৃত্যানির মহান্ পরিধির মধ্যে রহিয়াছি,—এই নির্বাক বিপ্লায়তন পর্বভগুলিই হিন্দুমনে ভন্মাহালিপ্ত ভগবান্ শহরের ভাব উল্লেক করিয়া দিয়াছে।

২রা অগত। ২রা অগত মললবার, অমরনাথের দেই মহোৎদর দিনে আমরা পূর্ণিমার জ্যোৎসালোকে যাত্রা করিলাম। দহীর্ণ উপত্যকাটিতে পৌছিলে স্বর্গাদর হইল। রান্তার এই অংশটিতে যাতারাত বে খুব নিরাপদ ছিল, তাহা নয়। কিন্ত যথন আমরা ভাতি ছাড়িয়া চড়াই করিতে আরম্ভ করিলাম, তথনই প্রকৃত বিপদের স্ত্রণাত হইল। কোনমতে ওপারের উতারটির তলদেশে পৌছিয়া আমাদিগকে অমরনাথের গুহা পর্যন্ত কোশের পর কোশ ত্যারবংশ্বর উপর দিয়া বহুক্টে বাইতে হইয়াছিল।

ক্লান্ত হইয়া খামীন্দী ইতিমধ্যে পিছনে পড়িয়াছিলেন। আনক বিলাধে তিনি আদিয়া পৌছিলেন, এবং 'ক্লান করিতে বাইতেছি' মাত্র এই কথা বলিয়া আমাকে অগ্রনর হইতে বলিলেন। অর্থ ঘণ্টা পরে তিনি গুহামধ্যে প্রবেশ করিলেন। সন্মিতবদনে তিনি প্রথমে অর্থর্যুটার এক প্রান্তে, পরে অপর প্রান্তিতিত ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন। ছানটি বিশাল ছিল, এত বড় বে, সেখানে একটি গির্জা ধরিতে পারে, এবং অ্বহুৎ ত্যারময় শিবলিলটি প্রগাঢ়ছায় এক গহরের অবহিত থাকায় বেন নিজ সিংহাসনেই অধিক্লচ্চ বলিয়া মনে হইতেছিল। কয়েক মিনিট কাটিয়া বাইবার পর তিনি গুহা ভ্যাগ করিবার উত্যোগ করিলেন।

তাঁহার চক্ষে যেন স্বর্গের বারসমূহ উদ্বাটিত হইয়াছে। তিনি সদাশিবের
শ্রীপাদপদ্ম স্পর্শ করিয়াছেন। পরে বলিয়াছিলেন—পাছে তিনি 'মূছিড
হইয়া পড়েন' এইজয় নিজেকে শক্ত করিয়া ধরিয়া রাখিতে হইয়াছিল।
কিছ তাঁহার দৈহিক ক্লান্তি এত অধিক হইয়াছিল যে, জনৈক ডাক্ডার পরে
বলিয়াছিলেন—তাঁহার হুংশিগুরে গতিরোধ হইবার সম্ভাবনা ছিল, কিছ
তৎপরিবর্তে উহা চিরদিনের মডো বর্ধিভায়তন হইয়া গিয়াছিল। তাঁহার
ভর্মদেবের সেই কথাগুলি কি অভ্তভাবে প্রায় সম্পন হইয়াছিল, 'ও বধন
নিজেকে জানতে পারবে, তখন আর এ শরীর রাখবে না!'

আধঘণ্টা পরে নদীর ধারে একথানি পাথরের উপর বসিয়া সেই সহাদয় নাগা সন্মাসী এবং আমার সহিত জলবোগ করিতে করিতে তারীজী বলিলেন, 'আমি কি আনন্দই উপভোগ করিয়াছি! আমার মনে হইডেছিল বে, তুবামলিকটি সাক্ষাৎ শিব। আর সেধানে কোন বিভাগহারী আমণ ছিল না, কোন ব্যবসা ছিল না, থারাপ কোন কিছু ছিল না। [সেধানে] কেবল নিরবজ্যি প্যার ভাব। আর কোন ভীর্থকেত্রেই আমি এত আনন্দ উপভোগ করি নাই।'

পরে তিনি প্রায়ই আমাদিগকে তাঁহার সেই চিত্তবিহনেকারী দর্শনের কথা বলিতেন; উহা বেন তাঁহাকে একেবারে বীর ঘূর্ণাবর্তের মধ্যে টানিয়া লইবে বলিয়া বোধ হইরাছিল। তিনি খেত ত্যারলিকটির কবিষের বর্ণনা করিতেন, এবং তিনিই ইজিত করিলেন, একদল মেবপালকই উক্ত ছানটি প্রথম আবিকার করিয়াছে। কোন এক নিদাঘ-দিবসে তাহারা নিজ নিজ মেয্যুথের সন্ধানে বছদ্রে গিয়া পড়িয়াছিল এবং এই গুহার মধ্যে প্রবেশ করিয়া দেখে যে, তাহারা অপ্রব-ত্যাররূপী সাক্ষাং শ্রীভগবানের সায়িধ্যে আসিয়া পড়িয়াছে। তিনি সর্বদা ইহাও বলিতেন, 'সেইখানেই অমরনাথ আমাকে ইচ্ছামৃত্যু বর দিয়াছেন।' আর আমাকে তিনি বলিলেন, 'ত্মি এক্ষণে বৃঝিতেছ না; কিন্তু তোমার তীর্থযাত্রাটি সম্পন্ন হইয়াছে, এবং ইহার ফল ফলিতেই হইবে। কারণ থাকিলেই কার্য হইবে নিশ্চিত। তুমি পরে আরও ভাল করিয়া বৃঝিতে পারিবে। ফল অবশুভাবী।'

পরদিন প্রাতঃকালে আমরা যে রাতা দিয়া পহলগামে প্রত্যাবর্তন করিলাম, তাহা কি ক্ষার রাতা। দেই রন্ধনীতে তাঁব্তে ফিরিয়া আমরা তাঁব্ উঠাইলাম এবং অনেক পরে পুরা এক চটিভর রাতা চলিয়া একটি ত্যারময় গিরিসয়টে রাত্রির জন্ত ছাউনি ফেলিলাম। এইথানে আমরা একজন ক্লীকে কয়েক আনা পয়সা দিয়া একথানি চিঠি লইয়া আগে পাঠাইয়া দিলাম, কিছ পরদিন মধ্যাকে পৌছিয়া দেখিলাম বে, ইহার কোনই প্রয়োজন ছিল না। কারণ সমস্ত প্রাতঃকাল ধরিয়া বাত্রিগণ দলে দলে আমাদের তাঁব্র নিকট দিয়া বাইবার সময় নিভান্ত বন্ধুভাবে, অপর সকলকে আমাদের গংবাদ দিবার জন্ত, এবং আমরা বে খুব শীঘ্রই আসিতেছি—এই কথা জানাইবার জন্ত, আমাদের তদ্ব লইয়া বাইতেছিল। প্রাতঃকালে স্র্বোদয়ের বহু পূর্বেই আমরা গাত্রোখান ক্রিয়া পথ চলিতে আরম্ভ করিলাম। সমূথে স্ব্র উদিত হইতেছেন এবং পশ্চাতে চক্ষ ক্ষান্ত বাইতেছেন, এমন সময়ে আমরা হতিয়ার তলাও

(Lake of Death) নামক হদের উপরিভাগের রাজা দিয়া চলিতে লাগিলার।
এই সেই হ্রদ—বেখানে এক বংসর প্রায় চরিশ জন বাজী তাহাদেরই জোজপাঠের কম্পনে খানচ্যত একটি তুবারপ্রবাহ (avalanche) কর্তৃক সবেগে
নিলিগু হইয়া নিহত হইয়াছিল! একটি ক্রুর পগ্ডাণ্ডী পথ ধাড়া পাহাড়ের
গা দিয়া নীচে নামিয়াছে। অতঃপর আময়া তথায় উপস্থিত হইলাম এবং
ঐ পথে চলিয়া দ্রম্ম বথেট কমাইতে সমর্থ হইয়াছিলাম। ঐ পথ সকলকেই
পায়ে হাঁটিয়া তাড়াতাড়ি কটেস্টে ঠেলাঠেলি করিয়া অতিক্রম করিতে
হইয়াছিল। তলদেশে গ্রামবাদিগণ প্রাতঃকালীন জলবোগের মতন একটা
কিছু প্রস্তুত রাধিয়াছিল। স্থানে স্থানে অয়ি প্রজ্ঞানত ছিল, চাপাটি
সেঁকা হইতেছিল, এবং চা-ও প্রস্তুত্ত ছিল, ওধু ঢালিলেই হইল। এখন
হইতে বেখানে বেখানে রাজা পৃথক্ হইয়া গায়ছে, সেইখানেই য়াজিগণ
দলে দলে মৃথ্য দল হইতে পৃথক্ হইয়া যাইতে লাগিল, এবং এই সায়া
পথ ধরিয়া আমাদের মধ্যে বে একটি একজের ভাব জয়য়য়াছিল, তাহা ক্রমণঃ
হাস পাইতে লাগিল।

সেই দিন সন্ধার সময় পহলগামের উপরিভাগে আমরা এক গোল পাহাড়ের উপর পাইন কাঠের এক বৃহৎ অগ্নি প্রজালিত করিয়া এবং শভরঞ্জি বিছাইয়া গল্প করিতে লাগিলাম; আমাদের বন্ধু সেই নাগা সন্ধাসীটি আমাদের সহিত বোগ দিলেন, এবং যথেষ্ট কৌতুক-পরিহাসাদি চলিতে লাগিল। কিছু শীন্তই আমাদের ক্ষু দলটি ব্যতীত আর সকলে চলিয়া গেল। আর আমরা বরিয়া এই সব দৃশ্য উপভোগ করিতে লাগিলাম—উপরে চন্দ্রদেব হাসিতেছেন, তুমারশৃক্তালি মাথা তুলিয়া দাঁড়াইয়া, নদী ধরবেগে প্রবাহিতা, এবং চারিদিকে অসংখ্য পার্বত্য পাইন বৃক্ষ।

চই অগণ্ট। পরদিন আমরা ইসলামাবাদ বাত্রা করিলাম, এবং সোমবার প্রভাতে প্রাভঃকালীন জলবোগে বসিয়াছি, এমন সময়ে মাঝিরা গুণ টানিয়া নৌকাগুলি নিরাপদে শ্রীনগরে আনিয়া লাগাইয়া দিল। 22

## হান—প্রত্যাবর্তনের গথে ( প্রীনগর ) কাল—১ই হইতে ১৩ই অহান্ট

⇒ই অগঠ। এই সময়ে আচার্বাদের ক্রমাগত আমাদের নিকট বিদায় লইবার কথা বলিতেছিলেন। স্থতরাং বখন আমি থাতায় 'রমতা লাধু বহুতা গানি, ইস্মে ন কোই মৈল লখানি।'—এই বাক্যটি লিশিবছ দেখিতে পাই, তখন আমি অলট জানি, ইহার অর্থ কি। 'বখনই আমায় কট সল্প করিতে হয় এবং ভিক্ষোপজীবী হইতে হয়, তখনই আমি কত বেশী ভাল থাকি।' এই সাগ্রহ কাতরোজি, আধীনতা এবং সাধারণ লোকের বালে মেলামেশার জন্ম তীত্র আকাজ্যা, পদত্রজে স্বীয় দীর্ঘ দেশভ্রমণের চিত্রাছন এবং খরে ফিরিয়া যাইবার জন্ম প্রারায় আমাদিগের সহিত বারামুলায় সাক্ষাৎ, এই সবই উহার অর্থ।

বে নোকার মাঝিরা স্বামীজীর স্থাপনার হইয়া সিয়াছিল এবং বাহাদিগকে তিনি তুইটি ঋতু ধরিয়া সর্বভোভাবে সাহায্য করিয়া স্থাসিয়াছেন, আজ্ব ভাহারা স্থামাদিগের নিকট বিদায় লইল। সহদয়তা এবং থৈর্বেরও বে বাড়াবাড়ি হইতে পারে, তাহারই প্রমাণস্বরূপ পরে তিনি তাঁহার সহিত মাঝিদের সম্বন্ধপ সমগ্র ব্যাপারটি উল্লেখ করিতেন।

১০ই অগন্ট। সন্ধ্যা হইয়া গিয়াছে। আমরা সকলে একজনের সহিভ বেথা করিবার অন্ধ্র বাহির হইলাম। কিরিবার সময় তাঁহার শিল্পানিবেদিভাকে তাঁহার সহিভ কেভগুলির উপর দিয়া বেড়াইয়া আদিবার অন্ধ্র ভালিকেন। তাঁহার কথাবার্তা সমতই ত্রীশিক্ষা-কার্ব ও সে-বিবরে ভাহার অভিপ্রায় কি, এই-বিবরক ছিল। খনেশ এবং উহার ধর্মসমূহ সমজে তাঁহার ধারণা বে সমবরমূলক, তাঁহার নিজের বিশেষক ভবু এইটুকু বে, তিনি চাহেন—হিন্দুধর্ম নিজের না থাকিয়া সক্রিয় হউক এবং পরের উপর প্রভাব বিভায় করিয়া ভাহাদিগকে সমজে আনয়ন করিবার সামর্থ্য উহার থাকুক; কেবল অন্পৃত্যতাকেই ভিনি অধীকার করিছেন, এই-সব সমজে ভিনি বলিতে লাগিলেন। তৎপরে তিনি গভীর ভাবের সহিত বাঁহারা প্র প্রাচীনপন্থী (Orthodox), তাঁহাকের অনেকের অসাধারণ ধর্মভাব সহজে বলিলেন। বিজ্ঞার ভারতের অভাব কার্বনুশ্লভা (Practicality)। কিছু সেক্স

ভারত যেন কথনও পুরাতন চিস্তাশীল জীবনের উপর ভাহার অধিকার ছাড়িয়া না দেয়।'

'শ্রীরামকৃষ্ণ বলিয়াছেন, সম্ত্রের স্থায় গভীর এবং আকাশের স্থায় উদার হওয়াই আদর্শ। কিন্তু প্রাচীনপদ্বায় নিষ্ঠার আবরণে রক্ষিত হৃদরে এই যে গভীর অন্তর্জীবনের বিকাশ, ইহা কোন মৃখ্য সম্পর্কের ফল নহে, গৌণ সম্পর্কের ফল নাত্র। আর বদি আমরা নিজেরা নিজেদের ঠিক করি, তাহা হইলে জগৎও ঠিক হইরা যাইবে, কারণ আমরা সকলেই কি এক নহি? শ্রীরামকৃষ্ণ পরমহংস তাঁহার ভিতরের নিগৃঢ় তত্বগুলির পর্যন্ত পূঝান্তপূঝ ধবর রাখিতেন; তথাপি বাহু দশায় তিনি পুরাদন্তর কর্মতংপর ও কর্মপটু ছিলেন।'

অতঃপর তিনি গুরুপ্কারপ সেই জটিল প্রশ্নটি সম্বন্ধে বলিলেন, 'আমার নিক্ষে জীবন সেই মহাপ্রুবের চরিত্রের প্রতি প্রগাঢ় অহরাগ বারা চালিড কিন্তু এটি অপরের পক্ষে কতদ্র ধাটিবে, তাহা প্রত্যেকে নিজেনিজেই ঠিক করিয়া লইবে। অতীন্ত্রিয় তত্ত্বকল শুধু যে একজন লোকের মধ্য দিয়াই জগতে প্রসারিত হয়, এমন নহে।'

১১ই অগন্ট। এই দিন করকোষ্ঠা দেখার জন্ম আমাদের মধ্যে একজনকে স্বামীজীর নিকট ভর্ষনা সহু করিতে হইয়াছিল। তিনি বলিলেন, 'এ জিনিসটাকে সকলেই চায়, তবু সমগ্র ভারত ইহাকে হেয় জ্ঞান করে, য়ণা করে।' একজনের একটু বিশেষ ওকালতিয় উত্তরে বলিলেন, 'চেহারা দেখিয়া চরিত্র বলিয়া দেওয়াও আমি সমর্থন করি না। বলিতে কি, তোমাদের অবতার এবং তাঁহার শিশুবর্গ বদি সিন্ধাইগুলা না দেখাইতেন, তাহা হইলে আমি তাঁহাকে আরও বেশী সত্যসদ্ধ বলিয়া মনে করিতাম। এই কার্বের জন্ম বৃদ্ধ

১২ই ৪১৩ই অগঠ। খামীজী আজকাল একজন রাম্বণ পাচক রাখিয়াছেন।
একজন মৃসলমান পর্বস্ত তাঁহাকে রাধিয়া দিতে পারে, তাঁহার এইরূপ অভি-প্রায়ের বিরুদ্ধে অমরনাথবাত্রী সাধুগণের তর্কগুলি বড়ই মর্মন্পর্শী ছিল। তাঁহারা বলিয়াছিলেন, 'অস্ততঃ শিথদের দেশে এটি করিবেন না, স্বামীজী!' এবং তিনিও অবশেষে সম্মতি দিয়াছিলেন। কিছ উপস্থিত তিনি ওাঁহার ম্সলমান মাঝির শিশু ক্রাটিকে উমান্ধ্যে পূজা করিতেছিলেন। ভালবাসা বলিতে সে ক্র্যান করা ব্যিত, এবং খামীজীর কালীর ত্যাগের দিনে নেই ক্ষ্মে শিশু

ভাঁহার অভ একথাল আপেল সানন্দে নিজে সমন্ত পথ হাঁটিয়া টলায় তুলিয়া দিয়া গিয়াছিল। স্বামীজীকে তৎকালে সম্পূৰ্ণ উদাসীন বোধ হইলেও তিনি বালিকাকে কথনও ভুলিয়া যান নাই। কাশ্মীরে থাকিতে থাকিতেই তিনি একদিনকার কথা প্রায়ই সানন্দে শ্ববণ করিতেন। বালিকা সে দিন নৌকার গুণ টানিবার রান্তায় একটি নীলবর্ণের ফুল দেখিতে পায়, এবং সেখানে বসিয়া উহাকে একবার এধারে, একবার ওধারে আঘাত করিতে করিতে কুড়ি মিনিট কাল সেই ফুলটির দহিত একাকী কাটায়।

নদীতটে একখণ্ড জমি ছিল, তাহার উপর তিনটি চেনার পাছ জন্মিয়াছিল।
ইহাদের কথা ভাবিলেই আমরা এই সময়ে এক বিশেষ আনন্দ অহতেষ
করিতাম। কারণ কাশ্মীরের মহারাজা খামীজীকে উহা দিবার জন্ত উৎস্ক
হইয়াছিলেন এবং আমাদের যে ভাবী কার্ষে 'দেশের লোকের ঘারা, দেশের
লোকের জন্ত, এবং দেবক ও সেব্য—উভয়েরই প্রীতিকর'—এই মহান্ ভাব
ক্রপায়িত হইবে, উক্ত স্থানটিকে তাহারই এক কর্ম-কেন্দ্র বলিয়া আমরা সকলে
এক মানসচিত্র অহিত করিলাম।

নারীগণই গৃহনির্মাণস্থানের মান্সলিক কার্য বিধান করিবেন, ভারতে প্রচলিত এই ধারণা জানা থাকায় একজন বলিয়া উঠিলেন, আমরা উক্ত স্থানে গিয়া কিছুক্ষণের জন্ত হাউনি ফেলিয়া উহাকে দখল করিয়া লইলে কিরপ হয় ? উক্ত স্থান ইওরোপীয়গণ কর্তৃক ব্যবস্থাত ছাউনি ফেলিবার ছোটখাট স্থানগুলির মধ্যে অন্যতম ছিল বলিয়া ইহা সন্তব হইয়াছিল।

>5

#### স্থান—চেনার-তলে ছাউনি, জ্রীনগর কাল—১৪ই অগস্ট হইতে ২০শে সেপ্টেম্বর

১৪ই অগন্ট—ত্বা সেপ্টেম্বর। ববিবার প্রাত্তঃকাল; পরবর্তী অপরাফ্রে
আমাদের সনির্বন্ধ অন্থরোধে স্বামীন্দ্রী আমাদের সহিত চা পান করিতে
আদিতে সম্মত হন। একজন ইওরোপীয়ের সহিত সাক্ষাৎ করাই ছিল
উদ্দেশ্য। তিনি বেদান্তের একজন অন্থরাগী বলিয়া বোধ হইয়াছিল। এ-বিয়য়ে
স্বামীন্দ্রীর কিন্তু কোন উৎসাহ দেখা গেল না। তিনি ঐ জিজ্ঞান্থকে
ব্যাইবার জন্ত বৎপরোনান্তি ক্লেশ স্বীকার করিয়াছিলেন বটে, কিন্তু
তাঁহার চেষ্টা একেবারেই নিম্দল হইয়াছিল। অন্তান্ত কথার সঙ্গে তিনি
বলিয়াছিলেন, 'আমি তো চাই—নিয়মলজ্মন করা সন্তব হউক, কিন্তু তা
হয় কই ? যদি পত্য সত্যই আমরা কোন নিয়মের ব্যতিক্রম করিতে সমর্থ
হইতাম, তাহা হইলে তো আমরা মৃক্ত হইয়া ষাইতাম। যাহাকে আপনি
নিয়ম-তল বলেন, উহা তো অন্ত এক প্রকারে নিয়মপালন মাত্র।' তৎপরে
তিনি ত্রীয় অবয়া সম্বন্ধ কিছু ব্রাইতে চেষ্টা করিলেন। কিন্তু বাহাকে
ভিনি কথাগুলি বলিলেন, তাঁহার শুনিবার কান ছিল না।

১৬ই সেপ্টেম্বর। মদলবাবের দিন তিনি আর একবার মধ্যাহন্ডোজনে আমাদের ক্স্ত ছাউনিতে আসিলেন। অপরাহ্নে এমন জোরে বৃষ্টি শুক্র হইল বে, তাঁহার ফিরিয়া বাওয়া হইল না। নিকটে একথানি টভের 'রাজস্থান' পড়িয়াছিল, তাহাই উঠাইয়া লইয়া কথায় কথায় মীরাবাঈ-এর কথা পাড়িলেন। বলিলেন, 'বাঙলার আধুনিক জাতীয় ভাবসমূহের ছই-তৃতীয়াংশ এই বইথানি হইছে গৃহীত।' বাহার সকল অংশই উভম এমন 'টভে'র মধ্যে—মিনি রানী হইয়াও রানীম্ব পরিত্যাগ করিয়া রুম্ম-প্রেমিকাগণের সঙ্গে পৃথিবীতে বিচরণ করিতে চাহিয়াছিলেন, সেই মীরাবাজ-এর গল্লটি তাঁহার স্বাপেক্ষা প্রিয় ছিল। তিনি বে শরণাগতি, প্রার্থনাপরতা ও সর্বনীবে সেবা প্রচার করিয়াছিলেন, উহা বে প্রীটেডক্সপ্রেচারিত 'নামে কচি জীবে দয়া'র বিরোধী, তাহাও উল্লেখ করিলেন। মীরাবাঈ আমীজীর অক্সতম প্রধান প্রেরণায়াক্রী। বিধ্যাত মস্ক্যম্বরের হঠাৎ স্বভাব-

শরিষর্ভন, এবং শেবে প্রীকৃষ্ণ আবিভূতি হইয়া তাঁছাকে বিগ্রহে গীন করিয়া কেলিলেন—এইসব গলের কথা লোকে অন্তান্ত পত্রে অবগত আছে, সেগুলিকে তিনি মীরাবাঈ-এর গলের অন্তর্ভুক্ত করিতেন। একবার তিনি মীরাবাঈ-এর একটি গীত আবৃত্তি এবং অহুবাদ করিয়া একবান মহিলাকে ওনাইতেছেন, ওনিয়াছিলার আহা, বদি সবটা মনে রাখিতে পারিভার! তাঁহার অহুবাদের প্রথমে কথাগুলি এই, 'ভাই লাগিয়া থাক, লাগিয়া থাক, লাগিয়া থাক, লাগিয়া থাক!' এবং তাহার শেষ এই ছিল,—'সেই অহা বহা নামক দহ্য ভাত্রয়, সেই নিষ্ঠ্র স্কন কলাই এবং থেলার ছলে টিয়াপাথিকে কৃষ্ণনাম করিতে শিথাইয়াছিল লেই গণিকা, ইহারা বদি উদ্ধার পাইয়া থাকে, তবে সকলেরই আশা আছে।'

আবার, আমি তাঁহাকে মীরাবাদ-এর দেই অভ্ত গল্লটি বলিতে ভানিয়ছি। মীরাবাদ বৃদ্ধাবনে পৌছিয়া জনৈক বিখ্যাত সাধুকে নিমল্লপ করেন। বৃন্ধাবনে প্রথমের সহিত নারীগণের সাক্ষাৎ অকর্তব্য, এই বলিয়া সাধু বাইতে অধীকার করেন। যখন তিনবার এইরুপ ঘটিল, তখন 'বৃন্ধাবনে আর কেহ যে পূরুষ আছে, তাহা আমি জানিতাম না। আমার ধারণা ছিল যে, প্রীকৃষ্ণই একমাত্র পূরুষরণে বিরাজিত!' এই বলিয়া মীরাবাদ স্বয়ং তাঁহার নিকট গমন করিলেন। যখন বিশ্বিত সাধুর সহিত তাঁহার সাক্ষাৎ হইল, তখন 'নির্বোধ, তুমি নাকি নিজেকে পূরুষ বলিয়া অভিহিত কর ?'
—এই বলিয়া তিনি খীয় অবগুঠন সম্পূর্ণরূপে উল্লোচন করিয়া ফেলিলেন। আর যেমন সাধু সভয়ে চীৎকার করিয়া তাঁহার সন্মুখে সাইালে প্রণিপাত করিলেন, অমনি তিনিও তাঁহাকে মাতা যেরূপে সন্তানকে আনীর্বাদ করেন, সেইরূপে আনীর্বাদ করিলেন।

১ সৃথ গীতটি এই : ছরিবে লাগি রহোরে ভাই তেরা বনত বনত বনি বাই । অহা তারে বহা তারে তারে ক্লন কসাই । স্থা পডারকে পণিকা তারে তারে দীরাবার ।

২ প্রীচৈতক্তের প্রসিদ্ধ শিক্ত সনাতন সোখানী। তিনি বাওলার নবাবের উজিরি পদ পরিভাগ করিয়া সাধু দ্বীয়াছিলেন।

অভ স্বামীনী আকবরের প্রদদ উত্থাপন করিলেন, এবং উক্ত বাদশার্ছের সভাকবি তানসেনের রচিত তাঁহার সিংহাসনাধিরোহণ-বিষয়ক একটি গীড আমাদের নিকট গাহিলেন।

ভারণর স্বামীঞ্চী নানা কথা কহিতে কহিতে 'আমাদের জাতীয় বীর' প্রতাপদিংহের সম্বন্ধে বলিতে লাগিলেন: কেহ তাঁহাকে রখনও বস্ততা খীকার করাইতে পারে নাই।। হাঁ, একবার মূহর্তের জন্ম তিনি পরাছব খীকার করিতে প্রলুদ্ধ হইয়াছিলেন বটে। একদিন চিতোর হইতে প্রায়নের পর মহারানী স্বয়ং রাত্রের দামান্ত খাবার প্রস্তুত করিয়াছেন, এমন দুময়ে এক কৃষিত মার্জার ছেলেদের জন্ম যে কটিখানি নির্দিষ্ট ছিল, তাহারই উপর ঝাপট মারিয়া দেখানি লইয়া গেল। মেবাররাজ খীয় শিশুসন্তানগুলিকে থাতের জন্ত কাঁদিতে দেখিলেন। তথন বাস্তবিকই তাঁহার বীরহানয় অবসন্ন হইয়া পড়িল। অদূরে স্বাচ্ছন্য এবং শান্তির চিত্র দেখিয়া তিনি প্রানুদ্ধ হইলেন, এবং মুহুর্তের জন্ম তিনি এই অসমান যুদ্ধ হইতে বিরত হইয়া আকবরের সহিত মিত্রতা-স্থাপনের সম্বন্ধ করিয়াছিলেন; কিন্তু তাহা কেবল এক মুহুর্তেরই জন্ম। সদাতন বিশ্বনিয়ন্তা প্রমেশ্বর তাঁছার নিজ জনকে বক্ষা করিয়া থাকেন। উক্ত চিত্র প্রতাপের মানসপট হইতে অন্তর্হিত হইতে না হইতেই এক রাজপুত নরপতির নিকট হইতে দৃত আগিয়া তাঁহাকে সেই প্রসিদ্ধ কাগম্বপত্রগুলি দিল। তাহাতে লেখা ছিল, 'বিধর্মীর সংস্পর্লে বাঁহার শোণিত কলুষিত হয় নাই, এরূপ লোক আমাদের মধ্যে মাত্র একজন আছেন। তাঁহারও মন্তক ভূমিম্পর্শ করিয়াছে, এ কথা যেন কেহ কথনও বলিতে না পারে।' পাঠ করিবামাত্র প্রতাপের ক্ষম সাহস এবং নৃতন আত্মপ্রতায়ে সঞ্জীবিত হইয়া উঠিল। তিনি বীরগর্বে দেশ হইতে শত্রুক্ল নিমূল করিয়া উদয়পুরে নিরাপদে প্রত্যাবর্ডন করিলেন 🕆

তারপর অন্চা রাজনন্দিনী কৃষ্ণকুমারীর সেই অন্তৃত গল্প শুনিলাম।
একাধিক নরপতি এক সদে তাঁহার পাণিগ্রহণ করিতে চাহিতেছিলেন।
আর বখন তিনটি বৃহৎ বাহিনী পুর্বারে উপস্থিত, তাঁহার পিতা কোন
উপয়াম্বর না দেখিয়া ক্লাকে বিষ দিতে মনস্থ করিলেন। কৃষ্ণকুমারীর
প্রতাতের উপর এই ভার অপিত হইল। বালিকা যখন নিজিতা—সেই
সময় খ্রতাত উক্ত কার্য রম্পাদনার্থ তাঁহার কক্ষে প্রবেশ করিলেন। কিছ
সৌন্দর্য ও কোনল বয়ন দেখিয়া এবং শিশুকালের মুখও মনে শড়ায়

তাঁহার বোদ্ধহনর দমিয়া গেল এবং তিনি নির্দিষ্ট কার্ব করিতে অক্ষম হইলেন। কোন শব্দ শুনিতে পাইয়া কৃষ্ণকুমারী আগিয়া উঠিলেন এবং নির্ধারিত সম্বল্পর বিষয় অবগত হইয়া হাত বাড়াইয়া বাটিটি লইলেন এবং হাসিতে হাসিতে সেই বিষ পান করিয়া ফেলিলেন। এরপ ভূরি ভূরি গল্প আমরা শুনিতে লাগিলাম। কারণ, রাজপুত-বীরগণের এরপ গল্প অসংখ্য।

২০শে সেপ্টেম্বর। শনিবারে স্বামীন্দ্রী ছুই দিনের ব্যক্ত আমেরিকার রাজদৃত ও তাঁহার পত্নীর আতিথ্য স্থীকার করিতে ভাল হুদে গমন করিলেন। সোমবারে ফিরিয়া আসিলেন এবং মদলবারে স্বামীন্দ্রী আমাদের নৃতন 'মঠে' (আমরা ছাউনির ঐ আখ্যাই দিয়াছিলাম) আসিলেন এবং বাহাতে তিনি গাণ্ডেরবল যাত্রা করিবার পূর্বে কয়েক দিন আমাদের সহিত বাস করিতে পারেন—এই উদ্দেশ্যে তাঁহার নৌকাথানিকে আমাদের নৌকার থ্ব নিকটে লাগাইলেন।

#### সম্পাদক ( স্বামী সারদানন্দ )-লিখিত পরিশিষ্ট

গাণ্ডেরবল হইতে স্বামীজী অক্টোবরের প্রথম সপ্তাহের মধ্যেই ফিরিয়া আসিলেন, এবং বিশেষ কোন কারণবশতঃ তিনি বে কয়েক দিনের মধ্যেই বাঙলা দেশে যাইবার সহল্প করিয়াছেন, তাহা সকলের নিকট প্রকাশ করিলেন। স্বামীজীর ইওরোপীয় সন্দিপণ ইতিপূর্বে শীত পড়িভেই সাহোর, দিল্লী, আগ্রা প্রভৃতি উত্তর ভারতের মুখ্য নগরগুলি দেখিবার সহল্প করিয়াছিলেন। অতএব সকলেই একজ লাহোরে প্রভ্যাবর্তন করিলেন। এখানে কয়জনকে উত্তর ভারতের স্থানাদি দর্শন করিবার সহল্প কার্থে পরিণত করিতের রাথিয়া স্বামীজী সদলবলে কলিকাতায় ফিরিয়া আসিলেন।

# স্বামীজীর কথা

# স্বামীজীর অস্ফুট স্মৃতি'

ৈ ১৮৯৭ খ্রীষ্টান্দের ফেব্রুআরি মাস। স্বামী বিবেকানন পাশ্চাতা দেশ বিজয় করিয়া দবে ভারতবর্ষে পদার্পণ করিয়াছেন। যথন হইতে সামীজী চিকাগো ধর্মহাসভায় হিন্দুধর্মের বিজয়কেতন উড়াইয়াছেন, তখন হইতেই ভৎসম্মীয় বে-কোন বিষয় সংবাদপত্তে প্রকাশিত হইতেছে, তাহাই সাগ্রহে পাঠ করিতেছি। তথন ২াত বৎসর মাত্র কলেজ ছাড়িয়াছি, কোনরূপ অর্থোপার্জনাদিও করি না, হতরাং কথনও বন্ধুবান্ধবদের বাটী গিয়া, কথনও বা বাটীর নিকটস্থ ধর্মজলায় 'ইণ্ডিয়ান মিরর' অফিলের বৃহির্দেশে বোর্ডসংলয় 'ইণ্ডিয়ান মিরর' পত্রিকায় স্বামীজীর সম্বন্ধে যে-কোন সংবাদ বা তাঁহার যে-কোন বকৃতা প্রকাশিত হইডেছে, তাহাই সাগ্রহে পাঠ করি। এইরূপে স্বামীজী ভারতে পদার্পণ করা অবধি সিংহলে বা মাল্রাজে বাহা কিছু বলিয়াছেন, প্রায় দব পাঠ করিয়াছি। এতহাতীত আলমবান্ধার মঠে গিয়া তাঁছার গুরুভাইদের নিকট এবং মঠে যাতায়াতকারী বন্ধুবান্ধবদের নিকটও তাঁহার অনেক কথা শুনিয়াছি ও শুনিতেছি। আর বিভিন্ন সম্প্রদায়ের মুখপত্রসমূহ যথা—বঙ্গবাসী, অমুতবাজার, হোপ, থিওজফিট প্রভৃতি—বাঁহার যেত্রণ ভাব তদমুদারে কেহ বিদ্রাপচ্ছাল, কেহ উপদেশদানচ্ছাল, কেহ বা मुक्कियाना धरान-पिनि छाँशांत्र मश्रक्ष याश किছू निथिएएएन, जाशांत्र । প্রায় কিছুই জানিতে বাকি নাই।

আদ্ধ দেই খামী বিবেকানন্দ শিয়ালদহ ফেশনে তাঁহার জন্মভূমি কলিকাতা নগরীতে পদার্পন করিবেন, আদ্ধ তাঁহার শ্রীমৃতি-দর্শনে চক্ল্-কর্ণের বিবাদজ্ঞন হইবে, তাই প্রত্যুবে উঠিয়াই শিয়ালদহ ফেশনে উপন্থিত হইলাম। এত প্রত্যুবেই খামীজীর অভ্যর্থনার্থ বহুলোকের সমাগম হইয়াছে। অনেক পরিচিত ব্যক্তির সহিত লাকাৎ হইল, তাঁহার সহজে কথাবার্তা হইতে লাগিল। দেখিলাম, ইংরেজীতে মৃত্রিত তুইটি কাগন্ধ বিভরিত হইতেছে। পড়িয়া দেখিলাম, তাঁহার লগুনবাদী ও আমেরিকাবাদী ছাত্রবৃন্ধ বিদায়কালে

<sup>&</sup>gt; 'বামী গুছানন্দ-লিখিত প্রবন্ধ: ১৩২ - সালে আবাঢ় মাসের 'উরোধনে' প্রকাশিত।

তাঁহার গুণগ্রাম বর্ণন করিয়া তাঁহার প্রতি কৃতজ্ঞতাস্চক বে অভিনন্দনপ্রবন্ধ প্রদান করেন, ঐ হুইটি তাহাই। ক্রমে স্বামীঞ্জীর দর্শনার্থী লোকসমূহ দলে দলে সমাগত হইতে লাগিল। গ্টেশন-প্রাটফর্ম লোকে লোকারণ্য হইয়া গেল। সকলেই পরক্ষারকে সাগ্রহে জিজ্ঞাদা করিতেছেন, স্বামীজ্ঞীর আদিবার আর কত বিলম। শুনা গেল, তিনি একখানা ক্ষোণাল ট্রেনে আদিবেন, আদিবার আর বিলম্ব নাই। ঐ যে—গাড়ির শব্দ শুনা যাইতেছে, ক্রমে সশব্দে ট্রেন প্রাটফর্মে প্রবেশ করিল।

স্বামীজী যে গাড়িখানিতে ছিলেন, সেটি বেখানে আসিয়া থামিল, সোভাগ্যক্ষমে আমি ঠিক তাহার সমুখেই দাঁড়াইয়াছিলাম। বাই গাড়ি धार्मिन, दिश्वनाम यामीकी नांजाहेशा नमत्त्रक नकनत्क करत्कार्ज धार्माम कवित्नन। এই এक প্রণামেই খামীজী আমার হানম আকর্ষণ কবিলেন। তথন টেনমধ্যস্থ স্বামীন্দীর মৃতি মোটামৃটি দেখিয়া লইলাম। তারপরেই অভার্থনা-সমিতির শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সেন-প্রমুখ ব্যক্তিগণ আগিয়া তাঁহাকে ট্রেন হইতে নামাইয়া কিছু দূরবর্তী একখানি গাড়িতে উঠাইলেন। অনেকে স্বামীজীকে প্রণাম ও তাঁহার পদ্ধুলি গ্রহণ করিতে অগ্রসর হইলেন। সেখানে খুব ভিড় জমিয়া গেল। এদিকে দর্শকগণের হানয় হইতে খডই 'জয় খামী वितिकानमञ्जी की खर्र 'क्य बांगकुक शत्रमहः मानव की खर्'-- এই आनम्भवनि উখিত হইতে লাগিল। আমিও প্রাণ ভরিয়া নেই আনন্ধ্রনিতে যোগ দিয়া জনতার দহিত অগ্রদর হইতে লাগিলাম। ক্রমে যখন ফেশনের বাহিরে প্ত্ছিয়াছি, তথন দেখি অনেকগুলি যুবক স্বামীঞ্চীর গাড়ির ঘোড়া খুলিয়া নিজেরাই টানিয়া লইয়া যাইবার জন্ত অগ্রসর হইয়াছে। আমিও তাহাদেব সহিত যোগ দিতে চেষ্টা করিলাম, ভিড়ের জন্ত পারিলাম না। স্বতরাং দে চেষ্টা ত্যাগ করিয়া একটু দূরে দূরে স্বামীজীর গাড়ির সহিত অগ্রসর হইতে লাগিলাম। ফৌলনে স্বামীন্সীকে অভার্থনার্থ একটি ছবিনাম-সংকীর্তনদলকে দেখিয়াছিলাম। রান্তার একটি ব্যাও পার্টি বাজনা বাজাইতে বাজাইতে স্বামীজীর সঙ্গে চলিল, দেখিলায়। বিপন কলেজ পর্যন্ত বান্তা নানাবিধ পড়াকা, লড়া, পাড়া ও পুলে সজ্জিত হইয়াছিল। গাড়ি আসিয়া বিপন কলেঞ্চের স্মুথে গাড়াইল। এইবার স্বামীজীকে বেশ ভাল করিয়া দেখিবার হুবোগ পাইলাম। দেখিলাম, তিনি মুখ বাড়াইয়া কোন পরিচিত ব্যক্তির সহিত কথা কহিতেছেন। মুখখানি

তপ্তকাক্ষনবর্গ, বেন ক্যোভি: ফুটিয়া বাহির হইতেছে, তবে পথের প্রান্তিতে কিঞ্চিৎ বর্মাক্ত ও মলিন হইয়াছে মাত্র। ছইথানি গাড়ি—একটিতে স্থামীক্ষী এবং মি: ও মিসেল লেভিয়ার; মাননীয় চাক্ষচক্র মিত্র এ গাড়িতে দাড়াইয়া হাত নাড়িয়া জনতাকে নিয়মিত করিতেছেন। অপরটিতে গুড়উইন, হারিসন ( সিংহল হইতে স্থামীক্ষীর সন্ধী জনৈক বৌদ্ধর্মাবলম্বী সাহেব), জি. জি, কিডি ও আলাসিকা নামক তিনজন মান্রান্ধী শিহা এবং ত্রিগুণাতীত স্থামী।

বাহা হউক, অল্পন্ গাড়ি দাঁড়াইবার পরই অনেকের অহরোধে খামীজী বিপন কলেজ-বাটাতে প্রবেশ করিয়া সমবেত সকলকে সংঘাধন করিয়া তুই-ভিন মিনিট ইংরেজীতে একটু বলিয়া আবার ফিরিয়া গাড়িতে উঠিলেন। এবার আর শোভাষাত্রা করা হইল না। গাড়ি বাগবাজারে পশুপতিবাব্র বাটার দিকে ছুটিল। আমিও মনে মনে খামীজীকে প্রণাম করিয়া গৃহাভিমুখে ফিরিলাম।

আহারাদির পর মধ্যাকে চাঁপাতলার থগেনদের (স্বামী বিমলানন্দ)
বাটাতে গেলাম। সেথান হইতে থগেন ও আমি তাহাদের একথানি টমটমে
চড়িয়া পশুপতি বহুর বাটী অভিমূথে যাত্রা করিলাম। স্বামীন্ধী উপরের
ঘরে বিশ্রাম করিতেছেন, বেশী লোকজনকে যাইতে দেওয়া হইতেছে না।
সৌভাগ্যক্রমে আমাদের পরিচিত স্বামীন্ধীর করেকলন গুরুভাই-এর সহিত
সাক্ষাৎ হইল। স্বামী শিবানন্দ আমাদিগকে স্বামীন্ধীর নিকট লইয়া গেলেন
এবং পরিচয় করিয়া দিলেন—'এরা আপনার খ্ব admirer (মুয় ভক্ত)'।

খামীঞী ও যোগানন্দ খামী গশুপতিবাব্ব বিতলস্থ একটি স্থসজ্জিত বৈঠকখানায় পাশাপাশি ছুইখানি চেয়ারে বসিয়াছিলেন। অক্তান্ত খামিগণ উজ্জ্বল গৈরিক-বর্ণের বস্ত্র পরিধান করিয়া এদিক ওদিক 'ঘ্রিডেছিলেন। নেজে কার্পেট-মোড়া ছিল। আমরা প্রণাম করিয়া সেই কার্পেটের উপর উপবেশন করিলাম। খামীজী বোগানন্দ-স্থামীর সহিত তথন কথা কহিতেছিলেন। আমেরিকা-ইওরোপে খামীজী কি দেখিলেন, এই প্রস্তু হুট্ডেছিল। খামীজী বলিভেছিলেন:

বেখ বোগে, দেখলুম কি স্থানিদ ?—সমন্ত পৃথিবীতে এক মহাশক্তিই বেলা ক্রছে। স্থামাদের বাণ-দাদারা সেইটেকে religion-এর দিকে manifest করেছিলেন, আর আধুনিক পাশ্চাভ্যদেশীয়ের। সেইটেকেই মহারজোগুণের ক্রিয়ারূপে manifest করছে। বাস্তবিক সমগ্র জগতে সেই এক মহাশক্তিরই বিভিন্ন খেলা হচ্ছে মাত্র।

থগেনের দিকে চাহিয়া তাহাকে খুব রোগা দেখিয়া স্বামীনী বলিলেন, 'এ ছেলেটিকে বড় sickly দেখছি যে।'

স্বামী শিবানন্দ উত্তর করিলেন, 'এটি অনেক দিন থেকে chronic dyspepsia-তে (পুরানো অন্তীর্ণ রোগে ) ভূগছে।'

স্বামীন্দী বলিলেন, 'আমাদের বাঙলা দেশটা বড় sentimental ( ভাব-প্রবণ ) কি-না, তাই এখানে এত dyspepsia.'

কিয়ৎকণ পরে আমরা প্রণাম করিয়া উঠিয়া বাটী ফিরিলাম।

স্বামীজী এবং তাঁহার শিশ্ব মি: ও মিসেদ সেভিয়ার কাশীপুরে গোপাল-লাল শীলের বাগানবাটীতে অবস্থান করিতেছেন। স্বামীজীর মুখের কথাবার্ডা ভাল করিয়া ভানিবার জন্ম ঐ স্থানে বিভিন্ন বন্ধুবান্ধবকে দক্ষে করিয়া কয়েকদিন গিয়াছিলাম। তাহার যতগুলি শ্বরণ হয়, এইবার তাহাই বলিবার চেটা করিব।

স্বামীন্ত্রীর সলে আমার সাক্ষাৎ কথোপকখন হয়—প্রথম এই বাগানবাটীর একটি ঘরে। স্বামীন্ত্রী আসিয়া বসিয়াছেন, আমিও গিয়া প্রণাম করিয়া বসিয়াছি, সেধানে আর কেহ নাই। হঠাৎ কেন জানি না—স্বামীন্ত্রী আমায় ভিজ্ঞাসা করিলেন, 'তুই কি তামাক খাস্ ?'

व्यामि विनाम, 'वांख्य ना ।'

ভাহাতে স্বামীজী বলিলেন, 'হাঁ, জনেকে বলে—ভামাকটা ধাওয়া ভাল নয়; আমিও ছাড়বার চেষ্টা করছি।'

আর একদিন সামীলীর নিকট একটি বৈশ্বর আদিরাছেন, তাঁহার সহিত বামীলী কথা কহিতেছেন। আমি একটু দ্বে বহিয়াছি, আর কেহ নাই। সামীলী বলিতেছেন, 'বাবালী, আমেরিকাতে আমি একবার প্রীকৃষ্ণ সম্বদ্ধে বক্তা করি। সেই বক্তা তনে একজন পরমাহন্দরী যুবতী—অগাধ ঐপর্বের অধিকারিণী—সর্বস্থ ত্যাগ ক'রে এক নির্জন বীপে গিয়ে কৃষ্ণ্যানে উন্মতা হলেন।' তারপর সামীলী ত্যাগ সম্বদ্ধে বলিতে লাগিলেন, 'বে-সব্ধর্মসম্প্রদায়ে

ত্যাগের ভাবের তেমন প্রচার নেই, তাদের ভেতর শীঘ্রই অবনতি এসে থাকে—বথা বলভাচার্য সম্প্রদায়।'

আর একদিন গিয়াছি। দেখি, অনেকগুলি লোক বলিরা আছেন এবং একটি যুবককে লক্ষ্য করিয়া স্বামীকী কথাবার্তা কহিডেছেন। যুবকটি বেদল থিওকফিক্যাল সোসাইটির গৃহে থাকে। সে বলিডেছে, 'আমি নানা সম্প্রদারের নিকট বাইডেছি, কিছু সভ্য কি, নির্ণয় করিডে পারিডেছি না।'

খামীকী অতি স্নেহপূর্ণ খরে বলিতেছেন, 'দেও বাবা, আমারও একদিন তোমারই মতো অবস্থা ছিল—তা তোমার ভাবনা কি? আছা, ভিন্ন ভিন্ন লোকে তোমাকে কি কি বলেছিল এবং তুমি বা কি বকম করেছিলে বলো দেখি?'

্যুবক বলিতে লাগিল, 'মহালয়, আমাদের সোনাইটিতে ভবানীশহর নামক একজন পণ্ডিত প্রচারক আছেন, তিনি আমায় মৃতিপূজার হারা আধ্যাত্মিক উন্নতির যে বিশেষ সহায়তা হয়, তা জ্বলবন্ধণে বৃঝিয়ে দিলেন, আমিও তদহসারে দিন কতক খুব পূজা-জর্চনা করতে লাগলুম, কিন্তু তাতে শান্তি পেলুম না। সেই সময় একজন আমাকে উপদেশ দিলেন, দেখ, মনটাকে একেবারে শৃষ্ঠ করবার চেষ্টা করো দেখি—তাতে পরম শান্তি পাবে। আমি দিন কতক সেই চেষ্টাই করতে লাগলুম, কিন্তু তাতেও আমার মন শান্ত হ'ল না। আমি, মহালয়, এখনও একটি যরে দ্বজা বন্ধ ক'রে যুতক্ষণ সম্ভব বলে থাকি, কিন্তু শান্তিলাভ কিছুতেই হচ্ছে না। বলতে পারেন, কিসে শান্তি হয় প'

খামীলী স্নেহপূর্ণ খবে বলিতে লাগিলেন, 'বাপু, আমার কথা বদি শোন, তবে তোমাকে আগে তোমার ঘবের দরজাটি থুলে রাখতে হবৈ। তোমার বাড়ির কাছে, পাড়ার কাছে কত অভাবগ্রস্ত লোক রয়েছে, তোমায় তাদের বথাসাধ্য সেবা করতে হবে। বে পীড়িত, তাকে ঔবধ পথ্য বোগাড় ক'রে দিলে এবং শরীরের বারা সেবাশুল্রমা করলে। বে খেতে পাছে না, তাকে খাওয়ালে। বে অজ্ঞান, তাকে—তুমি বে এত লেখাপড়া শিখেছ, মুখে মুখে যতদ্র হয় ব্রিয়ে দিলে। আমার পরামর্শ বদি চাও বাপু, তা হ'লে এইভাবে বথাসাধ্য লোকের সেবা করতে পারলে তুমি মনের শান্তি পাবে।'

যুবকটি বলিল, 'আহ্ছা মহাশন্ত, ধকন আমি একজন বোগীর লেবা করছে গেলাম, কিন্তু তার জন্ম রাড জেগে, সময়ে না খেলে, অত্যাচার ক'রে আমার মিজেরই যদি বোগ হয়ে পড়ে ?'

খামীজী এডক্ষণ যুবকটির সহিত স্বেহপূর্ণ খরে সহাস্তৃতির সহিত কথাবার্ডা বলিতেছিলেন। এই শেষ কথাটিতে একটু বিরক্ত হইলেন, ৰোধ হইল। তিনি বলিয়া উঠিলেন—'দেখ বাপু, রোগীর সেবা করতে গিয়ে তুমি ভোমার নিজের রোগের আশহা ক'বছ, কিন্তু তোমার কথাবার্তা শুনে আর ভাবগতিক দেখে আমার বোধ হচ্ছে এবং উপস্থিত যারা বয়েছেন, তাঁরাও সকলে বেশ ব্রুতে পারছেন যে, তুমি এমন ক'রে রোগীর সেবা কোন কালে করবে না, বাতে তোমার নিজের রোগ হয়ে বাবে।'

युवकित नत्त्र चात वित्नय कथावार्जा इहेन ना।

আর একদিন মান্টার মহাশয়ের সঙ্গে কথা হইতেছে। মান্টার মহাশয় বলিতেছেন, 'দেখ, তৃমি ধে দয়া, পরোপকার বা জীবসেবার কথা বলো, সে ভো মায়ার রাজ্যের কথা। বখন বেদাস্কমতে মানবের চরম লক্ষ্য মুক্তিলাভ, লম্দ্র মায়ার বন্ধন কাটানো, তখন ও-লব মায়ার ব্যাপারে লিগু হয়ে লোককে ঐ বিধয়ের উপদেশ দিয়ে ফল কি ?'

খানীজী বিন্দুনাত্র চিস্তা না করিয়াই উত্তর দিলেন, 'নৃজ্জিটাও কি স্বায়ায় অস্তর্গত নয় ? আখা তো নিত্যমূক্ত, তার আবার মৃক্তির জম্ভ চেষ্টা কি ?

মাস্টার মহাশয় চুপ করিয়া রহিলেন।

টমাস আ কেম্পিস-এর 'Imitation of Christ'-এর প্রসন্ধ উঠিল।
স্বামীনী সংসারভ্যাগ করিবার কিছু পূর্বে এই গ্রহখানি বিশেষভাবে চর্চা
করিতেন এবং বরাহনগর মঠে অবস্থানকালে তাঁহার গুরুভাইরাও স্বামীনীর
দৃষ্টান্তে ঐ প্রহিটি সাধক-জীবনের বিশেষ সহান্ত্রক জ্ঞানে সদা সর্বদা উহার
আলোচনা করিতেন। স্বামীনী ঐ প্রহের এরপ অহবাসী ছিলেন বে,
তদানীন্তন 'সাহিত্যকল্লক্ষম' নামক মাসিকপত্রে উহার একটি প্রচনা লিখিরা
'কিশাহসর্বধ' নামে ধারাবাহিক অন্ত্রাদ করিতেও আরম্ভ করিয়াছিলেন।
উপস্থিত ব্যক্তিগণের মধ্যে একজন বোধ হয় স্বামীনীর উক্ত প্রহের উপর এবন

১ 'শ্ৰীশ্ৰীরামকুককখারত'-প্রণেতা শ্রী**য** 

কিরণ ভাব জানিবার জন্ত—উহার ভিতরে দীনতার বে উপদেশ আছে, তাহার প্রসক পাঞ্চিয়া বলিলেন, 'নিজেকে এইরপ একান্ত হীন ভাবিছে না পারিলে আধ্যাত্মিক উন্নতি কিরপে সভবপর হইবে ?' স্বামীজী তনিয়া বলিতে লাগিলেন, 'আমরা আবার হীন কিলে ? আমাদের আবার অন্ধকার কোথায়-? আমরা বে জ্যোতির বাজ্যে বাদ করছি, আমরা বে জ্যোতির তনর!'

গ্রহোক্ত ঐ প্রাথমিক সাধন-সোণান অতিক্রম করিয়া স্বামীক্ষী সাধন-রাজ্যের কত উচ্চ ভূমিতে উপনীত হইয়াছেন :

আমরা বিশেষভাবে শক্ষ্য করিতাম, শংশারের অভি শামাক্ত ঘটনাও তাঁহার তীক্ষ্মৃষ্টিকে অভিক্রম করিতে পারিত না, উহার সাহাব্যেও ভিনি উচ্চ ধর্মভাব-প্রচারের চেষ্টা করিতেন।

শীবাসকৃষ্ণদেবের আতৃপুত্র শীবৃক্ষ বামলাল চটোপাধ্যায়, মঠের প্রাচীন সাধ্গণ বাহাকে 'বামলাল-দাদা' বলিয়া নির্দেশ কুরেন, দক্ষিণেশর হইতে একদিন যামীজীর সহিত দেখা করিতে আদিয়াছেন। স্বামীজী একখানি চেয়ার আনাইয়া তাঁহাকে বনিতে অহুরোধ করিলেন এবং শ্বয়ং পায়চারি করিতে লাগিলেন। শুলাবিনম্র দাদা তাহাতে একটু সম্বৃতিত হইয়া বলিতে লাগিলেন, 'আপনি বহুন, আপনি বহুন।' শামীজী কিন্তু কোনমতে ছাড়িবার পাত্র নহেন, অনেক বলিয়া কহিয়া দাদাকে চেয়ারে বসাইলেন এবং শ্বয়ং বেড়াইতে বেড়াইতে বলিতে লাগিলেন 'গুরুবং গুরুবু।'

অনেকগুলি ছাত্র আসিয়াছে। স্বামীজী একথানি চেয়ারে ফাকায় বসিয়া আছেন। সকলেই তাঁহার নিকটে বসিয়া তাঁহার ছটা কথা শুনিবার জন্ম উদ্গ্রীব, অথচ সেখানে আর কোন আসন নাই. যাহাতে ছেলেদের বসিতে বলা বায়, কাজেই তাহাদিগকে ভূমিতে বসিতে হইল। স্বামীজীর মনে হইভেছিল, ইহাদিগকে বসিবার কোন আসন দিতে পারিলে ভাল হইভ। কিন্তু আবার বৃঝি তাঁহার মনে অন্ত ভাবের উদয় হইল। তিনি বলিয়া উঠিলেন, 'ভা বেশ, ভোমবা বেশ বসেছ, একটু একটু ভপতা করা ভাল।'

আমাদের পাড়ার চন্ডীচরণ বর্ধনকে একদিন লইয়া গিয়াছি। চন্ডীবার্ Hindu Boys' School নামক একটি ছোটথাট বিভালয়ের অ্যাধিকারী, দেখানে ইংরেদ্ধী সুলের ভূতীয় শ্রেণী পর্যন্ত অধ্যাপনা করানো হয়। তিনি পূর্ব ক্টতেই ঈশবাহ্যবাসী ছিলেন, পরে স্বামীন্দীর বক্তাদি পাঠ করিয়া তাঁহার উপর খুব প্রকাসন্পন্ন হইয়া উঠেন।

চণ্ডীবাৰু আসিয়া স্বামীজীকে ভক্তিভাবে প্ৰণাম কৰিয়া জিজাসা করিলেন, ব্যামীজী, কি বক্ষ ব্যক্তিকে গুৰু করা যেতে পারে ?

স্বামীকী বলিলেন, 'বিনি ডোমার ভূত ভবিষ্যৎ ব'লে দিতে পারেন, ডিনিই ডোমার গুরু। দেখ না, আমার গুরু আমার ভূত ভবিষ্যৎ সব ব'লে দিয়েছিলেন।'

চণ্ডীবাবু বিজ্ঞাসা করিলেন: 'আচ্ছা স্বামীন্দী, কৌপীন পরলে কি কামক্মনের বিশেষ সহায়তা হয় ?'

বামীন্দ্রী বলিলেন, 'একট্-আধট্ সাহায্য হ'তে পারে। কিন্তু বধন ঐ বৃত্তি প্রবল হয়ে উঠে, তখন কি বাপ, কৌপীনে আটকায়? মনটা ভগবানে একেবারে তয়য় না হয়ে গেলে বাহ্য কোন উপায়ে কাম একেবারে বায় না। তবে কি ভানো—বতকণ লোকে সেই অবস্থা সম্পূর্ণ লাভ না করে. তেজকণ নানা বাহ্য উপায়-অবলম্বনের চেষ্টা স্বভাবতই ক'রে থাকে। আমার একবার এমন কামের উল্য় হয়েছিল বে, আমি নিজের উপর মহা বিশ্বক্ষ হয়ে আগুনের মালসার উপর বসেছিলাম। শেবে ঘা শুকাতে অনেক দিন লাগে।'

চণ্ডীবাৰ একটু ভাৰপ্ৰবৰ প্ৰকৃতিৰ লোক ছিলেন। হঠাৎ উত্তেজিত হইরা ইংবেজীতে চীৎকার কবিরা বলিয়া উঠিলেন, 'O Great Teacher, tear up the veil of hypocrisy and teach the world the one thing needful—how to conquer lust.'

🕖 স্বামীন্দী চণ্ডীবাবুকে শাস্ত ও আগত করিলেন।

া পরে Edward Carpenter-এর প্রসদ উঠিল। স্বামীনী বলিলেন, 'বস্তনে ইনি অনেক সমর আমার কাছে এসে বলে পাকতেন। স্বারও সনেক Socialist Democrat প্রভৃতি স্বাসতেন। তারা বেদাস্ক্রোক্ত ধর্মে তাঁদের নিম্প নিক্ষ মতের পোবকতা পেরে বেদাস্কের উপর পুর স্বারুষ্ট হুতেন।'

খামীলী উক্ত কার্পেন্টার সাহেবের 'Adam's Peak to Elephanta' নামক গ্রহণানি পড়িয়াছিলেন। এইবার উক্ত পুত্তকে মৃত্তিত চতীবাবুর ছবিটির কথা তাঁহার মনে পড়িল, বলিলেন, 'খাপনার চেহারা বে বই-এ আগেই দেখেছি।' আরও কিরংকণ আলাণের পর সভ্যা হইরা বাওরাতে বামীলী বিশ্রামের জন্ত উঠিলেন। উঠিবার সময় চণ্ডীবার্কে সংখ্যন করিয়া বলিলেন, 'চণ্ডীবার্, আপনারা তো অনেক ছেলের সংশ্রবে আসেন, আমার গুটিকভক ফুলর ফুলর ছেলে দিতে পারেন ?' চণ্ডীবার্ বোধ হয় একটু অন্তমনন্ধ ছিলেন, খামীলীর কথার সম্পূর্ণ মর্ম পরিগ্রহ করিতে পারেন নাই; খামীলী বথন বিশ্রামগৃহে প্রবেশ করিতেছেন, তথন অগ্রসর হইরা বলিলেন, 'ফুলর ছেলের কথা কি বলছিলেন ?'

খামীজী বলিলেন, 'চেহারা দেখতে ভাল, এমন ছেলে আমি চাচ্ছি না— আমি চাই বেশ স্কুশরীর, কর্মঠ সংপ্রাকৃতি কভকগুলি ছেলে, তাদের trained করতে চাই, বাতে তারা নিজেদের মৃক্তিশাধনের জন্ত ও জগতের কল্যাণসাধনের জন্ত প্রস্তুত হ'তে পারে।'

আর একদিন গিয়া দেখি, সামীজী ইতন্ততঃ বেড়াইতেছেন, শ্রীযুক্ত শরচক্র চক্রবর্তী সামীজীর সহিত খুব পরিচিতভাবে আলাপ করিতেছেন। সামীজীকে একটি প্রশ্ন জিজ্ঞাসা করিবার জন্ত আমাদের অভিশন্ন কৌতুহল হইল। প্রশ্নটি এই : অবভার ও মুক্ত বা সিদ্ধ পুরুষে পার্থকা কি ? আমরা শরংবার্কে স্বামীজীর নিকট ঐ প্রশ্নটি উত্থাপিত করিতে বিশেষ অমুরোধ করাতে তিনি অগ্রসর হইয়া তাহা জিজ্ঞাসা করিলেন। আমরা শরংবার্র পশ্চাৎ পার্মীজীর নিকট বাইয়া তিনি ঐ প্রশ্নের কি উত্তর দেন, তাহা শুনিতে লাগিলাম। স্বামীজী উক্ত প্রশ্নের সাক্ষাৎ সম্বদ্ধে কোন উত্তর না দিয়া বলিলেন, 'বিদেহমুক্তিই বে সর্বোচ্চ অবস্থা—ও আমার সিদ্ধান্ত, তবে সাধনাবস্থায় বখন আরতের নারাধিকে অমণ করত্ব, তখন কত শুহার নির্জনে বলে কত কাল কাটিয়েছি, কতবার মুক্তিলাত হ'ল না বলে প্রায়োগবেশন ক'রে দেহত্যাগ করবার সহল্প করেছি, কত ধ্যান—কত লাধন-ভজন করেছি, কিছ এখন আর মুক্তিলাতের জন্ত দে বিজ্ঞাতীয় আগ্রহ নাই। এখন কেবল মনে হর, বত দিন পর্যন্ত পৃথিবীর একটা লোকও অমুক্ত থাকছে, ততদিন আরার নিম্নের মুক্তির কোন প্রয়োজন নেই।'

শানি খানীলীর উক্ত রূপা গুনিয়া তাঁহার হুদয়ের শুণার করুণার কথা ভাবিয়া বিশ্বিত হইতে লাগিলাম; আরও ভাবিতে লাগিলাম, ইনি কি নিজ

<sup>&</sup>gt; 'বামিলির-সংবাদ'-প্রণেতা

দৃষ্টাত দিয়া অবতাবপুক্ষের লকণ ব্রাইদেন ? ইনিও কি একজন অবতার ? আরও মনে হইল, স্বামীলী একণে মৃক্ত হইয়াছেন বলিয়াই বোধ হয় তাঁহার মৃক্তির জন্ম আর আগ্রহ নাই।

আর একদিন আমি ও থগেন (খামী বিমলানন্দ) সন্ধ্যার পর গিয়াছি।
ঠাকুরের ভক্ত হরমোহনবাব্ আমাদিগকে খামীজীর সঙ্গে বিশেষভাবে
পরিচিত করিয়া দিবার জন্ম বলিলেন, 'খামীজী, এঁরা আপনার খ্ব admirer
এবং খ্ব বেদান্ত আলোচনা করেন।' খামীজী বেদান্তের কথা শুনিয়াই
বলিয়া উঠিলেন, 'উপনিষদ কিছু পড়েছ ?

वामि। वाका है।, এक ट्रे-व्याश ट्रे (मध्यक्रि।

খামীজী। কোন উপনিষদ পড়েছ?

व्याभि। कर्ठ छेशनियम श्एिहि।

খামীজী। আচ্ছা, কঠ-টাই বলো, কঠ উপনিষদ খুব grand—কবিছপূর্ণ। আমি। কঠটা মুধস্থ নেই—গীতা থেকে খানিকটা বলি।

शामीकी। आक्रा, छारे वला।

তথন গীতার একাদশ অধ্যায়ের শেষভাগস্থ 'স্থানে স্থবীকেশ তব প্রকীর্ত্যা' হইতে আরম্ভ করিয়া অর্জনের সমুদয় তবটা আওড়াইয়া দিলাম।

শুনিয়া স্বামীন্দ্রী উৎসাহ দিবার কল্প 'বেশ, বেশ' বলিতে লাগিলেন।
ইহার পরদিন বন্ধ্বর রাজেন্দ্রনাথ ঘোষকে সঙ্গে লইয়া স্বামীন্দ্রীর দর্শনার্থ
গিরাছি। রাজেনকে বলিয়াছি, 'ভাই, কাল স্বামীন্দ্রীর কাছে উপনিবদ
নিয়ে বড় অপ্রস্তুত হয়েছি। ভোমার নিকট উপনিবদ কিছু থাকে তো
পকেটে ক'রে নিয়ে চল। বদি কালকের মতো উপনিবদের কথা পাড়েন তো
তাই পড়লেই চলবে।' রাজেনের নিকট একখানি প্রসন্ত্র্যার শাস্ত্রীকৃত
উপকেনকঠাদি উপনিবদ ও ভাহার বলাহ্যাদ পকেট এডিশন ছিল, সেটি
পকেটে করিয়া লইয়া যাওয়া হইল। অন্ত অপরাত্রে একঘর লোক বিয়াছিলেন; যাহা ভাবিরাহিলাম, তাহাই হইল। আন্ত কিরপে ঠিক স্বরণ
নাই—কঠ-উপনিবদের প্রসন্ধ উঠিল। আমি অমনি তাড়াতাড়ি পকেট
হইতে বাহির করিয়া ঐ উপনিষদের গোড়া হইতে পড়িতে আরম্ভ করিলাম।
পাঠের অন্তর্যানে বামীন্দ্রী নচিকেডার প্রমার কথা—বে প্রমায় তিনি নির্দ্রীকচিত্তে বমভবনে যাইতেও সাহসী হইয়াছিলেন—বলিতে লাগিলেন। যথন

নচিকেতার বিতীর বর—স্বর্গপ্রাপ্তির কথা পড়া হইতে লাগিল, তথন সেইথানটা বেশী না পড়িয়া কিছু কিছু ছাড়িয়া দিয়া ভূতীয় বরের স্থানটা পড়িতে বলিলেন।

নচিকেতা বলিলেন, মৃত্যুর পর লোকের সন্দেহ—দেহ গেলে কিছু থাকে কি-না, তারপর ষমের নচিকেতাকে প্রলোভন-প্রদর্শন ও নচিকেতার দৃঢ়ভাবে তৎসম্দর প্রত্যাখ্যান। এইসব থানিকটা পড়া হইলে স্বামীজী তাঁহার স্বভাবস্থলত ওল্পবিনী ভাষায় ঐ সহজে কত কি বলিলেন।…

কিন্তু এই ছই দিনের উপনিষংপ্রসঙ্গে স্বামীজীর উপনিষদে শ্রন্ধা ও অফ্রাগের কিয়দংশ আমার ভিতর সঞ্চারিত হইয়া সিয়াছিল। কারণ, তাহার পর হইতে যখনই স্বোগ পাইয়াছি, পরম শ্রন্ধার সহিত উপনিষদ অধ্যয়ন করিবার চেটা করিয়াছি এবং এখনও করিতেছি। বিভিন্ন সময়ে তাঁহার মুখে উচ্চারিত অপূর্ব হুর লয় তাল ও তেজন্মিতার সহিত পঠিত উপনিষদের এক একটি মন্ত্র হেন এখনও দিব্য কর্ণে শুনিতে পাই। যখন পরচর্চায় মগ্র হইয়া আত্মচর্চা ভূলিয়া থাকি, তথন শুনিতে পাই—তাঁহার নেই স্পরিচিত কিন্তর ক্রিটাচারিত উপনিষদ্কে বাণীর দিব্য গঞ্চীর ঘোষণা:

'তমেবৈকং জানথ আত্মানম্ অভা বাচো বিম্ঞধায়ভভৈষ দেতু:।''—সেই একমাত্র আত্মাকে জানো, অভ বাক্য সব পরিত্যাগ কর, তিনিই অমৃতের সেতু।

যখন আকাশ ঘোরঘটাচ্ছন্ন হইয়া বিদ্যালতা চমকিতে থাকে, তখন বেন ভনিতে পাই—খামীজী সেই আকাশস্থা সৌদামিনীর দিকে অনুনি বাড়াইয়া বলিতেছেন:

> ন তত্ত্ব পূৰ্বো ভাতি ন চন্দ্ৰভাৱকন্ নেমা বিদ্যুতো ভাত্তি কুভোহয়ময়িঃ। তমেব ভাত্তমন্থভাতি দৰ্বং তত্ত্ব ভাষা দৰ্বমিদং বিভাতি।

— সেধানে সূর্যন্ত প্রকাশ পায় না, চন্দ্র-ভারাও নছে, এইসৰ বিদ্যুৎও সেধানে প্রকাশ পায় না—এই সামান্ত অগ্নির কথা কি? তিনি প্রকাশিত থাকাতে তাঁহার পশ্চাৎ সম্পয় প্রকাশিত হইডেছে—তাঁহার প্রকাশে এই সম্পঞ্চ প্রকাশিত হইডেছে।

অথবা বথন তত্তজানকে স্ন্ৰপ্রাহত মনে করিয়া হদর হতাশার আচ্ছ্রম হয়, তথন মেন ভনিতে পাই—কামীজী আনন্দোৎফুলমুধে উপনিবদের এই আখাসবাণী আর্ত্তি করিতেছেন:

> শৃৰত্ব বিশ্বে অমৃতত্ত পুত্ৰা আ বে ধামানি ধিব্যানি তত্ত্ব: ।

বেদাহমেতং পুরুষং মহাস্তম্ আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ। তমেব বিদিত্বাহতিমৃত্যুমেতি নাজঃ পছা বিজতেহয়নায়।

—হে অমৃতের পুত্রগণ, হে দিব্যধামনিবাসিগণ, তোমরা তাবণ কর। আমি সেই মহান্ পুরুষকে জানিয়াছি—বিনি আদিত্যের স্থায় জ্যোতির্ময় ও অজ্ঞানান্ধকারের অভীত। তাঁহাকে জানিলেই লোকে মৃত্যুকে অভিক্রম করে—মৃক্তির আর বিভীয় পশা নাই।

১৮৯৭ খ্রীষ্টাব্দের এপ্রিল মাসের শেষ ভাগ। আলমবাজার মঠ। দবে চার-পাঁচ দিন হইল বাড়ি ছাড়িয়া মঠে রহিয়াছি। পুরাতন সন্যাসিবর্গের মধ্যে স্বামী প্রেমানন্দ, নির্মলানন্দ ও স্থবোধানন্দ মাত্র আছেন। স্বামীজী দার্জিলিং হইতে আসিয়া পড়িলেন—সঙ্গে স্বামী ব্রহ্মানন্দ, যোগানন্দ, স্বামীজীর মান্তাজী শিশু আলাসিকা পেক্ষমল, কিডি, জি. জি. প্রভৃতি।

খামী নিত্যানর অল্প করেকদিন হইল খামীজীর নিকট সন্ন্যাসরতে দীক্ষিত হইয়াছেন। ইনি খামীজীকে বলিলেন, এখন অনেক নৃতন নৃতন ছেলে সংসার ত্যাগ ক'রে মঠবাসী হয়েছেন, তাঁদের জন্ত একটা নির্দিষ্ট নিয়মে শিক্ষালানের ব্যবস্থা করলে বড় ভাল হয়।'

স্থানীজী তাঁহার অভিপ্রায়ের অহমোদন করিয়া বলিলেন, 'হাঁ, হাঁ— একটা নিয়ম করা ভাল বইকি। ডাক্ সকলকে।' সকলে আসিয়া বড়

১ বেভাৰভর, হাং ; ভাদ.

परागित्छ चर्या रहेरनन । उथन यांश्रीकी वनिरामन, 'अक्कन दक्छे निश्रास बांक, আমি বলি।' তথন এ উহাকে সামনে ঠেলিয়া দিতে লাগিল-কেউ অগ্রসত रम ना. लिए **स्थापिक टिनिया मध्यम्ब कविया मिन**। उथन याउँ लिथा पणाव উপর সাধারণত: একটা বিভ্রফা ছিল। সাধনভঞ্জন করিয়া ভগবানের দাক্ষাৎ উপলব্ধি করা—এইটিই দার, আর লেখাণড়াটা—উহাতে মান্যদের हेका चामित्व, बाहाबा छगवात्मव चामिष्ठे हहेबा श्राह्मवर्गामि कवित्व. ভাহাদের পক্ষে আবশ্রক হলেও সাধকদের পক্ষে উহার প্রয়োজন তো নাই-ই वबः উष्टा शांनिकब-अष्टे धावनाष्टे श्ववन हिन । यादा रुकेक, शूर्वि विनयाहि, আমি কডটা forward ও বেপরোয়া—আমি অগ্রসর হট্যা গেলাম। त्रामीको अकवात भूत्मत नितक ठाहिया किकामा कतितन, 'अ कि शांकरत ?' ( অর্থাৎ আমি কি মঠের বন্ধচারিক্রণে তথায় থাকিব অথবা ছুই-এক দিনের জন্ত মঠে বেডাইতে আসিয়াছি, আবার চলিয়া বাইব ?) সন্ন্যাসিবর্গের মধ্যে একজন বলিলেন, 'হা।' তথন আমি কাগজ কলম প্রভৃতি ঠিক করিয়া লইয়া গণেশের আদন গ্রহণ করিলাম। নিয়মগুলি বলিবার পূর্বে স্বামীজী विनाय नानितनम, 'ताथ अहेमर निष्म करा हाक वर्ष, किन अध्या আমাদের বুঝতে হবে, এগুলি করবার মূল লক্য কি। আমাদের মূল উদ্দেশ্ত হচ্ছে—সব নিয়মের বাইরে বাওয়া। তবে নির্ম করার মানে এই বে আমাদের অভাবতই কতকগুলি কু-নিয়ম রয়েছে—ছ-নিয়মের ধারা দেই কু-নিয়ম**গু**লিকে দূব ক'বে দিয়ে শেষে শব নিয়মের বাইরে ধাৰার চেষ্টা করতে হবে। বেমন কাঁটা দিয়ে কাঁটা ভূলে শেবে তুটো কাঁটাই ফে<del>লে</del> দিতে হয়।'

ভারপর নিয়মগুলি লেখানো হইতে লাগিল। প্রাতে ও নায়াহে অপ ধ্যান, মধ্যাহে বিশ্রামান্তে নিজে নিজে শান্তগ্রহাদি অধ্যয়ন ও অপরাহে দকলে মিলিয়া একজন পাঠকের নিকট কোন নির্দিষ্ট শান্তগ্রহাদি শুনিতে হইবে, এই ব্যবস্থা হইল। প্রভাহ প্রাত্তে ও অপরাহে একটু একটু করিয়া ভেলসার্ট ব্যায়াম করিতে হইবে, ভাহাও নির্দিষ্ট হইল। মাদকল্লব্যের মধ্যে ভামাক ছাড়া আর কিছু চলিবে না—এই ভাবের একটি নিয়ম লেখা হইল। শেবে সম্বর লেখানো শেব করিয়া খামীজী বলিলেন, 'দেখ, একটু দেখে, খনে নিয়মগুলি ভাল করে কণি ক'রে রাখ্—ধেবিদ, বহি কোন নিয়মটা. negative (নেডিবাচক) ভাবে লেখা হয়ে থাকে, সেটাকে positive (ইডিবাচক) ক'রে দিবি।'

এই শেষোক্ত আদেশ-প্রতিপালনে আমান্তিগকে একটু বেগ পাইতে হইরা-हिन। यामीबीद উপদেশ हिन-लाकरक बादांग वना वा छाहांत्र विक्राह কু-সমালোচনা করা, তাহার দোষ দেখানো, তাহাকে 'তুমি শমুক ক'রো না. ভমুক ক'বো না'--এইরূপ negative উপদেশ দিলে তাহার উন্নতির विलय माद्याया दय ना : किन्द्र छाद्यांक यमि अक्टी जामर्ग (मश्रोहेशा (मश्रा ষায়, তাহা হইলেই তাহার সহজে উন্নতি হইতে পারে, তাহার দোষগুলি আপনা-আপনি চলিয়া যায়। ইহাই স্বামীজীর মূল কথা। স্বামীজীর স্ব নিয়মগুলিকে positive কবিয়া লইবার উপদেশে আমাদের মনে বারবার ঐ কথাই উদিত হইতে লাগিল। কিন্তু তাঁহার আদেশমত বধন আমরা সব নিয়মগুলির মধ্য হইতে 'না' কথাটির সম্পর্ক রহিত করিবার চেষ্টা করিতে লাগিলাম, তথন দেখিলাম আর কোন নিয়মে কোন গোল নাই, কিছ মাদকলব্যসমন্ত্ৰীয় নিয়মটাতেই একট গোল। সেটি প্ৰথম এইভাবে লেখা হইয়াছিল—'মঠে তামাক ব্যতীত কেহ অন্ত কোন মাদকত্রব্য দেবন করিতে পারিবেন না।' যথন আমরা উহার মধ্যগত 'না' টিকে বাদ দিবার চেষ্টা क्रिनांग, ज्थन क्षथम नांडाहेन—'नकरन जामांक थाहेरवन।' किन्त अन्तर বাক্যের বারা সকলের উপর ( যে না খায়, তাহারও উপর ) তামাক খাইবার বিধি আসিয়া পড়িতেছে দেখিয়া, শেষে অনেক মাথা খাটাইয়া নিয়মটি এইক্লপ দাড়াইন--'মঠে কেবলমাত্র তামাক সেবন করিতে পারিবেন'। বাহা হউক এখন মনে হইতেছে আমরা একটা বিকট আপোষ করিয়াছিলাম। Detail-এর ( খুটিনাটির ) ভিতর আসিলে বিধিনিষেধের মধ্যে নিষেধটাকে একেবারে फेज़ारेश (तक्या करन मा; जत रेरांच मजा तम, এर विधिनित्यधन यज মুলভাবের অনুগামী হয়, তভই উহাতে অধিকতর উপযোগিতা গাড়ায়। খার খামীজীবও এক্লণ অভিপ্রায়ই ছিল।

একদিন অগরাহে বড় ঘরে একঘর লোক। ঘরের মধ্যে সামীজী অপূর্ব শোভা ধারণ করিয়া বসিয়া আছেন, নানা প্রদক্ষ চলিতেছে। আমাদের বন্ধু বিজয়কৃষ্ণ বহু (আলিপূর আলালতের স্বনামধ্যাত উকিল) মহাশয়ও আছেন। তথন বিষয়বাবু সময়ে সময়ে নানা সভায়-এমন কি, কখন কখন কংগ্রেদে দাঁড়াইয়াও ইংরেজী ভাষায় বক্ততা করিতেন। তাঁহার এই বক্ততাশক্তির কথা কেহ স্বামীন্দ্রীর নিকট উল্লেখ করিলে স্বামীন্দ্রী বলিলেন, 'তা বেশ বেশ। আচ্ছা, অনেক লোক এখানে সমবেত আছেন—এখানে দাঁডিয়ে একট বক্ততা কর দেখি। আচ্ছা-soul (আত্মা) সহত্তে তোমার বা idea ( ধারণা ), তাই খানিকটা বলো।' বিজয়বাবু নানা ওজর করিতে লাগিলেন— স্বামীক্ষী এবং আর আর অনেকেও তাঁহাকে খুব পীড়াপীড়ি করিতে লাগিলেন। অন্ততঃ ১৫ মিনিট অমুরোধ-উপরোধের পরও যথন কেহ তাঁহার সকোচ ভাঙিতে কুতকার্য হইলেন না, তথন অগত্যা হার মানিয়া তাঁহাদের पृष्टि विख्यवानु इटेंटा **आंगांत छेनद नि**ष्टि । आंगि मर्छ योग मिनांत शूर्व কখন কখন ধর্মসহত্বে বাঙ্ডলাভাষায় বক্তৃতা করিডাম, আর আমাদের এক ডিবেটিং ক্লাব ছিল, ভাহাতে ইংরেজী বলিবার অভ্যাস করিতাম। আমার সম্বন্ধে এই-সকল বিষয় কেহ উল্লেখ করাতেই এবার আমার উপর চোট পড়িল, আর পূর্বেই বলিয়াছি আমি অনেকটা বেপরোয়া। আমাকে আর বেশী विनिष्ठ इहेन ना। आमि अक्तवादि मिछाहेश পिछ्नाम अवः बृहमांत्रगुक উপনিষদের ৰাজ্যবন্ধা-মৈত্রেয়ী-সংবাদান্তর্গত আত্মতন্তের বিষয় হইতে আরম্ভ कतिया आचा मशस्य धारा आध्यको धतिया या मृत्य आमिन रनिया रानाम। ভাষা বা ব্যাকরণের ভুল হইতেছে বা ভাবের অসামঞ্জ হইতেছে, এ-সকল रथमानरे कविनाम ना। भन्नाद गांगव चामीकी चामांव এरे रठेकाविछाम किছ-মাত্র বিরক্ত না হইয়া আমার খুব উৎসাহ দিতে লাগিলেন। আমার পরে খামীন্দীর নিকট সন্মাসাধ্রমে দীক্ষিত প্রকাশানন্দ খামী প্রায় ১০ মিনিটকাল ধরিয়া আত্মতত্ত্ব-সহস্কে বলিলেন। তিনি স্বামীঞ্চীর বক্ততার প্রারম্ভের অফুকরণ কবিয়া বেশ গন্তীর অবে নিজ বক্তব্য বলিতে লাগিলেন। স্বামীন্সী তাঁহার বক্তভারও খুব প্রশংসা করিলেন।

আহা! খামীজী বাত্তবিকই কাহারও দোষ দেখিতেন না। বাহার বেটুকু শামান্ত গুণ বা শক্তি দেখিতেন, তাহাতেই উৎসাহ দিয়া বাহাতে তাহার ভিতরের অব্যক্ত শক্তিগুলি প্রকাশিত হয়, তাহারই চেটা করিতেন।… কোথায় পাইব এমন ব্যক্তি, বিনি শিশ্ববর্গকে লিখিতে পারেন, 'I want each one of my children to be a hundred times greater than I could ever be. Everyone of you must be a giant—must, that is my word!— স্পামি চাই ভোমাদের প্রভ্যেক, স্পামি বাহা হইছে পারিভাম, তদপেকা শভগুণে বড় হও। ভোমাদের প্রভ্যেককেই শ্রবীর হইতে হইবে—হইভেই হইবে, নহিলে চলিবে না।

সেই সময়ে সামীজীর ইংলণ্ডে প্রদত্ত জ্ঞানবোগদম্মীয় বক্তাদমূহ লণ্ডন হইতে ই. টি. ফার্ডি সাহেব কর্তৃক কৃত্র কৃত্র পুত্তিকাকারে মৃদ্রিত হইতেছে---मर्छ छ होत इ- धक किन প्राविष्ठ हहेए हा। चामीकी मॉर्किनः हहेए তথনও ফেরেন নাই—আমরা পরম আগ্রহসহকারে সেই উদীপনাপূর্ণ অহৈততত্ত্বের অপূর্ব ব্যাখ্যা-স্বরূপ বক্ততাগুলি পাঠ করিতেছি। বৃদ্ধ স্বামী षरिकानन जान है: राजनी कारान ना. किन छाहार विस्मय षाश्रह 'नरबन' বেদাস্থ্যম্বদ্ধ বিলাতে কি বলিয়া লোককে মুগ্ধ করিয়াছে, তাহা অনেন। তাঁহার অহুবোধে আমরা তাঁহাকে সেই পুত্তিকাগুলি পড়িয়া তাহার অহুবাদ করিয়া ভনাই। একদিন স্বামী প্রেমানন্দ নৃতন সন্ন্যাসি-ত্রন্মচারিগণকে বলিলেন, 'তোমরা স্বামীজীর এই বক্তভাগুলির বাঙলা অমুবাদ কর না।' তখন আমরা অনেকে নিজ নিজ ইচ্ছামত উক্ত pamphlet-গুলির মধ্যে বাহার বাহা ইচ্ছা সেইথানি পছন্দ করিয়া অমুবাদ আরম্ভ করিলাম। ইতোমধ্যে স্বামীলী আদিরা পড়িয়াছেন। একদিন স্বামী প্রেমানন স্বামীলীকে বলিলেন. 'এই ছেলেরা ভোমার বক্তভাগুলির অমুবাদ আরম্ভ করেছে।' পরে আমাদিগকে লক্য করিয়া বলিলেন, 'ড়োমরা কে কি অমুবাদ করেছ, স্বামীনীকে শুনাও तिथि।' **छथन नकलार्ट निक निक अञ्चर्याम आनिया कि**ছ किছ स्रोमीकीरक स्माहेन। त्रामोको अञ्चान महत्व ध-धकि मस्या श्रकान कतितन--- धरे मत्यत्र बहेक्य बह्राम हहेल छान ह्य, बहेक्य हुरे-बक्छि कथा व नितन । একদিন স্বামীঞ্জীর কাছে কেবল আমিই বহিয়াছি, তিনি হঠাৎ আমায় বলিলেন, 'রাজবোগটা তর্জনা কর্না।' আমার স্থায় অহপযুক্ত ব্যক্তিকে এইরূপ चारम् चामोको दक्न कतिराम ? वह पिन शूर्व इटेर छ चामि वाकरपार १४ অভ্যাস করিবার চেষ্টা করিতাম, ঐ বোগের উপর কিছুদিন এত অহুরাগ হইয়াছিল বে, ভক্তি আন বা কৰ্মবোগকে একৱণ অবজাৰ চক্ষেই দেখিতান ৷ म्या छाविछाम, मर्कत माधुवा वांश-वांश किहू बार्यम मा, महेबछरे छांशांता. বোগুলাখনে উৎসাহ দেন না। সামীজীর রাজবোগ গ্রন্থ পড়িয়া ধারণা হয় বে, সামীজী ওপু বে রাজবোগে বিশেষ পঢ়ি ভাহা নহেন, উক্ত বোগ লয়কে আমার বে-লকল ধারণা ছিল, দে-লকল তো ভিনি উভমর্পেই বুঝাইয়াছেন, ভয়তীত ভজি আন প্রভৃতি অক্তান্ত বোগের সহিত রাজবোগের লয়গুও অভি ক্ষমরভাবে বিবৃত করিয়াছেন। স্বামীজীর প্রতি আমার বিশেষ প্রদার ইহা অক্ততম কারণ হইয়াছিল। রাজবোগের অহ্বাদ করিলে উক্ত গ্রন্থের উভম চর্চা হইবে এবং ভাহাভে আমারই আধ্যাত্মিক উন্নভির সহায়তা হইবে, তছ্দেশ্রে কি ভিনি আমাকে এই কার্যে প্রবৃত্ত করিলেন? অথবা বলদেশে যথার্থ রাজবোগের চর্চার অভাব দেখিয়া লর্বলাধারণের ভিতর উক্ত বোগের যথার্থ মর্ম প্রচার করিবার জন্মই ভাহার বিশেষ আগ্রহ হইয়াছিল? তিনি প্রমাণাদাদ মিত্রকে জিখিত একথানি পত্রে বলিয়াছেন, 'বাঙলা দেশে রাজবোগের চর্চার একান্ত অভাব—যাহা আছে, ভাহা দমটানা ইভ্যাদি বই আর কিছু নয়।'

বাহা হউক, স্বামীন্দীর স্বাদেশে নিন্দের স্ম্পযুক্ত। প্রভৃতির কথা মনে না ভাবিয়া উহার সম্বাদে তথনই প্রবৃত্ত হইয়াছিলাম।

একদিন অপরাত্নে একঘর লোক বসিয়া আছে, স্বামীজীর ধেয়াল হইল,
পীতা পাঠ করিতে হইবে। অমনি গীতা আনা হইল। সকলেই উদ্প্রীব হইয়া স্বামীজী গীতা সম্বন্ধে কি বলেন, শুনিতে লাগিলেন। গীতা সম্বন্ধে দেদিন তিনি যাহা বাহা বলিয়াছিলেন, তাহা তুই-চারি দিন পরেই স্বামী প্রেমানন্দের আদেশে স্মরণ করিয়া ব্যাসাধ্য লিপিবদ্ধ করিয়াছিলাম। তাহা 'গীতাত্ব' নামে প্রথমে 'উদ্বোধনে'র বিতীয় বর্ষে প্রকাশিত হয় এবং পরে 'ভারতে বিবেকানন্দে'র অলীভূত করা হয়।

যথন খামীজী আলোচনা আরম্ভ করিলেন, তথন তিনি একজন কঠোর সমালোচক—কৃষ্ণার্জ্ন, ব্যাস, কৃষ্ণক্ষেত্রযুদ্ধ প্রভৃতির ঐতিহাসিকতা সম্বদ্ধে সন্দেহের কারণ-পরশ্পরা যথন ত্রতন্তরপ্রশারিত করিতে লাগিলেন, তথন সময়ে ব্যায় বোধ হইতে লাগিল, এ ব্যক্তির নিকট অতি কঠোর সমালোচকও হার মানিরা বার। ঐতিহাসিক তত্ত্বের এইরুণ ভীত্র বিশ্লেষণ করিলেন বটে, কিছু ঐ বিবরে খামীজী নিজ মতামত বিশেষভাবে কিছু প্রকাশ না করিয়াই পরে

বুঝাইলেন, ধর্মের দলে এই ঐতিহাসিক গবেষণার কোন সম্পর্ক নাই। ঐতিহাসিক গ্ৰেষণায় শান্তবিবৃত ব্যক্তিগণ কাল্পনিক প্ৰতিপন্ন হইলেও সনাভন ধর্মের অবে তাহাতে একটা আঁচড়ও লাগে না। আচ্ছা, যদি ধর্মবাধনের করে ঐতিহাসিক গবেষণার কোন সম্পর্ক না রহিল, তবে ঐতিহাসিক গবেষণার कि कान मुना नारे ?—এर প্রশ্নের সমাধানে স্বামীন্দী ব্রাইলেন, নিজীকভাবে এইসকল ঐতিহাসিক সভাামুসদ্বানেরও একটা বিশেষ প্রয়োধনীয়তা আছে। উদ্দেশ্ত মহান হইলেও তজ্জ্য মিখ্যা ইতিহাস রচনা করিবার কিছুমাত্র প্রয়োজন নাই। বরং বদি লোকে দর্ববিষয়ে সভ্যকে সম্পূর্ণক্লণে আশ্রয় করিবার প্রাণপণ চেষ্টা করে, তবে সে একদিন সত্যম্বরূপ ভগবানেরও সাক্ষাৎকার লাভ করিতে পারে। তারপর গীতার মূলতত্ত্ত্ত্ত্রপ সর্বমতসমন্ত্র ও নিছাম কর্মের ব্যাখা সংক্ষেপে কবিয়া শ্লোক পড়িতে আরম্ভ কবিলেন। বিভীয় অধ্যায়ের 'ক্লৈবাং মান্দ্র গমঃ পার্থ' ইত্যাদি অর্জুনের প্রতি শ্রীক্রফের যুদ্ধার্থ উত্তেজনা-বাক্য পড়িয়া जिनि यशः नर्वनाधात्रगट्क दर्खात्व উপদেশ দেন, छारा ठाँरात यत्न পড़िन-'নৈতত্ত্ব্যাপপছতে', এ তো তোমার সাব্দে না—তুমি সর্বশক্তিমান্, তুমি ব্রহ্ম, তোমাতে বে নানাক্লপ ভাববিক্ষতি দেখিতেছি—তাহা তো তোমার সাজে না। প্রফেটের মতো ওব্দস্বিনী ভাষায় এই তন্ত্র বলিতে বলিতে তাঁহার ভিতর হুইতে যেন তেজ বাহির হুইতে লাগিল। স্বামীজী বলিতে লাগিলেন, 'যখন অপরকে ব্রহ্মদৃষ্টিতে দেখতে হবে-তথন মহাপাপীকেও ঘূণা করলে চলবে না।' 'মহাপাপীকে মুণা ক'রো না'—এই কথা বলিতে বলিতে সামীন্দীর মূধের বে ভাবান্তর হইল, নৈই ছবি আমার জনয়ে এখনও মৃদ্রিত হইয়া আছে—যেন उाँहात मुथ हहेरा ध्यम माजशास्त्र क्षेताहिक हहेरा मानिन। मुथमाना स्वन ভালবাদায় ভগমগ করিতেছে—ভাহাতে কঠোরতার লেশমাত্র নাই।

এই একটি স্নোকের মধ্যেই স্বামীন্দী সমগ্র গীতার সার নিহিত দেখাইয়া শেষে এই বলিয়া উপসংহার করিলেন, 'এই একটিমাত্ত স্নোক পড়লেই সমগ্র গীতাপাঠের কল হয়।'

একদিন ব্ৰহ্মত্ত্ৰ আনিতে বলিলেন। বলিলেন, 'ব্ৰহ্মত্ত্ৰের ভাৱা না পড়ে এখন খাধীনভাবে সকলে ত্ত্ৰগুলির অৰ্থ ব্যবার চেষ্টা কর্।' প্রথম অধ্যায়ের প্রথম পাদের ত্ত্ত্ত্তিলি পড়া ছইতে লাগিল। খামীকী ব্যাব্যভাবে সংস্কৃত

উচ্চারণ শিক্ষা নিডে লাগিলেন; বলিলেন, 'নংমুড ভাষা আমরা ঠিক ঠিক উচ্চারণ করি না, অধচ এর উচ্চারণ এত সহল বে, একট চেষ্টা করলে नकलारे एक मःष्ठ्रक केलांदन कराज भारत। दक्षत आमरा हिलादना र्वाक অক্তরণ উচ্চারণে অভ্যন্ত হয়েছি—তাই ঐ-রকম উচ্চারণ এখন আমাদের এত বিসদৃশ ও কঠিন বোধ হয়। আমহা 'আত্মা'-শৰকে 'আত্মা' এইরূপ উচ্চারণ না ক'রে 'আড়া' এইভাবে উচ্চারণ করি কেন? মহর্ষি পভঞ্জ তাঁহার মহাভাত্তে বলেছেন, অপশব-উচ্চারণকারীরা মেছ। আমরা সকলেই তো পতঞ্চলির মতে মেচ্ছ হয়েছি। তথন নৃতন ব্রহ্মচারি-সন্নাদিগণ এক এক করিয়া যথাসাধ্য ঠিক ঠিক উচ্চারণ করিয়া ব্রহ্মসত্তের স্তব্ভলি পড়িতে লাগিলেন। পরে স্বামীনী বাহাতে স্ত্রের প্রত্যেক শব্দটি ধরিয়া উহার ককরার্থ कविष्ठ भावा यात्र, তাহার উপায় দেখাইয়া দিতে লাগিলেন। বলিলেন. 'স্ত্রগুলি যে কেবল অহৈতমতেরই পোষক, এ-কথা কে বললে? শঙ্কর অবৈতবাদী ছিলেন-তিনি স্ত্রগুলিকে কেবল অবৈতমতেই ব্যাখ্যার চেষ্টা করেছেন, কিন্তু ভোরা স্থাত্তর অক্ষরার্থ করবার চেষ্টা করবি-ব্যাসের ষ্ণার্থ অভিপ্রায় কি বোঝবার চেষ্টা করবি—উদাহরণম্বরূপ দেখু—'অস্মিরস্ত চ তদযোগং শান্তি''-এই সুত্তের ঠিক ঠিক ব্যাখ্যা আমার মনে হয় যে, এতে অবৈত ও বিশিষ্টাবৈত উভয় বাদই ভগবান বেদব্যাস কর্তৃক স্চিত रखह ।'

খামীজী একদিকে বেমন গন্তীরাত্মা ছিলেন, তেমনি অপরদিকে স্ব্রিসকও ছিলেন। পড়িতে পড়িতে 'কামাচ্চ নাছমানাপেকা' প্রটি আসিল। খামীজী এই প্রটি পাইরাই খামী প্রেমানন্দের নিকট ইহার বিক্বত অর্থ করিয়া হাসিতে লাগিলেন। প্রেটির প্রকৃত অর্থ এই—বর্থন উপনিবদে জগৎকারণের প্রগক্ত উঠাইয়া 'গোহকাময়ত'—ভিনি (কেই অগৎকারণ) কামনা করিলেন, এইরূপ কথা আছে, তথন 'অস্থমানগ্য়া' (অচেতন) প্রধান বা প্রকৃতিকে জগৎকারণরূপে খীকার করিবার কোন প্রয়োজন নাই। বাহারা শাস্ত্রাহের নিজ নিজ অন্তুত্ত কচি অন্থবায়ী কদর্থ করিয়া এমন পবিত্র সনাতন ধর্মকে ঘোর বিকৃত করিয়া কেলিয়াছে, বাহা কোন কালে গ্রহকারের অভিপ্রেত ছিল না, খামীজী কি ভাহাদিগকে উপহাস করিতেছিলেন ?

১ ব্রহ্মপুর, ১/১/১৯

বাহা হউক, পাঠ চলিতে লাগিল। ক্রমে 'লাজ্বদুট্টা তৃপদেশো বামদেববং<sup>ন্</sup> প্রে আদিল। এই প্রের ব্যাখ্যা করিয়া খামীজী প্রেমানন্দ খামীর দিকে চাহিয়া বলিতে লাগিলেন, 'দেখ্, তোর ঠাকুরও বে নিজেকে ভগবান বলতেন, দে ঐ ভাবে বলতেন।' এই কথা বলিয়াই কিন্ত খামীজী অন্ত দিকে মুখ ফিরাইয়া বলিতে লাগিলেন, 'কিন্ত তিনি আমাকে তাঁর নাভিখাসের সময় বলেছিলেন: যে বাম, যে কৃষ্ণ, দে-ই ইদানীং বামকৃষ্ণ, তোর বেদান্তের দিক্ দিয়ে নয়।' এই বলিয়া আবার অন্ত প্রে পড়িতে বলিলেন।

বামীজীর অপার দয়া, তিনি আমাদিগকে সন্দেহ ত্যাগ করিতে বলেন লাই, ফদ্ করিয়া কাহারও কথা বিখাস করিতে বলেন নাই। তিনি বলিয়াছেন, 'এই অভুত রামক্লফচরিত্র তোমার ক্লু বিভাবৃদ্ধি দিয়ে ঘতদ্র সাধ্য আলোচনা কর, অধ্যয়ন কর—আমি তো তাঁহার লক্ষাংশের একাংশও এখনও ব্যতে পারিনি—ও যত ব্যবার চেটা করবে, ততই হথ পাবে, ততই মধবে।'

খামীজী একদিন আমাদের সকলকে ঠাকুরঘরে লইয়া গিয়া সাধনভন্ধন শিখাইতে লাগিলেন। বলিলেন, 'প্রথম সকলে আসন ক'রে বস্; ভাব — আমার আসন দৃঢ় হোক, এই আসন অচল অটল হোক, এর সাহায়েই আমি ভবসমূদ্র উত্তীর্ণ হবো।' সকলে বসিয়া করেক মিনিট এইরূপ চিন্তা করিলে তারপর বলিলেন, 'ভাব—আমার শরীর নীরোগ ও স্কুম্ব, বজ্রের মতো দৃঢ়—এই দেহ-সহায়ে আমি সংসারের পারে যাব।' এইরূপ কিয়ৎকাণ চিন্তার পর ভাবিতে বলিলেন, 'এইরূপ ভাব ্যে, আমার নিকট হ'তে উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম চতুর্দিকে প্রেমের প্রবাহ যাচ্ছে—হাদের ভিতর হ'তে সমগ্র জগতের জন্ম ভভকামনা হচ্ছে—সকলের কল্যাণ হোক, সকলে স্কুম্ব ও নীরোগ হোক। এইরূপ ভাবনার পর কিছুক্ষণ প্রাণায়াম করবি; অধিক নয়, তিনটি প্রাণায়াম করনেই হবে। ভারপর হৃদয়ে প্রভাবের নিজ নিজ ইইম্ভির চিন্তা ও মন্ত্রজ্ব—এইটি আধ্যণটা আন্দান্ধ করবি।' সকলেই খামীজীর উপদেশ-মত চিন্তাদির চেন্তা করিতে লাগিল।

এইভাবে সমবেত সাধনাম্চান মঠে দীর্ঘকাল ধরিয়া অম্প্রটিত হইয়াছিল এবং স্বামী ত্রীয়ানন্দ স্বামীনীর আদেশে নৃতন সন্ন্যাসি-বন্ধচারিগণকে লইয়া

<sup>3</sup> d. 313100

বহুকাল বাবং 'এইবার এইরূপ চিস্তা কর, তারণর এইরূপ কর' বলিয়া দিয়া এবং স্বয়ং অষ্টান করিয়া স্বামীন্সীপ্রোক্ত সাধন-প্রণালী অভ্যাস করাইয়াছিলেন।

একদিন সকলবেলা, ন্টা-১০টার সময় আমি একটা ঘরে বলিয়া কি করিছেছি—হঠাৎ তুলদী মহারাজ ( স্বামী নির্মলানন্দ ) আদিয়া বলিলেন, 'স্বামীজীর নিকট দীকা নেবে?' আমিও বলিলাম, 'আজা হাঁ।' ইতঃপূর্বে আমি কুলগুক বা অপর কাহারও নিকট কোন প্রকার মন্ত্রগ্রহণ করি নাই। একণে নির্মলানন্দ স্বামীর এইরপ অবাচিত আহ্বানে প্রাণে আর বিধা রহিল না। 'লইব' বলিয়াই তাঁহার সঙ্গে ঠাকুরঘরের দিকে অগ্রসর হইলাম। আনিতাম না বে, সেদিন প্রীযুত শরচক্র চক্রবর্তী দীকা লইতেছেন —তথনও দীকাদান শেষ হয় নাই বলিয়া, বোধ হয় ঠাকুরঘরের বাহিরে একটু অপেকাও করিতে হইয়াছিল। তারপর শরৎবার্ বাহির হইয়া আদিবামাত্র তুলদী মহারাজ আমাকে লইয়া গিয়া স্বামীজীকে বলিলেন, 'এ দীকা নেবে।' স্বামীজী আমাকে বসিতে বলিলেন। প্রথমেই জিজ্ঞাসা করিলেন, 'তোর সাকার ভাল লাগে, লখনও বা নিরাকার ভাল লাগে?' আমি বলিলাম, 'কথন সাকার ভাল লাগে, কথনও বা নিরাকার ভাল লাগে।'

তিনি ইহার উত্তরে বলিলেন, 'তা নয়; গুরু ব্রতে পারেন, কার কি পথ; হাতটা দেখি।' এই বলিয়া আমার দক্ষিণ হস্ত কিয়ৎক্ষণ ধরিয়া অয়কর বেন ধ্যান করিতে লাগিলেন। তারপর হাত ছাড়িয়া দিয়া বলিলেন, 'তুই কখন ঘটখাপনা ক'রে প্রো করেছিস্?' আমি বাড়ি ছাড়িবার কিছু পূর্বে ঘটখাপনা করিয়া কোন্ প্রা অনেকক্ষণ ধরিয়া, করিয়াছিলাম—তাহা বলিলাম। তিনি তথন একটি দেবতার মন্ত্র বলিয়া দিয়া উহা বেশ করিয়া ব্রাইয়া দিলেন এবং বলিলেন, 'এই ময়ে তোর হ্বিধে হবে। আর ঘটয়াপনা ক'রে প্রো করেল তোর হ্বিধে হবে।' তারপর আমার সহমে একটি ভবিত্রবাণী করিয়া পরে সমূথে কয়েকটি লিচু পড়িয়াছিল—সেইগুলি লইয়া আমায় গুরুদক্ষিণা-স্বরূপ দিতে বলিলেন।

আমি দেখিলাম, বদি আমাকে ভগবচ্ছজিমরণ কোন দেবতার উপাসনা করিতে হয়, তবে স্বামীলী বে দেবতার কথা আমার উপদেশ দিলেন, তাহাই শামার সম্পূর্ণ প্রকৃতিসকত। শুনিয়াছিলাম, যথার্থ শুরু শিশ্রের প্রকৃতি বুঝিয়া মন্ত্র দেন, খামীজীতে আজ তাহার প্রত্যক্ষ প্রমাণ পাইলাম।

দীক্ষাগ্রহণের কিছু পরে স্বামীজীর আহার হইল। স্বামীজীর ভূক্তাবশিষ্ট প্রাদা আমি ও শরংবারু উভয়েই ধারণ করিলাম।

মঠে তথন শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সেন-সম্পাদিত 'ইণ্ডিয়ান মিরর' নামক है राजकी रिम्मिक मरवामध्य विनामुला श्राप्त हरेल, किन्त मर्छा नज्ञाभीराव এরণ সংস্থান ছিল না যে, উহার ডাকধরচটা দেন ৷ উক্ত পত্র পিয়ন ছারা বরাহনগর পর্যন্ত বিলি হইত। বরাহনগরে 'দেবালয়ের' প্রতিষ্ঠাতা দেবাত্রতী শ্রীশনিপদ বন্দ্যোগাধ্যায়-প্রতিষ্ঠিত একটি বিধবাঞ্জম ছিল। তথায় একখানি করিয়া ঐ আশ্রমের জন্ম উক্ত পত্র আসিত। 'ইণ্ডিয়ান মিররে'র পিয়নের ঐ পর্যম্ভ 'বিট' বলিয়া মঠের কাগলখানিও ঐখানে আদিত এবং তথা হইতে উহা প্রত্যহ মঠে দইয়া আসিতে হইত। উক্ত বিধবাশ্রমের উপর স্বামীকীর यरबंधे महाञ्च्छ ि हिन । छाँहातहे हेव्हाञ्चमारत छाँहात चारमितकां व व्यवस्थान-কালে এই আল্লমের সাহায়ের জন্ত খামীজী একটি benefit বক্ততা দেন এবং উক্ত বক্তভার টিকিট বেচিয়া বাহা কিছু আয় হয়, ভাহা এই আশ্রমেই প্রদত্ত হয়। বাহা হউক, তথন মঠের বাজার করা, ঠাকুর-সেবার আয়োজন প্রভৃতি সমুদয় কার্যই কানাই মহারাজ বা স্বামী নির্ভয়ানন্দকে করিতে হইত। বলা বাহুল্য, এই 'ইণ্ডিয়ান মিবর' কাগন্ধ আনার ভারও তাঁহার উপরেই ছিল। ভখন चायता मर्ठ चरनकश्रीन नवमीकिं नतानी उक्तांत्री कृष्टिग्राहि, किंड তথ্যও মঠের প্রয়োজনীয় সমূদয় কর্মের একটা প্রণালীপূর্বক বিভাগ করিয়া স্কলের উপর অল্লাধিক পরিমাণে কান্ধের ভার দেওয়া হয় নাই। স্থভরাং নির্ভয়ানন্দ স্বামীকে বথেষ্ট কার্ব করিতে হইতেছে। তাঁহারও তাই মনে হইয়াছে বে. তাঁহার কর্তব্য কার্যগুলির ভিতর কিছু কিছু বদি নৃতন সাধুদের উপর দিতে পারেন, তবে তাঁহার কতকটা অবকাশ হইতে পারে। এই উদ্দেশ্যে তিনি আমাকে বলিলেন, 'যেখানে ইণ্ডিয়ান মিরর আদে, তোমাকে সেম্বান দেখিয়ে আনবো-তৃষি বোঞ্চ গিয়ে কাগৰুথানি এনো।' আমিও ইহা অতি সহজ কাম জানিয়া এবং উহাতে একমনের কার্যভার কিঞ্চিৎ नाचर इटेरर जारिया महस्यहे चौक्छ इटेनाम। এकमिन दिश्रहरदर প্রসাদ-ধারণান্তে কিয়ংকণ বিপ্রামের পর নির্ভিয়ানন্দ আমাকে বলিলেন, 'চল,

নেই বিধৰাশ্রমটি ভোমায় দেখিয়ে দিই।' আমিও তাঁহার সহিত যাইতে উত্তত হইয়াছি, ইতোমধ্যে স্বামীন্ত্রী দেখিতে পাইয়া বলিলেন, 'বেদাস্থপাঠ করা বাক্—আর।' আমি অমুক কার্যে বাইতেছি—বলায় আর কিছু বলিলেন না। আমি কানাই মহারাজের সহিত বাহির হইয়া সেইস্থান চিনিরা আসিলাম। ফিরিয়া আসিয়া মঠে আমাদের জনৈক বন্ধচারী বন্ধুর নিকট শুনিলাম, আমি চলিয়া বাইবার কিছু পরে স্বামীন্ত্রী অপরের নিকট বলিতেছিলেন, 'হোঁড়াটা গেল কোথায়? স্ত্রীলোক দেখতে গেল নাকি?' এই কথা শুনিরাই আমি কানাই মহারাজকে বলিলাম, 'ভাই, চিনে এলুম বটে কিন্তু কাগজ আনতে সেখানে আমার স্বার যাওয়া হবে না।'

শিশুগণের—বিশেষতঃ নৃতন নৃতন ব্রহ্মচারিগণের বাহাতে চরিত্রবক্ষা হয়, তবিষয়ে স্বামীন্দী এত সাবধান ছিলেন। কলিকাতায় বিশেষ প্রয়োজন ব্যতীত মঠের কোন সাধু-ব্রহ্মচারী বাস করে বা রাত কাটায়—ইহা তাঁহার আদৌ অভিপ্রেত ছিল না, বিশেষ ষেখানে স্থীলোকদের সংস্পর্শে আসিতে হয়। ইহার শত শত উদাহরণ দেখিয়াছি।

ষেদিন মঠ হইতে রওনা হইয়া আলমোড়া যাত্রার জন্ত কলিকাতা বাইবেন, সেদিন সিঁড়ির পাশে বারান্দায় দাঁড়াইয়া অভিশয় আগ্রহের সহিত নৃতন বন্ধচারিগণকে সংঘাধন করিয়া বন্ধচর্ষ সম্বন্ধে যে কথাগুলি বলিয়াছিলেন, তাহা আমার কানে যেন এখনও বাজিতেছে:

দেখ বাবা, বন্ধচর্য ব্যতীত কিছু হবে না। ধর্মজীবন লাভ করতে হ'লে বন্ধচর্যই তার একমাত্র নহায়। তোরা স্ত্রীলোকের সংস্পর্শে একদম আদবি না। আমি তোদের স্ত্রীলোকদের ঘেরা করতে বলছি না, তারা লাক্ষাং ভগবতীস্বরূপা, কিন্তু নিজেদের বাঁচাবার জন্তে তাদের কাছ থেকে তোদের তফাত থাকতে বলছি। তোরা বে আমার লেকচারে পড়েছিস—সংসারে থেকেও ধর্ম হয় অনেক জারগায় বলেছি, তাতে মনে করিসনি যে, আমার মতে বন্ধচর্য বা সন্ত্রাস ধর্মজীবনের জন্ত অত্যাবশ্রক নয়। কি ক'বব, সে সব লেকচারের জ্যোত্রমগুলী সব সংসারী, সব গৃহী—তাদের কাছে যদি পূর্ণ বন্ধচারে কাব একেবারে বলি, তবে তার পরদিন থেকে আর কেউ আমার লেকচারে আলত না। তাদের মতে কতকটা সায় দিয়ে বাতে তাদের ক্রমশুং পূর্ণ বন্ধচর্যের দিকে বোঁক হয়, সেইজন্তই ঐ ভাবে লেকচার দিয়েছি।

কিন্তু আমার ভেতরের কথা তোদের বলছি—ব্রন্ধচর্ব ছাড়া এডটুকুও ধর্মলাভ হবে না। কায়মনোবাক্যে ভোরা এই ব্রন্ধচর্বব্রত পালন করবি।

একদিন বিলাত হইতে কি একথানা চিঠি আদিয়াছে, সেই চিঠিখানি
পড়িয়া সেই প্রদক্ষে ধর্মপ্রচারকের কি কি গুণ থাকিলে সে কৃতকার্য হইতে
পারে, বলিতে লাগিলেন। নিজের শরীরের জিন্ন ভিন্ন অংশ উদ্দেশ করিয়া
বলিতে লাগিলেন: ধর্মপ্রচারকের এই এই গুলি খোলা থাকা আবশুক, এবং
এই এই গুলি বন্ধ থাকা প্রয়োজন। ভাহার মাথা, হৃদয় ও মৃথ খোলা
থাকা আবশুক, ভাহার প্রবল মেধাবী হৃদয়বান্ ও বাগ্মী হওয়া উচিত,
আর ভাহার অধাদেশের কার্য যেন বন্ধ থাকে, যেন সে পূর্ণ ব্রন্ধচর্যবান্ হয়।
অনৈক প্রচারককে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন, ভাহার অশ্বান্থ সমৃদয় গুণ
আছে, কেবল একটু হৃদয়ের অভাব—বাহা হউক, ক্রমে হৃদয়ও খুলিয়া যাইবে।

সেই পত্রে মিদ নোবল' বিলাভ হইতে শীঘ্র ভারতে রওনা হইবেন, এই সংবাদ ছিল। মিদ নোবলের প্রশংদায় স্বামীদী শতমুধ হইলেন, বলিলেন, 'বিলেভের ভেতর এমন প্তচরিতা, মহাস্থতবা নারী থ্ব কম। আমি যদি কাল মরে যাই, এ আমার কাজ বজায় রাখবে।' স্বামীদ্ধীর ভবিক্তরাণী সফল হইয়াছিল।

বেদান্তের শ্রীভারের ইংরেন্সী অন্থ্রাদক, স্বামীন্সীর পূর্চপোষকতায় প্রতিষ্ঠিত মাজাজ হইতে প্রকাশিত 'বৃদ্ধবাদিন' পত্রের প্রধান লেথক, মাজাজের বিধ্যাত অধ্যাপক শ্রীষ্ট রঙ্গাচার্য তীর্থভ্রমণোপলক্ষে শীল্প কলিকাভার আদিবেন, স্বামীন্সীর নিকট পত্র আদিয়াছে। স্বামীন্সী মধ্যাহে আমাকে বলিলেন, 'চিঠির কাগন্ধ কলম এনে লেখ দিকি; আর একটু ধাবার জল নিয়ে আয়।' আমি এক গাস জল স্বামীন্সীকে দিয়া ভরে ভয়ে আতে আতে বলিলাম, 'আমার হাভের লেখা তত ভাল নয়।' আমি মনে করিয়াছিলাম, বিলাত বা আমেরিকায় কোন চিঠি লিখিতে হইবে। স্বামীন্সী অভয় দিয়া বলিলেন, 'লেখ, foreign letter (বিলাতী চিঠি) নয়।' তখন আমি কাগন্ধ কলম লইয়া চিঠি লিখিতে বদিলাম। স্বামীন্সী ইংরেন্সীতে বলিয়া

<sup>&</sup>gt; সিস্টার নিবেদিতা

যাইতে লাগিলেন, আমি লিখিতে লাগিলাম। অধ্যাপক রঞ্চাচার্থকে একখানি লেখাইলেন; আর একখানি পত্তও লেখাইয়াছিলেন কাহাকে—ঠিক মনে নাই। মনে আছে রঞ্চাচার্থকে অস্থান্ত কথার ভিতর এই কথা লেখাইয়াছিলেন—বাঙলা দেশে বেদাস্তের তেমন চর্চা নাই, অতএব আপনি যথন কলিকাভায় আসিতেছেন, তথন 'give a rub to the people of Calcutta'—কলিকাভাবাসীকে একটু উসকাইয়া দিয়া যান। কলিকাভায় যাহাতে বেদাস্তের চর্চা বাড়ে, কলিকাভাবাসী যাহাতে একটু সচেতন হয়, তজ্জ্জ স্থামীজীর কি দৃষ্টি ছিল! নিজের স্থান্থভক্ত হওয়তে চিকিৎসকগণের সনির্বদ্ধ অহুবোধে স্থামীজী কলিকাভায় ছইটি মাজ বক্তৃতা দিয়াই স্থয়ং বক্তৃতাদানে বিরত হইয়াছিলেন, কিন্তু তথাপি যথনই স্থবিধা পাইতেন তথনই কলিকাভাবাসীর ধর্মভাব জাগরিত কবিবার চেটা করিতেন। স্থামীজীর এই পত্রের ফলেই ইহার কিছুকাল পরে কলিকাভাবাসিগণ স্টার-রক্মঞ্চে উক্ত পণ্ডিতবরের 'The Priest and the Prophet' (পুরোহিত ও ঋষি) নামক সারগর্ভ বক্তৃতা শুনিবার সোভাগ্য লাভ করিয়াছিল।

একটি বয়য় বালালী য্বক এই সময় মঠে আসিয়া তথায় সাধুরণে বাস করিবার প্রতাব করিয়াছিল। স্বামীকী ও মঠের অভাভ সাধুবর্গ তাহার চরিত্র পূর্ব হইতেই বিশেষরূপে অবগত ছিলেন। তাহাকে আশ্রম-জীবনের অয়পযুক্ত জানিয়া কেহই তাহাকে মঠভুক্ত করিতে সমত ছিলেন না। তাহার পূন: পূন: প্রার্থনায় স্বামীকী তাহাকে বলিলেন, 'মঠে বে-সকল সাধু আছেন, তাঁহাদের সকলের যদি মত হয়, তবে ভোমায় রাখতে পারি।' এই কথা বলিয়া প্রাতন সাধ্বর্গকে তাকাইয়া জিজ্ঞাসা করিলেন, 'একে মঠে রাখতে তোমাদের কার কিরুপ মত?' তথন সকলেই একবাক্যে তাহাকে রাখিতে অমত প্রকাশ করিলে উক্ত যুবককে আর মঠে রাখা হইল না।

একদিন অপরাত্নে স্বামীকী মঠের বারান্দায় স্বামাদিগের সকলকে লইয়া বৈদান্ত পড়াইতে বসিয়াছেন—সন্ধ্যা হয় হয়। স্বামী রামকৃষ্ণানন্দ ইহার কিছুকাল পূর্বে প্রচার-কার্বের জন্ত স্বামীকী কর্তৃক মান্তাকে প্রেরিত হওয়ায় তাঁহার স্বপর একজন গুরুস্তাতা তথন মঠে পূজা স্বাবাত্রিকাদি কর্বিভার महेशास्त्र। आवाजिकामि कार्ष बार्शवा छाराक माराया कविछ, তাহাদিগকেও দইয়া স্বামীলী বেদান্ত পড়াইতে বসিয়াছিলেন। হঠাৎ উক্ত গুরুজাতা আসিয়া নৃতন সন্মাসি-ত্রন্ধচারিগণকে বলিলেন, 'চল হে চল, चार्वा करा हरत, हमा। ठथन धकतिक चामीकीय चारमा नकत त्वनाख्यभारं नियुक्त, व्यथन नित्क देवान व्यान्ता ठीकूरतन व्यानाजित्क যোগদান করিতে হইবে-নৃতন সাধুবা একটু গোলে পড়িয়া ইভন্তভঃ করিতে লাগিল। তথন স্বামীনী তাঁহার ঐ গুরুলাতাকে সম্বোধন করিয়া উত্তেজিত ভাবে বলিতে লাগিলেন, 'এই যে বেদান্ত পড়া হচ্ছিল, এটা কি ঠাকুরের পূজা নয়? কেবল একথানা ছবির সামনে সলতে-পোড়া নাড়লে আর ঝাঁক পিটলেই মনে করছিল বুঝি ভগবানের যথার্থ আরাধনা হয় ? ডোরা অতি क्यातृष्कि—।' धरेक्रभ तमिए तमिए विश्व विश्व विश्व हरेक्षा छै।हारक উক্তরূপে বেদান্তপাঠে ব্যাঘাত দেওয়াতে আরও কর্কশ বাক্য প্রয়োগ করিতে गांगित्नन। ফলে বেদাস্তপাঠ বন্ধ হইয়া গেল—কিছুক্ষণ পরে আরতিও শেষ হইল। আরতির পরে কিন্তু উক্ত গুরুলাতাকে আর কেহ দেখিতে পাইল না, তথন স্বামীজীও অতিশয় ব্যাকুল হইয়া 'সে কোথায় গেল, সে কি আমার গালাগাল থেয়ে গলায় ঝাঁপ দিতে গেল?'—ইত্যাদি বলিতে বলিতে नकनारक हे प्रकृतिक छाहात अध्यक्षात्न भागिहित्नत । वहकन भारत छाहारक মঠের উপরের ছাদে চিম্বান্থিত ভাবে বসিয়া থাকিতে দেখিয়া স্বামীন্দীর নিকট লইয়া আসা হইল। তথন স্বামীজীর ভাব সম্পূর্ণ বদলাইয়া গিয়াছে। তিনি তাঁহাকে কত যত্ন কৰিলেন, তাঁহাকে কত মিষ্ট কথা বলিতে লাগিলেন! গুরুভাই-এর প্রতি স্বামীন্দীর অপূর্ব ভালবাসা দেখিয়া আমরা মৃশ্ব হইয়া গেলাম। বুঝিলাম, গুরুভাইগণের উপর স্বামীনীর অগাধ বিশ্বাস ও ভালবাসা। কেবল বাঁহাতে তাঁহারা তাঁহাদের নিষ্ঠা বন্ধায় রাখিয়া উদারতর হইতে পারেন, ইহাই তাঁহার বিশেষ চেষ্টা। পরে স্বামীন্সীর মুখে অনেকবার ভনিয়াছি, বাঁহাকে স্বামীন্দী বেশী গাঁলাগাল দিতেন, তিনিই তাঁহার বিশেষ প্রিয়পাত্র।

একদিন বারালায় বেড়াইতে বেড়াইতে তিনি আমাকে বলিদেন, 'দেখ, সুমঠের একটা ভায়েবী রাখবি, আর হপ্তায় হপ্তায় মঠের একটা ক'বে রিপোর্ট পাঠাবি।' স্বামীনীর এই সাদেশ প্রতিপালিত হইয়াছিল।

## স্বামীজীর কথা

আমি নিজে অবশ্র বেদের ততটুকু মানি, বডটুকু যুক্তির সঙ্গে মেলে। বেদের অনেক অংশ তো স্পষ্টই স্ববিরোধী। Inspired বা প্রত্যাদিষ্ট বলতে পাশ্চাত্যদেশে বেরূপ ব্ঝার, বেদকে আমাদের শান্তে সেরূপভাবে প্রত্যাদিষ্ট বলে না। তবে উহা কি? না, ভগবানের সমৃদয় জ্ঞানের সমষ্টি। এই জ্ঞানসমষ্টি যুগারন্তে প্রকাশিত বা ব্যক্ত এবং যুগাবসানে স্কল্প বা অব্যক্ত ভাব ধারণ করে। যুগের আরম্ভ হ'লে উহা আবার প্রকাশিত হয়। শাস্ত্রের এই কথাগুলি অবশ্র ঠিক, কিন্তু কেবল 'বেদ' নামধেয় গ্রন্থগুলিই এই জ্ঞানসমষ্টি, এ কথা মনকে আঁথিঠারা মাত্র। মহু এক স্থলে বলেছেন, বেদের যে অংশ যুক্তির সঙ্গে মেলে তাই বেদ, অপরাংশ বেদ নয়। আমাদের অনেক দার্শনিকেরও এই মত।

অবৈতবাদের বিরুদ্ধে যত তর্ক-বিভর্ক হয়ে থাকে, তার মোদাকথা এই যে এতে ইন্দ্রিরস্থ-ভোগের স্থান নেই। আমরা আনন্দের সঙ্গে এ কথা সীকার করতে খ্য প্রস্তুত আছি।

বেদান্তের প্রথম কথা হচ্ছে—সংসার ছঃখময়, লোকের আগার, অনিত্য ইত্যাদি। বেদান্ত প্রথম খুললেই 'ছঃখ ছঃখ' শুনে লোক অন্থির হয়, কিন্তু তার লেষে পরম হংখ—বথার্থ হথের কথা পাওয়া যায়। বিষয়-জগৎ, ইক্রিয়-জগৎ থেকে যে বথার্থ হুখ হ'তে পারে, এ কথা আমরা অস্বীকার করি, আর বলি ইক্রিয়াতীত বল্পতেই বথার্থ হুখ। আর এই হুখ, এই আনন্দ সব মাছবের ভেডরই আছে। আমরা জগতে যে 'হুখবাদ' দেখতে পাই, যে মতে বলে জগৎটা পরম হুখের ছান, ভাতে মাছ্যুষকে ইক্রিয়পরায়ণ ক'রে সর্বনাশের দিকে নিয়ে যায়।

আমাদের দর্শনে ত্যাগের বিশেষ মাহাত্ম্য বর্ণিত আছে। বাস্তবিক ত্যাগ ব্যতীত আমাদের কোন ধর্শনেবই দক্ষ্য বন্ধ পাওয়া অসম্ভব। কারণ ত্যাগ মানেই হচ্ছে—আদল সত্য বে আত্মা, তার প্রকাশের সাহায্য করা। উহা ইব্রিয়গ্রাহ্ ব্লগৎকে একেবারে উড়িয়ে দিতে চায়, তার ভাব এই যে, কে সভ্য-ব্লগডের জ্ঞান লাভ করে।

জগতে যত শাস্ত্র আছে, তার মধ্যে বেদই কেবল বলেন যে, বেদপাঠ—
স্পরা বিদ্যা। পরা বিদ্যা হচ্ছে, যার ধারা সেই স্ক্রম্বর প্রমান যায়।
সে পড়েও হয় না, বিশ্বাস করেও হয় না, তর্ক করেও হয় না, সমাধি-স্বস্থা
লাভ করলে তবে সেই পর্মপুক্ষকে জানা যায়।

জ্ঞানলাভ হ'লে আর সাম্প্রদায়িকতা থাকে না; তা ব'লে জ্ঞানী কোন সম্প্রদায়কে যে খ্বণা করেন, তা নয়। সব নদী যেমন সমূদ্রে গিয়ে পড়ে এবং এক হয়ে বায়, সেইরূপ সব সম্প্রদায়—সব মডেই জ্ঞান লাভ হয়, তথন আর কোন মতভেদ থাকে না।

ক্ষানী বলেন, সংসার ত্যাগ করতে হবে। তার মানে এ নয় বে, স্ত্রী-পূত্র-পরিজনকে ভাগিয়ে বনে চলে বেতে হবে। প্রকৃত ত্যাগ হচ্ছে সংসারে জনাসক্ত হয়ে থাকা।

মাহুষের পুন: পুন: জন্ম কেন হয় ? পুন: পুন: শরীর-ধারণে দেছমনের বিকাশ হবার স্থবিধে হয়, আর ভেতরের ব্রহ্মশক্তির প্রকাশ হ'তে থাকে।

বেদাস্ত মাহুষের বিচার-শক্তিকে যথেষ্ট আদর ক'রে থাকেন বটে, কিন্ত আবার এও বলেন যে, যুক্তি-বিচারের চেয়েও বড় জিনিস আছে।

ভক্তিলাভ কিরপে হয় ?—ভক্তি তোমার ভেতরেই আছে, কেবল তার ওপর কামকাঞ্চনের একটা আবরণ পড়ে রয়েছে, তা সরিয়ে ফেললেই ভক্তি আপনা-আপনি প্রকাশ হবে।

बिव চললেই अञ्चान्त हेक्सिय हमर्त ।

জ্ঞান, ভৃক্তি, বোগ, কর্ম—এই চার রান্তা দিয়েই মৃক্তিলাভ হয়। যে যে-পথের উপযুক্ত, তাকে সেই পথ দিয়েই যেতে হবে, কিন্তু বর্তমান কালে কর্মযোগের ওপর একটু বিশেষ ঝোঁক দিতে হবে।

ধর্ম একটা কল্পনার জিনিগ নয়, প্রত্যক্ষ জিনিগ। যে একটা ভূতও দেখেছে, সে অনেক বই-পড়া পণ্ডিতের চেয়ে বড়।

এক সময়ে স্বামীজী কোন লোকের খ্ব প্রশংসা করেন, ভাতে তাঁর নিকট্য ক্ষনৈক ব্যক্তি বলেন, 'কিছ দে আপনাকে মানে না।' ভাতে ভিনি ব'লে উঠদেন; 'আমাকে মানতে হবে, এমন কিছু লেখাণড়া আছে? সে ভাল কাক করছে, এই জন্মে সে প্রশংসার পাত্র।'

আদল ধর্মের রাজ্য বেধানে, দেধানে লেধাপড়ার প্রবেশাধিকার নেই।

কেউ কেউ বলেন, আগে সাধন ভজন ক'বে সিদ্ধ হও, তারপর কর্ম করবার অধিকার; কেউ কেউ বা বলেন, গোড়া থেকেই কর্ম করতে হবে। এর সামগ্রস্ত কোথায়?

—ভোমরা ছটো জিনিস গোল ক'রে ফেলছ। কর্ম মানে—এক জীব-দেবা, আর এক প্রচার। প্রকৃত প্রচারে অবশু সিদ্ধপুরুষ ছাড়া কারও অধিকার নেই। দেবায় কিন্তু সকলের অধিকার; শুধু অধিকার নম্ব, সেবা করতে সকলে বাধ্য, যতক্ষণ ভারা অপরের সেবা নিচ্ছে।

ধূর্ম-সম্প্রদায়ের ভেতর বেদিন থেকে বড়লোকের থাতির আরম্ভ হবে, সেই দিন থেকে তার পতন আরম্ভ।

ভগবান শ্রীকৃষ্ণচৈতত্তে ভাবের (feelings) বেরূপ বিকাশ হয়েছিল, এরূপ আর কোপাও দেখা যায় না।

অসৎ কর্ম করতে ইচ্ছা হয়, গুরুজনের সামনে করবে।

গোড়ামি ধারা খ্ব শীন্ত ধর্ম-প্রচার হয় বটে, কিন্তু সকলকে মতের খাধীনতা দিয়ে একটা উচ্চপথে তুলে দিতে দেরী হলেও পাকা ধর্ম-প্রচার হয়।

সাধনের অক্স যদি শরীর যায়, গেনই বা।
সাধুসঙ্গে থাকতে থাকভেই (ধর্মলান্ড) হয়ে যাবে।
শুকুর আশীর্বাদে শিশু না পড়েও পণ্ডিত হয়ে যায়।

গুরু কাকে বলা যার ?— যিনি তোমার ভূত ভবিষ্যৎ ব'লে দিতে পারেন, তিনিই তোমার গুরু।

আচার্য যে-সে হ'তে পারেন না, কিন্তু মৃক্ত অনেকে হ'তে পারে। মৃক্ত যে, তার কাছে সমৃদয় জগৎ স্বপ্রবং, কিন্তু আচার্যকে উভয় অবস্থার মাঝখানে থাকতে হয়। তাঁর জগৎকে সভ্য আন করা চাই, না হ'লে তিনি কেন উপদেশ দেবেন? আর বদি তাঁর স্বপ্রজান না হ'ল, তবে তিনি তো সাধারণ লোকের মতো হয়ে গেলেন, তিনি কি শিক্ষা দেবেন? আচার্যকে শিশ্রের পাপের ভার নিতে হয়। তাভেই শক্তিমান্ আচার্যদের শনীরে ব্যাধি-আদি

হয়। কিন্তু কাঁচা হ'লে তাঁর মনকে পর্যন্ত তারা আক্রমণ করে, তিনি পড়ে যান। আচার্য যে-সে হডে পারেন না।

এমন সময় আসবে, বথন এক ছিলিম তামাক সেবে লোককে সেবা করা কোটি কোটি ধ্যানের চেয়ে বড় ব'লে বুঝতে পারবে।

## স্বামীজীর সহিত কয়েক দিন '

বেলগাঁ—১৮৯২ খৃঃ ১৮ই অক্টোবর, মজলবার। প্রায় ছই ঘণ্টা হইল সন্ধ্যা ছইয়াছে। এক স্থুলকায় প্রসরবদন যুবা সন্ধ্যাসী আমার পরিচিত জনৈক দেশীয় উকিলের সহিত আমার বাসায় আসিয়া উপস্থিত হইলেন। উকিল বন্ধটি বলিলেন, 'ইনি একজন বিধান বাঙালী সন্ধ্যাসী, আপনার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছেন।' ফিরিয়া দেখিলাম—প্রশান্তমূর্তি, ছই চক্ হইতে খেন বিছাতের আলো বাহির হইতেছে, গোঁফদাড়ি কামানো, অলে গেক্য়া আলখালা, পায়ে মহারাষ্ট্রীয় দেশের বাহানা চটিজুতা, মাথায় গেক্য়া কাপড়েরই পাগড়ি। সন্ধ্যাসীর সে অপরূপ মৃতি স্বর্গ হইলে এখনও খেন তাহাকে চোথের সামনে দেখি।

কিছুকণ পরে নমস্বার করিয়া জিজ্ঞাসা করিলাম, 'মহাশয় কি ভাষাক খান? আমি কায়স্থ, আমার একটি ভিন্ন আর হুঁকা নাই। আপনার যদি আমার হুঁকায় তামাক খাইতে আপত্তি না থাকে, তাহা হইলে ভাহাতে ভাষাক সাজিয়া দিতে বলি।' তিনি বলিলেন, 'ভাষাক চুক্ট—যথন যাহা পাই, তথন ভাহাই খাইয়া থাকি, আর আপনার হুঁকায় খাইতে কিছুই আপত্তি নাই।' ভাষাক সাজাইয়া দিলাম।

তাঁহাকে আমার বাদায় থাকিতে বলিলাম ও তাঁহার জিনিসপত্র আমার বাদায় আনাইব কি-না জিজাসা করিলাম। তিনি বলিলেন, 'আমি উকিল বাবুর বাড়িতে বেশ আছি। আর বাঙালী দেখিয়াই তাঁহার নিকট হইতে

১ বোষাই প্রদেশে বেলগাঁও এর করেন্ট অফিনার হরিপদ নিত্র-লিখিত।

চলিয়া আসিলে তাঁহার মনে ছঃখ হইবে; কারণ তাঁহারা সকলেই অভ্যস্ত মেহ ও ভক্তি করেন—অভএব আসিবার বিষয় পরে বিবেচনা করা যাইবে।'

সে বাত্রে বড় বেশী কথাবার্তা হইল না; কিন্ত ছই-চারি কথা বাহা বলিলেন, তাহাতেই বেশ বুঝিলাম, তিনি আমা অপেকা হান্ধারগুণে বিহান্ ও বুজিমান; ইচ্ছা করিলে অনেক টাকা উপার্জন করিতে পারেন, তথাপি টাকাকড়ি টোন না, এবং স্থী হইবার সমস্ত বিষয়ের অভাব সত্ত্বেও আমা অপেকা সহস্রগুণে স্থা।

আমার বাদায় থাকিবেন না জানিয়া পুনরায় বলিলাম, 'বলি চা থাইবার আগত্তি না থাকে, তাহা হইলে কল্য প্রাতে আমার দহিত চা থাইতে আদিলে হুখী হইব।' তিনি আদিতে ছীকার করিলেন এবং উকিলটির দহিত তাহার বাড়ি ফিরিয়া গেলেন। রাত্রে তাঁহার বিষয় অনেক ভাবিলাম; মনে হইল —এমন নিস্পৃহ, চিরস্থধী, সদা সম্ভাই, প্রফুল্লম্থ পুরুষ তো কথন দেখি নাই।

পরদিন ১৯শে অক্টোবর। প্রাতে ভটার সময় উঠিয়া স্বামীজীর প্রতীক্ষা করিতে লাগিলাম। দেখিতে দেখিতে আটটা বাজিয়া গেল, কিন্তু স্বামীজীর দেখা নাই। আর অপেকা না করিয়া আমি একটি বন্ধুকে সদে লইয়া স্বামীজীর বেখানে ছিলেন সেখানে গেলাম। গিয়া দেখি এক মহাসভা; স্বামীজী বিসিয়া আছেন এবং নিকটে অনেক সম্রান্ত উকিল ও বিদ্যান লোকের সহিত কথাবার্তা চলিতেছে। স্বামীজী কাহারও সহিত ইংরেজীতে, কাহারও সহিত সংস্কৃতে এবং কাহারও সহিত হিন্দুস্থানীতে তাঁহাদের প্রশ্নের উত্তর একটুমাত্র চিন্তা না করিয়াই একেবারে দিতেছেন। আমার স্থায় কেহ কেহ হক্ষের কিলজফিকে প্রামাণিক মনে করিয়া তদবলমনে স্বামীজীর সহিত তর্ক করিতে উন্থত। তিনি কিন্তু কাহাকেও ঠাটাচ্ছলে, কাহাকেও গভীরভাবে বথাবথ উত্তর দিয়া সকলকেই নিরম্ভ করিতেছেন। আমি ষাইয়া প্রণাম করিলাম এবং অবাক হইয়া বিসয়া শুনিতে লাগিলাম। ভাবিতে লাগিলাম—ইনি কি মছয়ৢ, না দেবতা ?

কোন গণ্যমান্ত বাহ্মণ উকিল প্রশ্ন করিলেন, 'খামীন্সী, সন্ধ্যা আহিক প্রভৃতির সন্ত্রাদি সংস্কৃতভাষায় হচিত; আমরা সেগুলি বৃঝি না। আমাদের ঐ-সকল মন্ত্রোচ্চারণে কিছু ফল আছে কি ?' ষামীজী উত্তর করিলেন, 'অবশুই উত্তম ফল আছে; বান্ধণের সন্তান হইয়া ঐ কয়টি সংস্কৃত মন্ত্রাদি তো ইচ্ছা করিলে অনায়াসে ব্বিয়া লইতে পারো, তথাপি লও না। ইহা কাহার দোষ? আর বদি মন্ত্রের অর্থ নাই ব্বিতে পারো, যথন সন্ধ্যা আহ্নিক করিতে বসো, তখন ধর্ম-কর্ম করিতেছি মনে কর, না—কিছু পাপ করিতেছ মনে কর ? যদি ধর্ম-কর্ম করিতেছি মনে করিয়া বসো, তাহা হইলে উত্তম ফল লাভ করিতে উহাই যে যথেষ্ট।'

ষত্ত একজন এই সময়ে সংস্কৃতে বলিলেন, 'ধর্ম সহজে কথোপকথন মেছভাষায় করা উচিত নহে; ষমুক পুরাণে এইরূপ লেখা ছাছে।'

স্বামীনী উত্তর করিলেন, 'যে-কোন ভাষাতেই হোক ধর্মচর্চা করা যায়' এবং এই বাক্যের সমর্থন শ্রুতি প্রভৃতির বচন প্রমাণস্বরূপ দিয়া বলিলেন, 'হাইকোর্টের নিম্পত্তি নিয় স্থাদালত হারা খণ্ডন হইতে পারে না।'

এইরপে নয়টা বাজিয়া গেল। বাঁহাদের অফিন বা কোর্টে বাইতে হইবে তাঁহারা চলিয়া গেলেন, কেহ বা তথনও বসিয়া বহিলেন। স্বামীজীর দৃষ্টি আমার উপর পড়ায়, প্রদিনের চা থাইতে বাবার কথা সরণ হওয়ায় বলিলেন, 'বাবা. অনেক লোকের মন ক্ল করিয়া বাইতে পারি নাই, মনে কিছু করিও না।' পরে আমি তাঁহাকে আমার বাসায় আসিয়া থাকিবার জন্ম বিশেষ অমরোধ করায় অবশেষে বলিলেন, 'আমি বাঁহার অতিথি, তাঁহার মত করিতে পারিলে আমি তোমারই নিকট থাকিতে প্রস্তত।' উকিলটিকে বিশেষ ব্যাইয়া স্বামীজীকে সঙ্গে লইয়া আমার বাসায় আদিলাম। সঙ্গে মাত্র একটি কমগুলুও গেরুয়া কাপড়ে বাধা একধানি পুন্তক। স্বামীজী তথন ফ্রাল-দেশের সজীত সম্বন্ধ একধানি পুন্তক অধ্যরন করিতেন। পরে বাসায় আসিয়া দশটার সময় চা থাওয়া হইল; তাহার পরেই আবার এক মাস ঠাওয় জলও চাহিয়া থাইলেন। আমার নিজের মনে যে-সমন্ত কঠিন সমস্রা ছিল সে-সকল তাঁহাকে জিজ্ঞানা করিতে সহসা ভরসা হইতেছে না ব্রিভে পারিয়া তিনি নিজেই আমার বিভাব্ছির পরিচয় তুই কথাতেই ব্রিয়া লইলেন।

ইতঃপূর্বে 'টাইম্দ' দংবাদপত্তে একজন একটি স্থলর কবিতায় দীশর কি, কোন্ ধর্ম সত্য প্রভৃতি তত্ত্ব বৃষিয়া ওঠা অত্যন্ত কঠিন, লিখিয়াছিলেন; দেই কবিতাটি আমার তথনকার ধর্মবিশাদের দহিত ঠিক মিল হওয়ায় আমি উহা ষত্ম করিয়া রাখিয়াছিলাম; ভাহাই ভাঁহাকে পড়িতে দিলাম। পড়িয়া তিনি বলিলেন, 'লোকটা গোলমালে পড়িয়াছে।' আমারও ক্রমে নাইদ বাড়িতে লাগিল। 'ঈশ্বর দ্য়াময় ও ফ্রায়বান্, এককালে ছই-ই হইতে পাবেন না'—গ্রীষ্টান মিশনরীদের সহিত এই তর্কের মীমাংলা হন্ধ নাই; মনেকরিলাম, এ সমস্তাপুরণ আমীজীও করিতে পারিবেন না।

স্বামীন্ত্ৰীকৈ বিজ্ঞানা কৰায় তিনি বলিলেন, 'তুমি তো Science (বিজ্ঞান) অনেক পড়িয়াছ, দেখিতেছি। প্ৰত্যেক জড়পদাৰ্থে তুইটি opposite forces—centripetal and centrifugal কি act কৰে না? বদি তুইটি opposite forces (বিপৰীত শক্তি) জড়বন্ধতে থাকা সম্ভব হয়, তাহা হুইলে দয়া ও আয় opposite (বিপৰীত) হুইলেও কি ঈশবে থাকা সম্ভব নয়? All I can say is that you have a very poor idea of your God.'

আমি তো নিস্তর। আমার পূর্ণ বিশাস—Truth is absolute ( সত্য নিরপেকা)। সমস্ত ধর্ম কথন এককালে সত্য হইতে পারে না। ভিনি সে-সবাপ্রারের উত্তরে বললেন:

আমরা যে বিষয়ে বাহা কিছু সভ্য বলিয়া জানি বা পরে জানিব, সে-সকলই আপেক্ষিক সভ্য (Relative truths). Absolute truth-এর (নিরপেক্ষ সভ্যের) ধারণা করা আমাদের সীমাবদ্ধ মন-বৃদ্ধির পক্ষে অসম্ভব। অভএব সভ্য Absolute (নিরপেক্ষ) হইলেও বিভিন্ন মন-বৃদ্ধির নিকট বিভিন্ন আকারে প্রকাশিত হয়। সভ্যের সেই বিভিন্ন আকার বা ভাবগুলি নিভা (Absolute) সভ্যকে অবলঘন করিয়াই প্রকাশিত থাকে বলিয়া সেনকলগুলিই এক দরের বা এক শ্রেণীর। যেমন দূর এবং দল্লিকট স্থান হইভে photograph (ফটো) লইলে একই স্থেবর ছবি নানাত্মণ দেখায়, মনে হয়—প্রত্যেক ছবিটাই এক একটি ভিন্ন ভিন্ন স্থেবর—ভন্তাণ; আপেক্ষিক সভ্য (Relative truth) সকল, নিভা সভ্যের (Absolute truth) সম্পর্কে কি ভাবে অবস্থিত। প্রভ্যেক ধর্মই নিভা সভ্যের আভাস বলিয়া সভা।

বিখাসই ধর্মের মূল বলায় স্বামীলী ঈবং হাস্ত কবিয়া বলিলেন, 'রাজা হইলে আর বাওয়া-পরার কট থাকে না, কিন্ত রাজা হওয়া যে কঠিন; বিখাস কি কথন জোর করিয়া হয় ৪ অমুভব না হইলে ঠিক ঠিক বিখাস হওয়া অসম্ভব।' কোন কথাপ্রসঙ্গে তাঁহাকে 'সাধু' বলায় ডিনি উত্তর কবিলেন, 'আমবা কি সাধু ? এমন অনেক সাধু আছেন, যাঁহাদের দর্শন বা স্পর্শনাত্তেই দিব্যক্ষানের উদয় হয়।'

'সন্ন্যাসীরা এক্কণ অলস হইয়া কেন কালকেণ করেন ? অপরের সাহায্যের উপর কেন নির্ভর করিয়া থাকেন ? সমাজের হিডকর কোন কাজকর্ম কেন করেন না ?'—প্রভৃতি জিজ্ঞাসা করায় স্বামীজী বলিলেন, 'আচ্ছা, বলো দেখি—ভূমি এত কটে অর্থ উপার্জন করিভেছ, তাহার বংসামায় অংশ কেবল নিজের জয় ধরচ করিভেছ; বাকি কতক অয় কতকগুলি লোককে আপনার মনে ক'রে তাহাদের জয় ধরচ করিভেছ। তাহারা সেজয় না তোমার রুভ উপকার মানে, না বাহা ব্যয় কর তাহাতে সম্ভই! বাকি যকের মতো প্রাণপণে জমাইভেছ; ভূমি মরিয়া গেলে অয় কেহ তাহা ভোগ করিবে, আর হয়তো আরো টাকা রাখিয়া বাও নাই বলিয়া গালি দিবে। এই ভো গেল ভোমার হাল। আর আমি ও-সব কিছু করি না। ক্ষ্মা পাইলে পেট চাপড়াইয়া, হাত মুথে ভূলিয়া দেখাই; যাহা পাই, ভাহা থাই; কিছুই কট করি না, কিছুই সংগ্রহ করি না। আমাদের ভিতর কে বৃদ্ধিমান ?—ভূমি না আমি ?' আমি তো শুনিয়া অবাক্, ইহার পূর্বে আমার সম্মুথে এক্লপ স্পট কথা বলিভে ভো কাহারও সাহস দেখি নাই।

আহারাদি করিয়া একটু বিশ্রামের পর পুনরায় সেই বন্ধু উকিলটির বাদায় যাওয়া হইল ও তথায় অনেক বাদাহ্যবাদ ও কথোপকখন চলিল। বাত্রি নয়টার সময় খামীজীকে লইয়া পুনরায় আমার বাদায় ফিরিলাম। আদিতে আদিতে বলিলাম, 'খামীজী, আপনার আব্দু তর্কবিতর্কে অনেক কট হইয়াছে।'

তিনি ৰলিলেন, 'বাবা, তোমবা বেরপ utilitarian (উপযোগবাদী), বিদি আমি চুপ করিয়া বসিয়া থাকি, তাহা হইলে তোমরা কি আমাকে এক মুঠা খাইতে দাও ? আমি এইরূপ গল্ গল্ করিয়া বকি, লোকের শুনিয়া আমোদ হয়, তাই দলে দলে আসে। কিন্তু জেনো, যে-সকল লোক সভায় তর্কবিতর্ক করে, প্রশ্ন জিল্লাসা করে, ডাহারা বাত্তবিক সত্য জানিবার ইচ্ছায় ওরূপ করে না। আমিও ব্ঝিতে পারি, কে কি ভাবে কি কথা বলে এবং তাহাকে সেইরূপ উত্তর দিই।'

আমি জিজাসা করিলাম, 'আছা আমীজী, সকল প্রান্তের অমন চোধা চোধা উত্তর আপনার তথনি যোগায় কিব্রণে ?'

তিনি বলিলেন, 'ঐ-সকল প্রশ্ন ভোমাদের পক্ষে নৃতন ; কিন্তু আমাকে কত লোকে কতবার ঐ প্রশ্নসকল জিজানা করেছে, আর সেগুলির কতবার উত্তর দিয়াছি।'

বাত্তে আহার করিতে বিদিয়া আবার কত কথা কহিলেন। পরসা না ছুঁইয়া দেশপ্রমণে কত জায়গায় কত কি ঘটনা ঘটিয়াছে, দেশব বলিতে লাগিলেন। শুনিতে শুনিতে আমার মনে হইল—আহা! ইনি কতই কই, কতই উৎপাত না জানি সহু করিয়াছেন! কিন্তু তিনি দেশব খেন কত মজার কথা, এইরপ তাবে হাসিতে,হাসিতে সম্দর বলিতে লাগিলেন। কোথাও তিন দিন উপবাস, কোন স্থানে লহা থাইয়া এমন পেটজালা খে, এক বাটি তেঁতুল গোলা খাইয়াও থামে না, কোথাও 'এখানে সাধু-সন্ন্যাসী জায়গা পায় না'—এই বলিয়া অপবের তাড়না, বা গুপু পুলিসের স্থতীক্ল দৃষ্টি প্রভৃতি, বাহা শুনিলে আমাদের গায়ের রক্ত জল হইয়া যায়, সেই-সব ঘটনা তাহার পক্ষে যেন তামাসা মাত্র।

রাত্রি অনেক হইয়াছে দেখিয়া তাঁহার বিছানা করিয়া দিয়া আমিও ঘুমাইতে গেলাম, কিন্তু দে রাত্রে আর ঘুম হইল না। ভাবিতে লাগিলাম, এত বৎসরের কঠোর সন্দেহ ও অবিখাস খামীজীকে দেখিয়া ও তাঁহার ঘুই-চার কথা শুনিয়াই সব দূর হইল! আর জিজ্ঞাসা করিবার কিছুই নাই। ক্রমে যত দিন ঘাইতে লাগিল, আমাদের কেন—আমাদের চাকর-বাকরেরও তাঁহার প্রতি এত ভক্তি-শ্রনা হইল বে, তাহাদের সেবায় ও আগ্রহে খামীজীকে সময়ে সময়ে বিরক্ত হইতে হইত।

২০শে অক্টোবর। সকালে উঠিয়া খামীজীকে নুমস্কার করিলাম। এখন সাহদ বাড়িয়াছে, ভক্তিও হইয়াছে। খামীজীও অনেক বন, নদী, অরণ্যের বিবরণ আমার নিকট ভনিয়া সম্ভই হইয়াছেন; এই শহরে আজ তাঁহার চার দিন বাদ হইল। পঞ্চম দিনে তিনি বলিলেন, 'সন্ন্যাসীদের নগরে তিন দিনের বেশী ও গ্রামে এক দিনের বেশী থাকিতে নাই। আমি শীঘ্র ঘাইতে ইচ্ছা করিতেছি।' কিন্তু আমি ও-কথা কোনমতেই ভনিব না, উহা তর্ক করিয়া বুয়াইয়া দেওয়া চাই। গারে অনেক বাদাহবাদের পদ্ম বলিলেন, 'এক খানে অধিক দিন থাকিলে নায়া নমতা বাড়িয়া যায়। আমরা গৃহ ও আত্মীয় বদ্ধু ত্যাগ করিয়াছি, দেইরূপ নায়ায় মুগ্ধ হইবার বৃত উপায় আছে, তাহা হইতে দূরে থাকাই আমাদের পক্ষে ভাল।'

আমি বলিলাম, 'আপনি কথনও মুগ্ধ হইবার নন।' পরিশেষে আমার অভিশয় আগ্রহ দেখিয়া আরও হই-চার দিন থাকিতে স্বীকার করিলেন। ইতিমধ্যে আমার মনে হইল, স্বামীলী বদি সাধারণের জন্ম বক্তৃতা দেন, তাহা হইলে আমরাও তাঁহার লেকচার শুনি এবং অপর কত লোকেরও কল্যাণ হয়। আনক অহ্বোধ করিলাম, কিন্তু লেকচার দিলে হয়ডো নাময়শের ইচ্ছা হইবে, এই বলিয়া তিনি কোনমতে উহাতে স্বীকৃত হইলেন না। তবে সভায় প্রশ্নের উত্তর দান (conversational meeting) করিতে তাঁহার কোন আপত্তি নাই, এ কথা জানাইলেন।

একদিন কথাপ্রসঙ্গে স্বামীজী Pickwick Papers' হইতে ছুই-ভিন পাতা মৃথস্থ বলিলেন। আমি উহা অনেকবার পড়িয়াছি, বুঝিলাম—পুত্তকের কোন্ স্থান হইতে তিনি আবৃত্তি করিলেন। তনিয়া আমার বিশেষ আশ্চর্য বোধ হইল। ভাবিলাম, সন্ন্যাসী হইয়া সামাজিক গ্রন্থ হইতে কি করিয়া এতটা মৃথস্থ করিলেন? পূর্বে বোধ হয় অনেকবার ঐ পুত্তক পড়িয়াছিলেন। জিল্লানা করায় বলিলেন, 'ভুইবার পড়িয়াছি—একবার স্থলে পড়িবার সময় ও আন্ধ পাচ-ছয় মাস হইল আর একবার।'

অবাক্ হইয়া জিজাসা করিলাম, 'তবে কেমন করিয়া স্মরণ রহিল ? আমাদের কেন থাকে না ?'

খানীজী বলিলেন, 'একাস্ত মনে পড়া চাই; আর থাডের সারভাগ হুইতে প্রস্তুত রেভের অপচয় না করিয়া পুনরায় উহা assimilate করা চাই।'

আর একদিন স্বামীন্ত্রী মধ্যাক্তে একাকী বিছানার শুইরা একথানি পুস্তক লইরা পড়িতেছিলেন। আমি অস্ত ঘরে ছিলাম। হঠাৎ এরপ উচ্চৈঃস্বরে হাসিয়া উঠিলেন বে, আমি এ হাসির বিশেষ কোন কারণ আছে ভাবিয়া তাঁহার ঘরের দরজার নিকট আসিয়া উপস্থিত হইলাম। দেখিলাম, বিশেষ কিছু হয় নাই। তিনি বেমন বই পড়িতেছিলেন, তেমনি পড়িতেছেন।

<sup>&</sup>gt; Charles Dickens-পিখিত

প্রায় ১৫ মিনিট দাঁড়াইয়া রহিলাম, তথাপি তিনি আমায় দেখিতে পাইলেন না।
বই ছাড়া অন্ত কোন দিকে তাঁহার মন নাই। পরে আমাকে দেখিয়া ভিতরে
আসিতে বলিলেন এবং আমি কডকণ দাঁড়াইয়া আছি শুনিয়া বলিলেন,
'বখন যে কাজ করিতে হয়, তখন তাহা একমনে, একপ্রাণে—সমস্ত কমতার
সহিত করিতে হয়। গাজিপুরের পওহারী বাবা ধ্যান-জপ পূজা-পাঠ
যেমন একমনে করিতেন, তাঁহার পিতলের ঘটিট মাজাও ঠিক তেমনি একমনে
করিতেন। এমনি মাজিতেন যে, সোনার মতো দেখাইত।'

এক সময়ে আমি জিজ্ঞাসা করিলাম, 'খামীজী, চুরি করা পাপ কেন ? সকল ধর্মে চুরি করিতে নিষেধ করে কেন ? আমার মনে হয়, ইহা আমাদের, উহা অপরের—ইত্যাদি মনে করা কেবল কয়নামাত্র। কই আমায় না জানাইয়া আমার আত্মীয় বয়ু কেহ আমার কোন দ্রব্য ব্যবহার করিলে তো উহা চুরি করা হয় না। তাহার পর পশু-পক্ষী-আদি আমাদের কোন জিনিস নই করিলে তাহাকেও তো চুরি বলি না।'

খামীজী বলিলেন, 'অবশ্র সর্বাবস্থায় সকল সময়ে মন্দ এবং পাপ বলিয়া গণ্য হইতে পারে, এমন কোন জিনিস বা কার্য নাই। আবার অবস্থাভেদে প্রত্যেক জিনিস মন্দ এবং প্রত্যেক কার্যই পাপ বলিয়া গণ্য হইতে পারে। ভবে যাহাতে অপর কাহারও কোন প্রকার কট্ট উপস্থিত হয় এবং বাহা করিলে শারীরিক, মানসিক বা আধ্যাত্মিক কোন প্রকার ত্র্বলতা আসে, সে কর্ম করিবে না; উহাই পাপ, আর ভবিপরীত কর্মই পুণ্য। মনে কর, ভোমার কোন জিনিস কেছ চুরি করিলে ভোমার ত্বংথ হয় কি-না? ভোমার বেমন সমন্ত জগতেরও ভেমনি জানিবে। এই ত্ই-দিনের কগতে সামান্ত কিছুর জন্ত যদি তুমি এক প্রাণীকে ত্বংথ দিতে পারো, ভাহা হইলে ক্রমে ক্রমে ভবিত্যতে তুমি কি মন্দ কর্ম না করিতে পারিবে? আবার পাপ-পুণ্য না থাকিলে সমান্দ চলে না। সমান্দে থাকিতে হইলে ভাহার নিয়মাদি পালন করা চাই। বনে গিয়া উলক্ষ হইয়া নাচো ক্ষতি নাই—কেছ ভোমাকে কিছু বলিবে না; কিছু শহরে ঐরপ করিলে পুলিসের ধারা ধরাইয়া ভোমায় কোন নির্জন স্থানে বন্ধ করিয়া রাথাই উচিত।'

স্বামীন্দী অনেক সময় ঠাট্টা-বিজ্ঞাপের ভিতর দিয়া বিশেব শিক্ষা দিতেন। তিনি গুরু হইলেও তাঁহার কাছে বদিয়া থাকা মাস্টারের কাছে বদার মতো

ছিল না। খুব বন্ধবস চলিতেছে; বালকের মতো হাসিতে হাসিতে ঠাটার ছলে কত কথাই কহিতেছেন, সকলকে হাসাইতেছেন: আবার তথনই এমনি গম্ভীরভাবে ফটিল প্রশ্নসমূহের ব্যাখ্যা করিতে আরম্ভ করিতেন যে, উপস্থিত সকলে অবাক হইয়া ভাবিত,—ইহার ভিতর এত শক্তি! এই ভো দেখিতে-हिनाम, आमारित मरणाहे अकलन। नकन नमराहे छाँशा निकं लारक শিকা লইতে আগিত। সকল সময়েই তাঁহার ঘার অবারিত ছিল। নানা লোকে নানা ভাবেও আমিত,—কেহ বা তাঁহাকে পরীক্ষা করিতে, কেহ বা খোশগল্ল শুনিতে, কেহ বা তাঁহার নিকট আদিলে আনেক ধনী বড়-লোকের সহিত আলাপ করিতে পারিবে বলিয়া, আবার কেছ বা সংসার-তাপে অর্জনিত হইয়া তাঁহার নিকট ছুই দণ্ড জুড়াইবে এবং জ্ঞান ও ধর্ম লাভ করিবে বলিয়া। কিন্তু তাঁহার এমনি আশ্চর্য ক্ষমতা ছিল, যে যে-ভাবেই আহ্নক না কেন, তিনি তাহা তৎক্ষণাৎ বৃঝিতে পারিতেন এবং তাঁহার সহিত দেইরূপ ব্যবহার করিতেন। তাঁহার মর্মভেদী দৃষ্টির হাত হইতে কাহারও এড়াইবার वा किছু গোপন করিবার সাধ্য ছিল না। এক সময়ে কোন সম্রাভ ধনীর একমাত্র সন্তান ইউনিভার্গিটির পরীক্ষা এড়াইবে বলিয়া স্বামীজীর নিকট घन घन चानित्छ नानिन बदः नाधु रहेर्द, बहे छात প্रकान क्रिक्त नानिन। দে আবার আমার এক বন্ধুর পুত্র। আমি স্বামীজীকে জিজাগা করিলাম, 'ঐ ছেলেটি আপনার কাছে কি মতলবে এত বেশী বেশী আসে? উচাকে कि नज्ञानी श्रेष्ठ উপদেশ দিবেন ? উহার বাপ আমার একজন বন্ধু।

স্বামীজী বলিলেন, 'উহার পরীক্ষা কাছে, পরীক্ষা দিবার ভরে দাধু হইবার ইচ্ছা। আমি উহাকে বলিয়াছি, এম্-এ. পাদ করিয়া দাধু হইতে আদিও; বরং এম্-এ. পাদ করা দহজ, কিন্তু দাধু হওয়া ভদপেকা কঠিন।'

খামীর্জী আমার বাদায় ষতদিন ছিলেন, প্রত্যেক দিন সন্ধার দময় তাঁহার কথোপকথন শুনিতে বেন দভা বদিয়া বাইজ, এতই অধিক লোকসমাগম হইজ। ঐ দময় এক দিন আমার বাদায় একটি চন্দনগাছের তলায় তাকিয়া ঠেদ দিয়া বদিয়া ভিনি যে কথাগুলি বলিয়াছিলেন, অন্মেও ভাহা জুলিতে পারিব না। দে প্রসন্দের উথাপনে অনেক কথা বলিতে হইবে।…

কিছু পূর্ব হইতে আমার ত্রীর ইচ্ছা হয়, গুরুর নিকট মন্ত্র-দীকা গ্রহণ করে। আমার তাহাতে আপত্তি ছিল না। তবে আমি তাহাকে বলিয়া- ছিলাম, 'এমন লোককে গুলু করিও, বাঁহাকে আমিও ভজ্জি করিতে পারি। গুলু বাড়ি চুকিলেই বলি আমার ভাবান্তর হয়, তাহা হইলে তোমার কিছুই আমল বা উপকার হইবে না। কোন সংপ্রবকে বলি গুলুরপে পাই, তাহা হইলে উভয়ে মন্ত্র করে। বামীজীর আগমনে তাহাকে জিজাসা করিলাম, 'এই সন্ন্যাসী বলি তোমার গুলু হন, তাহা হইলে তুমি শিল্পা হইতে ইচ্ছা কর কি ?' সেও সাগ্রহে বলিল, 'উনি কি গুলু হইবেন ? হুইলে তো আমরা কুতার্থ হই।'

খানীজীকে একদিন ভয়ে ভয়ে জিজাসা করিলান, 'থানীজী, আমার একটি প্রার্থনা পূর্ণ করিবেন?' খানীজী প্রার্থনা জানাইবার আদেশ করিলে আমাদের উভয়কে দীক্ষা দিবার জন্ম তাঁহাকে অহুরোধ করিলান। তিনি বলিলেন, 'গৃহস্থের পক্ষে গৃহস্থ গুরুই ভাল।' গুরু হওরা বড় কঠিন, লিগ্রের সমস্ত ভার গ্রহণ করিছে হয়, দীক্ষার পূর্বে গুরুর সহিত শিল্পের অস্ততঃ তিনবার সাক্ষাৎ হওয়া আবশ্রক—প্রভৃতি নানা কথা কহিয়া আমায় নিরগু করিবার চেটা করিলেন। বখন দেখিলেন, আমি কোনপ্রকারে ছাড়িবার নহি, তখন অগতাা খীকার করিলেন এবং ২৫শে অক্টোবর, ১৮৯২ আমাদের দীক্ষাপ্রদান করিলেন। এখন আমার ভারি ইচ্ছা হইল, খামীজীর ফটো তুলিয়া লই। তিনি সহজে খীরুত হইলেন না। পরে অনেক বাদায়্রাদের পর আমার অভ্যন্ত আগ্রহ দেখিয়া ২৮শে তারিখে ফটো তোলাইডে সম্বত হইলেন এবং ফটো লওয়া হইল। ইভঃপূর্বে তিনি এক ব্যক্তির আগ্রহসন্থেও ফটো তুলিডে দেন নাই বলিয়া হই কণি ফটো তাহাকে পাঠাইয়া দিবার কথা আমাকে বলিলেন। আমিও সে কথা সানন্দে খীকার করিলাম।

একদিন খামীজী বলিলেন, 'ডোমার সহিত অদলে তাঁবু থাটাইয়া আমার কিছুদিন থাকিবার ইচ্ছা। কিছু চিকাগোয় ধর্মসভা হইবে, বদি ভাহাতে যাইবার স্থবিধা হয় ভো সেথানে বাইব।' আমি চাঁদার লিন্ট করিয়া টাকা-সংগ্রহের প্রভাব করায় ডিনি কি ভাবিয়া খীকার করিলেন না। এই সময় খামীজীর ব্রভই ছিল, টাকাকড়ি স্পর্শ বা গ্রহণ করিবেন না। আমি অনেক অম্বোধ করিয়া তাঁহার মারহাটি জুতার পরিবর্তে এক জোড়া জুতা ও একগাছি বেভের ছড়ি দিয়াছিলাম। ইভঃপূর্বে কোলাপ্রের বানী অনেক অম্বোধ করিয়াও খামীজীকে কিছুই গ্রহণ করাইতে না পারিয়া।

ব্দবদেবে ত্ইবানি গেলয়া বস্ত্র পাঠাইয়া দেন। স্বামীজীও গেলয়া তুইবানি গ্রহণ করিয়া বে বস্ত্রগুলি পরিধান করিয়াছিলেন, দেগুলি সেইধানেই ত্যাগ করেন এবং বলেন, সন্থাসীর বোঝা বত কম হয় ওডই ভাল।

ইতঃপূর্বে আমি ভগবদ্গীতা অনেক বার পড়িতে চেটা করিরাছিলাম, কিছ ব্রিছে না পারায় পরিশেষে উছাতে ব্রিবার বড় কিছু নাই মনে করিয়া ছাড়িয়া দিয়াছিলাম। আমীজী গীতা লইয়া আমাদিগকে এক দিন ব্ঝাইডে লাগিলেন। তথন দেখিলাম, উছা কি অভুত গ্রন্থ! গীতার মর্ম গ্রহণ করিতে তাঁহার নিকটে যেমন শিধিয়াছিলাম, তেমনি আবার অক্তদিকে জুল ভার্ন (Jules Verne)-এর Scientific Novels এবং কার্লাইল (Carlyle)-এর Sartor Resartus তাঁহার নিকটেই পড়িতে শিধি।

ভধন খান্থ্যের জন্ম ঔষধাদি অনেক ব্যবহার করিতাম। সে কথা জানিতে পারিয়া একদিন ভিনি বলিলেন, 'যখন দেখিবে কোন রোগ এত প্রবল হইয়াছে বে, শ্যাশায়ী করিয়াছে আর উঠিবার শক্তি নাই, তথনই ঔষধ খাইবে, নতুবা নহে। Nervous debility (সায়বিক ছুর্বলতা) প্রভৃতি রোগের শতকরা ৯০টা কাল্লনিক। ঐ-সকল রোগের হাত হইতে ভাজ্ঞারেরা যত লোককে বাঁচান, তার চাইতে বেশী লোককে মারেন। আর ওরূপ সর্বদা বোগে রোগ করিয়াই বা কি হইবে? যত দিন বাঁচো আনন্দে কাটাও। তবে বে আনন্দে একবার সন্ধাপ আসিয়াছে, তাহা আর করিও না। তোমার আমার মতো একটা মরিলে পৃথিবীও আপনার কেন্দ্র হুইতে দুরে খাইবে না, বা জগভের কোন বিষয়ের কিছু ব্যাঘাত হুইবে না।'

এই সময়ে আবার অনেক কারণ বশতঃ উপরিস্থ কর্মচারী সাহেবদের সহিত আমার বড় একটা বনিত না। তাঁহারা সামান্ত কিছু বলিলে আমার মাথা গরম হইয়া উঠিত এবং এমন ভাল চাকরি পাইয়াও একদিনের জন্ত স্থী হই নাই। তাঁহাকে এ-সমন্ত কথা বলায় তিনি বলিলেন, 'কিসের জন্ত চাকরি করিতেছ? বেডনের জন্ত তো? বেডন তো মাসে মাসে ঠিক পাইতেছ, তবে কেন মনে কট পাও? আর ইচ্ছা হইলে বখন চাকরি ছাড়িয়া দিতে পারো, কেহ বাঁধিয়া রাখে নাই, তখন বিষম বন্ধনে পড়িয়াছি ভাবিয়া ছুংখের সংসাবে আরও ছুংখ বাড়াও কেন? আর এক কথা, বলো দেবি মাহার জন্ত বেডন পাইতেছ,

আফিসের সেই কাজগুলি করিয়া দেওরা ছাড়া ডোমার উপরওয়ালা সাহেবদের সন্ধাই করিবার জন্ত কথনও কিছু করিয়াছ কি? কথনও সেজগু চেটা কর নাই, জখচ তাহারা ডোমার প্রতি সন্ধাই নহে বলিয়া তাহাদের উপর বিরক্ত! ইহা কি বুছিমানের কাজ? জানিও, আমরা অল্যের উপর হাদেরে যে ভাব রাখি, তাহাই কাজে প্রকাশ পায়; আর প্রকাশ না করিলেও তাহাদের ভিতরে আমাদের উপর ঠিক সেই ভাবের উদয় হয়। আমাদের ভিতরকার ছবিই জগতে প্রকাশ রহিয়াছে—আমরা দেখি। আপ্ ভালা তো জগৎ ভালা—এ-কথা বে কতদ্র সত্য কেহই জানে না। আজ হাতে মন্দটি দেখা একেবারে ছাড়িয়া দিতে চেটা কর। দেখিবে, যে পরিমাণে ভূমি উহা করিতে পারিবে, সেই পরিমাণে তাহাদের ভিতরের ভাব এবং কার্যন্ত পরিবিতিত হইয়াছে।' বলা বাছল্য, সেই দিন হইতে আমার ঔষধ খাইবার বাতিক দ্র হইল এবং অপরের উপর দোবদৃষ্টি ত্যাগ করিতে চেটা করায় ক্রমে জীবনের একটা নৃতন পুটা খুলিয়া গেল।

একবার স্বামীকীর নিকট ভালই বা কি এবং মন্দই বা কি—এই বিষয়ে প্রশ্ন উপস্থিত করায় তিনি বলিলেন, 'বাহা অভীষ্ট কার্যের সাধনভূত ভাহাই ভাল; আর বাহা ভাহার প্রতিরোধক ভাহাই মন্দ। ভাল-মন্দের বিচার আমরা আয়গা উচ্-নিচ্-বিচারের ক্রায় করিয়া থাকি। যত উপরে উঠিবে তত ত্ই-ই এক হইয়া বাইবে। চল্লে পাহাড় ও সমতল আছে—বলে, কিন্তু আমরা সব এক দেখি, সেইরুপ।' স্বামীজীর এই এক অসাধারণ শক্তি ছিল—বে বাহা কিছু জিল্পাসা করুক না কেন, তাহার উপযুক্ত উত্তর তৎক্ষণাৎ ভাহার ভিতর হইতে এমন বোগাইত বে, মনের সন্দেহ একেবারে দ্র হইয়া বাইত।

আর একদিনের কথা—কলিকাতায় একটি লোক অনাহারে মারা গিয়াছে, খবরের কাগজে এই কথা পড়িয়া আমীজী এত হুংখিত হইয়াছিলেন খে, তাহা বলিবার নহে। বার বার বলিতে লাগিলেন, এইবার বা দেশটা উৎসম যায়! কেন—জিজ্ঞাসা করায় বলিলেন: দেখিতেছ না, অক্সান্ত দেশে কত poor-house, work-house, charity fund প্রভৃতি সংস্কেও শত শত লোক প্রতিবংসর অনাহারে মরে, খবরের কাগজে দেখিতে পাওয়া যায়। আমাদের দেশে কিন্তু এক মৃষ্টিভিকার পন্ধতি থাকায় অনাহারে লোক

মরিতে কথন শোনা যায় নাই। আমি এই প্রথম কাগজে এ কথা পঞ্জিলাম যে, তুর্ভিক্ষ ভিন্ন অক্ত সময়ে কলিকাভায় অনাহায়ে লোক মরে।

ইংবেজী শিক্ষার কুপায় আমি ছুই চারি পয়সা ভিকুককে দান ক্রাটা অপব্যয় মনে করিতাম। মনে হইছে, এক্সপে বংশামান্ত বাহা কিছু দান করা যায়, তাহাতে তাহাদের কোন উপকার তো হয়ই না. বরং বিনা পরিশ্রমে পয়সা পাইয়া, তাহা মদ-গাঁজায় ধরচ করিয়া তাহার। আরও অধংপাতে বায়। লাভের মধ্যে লাভার কিছু মিছে খবচ বাভিয়া যায়। সেঞ্জ আমার মনে হইত, লোককে কিছু কিছু দেওয়া অপেকা একজনকে বেশী দেওয়া ভাল। খামীজীকে জিজাসা করায় তিনি বলিলেন: ভিগারী আসিলে যদি শক্তি থাকে তো বাহা হয় কিছু দেওয়া ভাল। দেবে তো ছ-একটি পয়সা; দেজত तम कित्म थत्र कितित्, महाञ्च इहेत्व कि व्यथतात्र हहेत्व, अ-मद नहेत्र। अठ মাধা ঘামাইবার দরকার কি ? আর সত্যই বদি সেই পরসা গাঁদা ধাইয়া উড়ায়, তাহা হইলেও তাহাকে দেওয়ায় সমাজের লাভ বই লোকসান নাই। কেন না, ভোমার মতো লোকেরা তাহাকে দলা করিলা কিছু কিছু না দিলে तम छेश তোমাদের নিকট হইতে চুরি করিয়া লইবে। তাহা অপেকা ছই পয়সা ভিকা করিয়া গাঁজা টানিয়া সে চুপ করিয়া বদিয়া থাকে, তাহা কি ডোমাদেরই ভাগ নহে? অতএব ঐ-প্রকার দানেও সমাদের উপকার বই অপকার নাই।

প্রথম হইতেই স্বামীজীকে বাল্যবিবাহের উপর ভারি চটা দেখিয়াছি।
পর্বদাই দকল লোককে বিশেষতঃ বালকদের সাহস বাঁধিয়া সমাজের এই
কলকের বিপক্ষে দাঁড়াইতে এবং উত্যোগী হইতে উপদেশ দিতেন। স্বদেশের
প্রতি এরুণ অহ্বর্যাও কোন মাহ্মবের দেখি নাই। পাশ্চাত্য দেশ হইতে
ফিরিবার পর বাঁহারা স্বামীজীর প্রথম দর্শন পাইয়াছেন, তাঁহারা জানেন
না—সেধানে বাইবার পূর্বে তিনি সয়্যাস-আশ্রমের কঠোর নিয়মাদি পালন
করিয়া, কাঞ্চনমাত্র স্পর্শ না করিয়া কতকাল ভারতবর্বের সমস্ত প্রদেশে
শ্রমণ করিয়া বেড়াইতেন। তাঁহার মতো শক্তিমান্ প্রক্রের এত বাঁধাবাঁধি
নিয়মাদির স্বাবন্তক নাই—কোন লোক এক বার এই কথা বলায় তিনি
বলেন: দেখ, মন বেটা বড় পাগল—বোর মাতাল, চুপ ক'রে কখনই থাকে
না, একটু সময় পেলেই স্বাপনার পথে টেনে নিয়ে বাবে। সেই জন্ত সকলেরই

বাধাবাধি নিয়মের ভিতবে থাকা আবশুক। সন্ন্যাসীরও সেই মনের উপর ধথল রাখিবার জন্ম নিয়মে চলিতে হয়। সকলেই মনে করেন, মনের উপর ভাঁহাদের থ্ব দখল আছে; তবে ইচ্ছা করিয়া কখন একটু আলগা দেন মাত্র। কিন্তু কাহার কডটা দখল হইয়াছে, ভাহা একবার ধ্যান করিছে বিদলেই টের পাওয়া বায়। এক বিষয়ের উপর চিন্তা করিব মনে করিয়া বসিলে দশ মিনিটও ঐ বিষয়ে একজনে মন স্থির রাখা যায় না। প্রত্যেকেই মনে করেন, তিনি জৈণ নন, তবে আদর করিয়া স্ত্রীকে আধিপত্য করিতে দেন মাত্র। মনকে বলে রাখিয়াছি মনে করাটা ঠিক ঐ রক্ষ। মনকে বিশাস করিয়া কখন নিশ্চিত্ত থাকিও না।

একদিন কথাপ্রদক্ষে বলিলাম—খামীজী, দেখিতেছি ধর্ম ঠিক ঠিক বুঝিতে হইলে অনেক লেখাপড়া জানা আবক্তক।

তিনি বলিলেন: নিজে ধর্ম ব্ঝিবার জন্ত লেখাপড়ার আবশ্রক নাই। কিছ অন্তকে ব্যাইতে হইলে উহার বিশেষ আবশ্রক। পরমহংস রামকৃষ্ণদেব 'রামকেষ্ট' বলিয়া সহি করিতেন, কিছ ধর্মের সারতত্ব তাঁহা অপেকা কে ব্ঝিয়াছিল?

আমার বিশাদ ছিল, দাধু-দর্মাদীর সুলকায় ও দলা দ্বন্ধটিত হওয়া অদন্তব। একদিন হাদিতে হাদিতে তাঁহার দিকে কটাক্ষ করিয়া ঐ কথা বলার তিনিও বিদ্রাপচ্চলে উত্তর করিলেন: ইহাই আমার Famine Insurance Fund—যদি পাঁচ-দাত দিন খাইতে না পাই, তবু আমার চর্বি আমাকে জীবিত রাখিবে। তোমরা একদিন না খাইলেই দব অন্ধকার দেখিবে। আর বে ধর্ম মাহ্যকে স্থী করে না, তাহা বাত্তবিক ধর্ম নহে, dyspepsia ( অন্তার্ণতা )-প্রস্ত রোগবিশেষ বলিয়া জানিও।

খামীজী দদীত-বিভার বিশেষ পারদর্শী ছিলেন। একদিন একটি গান আরম্ভও করিয়াছিলেন, কিছু আমি 'ও বদে বঞ্চিত গোবিন্দদান'; তারপর শুনিবার আমার অবদরই বা কোথার? তাঁহার কথা ও গরই আমাদিগকে মোহিত করিয়াছিল।

আধুনিক পাশ্চাত্য বিজ্ঞানের সকল বিভাগেই, বধা—Chemistry, Physics, Geology, Astronomy, Mixed Mathematics প্রভৃতিতে তাঁহার বিশেষ দখল ছিল এবং তৎসংক্রাম্ভ সকল প্রশ্নই শতি সরল ভাষায় চুই- চারি কথার ব্ঝাইরা দিতেন। আবার ধর্যবিষয়ক মীমাংসাও পাশ্চান্ত্য বিজ্ঞানের সাহাধ্যে ও দৃষ্টান্তে বিশদভাবে ব্ঝাইতে এবং ধর্ম ও বিজ্ঞানের কে একই লক্ষ্য—একই দিকে গতি, তাহা দেখাইতে তাঁহার স্কায় ক্ষমতা আরু কাহারও দেখি নাই।

লছা, মবিচ প্রাকৃতি তীক্ষ ক্রব্য তাঁহার বড় প্রিয় ছিল। কারণ জিল্ঞাসায় একদিন বলিয়াছিলেন: পর্বটনকালে সন্মানীদের দেশ-বিদেশের নানাপ্রকাক দ্বিত জল পান করিতে হয়; তাহাতে শরীর থারাপ করে। এই দোব-নিবারণের জন্ম তাহাদের মধ্যে অনেকেই গাঁজা, চরদ প্রভৃতি নেশা করিয়া থাকে। আমিও সেইজন্ম এত লহা থাই।

রাজোয়ারা ও থেডড়ির রাজা, কোলাপুরের ছত্ত্বপতি ও দাক্ষিণাত্যের অনেক রাজা-রাজড়া তাঁহাকে বিশেব ভক্তি করিতেন; তাঁহাদেরও তিনি অত্যস্ত ভালবাদিতেন। অদামান্ত ত্যাগী হইয়া রাজা-রাজড়ার দহিত অত মেশামেশি তিনি কেন করেন, এ-কথা অনেকেরই হদমক্ষম হইত না। কোন কোন নির্বোধ লোক এ-জন্ত তাঁহাকে কটাক্ষ করিতেও ছাড়িত না।

কারণ জিজ্ঞাসায় একদিন বলিলেন: হাজার হাজার দরিস্ত লোককে উপদেশ দিয়া সংকার্য করাইতে পারিলে বে ফল হইবে, একজন শ্রীনান্ রাজাকে সেইদিকে আনিতে পারিলে তদপেক্ষা কত অধিক ফল হইবে। ভাবো দেখি! গরীব প্রজার ইচ্ছা হইলেও সংকার্য করিবার ক্ষমতা কোথায়? কিন্তু রাজার হাতে সহস্র সহস্র প্রজার মললবিধানের ক্ষমতা পূর্ব, হইতেই রহিয়াছে, কেবল উহা করিবার ইচ্ছা নাই। সেই ইচ্ছা যদি কোনরূপে তাহার ভিতর একবার জাগাইরা দিতে পারি, তাহা হইলে তাহার দক্ষে সঙ্গে তাহার অধীন সকল প্রজার অবস্থা ফিরিয়া যাইবে এবং জগতের কত বেশী কল্যাণ হইবে।

বাগ্বিতপ্তায় ধর্ম নাই, ধর্ম অহতব-প্রত্যক্ষের বিষয়, এই কথাটি ব্রাইবার ক্ষয় তিনি কথায় কথায় বলিতেন: Test of pudding lies in eating, অহতব কর; তাহা না হইলে কিছুই ব্ঝিবে না। তিনি কণট সন্ন্যাসীদের উপর অত্যন্ত বিরক্ত ছিলেন। বলিতেন, ঘরে থাকিয়া মনের উপর অধিকার হাপন করিয়া তবে বাহিরে যাওয়া ভাল; নত্বা নবাহ্যবাগটুকু কমিবার পদ্ধ প্রায় গাঁভাথোর সন্যাসীদের দলে মিশিয়া পড়িতে হয়।

আমি বলিলাম, কিন্তু বরে থাকিয়া সেটি হওৱা যে অভ্যন্ত কঠিন;
সর্বভূতকে লমান চোথে দেখা, রাগ-ঘেব ভ্যাগ করা প্রভৃতি বে-সকল কাজ
ধর্মলাভের প্রধান সহায়—আগনি বাহা বলেন, ভাহা বদি আমি আজ হইতে
আহ্নান করিতে থাকি, তবে কাল হইতে আমার চাকর ও অধীন কর্মচারিগ
ধ্বং দেশের লোকেও আমাকে এক দও শান্তিতে থাকিতে দিবে না।

উত্তরে তিনি পরমহংদ শ্রীরামক্ষদেবের দর্প ও দ্র্যাদীর গল্পটি বলিরা বলিলেন: কথন কোঁদ ছেড়োনা, আর কর্তব্য পালন করিছেছ মনে করিয়া দকল কর্ম করিও। কেহু দোব করে, দও দিবে; কিন্তু দও দিতে গিরা কথন রাগ করিও না। পরে পূর্বের প্রদল্প পুমরায় উঠাইয়া বলিলেন:

এক সময়ে আমি এক তীর্বস্থানের প্লিস ইন্স্পেস্টরের অভিথি হইয়াছিলাম; লোকটির বেশ ধর্মজ্ঞান ও ভক্তি ছিল। তাঁহার বেতন ১২৫ টাকা,
কিন্তু দেখিলাম, তাঁহার বাদার ধরচ মাদে তুই-ভিন শত টাকা হইবে।
যথন বেশী জানাভনা হইল, জিজ্ঞালা করিলাম, 'আগনার তো জার অপেকা
থরচ বেশী দেখিতেছি—চলে কিরুণে ?' তিনি ঈষৎ হাস্ত করিয়া বলিলেন,
'আগনারাই চালান। এই ভীর্থস্থলে বে-সকল লাধু-লয়ালী জাসেন, তাঁহামের
ভিতরে সকলেই কিছু আগনার মতো নন। সন্দেহ হইলে তাঁহামের নিকট
কি আছে না আছে, তল্লাস করিয়া থাকি। অনেকের নিকট প্রচুর টাকাকড়ি বাহির হয়। যাহাদিগকে চোর সন্দেহ করি, ভাহারা টাকাকড়ি
ফেলিয়া পালায়, আর আমি সেই সমন্ত আজ্মাৎ করি। অপর মুব্যাস
কিছু লই না।'

খামীজীর সহিত একদিন 'অনন্ত' (Infinity) সহছে কথাবার্তা হয়।
সেই কথাটি বড়ই জ্লর ও সভ্য; তিনি বলিলেন, 'There can be no
two infinities.' আমি সময় অনন্ত (time is infinite) ও আকাশ
অনন্ত (space is infinite) বলায় তিনি বলেন: আকাশ অনন্তটা বৃদ্ধিলাম,
কিন্তু সময় অনন্তটা বৃদ্ধিলাম না। বাহা হউক, একটা পদার্থ অনন্ত, এ
কথা বৃদ্ধি, কিন্ত চুইটা জিনিস অনন্ত হইলে কোন্টা কোথায় থাকে? আয়
একটু এগোও, দেখিবে—সময়ও বাহা, আকাশও ভাহাই; আয়ও অগ্রসর
হইয়া বৃদ্ধিবে, সকল পদার্থই অনন্ত, এবং সেইসকল অনন্ত পদার্থ একটা বই
ছইটা দশটা নয়।

এইরূপে স্বামীজীর পদার্পণে ২৬শে অক্টোবর পর্যন্ত স্থামার বাসায় স্থানদের প্রোত বহিয়াছিল। ২৭শে তারিথে বলিলেন, 'স্থার থাকিব নাঃ রামেশর বাইব মনে করিয়া স্থানক দিন হইল এই দিকে চলিতেছি। বদি এই ভাবে স্থাসর হই, তাহা হইলে এ জনমে স্থার রামেশর পৌছানো হইবে না।' স্থামি স্থানক স্থাহরোধ করিয়াও স্থার রাখিতে পারিলাম না। ২৭শে স্থানীর মেল ট্রেনে, তিনি মর্মাগোয়া যাত্রা করিবেন, স্থির হইল। এই স্পন্থ সময়ের মধ্যে তিনি কত লোককে মোহিত করিয়াছিলেন, তাহা বলা যায় না। টিকিট কিনিয়া তাহাকে গাড়িতে বসাইয়া স্থামি সাইাছে প্রণাম করিলাম ও বলিলাম, 'স্থামীজী, জীবনে আল পর্যন্ত কাহাকেও আন্থরিক ভক্তির গহিত প্রণাম করি নাই, স্থাক স্থাপনাকে প্রণাম করিয়া কৃতার্থ হইলাম।'

খামীজীর সহিত খামার তিনবার মাত্র দেখা হয়। প্রথম—খামেরিকা বাইবার পূর্বে; সে-বারকার দেখার কথা খনেকটা বলিলাম। দিতীয়—যখন ডিনি দিতীয়বার বিলাভ এবং খামেরিকা বাত্রা করেন ভাহার কিছু পূর্বে। ভূতীয় এবং শেষবার দেখা হয় ভাঁছার দেহত্যাগের ছয়-সাত মাস পূর্বে। এই কয়বারে ভাঁহার নিকট বাহা কিছু শিক্ষা করিয়াছিলাম, ভাহার খাডোণাস্ভ বিবরণ দেওয়া খাসভব। বাহা মনে খাছে, ভাহার ভিডর সাধারণ-পাঠকের উপযোগী বিষয়গুলি জানাইতে চেটা করিব।

বিলাভ হইতে ফিরিয়া আদিয়াই তিনি ছিলুদিগের জাতি-বিচার সম্বন্ধে ও কোন কোন সম্প্রদায়ের ব্যবহারের উপর তীত্র কটাক্ষ করিয়া যে বক্তৃতাগুলি মাঝাজে দিয়াছিলেন, তাহা পাঠ করিয়া আমি মনে করিয়াছিলাম, খামীজীর ভাষাটা একটু বেশী কড়া হইয়াছে। তাঁহার নিকট সে কথা প্রকাশও করিয়াছিলাম। ওনিয়া তিনি বলিলেন: বাহা কিছু বলিয়াছি, সমস্ত স্তা। আর বাহাদের সম্বন্ধ এক্রপ ভাষা ব্যবহার করিয়াছি, তাঁহাদের কার্বের তুলনায় উহা বিলুমাঞ্জ অবিক কড়া নহে। সভ্য কথার সন্ধোচ বা গোপন করার তো কোন কারণ দেখি না; তবে এক্রপ কার্বের এক্রপ সমালোচনা করিয়াছি বলিয়া মনে করিও না বে, তাঁহাদের উপর আমার রাগ ছিল বা আছে, অথবা কেছ কেছ বেমন ভাবিয়া থাকেন, কর্তব্যবোধে বাহা করিয়াছি, ভাছার জন্ত এখন আমি চ্বংখিত। ও-কথার একটাও সত্য নহে। আমি রাগিয়াও ঐ কাজ করি নাই এবং করিয়াছি বলিয়াও চ্বংখিত নহি। এখনও বলি এক্লণ কোন অপ্রির কার্য করা কর্তব্য বলিয়া বোধ হয়, তাহা হইলে এখনও এক্লণ নিঃসংহাচে উহা নিশ্য করিব।

ভণ্ড সন্নাসীদের সম্বদ্ধে আর একদিন কথা উঠার বলিলেন: অবশ্র অনেক বদমারেদ লোক ওরারেণ্টের ভরে কিংবা উৎকট ছন্দর্ম করিয়া লুকাইবার জন্ত সন্নাসীর বেশে বেড়ার সত্য; কিন্তু ভোমাদেরও একটু দোষ আছে। ভোমরা মনে কর, কেহ সন্নাসী হইলেই ভাহার ঈশবের মতো ত্রিগুণাভীত হওয়া চাই। সে পেট ভরিয়া ভাল থাইলে দোষ, বিছানার শুইলে দোষ, এমন কি, জুতা বা ছাতি পর্যন্ত ভাহার ব্যবহার করার জো নাই। কেন, ভাহারাও ভো মান্ত্র, ভোমাদের মতে পূর্ণ পরমহংস না হইলে ভাহার আর গেরুয়া বস্ত্র পরিবার অধিকার নাই—ইহা ভূল। এক সময়ে আমার একটি সন্নাসীর সহিত আলাপ হয়। তাঁহার ভাল পোলাকের উপর ভারি ঝোঁক। ভোমরা তাঁহাকে দেখিলে নিশ্চরই ঘোর বিলাসী মনে করিবে। কিন্তু বান্তবিক ভিনি বর্ণার্থ সন্ন্যাসী।

খানীজী বলিতেন: দেশ-কাল-পাত্র-ভেদে মানসিক ভাব ও অহুভবের অনেক তারতম্য হয়। ধর্ম সহদ্ধেও সেইরুণ। প্রত্যেক মাহুবেরই আবার একটা-না-একটা বিষয়ে বেশী বেঁকি দেখিতে পাওয়া যায়। জগতের সকলেই আপনাকে বেশী বৃদ্ধিমান্ মনে করে। তাহাতে ক্ষতি নাই। কিন্তু আমিই কেবল বৃদ্ধি, অল্পে বৃন্ধে না, ইহাডেই বত গওগোল উপস্থিত হয়। সকলেই চায়, প্রত্যেক বিষয়টা অপর সকলে ভাহারই মতো দেখুক ও বৃন্ধক। সে বেটা সত্য বৃদ্ধিয়াছে বা যাহা জানিয়াছে, তাহা ছাড়া আরু কোন সত্য থাকিতে পারে না। সাংসারিক বিষয়েই হউক বা ধর্ময়েদ্ধীয় কোন বিষয়েই হউক, ও-রূপ ভাব কোনসতে মনে আসিতে দেওয়া উচিত নয়।

জগতের কোন বিষয়েই সকলের উপর এক আইন থাটে না। দেশ-কাল-পাত্ত-ভেদে নীতি, এবং সৌন্দর্যবোধও বিভিন্ন দেখা বায়। ভিবত-দেশে এক ত্বীলোকের বহু পতি থাকার প্রথাপ্রচলিত আছে। হিমালয়-প্রসণকালে আমার ঐক্নপ একটি ভিব্বতীয় পরিবারের সহিত সাক্ষাৎ হইয়াছিল। ঐ পরিবারে হয়জন পুরুষ এবং ঐ ছয়জনের একটি স্ত্রী ছিল। ক্রমে পরিচয়ের গায়তা ছবিলে আমি একদিন তাহাদের ঐ কুপ্রধা সম্বন্ধে বলায় তাহার। বিষক্ত হইরা বলিরাছিল, 'তুমি সাধু সন্থানী হইনা লোককে স্বার্থপরতা শিধাইতে চাহিতেছ? এটি আমারই উপভোগ্য, অঞ্চের নয়—এরপ ভাবা কি অন্তান্ধ নহে?' আমি তো শুনিয়া অবাক!

নাসিকা এবং পায়ের থবঁতা লইয়াই চীনের সৌনর্থ-বিচার, এ-কথা সকলেবই জানা আছে। আহারাদি সম্বন্ধেও ঐরপ। ইংরেজ আমাদের মতো হ্বাসিত চাউলের অন্ন ভালবাসে না। এক সময়ে কোন স্থানের জজ-সাহেবের জন্তন্ত বদলি হওয়ায় তথাকার কতকগুলি উকিল যোক্তার তাহার সম্থানার্থ উত্তম সিধা পাঠাইয়াছিলেন। ভাহার মধ্যে কয়েক সের হ্বাসিত চাউল ছিল। জজ-সাহেব হ্বাসিত চাউলের ভাত থাইয়া উহা পচা চাউল মনে করেন এবং উকিলদের সহিত সাক্ষাৎ হইলে বলেন, 'You ought not to have given me rotten rice.'—তোমাদের পচা চালগুলি আমাকে দেওয়া ভাল হয় নাই।

কোন এক সময়ে টেনে বাইভেছিলাম, সেই কামরায় চার-পাঁচটি নাহেব ছিলেন। কথাপ্রদক্ষে তামাকের বিষয়ে আমি বলিলাম, 'স্থানিত গুডুক তামাক জলপূর্ণ হুঁকায় ব্যবহার করাই তামাকু-সেবনের শ্রেষ্ঠ উপভোগ।' আমার নিকট খ্ব ভাল তামাক ছিল, তাঁহাদিগকে উহা দেখিতেও দিলাম। তাঁহারা আত্রাণ লইয়াই বলিলেন, 'এ তো অতি হুর্গন্ধ! ইহাকে তুমি স্থান্ধ বলো ?' এইরূপে গন্ধ, আস্বাদ, সৌন্দর্ব প্রভৃতি সকল বিষয়েই সমান্ধ-দেশ-কালভেদে ভিন্ন ভিন্ন মত।

ষামীন্দীর পূর্বোক্ত কথাগুলি হৃদয়দম করিতে আমার বিলম্ব হয় নাই। আমার মনে হইল, পূর্বে শিকার করা আমার কড প্রিয় ছিল। কোন পশুপকী দেখিলে কডকণে উহাকে মারিব, এই জন্ম প্রাণ ছটফট করিত। মারিতে না পারিলে অভ্যন্ত কট্ট বোধ হইত। এখন ও-রূপ প্রাণিবধ একেবারেই ভাল লাগে না। স্ক্তরাং কোন জিনিদটা ভাল লাগা বা মন্দ লাগা কেবল অভ্যানের কাজ।

আপনার মত বজার রাধিতে প্রত্যেক মাহবেরই একটা বিশেষ জিদ দেখা বার। ধর্মমত সম্বন্ধে আবার উহার বিশেষ প্রকাশ। স্বামীজী ঐ সমক্ষে একটি গল্প বলিতেন: এক সময়ে একটি কুল বাজা কর করিবার লক্ষ্প অন্ত এক বাজা সদলবলে উপস্থিত হইলেন। কাজেই শক্ষর হাত হইতে কিরণে বলাণাওয়া বায় স্থির করিবার জন্ত সেই বাজ্যে এক মহা সভা আহত হইল। সভায় ইঞ্জিনিয়র, প্রেধর, চর্মকার, কর্মকার, উকিল, প্রোহিত প্রভৃতি সভাসদ্গণ উপস্থিত হইলেন। ইঞ্জিনিয়র বলিলেন, 'লহরের চারিদিকে বেড় দিয়া এক রহৎ খাল খনন কর।' প্রেধর বলিল, 'কাঠের দেওয়াল দেওয়া বাক।' চামার বলিল, 'চামড়ার মতো মজবুত কিছুই নাই; চামড়ার বেড়া লাও।' কামার বলিল, 'ও-সব কাজের কথা নয়; লোহার দেওয়ালই ভাল, ভেদ করিয়া গুলিগোলা আদিতে পারিবে না।' উকিল বলিলেন, 'কিছুই করিবার দরকার নাই; আমাদের রাজ্য লইবার শক্রদের কোন অধিকার নাই—এই কথাটি তাহাদের তর্কযুক্তি হারা বুঝাইয়া দেওয়া বাউক।' পুরোহিত বলিলেন, 'ডোমরা সকলেই বাত্লের মতো প্রলাপ বকিতেছে। হোম যাগ কর, স্বন্ধায়ন কর, তুলসী দাও, শক্ষরা কিছুই করিতে পারিবে না।' এইরপে রাজ্য বাঁচাইবার কোন উপায় স্থির না করিয়া তাহারা নিজ নিজ মত লইয়া নহা হলসুল তর্ক আরম্ভ করিল। এই রক্ষ করাই মাছবের স্বভার।

গলটি শুনিয়া আমারও মাহ্যের মনের একবেরে ঝোঁক সম্বন্ধে একটি কথা মনে পড়িল, স্বামীজীকে বলিলাম, 'রামীজী, <u>আমি ছেলেবেলায়ু</u> পাগলের সহিত <u>আলাপ করিতে বড় ভালরালি</u>ডাম। এ<u>কদিন একটি পাগলে দিখিলাম বেশ বৃদ্ধিমান, ইংরেজীও একটু-আগটু স্থানে; তার চাই কেবল জল থাওয়া! সলে একটি ভালা ঘট। বেগানে জল পার, থাল হউক, হোউজ হউক, নৃতন একটা জলের জায়গা দেখিলেই সেথানকার জল পান করিত। আমি তাহাকে এত জল থাবার কারণ জিলামায় সে বলিল, 'Nothing like water, sir!'—জলের মতো কোন জিনিসই নেই, মোলাই! তাহাকে আমি একটি ভাল ঘটি দিবার ইচ্ছা প্রকাশ করিলাম, সে উহা কোনমতে লইল না। কারণ জিলাগায় বলিল, 'এটি ভালা ঘটি বলিয়াই এত-দিন আছে। ভাল হইলে জন্তে চুরি করিয়া লইত।'</u>

খানীজী গল্প শুনিরা বলিলেন, 'সে ভো বেশ মন্ধার পাগল। ওদের monomaniac বলে। আমাদের সকলেরই ঐ বক্ষ এক-একটা ঝোঁক আছে। আমাদের উহা চাশিরা রাখিবার ক্ষমতা আছে, পাগলের ভাহ। নাই। পাগৰের সহিত আমাদের এইটুকু মাত্র প্রভেদ। রোগ-শোক-ভছকারে, কাম-ক্রোধ-হিংলায় বা অক্স কোন অত্যাচার বা অনাচারে মাহ্নর তুর্বল হইয়া ঐ সংযমটুকু হারাইলেই মৃশকিল! মনের আবেগ আর চাপিতে পারে না। আমরা তথন বলি, ও লোকটা থেপেছে। এই আর কি!

খামীজীর খদেশাস্বাগ অত্যন্ত প্রবল ছিল; এ কথা পূর্বেই বলিয়াছি।
একদিন ঐ সম্বন্ধে কথা উপস্থিত হুইলে তাঁহাকে বলা হয় বে, সংসারী লোকের
আগনাপন দেশের প্রতি অস্থরাগ নিত্যকর্তব্য হুইলেও সন্মাসীর পক্ষে নিজের
দেশের মায়া ত্যাগ করা এবং সকল দেশের উপর সমদৃষ্টি অবলম্বন করিয়া সকল
দেশের কল্যাণচিস্তা হৃদয়ে রাখা ভাল। ঐ কথার উত্তরে খামীজী বে জলস্ক
কথাগুলি বলেন, তাহা কথনও ভুলিতে পারিব না। তিনি বলিলেন, 'যে
আপনার মাকে ভাত দেয় না, সে অন্তের মাকে আবার কি পূর্বে?'

আমাদের প্রচলিত ধর্মে, আচার-ব্যবহারে, দামান্ত্রিক প্রথায় যে অনেক দোষ আছে, স্বামীন্ত্রী এ কথা স্বীকার করিতেন, বলিতেন, 'দে-সকল সংশোধন করিবার চেটা করা আমাদের সর্বভোভাবে কর্তব্য ; কিন্তু তাই বলিয়া সংবাদপত্রে ইংরেন্সের কাছে দে-সকল ঘোষণা করিবার আবশুক কি ? ঘরের গলদ বাহিরে বে দেখায়, তাহার মতো গর্দত আর কে আছে ? Dirty linen must not be exposed in the street.'—ময়লা কাপড়-চোপড় রাস্তার ধারে, লোকের চোধের সামনে রাখাটা উচিত নয়।

গ্রীটান মিশনরীগণের সহক্ষে একদিন কথাবার্তা হয়। তাঁছারা আমাদের দেশে কভ উপকার করিয়াছেন ও করিতেছেন, প্রসদক্ষমে আমি এই কথা বলি। শুনিয়া তিনি বলিলেন, 'কিন্তু অপকারও বড় কম করেন নাই। দেশের লোকের মনের শুন্ধাটি একেবারে গ্রোলায় দিবার বিলক্ষণ যোগাড় করিয়াছেন। শুন্ধানাশের স্ক্রে সক্ষে মহয়ত্বেও নাশ হয়। এ কথা কেহ কি বোঝে? আমাদের দেবদেবীর নিন্দা, আমাদের ধর্মের ক্ৎসা না করিয়া কি তাঁহাছের নিজের ধর্মের শুঠেছ দেখানো বায় না? আর এক কথা, বিনি বে ধর্মমত প্রচার করিতে চান, তাঁহার পূর্ণ বিশাস ও তদহুষায়ী কান্ধ করা চাই। শুবিকাংশ মিশনরী মুধে এক, কান্ধে আর। আমি কপটতার উপর ভারি চটা।'

একদিন ধর্ম ও বোগ সম্বদ্ধে অনেক কথা অতি স্থলরভাবে বদিয়াছিলেন। ভাছার মর্ম বডদুর মনে আছে, এইথানে দিবিলাম: লকল প্রাণীই সভত স্থা হইবার চেষ্টার বিব্রত; কিছ খুব কম লোকই স্থা। কাজকর্মও সকলে অন্বরত করিতেছে; কিছ তাহার অভিলয়িত ফল পাইতে প্রায় দেখা বায় না। এরপ বিপরীত ফল উপস্থিত হইবার কারণ কি, তাহাও সকলে ব্যাবার চেষ্টা করে না। সেই জগ্রই মাহ্ব হুংখ পায়। ধর্ম সম্বন্ধে বেরুপ বিশাস হউক না কেন, কেছ যদি ঐ বিশাস-বলে আপনাকে যথার্থ স্থা বলিয়া অহভেব করে, তাহা হইলে ভাহার ঐ মত পরিবর্তন করিবার চেষ্টা করা কাহারও উচিত নহে, এবং করিলেও ভাহাতে স্থান ফলে না। তবে মুখে যে বাছাই বল্ক না কেন, বখন দেখিবে কাহারও ধর্ম সম্বন্ধে কথা-বার্তা শুনিবারই কেবলমাত্র আগ্রহ আছে, উহার কোন কিছু অহন্তানের চেষ্টা নাই, তথনই জানিবে যে ভাহার কোন একটা বিষয়ে দুচ বিশাস হয় নাই।

ধ<u>র্মের মূল উদ্দেশ্র মাহষকে হুখী করা।</u> কিন্তু পরজ্বের হুখী হুইক বলিয়া ইহজনো চঃখভোগ করাও বৃদ্ধিমানের কাল নতে। এই জনো, এই मूर्ड रहेरा अभी रहेरा हरेरा। त्य धर्म बाबा जारा मुलामिक रहेरव, जाराहे মাত্রবের পক্ষে উপযুক্ত ধর্ম। ইন্দ্রিয়ভাগভনিত তথ্য ক্ষণহায়ী ও তাহার সহিত অবশ্রম্ভারী ভ্রম্থ অনিবার্য। শিল্প অক্সান ও প্রপ্রকৃতির লোকেরাই ঐ কণস্বায়ী তংশমিশ্রিত স্থকে বাছবিক স্থ মনে কবিয়া থাকে। যদি ঐ মুণ্কেও কেছ জীবনের একমাত্র উদ্দেশ ক্রিয়া চিরকাল সম্প্রিণে নিশ্চিত ও স্থী থাকিতে পারে, তাহাও মল নহে। কিছু আৰু পর্যন্ত এরপ লোক দেখা যায় নাই। সচবাচর ইহাই দেখা যায় বে, যাহার। ইক্সিয়চরিভার্থভাকেই মুখ মনে করে, তাহারা আপনাদের অপেকা ধনবান বিলাপী লোকদের অধিক স্থণী মনে করিয়া বেব করে এবং উচ্চপ্রেণীর বছব্যয়সাধ্য ইল্রিয়ভোগ দেখিয়া উচা পাইবার জন্ম লালায়িত হুইয়া অন্তথী হয়। সুত্রাট আলেকজেনার সম্ভ পৃথিবী জয় করিয়া, পৃথিবীতে আর জয় করিকার দেশ নাই ভাবিয়া তৃঃখিত হুইয়াছিলেন। সেই জন্ত বুদ্ধিমান মনীবীরা অনেক দেখিয়া ওনিয়া বিচার করিয়া অবশেষে সিদ্ধান্ত করিয়াছেন বে, কোন একটা ধর্মে বদি পূর্ণ বিশাস হয়, তবেই মাম্ব নিশ্চিম্ভ ও ম্পার্থ স্থী হইতে পারে।

বিভা বৃদ্ধি প্রাভৃতি দকল বিষয়েই প্রত্যেক মাছবের প্রকৃতি ভিন্ন ভিন্ন দেখা বান। সেই জভ ভাহাদের উপযোগী ধর্মও ভিন্ন ভিন্ন হওয়া আবভক; নতুবা কিছুতেই উহা ভাহাদের সম্ভোবপ্রদ হইবে না, কিছুতেই ভাহারা উহার শহর্চান করিয়া বথার্থ ক্থী হইতে পারিবে না। নিজ নিজ প্রকৃতির উপবোগী গেই সেই ধর্মত নিজেকেই ভাবিয়া চিন্তিয়া, দেখিয়া ঠেকিয়া বাছিয়া লইডে হইবে। ইহা ভিন্ন অন্ত উপায় নাই। ধর্মগ্রহুপাঠ, গুরুপদেশ, সাধুদর্শন, সংপ্রক্ষের সম্ব প্রভৃতি ঐ বিষয়ে সাহাষ্য করে মাত্র।

কর্ম সহক্ষেও জানা আবশ্রক বে, কোন-না-কোন প্রকার কর্ম না করিয়া কেইই থাকিতে পারে না; কেবল জাল বা কেবল মনা, জগতে এরপ কোন কর্মই নাই। জালটা করিতে গেলেই সঙ্গে সঙ্গে, কিছু না কিছু মন্দ করিতেই হইবে। আর দেজক কর্ম হারা যেমন স্থপ আসিবে, কিছু-না-কিছু ছ্বংথ এবং অভাববোধও সেই সঙ্গে আসিবেই আসিবে, উহা অবশ্রমারী। সেহুংগটুকু বদি না লইতে ইচ্ছা থাকে, তাহা হুইলে বিষয়-ভোগ-জনিত আপাত-স্থালান্তের আশাটাও ছাড়িতে হুইবে। অর্থাৎ স্বার্থ-স্থপ অংবরণ না করিয়া কর্তব্যবৃদ্ধিতে সকল কার্য করিয়া বাইতে হুইবে। উহার নাম নিকাম কর্ম, গীতাতে ভগবান্ অর্জুনকে তাহারই উপদেশ করিয়া বলিতেছেন, 'কাল করো, কিন্ত ফলটা আমাকে দাও; অর্থাৎ আমার জন্মই কাল করো।'

গীতা, বাইবেদ, কোরান, প্রাণ প্রভৃতি অতি প্রাচীন গ্রন্থ-নিবদ্ধ ঘটনাবদীর বধাষধ ঐতিহাদিকত্ব দখনে আমার আদে বিশাদ হইত না। স্থামীজীকে একদিন জিজ্ঞাদা করি, 'কুলক্ষেত্র-মুদ্ধের অনতিপূর্বে অর্জুনের প্রতি ভগবান শ্রীক্ষণ্ডের ধর্ম-উপদেশ, বাহা ভগবদ্গীতায় লিপিবদ্ধ আছে, তাহা বছার্থ ঐতিহাদিক ঘটনা কি-না?' উত্তরে তিনি বাহা বলিয়াছিলেন, তাহা বছ স্থন্দর। তিনি বলিলেন: গীতা অতি প্রাচীন গ্রন্থ। প্রাচীন কালে ইতিহাদ লেধার বা প্রকাদি ছাপার এখনকার মতো এত ধুমধাম ছিল না; সেজক্র তোমাদের মতো লোকের কাছে ভগবদ্গীতার ঐতিহাদিকত্ব প্রমাণ করা কঠিন। কিন্তু গীতোক্ত ঘটনা বথাষথ ঘটিয়াছিল কি-না, সেজক্র তোমাদের মাথা ঘামাইবার কারণও দেখিতেছি না। কেন না বদি কেছ—শ্রীভগবান্ পার্থি হইয়া অর্জুনকে গীতা বলিয়াছিলেন, ইহা অকাট্য প্রমাণপ্রয়োগে তোমাদের ব্যাইয়া দিতে পারে, তাহা হইলেই কি তোমরা গীতাতে যাহা কিছু লেখা আছে, তাহা বিশ্বাদ করিবে? সাক্ষাৎ ভগবান্ বথন তোমাদের নিকট মূর্তিমান্ হইয়া আদিলেও তোমরা তাহাকে পরীক্ষা করিতে

হোটো ও তাঁহার ঈরবন্ধ প্রমাণ করিতে বলো, তথম গীতা ঐতিহাসিক কিনা, এ বুধা সমস্তা লইয়া কেন ঘ্রিয়া বেড়াও ? পারো যদি তো গীতার উপদেশগুলি বভটা সম্ভব জীবনে পরিণত করিয়া কুতার্থ হও। পরমহংসদেব বলিতেন, 'আম ধা, গাছের পাতা গুনে কি হবে ?' আমার বোধ হয় ধর্মশাল্রে লিপিবন্ধ ঘটনার উপর বিশ্বাস-অবিশাস করা is a matter of personal equation (ব্যক্তিগত ব্যাপার)—অর্থাৎ মাহ্ব কোন এক অবস্থা-বিশেষে পড়িয়া তাহা হইতে উদ্ধার-কামনায় পথ খ্লিতে থাকে এবং ধর্মশাল্রে লিপিবন্ধ কোন ঘটনার সহিত তাহার নিজের অবস্থা ঠিক ঠিক মিলিতেছে দেখিতে পাইলে ঐ ঘটনা ঐতিহালিক বলিয়া নিশ্চয় বিশাস করে। আর ধর্মশাল্পে ঐ অবস্থার উপযোগী উপায়ও আগ্রহের সহিত গ্রহণ করে।

যামীনী একদিন শারীবিক এবং মানসিক শক্তি অভীষ্ট কার্যের নিমিত্ত সংরক্ষণ করা যে প্রত্যেকের কতদূর কর্তব্য, তাহা অতি স্থলর ভাবে আমাদের ব্যাইয়াছিলেন, 'অনুধিকার চর্চায় বা রুখা কান্তে বে শক্তিক্ষয় করে, অভীষ্ট কার্যসিদ্ধির অন্ত পর্যাপ্ত শক্তি সে আরু কোগায় পাইবে? The sum-total of the energy which can be exhibited by an ego is a constant quantity—অর্থাৎ প্রত্যেক জীবান্থার ভিতরে নানাভাবে প্রকাশ করিবার বে শক্তি বর্তমান রহিয়াছে, উহা সীমাবদ্ধ; স্তরাং সেই শক্তির অধিকাংশ একভাবে প্রকাশিত হইলে ভতটা আর অন্তভাবে প্রকাশিত হইতে পারে না। ধর্মের গভীর সভাসকল জীবনে প্রভাক করিতে হইলে জনেক শক্তির প্রয়োক্ত্র; সেই জলাই ধর্মপথের প্রিকদিনের প্রতিভ বিষয়ভোগ ইত্যাদিতে শক্তিক্ষয় না করিয়া ব্লচ্বর্যাদির ছারা শক্তিসংরক্ষার উপদেশ সকল জাতির ধর্মগ্রেই দেখিতে পার্যা হায়।'

স্বামীশী বাঞ্চাদেশের পদ্ধীগ্রাম ও তথাকার লোকদের কতকগুলি স্মাচরণের উপর বড় একটা সম্ভষ্ট ছিলেন না। পদ্ধীগ্রামের একই পুদ্ধিনীতে স্মান, জলশোচ প্রভৃতি এবং সেই পুকুরের জলই পান করার প্রথার উপর তিনি ভারি বিরক্ত ছিলেন।

ষামীলীর এক এক দিনের এইরূপ কথাবার্তা ধরিয়া রাখিতে পারিলে এক একধানি পুত্তক হইত। একই প্রশ্নের বারবার একই ভাবে উত্তর দেওয়া এবং একই দুষ্টান্তের সাহায্যে বোঝানো তাঁহার বীতি ছিল না। যতবারই সেই প্রশের উত্তর দিতেন, ততবারই উহা নৃতন ভাবে নৃতন দৃষ্টাছ-সহায়ে এম্নি
বলিবার ক্ষমতা ছিল বে, উহা সম্পূর্ণ নৃতন বলিয়া লোকের বোধ হইত এবং
তাঁহার কথা শুনিতে ক্লান্ধিবোধ দূরে থাকুক, আগ্রহ ও অঞ্বার উত্তরোত্তর
বৃদ্ধি পাইত। বক্তৃতা সবচ্ছেও তাঁহার ঐ প্রথা ছিল। ভাবিয়া চিন্ধিয়া বলিবার
বিবয়গুলি (points) লিখিয়া তিনি কোনকালে বক্তৃতা করিতে পারিতেন
না। বক্তৃতার অব্যবহিত পূর্ব পর্যন্ত হাসি-তামাসা, সাধারণভাবে ক্থাবার্তা
এবং বক্তৃতার সঙ্গে সম্পূর্ণ সমন্ধহীন বিষয়সকল লইয়াও চর্চা করিতেন।

পূর্বেই বলিয়াছি, পাশ্চাত্য বিজ্ঞানের সহায়ে হিন্দুধর্ম রুঝাইতে এবং বিজ্ঞান ও ধর্মের সামঞ্জ্ঞ দেখাইতে স্বামীনীর মতো আর কাহাকেও দেখা যায় নাই। সে-বিষয়ে ত্-চারটি কথা আৰু উপহার দিবার ইচ্ছা।

স্থামীকী বলিতেন : চেডন স্থাচেতন, সুল স্ম্প-নবই একত্বের দিকে উর্ধবাদে ধাবমান। প্রথমে মাহ্য যত রকম জিনিস দেখিতে লাগিল, তাহাদের প্রত্যেকটিকে বিভিন্ন জিনিস মনে করিয়া ভিন্ন ভিন্ন নাম দিল। পরে বিচার করিয়া ঐ সম্ভ জিনিসগুলি ২৩টা মূলজব্য (elements) হইতে উৎপন্ন হইয়াছে, স্থির করিল।

ঐ মূলনেরগুলির মধ্যে আবার অনেকগুলি মিশ্রন্তর্য (compound)
বলিয়া এখন অনেকের সন্দেহ হুইতেছে। আর যথন রুসায়ন-শাত্র
(Chemistry) শেষ মীমাংসায় পৌছিবে, তখন সকল জিনিসই এক
জিনিসেরই অবস্থাভেদমাত্র—বোঝা বাইবে। প্রথমে তাপ, আলো ও তড়িৎ
(heat, light and electricity) বিভিন্ন জিনিস বলিয়া সকলে জানিত।
এখন প্রমাণ হুইয়াছে, এগুলি সব এক, এক শক্তিরই অবস্থান্তর মাত্র। লোকে
প্রথমে সমন্ত পদার্থগুলি চেতন, অচেতন ও উদ্ভিদ—এই তিন শ্রেণীতে বিভক্ত
করিল। তারপর দেখিল বে, উদ্ভিদের প্রাণ আছে, অন্ত সকল চেতন
প্রাণীর ভায় গমনশক্তি নাই মাত্র। তখন খালি ছুইটি শ্রেণী বহিল—চেতন
ও অচেতন। আবার কিছুদিন পরে দেখা বাইবে, আমরা বাহাকে অচেতন
বলি, তাহাদেরও অল্পবিন্তর চৈতক্ত আছে।

<sup>&</sup>gt; স্বামীন্ত্রী বধন পূর্বেক্তি কথাগুলি বলেন; তথন অধ্যাপক স্বস্থানীনচন্দ্র বস্থ-প্রচারিত ডাড়িজ-প্রবাহবোগে জড়বন্ধর চেডনবৎ আচরণ (Response of Inorganic Matter to Electric Currents) এই অপূর্ব তম্ব প্রকাশিত হয় নাই।

পৃথিবীতে যে উচ্চ-নিম্ন জমি দেখা যায়, ভাছাও সভত সমতল হইয়া একভাবে পরিণত হইবার চেটা করিতেছে। বর্বার জলে পর্বভাদি উচ্চ জমি ধূইয়া গিয়া গহররসকল পলিতে পূর্ণ হইতেছে। একটা উক্ষ জিনিস কোন জারগার বাথিলে উহা জনে চতুপার্যন্ত জবেরে ফ্রার সমান উক্ষভাব ধারণ করিতে চেটা করে। উক্ষভাশক্তি এইরূপে সঞ্চালন, সংবাহন, বিকিরণাদি (conduction, convection and radiation) উপায়-অবলয়নে সর্বদ্যা সমভাব বা একছের দিকেই প্রথমর হইতেছে।

গাছের ফল ফুল পাতা শিক্ত আমরা ভিন্ন ভিন্ন দেখিলেও বাত্তবিক উছারা যে এক, বিজ্ঞান ইহা প্রমাণ করিয়াছে। ত্রিকোণ কাঁচের মধ্য দিয়া দেখিলে এক সাদা রং, রামধহর সাভটা রঙের মতো পৃথক্ পৃথক্ বিভক্ত দেখায়। সাদা চক্ষে দেখিলে একই রং, আবার লাল বা নীল চলমার ভিতর দিয়া দেখিলে সম্ভই লাল বা নীল দেখায়।

এইরপ বাহা সভ্য, ভাহ। এক। মারা বারা আমরা পৃথক পৃথক দেখি মাত্র। অভএব দেশকালাভীত অবিভক্ত অহৈত সভ্যাবলখনে রাছ্বের বত কিছু ভিন্ন ভিন্ন পদার্থকান উপস্থিত হইলেও মাহ্ব সেই সভ্যকে ধরিতে পারে না, দেখিতে পার না।

এইসব কথা শুনিরা বলিলাম, 'বামীন্তী, আমাদের চোখের দেখাটাই কি
সব সময় ঠিক সত্য ? ছখানা বেল লাইন সমান্তরালে, দেখার বেন উহারা
কমে এক আরগার মিলিরা গিরাছে। মরীচিকা, রক্তুতে সর্পত্রম প্রভৃতি
optical illusion (দৃষ্টিবিভ্রম) সর্বদাই ছইন্ডেছে। Fluorspar নামক
শাখবের নীচে একটা রেখাকে double refraction-এ ছটো দেখার। একটা
উভপেলিল আধ-মাস জলে ভ্রাইরা রাবিলে পেলিলের ভ্রনমা ভাগটা উপরের
ভাগ অপেকা মোটা দেখার। আবার সকল প্রাণীর চোখগুলি ভির ভির
কমভাবিশির এক একটা লেল (lens) মাত্র। আমরা কোন জিনিস বড
বড় দেখি, ঘোড়া প্রভৃতি অনেক প্রাণী ভাছাই ভদপেকা বড় দেখিরা থাকে,
কেন না ভাছাদের চোখের লেল বিভিরশক্তিবিশির। অভএব আমরা বাছা
ঘচকে দেখি, ভাছাই বে সভ্য, ভাছারও ভো প্রমাণ নাই। জন ক্রীট বিল
বলিরাছেন, মাছ্য 'সভা সভা' করিরা পাগন, কিছ প্রকৃত সভ্য (Absolute
Truth) ব্রিবার ক্রমভা নাছবের নাই, কারণ ঘটনাক্রমে প্রকৃত সভ্য মাছবের

হত্তগত হুইলে তাহাই যে বাত্তবিক সত্য, ইহা দে ব্ঝিবে কি করিয়া ? আমাদের সমস্ত জ্ঞান relative ( আণেক্ষিক ), Absolute ব্ঝিবার ক্ষমতা নাই। অতএব Absolute ভগবান বা অগৎকারণকে মান্ত্য কথনই ব্ঝিডে পারিবে না।'

খামীজী। ভোমার বা সচরাচর লোকের Absolute জ্ঞান না থাকিতে পারে, ভাই বলিয়া কাহারও নাই, এমন কথা কি করিয়া বলো? জ্ঞান বা মিথ্যাজ্ঞান বলিয়া হুইরকম ভাব বা অবস্থা আছে। এথন ভোমরা যাহাকে জ্ঞান বলো, বাতাবিক উচা মিথাজ্ঞান। স্ভাঞ্জানের উদয় হুইলে উচা অন্তর্হিত হুয়, তথন সব এক দেখায়। হৈতজ্ঞান অক্ষানপ্রস্ক ।

আমি। স্বামীজী, এ তো বড় ভয়ানক কথা! বদি জ্ঞান ও মিখ্যাজ্ঞান হুইটি জিনিস থাকে, তাহা হুইলে আপনি বাহাকে সভ্যজ্ঞান ভাবিতেছেন, তাহাও তো মিথ্যাজ্ঞান হুইতে পারে, স্বার আমাদের বে বৈভজ্ঞানকে আপনি মিথ্যাজ্ঞান বদিতেছেন, তাহাও তো সভ্য হুইতে পারে ?

चामीकी। ठिक रामह, मिहक्किट (राम विधान कहा हाई। भूर्यकाल আমাদের মুনিঋষিগণ সমস্ত বৈভক্তানের পারে গিয়া ঐ অবৈত সভ্য অনুভব করিয়া বাহা বলিয়া গিয়াছেন, তাহাকেই বেদ বলে। খপ্ন ও জাগ্রৎ অবস্থার মধ্যে কোন্টা সভ্য কোন্টা অসভ্য, আমাদের বিচার করিয়া বলবার ক্ষয়ভা নাই। যতক্ষণ না ঐ ছই অবস্থার পারে গিয়া দাঁড়াইয়া—ঐ ছই অবস্থাকে পরীকা করিয়া দেখিতে পারিব, তভক্ষণ কেমন করিয়া বলিব—কোন্টা সভ্য, কোন্টা অসত্য ? শুধু হুইটি বিভিন্ন অবস্থার অঞ্চব হুইতেছে, এরূপ বলা যাইতে পারে। এক অবস্থায় বধন থাকো, তথন অক্টটাকে ভুল বলিয়া মনে হয়। স্বপ্নে হয়তো কলকাভার কেনাবেচা করিলে, উঠিয়া দেখ-বিছানার ওইয়া আছ। বখন সভ্যজ্ঞার্নের উদন্ধ হইবে, তথন এক ভিন্ন তুই দেখিবে না এবং পূর্বের বৈভজ্ঞান মিখ্যা বলিয়া বুঝিতে পারিবে। কিন্তু এ-সব অনেক দূরের কথা, হাতেখড়ি হইতে না হইতেই রামায়ণ মহাভায়ত পড়িবার ইচ্ছা করিলে চলিবে কেন? ধর্ম অফুজবের জিনিল, বৃদ্ধি দিলা বুবিবার নছে। হাজেনাতে করিতে হইবে, ভবে ইতার সভাসিতা বৃত্তিতে পারিবে। এ-কথা ভোমাদের পাশ্চাতা Chemistry ( ৰুগায়ন ), Physics ( পদাৰ্ঘবিভা ), Geology (ভৃতত্ববিভা) প্ৰভৃতির অন্নাহিত। ত্ৰ-বোতৰ hydrogen ( উদ্ধান ) আন এক বোতৰ

oxygen (অন্নদান) দইনা 'বল কই ?' বলিলে কি অল হইবে না, ভাহাদের একটা শক্ত জানগান নাবিয়া electric current (ভাজ্তিভ-প্রবাহ) ভাহান ভেতর চালাইনা ভাহাদের combination (সংযোগ, মিশুণ নহে) করিলে তবে জল দেখিতে পাইবে এবং ব্যিবে বে, জল hydrogen ও oxygen নামক গাাস হইতে উৎপন। ভাষত জান উপলব্ধি করিছে গেলেও সেইনপ ধর্মে বিশাস চাই, আগ্রহ চাই, অধ্যবসার চাই, প্রাণপণ বত চাই, ভবে বলি হয়। এক মাসের অভ্যাস ভাগে করাই কভ ক্রিন, দশ বংসরের অভ্যাসের তো কথাই নাই। প্রভাক বাজির শত শত জন্মের কর্মকল পিঠে বাধা বহিয়াছে। একম্বর্জ শ্লানবৈরাগা হইল, আর বলিলে কি-না, 'কই, আনি ভো সব এক দেখিতেছিনা!'

আমি। খামীকী, আপনার ঐ কথা সভ্য হইলে বে Fatalism (অদৃষ্টবাদ)
আসিরা পড়ে। বুদি বহু জন্মের কর্মফল একজন্মে হাইবার নয়, তবে
আর চেষ্ট্রা <u>আগ্রহ কেন ?</u> যথুন সকলের মুক্তি হইবে, তখন আমারও
হইবে।

খামীজী। তাহা নহে। ক্র্ফল তো অবশ্রই ভোগ করিতে হইবে, কিছ অনেক কারণে ঐ-সকল কর্মজল খব আরু সময়ের মধ্যেই নিঃশেষ হইতে পারে। মাজিক-লগনের পঞ্চালখানা ছবি হল মিনিটেও দেখানো বায়, আবার দেখাইতে দেখাইতে সমন্ত রাতও কাটানো বায়। উহা নিজের আগ্রহের উপর নির্ভর করে।

স্টিরহস্ত সহজেও খামীজীর ব্যাখ্যা অতি ক্ষর: স্ট বস্তমাত্রেই চেডন ও অচেডন ( ক্ষিয়ার জন্ত ) ছইভাগে বিভক্ত। মাহব স্ট বস্তর চেডনভাঙ্কার শ্রেষ্ঠ প্রাণিবিশেষ। কোন ধর্মের মতে ঈশর আপনার মতো রপরিশিষ্ট সর্বশ্রেষ্ঠ মানবজাতি নির্মাণ করিয়াছেন; কেহ বলেন, মাহ্য লেজবিহীন বানরবিশেষ; কেহ বলেন, মাহ্যেরই কেবল বিবেচনাশক্তি আছে, তাহার কারণ মাহ্যের মন্তিছে জলের ভাগ বেশী। বাহাই হউক, মাহ্য প্রাণিবিশেষ ও প্রাণিসমূহ স্ট পদার্থের অংশমাত্র, এ বিষয়ে মতভেদ নাই। এখন স্ট পদার্থ কি, বৃষ্ধিবার জন্ত একদিকে পাশ্যাভ্য পণ্ডিতগণ সংশ্লেষণ-বিশ্লেষণ্ড পার অবলম্বন করিছে আগিলেন; আর অন্তদিকে আমানের পূর্বপুক্ষপণ ভারতবর্ষের উক্ত আবহাওয়ায় ও উর্বর

ভ্ষিতে শরীর-রক্ষার অন্ত বংশাসান্ত সময়বাত ব্যয় ক্রিয়া কৌপীন পরিয়া প্রদীপের মিটমিটে আলোতে ৰসিয়া আদা-জল থাইরা বিচার করিতে লাগিলেন. --- अप्रत किनिन कि चाहि, यांश कांतिल नव कांता यांत ? छांशांकत মধ্যে অনেক বকমের লোক ছিলেন। কাব্দেই চার্বাকের দুশুসভ্য মড হইতে শহরাচার্যের অহৈত মত পর্যন্ত সমন্তই আমাদের ধর্মে পাওয়া বায়। ঘুট দলই ক্ৰমে এক স্বায়গায় উপনীত হইতেছেন এবং এখন এক কথাই ৰলিতে আরম্ভ করিয়াছেন। তুই দলই বলিভেছেন, এই রক্ষাণ্ডের সমন্ত পদার্থই এক অনিৰ্বচনীয় অনাদি অনম্ভ বন্ধর প্রকাশমাত্ত। কাল এবং আকাশও ( time and space ) छोटे। कांग अवीर युग, कहा, बरमद, मांग, मिन ७ মুহূর্ত প্রভৃতি সময়জ্ঞাপক পদার্থ, বাহার অহভবে ক্রের গতিই আমাদের প্রধান महात्र, ভাবিরা দেখিলে সেই কালটাকে कि মনে হর ? पूर्व जनांति नहि : এমন সময় অবশু ছিল, বখন পূর্যের স্ঠি হয় নাই। আবার এমন সময় चानित्त, यथन चावाव पूर्व थोकित्व ना, देश निन्छि। छोहा हहेता चथछ সময় একটি अनिर्वतनीय ভাব বা বস্তবিশেষ ভিন্ন আর কি ? आकाम বা অৰকাশ বলিলে আমৱা পুথিবী বা সৌরজগৎ-সম্বন্ধীয় সীমাবদ্ধ জায়গাবিশেষ বুঝি। কিন্তু উচা সমগ্র প্রষ্টের অংশমাত্র বই আর কিছুই নয়। এমন অবকাশও থাকা সম্ভব, বেথানে কোন স্বষ্ট বস্তুই নাই। অতএব অনস্ত আকাশও সময়ের মতো অনিব্চনীয় একটি তাব বা বস্তবিশেষ। এখন সৌরজগং ও স্ট বস্ত কোণা হইতে কিরপে আসিল ? সাধারণত: আমরা কর্তা ভিন্ন ক্রিয়া দেখিতে পাই না। অতএব মনে করি, এই স্টের অবশ্র কোন কর্তা আছেন, কিছ তাহা হইলে স্টেকর্তারও তো স্টেকর্তা আবক্তক: তাহা থাকিতে পারে না। অতএব আদিকারণ, স্টেকর্ড। বা ঈশরও অনাদি चनिर्वक्रमीय चन्छ छार वा वहारित्य । चन्छार छ। वहार महार ना डांहे जे-मकन वनड नर्रार्थहे बक. बर बक्हे जे-मकनद्रान श्रकानिक।

এক সময়ে আমি বিজ্ঞানা করিয়াছিলাম, 'খামীজী, মন্ত্রাদিডে বিখান— খাহা নাধারণে প্রচলিত আছে, তাহা কি নতা ?'

ভিনি উত্তর করিলেন, 'সভ্য না হইবার ভো কোন কাছণ দেখি না। ভোষাকে কেহ করণবরে মিইভাষার কোন কথা বিজ্ঞাসা করিলে ভূমি সভট হও, আর কঠোর তীব্রভাষার কোন কথা বলিলে ডোমার রাগ হয়। তথন প্রত্যেক ভূতের জ্থিষ্ঠারী দেবতাও বে স্থলনিত উত্তম স্লোক (বাকে মন্ত্র বলে) বারা সম্ভষ্ট হইবেন না, তাহার মানে কি ?'

এই-সকল কথা শুনিয়া আমি বলিলাম, 'খামীজী, আমার বিছা-বৃদ্ধির দৌড় তো আপনি সবই বৃথিডে পারিতেছেন, এখন আমার কি করা কর্ডব্য, আপনি বলিয়া দিন।'

খামীজী বলিলেন, 'প্রথমে মনটাকে বশে আনিতে চেটা কর, তা বে উপায়েই হোক্, পরে সব আগনিই হইবে। আর আন—অবৈত জ্ঞান ভারি কটিন; জানিয়া রাখো বে, উহা মহয়জীবনের প্রধান উদ্দেশ্য বা লক্ষ্য (highest ideal), কিন্তু লক্ষ্যে পৌছিবার পূর্বে অনেক চেটা ও আয়োজনের আবশুক। সাধুসৃদ্ধ ও ষথার্থ বৈরাগ্য ভিন্ন উহা অহতেব করিবার অক্ত উপান্ন নাই।'

## স্বামীজীর স্মৃতি

[ প্রিয়নাথ সিংহ স্থামীজীর বাল্যবন্ধু ও পাড়ার ছেলে; নরেক্সনাথকে ভালবাসিতেন, শ্রদ্ধাও করিতেন। তিনি কোথায় আছেন, কি করিতেছেন—সব সংবাদ রাখিতেন। আমেরিকার তাঁহার প্রচার-সাফল্যে আনন্দিত হইরাছেন, নাদ্রাজে তাঁহার সংবর্ধনার উৎসাহিত হইরাছেন, কলিকাভার নিজেরাই তাঁহাকে অভিনন্দিত করিয়াছেন। এখন নির্জনে বাল্যবন্ধুকে কাছে পাইবার আশায় কাশীপুরে গোপাল লাল শীলের বাগানে আসিয়াছেন— ]

অবসর পেয়েই তাঁকে ধ'রে নিয়ে বাগানে গলার ধারে বেড়াতে এলুম।
তিনিও শৈশবের থেলুড়েকে পেয়ে আগেকার মতোই কথাবার্ডা আরম্ভ
করলেন। হু-চারটা কথা বলতে না বলতেই ডাকের উপর ডাক এল বে,
আনেক নৃতন লোক তাঁর সলে দেখা করতে এসেছেন। এবার একটু বিরক্ত
হয়ে বললেন, 'বাবা, একটু বেহাই দাও; এই ছেলেবেলাকার থেলুড়ের সলে
হটো কথা কই, একটু ফাঁকা হাওয়ায় থাকি। বাঁরা এসেছেন, তাঁদের বদ্ধ
ক'রে বসাওগে, তামাক-টামাক খাওয়াওগে।'

বে ডাকতে এসেছিল, দে চলে গেলে জিঞাসা করন্ম, 'স্বামীনী, তুমি সাধু। তোমার অভ্যর্থনার জন্মে যে টাকা আমরা টাদা ক'রে তুলন্ম, আমি ভেবেছিল্ম, তুমি দেশের ছভিক্ষের কথা শুনে কলকাতার পৌছবার আগেই আমাদের 'তার' করবে—আমার অভ্যর্থনায় এক পয়সা খরচ না ক'রে ছভিক্ষনিবারণী ফণ্ডে ঐ সমন্ত টাকা টাদা দাও; কিন্তু দেখল্ম, তুমি তা করলে না; এর কারণ কি ?'

খামীজী বললেন, 'হাঁ, আমি ইচ্ছেই করেছিলুম বে, আমায় নিয়ে একটা খ্ব হইচই' হয়। কি আনিস? একটা হইচই না হ'লে তাঁব (ভগবান্ শ্রীমাফুঞ্জের) নামে লোক চেডবে কি ক'রে? এত ovation (সংবর্ধনা) কি আমার জন্তে করা হ'ল, না তাঁর নামেরই জয়জ্মকার হ'ল? তাঁর বিষয় জানবার জন্তে লোকের মনে কডটা ইচ্ছে হ'ল। এইবার ক্রমে তাঁকে জানবে, ভবে না দেশের মঙ্গল হবে। যিনি দেশের মঙ্গলের জন্তে এসেছেন, তাঁকে না জানলে লোকের মঙ্গল কি ক'রে হবে? তাঁকে ঠিক ঠিক জানলে ভবে মাছ্য ভৈরী হবে, আর মাহ্য ভৈরী হ'লে ছভিক প্রভৃতি তাড়ানো কভকণের কথা!

আমাকে দিরে এই রকম বিরাট সভা ক'রে হইচই ক'রে তাঁকে প্রথমে মাহক—আমার এই ইচ্ছেই হরেছিল; নতুবা আমার নিজের জন্তে এড হালামের কি দরকার ছিল? তোদের বাড়ি গিয়ে যে একসলে খেলতুম, তার চেয়ে আর আমি কি বড়লোক হয়েছি? আমি তথনও বা ছিলুম, এখনও তাই আছি। তুই-ই বল্না, আমার কোন পরিবর্তন দেখছিল?

আমি মূথে বললুম, 'না, সে রকম তো কিছুই দেধছিনি।' ভবে মনে হ'ল—সাক্ষাৎ দেবতা হয়েছ।

খামীজী বলতে লাগলেন, 'হাভিক্ষ তো আছেই, এখন খেন ওটা দেশের ভ্রণ হয়ে পড়েছে। আন্ত কোন দেশে হাভিক্ষের এত উৎপাত আছে কি ? নেই; কারণ সে-সব দেশে মাছ্য আছে। আমাদের দেশের মাছ্যগুলো একেবারে জড় হয়ে গেছে। তাঁকে দেখে, তাঁকে জেনে লোকে খার্থতাগ করতে শিথ্ক, তখন হাভিক্ষ-নিবারণের ঠিক ঠিক চেটা আসবে। জনে সে চেটাও ক'রব, দেখ্ না।'

আমি। আচ্ছা, তুমি এখানে খুব লেকচার-টেকচার দেবে ভো ? তা না হ'লে তাঁর নাম কেমন ক'রে প্রচার হবে ?

খামীজী। তুই খেণেছিদ, তাঁর নাম-প্রচারের কি কিছু বাকি আছে? লেকচার ক'রে এদেশে কিছু হবে না। বাব্ভায়ারা শুনরে, 'বেশ বেশ' করবে, হাতভালি দেবে; তারপর বাড়ি গিয়ে ভাতের সলে সব হজম ক'রে ফেলবে। পচা পুরানো লোহার উপর হাতৃড়ির ঘা মারলে কি হবে? ভেঙে শুঁড়ো হয়ে বাবে; তাকে পুড়িরে লাল করতে হবে; তবে হাতৃড়ির ঘা মেরে একটা গড়ন করতে পারা বাবে। এদেশে জলম্ভ জীবন্ধ উদাহরণ না দেখালে কিছুই হবে না। কতকগুলো ছেলে চাই, বারা সব ছেড়েছুড়ে দেশের জন্ম জীবন উৎসর্গ করবে। তাদের life আগে ভয়ের ক'রে দিতে হবে, ভবে কাল্ক হবে।

আমি। আচ্ছা, স্বামীন্ধী, তোমার নিজের দেশের লোক নিজেদের ধর্ম ব্রতে না পেরে কেউ ক্লান, কেউ মৃদলমান, কেউ বা অন্ত কিছু হচ্ছে। তাদের জন্তে তৃমি কিছু না ক'রে, গেলে কি-না আমেরিকা ইংলতে ধর্ম বিলুতে?

चात्रीको । कि कांनिम, তোদের দেশের লোকের বর্ণার্থ ধর্ম গ্রহণ করবার

শক্তি কি আছে ? আছে কেবল একটা অহমার বে, আমরা ভারি সত্ত্রণী। তোরা এককালে সাধিক ছিলি বটে, কিন্তু এখন ভোলের ভারি পতন হয়েছে। সম্ভ থেকে পতন হ'লে একেবারে ভমন্ন আসে। তোরা তাই এসেছিল। মনে করেছিদ বুঝি, যে নড়ে না চড়ে না, ঘরের ভেতর বদে হরিনাম করে, সামনে অপবের উপর হাজার অভ্যাচার দেখেও চুপ ক'রে থাকে, সেই-ই সম্বর্থণী—তা নর, তাকে মহা তমর ঘিরেছে। বে-দেশের লোক পেটট। ভরে থেতে পায় না, তার ধর্ম হবে কি ক'রে ? বে-দেশের লোকের মনে ভোগের কোন আশাই মেটেনি, ভাদের নিবৃদ্ধি কেমন ক'বে হবে ? ভাই আগে ষাতে মাহ্মৰ পেটটা ভরে খেতে পায় এবং কিছু ভোগবিলাস করতে পারে, ভারই উপায় কর, তবে ক্রমে ঠিক ঠিক বৈরাগ্য এলে ধর্মলাভ হ'তে পারে। विरमण्ड-चारमिक्रिकात लारकदा रकमन चानिम ? পূर्व तरकाश्वी, विश्वकारश्वत সকল রকম ভোগ ক'রে এলে গেছে। তাতে আবার রুশানী ধর্ম—মেরেলি ভজির ধর্ম, পুরাণের ধর্ম ! শিকার বিস্তার হওয়াতে তাতে আর তাদের भांखि रुष्कि ना। जांदा द व्यवदात्र व्याह्न, जांद्य जांत्व वकते। शका विद्य দিলেই সম্বস্তবে পৌছয়। ভারপর আজ একটা লালমূথ এসে যে কথা বলবে, ভা তোরা যত মানবি, একটা ছেড়াক্সাক্ডা-পরা সন্মাসীর কথা তত মানবি কি ?

খানি। এন. ঘোষও ঠিক ঐ ভাবের কথা বলেছিলেন।

খামীজী। হাঁ, আমার দেখানকার চেলারা দব বখন তৈরী হয়ে এখানে এদে ভোদের বলবে, 'ভোমরা কি ক'বছ, ভোমাদের ধর্ম-কর্ম রীভি-নীভি কিনে ছোট ? দেখ, ভোমাদের ধর্মটাই আমরা বড় মনে করি'—ভখন দেখিদ ছদো ছদো লোক দে কথা শুনবে। ভাদের ছারা এদেশের বিশেষ উপকার ছবে। মনে করিসনি, ভারা ধর্মের শুক্লগিরি করতে এদেশে আসবে। বিজ্ঞান প্রভৃতি ব্যাবৃহারিক শাস্ত্রে ভারা ভোদের শুক্ল হবে, আর ধর্মবিষয়ে এদেশের লোক ভাদের শুক্ল হবে। ভারতের সঙ্গে সমস্ত জগভের ধর্মবিষয়ে এই সক্ষম চিরকাল থাকবে।

আমি। তা কেমন ক'রে হবে ? ওরা আমাদের বে-রকম স্থণা করে, তাতে ওরা বে কথন নিঃখার্থতাবে আমাদের উপকার করবে, তা বোধ হর না। খামীজী। ওরা তোদের স্থণা করবার অনেকওলি কারণ পায়, তাই স্থণা করে। একে তো ভোরা বিশ্বিত, তার ওপর তোদের মতো 'হাদরের দল'



शिशाभाननान भीत्रत वाजातन क्षारीकी ५७३०

জগতে আর কোষাও নেই। নীচ জাতগুলো ডোদের চিরকালের অন্ত্যাচারে উঠতে-বনতে জুতো-লাখি খেরে, একেবারে মহয়ত হারিয়ে এখন professional (শেশাদার) ভিবিরি হয়েছে; ভাদের উপরশ্রেণীর লোকেরা তৃ-এক পাডাইংরেজী পড়ে আর্জি হাতে ক'রে সকল আফিনের আনাচে কানাচে খ্রে বেড়াছে। একটা বিল টাকার চাকরি থালি হ'লে পাঁচ-ল বি. এ., এম. এ. দরখাত করে। পোড়া দরখাত বা কেমন!—'ঘরে ভাত নেই, মাগ-ছেলে খেতে পাছে না; সাহেব, তৃটি খেতে দাও, নইলে গেল্ম!' চাকরিতে তৃকেও দাসতের চ্ড়ান্ত করতে হয়। ভোদের উচ্চশিক্ষিত বড় বড় (?) লোকেরা দল বেঁধে 'হায় ভারত গেল! হে ইংরেজ, ভোমরা আমাদের লোকদের চাকরি দাও, ছভিক্ষ মোচন করো' ইত্যাদি দিনরাত কেবল 'দাও দাও' ক'রে মহা হলা করছে। সকল কথার ধুয়ো হছে—'ইংরেজ, আমাদের দাও!' বাপু, আর কত দেবে ? রেল দিয়েছে, তারের থবর দিয়েছে, রাজ্যে শৃথলা দিয়েছে, ডাকাতের দল প্রায় ভাড়িয়েছে, বিজ্ঞানশিক্ষা দিয়েছে, আবার কি দেবে ? নিঃমার্থ ভাবে কে কি দেয় ? বলি বাপু, ওরা ভো এত দিয়েছে, ভোরা কি দিয়েছিস ?

व्यामि। व्यामात्मद त्वतांत्र कि व्याद्ध ? द्वाद्धाद कद हिहे।

খানীলা। আ মরি! সে কি তোরা দিন, জ্তো মেরে আদায় করে—
রাজ্যরক্ষা করে ব'লে। তোদের বে এত দিয়েছে, তার জন্তে কি দিন—তাই বল্।
তোদের দেবার এমন জিনিন আছে, বা ওদেরও নেই। তোরা বিলেত বাবি,
তাও ভিথিরি হরে, কি-না বিছে দাও। কেউ গিয়ে বড়জোর তাদের ধর্মের
ঘটো তারিফ ক'রে এলি, বড় বাহাছরি হ'ল। কেন, তোদের দেবার কি কিছু
নেই? অমূল্য রত্ম রয়েছে, দিতে পারিস—ধর্ম দে, মনোবিজ্ঞান দে। সমন্ত
জগতের ইতিহাস পড়ে দেখ, বত উচ্চ ভাব পূর্বে ভারতেই উঠেছে। চিরকাল
ভারত জনসমাজে ভাবের খনি হয়ে এসেছে; ভাব প্রসাব ক'রে সমন্ত জগৎক
ভাব বিতরণ করেছে। আজ ইংরেজ ভারতে এসেছে সেই উচ্চ উচ্চ ভাব,
সেই বেদাস্ক্রান, সেই সনাতন ধর্মের গভীর রছক্ত নিতে। তোরা ওদের
নিকট বা পান, তার বিনিময়ে ভোলের ঐ-সব অমূল্য রত্ম দান কর্। তোদের
এই ভিথিরি-নাম ঘূচাবার জন্তে ঠাকুর আমাকে ওদের দেশে নিয়ে গিয়েছিলেন।
কেবল ভিক্ষে করবার জন্তে বিলেত বাওয়া ঠিক নয়। কেন তোদের চিরকাল

ভিক্ষে দেবে? কেউ কথন দিয়ে থাকে? কেবল কাঞালের মতো ছাভ শেতে নেওয়া জগতের নিরম নয়। জগতের নিরমই হচ্ছে আদান-প্রদান । এই নিরম বে-লোক বা বে-জাত বা বে-দেশ না রাথবে, তার কল্যাণ হবে না। সেই নিরম আমাদেরও প্রতিপালন করা চাই। তাই আমেরিকায় গিয়েছিল্ম। তাদের ভেতর এখন এডদ্র ধর্মণিশানা বে, আমার মডো হাজার হাজার লোক গেলেও তাদের হান হয়। তারা অনেকদিন থেকে তাদের ধন-রম্ব দিয়েছে, তোরা এখন অমৃদ্য রম্ব দে। দেখবি, খ্বণাছলে শ্রমাভক্তি পাবি, আর তোদের দেশের জল্পে তারা অ্বাচিত উপকার করবে। তারা বীরের জাত, উপকার ডোলে না।

আমি। ওদেশে লেকচারে আমাদের কত গুণপনা ব্যাখ্যা ক'কে এনেছ, আমাদের ধর্মপ্রাণতার কত উদাহরণ দিয়েছ! আবার এখন ব'লছ, আমরা মহা তমোগুণী হয়ে গেছি। অথচ ঋষিদের সনাতন ধর্ম বিলোবার অধিকারী আমাদেরই ক'রছ—এ কেমন কথা?

े त्रामीको। पूरे कि तनिम, ट्लांटमत द्यायश्वत्मा दम्दन दम्दन भाविदा বেড়াবো, না তোদের যা গুণ আছে, সেই গুণগুলোর কথাই ব'লে বেড়াবো চু ষার দোব তাকেই বুঝিয়ে বলা ভাল, আর তার গুণ দিয়ে ঢাক বাজানোই উচিত। ঠাকুর বলভেন ধে, মন্দ লোককে 'ভাল ভাল' বললে সে ভাল হয়ে বার; আর ভাল লোককে 'মন্দ মন্দ' বললে সে মন্দ হয়ে যায়। ভাদের দোষের কথা তাদের কাছে খুব ব'লে এসেছি। এদেশ থেকে বত লোক এ পর্বস্থ ওদেশে গেছে, সকলে তাদের গুণের কণাই গেয়ে এসেছে; আর আমাদের দোবের কথাই গাবিয়ে বেড়িয়েছে। কাজেই তারা আমাদের মুণা করতে শিখেছে। তাই আমি তোদের গুণ ও তাদের দোৰ তাদের দেখিয়েছি। তোরা যত তমোগুণী হোদ না কেন, পুরাতন ঋষিদের ভাব তোদের ভেতর একটু-না-একটু আছে--অস্ততঃ তার কাঠামোটা আছে। তবে হট ক'মে विरम्छ निरम्हे रा धर्म-छेशाएडी ए'रा शाहा वाम, जा नम्र। जारम निनामम ৰসে ধৰ্ম-জীবনটা বেশ ক'ৱে গড়ে নিতে হবে; পূৰ্ণভাবে ভ্যাগী হ'তে হবে; আর অথও বন্ধচর্য করতে হবে: তোদের ভেতর তমোগুণ এসেছে—তা কি হরেছে ? ভয়োনাশ কি হ'তে পারে না ? এক কথার হ'তে পারে। এ তমোনাশ করবার জন্তেই তো ভগবান গ্রীরামকৃষ্ণদেব এসেছেন।

আমি। কিছ খামীজী, ডোমার মতো কে হবে ?

খামীজী। তোরা ভাবিদ, আমি ম'লে ব্ঝি আর 'বিবেকানন্দ' হবে না। এ বে নেশাখোরগুলো এসে কনদার্ট বাজিরে গেল, বাদের তোরা এজ খ্রণা করিদ, মহা অপদার্থ মনে করিদ, ঠাকুরের ইচ্ছে হ'লে ওরা প্রভ্যেকে এক এক 'বিবেকানন্দ' হ'তে পারে, দরকার হ'লে 'বিবেকানন্দে'র অভাব হবে না। কোখা থেকে কত কোটি কোটি এসে হাজির হবে তা কে জানে ? এ বিবেকানন্দের কাল নর রে; তাঁর কাজ—খোদ রাজার কাল। একটা গভর্নর জেনারেল গেলে তাঁর জায়গার আর একটা আসবেই। তোরা বত্তই ভনোগুণী হোদ না কেন, মন মুখ এক ক'রে তাঁর শরণ নিলে দব তমঃ কেটে বাবে। এখন বে ও-রোগের রোজা এসেছে। তাঁর নাম ক'রে কাজে লেগে গেলে তিনি আপনিই সব ক'রে নেবেন। এ তমোগুণটাই সম্বেধ্ন হয়ে দাঁড়াবে।

আমি। যাই বলো ও-কথা বিশাস হয় না। ভোমার মভো Philosophyতে oratory (দর্শনে বক্তা) করবার ক্ষতা কার হবে ?

সামীলী। তুই জানিসনি। ও-ক্ষমতা সকলের হ'তে পারে। কে ভগবানের জন্ম বারো বছর পর্যন্ত ব্রহ্মচর্য করবে, তারই ও-ক্ষমতা হবে। আমি এরপ করেছি, তাই আমার মাগার ভেতর একটা পর্দা থুলে গিয়েছে। তাই আর আমাকে দর্শনের মতো জটিল বিষয়ের বক্তা ভেবে বার করতে হয় না। মনে কর্ কাল বক্তা দিতে হবে, যা বক্তা দেবো তার সমন্ত ছবি আরু রাত্রে, পর পর চোথের সামনে দিয়ে বেতে থাকে। পরদিন বক্তার সময় সেই-সব বলি। অতএব ব্রবলি তো, এটা আমার নিক্ষ শক্তি নর। কে ভাগার করবে, তারই হবে। তুই কর্, তোরও হবে। অমুকের হবে, আর অমুকের হবে না—আমাদের শাস্তে এ-কথা বলে না।

আমি। তোমার মনে আছে, তথন তুমি সন্থাস লও নাই, একদিন আমরা একদনের বাড়িতে বসেছিলুম; তুমি সমাধি ব্যাপারটা আমাদের বোঝাবার চেটা করছিলে। কলিকালে ও-সব হয় না ব'লে আমি ভোমার কথা উড়িরে দেবার চেটা করায় তুমি জোর ক'রে বলেছিলে, 'তুই সমাধি দেখতে চাস্, না সমাধিত্ব হ'তে চাস ? আমার সমাধি হয়। আফি তোর সমাধি ক'রে দিতে পারি।' তোমার এই কথা বলবার পরেই

একজন নৃতন লোক এদে প'ড়ল আর আমাদের ঐ-বিবয়ের কোন কথাই চ'লল না।

चामीकी। हैं।, मत्न भए ।

আমায় সমাধিত্ব ক'বে দেবার জন্তে তাঁকে বিশেষরণে ধরার স্বামীজী বললেন, 'দেধ্, গত কয়েক বংসর ক্রমাগত বক্তা দিয়ে আর কাজ ক'রে আমার ভেতর রজোগুণ বড় বেড়ে উঠেছে; তাই সে শক্তি এখন চাণা পড়েছে। কিছুদিন সব কাজ ছেড়ে হিমালয়ে গিয়ে বদলে তবে আবার সে শক্তির উদ্ব হবে।'

খামীজী। সাধারণের সম্পত্তি কি ক'রে হর, তা এই জাতটা দেখে বোঝ না ? ওই প্রেম প্রচার করেই তো সমন্ত জাতটা 'মেরে' হরে গিয়েছে। সমন্ত উড়িয়াটা কাপ্রুষ ও তীকর আবাস হয়ে গিয়েছে। আর এই বাঙলা দেশটার চারশ' বছর ধরে রাধাপ্রেম ক'রে কি দাঁড়িয়েছে দেখ! এখানেও পুরুষদ্বের ভাব প্রায় লোগ পেয়েছে। লোকগুলো কেবল কাঁদতেই মলব্ত হয়েছে। ভাষাতেই ভাবের পরিচয় পাওয়া বায়—তা চারশ' বছর ধরে বাঙলা ভাষার যা কিছু লেখা হয়েছে, সে-সব এক কারার স্বর। প্যানপ্যানানি ছাড়া আর কিছুই নেই। একটা বীরদ্বস্চক কবিতারও জন্ম দিতে পারেনি!

প্রশ্ন। ুওই প্রেমের অধিকারী তবে কারা হ'তে পারে ?

খামীজী। কাম থাকতে প্রেম হয় না—এক বিন্দু থাকতেও হয় না।
সহাত্যাগী, মহাবীর পুরুষ ভিন্ন ও-প্রেমের অধিকারী কেউ নয়। ওই প্রেম
লাধারণের সম্পত্তি করতে গেলে নিজেদের এখনকার তেতরকার ভাবচাই ঠেলে
উঠবে। ভগবানের উপর প্রেমের কথা মনে না পড়ে খবের সিরিদের সম্পে
বে প্রেম, ভার কথাই মনে উঠবে। আর প্রেমের বে অবস্থা হবে, ভা ভো
দেখতেই পাছে!

क्षत्र। एत कि जे क्षांत्रत्र भव वित्र छक्त क'त्व-छन्नानत्क चात्री

ও নিমেকে ত্রী ভেবে ভজন ক'রে—তাঁকে (ভগবানকে ) সাভ করা গৃহখের পক্ষে অস্তব ?

यांगीकी। ए-जरु जर्मा शक्क मध्य एर्जिश नाशांतर गृह्ए इस शक्क स्य क्षमञ्चर, ज-क्षा निक्ठि। बात ज-क्षा जिल्लामांतर सा जिल्लामांतर कि श मध्यकांव हांजा कर्गवानरक कलन कर्गवांत बात कि स्वान १४ स्वरे श कांतर्र कांव बार्ड रका, रमश्रामां श्रद कलन कर ना श श्रामकत कांत नाम कर ना श्रह स्थाप्त वांत्व। कांत्रभत वां हवांत बार्गनि हर । कर ज-कथा निक्ठिक स्वराना स्थ, कांच बांकर श्रिम हम ना। कांत्रभृष्ठ हवांत रिहोंगिर बांका कर ना। वलस्य, कांक कर्षत हस्य श्रमामां गृह स्थ। गृह स्थ हस्त कि कार्यम जक्की कांना र्यंक हस्त श्रमाम क्षम साथक हस्त श्रमा स्थाप कर्मा अभ्यक्ष वां स्थ

প্রশ্ন। হাঁ, নামকীর্তনটাও বেশ। সেটা লাগেও বেশ, শান্ত্রেও কীর্তনের কথা আছে। চৈডগুদেবও তাই প্রচার করলেন। যথন খোলটা বেজে ওঠে, তথন প্রাণটা যেন মেতে ওঠে আর নাচতে ইচ্ছে করে।

ষামীজী। বেশ কথা, কিছ কীর্তন মানে কেবল নাচাই মনে ক'রো না।
কীর্তন মানে ভগবানের গুণগান, তা বেমন ক'বেই হোক্। বৈশ্ববদের
মাতামাতি ও নাচ ভাল বটে, কিছ তাতে একটা দোষও আছে। সেটা থেকে
নিজেকে বাঁচিয়ে বেও। কি দোষ জানো? প্রথমে একেবারে ভাবটা খুব জমে,
চোধ দিরে জল বেরোর, মাথাটাও রি-রি করে, তারপর বেই সংকীর্তন থামে
ভখন সে ভাবটা হ হ ক'রে নাবতে থাকে। তেউ বত উচু উঠে, নাববার সময়
সেটা তত নীচুতে নাবে। বিচারবৃদ্ধি সলে না থাকলেই সর্বনাল, সে-সময়ে রক্ষা
পাওরা ভার। কামাদি নীচ ভাবের অধীন হয়ে পড়তে হয়। আমেরিকাতেও
ওইরপ দেখেছি কডকগুলো লোক গির্জায় গিয়ে বেল প্রার্থনা করলে, ভাবের
সক্ষে গাইলে, লেকচার তনে কেঁদে ফেললে—তারপর গির্জা থেকে বেরিয়েই
বেশালারে চুকল।

প্রায়। তা হ'লে মহাশন্ন, চৈডভানেবের বারা প্রবর্তিত ভাবওলির তেতর কোন্তলি নিলে আমালের কোনরণ ভ্রমে পড়তে হবে না এবং সকলও হবে ?

খানীধী। আনমিলা ভজির সঙ্গে ভগবানকে ডাকবে। ভজির সংস্ বিচারবৃদ্ধি রাধবে। এ ছাড়া চৈতভ্তেবের কাছ থেকে খারও নেবে তাঁর heart ( ব্ৰদয়বন্তা ), সৰ্বজীবে ভালবাসা, ভগবানের অন্ত টান, আৰু জীৱ ভাগিটা জীবনের আদর্শ করবে।

প্রান্ধর্তা। ঠিক বলেছেন, মহাশয়। আমি আগনার তাব প্রথমে ব্রতে পারিনি। (করজোড়ে) মাপ করবেন। ডাই আপনাকে বৈঞ্চবদের মধুরভাব নিয়ে ঠাটা তামাসা করতে দেখে কেমন বোধ হয়েছিল।

খামীজী। (হাসিতে হাসিতে) দেখ, গালাগাল বদি দিতেই হয় তো ভগবানকে দেওয়াই ভাল। তুমি বদি আমাকে গাল দাও, আমি ভেড়ে বাব। আমি তোমাকে গাল দিলে তুমিও তার শোধ তোলবার চেটা করবে। ভগবান ভো সে-সব পারবেন না।

এইবার প্রশ্নকর্তা তাঁহার পদধ্লি লইয়া চলিয়া গেলেন। স্থামীজী দর্শনার্থীদের ফিরাইয়া দিতে চাহিছেন না। তাঁহার শরীর অহস্থ থাকা সন্তেও এ-বিবয়ে কাহারও কথা তিনি রাখিতেন না। বলিতেন, 'ভারা এত কট ক'রে দ্ব থেকে হেঁটে আদতে পারে, আর আমি এখানে বদে বদে একটু নিজের শরীর থারাণ হবে ব'লে তাদের সঙ্গে ছুটো কথা কইতে পারি না?'

ঐদিন বেলা তিন-চারিটা হইবে। স্বামীজীয় সহিত উপস্থিত কয়েকজনের অক্ত কথাবার্তা হইতে লাগিল। ইংলগু ও স্থানেরিকার কথাও
হইতে লাগিল। প্রসলক্রমে স্থামীজী বলিলেন: ইংলগু থেকে স্থাসনার সময়
পথে বড় এক মজার স্থপ্প দেখেছিল্ম। ভ্রম্যানাগরে স্থাসতে স্থানতে জাহাজে
ঘূরিয়ে পড়েছি। স্থপ্প দেখি—বুড়ো প্ড়থ্ডো শ্বিভাবাপর একজন লোক
স্থামাকে বলছে, 'তোষারা এন, স্থামাদের পুনক্ষার কর, স্থামার ছিছি
সেই পুরাতন থেরাপ্ত সম্প্রায়—ভারতের শ্বিদের ভাব নিয়েই যা গঠিত
হরেছে। প্রীটানেরা স্থামাদের প্রচায়িত ভাব ও সভ্যসমূহই বীজর বারা প্রচায়িত
ব'লে প্রকাশ করেছে। নতুবা বীজ নামে বাত্তবিক কোন ব্যক্তি ছিল না।
ঐ-বিষয়ক নানা প্রমাণাদি এই স্থান থনন করলে পাওরা বাবে।' স্থামি
বললাম, 'কোথার খনন করলে ঐ-সকল প্রমাণ-চিফাদি পাওরা বেজে পারে।'
বৃদ্ধ বলিল, 'এই দেখ না এখানে।' একথা ব'লে টার্কির নিকটবর্তী একটি স্থান
ক্রেছে দিল। তারপর ঘূম ভেঙে পেল। স্থুম ভাঙ্যামান্ত ভাড়াভাড়ি উপরে
গিয়ে ক্যান্টেনকে জিজ্ঞেস করলাম, 'এখন স্থাহাল্প কোন্ স্থাম্পান্ন উপস্থিত
হরেছে পু' ক্যান্টেন ব'লল, 'এই নামনে টার্কি এবং ক্রীট্রীণ দেখা মাজেছ।'

# কথোপকথন

## লগুনে ভারতীয় যোগী

#### [ ওয়েস্টমিনস্টার গেজেট—২৩শে অক্টোবর, ১৮৯৫ ]

অনৈক সংবাদদাতা আমাদিগকে লিখিতেছেন: পাশ্চাত্য আতির নিকটে একপ্রকার সম্পূর্ণ নৃতন বলিয়া প্রতীত বেদান্তধর্মের প্রচারক সামী বিবেকানন্দের সহিত দাক্ষাং করিতে গিয়াছিলাম। ইনি সত্যসতাই একজন ভারতীয় বোগী—যুগ-যুগান্তর ধরিয়া সন্মাসী ও বোগিগণ শিয়পরস্পরাক্রমে বে-শিক্ষা দিয়া আদিতেছেন, তাহাই ব্যাখ্যা করিবার জন্ত তিনি অকুডোভরে পাশ্চাত্য দেশে আদিয়াছেন, এবং সেই উদ্দেশ্যে গত সন্ধ্যায় 'প্রিলেদ হলে' এক বক্তৃতা দিয়াছিলেন। স্থামী বিবেকানন্দের মাথায় কালো কাপড়ের পাগড়ি, মুথের ভাব শান্ত ও প্রদর—তাহাকে দেখিলেই বোধ হয় তাহার মধ্যে কিছু বিশেষত্ব আছে।

আমি জিজাসা করিলাম: স্বামীজী, স্বাপনার নামের কোন স্বর্থ স্বাছে কি ?—বদি থাকে, তাহা কি স্বামি স্বানিতে পারি ?

খামীজী: আমি এখন বে (খামী বিবেকানন্দ) নামে পরিচিত, তাহার প্রথম শব্দটির অর্থ সন্ধ্যাসী অর্থাৎ যিনি বিধিপূর্বক সংসারাশ্রম ত্যাগ করিয়া সন্ম্যাসাশ্রম গ্রহণ করিয়াছেন, আর বিতীয়টি একটি উপাধি—সংসারত্যাগের পর ইহা আমি গ্রহণ করিয়াছি। সকল সন্মাদীই এইরূপ করিয়া থাকেন। ইহার অর্থ—বিবেক অর্থাৎ সদস্যবিচারের আনন্দ।

আমি জিজাসা করিলাম: আচ্ছা খামীজী, সংসারের সকল লোকে যে-পথে চলিয়া থাকে, আপনি তাহা ত্যাগ করিলেন কেন ?

ভিনি উত্তর দিলেন: বাল্যকাল হইতেই ধর্ম ও দর্শন-চর্চার আমার বিশেষ আগ্রহ ছিল। আমাদের শাল্লের উপদেশ—মানবের পক্ষে ত্যাগ শ্রেষ্ঠ আদর্শ। পরে রামকৃষ্ণ পরমহংল নামক একজন উন্নত ধর্মাচার্বের সাহত মিলন হইলে দেখিলাম, আমার বাহা শ্রেষ্ঠ আদর্শ, তাহা ভিনি জীবনে পরিণত করিয়াছেন। স্থতরাং তাঁহার সহিত সাক্ষাৎ হইবার পর, তিনি বে-পথের পথিক, আমারও সেই পথ অবলয়ন করিবার প্রবল আকাজ্যা আগরিত হইল, সন্ত্যাস গ্রহণ করিবার সম্বন্ধ ছির করিলাম।

'তবে কি তিনি একটি সম্প্রদায় স্থাপন করিয়া গিয়াছেন—স্থাপনি এখন তাহারই প্রতিনিধিষরণ ?'

খামীদী অমনি উত্তর দিলেন: না, না, সাম্প্রদায়িকতা ও গোঁড়ামি ধারা আধ্যাত্মিক জগতে সর্বল্প বে এক গভীর ব্যবধানের স্পষ্ট হইয়াছে, তাহা দূর করিবার জন্মই তাঁহার সমগ্র জীবন ব্যয়িত হইয়াছিল। তিনি কোন সম্প্রদায় হাপন করেন নাই, বরং উহার সম্পূর্ণ বিপরীতই করিয়া গিয়াছেন। সাধারণে বাহাতে সম্পূর্ণরূপে খাধীনচিন্তাপরায়ণ হয়, এই মতই তিনি পোবণ করিতেন এবং উহার জন্মই তিনি প্রাণপণ চেষ্টা করিয়া গিয়াছেন। তিনি একজন খ্ব বড় বোগী ছিলেন।

'তাহা হইলে এই দেশের কোন সমাজ বা সম্প্রদারের সহিতই আপনার কোন সম্বন্ধ নাই, যথা—থিওছফিক্যাল সোগাইটি, ক্রিশ্চান সারেন্টিস্ট বা অপর কোন সম্প্রদারের সহিত ?'

খামীজী স্পান্ত হৃদয়স্পূৰ্নী খবে বলিলেন: না, কিছুমাত্ৰ না। (খামীজী বখন কথা কহেন, তখন তাঁহার মুখ বালকের মুখের মতো উজ্জল হইয়া উঠে— মুখখানি এতই সরল, অকপট ও সদ্ভাবপূর্ণ!) আমি যাহা শিক্ষা দিই, তাহা আমার গুকুর শিক্ষাহ্বায়ী, তাঁহার উপদেশের অহুগামী হইয়া আমাদের প্রাচীন শাল্তমমূহ আমি নিজে বেরুপ ব্রিয়াছি, তাহাই ব্যাখ্যা করিয়া থাকি। অলোকিক উপায়ে লব্ধ কোনপ্রকার বিষয় শিক্ষা দিবার দাবি আমি করি না। আমার উপদেশের মধ্যে বড়ুকু তীক্ষবিচার-বৃদ্ধিসম্ভ এবং চিস্তাশীল ব্যক্তিগণের গ্রাহ্য, তডটুকু লোকে গ্রহণ করিলেই আমি যথেই পুরস্কৃত হইব।

তিনি বলিতে লাগিলেন: সকল ধর্মেই লক্ষ্য—কোন বিশেষ মানবকীবনকে আদর্শবরূপ ধরিয়া ভূলভাবে ভক্তি, জ্ঞান বা বোগ শিক্ষা দেওয়া।
উক্ত আদর্শগুলিকে অবলম্বন করিয়া ভক্তি, জ্ঞান ও যোগ-বিষয়ক যে সাধারণ
ভাব ও সাধনপ্রণালী বহিয়াছে, বেদান্ত তাহারই বিজ্ঞানবরূপ। আমি ঐ
বিজ্ঞানই প্রচার করিয়া থাকি, এবং ঐ বিজ্ঞানসহায়ে নিজ নিজ সাধনায় উপায়রূপে অবলবিত বিশেষ বিশেষ সূল আদর্শগুলি প্রভ্যেকে নিজেই বৃঝিয়া লউক
— এই কথাই বলি। আমি প্রভ্যেক ব্যক্তিকে তাহার নিজ নিজ অভিক্রতাকেই

<sup>&</sup>gt; Christian Scientists—नॉकिन(इनीज এकि धर्ममण्यवाद्यंत नाम ।

প্রমাণস্বরূপে প্রহণ করিতে বলিয়া থাকি, আর বেখানে কোন প্রছের কথা প্রমাণস্বরূপে উপহিত করি, দেখানে ব্রিতে হইবে, চেষ্টা করিলে দেগুলি সংগ্রহ করা বাইতে পারে, আর সকলেই ইচ্ছা করিলে নিম্পে নিম্পে উহা পড়িয়া লইতে পারে। সর্বোপরি প্রত্যক্ষ প্রতিনিধি বারা আদেশ প্রচারকারী—সাধারণ চক্র অন্তর্গালে অবহিত মহাপুরুরদের উপদেশ বলিয়া কোন কিছু প্রমাণস্বরূপে উপহাশিত করি না, অথবা গোপনীয় প্রন্থ বা হন্তলিশি হইতে কিছু শিথিয়াছি বলিয়া দাবি করি না। আমি কোন গুণ্ড সমিতির মুখপাত্র নই, অথবা ঐরূপ সমিতিসমূহের বারা কোনরূপ কল্যাণ হইতে পারে বলিয়াও আমায় বিখাস নাই। সত্য আপনিই আপনার প্রমাণ, উহার অন্ধ্রকারে ল্কাইয়া থাকিবার কোন প্রয়োজন নাই, সত্য অনায়াসে দিবালোক সহ্য করিতে পারে।

'তবে খামীজী, আপনার কোন সমাজ বা সমিতি প্রতিষ্ঠা করিবার সম্বন্ধ নাই ?'

খামীজী: না, আমার কোন প্রকার সমিতি বা সমাজ প্রতিষ্ঠা করিবার ইচ্ছা নাই। আমি প্রত্যেক ব্যক্তির হৃদরে গৃঢ়ভাবে অবস্থিত ও সর্বসাধারণের সম্পত্তিবরূপ আত্মার তত্ত্ব উপদেশ দিরা থাকি। জনকরেক দৃচ্চিত ব্যক্তি আত্মজানলাভ করিলে ও ঐ জ্ঞান-অবলঘনে দৈনন্দিন জীবনের কাজ করিয়া গোলে পূর্ব পূর্ব মৃগের স্থায় এ যুগেও জগংটাকে সম্পূর্ণ ওলটপালট করিয়া দিতে পারেন। পূর্বকালেও এক এক জন দৃচ্চিত্ত মহাপুরুষ এভাবে তাঁহাদের নিজ নিজ সময়ে যুগান্তর আনরন করিয়াছিলেন।

'খামীন্ত্ৰী, আপনি এই সবে ভারত হইতে আসিতেছেন ?'

খামীজী: না। ১৮৯৩ জীটানে চিকাগোর বে ধর্ম-মহাসভা হইরাছিল, আমি তাহাতে হিন্দ্ধর্মের প্রতিনিধি ছিলাম। নেই অরধি আমি আমেরিকার যুক্তরাষ্ট্রে অমণ করিয়া বক্ততা দিতেছি। মার্কিন জাতি পরম আগ্রহ সহকারে আমার বক্ততা শুনিতেছে এবং আমার সহিত পরমবন্ধুবং আচরণ করিতেছে। সেদেশে আমার কাজ এমন স্থপ্রতিষ্ঠিত হইরাছে যে, আমাকে শীল্প সেধানে ফিরিয়া বাইতে হইবে।

'খামীজী, পাশ্চাত্য ধর্মসমূহের প্রতি আপনার কিরণ ভাব ?'

'আমি এমন একটি দর্শন প্রচায় করিয়া থাকি, যাহা অগতে যত প্রকার ধর্ম থাকা সম্ভব, সে-সমূদয়েরই ভিত্তিস্করণ হইতে পারে, আর আমার দয ধর্মের উপরই সম্পূর্ণ সহায়ভূতি আছে, আমার উপদেশ কোন ধর্মেই বিরোধী নয়। আমি ব্যক্তিগত জীবনের উন্নতিসাধনেই বিশেষভাবে সক্ষ্য রাখি, ব্যক্তিকেই তেজনী করিবার চেষ্টা করি। প্রত্যেক ব্যক্তিই ঈশরাংশ বা ব্রহ্ম
—এ কথাই শিকা দিই, আর সর্বসাধারণকে তাহাদের অন্তর্মিহিত এই
ব্রহ্মভাব সহদ্ধে সচেতন হইতেই আহ্বান করিয়া থাকি। জ্ঞাতসারে বা
অজ্ঞাতসারে ইহাই প্রকৃতপক্ষে সকল ধর্মের আদর্শ।

**'এদেশে আপনার কাজ কি ধরনের হইবে ?'** 

'আমার আশা এই বে, আমি কয়েকজনকে পূর্বোক্ত ভাবে শিক্ষা দিব, আর তাহাদের নিজ নিজ ভাবে অপরের নিকট উহা ব্যক্ত করিতে উৎসাহিত করিব। আমার উপদেশ তাহারা যত ইচ্ছা রূপাস্থরিত করুক, ক্ষতি নাই। আমি অবশ্য-বিশ্বাস্থ্য মতবাদরূপে কিছু শিক্ষা দিব না, কারণ পরিণামে সত্যের জয় নিশ্চরই হইয়া থাকে।

'আমি প্রকাশ্যে বে-সব কাজ করি, তাহার ভার আমার ছ্-একটি বন্ধুর হাতে আছে। তাঁহারা ২২শে অক্টোবর সন্ধ্যা সাড়ে আটিটার সময় পিকাডেলি প্রিলেস হলে ইংরেজ শ্রোত্রন্দের সমূখে আমার এক বক্তার বন্দোবন্ত করিয়াছেন। চারিদিকে বক্তার বিজ্ঞাপন দেওয়া হইতেছে। বিষয় আমার প্রচারিত দর্শনের ম্লতন্ত—'আত্মজান'। তাহার পর আমার উদ্দেশ সফল করিবার বে-পথ দেখিতে পাইব, সেই পথ অম্পরণ করিতে আমি প্রস্তুত; লোকের বৈঠকখানায় বা অক্ত হলে সভায় যোগ দেওয়া, পত্রের উত্তর দেওয়া বা সাক্ষাংভাবে বিচায় করা—সব কিছুই করিতে আমি প্রস্তুত। এই অর্থ-লালসা-প্রধান যুগে আমি এই কথাটি কিন্তু সকলকে বলিতে চাই, আমার কোন কার্যই অর্থলাভের জন্ত অন্তর্গিত হয় না।'

আমি এইবার তাঁহার নিকট হইতে বিদায় লইলাম—আমার সহিত বত ব্যক্তির সাক্ষাৎ হইয়াছে, তাহাদের মধ্যে ইনি সর্বাপেকা অধিক মৌলিক-ভাবপূর্ণ, দে-বিষয়ে আমার কিছুমাত্র সন্দেহ নাই।

### ভারতের জীবনত্রত

#### [ সান্ডে টাইম্স-লওন, ১৮৯৬ ]

ইংলণ্ডবাসীরা যে ভারতের 'প্রবাল উপকৃলে' ধর্ম-প্রচারক প্রেরণ করিয়া থাকেন, তাহা ইংলণ্ডের জনসাধারণ বিলক্ষণ অবগত আছেন। তবে ভারতও বে ইংলণ্ডে ধর্মপ্রচারক পাঠাইরা থাকেন, তাহা ইংলণ্ডের জনসাধারণ বড় একটা জানেন না।

সেণ্ট অর্জেস রোড, সাউথ ওয়েন্ট, ৬৩নং তবনে স্বামী বিবেকানন্দ অল্পকালের অন্থ বাস করিডেছেন। দৈববোগে ( যদি 'দৈব' এই শক্ষটি প্রয়োগ করিতে কেছ আপত্তি না করেন) সেখানে তাঁহার সহিত আমার সাক্ষাৎ হয়। তিনি কি করেন, এবং তাঁহার ইংলণ্ডে আসিবার উদ্দেশ্যই বা কি, এই-সকল বিষয়ে আলোচনা করিতে তাঁহার কোন আপত্তি না থাকায় ঐ স্থানে আসিয়া আমি তাঁহার সহিত কথাবার্তা আরম্ভ করিলাম। তিনি যে আমার অন্থরোধ রক্ষা করিল্লা আমার সহিত ঐ ভাবে কথোপকথনে সম্মত হইল্লাছেন, তাহাতে আমি প্রথমেই বিশ্বর প্রকাশ করিলাম।

তিনি বলিলেন: আমেরিকার বাস করিবার কাল হইতেই এইরপে সংবাদপত্তের প্রতিনিধিদের সহিত সাক্ষাৎ করা আমার সম্পূর্ণ অভ্যাস হইরা গিরাছে।
আমার দেশে এরপ প্রথা নাই বলিয়াই বে আমি সর্বসাধারণকে বাহা জানাইতে
ইচ্ছা করি, তাহা জানাইবার জন্ম বিদেশে গিরা সেথানকার প্রচারের প্রচলিত
প্রথাগুলি অবলম্বন করিব না, ইহা কর্যনন্ত যুক্তিসঙ্গত হইতে পারে না। ১৮৯৩
প্রীষ্টান্দে আমেরিকার চিকাগো শহরে বে বিশ্বধর্মহাসভা বদিয়াছিল, তাহাতে
আমি হিল্পর্যের প্রতিনিধি ছিলাম। মহীশ্রের রাজা এবং অপর কয়েকটি
বন্ধু আমাকে দেখানে পাঠাইরাছিলেন। আমার বোধ হয়, আমি আমেরিকার
কিছুটা কৃতকার্য হইরাছি বলিয়া দাবি করিতে পারি। চিকাগো ছাড়াও
আমেরিকার অক্সান্ধ বড় বড় শহরে আমি বছবার নিমন্ত্রিত হইরাছি। আমি
নীর্যকাল ধরিয়া আমেরিকার বাস করিতেছি। গত বৎসর প্রীমকালে একবার

<sup>&</sup>gt; Coral-strands—ভারতের সমুক্তীরে ববেট প্রবাদ পাওয়া যায়, প্রাচীনকালে পাশ্চাতোর লোকেরা ভারতের এই পরিচর্ট কানিত।

ইংলণ্ডে আনিয়াছিলাম, এ বংসরও আনিয়াছি দেখিতেছেন; প্রায় তিন ধংসর আমেরিকার বহিয়াছি। আমার বিবেচনায় আমেরিকার সভ্যতা খ্ব উচ্চ জরের। দেখিলাম, মার্কিনজাতির চিত্ত সহজেই নৃতন নৃতন ভাব ধারণা করিতে পারে। কোন জিনিস নৃতন বলিয়াই তাহারা পরিত্যাগ করে না, উহার বাত্তবিক কোন গুণাগুণ আছে কি না, তাহা পরীক্ষা করিয়া দেখে—তারণর উহা গ্রাহ্ কি ত্যাজ্য, বিচার করে।

'ইংলতের লোকেরা অক্সপ্রকার—ইহাই বুঝি আপনার বলিবার উদ্দেশ্ত ?'
'হাঁ, ইংলতের সভ্যতা আমেরিকা হইতে পুরাতন। শতানীর পর শতানী
বেমন চলিয়াছে, তেমনই উহাতে নানা ন্তন বিষয় সংযোজিত হইরা উহার
বিকাশ হইয়াছে। এরণে অনেকগুলি কুসংস্কারও আসিয়া জ্টিয়াছে।
সেগুলিকে ভাঙিতে হইবে। এখন বে-কোন ব্যক্তি আপনালের ভিতর কোন
ন্তন ভাব প্রচার করিতে চেটা করিবে, তাহাকেই এগুলির দিকে বিশেষরূপে
দৃষ্টি রাখিয়া চলিতে হইবে।'

'লোকে এইরপ বলে বটে। আমি বতদ্র জানি, তাহাতে আপনি আমেরিকায় কোন নৃতন সম্প্রদায় বা ধর্মমত প্রতিষ্ঠা করিয়া আসেন নাই।'

'এ কথা সত্য। সম্প্রদায়ের সংখ্যা বৃদ্ধি করা আমার ভাবের বিরোধী; কারণ সম্প্রদায় তো বথেইই রহিয়াছে। আর সম্প্রদায় করিতে গেলে উহার তত্তাবধানের জন্ম লোক প্রয়োজন। এখন ভাবিয়া দেখুন, বাহারা সন্মাস অবলম্বন করিয়াছে, অর্থাৎ সাংসারিক পদমর্বাদা, বিষয়সম্পত্তি, নাম প্রভৃতি সব ছাড়িয়াছে এবং আধ্যাত্মিক জ্ঞানাথেষণই বাহাদের জীবনের উদ্দেশ্য, ভাহারা এক্ষণ কাজের ভার লইতে পারে না। বিশেষতঃ এক্ষণ কাজ যখন অপরে চালাইতেছে, তথন আবার ঐ ভাবে কাজে জগ্রসর হওয়া নিপ্রয়োজন।'

'আপনার শিক্ষা কি ধর্মসমূহের তুলনামূলক আলোচনা ?'

'দকল প্রকার ধর্মের দারভাগ শিক্ষা দেওরা বলিলে ররং আমার প্রদন্ত শিক্ষাপ্রণালী দমকে একটা স্পষ্টতর ধারণা হইতে পারে। ধর্মসমূহের গৌণ অক্সপ্তলি বাদ দিয়া উহাদের মধ্যে বেটি মৃধ্য, বেটি উহাদের মৃশভিন্তি, সেইটির দিকে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করাই আমার কাল। আমি রামকৃষ্ণ পরসহংসের একজন শিক্ষ, তিনি একজন দিল্প সন্থানী ছিলেন। তাঁহার জীবন ও উপদেশ আমার উপর বিশেষ প্রভাব বিস্তার করিরাছে। এই সন্থানিজ্ঞেষ্ঠ

कांन धर्मक कथन अमारणाठनांत मृष्टिष्ठ रमिराङम नाः कांन धर्मत **এই** এই ভাব ঠিক নয়---এ-কথা ভিনি বলিভেন না। ভিনি সকল ধর্মের ভাল দিকটাই (मथाहेबा मिरछन । (मथाहेर्टन, किकान केशन चरहीन कविया **উপ**निष्ठे ভাবগুলিকে আমরা আমাদের জীবনে পরিণত করিতে পারি। কোন ধর্মের বিরোধিতা করা বা তাহার বিপরীত পক্ষ আশ্রয় করা—তাহার শিক্ষার সম্পূর্ণ বিক্ষ; কারণ তাঁহার উপদেশের মূল সভাই এই বে, সমগ্র ফগৎ প্রেমবলে পরিচালিত। আপনারা আনেন, हिम्मुधर्ग कथन्छ অপর ধর্মাবলখীদের উপর অত্যাচার করে নাই। আমাদের দেশে দকল সম্প্রদারই প্রেম ও শান্তিতে বাস করিতে পারে। মুসলমানদের সলে-সদেই ভারতে ধর্মসদ্দীর সভাসত লইয়া হত্যা অত্যাচার প্রভৃতি প্রবেশ করিয়াছে, ডাছারা আদিবার পূর্ব পর্বস্ক ভারতে আধ্যাত্মিক রাজ্যে শান্তি বিরাজিত ছিল। দৃষ্টান্তবন্ধণ দেখুন---জৈনগণ, বাহারা ঈশরের অভিতে অবিখাসী এবং বিখাসকে ভ্রাস্ত বলিয়া প্রচার করে. তাহাদেরও ইচ্ছামত ধর্মামন্তানে কেহ কোন দিন বাধা দের নাই; আৰু পৰ্যন্ত ভাহারা ভারতে রহিয়াছে। ভারতই ঐ বিষয়ে শান্তি ও মৃত্তারণ বথার্থ বীর্থের দৃষ্টাস্ত দেখাইয়াছে। যুদ্ধ, অসমসাহসিকতা, প্রচণ্ড আঘাতের শক্তি—এগুলি ধর্মজগতে তুর্বলতার চিহ্ন।

'আপনার কথাগুলি টলন্টরের' মতের মতো লাগিতেছে। ব্যক্তিবিশেষের পক্ষে এই মত অহুসরণীর হইতে পারে; সে সহস্কেও আমার নিজের সন্দেহ আছে, কিন্তু সমগ্র জাতির ঐ নিয়মে বা আদর্শে কিভাবে চলা সম্ভব ?'

'জাতির পক্ষেত্ত ঐ মত অতি উত্তমরূপে কার্যকর হইবে দেখা যার, ভারতের কর্মকল—ভারতের অনৃষ্ট অপরজাতিগুলি কর্তৃক বিজিত হওরা, কিছু আবার সময়ে ঐ-সকল বিজেতাকে ধর্মবলে জর করা। ভারত তাহার মুসলমান বিজেতাগণকে ইতিমধ্যেই জয় করিরাছে। শিক্ষিত মুসলমানগণ সকলেই স্থাকি —তাহাদিগকে হিন্দু হইতে পৃথক করিবার উপায় নাই। হিন্দু ভাব তাঁহাদের সভ্যভার মর্মে প্রবেশ করিরাছে—তাঁহারা ভারতের নিকট শিক্ষাধীর ভাব ধারণ করিরাছেন। সোগল সমাট মহাজা আকবর কার্যতঃ

<sup>&</sup>gt; Count Leo Tolstoi—স্থানিরর অসিদ্ধ পরহিতত্তত চিন্তানীল লেখক ও সংস্কারক।

২ আবু সৈরদ আবুলচের প্রতিষ্ঠিত মুসলমান সম্প্রদারবিশেব। এই সম্প্রদারের মতের সহিত বেদান্তের অবৈভবাদের অনেক মিল আছে।

একজন হিন্দু ছিলেন। সাবার ইংলণ্ডের পালা স্বাসিলে ভারত তাহাকেও জর করিবে। স্বাক্ত ইংলণ্ডের হতে তরবারি রহিয়াছে, কিন্ত ভাব-জগতে উহার উপবোগিতা তো নাই-ই, বরং উহাতে স্বপকারই হইয়া থাকে। স্বাপনি স্বানেন, শোপেনহাওয়ার 'ভারতীয় ভাব ও চিন্তা সম্বন্ধে কি বলিয়াছিলেন। তিনি ভবিয়্রঘাণী করিয়াছিলেন বে, 'স্ক্কার যুগের' পর গ্রীক ও ল্যাটিন বিভার অভ্যুদয়ে বেয়ন ইওরোপে গুরুতর পরিবর্তন হইয়াছিল, ভারতীয় ভাব ইওয়োপে স্বপরিচিত হইলে সেইরূপ গুরুতর পরিবর্তন সাধিত হইবে।'

'আমায় ক্ষমা করিবেন—কিন্তু সম্প্রতি তো ইহার বিশেষ কিছু চিহ্ন দেখা যাইতেছে না।'

ষামীজী গন্ধীরভাবে বলিলেন: না দেখা ষাইতে পারে, কিন্তু এ-কথাও বেশ বলা বায় বে, ইওরোপের সেই 'জাগরণের'' সময়ও অনেকে কোন চিহ্ন পূর্বে দেখে নাই, এবং উহা আদিবার পরও উহা যে আদিয়াছে, তাহা ব্রিতে পারে নাই। বাঁহারা সময়ের লক্ষণ বিশেষভাবে অবগত, তাঁহারা কিন্তু বেশ ব্রিতে পারিতেছেন বে, একটি মহান্ আন্দোলন আজকাল ভিতরে ভিতরে চলিয়াছে। সম্প্রতি কয়েক বর্ষ ধরিয়া প্রাচ্যতবাহুসন্ধান অনেক দ্ব অগ্রদর হইয়াছে। বর্তমানে ইহা পণ্ডিতদের হন্তেই বহিয়াছে এবং তাঁহারা যতদ্ব কার্য করিয়াছেন, তাহা লোকের নিকট শুল্ক নীরস বলিয়া বোধ হইতেছে। কিন্তু ক্রমে লোকে উহা ব্রিবে, ক্রমে জ্ঞানালোকের প্রকাশ হইবে।

'আপনার মতে তবে ভারতই ভবিশ্বতে শ্রেষ্ঠ বিজ্ঞেতার আসন পাইবে ! তথাপি ভারত তাহার ভাবরান্ধি প্রচাবের জ্ঞু অস্তান্ত দেশে অধিক ধর্মপ্রচারক প্রেরণ কবে না কেন ? বোধ করি, যত দিন না 'সমগ্র জগং আসিয়া ভাহার পদতলে পড়িতেছে, ততদিন সে অণুক্ষা করিবে!'

Schopenhaur—বিখাত জার্মান দার্শনিক। ইহার বর্ণনে বেদান্তের প্রভাব বিশেষরূপে
 প্রাবেশ করিয়াতে।

२ Dark Ages-- १म-३६म गठासी, त्व ममन्न हेश्वतान व्यक्तानासकादन व्यास्त्र हिन ।

<sup>়</sup> Renaissance—পঞ্চদশ শতাব্দীর পর হইতে যথন ইওরোপে সাহিত্য-শিক্ষাদি-চর্চার পুনরভূাদর হর, তংকালই ইতিহাসে এই নামে প্রসিদ্ধ।

'ভারত প্রাচীন যুগে ধর্মপ্রচারকার্যে একটি প্রবল শক্তি হইরা উঠিয়াছিল।
ইংলগু প্রীইধর্ম গ্রহণ করিবার শত শত বংসর পূর্বে বৃদ্ধ সমগ্র এশিয়াকে তাঁছার মতাবলমী করিবার অন্ত ধর্মপ্রচারক পাঠাইয়াছিলেন। বর্তমানকালে চিস্তাজ্বগৎ ধীরে ধীরে ভারতের ভাব গ্রহণ করিতেছে। এখন ইছার আরম্ভ হইয়াছে মাত্র। বিশেষ কোনপ্রকার ধর্ম-অবলম্বনে অনিজ্বক ব্যক্তিগণের সংখ্যা খ্ব বাড়িতেছে, আর শিক্ষিত ব্যক্তিগণের ভিতরেই এই ভাব বাড়িয়া চলিয়াছে। সম্প্রতি আমেরিকাতে বে লোক-গণনা হইয়াছিল, তাহাতে অনেক লোক আপনাদিগতে কোনরুপ বিশেষ ধর্মবিলম্ভী বলিয়া শ্রেণীবদ্ধ করিতে অন্তীকৃত হইয়াছিল। আমি বলি, সকল ধর্মসম্প্রদায়ই এক মূল সভাের বিভিন্ন বিকাশুরার। হয়ু সবশুলিরই উয়তি হইবে, নয় সবশুলিই বিনাই, হইবে। উহারা ঐ এক সত্যরূপ কেন্দ্র হইতে বছ ব্যাসার্থের মতো বাহির হইয়াছে, এবং বিভিন্নপ্রকৃতিবিশিষ্ট-মানব-মনের উপযোগী সভাের প্রকাশস্ক্রপ হইয়া বহিয়াছে।'

'এখন আমরা অনেকটা মূলপ্রসঙ্গের কাছে আসিতেছি—দেই কেন্দ্রীভূত শত্যটি কি ?'

'মাহবের অন্তর্নিহিত ব্রহ্মণজি। প্রত্যেক ব্যক্তিই—কে বতই মলপ্রকৃতি
হউক না কেন, ভগবানের প্রকাশস্বরূপ। এই ব্রহ্মণজি আবৃত থাকে, মাহুবের
দৃষ্টি হইতে ল্কায়িত থাকে। ঐ কথায় আমার ভারতীর নিপাহীবিলোহের
একটি ঘটনা মনে পড়িতেছে। ঐ সময়ে বহুবর্ষ-মৌনব্রতধারী এক সন্ন্যাসীকে
জনক মৃলন্মান দাঙ্কণ আঘাত করে। মৃত্যুর অব্যবহিত পূর্বে লোকে ঐ
আঘাতকারীকে ধরিয়া তাঁহার কাছে লইয়া গিয়া বলিল, 'স্বামিন্, আপনি
একবার বল্ন, তাহা হইলে এ ব্যক্তি নিহত হইবে।' স্ব্যাসী অনেক দিনের
মৌনব্রত ভক করিয়া তাঁহার শেষ নিঃখাসের সহিত বলিলেন, 'বৎসপণ,
ভোমরা বড়ই ভূল করিতেছ—ঐ ব্যক্তি বে সাক্ষাৎ ভগবান্!' সকলের
পশ্চাতে ঐ একত্ব রহিয়াছে—উহাই আমাদের জীবনের শিক্ষা করিবার প্রধান
বিষয়। তাঁহাকে গড়, আল্লা, লিহোবা, প্রেম বা আ্লা বাহাই বল্ন না
কেন, সেই এক বছাই অতি ক্রতম প্রাণী হইতে মহন্তম মানব পর্বন্ত সমূদ্র
প্রাণীতেই প্রাণ্ডরন্তর মধ্যে অনেকগুলি বিভিন্ন আকারের গর্ভ করা রহিয়াছে—

ঐ প্রভ্যেকটি গর্ডই এক একটি আত্মা—এক একটি নাম্বনদৃশ, নিম্ন নিম্ন বৃদ্ধিশক্তির ভারতম্য অন্ন্সারে বন্ধন কাটাইয়া—ঐ বর্ষ ভাত্তিয়া বাহির হইবার চেষ্টা করিতেছে !

'আমার বোধ হয়, প্রাচ্য ও পাশ্চাত্য উভয় জাতির আদর্শের মধ্যে একটি বিশেষ প্রভেদ আছে। আপনারা সন্নাস, একাগ্রতা প্রভৃতি উপারে থ্ব উরস্ভ ব্যক্তি গঠনের চেষ্টা করিভেছেন, আর পাশ্চাত্য জাতির আদর্শ—সামাজিক অবস্থার সম্পূর্ণতা সাধন করা। সেইজ্ঞ আমরা সামাজিক ও রাজনীতিক সমস্থাসমূহের মীমাংসাতেই বিশেষ ভাবে নিযুক্ত; কারণ সর্বসাধারণের কল্যাণের উপর আমাদের সভ্যতার স্থায়িত্ব নির্ভর করিতেছে—আমরা এইরূপ বিবেচনা করি।'

বা রাজনীতিক সর্ববিধ বিষয়ের সফলতার মূলভিত্তি—মাহুবের সাধুতা।
পার্লামেণ্ট কর্তৃক বিধিবদ্ধ কোন আইন বারা কথন কোন জাতি উন্নত বা ভাল
হয় না, কিছ সেই জাতির অন্তর্গত লোকগুলি উন্নত ও ভাল হইলেই জাতিও
ভাল হইয়া থাকে। আমি চীনদেশে গিয়াছিলাম—এক সময়ে ঐ জাতিই
সর্বাপেক্ষা চমৎকার শৃঞ্জাবদ্ধ ছিল, কিছ আজ সেই চীন ছত্রভঙ্গ কতকগুলা
সামান্ত লোকের সমষ্টি হইয়া দাঁড়াইয়াছে। ইহার কারণ—প্রাচীনকালে
উদ্ভাবিত ঐ-সকল শাসনপ্রণালী পরিচালনা করিবার উপযুক্ত লোক বর্তমানে
ঐ জাতিতে আয় জয়াইতেছে না। ধর্ম সকল-বিষয়ের মূল পর্যন্ত গিয়া
থাকে। মূলটি যদি ঠিক থাকে, ভবে অল-প্রত্যক্ত সবই ঠিক থাকে।

'ভগৰান্ সকলেরই ভিতর রহিয়াছেন, কিন্তু তিনি আবৃত রহিয়াছেন— এ কথাটা যেন কি রকম অপ্পষ্ট ও ব্যাবহারিক জ্বগং হইতে অনেক দ্রে বলিয়া বোঁধ হয়। লোকে তো আর সদা সর্বদা ঐ ব্রক্ষের সন্ধান করিতে পারে না ?'

'লোকে অনেক সময় পরস্পর একই উদ্দেশ্যে কার্য করিয়া থাকে, কিন্ত ভাষা ব্যিতে পারে না। এটি স্বীকার করিতেই হইবে যে, আইন গভর্নমেন্ট রাজনীতি—এগুলি মানব-জীবনের চরম উদ্দেশ্য নহে। ঐ-সকল ছাড়াইয়া উহাদের চরম লক্ষ্যহল এমন একটি আছে— যেখানে আইন আর প্রয়োজন হয় না। এথানে বলিয়া রাখি, সন্ন্যাসী লক্ষ্যির অর্থ—বিধিনিয়মত্যাগী ব্রহ্মভ্যা- বেবী—কিংবা সন্থাসী বলিতে নেতিবাদী বদ্ধনানীও বলিতে পারা বার। তবে এইরপ শব্দ ব্যবহার করিলে স্থেল সঞ্চে একটা ভূল ধারণা আসিয়া থাকে। শ্রেষ্ঠ আচার্বগণ একই শিক্ষা দিয়া থাকেন। বীশুনীই বৃত্তিরাহিলেন, নির্ম-প্রতিপালনই উন্নতির মূল নহে, বথার্থ পৰিব্রুতা ও চ্রিত্রই শক্তি। আপনি বে বলিতেছিলেন, প্রাচ্যদেশে আত্মার উচ্চতর বিকাশের দিকে লক্ষ্য— অবশ্য আপনি এ-কথা বিশ্বত হন নাই বোধ হয় বে, আত্মা হই প্রকার: কৃতিস্থ চৈতন্ত, বিনি আত্মার বথার্থ ত্বরুপ; আর আভাস চৈতন্ত, আপাততঃ বাহাকে আমাদের আত্মা বলিয়া বোধ হইতেছে।'

'বোধ হয়, আপনার ভাব এই যে, আমরা আভাসের উদ্দেশ্যে কার্য করিতেছি, আর আপনারা প্রকৃত চৈতন্তের উদ্দেশ্যে কার্য করিতেছেন ?'

'মন নিজ পূর্ণতর বিকাশের জন্ত নানা সোপানের মধ্য দিয়া অগ্রসর হয়। প্রথমে উহা সুলকে অবলখন করিয়া ক্রমশং স্থের দিকে বাইডে থাকে। আরও দেখুন, সর্বজনীন প্রাত্তাবের ধারণা মাছবে কিরণে লাভ করিয়া থাকে। প্রথমতঃ উহা সাম্প্রদায়িক প্রাত্তাবের আকারে আবিভূতি হয়—তথন উহাতে সহীর্ণ সীমাবদ্ধ—'অপরকে বাদ দেওয়া' ভাব থাকে। পরে ক্রমে ক্রমে আমরা উদারভার ভাবে—স্ক্রভর ভাবে পৌছিয়া থাকি।'

'তাহা হইলে আপনি কি মনে করেন, এই সব সম্প্রদায়, বাহা আমরা— ইংরেজরা—এত ভালবাসি, সব লোপ পাইবে ? আপনি জানেন বোধ হয়, জনৈক ফরাসী বলিরাছিলেন, ইংলণ্ডে সম্প্রদায় সহস্র সহস্র, কিন্তু সার জিনিস্থিব জ্বর।'

'ঐ-সব সম্প্রদায় বে লোপ পাইবে, সে-সহজে আমার কোন সংশয় নাই। উহাদের অন্তিম্ব অসার বা গোণ কতকগুলি বিষয়ের উপরে প্রতিষ্ঠিত। অবস্ত উহাদের মুখ্য বা সার ভাবটি থাকিয়া ঘাইবে এবং উহার সাহায্যে অপর নৃতন গৃহ নির্মিত হইবে। অবস্ত সেই প্রাচীন উক্তি আপনার জানা আছে বে, একটা চার্চ বা সম্প্রদারবিশেষের মধ্যে জন্মানো ভাল, কিছ আমরণ উহার গণ্ডিয় ভিতরে বন্ধ থাকা ভাল নয়।'

'हे:नाए चांगनात कार्यन किन्नण विखान हहेएछह, चङ्ग्रहशूर्वक विनायन कि ?' 'ধীরে ধীরে হইতেছে, ইহার কারণ আমি পূর্বেই বলিরাছি। বেশানে মূল ধরিরা কার্ব, সেথানে প্রকৃত উরতি বা বিভার অবস্থাই ধীরে ধীরে হইরা থাকে। অবস্থা বলা বাছলা বে, যে-কোন উপারেই হউক, এই-সব ভাব বিভাত হইবেই হইবে, এবং আমাদের অনেকের বোধ হইতেছে, এ-সকল ভাব-প্রচারের ষ্থার্থ সময় উপস্থিত হইরাছে।'

## ভারত ও ইংলগু

[ 'ইखिया', मखन, ১৮৯७ ]

লওনের ইহা মরস্থমের সময়। স্বামী বিবেকানন্দ তাঁহার মত ও দর্শনে আরুষ্ট অনেক ব্যক্তির সমক্ষে বক্তৃতা করিতেছেন ও তাহাদিগকে শিক্ষা দিতেছেন। স্বামীজীর সহিত সাক্ষাৎ করিতে তাঁহার সামরিক বাসস্থান দক্ষিণ বেলগ্রেভিন্নাতে গেলাম। ভারতের আবার ইংলওকে বলিবার আর কি আছে, জানিবার জন্ত আমার আগ্রহ হইল।

স্বামীজী শাস্তভাবে বলিলেন: ভারতের পক্ষে এখানে ধর্মপ্রচারক প্রেরণ কিছু নৃতন ব্যাপার নহে। বখন বৌদ্ধর্ম নবীন তেজে উঠিতেছিল—মখন ভারতের চতৃস্পার্যন্ত জাতিগুলিকে ভাহার কিছু শিখাইবার ছিল, তখন সম্রাট আশোক চারিদিকে ধর্মপ্রচারক পাঠাইলেন।

'আচ্ছা, এ কথা কি জিজাসা করিতে পারি, কেন ভারত ঐরপে ধর্মপ্রচারক-প্রেরণ বন্ধ করিয়াছিল, আবার কেনই বা এখন আরম্ভ করিল ?'

'বন্ধ করিবার কারণ—ক্রমশং স্বার্থপর হইরা ভারত এই তর ভূলিরা গিরাছিল যে, আদানপ্রদান-প্রণালীক্রমেই ব্যক্তি এবং লাভি উভরেই জীবিত থাকে ও উরভি লাভ করে। ভারত চিরদিন দ্বগতে একই বার্ডা বহন করিয়াছে; ভারতের বার্ডা আধ্যাত্মিক। অনন্ত যুগ ধরিয়া অভরের ভাব-রাজ্যেই ভাহার একচেটিয়া অধিকার—ক্ষম বিজ্ঞান, দর্শন, গুরুলাম্ব—ইহাতেই ভারতের বিশেষ অধিকার। প্রকৃতপক্ষে আমার ইংলতে প্রচারকার্যে আগমন —ইংলতের ভারত-গ্রমনেরই ফলম্বরুণ। ইংলতে ভারতকে ক্রম্ম করিয়া শাসন করিতেছে, তাহার পদার্থবিদ্যা নিষের এবং আমাদের কান্ধে লাগাইতেছে। ভারত জগৎকে কি দিয়াছে ও দিতে পারে, মোটাম্টি বলিতে গিয়া আমার একটি সংস্কৃত ও একটি ইংরেজী বাক্য মনে পড়িতেছে।

'কোন মাছ্য মরিরা গেলে আপনারা বলেন, সে আত্মা পরিত্যাগ করিল।
(He gave up the ghost), আর আমরা বলি, সে দেহত্যাগ করিল।
আপনারা বলিরা থাকেন, মাহুবের আত্মা আছে, তাহাতে আপনারা বেন
আনেকটা ইহাই লক্ষ্য করিয়া থাকেন যে, শরীরটাই মাহুবের প্রধান
জিনিস। কিছু আমরা বলি, মাহুয আত্মাবরণ—তাহার একটা দেহ আছে।
এগুলি অবশ্য জাতীয় চিন্তাতরজের উপরিভাগের কৃত্র বৃদ্দমাত্র, কিছু ইহাই
আপনাদের জাতীয় চিন্তাতরজের গতি প্রকাশ করিয়া দিতেছে।

'আমার ইচ্ছা হইতেছে, আপনাকে শোপেনহাওয়ারের ভবিশ্বঘাণীটি শ্বরণ করাইয়া দিই বে, আছকার যুগের (Dark Ages) অবসানে গ্রীক ও ল্যাটিন বিছার অভ্যুদয়ে ইওরোপে বেরপ গুরুতর পরিবর্তন উপস্থিত হইয়াছিল, ভারতীয় দর্শন ইওরোপে স্থপরিচিত হইলে সেইরপ গুরুতর পরিবর্তন আসিবে। প্রাচ্যতত্ত্ব-গ্রেষণা থ্ব প্রবল বেগে অগ্রসর হইতেছে। সত্যাদ্বেষিগণের সমক্ষেন্তন ভাবপ্রোতের হার উন্মৃক্ত হইতেছে।

'তবে কি আপনি বলিতে চান, ভারতই অবশেষে তাহার বিজেতাকে জন্ধ করিবে ?'

'হাঁ, ভাবরাজ্যে। এখন ইংলণ্ডের হাতে তরবারি—দে এখন জড়জগতের প্রভু, বেমন ইংরেজের আগে আমাদের মুদলমান বিজেতারা ছিলেন। সমাট আকবর কিন্ত প্রকৃতপক্ষে একজন হিন্দুই হইয়া গিয়াছিলেন। শিক্ষিত মুদলমানদের সজে—স্থাফিদের সজে—হিন্দুদের সহজে প্রভেদ করা বায় না। ভাহারা গোমাংস ভক্ষণ করে না এবং অক্সান্ত নানা বিষয়ে আমাদের আচার-ব্যবহারের অনুসরণ করিয়া থাকে। ভাহাদের চিন্তাপ্রণালী আমাদের ঘারা বিশেষভাবে অনুসরিত হইয়াছে।'

'ভাছা হইলে আপনার মডে—দোর্দগুপ্রভাপ ইংরেজের অদৃষ্টেও ঐরূপ হইবে ? বর্তমান মৃহুর্তে ঐ ভবিয়ৎ কিছ অনেক দূরে বলিয়াই বোধ হয়।'

'না, আপনি বতদ্র ভাবিভেছেন, ততদ্ব নয়। ধর্মবিষয়ে হিন্দু ও ইংরেজের ভাব অনেক বিষয়ে সদৃশ। আর অভাক্ত ধর্ম-সম্প্রদায়ের সঙ্গে বে হিন্দুর ঐক্য আছে, তাহার ষণেষ্ট প্রমাণ রহিয়াছে। বলি কোন ইংরেজ শাসনকর্তার (Civil Servant) ভারতীয় সাহিত্য, বিশেষতঃ ভারতীয় দর্শন সম্বদ্ধে বিন্দুমাত্রও জ্ঞান থাকে, তবে দেখা বায়, উহাই তাঁহার হিন্দুর প্রতি সহাম্পৃতির কারণ। ঐ সহাম্পৃতির ভাব দিন দিন বাড়িতেছে। কতকগুলি লোক যে এখনও ভারতীয় ভাবকে অতি সহীর্ণ—এমন কি, কথন কথন অবজ্ঞাপূর্ণ দৃষ্টিতে দেখিয়া থাকে, কেবল অজ্ঞানই যে তাহার কারণ, ইহা বলিলে কিছুমাত্র অভায় বলা হইবে না।'

'হাঁ, ইহা অভ্যতার পরিচারক বটে। আপনি ইংলণ্ডে না আদিয়া যে আমেরিকায় ধর্মপ্রচারকার্যে গেলেন, ইহার কারণ কি বলিবেন ?'

'সেটি কেবল দৈবছটনা মাত্র—বিশ্বধর্মহাস্তা লগুনে না বিসিয়া চিকাগোয় বিসিয়াছিল বলিয়াই আমাকে সেধানে হাইতে হইয়াছিল। কিন্তু বাস্তবিক লগুনেই উহার অধিবেশন হওয়া উচিত ছিল। মহীশ্রের রাজা এবং আর কয়েকজন বন্ধু আমাকে সেধানে হিন্ধর্মের প্রতিনিধিরণে পাঠাইয়াছিলেন। আমি দেধানে তিন বংসর ছিলাম—কেবল গতবংসর গ্রীমকালে আমি লগুনে বক্তৃতা দিবার জন্ম আদিয়াছিলাম এবং এই গ্রীমেও আসিয়াছি। মার্কিনেরা খ্ব বড় জাত—উহাদের তবিন্তাং উজ্জল। আমি তাহাদের প্রতি বিশেষ শ্রহানস্পন্ধ—তাহাদের মধ্যে আমি অনেক সহাদর বন্ধু পাইয়াছি। ইংরেজদের অপেক্ষা তাহাদের কুসংস্কার অল্প—তাহারা সকল নৃতন ভাবকেই ওজন করিয়া দেখিতে বা পরীক্ষা করিতে প্রস্তুত—নৃতনত্ব সব্যেও উহার আদের করিতে প্রস্তুত। তাহারা খ্ব অতিথিপরারণ। লোকের বিখাসপাত্র হইতে সেধানে অপেক্ষাকৃত অল্প সমন্ত্র লাগে। আমার মতো আপনিও আমেরিকার শহরে শহরে ঘ্রিয়া বক্তৃতা করিতে পারেন—সর্বত্রই বন্ধু জুটবে। আমি বস্টন, নিউইয়র্ক, ফিলাভেলফিয়া, বাল্টিমোর, ওয়ালিংটন, ভেসমোনিস, মেমফিদ এবং অন্তান্ত অনেক স্থানে পিয়াছিলাম।'

'আর প্রভ্যেক জায়গায় শিশু কবিয়া আদিয়াছেন ?'

'হা, নিয় করিয়া আসিয়াছি—কিন্ত কোন সমান্ত গঠন করি নাই। উহা আমার কালের অন্তর্গত নহে। সমান্ত বা সমিতি তো যথেইই আছে। তা ছাড়া সম্প্রদায় করিলে উহা পরিচালনার জন্ত আবার লোক দরকার— সম্প্রদায় গঠিত হইলেই টাকার প্রয়োজন, ক্ষতার প্রয়োজন, মুক্লির প্রয়োজন। আনেক সময় সম্প্রদায়সমূহ প্রভূষের জয় চেটা করিয়া থাকে, কথন অপরের সহিত লড়াই পর্যন্ত করিয়া থাকে।

'তবে কি আপনার ধর্মপ্রচারকার্বের ভাব সংক্ষেপে এইরূপ বলা যাইতে পারে বে, আপনি বিভিন্ন ধর্মের তুলনামূলক আলোচনা করিয়া তাহারই প্রচার করিতে চাহেন ?'

'আমি প্রচার করিতে চাই—ধর্মের দার্শনিক তত্ত্ব, ধর্মের বাছ অছ্টানগুলির বাহা সার ভাহাই আমি প্রচার করিতে চাই। সকল ধর্মেরই একটা মুখ্য ও একটা গৌণ ভাগ আছে। ঐ গৌণভাগগুলি ছাড়িয়া দিলে যাহা থাকে, ভাহাই সকল ধর্মের প্রকৃত ভিত্তিত্বরূপ, উহাই সকল ধর্মের সাধারণ সম্পত্তি। সকল ধর্মের অন্তর্বালে ঐ একত্ব রহিয়াছে—আমরা উহাকে গড়, আরা, জিহোভা, আত্মা, প্রেম—বে-কোন নাম দিতে পারি। সেই এক সভাই সকল প্রাণীর প্রাণরূপে বিরাজিত—প্রাণিজগতের অতি নিরুষ্ট বিকাশ হইতে সর্বোচ্চ বিকাশ মানব পর্যন্ত সর্বত্র। আমরা ঐ একত্বের দিকেই সকলের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিতে চাই, কিন্তু পাশ্চাত্যে—তথু পাশ্চাত্যে কেন, সর্বত্রই লোকে গৌণবিষয়গুলির দিকেই বিশেষভাবে দৃষ্টিপাত করিয়া থাকে। লোকে ধর্মের বাহ্য অন্তর্হানগুলি লইয়া অপরকে ঠিক নিজের মতো কাল করাইবার জন্মই পরস্পরের সহিত বিবাদ এবং পরস্পরকে হত্যা পর্যন্ত করে। ভগবন্তক্তি ও মানব-প্রীতিই যথন জীবনের যার বন্ত, তথন এইসকল বাদ-বিসংবাদকে কঠিনতর ভাষায় নির্দেশ না করিলেও আশ্বর্ব ব্যাপার বলিতে হয়।

'আমার বোধ হয়, হিন্দু কথনও অন্ত ধর্মাবলমীর উপর উৎপীড়ন করিতে পারে না।'

'এ পর্যন্ত কথনও করে নাই। জগতে যত জাতি আছে তাহার মধ্যে হিন্দুই স্বাপেক্ষা পরধর্মদহিষ্ণু। হিন্দু গভীর ধর্মভাবাপর বলিয়া লোকে মনে করিতে পারে বে, ঈখরে অবিখাসী ব্যক্তির উপর সে অভ্যাচার করিবে। কিছ দেখুন, জৈনেরা ঈখর-বিখাস সম্পূর্ণ ভ্রমাত্মক বলিয়া মনে করে, কিছ এ পর্যন্ত কোন হিন্দুই জৈনদের উপর অভ্যাচার করে নাই। ভারতে ম্সলমানেরাই প্রথমে পরধর্মাবলম্বীর বিক্লছে ভরবারি গ্রহণ করিয়াছিল।'

'ইংলতে এই অবৈত মতবাদ কিরুপ প্রসার লাভ করিতেছে ? এধানে তো সহস্র সহস্র সম্প্রদায়।' 'ষাধীন চিন্ধা ও জ্ঞানের বৃদ্ধির লক্ষে ধীরে ধীরে ঐগুলি লোপ পাইবে । উহারা গৌণবিষয় অবলঘনে প্রতিষ্ঠিত—সেজন্ত ঘভাবতই চিরকাল থাকিতে পারে না। ঐ সম্প্রদায়গুলি তাহাদের উদ্দেশ্ত লাধন করিরাছে। ঐ উদ্দেশ্ত —সম্প্রদায়ভূক ব্যক্তিবর্গের ধারণাহ্র্যায়ী সমীর্ণ প্রাতৃতাবের প্রতিষ্ঠা। এখন ঐ-সকল বিভিন্ন ব্যক্তির সমষ্টির মধ্যে যে ভেদরূপ প্রাচীর—ব্যবধান আছে, দেগুলি ভাঙিরা দিরা ক্রমে আমরা সর্বজনীন প্রাতৃতাবে পৌছিতে পারি। ইংলণ্ডে এই কাজ খুব ধীরে ধীরে চলিতেছে—তাহার কারণ সম্ভবতঃ এখনও উপযুক্ত সময় উপস্থিত হয় নাই। কিন্তু তাহা হইলেও ধীরে ধীরে এই ভাব প্রসারিত হইতেছে। ইংলগুও ভারতে ঐ কাজে নিযুক্ত রহিরাছে, আমি আপনার দৃষ্টি দেইদিকে আকর্ষণ করিতে ইচ্ছা করি। আধুনিক জাতিভেদ ভারতের উন্নতির একটি বিশেষ প্রতিবন্ধক। উহা সমীর্ণতা ও ভেদ আনমূন করে, বিভিন্ন সম্প্রদায়ের ভিতর একটা গণ্ডি কাটিয়া দেয়। চিন্তার উন্নতির সঙ্গে গঙ্গে ট্রা চুর্গ বিচুর্গ হইয়া ঘাইবে।'

'কিন্তু কতক ইংরেজ—আর তাঁহারা ভারতের প্রতি কম সহামুভূতি-সম্পন্ন নন, কিংবা উহার ইতিহাদ সম্বন্ধে পুব অজ্ঞ নন—জাতিভেদকে মৃখ্যতঃ কল্যাণকর বলিয়াই মনে করেন। লোকে সহজেই বেশী রকম ইওরোপীয়-ভাবাপন্ন হইয়া বাইতে পারে। আপনিই আমাদের অনেকগুলি আদর্শকে জড়বাদাত্মক বলিয়া নিন্দা করেন।'

'পত্য। কোন বৃদ্ধিনান্ ব্যক্তিই ভারতকে ইংলণ্ডে পরিণত করিতে ইচ্ছা করেন না। দেহের অস্তরালে বে চিস্তা রহিয়াছে, তাহা বারাই এই শরীর গঠিত হইয়াছে। স্থতরাং সমগ্র জাতিটি জাতীয় চিস্তার বিকাশমাত্র, আর ভারতে উহা সহস্র সহস্র বংসরের চিস্তার বিকাশ-স্বরূপ। স্থতরাং ভারতকে ইওরোপীয়-ভাবাপর করা এক অসম্ভব ব্যাপার এবং উহার অক্ত চেষ্টা করাও নির্বোধের কাজ। ভারতে চিয়দিনই সামাজিক উয়ভির উপাদান বিভ্যমান ছিল; বখনই শান্তিপূর্ণশাসনপ্রণালী স্থাপিত হইয়াছে, তখনই উহার অন্তিম্বের পরিচয়্র পাওয়া গিয়াছে। উপনিষ্দের বৃগ হইতে বর্তমান কাল পর্যন্ত আয়াদের সকল বড় বড় আচার্যই জাতিভেদের বেড়া ভাত্তিবার চেষ্টা কয়িয়াছেন। অবশ্ব মূল জাতিবিভাগকে নহে, উহার বিক্রত ও অবনত ভারটাকেই ভাঁহার। ভাত্তিবার চেষ্টা কয়িয়াছিলেন। প্রাচীন জাতিবিভাগে অভি ক্লর সামাজিক

ব্যবহা ছিল—বর্তমান অভিডেনের মধ্যে বেটুকু ভাল দেখিতে পাইডেছেন, ভাহা সেই প্রাচীন লাভিবিভাগ হইডেই আদিরাছে। বুদ্ধ লাভিবিভাগকে উহার প্রাচীন মৌলিক আকারে পুন:প্রভিত্তিত করিবার চেষ্টা করিয়াছিলেন। ভারত বর্ধনই আদিরাছে, তথনই লাভিডেল ভাতিবার প্রবল চেষ্টা হইরাছে। কিছু আমাদিগকেই চিরকাল এ কাজ করিতে হইবে—আমাদিগকেই প্রাচীন ভারতের পরিণতি ও ক্রমবিকাশ-করে নৃতন ভারত গঠন করিতে হইবে; বেকোন বৈদেশিক ভাব ঐ কাজে সাহায্য করে, ভাহা বেধানেই পাওয়া বাক না কেন, ভাহা নিজের করিয়া লইতে হইবে। অপরে কথন আমাদের হইয়া ঐ কাজ করিতে পারিবে না। সকল উর্লিউ ব্যক্তিন বা আভি-বিশেবের ভিতর হইতে হওয়া প্রয়োজন। ইংলগু কেবল ভারতকে ভাহার নিজ উল্লাৱ-সাধনে সাহায্য করিতে পারে—এই পর্যন্ত। আমার মতে যে-জাতি ভারতের গলা টিপিরা রহিয়াছে, ভাহার নির্দেশে বে-উর্লিভ হইবে, ভাহার কোন মূল্য নাই। ক্রীতন্দানের ভাবে কার্য করিলে অভি উচ্চতম কার্বেরও ফলে অবনভিই ঘটিয়া থাকে।

'আগনি কি ভারতের জাতীয় বহাসমিতি আন্দোলনের (Indian National Congress Movement) দিকে কথনও মনোবোগ দিয়াছেন ?'

'আমি বে ও-বিষয়ে বিশেষ মন দিয়াছি, বলিতে পারি না। আমার কার্য-ক্ষেত্র অন্ত বিভাগে। কিন্তু আমি ঐ আন্দোলন বারা ভবিন্ততে বিশেষ শুভফল লাভের সম্ভাবনা আছে মনে করি এবং অন্তরের সহিত উহার দিন্ধি কামনা করি। ভারতের বিভিন্ন আতি লইয়া এক বৃহৎ আতি বা নেশন গঠিত হইতেছে। আমার কখনও কখনও মনে হয়, ভারতের বিভিন্ন আতি ইওরোপের বিভিন্ন আতি অপেক্ষা কম বিচিত্র নয়। অতীতে ইওরোপের বিভিন্ন আতি অপেক্ষা কম বিচিত্র নয়। অতীতে ইওরোপের বিভিন্ন আতি ভারতীর বাণিক্য-বিভারের অন্ত বিশ্বের প্রয়াস পাইয়াছে, আর এই ভারতীয় বাণিক্য জগতের সভ্যতা-বিভারে একটি প্রবল শক্তিরূপে কাজ করিয়াছে। এই ভারতীয় বাণিক্যা বিল্যাধিকারলাভ মহস্তমাভির ইতিহাসে একরপ ভাগ্যচক্র-পরিবর্তনকারী ঘটনা বলিয়া নির্দেশ করা বাইতে পারে। আমরা দেখিতে পাই, ওলন্দান, পোর্জু সীল, ফরাসী ও ইংরেল ক্রমান্তরে উহার অন্ত চেষ্টা করিয়াছে। ভিনিসবাসীয়া প্রাচ্যদেশে বাণিক্য-বিভারে ক্ষতিপ্রথ হইয়া হৃদ্র পাশ্চান্ত্যে ঐ ক্ষতিপ্রণের চেষ্টা করাভেই যে আমেরিকার আবিভার হইল, ইহাও বলা যাইতে পারে।

'ইহার পরিণতি কোথায় ?'

'অবশ্য ইহার পরিণতি হইবে ভারতের মধ্যে সাম্যভাব-ছাপনে, সক্ষণ ভারতবাদীর ব্যক্তিগত সমান অধিকারণাতে। আন করেকজন শিক্ষিত ব্যক্তির একচেটিয়া সম্পতি থাকিবে না—উহা উচ্চ শ্রেণী হইতে ক্রমে নিম্ন শ্রেণীতে বিভূত হইবে। সর্বনাধারণের মধ্যে শিক্ষা-বিভারের চেটা চলিভেছে, পরে বাধ্য করিয়া সকলকে শিক্ষিত করিবার বন্দোবত হইবে। ভারতীয় সর্বনাধারণের মধ্যে নিহিত অগাধ কার্যকরী শক্তিকে ব্যবহারে আনিতে হইবে। ভারতের অভ্যন্তরে মহতী শক্তি নিহিত আছে—উহাকে জাগাইতে হইবে।

'প্ৰবন যুদ্ধশাৰ জাভি না হইয়া কি কেছ কথনও বড় হইয়াছে ?'

খামীজী মৃহুর্তমাত্র ইডগুড: না করিয়া বলিলেন 'হাঁ, চীন হইয়াছে।
আঞ্চান্ত দেশের মধ্যে আমি চীন ও জাপানে অমণ করিয়াছি। আজ চীন
একটা ছত্রভন্দ দলের মতো হইয়া দাঁড়াইয়াছে; কিন্তু উন্নতির দিনে উহার
বেমন অপৃথল সমাজব্যবহা ছিল, আর কোন জাতির এ পর্যন্ত সেরূপ হয়
নাই। জনেক বিষয়—বেগুলিকে আমরা আজকাল 'আধুনিক' ব'লে থাকি,
চীনে শত শত, এমন কি সহস্র সহস্র বংশর ধরিয়া দেগুলি প্রচলিত ছিল।
দৃষ্টান্তখরূপ প্রতিবোগিতা-পরীক্ষার কথা ধরুন।'

'চীন এমন ছত্ৰভঙ্গ হইয়া গেল কেন ?'

'কারণ, চীন তাহার সামাজিক প্রথা অস্থায়ী মাস্থ্য তৈয়ার করিতে পারিল না। আপনাদের একটা চলিত কথা আছে বে, পার্লামেন্টের আইনবলে মাস্থ্যকে ধার্মিক করিতে পারা বার না। চীনারা আপনাদের পূর্বেই ঐ কথা ঠেকিয়া শিবিরাছিল। ঐ কারণেই রাজনীতি অপেকা ধর্মের আবশ্রকতা গভীরতর। কারণ ধর্ম ব্যাবহারিক জীবনের মূলতত্ব লইয়া আলোচনা করে।'

'আগনি বে ভারতের জাগরণের কথা ৰলিতেছেন, ভারত কি লে-বিৰয়ে সচেতন ?'

'সম্পূর্ণ সচেতন। সকলে সম্ভবতঃ কংগ্রেস আন্দোলনে এবং সমাজসংখার-ক্ষেত্রে এই আগরণ বেশীর ভাগ দেখিয়া থাকে, কিন্তু অপেকারত ধীরভাবে কান্ত চলিলেও ধর্মবিবরে ঐ আগরণ বাত্তবিক্ট চ্টুয়াছে।'

'পাশ্চাত্য ও প্রাচ্য দেশের আদর্শ এতদূর বিভিন্ন। আমাদের আদর্শ সামাজিক অবহার পূর্বতা-সাধন বলিয়াই বোধ হর। আমরা এখন এই-সকল বিষয়ের আলোচনাডেই ব্যতিবাস্ত রহিয়াছি, আর প্রাচ্যবাদিগণ দেই সময়ে পুল তম্বসমূহের ধ্যানে নিযুক্ত। স্থানমূহে ভারতীয় সৈন্তের ব্যরভার কোধা হইতে নির্বাহ হইবে, এই বিষয়ের বিচারেই এথানে পার্লামেন্ট ব্যস্ত। বক্ষণশীল সম্প্রদারের মধ্যে ভক্ত সংবাদপত্ত মাত্রেই সরকারের অক্সায় মীলাংসার বিক্তে প্র চীৎকার করিভেছে, কিছ আপনি হয়তো ভাবিভেছেন, ও-বিষয়টা একেবারে মনোবোগেরই বোগ্য নয়।'

খামীশী সম্ধেদ সংবাদণত্রটি লইয়া এবং বক্ষণশীল সম্প্রাদ্ধের কাগজ হইতে উদ্বাংশসমূহে একবার চোথ ব্লাইয়া বলিলেন, 'কিছু আপনি সম্পূর্ণ তুল ব্রিয়াছেন। এ বিবাধ আমান্ন সহাস্থৃতি মভাবতই আমান্ন দেশের সহিত হইবে। তথাপি ইহাতে আমান্ন একটি সংস্কৃত প্রবাদ মনে শড়িতেছে—হাতী বেচিয়া এখন আর অস্থূশের অন্ত বিবাদ কেন? ভারতই চিরকাল দিলা আসিতেছে। রাজনীতিকদের বিবাদ বড় অভুত। রাজনীতির ভিতর ধর্ম চুকাইতে এখনও অনেক মুগ লাগিবে।'

'তাছা হইলেও উহার বন্ধ অভি শীত্র চেষ্টা করা ডো আবশ্রক ?'

'হাঁ, জগতের মধ্যে বৃহত্তম শাসনমত্র স্থমহান্ গগুনের হাদরে কোন ভাব-বীজ রোপণ করা বিশেষ প্রয়েজন বটে। আমি অনেক সময় ইহার কার্যপ্রণালী পর্যবেক্ষণ করিয়া থাকি—কিরপ তেজের সহিত ও কেমন সম্পূর্ণভাবে অতি স্থ্যতম শিরায় পর্যন্ত উহার ভাবপ্রথাহ ছুটিরাছে! উহার ভাববিত্তার—চারিদিকে শক্তিসঞ্চালমপ্রণালী কি অভ্ত! ইহা দেখিলে সমগ্র সামালাটি কত বৃহৎ ও উহার কার্য কত গুক্তর, তাহা ব্রিবার পক্ষে সাহায্য হয়। অন্তান্ত বিষয়-বিভারের সহিত উহা ভাবও হড়াইয়া থাকে। এই মহান্ ব্রের কেন্দ্রে কতকগুলি ভাব প্রবেশ করাইয়া দেওয়া বিশেষ প্রয়োজন, যাহাতে অতি গুরবর্তী দেশে পর্যন্ত উত্তাল স্থারিত হইতে পারে।'

## ইংলণ্ডে ভারতীয় ধর্মপ্রচারক

[ লওন হইতে প্রকাশিত 'একো' নামক সংবাদপত্র, ১৮৯৬ ]

শানি প্রথমেই ঐ ভারতীয় যোগীকে তাঁহার নাম খ্ব ধীরে ধীরে বানান করিতে বলিলাম।

'আপনি কি মনে করেন, আজকাল লোকের অদার ও গৌণ বিষয়েই দৃষ্টি বেশী ?'

'আমার তো তাই মনে হয়—অহ্যত জাতিদের মধ্যে এবং পাশ্চাত্য দেশের সভ্য জাতিদের মধ্যে যারা অপেকাঞ্বত কম শিক্ষিত, তাদের মধ্যেও এই ভাব। আপনার প্রশ্নের ভাবে বোধ হয়, ধনী ও শিক্ষিত ব্যক্তিগণের মধ্যে অন্ত ভাব। বান্তবিক তাই বটে। ধনী লোকেরা হয় ঐশ্বভাগে মগ্র অথবা আরও অধিক ধন-সঞ্চয়ের চেষ্টায় ব্যন্ত। তারা এবং সংসারকর্মে ব্যন্ত অনেক লোকে ধর্মটাকে একটা অনর্থক বাজে জিনিস মনে করে, আর সরল ভাবেই এ-কথা মনে ক'রে থাকে। প্রচলিত ধর্ম হচ্ছে—দেশহিতৈ্যিতা আর লোকাচান্ত। লোকে বিবাহের সমন্ত্র বা কাকেও কবর দেবার সম্বেই কেবল চার্চে বায়।'

'আপনি বা প্রচার করছেন, তার ফলে কি লোকের চার্চে গভিবিধি বাড়বে p'

'আমার তো তা বোধ হয় না। কারণ বাহ্ অষ্ঠান বা মতবাদের সংক আমার কোন সম্পর্ক নেই। ধর্মই বে মানবজীবনের সর্বত্ব এবং সব কিছুর ভেতরেই বে ধর্ম আছে, তাই দেখানো আমার জীবনত্রত।…আর এখানে ইংলতে কি ভাব চলছে ? ভাবগভিক দেখে বোধ হয় বে, লোভালিজম্ বা অন্ত কোনরণ গণডর, তার নাম বাই দিন না কেন, নীত্র প্রচলিত হবে। লোকে অবশ্র তাদের সাংগারিক প্রয়োজনীয় বিষয়গুলির আকাজনা মেটাডে চাইবে। তারা চাইবে—বাভে তাদের কাজ পূর্বাণেক্ষা কমে বার, বাভে তারা ভাল খেতে পার এবং অভ্যাচার ও যুদ্ধবিগ্রহ একেবারে বন্ধ হয়। কিন্ধ বদি এদেশের সভ্যতা বা অন্ত কোন সভ্যতা ধর্মের উপর, মানবের সাধৃতার উপর প্রতিষ্ঠিত না হয়, তবে তা বে টিকবে তার নিশ্রতা কি ? এটি নিশ্রর জানবেন বে, ধর্ম সকল-বিষয়ের মূলদেশ পর্যন্ত গিয়ে থাকে। বদি ঐটি ঠিক থাকে, তবে সব ঠিক।

'কিন্ত ধর্মের সার দার্শনিক ভাব লোকের মনে প্রবেশ করিরে দেওরা তো বড় সহজ ব্যাপার নয়। লোকে সচরাচর বে-সকল চিন্তা করে এবং বেভাবে জীবনবাতা নির্বাহ করে, ভার সঙ্গে তো এর জনেক ব্যবধান।'

'সকল ধর্ম বিশ্লেষণ করলেই দেখা বার, প্রথমাবস্থার লোকে ক্ষুত্রতর সভ্যকে আশ্রার ক'রে থাকে, পরে তা থেকেই বৃহত্তর সভ্যে উপনীত হয়; স্ক্তরাং অসত্য ছেড়ে সভ্যলাভ হ'ল, এটি বলা ঠিক নয়। স্বষ্টির অভ্যালে এক বছ বিরাজমান, কিছ লোকের মন নিভান্ত ভিন্ন ভিন্ন প্রকারের। 'একং স্বিপ্রা বছধা বদন্তি'—সভ্য বন্ধ একটিই, জ্ঞানিগণ তাকে নানারণে বর্ণনা ক'রে থাকেন। আমার বলবার উদ্দেশ্য এই বে, লোকে সন্ধীর্ণভর সভ্য থেকে ব্যাপকতর সভ্যে অগ্রনর হয়ে থাকে; স্ক্তরাং অপরিণভ বা নিম্নভর ধর্মসমূহও মিধ্যা নয়, সভ্য; ভবে ভালের মধ্যে সভ্যের ধারণা বা অর্ম্মভৃতি অ্পেকারভ অক্টেই বা অপরুষ্ট—এই মাত্র। লোকের জ্ঞানবিকাশ ধীরে ধীরে হয়ে থাকে। এমন কি, ভ্ভোপাসনা পর্যন্ত সেই নিভ্য সভ্য সনাছন ব্রন্দেরই বিক্নভ উপাসনা মাত্র। ধর্মের অক্টান্ত যে-সব রূপ আছে, ভাহাদের মধ্যেও অর্মবিভর সভ্য বর্তমান; সভ্য কোন ধর্মেই পূর্ণব্রণে নেই।'

'আপনি ইংলণ্ডে এই বে ধর্মপ্রচার করতে এসেছেন, তা আপনারই উদ্ভাবিত কি না, এ কথা জিলালা করতে পারি কি ?'

'এ ধর্ম আমার উভাবিত কখনই নয়। আমি রামকৃষ্ণ পর্মহংদ নামক অনৈক ভারতীয় মহাপুক্ষবের শিক্ত। আমাদের দেশের অনেক মহাত্মার মতো তিনি বিশেষ পথিত ছিলেন না বটে, কিন্তু অভিশয় পবিজ্ঞায়া ছিলেন এবং তাঁহার জীবন ও উপদেশ বেদান্তদর্শনের তাবে বিশেষরূপে অন্থ্রন্তিত হিল। বেদান্ত দর্শন বললায—কিন্তু এটিকে ধর্মও বলতে পারা বার, কারণ প্রকৃত পক্ষেত্রহা পর্যাপক বাজ্মনুলার আমার আচার্যদেবের বে বিবরণ লিথেছেন, তা অন্তর্গর্শক পড়ে দেখবেন। ১৮৩৬ প্রীষ্টাব্দে হগলি জেলার প্রীরামরক্ষের জন্ম হর, আর ১৮৮৬ প্রীষ্টাব্দে তাঁর দেহত্যাগ হয়। কেশবচন্দ্র সেন এবং অন্তান্ত বাজির জীবনের উপর তিনি প্রবল প্রভাব বিভার করেছিলেন। শরীর ও মনের সংব্য অভ্যাপ ক'রে তিনি আধ্যাত্মিক জগতে গভীর অন্তদ্ধি লাভ করেছিলেন। তাঁর ম্থভাব সাধারণ মান্ত্রের মতো ছিল না—তাঁর মূথে বালকের মতো ক্ষনীয়তা, গভীর নম্রভা এবং অন্তন্ত প্রশান্ত ও মধ্র ভাক ক্ষেবা বেত। তাঁর মূথ দেখে বিচলিত না হয়ে কেন্ট্র থাকতে পারত না।'

'ভবে আপনার উপদেশ বেদ হইতে গৃহীত।'

'হাঁ, বেদান্তের অর্থ বেদের শেষভাগ, উহা বেদের তৃতীর অংশ। উহার নাম উপনিষদ। প্রাচীনভাগে বে-সকল ভাব বীজাকারে অবহিত দেখতে পাওরা যার, সেই বীজগুলিই এখানে স্থারিণত হরেছে। বেদের অতি প্রাচীন ভাগের নাম সংহিতা। এগুলি অতি প্রাচীন ধরনের সংস্কৃতে রচিত। বাস্কের 'নিকল্ক' নামক অতি প্রাচীন অভিধানের সাহায্যেই কেবল এগুলি বোঝা বেতে পারে।'

'আমাদের—ইংরেজদের—বরং ধারণা, ভারতকে আমাদের কাছ থেকে আনেক শিকা করতে হবে। ভারত থেকে ইংরেজরা বে কিছু শিথতে পারে, এ-সম্বন্ধে দাধারণ লোক একরণ অন্ত বনলেও হয়।'

'তা সত্য বটে। কিন্তু পণ্ডিতেরা ভালভাবেই জানেন, ভারত থেকে কতদ্র শিক্ষা পাওয়া বেতে পারে, জার ঐ শিক্ষা কতদ্রই বা প্ররোজনীয়। জাপনি দেখবেন—ম্যাক্ষম্লার, মোনিয়ার, উইলিয়াম্স, ভার উইলিয়ম হান্টার বা ভার্মান প্রাচ্যতত্ত্বিং পণ্ডিডেরা ভারতীয় প্রবিজ্ঞান (abstract science)-কে অবজ্ঞা করেন না।'

### স্বামীজীর সহিত মাতুরায় একঘণ্টা

('हिन्न्', गाक्षाव , त्वक्रवाति, ১৮৯१)

প্রশ্ন। আমার বতদ্র জানা আছে, 'জগং মিথ্যা'—এই মতবাদ এই করেক প্রকারে ব্যাখ্যাত হটয়া থাকে:

(১) অনভের তুলনার নখর নামরপের ছারিও এত অর বে, তাহা বিনিবার নয়। (২) ছুইটি প্রলরের অন্তর্গত কাল অনভের তুলনার এরপ। (৩) বেমন শুক্তিতে রম্ভজ্ঞান বা রক্জ্তে সর্পক্ষান অমাবছার সভ্য, আর ঐ জ্ঞান মনের অবহাবিশেষের উপর নির্ভর করে, সেইরপ বর্তমানে এই অগতেরও একটা আপাভপ্রতীয়মান সভ্যতা আছে, উহারও সভ্যতা-জ্ঞান মনের অবহাবিশেষের উপর নির্ভর করে, কিছু পরমার্থতঃ (চরমে বা পরিণামে) রিখ্যা। (৪) বৃদ্ধাপুদ্র বা শশশৃক বেমন মিখ্যা, অগৎও ভেষনি একটা মিখ্যা ছারামাত্র।

এই করেকটি ভাবের মধ্যে অবৈত বেদাস্কদর্শনে 'লগৎ মিখ্যা' এই মডটি কোন ভাবে গুটীত হটয়াছে ?

উত্তর। অবৈতবাদীদের ভিতর অনেক শ্রেণী আছে—প্রত্যেকটিই কিন্তু প্রশ্নির মধ্যে কোন-না-কোন একটি ভাবে অবৈতবাদ ব্রিয়াছেন। শহর তৃতীয় ভাবাছ্বায়ী শিক্ষা দিয়াছেন। তাঁহার উপদেশ—এই অগং আমাদের নিকট বেভাবে প্রভিভাত হইতেছে, তাহা দবই বর্তমান আনের পকে ব্যাবহারিক ভাবে সত্য; কিন্তু যথনই মানবের আন উচ্চ আকার ধারণ করে, তথনই উহা একেবারে অভাহত হয়; সমূধে একটা ছাণু দেখিয়া আপনার ভূত বলিয়া শ্রম হইতেছে। সেই সময়ের জন্ত সেই ভূতের আনটি সত্য; কারণ, যথার্থ ভূত হইলে উহা আপনার মনে বেরপ কাল করিত, দে-ফল উৎপন্ন করিত, ইহাতেও ঠিক কেই ফল হইতেছে। বথনই আপনি ব্রিবেন উহা ছাণুমাত্র, তথনই আপনার ভূতজান চলিয়া বাইবে। ছাণু ও ভূত—উভত্ত আন একত্ত থাকিতে পারে না। একটি বথন বর্তমান, অপরটি তথন থাকে না।

প্র। শহরের কডকগুলি এছে চতুর্ব ভাবটিও কি গৃহীত হয় নাই ?

- উ। না। কোন কোন ব্যক্তি শহরের 'লগং মিধ্যা' এই উপদেশটির মর্ম ঠিক ঠিক ধরিতে না পারিয়া উহাকে লইয়া বাড়াবাড়ি কয়িয়াছেন, তাঁহারাই তাঁহাদের গ্রন্থে চতুর্থ ভাবটিকে গ্রহণ করিয়াছেন। প্রথম ও বিতীয় ভাব ছটি কয়েক শ্রেণীয় অবৈতবাদী গ্রন্থের বিশেষত্ব বটে, কিছু শহর এগুলি কথনও অহুমোদন করেন নাই।
  - প্র। এই আপাতপ্রতীয়মান সত্যভার কারণ কি ?
- উ। স্বাপ্তে ভূত-ভ্ৰান্তির কারণ কি ? জগৎ প্রকৃতপক্ষে দর্বদাই একরূপ বহিরাছে, আপনার মনই ইহাতে নানা অবস্থা-বৈচিত্র্য স্বাষ্ট করিভেছে।
- প্র। 'বেদ অনাদি অনন্ত'—এ-কথার বাত্তবিক তাৎপর্য কি ? উহা কি বৈদিক মন্তরাজির সম্বন্ধে বৃঝিতে হইবে ? যদি বেদমন্ত্রে নিহিত সত্যকে লক্ষ্য করিয়াই বেদ অনাদি অনন্ত বলা হইয়া থাকে, তবে ভায় জ্যামিতি রসায়ন প্রভৃতি শাস্ত্রও অনাদি অনন্ত; কারণ তাহাদের মধ্যেও তো সনাতন সত্য রহিয়াহে ?
- উ। এমন এক সময় ছিল, যখন বেদের অন্তর্গত আধ্যান্মিক সভ্যসমূহ অপরিণামী ও সনাতন, মানবের নিকট কেবল অভিব্যক্ত হইয়াছে মাত্র-এইভাবে বেদসমূহ অনাদি অনম্ভ বিবেচিত হইত। পরবর্তী কালে বোধ হয় रवन वर्षकात्नव महिल रिविक मञ्जलिहे श्रीशंश मांछ कविम धवर अ মন্ত্রগুলিকেই ঈশবপ্রতাত বলিয়া লোকে বিশাস করিতে লাগিল। আরও পরবর্তী কালে মন্ত্রগুলির অর্থেই প্রকাশ পাইল বে, তাহাদের মধ্যে অনেকগুলি কথনও ঈশবপ্রস্ত হইতে পারে না; কারণ ঐগুলি মানবজাতিকে— প্রাণিগণকে—বন্ত্রণাদান প্রভৃতি নানাবিধ পাপজনক কার্বের বিধান দিয়াছে, উহাদের মধ্যে অনেক 'আবাঢ়ে গল্প'ও দেখিতে পাওয়া বায়। বেদ 'অনাদি ষে বিধি বা সভ্য প্রকাশিত হইরাছে, ভাছা নিভ্য ও অপরিণামী। ক্লার জ্যামিতি রদায়ন প্রভৃতি শাল্পও মানবজাতির নিকট নিভ্য অপরিণামী নিয়ম বা সভ্য প্রকাশ করিয়া থাকে, আর সেই অর্থে উহারাও অনাদি অনভ। किन अपन मछा वा विविद्दे नाहे, वाहा द्वार नाहे; आंत्र आंत्रि आंत्रात्मक সকলকেই আহ্বান করিডেছি-উচাতে ব্যাখ্যাত হয় নাই, এমন কি সভ্য व्याद्धि. दश्थादेश हिन ।

- প্র। অবৈতবাদীদের মৃক্তির ধারণা কিরণ ? আমার জিজাসার উদ্দেশ্ত এই—তাঁহাদের মতে কি ঐ অবস্থার জ্ঞান থাকে ? অবৈতবাদীদের মৃক্তি ও বৌধনির্বাণে কোন প্রভেদ আছে কি ?
- উ। মৃত্তিতে একপ্রকার জান থাকে, উহাকে জামরা 'তুরীর জান' বা অতিচেতন অবস্থা বলিয়া থাকি। উহার সহিত জাপনাদের বর্তমান জানের প্রভেদ আছে। মৃত্তি-অবস্থার কোনরূপ জান থাকে না, বলা যুক্তিবিক্ষম। আলোকের মতো জানেরও তিন অবস্থা—মৃত্ত জান, মধ্যবিধ জান ও চরম জান। বধন আলোকের স্পন্দন অতি প্রবল হয়, তথন উহার ঔজ্জন্য এত অধিক হয় বে, উহা চক্কে ধাধিয়া দেয়, তার অতি কীণতম আলোকে বেমন কিছু দেখিতে পাওয়া বায় না, উহাতেও সেইরুপ কিছুই দেখা বায় না। জান সম্বন্ধেও তাহাই। বৌদ্ধেরা বাহাই বলুন না কেন, নির্বাণেও ঐ-প্রকার জান বিভ্যমান। আমাদের মৃত্তির সংজ্ঞা অতিভাবা্ত্মক, বৌদ্ধ নির্বাণের সংজ্ঞা নাতিভাবভোতক।
  - প্র। তুরীয় ব্রহ্ম জগৎস্টির জন্ত অবস্থাবিশেব আশ্রয় করেন কেন ?
- উ। এই প্রারটিই অবৌজিক, সম্পূর্ণ স্থায়শান্তবিক্ষ। এক 'অবাঙ্-মনসোগোচরম,' অর্থাৎ বাক্যের হারা বা মনের হারা উাহাকে ধরিতে পারা হার না। বাহা দেশ-কাল-নিমিত্তের অভীত প্রদেশে অবস্থিত, তাহাকে মানব-মনের হারা ধারণা করিতে পারা হার না; আর দেশ-কাল-নিমিত্তের অন্তর্গত রাজ্যেই যুক্তি ও অন্থসহানের অধিকার। তাই বদি হয়, তবে বে-বিহয় মানব-বৃদ্ধি হারা ধারণা করিবার কোন সভাবনা নাই, সে-সহছে আনিবার ইছা রখা চেটা যাত্র।
- প্র। দেখা বার—অনেকে বলেন, প্রাণগ্রন্থালির আপাড-প্রতীয়মান অর্থের পশ্চাতে গুছ অর্থ আছে। তাঁহারা বলেন, ঐ গুছ ভারগুলি প্রাণে রপকছলে উপদিই হইরাছে। কেছ কেছ আবার বলেন বে, প্রাণের মধ্যে ঐতিহাসিক সভ্য কিছুমাত্রনাই—উক্তভম আদর্শসমূহ ব্রাইবার জন্ত প্রাণকার কডকগুলি কার্যনিক চরিত্রের স্থাই করিরাছেন মাত্র। দৃষ্টাভ্যরূপ বিষ্ণুপ্রাণ, রামারণ বা মহাভারতের কথা ধলন। এখন বিজ্ঞান্ত এই, বাত্তবিক কি ঐগুলির ঐতিহাসিক সভ্যতা কিছু আছে, অথবা উহারা কেবল দার্শনিক সভ্যসমূহের রূপকভাবে বর্ণনা, অথবা যান্বভাতির চরিত্র নিয়বিত করিবার

ৰত উচ্চতম আদৰ্শনমূহেরই দৃষ্টাৰ, কিংবা উহারা মিণ্টন হোমর প্রভৃতির কাব্যের ভার উচ্চতাবাত্মক কাব্যমাত্র ?

छ। किइ-ना-किइ ঐতিহাসিক नडा नकन भूतारगतरे मृत चिकि। পুরাণের উদ্দেশ্র—নানাভাবে পরম সত্য সম্বন্ধে শিক্ষা দেওয়া। আর বঢ়িও দেওলিতে কিছুমাত্ৰ ঐতিহাসিক সভা না থাকে, তথাপি উহারা বে উচ্চত**ম** मराजात जिनाम निवा थारक, रमष्टे हिमारत चामारनव निकं पूर जेक खात्रांना গ্রহ। দৃষ্টাক্তবরণ রামারণের কথা ধকন-অলভ্যনীয় প্রামাণ্য গ্রহরণে छेशांक गांभिए बहेरनहे रव जारमंत्र छात्र रकह कथन वर्षार्थ हिरनमं, चौकांत्र কবিতে হইবে, তাহা নহে। রামারণ বা মহাভারতের মধ্যে বে ধর্মের মাহাত্ম্য ঘোষিত হইরাছে, তাহা রাম বা ক্রফের অভিত্ব-নাভিত্তের উপর নির্ভর करत ना : ऋजताः हैशांतत अखित्य अविचानी हहेबां व तामाव्य-प्रशांजात्रज्ञ মানবজাতির নিকট উপদিষ্ট মহান্ ভাবসমূহ সহজে উচ্চ প্রামাণ্য গ্রন্থ বলিয়া খীকার করিতে পারা যায়। আমাদের দুর্শন উহার সভ্যভার জন্ম কোন ব্যক্তিবিশেষের উপর নির্ভর করে না। দেখুন, রুফ জগতের সমকে নৃতন বা মৌলিক কিছুই শিক্ষা দেন নাই, আর রামায়ণকারও এমন কথা বলেন ना रव. रामानि भारत याथा चार्या छेनतिहै इत्र नाहे. अपन किछ छर्क তিনি निथाहेर्ए চান। এইটি বিলেষভাবে नका कतिरान, बोहेशर्य बीहे बाजीज, मुननमानधर्य महत्त्रम जवर द्योक्षधर्य दुख वाजीज विकित्ज भारत ना, किन्ड हिन्मुधर्भ कोन वाकिविध्यक्ष छेनद्र अस्क्वाद निर्देश कदा ना। कोन পুরাণে বর্ণিত দার্শনিক সত্য কতদ্র প্রামাণ্য, ডাহার বিচার করিতে হইলে थे भूतात वर्तिष बाक्तिश्व बाखिवकहे हित्नम्, व्यथवा छाँहात्रा काह्ममिक চরিত্রমাত্ত, এ বিচারের কিছুমাত্র আবশুক্তা নাই। পুরাণের উদেশ ছিল मानवज्ञाजित निका-चाद (य-मकन अपि के शूबानमूह वहना कविदाहितन, তাঁহারা কতকভালি ঐতিহানিক চৰিত্র নইয়া ইচ্ছানত ৰত কিছু ভাল বা ৰন্দ গুণ উহাদের উপত্র আবোপ করিতেন—এইরূপে তাঁহারা বানবজাতির **পরিচালনার জন্ত ধর্মের বিধান ছিয়াছেন। রামায়ণে বর্ণিত দলমুধ** बांदराब पछिष-- अकृषा नगत्राधावक बाकन चन्छह हिन-- बांनिएहे बहेटर, धारन कि कथा चारह ? एमानन नारन कान नाक्षि नाक्षिक्र शाकुन नां छेश कविकत्रनाहे रुष्ठेक, जे प्रतिजनशांत जमन किहू निका ए अता

হইরাছে, বাহা আমাদের বিশেষ প্রণিধানের বোগ্য। আপনি এখন রুক্তকে আরও মনোহরভাবে বর্ণনা করিছে পারেন, আপনার বর্ণনা আহর্শের উচ্চভার উপর নির্ভয় করিবে, কিন্তু প্রাণে নিবন্ধ মহোচ্চ দার্শনিক সভ্যসমূহ চিরকাসই একরণ।

প্র। বদি কোন ব্যক্তি নিছ (adept) হন, তবে কি তাঁহার পক্ষে তাঁহার পূর্ব পূর্ব জন্মের ঘটনাসমূহ অরণ করা সভব । পূর্বজন্মের তুল মন্তিক—বাহার মধ্যে তাঁহার প্রায়ভূতির সংস্কারসমূহ সঞ্চিত ছিল—এখন তাহা আর নাই, এ-জন্মে তিনি একটি নৃতন মন্তিক পাইরাছেন। তাহাই বদি হইল, তবে বর্তমান মন্তিকের পক্ষে অধুনা অবর্তমান অপর ব্যের বারা গৃহীত সংস্কারসমূহকে গ্রহণ করা কিতাবে সভব হইতে পারে ?

খানীজী। আপনি সিদ্ধ (adept) বলিতে কি লক্ষ্য করিতেছেন ? সংবাদদাতা। বিনি নিজের 'গুহু' শক্তিসমূহের 'বিকাশ' করিয়াছেন।

খামীলী। 'গুল্ শক্তি কিভাবে 'বিকাশ'প্রাপ্ত হইবে, তাহা আমি বৃথিতে গারিতেছি না। আপনার ভাব আমি বৃথিতেছি, কিন্তু আমার বিশেব ইচ্ছারে, বে-সকল শব্দ ব্যবহার করিতে হইবে, নেগুলির অর্থে বেন কোনরপ অনির্দিষ্ট বা অম্পষ্ট ভাবের ছায়ামাত্র না থাকে। বেথানে বে-শব্দটি বথার্থ উপবোগী, দেখানে বেন ঠিক দেই শব্দটি ব্যবহৃত হয়। আপনি বলিতে পারেন, 'গুল্' বা 'অব্যক্ত' শক্তি 'ব্যক্ত' বা 'নিরাবরণ' হয়। বাহাদের অব্যক্ত শক্তি ব্যক্ত হইরাছে, তাঁহারা তাঁহাদের প্রক্ষেরের ঘটনাসমূহ অরণ করিতে পারেন। কারণ মৃত্যুর পদ্ধ বে ক্ষ শনীর থাকে, তাহাই তাঁহাদের বর্তমান মক্তিকের বীজ্বরূপ।

প্রা। অহিন্দুকে হিন্দুধর্মাবলমী করা কি হিন্দুধর্মের মূলভাবের অবিরোধী, আর চণ্ডাল বদি দর্শনশাল্লের ব্যাখ্যা করে, আম্বণ কি ভাহা শুনিডে পারেন ?

উ। অহিন্দুকে হিন্দু করা হিন্দুধর্ম আণভিকর জ্ঞান করেন না। যে-কোন ব্যক্তি—ভিনি পৃত্তই হউন আর চগুলিই হউন—ব্যালণের নিকট পর্যন্ত দর্শনপাল্লের ব্যাখ্যা করিছে পারেন। অভি নীচ ব্যক্তির নিকট হইভেও— ভিনি বে-কোন ভাতি হউন বা বে-কোন ধর্যাখনখী হউন—সভ্য শিকা করা বাইতে পারে। খামীজী তাঁহার এই মডের খপকে খ্ব প্রামাণ্য সংস্কৃত শ্লোকসমূহ উদ্ধৃত করিলেন। এই খানেই কথাবার্তা বন্ধ হইল, কারণ তাঁহার মন্দিরদর্শনে বাইবার সময় হইয়াছিল। স্বভরাং তিনি উপস্থিত ভন্তলোকগণের নিকট বিদার গ্রহণ করিয়া মন্দিরদর্শনে বাতা করিলেন।

### ভারত ও অন্যান্য দেশের নানা সমস্যা আলোচনা

[ 'হিন্দু', মাল্রাজ ; ফেব্রুফারি, ১৮৯৭ ]

স্বামাদের জনৈক প্রতিনিধি চিঙলপুট ক্টেশনে স্বামীন্ত্রীর সহিত ট্রেনে সাক্ষাৎ করেন এবং তাঁহার সহিত মাজ্রান্ত পর্যন্ত স্থাদেন। গাড়িতে উভরের নিম্নিবিত কথোপকথন হইয়াছিল:

'বামীজী, আপনি আমেরিকায় কেন গেছলেন ?'

'বড় শক্ত কথা। সংক্ষেপে এর উত্তর দেওয়া কঠিন। এখন আমি এর আংশিক উত্তর মাত্র দিতে পারি। ভারতের সব কায়গায় আমি ঘুরছিলুম— দেখলুম, ভারতে বথেষ্ট যোরা হয়েছে; তখন অক্ত অক্ত দেশে যাবার ইচ্ছা হ'ল। আমি ভাপানের দিক দিয়ে আমেরিকায় গেছলুম।'

'আপনি আপানে কি দেখলেন? আপান উন্নতির যে পথে চলেছে, ভারতের কি তা অন্থসরণ করবার কোন সম্ভাবনা আছে—মনে করেন ?'

'কোন সন্থাবনা নেই, যতদিন না ভারতের ত্রিশ কোটি লোক মিলে

একটা লাভি হরে দাঁড়ায়। জাপানীর মতো এমন খদেশহিতৈবী ও শিল্পট্

ভাত আর দেখা বার না; আর তাদের একটা বিশেষত্ব এই বে, ইওরোপ
ও অন্ত হানে একদিকে বেমন শিল্পের বাহার, অপরদিকে আবার তেমনি

অপরিভার, কিন্ত জাপানীদের বেমন শিল্পের সৌন্দর্য, তেমনি আবার

ভারা থুব পরিভার পরিচ্ছের। আমার ইচ্ছে—আমাদের ব্যক্ষেরা জীবনে

অস্ততঃ একবার জাপানে বেড়িরে আবে। বাওরাও কিছু শক্ত নয়।

জাপানীরা হিন্দুদের সবই খ্ব ভাল ব'লে মনে করে, আর ভারতকে তীর্থস্বরূপ

ব'লে বিশাস করে। সিংহলের বৌদধর্য আর জাপানের বৌদ্ধর্য তের ভকাত।

জাপানের বৌত্তধর্ম বেদান্ত হাড়া ভার কিছুই নয়। সিংহলের বৌত্তধর্ম নাজিক্যবাদে দূরিত, জাপানের বৌত্তধর্ম জাত্তিক।'

'बागान हर्रार अ-त्रकम रफ़ ह'न कि क'रत ? अत त्रहणें। कि ?'

